ইমাম হাফিজ শামসুদ্দীন যাহাবী (র)

কিতাবুল ক্ৰ

(কবীরা গুনাহ্)

আবু সাদেক মুহাম্মদ নুরুজ্জামান অন্দিত

ইমাম হাফিষ শামসুদীন যাহাবী (র)

কিতাবুল কাবায়ের

(কবীরা গুনাহ্)

আবু সাদেক মুহামদ নুরুজ্জামান অনুদিত



কিভাবৃদ কাবারের (কবীরা খনাহ)

সূত্য : ইমাম হাকিম শামসুকীন বাহারী (র) অনুবাদ : আরু সাম্দেক সুহামল সুক্রকামান

ইকা অনুবাদ ও সংকলন প্রকাশনা : ১৯৪/৩

ইফা প্রকাশনা : ২০৪৬/৩ ইফা গ্রন্থাগার : ২৯৭.২২

ISBN: 984-06-0654-7

প্ৰথম প্ৰকাশ : এপ্ৰিল ২০০২

চতুর্ব সংকরণ.: এপ্রিল ২০১০ ট্রেন ১৪১৬ রবিউসসানি ১৪৩১

মহাপরিচালক সামীম মোহাত্মদ আক্সাল

প্রকাশক
নুক্ষণ ইসলাম মানিক
পরিচালক, অনুবাদ ও সংকলন বিভাগ
ইসলামিক ফাউন্ডেশন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
কোন: ৮১২৮০৬৮

প্রচ্ছদ জসিম উদ্দিন

মুদুণ ও বাঁধাই মোঃ হালিম হোসেন খান প্রকল্প ব্যবস্থাপক ইসলামিক ফাউডেশন প্রেস আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

কোন: ১১১২২৭১

মৃশ্য : ৯০.০০ (নকাই) টাকা মাত্র

KITABUL KABAYER (Kabira Gunah): Written by Imam Hafiz Shamsuddin Jahabi in Arabic, translated by Abu Sadeque Muhammad Nuruzzaman into Bangla and published by Director, Translation & Compailation Department, Islamic Foundation, Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka-1207, Phone: 8128068

April 2010

E-mail: info@islamicfoundation-bd.org Website: www. islamicfoundation-bd.org

Price : Tk 90.00 ; US Doffer : 2.75

মহাপরিচালকের কথা

আরাহ তা'আলা মানব জাতির দুনিয়া ও আবিরাতের প্রভূত কল্যাণের জন্য কিতাব ও সহীকা দিয়ে সময়ে সময়ে নবী-য়াসূল (আ) পাঠিয়েছেন। তাঁদের মাধ্যমে মানুমকে সঠিক পথ দেখিয়েছেন। দেখিয়েছেন শান্তি-শৃত্যলা ও সমৃদ্ধির পথ। এই ধারাবাহিকতার সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ কিতাব হছে আল-কুয়জান এবং সর্বশ্রেষ্ঠ ও সর্বশেষ রাসূল হছেন হয়রত মুহামদ (মা)। পবিত্র কুরআনে এবং রাসূল (সা)-এর হাদীসে মানুবের ইছকালীন মালল এবং পরকালীন শান্তির জন্য বিধি-নিষেধ জারি করা হয়েছে; কিছু কাজ করতে আদেশ দেয়া হয়েছে, আবার কিছু কাজ করতে নিষেধ করা হয়েছে। নির্দেশিত কাজভলো সঠিকতাবে পালন করণে যেমন ইহ ও পরকালে শান্তি ও সমৃদ্ধি আসবে, তেমনি নিষিদ্ধ কাজভলো থেকে বিরত না থাকলে দুনিয়াতে অশান্তি দেখা দেবে এবং আবিরাতেও কঠোর শান্তি ভোগ করতে হবে।

আল্লাহ্ ও আল্লাহ্র রাস্ল (সা)-এর আদেশ-নিষেধগুলো পবিত্র ক্রআন ও হাদীসে একসাথে গ্রন্থিত নেই। সময়ের প্রয়োজনানুযায়ী সমগ্র ক্রআন ও হাদীসের বিভিন্ন জায়গায় এসব বিধৃত হয়েছে। এর মধ্যে বেসব কাজের জন্য কঠোর শান্তির বিধান রাখা হয়েছে, সেসব কাজকে কবীরা তনাহ্ বলা হয়।

আল্লামা ইমাম হাকিব শামসুদীন বাহাবী (র) কুরআন-হাদীসে বর্ণিত কবীরা তনাহওলোকে চয়ন করে আজ থেকে প্রায় ৭৫০ বছর আগে 'কিতাবুল কাবায়ের' শীর্ষক প্রামাণ্য গ্রন্থটি রচনা করেন, বা বিশ্বের আলম-উলামা ও শিক্ষাবিদদের নিকট রেকারেল গ্রন্থ হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। আরবী তাবায় রচিত এ গ্রন্থটি বাংলায় অনুবাদ করেন বিশিষ্ট অনুবাদক মাওলানা আবু সাদেক মুহান্দদ নুক্রামান।

এই মৃশ্যবান ও প্রাচীন প্রস্থাটির বাংগা অনুবাদ বাংগাভাষী পাঠকদের হাতে তুলে দিতে পেরে আমরা মহান আল্লাহুর দরবারে তকরিরা জ্ঞাপন করছি।

আন্নাহ্ আমাদের সকলকে তাঁর নিশ্বিদ্ধ কাল খেকে বিরত থাকার তওকিক দিন। আমীন!

> সামীর বোহামদ আক্ষাদ মহাপরিচালক ইসলামিক ফাউভেশন

প্রকাশকের কথা

ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবনবিধান। এর বিধি-বিধানসমূহ পৰিত্র কুরজান ও হাদীস খেকে উৎসারিত। এ সকল অনুপাসন প্রদান করা হয়েছে মানব জীবনকে সুন্দর, সুশৃংখল ও সুখমর করার জন্য। এর মধ্যে কিছু আছে অবল্য পালনীয়, আর কিছু আছে অবল্য বর্জনীয়। কঠোরভাবে নিষিদ্ধ কাজ, বার পরিণতি ও শান্তি ভয়াবহ, ভাকে কবীরা ভনাত্ বলা হয়। এই সকল কবীরা ভনাহের বর্ণনা প্রাসঙ্গিকভাবে পরিত্র কুরজান ও হাদীসের বিভিন্ন স্থানে এসেছে।

বিশিষ্ট হাদীসবেতা আল্লামা শামসৃদীন যাহাবী সমগ্র কুরআন ও হাদীস থেকে চরন করে ভার প্রণীত 'কিতাবুল কাবায়ের' গ্রন্থে ৭০টি কবীরা ভনাহ গ্রন্থিত করেছেন। গ্রন্থটির বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে, প্রত্যেকটি কবীরা ভনাহের কর্ণনায় তিনি কুরআনের প্রকাধিক আরাভ ও হাদীসের উদ্ধৃতি দিয়েছেন। এ ছাড়াও মুসলিম মনীয়ীদের জীবনের বাত্তব উদাহরণ পেশ করে কিয়ববুকুকে হৃদক্ষাহী করে তুলেছেন।

বিশ্বব্যাত কিতাবৃদ কাবাহের গ্রন্থটি বাংলা ভাষায় 'কবীরা গুনাহ' নামে অনুবাদ করেন বিশিষ্ট অনুবাদক ও দেশক মাওলানা আবু সাদেক মুহামদ নুরক্জামান। প্রথম প্রকাশকালে গ্রন্থটি সম্পাদনা করেন সাওলানা মুহামদ মুসা ও বর্তমান পর্যায়ে সম্পাদনা করেন মাওলানা গ্রমদাদউদীন।

গ্রন্থটি ইসলামিক কাউডেশন বাংলাদেশ-এর অনুবাদ ও সংকলন বিভাগ থেকে ২০০২ সালে প্রথম প্রকাশ করা হয় এবং পাঠকমহলে ব্যাপকভাবে সমাদৃত হয়। প্রকাশের অক্সকিছুদিনের মধ্যেই তিনটি সংকরদের সকল কপি নিঃশেষ হরে যাওয়ায় এবার এর চতুর্ব সংকরণ প্রকাশ করা ইলো। আমাদের দৃট্ বিশ্বাস, বইটি এবারও অনৈর মতেই ব্যাপক পাঠকমিয়তা লাভ করবে।

গ্রন্থটি নিব্তভাবে প্রকাশ করার জন্য চেইার কোন ফ্রাটি হরনি। তবু পাঠকের নজরে কোন ভূমপ্রান্তি ধরা পড়লে জনুষ্থহ করে ভা আনালের অবহিত করলে শরবর্তী সংকরশে সংশোধনের ব্যবস্থা করা হবে ইনশাআল্লাহ্।

> নুক্লন ইসলাম মানিক পরিচালক অনুবাদ ও সংকলন বিভাগ ইসলামিক ফাউডেশন

অনুবাদকের কথা

আল্লামা ইমাম ও হাকিব শামসূদীন বাহাবী (র) প্রণীত আরবী প্রস্কু 'কিভাবুল কাবারের'-এর বাংলা অনুবাদ বাংলাভাষী সর্বক্তরের মানুবের কাছে উপস্থিত করতে পেরে আমি আন্তরিকভাবে মহান আল্লাহুর শোকর আদায় করছি।

পাপ-পঞ্চিল্ডার নিয়ন্তিক মানব সমাজের সামাজিক, নৈতিক ও চারিত্রিক অবক্ররের মূলে রয়েছে ইসলামী আকীলা-বিশ্বাস সম্পর্কিত জ্ঞানের বন্ধতা। হালাল-হারাম, করণীর-বর্জনীর, তথা ইসলামের সঠিক রুপরেখা সম্পর্কে জ্ঞানের অভাব মানুষকে নৈতিক অধংশতনের দিকে ঠেলে দিছে। এ গ্রছে ইমাম বাহাবী (র) বর্জনীয় আকীদা-বিশ্বাস, কাজ-কর্ম, আচার-অনুষ্ঠান তথা কবিরা ভনাহতলো সহজ-সরল ও প্রাঞ্জল ভাষার কুরুআন-হাদীস ও কিকহুর আলোকে পর্যালোচনার প্ররাস পেরেছেন। এক্ষাড়া মুসলিম মনীধীদের জীবন খেকে বাজব উদাহরণ পেল করে বিষয়ক্ত্বকে সমৃত্ব ও আকর্ষণীয় করেছেন। কবিরা ভনাহের উপর এ ধরনের প্রামাণ্য গ্রন্থ বাংলা ভাষার ছিতীয়টি নেই। এমনকি প্রস্থৃটি মান্তাসা শিক্ষার পাঠ্যক্রমের অন্তর্জুক্তিরও দাবি রাখে। তাই আমি এ প্রস্থৃটির ভারাজনের প্রয়োজনীয়তা দীর্ঘদিন যাবত অনুভব করে আসক্রিশ্বম।

উল্লেখ্য যে, গ্রন্থকার শাফিই মাবহাবের অনুসারী হওরার বছকেরে শাফিই মাবহাবের দৃষ্টিকোশ প্রাথান্য পেরেছে। এজন্য সচেতন পাঠকবৃদ্দের দৃষ্টি আকর্ষণ করছি। অবশ্য কোন কোন কেরে টীকা সংযোজনের মাধ্যমে অন্যান্য মাবহাবের অভিমতও ভূলে ধরার চেটা করা হরেছে।

মহান আল্লাহ্ আমাদের প্রচেষ্টা কবৃদ করুন এবং আমাদের নাজাতের পথ সুগম করুন। আমীন।

আৰু সাদেক মুহাসদ নুক্ৰমানান

গ্রন্থকার ও গ্রন্থকারিটিতি

ইসলামের ইতিহাসবেঁতা ইমান ও হাকিব শামসুদীন আব-যাহাবী (র)-এর আসল নাম-মুহাম্বাদ, উপাধি শামসুদীন এবং উপ-নাম আবৃ আবদুরাহ। তাঁর পিতা ছিলেন আহমাদ ইব্ন উসমান ইবনে কারমাব ত্রকমানী এবং দামেশকের আল-ফারিক এলাকার অধিবাসী। তিনি শাকিঈ মাবহাবের অনুসারী ছিলেন এবং আব-যাহাবী নামে প্রসিদ্ধ ছিলেন।

ইমাম বাহাবী (র)-এর পূর্ব পুরুষণণ বিরাফারিকীন বংলাছ্ড ছিলেন। তিনি ৬৭৩ হিজরীর ৩ রবিউস সানী মোভাবেক ১২৭৪ ব্রিটান্মের ৭ই অষ্ট্রোবর দামেশকে জন্মহল করেন এবং সিরিরা, মিসর ও হিজাবের শিকাবিদ ও বিশেষজ্ঞানের নিকট শিকা গ্রহণ করেন। গ্রতম্ প্রশাকার অধিকাশে শহর ও নগর তিনি শিকার জন্য প্রমণ করেন এবং বহসুখী জ্ঞান-বিজ্ঞানে বুংগতি লাভ করেন। বিশেষ করে তিনি ছিলেন ইল্মে কিরাআত ও হাদীস শাল্রে অগাধ পান্তিভ্যের অধিকারী। তাঁর সুমন্থলন্ডি উপমার বত্তুতে পরিণত হরেছিল এবং হিকবের ক্লেন্তে তিনি ছিলেন অনন্য সাধারণ ব্যক্তিত্ব। হাদীস শাল্রের সনদ পরীক্ষণ (২০০ ক্লেন্ত্র) ক্লেন্ত্রে তিনি ছিলেন সিছহত্ত। মোটকথা, সকল বিষয়ে তিনি ছিলেন গতীর পান্তিভ্যের অধিকারী। তাই তাঁর খ্যাতি দেলের সর্ব্য ছড়িয়ে পড়ে। জ্ঞানচর্চা ও জ্ঞান-শিপাসুদের কাছে তিনি ছিলেন সর্বাধিক সমাদৃত ব্যক্তিত্ব।

ইমাম বাহাবী (র) ভার মুক্তাম বছে এক হাজার তিনশ' শিকাবিদ ও বিশেষজ্ঞের নাম উল্লেখ করেন। এদের মধ্যে এমন এক হাজার নাম রয়েছে বাঁদের কাছে তিনি শিক্ষা গ্রহণ করেছেন অথবা তাঁদের শিক্ষা দান করেছেন। এঁদের অধিকাংশই হলেন নামবাদা অপিম এবং খ্যান্তনামা লেখক।

ইমাম বাহাবী (র) কিছুকাল দামেশকের শিকা বিভাগের দায়িত্বে অধিষ্ঠিত ছিলেন।
৭৪১ হিজারীতে তাঁর দৃষ্টিশক্তি লোপ পেলে গ্রন্থ রচনার জগত থেকে তিনি বিদায়
গ্রহণ করেন এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত শিকাদানের মহান ব্রতে নিয়োজিত থাকেন। তিনি
৭৪৮ হিজারীর ও বিশক্ত মোতাবেক ৪ঠা কেব্রুয়ারি ১৩৪৮ খ্রিন্টান্দে ইন্তিকাল
করেন এবং দামেশকের 'বাবুস সাগীর' নামক কবরস্থানে তাঁকে দাফন করা হয়।

ইমাম যাহাবী (র) এক বিশাল জ্ঞান-ভাজার রেখে যান—যা তাঁর রচিত প্রায় নকাইটি গ্রন্থের মধ্যে সংরক্ষিত রয়েছে। এতে রয়েছে—ইতিহাস, হাদীস, জীবনী, অনুবাদ ইত্যাদি সম্পর্কিত জ্ঞান-বিজ্ঞান। এই মধ্যে প্রধান প্রধান রচনা হলো ৪

১. তারীখুল ইসলাম (تارخ الاسلام); ২. সিয়ারল নুবালা (سير والنبيلام);
৩. মীয়ানুল ইতিদাল (ميرزان الاعتدال); ৪. আল-সুশ্ভাবাহ की আসমা-উর
রিজাল (المشتيه في اسماء الرجال) ইত্যাদি। এর অধিকাংশ ক্ষেই বারবার
প্রকাশিত হয়েছে।

প্রাচীন শেখক ও হাদীসবেস্তাদের অনেকে তাঁর রচনাবলীর উপর আলোচনা গ্রন্থ প্রণয়ন করেছেন এবং আরবী ও অন্যান্য ভাষার রচিত বহু পৃত্তিকা ও ম্যাগাজিনে তাঁর প্রবন্ধ স্থান পেয়েছে। তাঁর রেখে যাওয়া জ্ঞান-ভাষার সে মুগ থেকে এ যুগ পর্যন্ত গণমানুষের জ্ঞান-পিপাসা নিবৃত্ত করছে এবং আজও তারা এ থেকে উপকৃত হচেছ।

লেখার জগতে পদার্পণের সূচনালগ্নে লেখক 'কিছাবুল কাবারের' গ্রন্থটি বিলেষ শ্রেণীর পাঠকদের জন্য রচনা করেন, যা তাদের মন-মানসিকতার সংকার সাধনে বিশেষ ভূমিকা পালন করে এবং বিনয়ভাব জাগ্রত করতে সক্ষম হয়। আর দীন-দুনিয়ার বিভিন্নমুখী কল্যাণসাধন করেন। এ গ্রন্থে এমন কিছু বিষয় আলোকপাত করেন যা তাদের পাঠ্য-পুত্তকের অন্তর্ভুক্ত ছিল; কিছু সেগুলো ছিল অবোধগম্য। তিনি তা ছাত্র সমাজ এবং বিশেষত আলিম সমাজের সৃতিপটে সহজ্ঞাবে ভূলে ধরেন।

গ্রন্থার এ থছে গ্রন্থন পথপ্রদর্শক বন্ধার ভূমিকা পালন করেন বিনি মানুষের নৈতিক ও আদর্শিক মুম্যবোধের সংবারে গান গেয়ে থাকেন। তিনি তার বন্ধব্য সহজ্ঞ-সরল ও থাকেল ভাষার সুস্পটভাবে তুলে ধরেছেন এবং বাগাড়বর, বাহুল্য ও কৃত্রিমতাকে পরিহার করেছেন। কলে তার এগ্রন্থ বন্ধা ও ওয়ায়েযীনের জন্য সতর্ককারী; পাপাচারী ও বিত্রান্তদের জন্য ভীতিপ্রদর্শক, আল্লাহ্র পথে ভখা সত্য ও জত্রান্ত পথেচ্ছাতে অনুরাগী পথিকের জন্য পথপ্রদর্শক হিসাবে পরিগণিত হয়েছে।

স্চিপত্ৰ

١.	অন্ত্রিকে সাথে শরীক স্থির করা	. 3:
2.	নৰ্হত্যা করা	30
9.	यामूर्णिमा क्त्रा	26
8,	নামাব পরিভ্যাপ করা	30
¢.	যাকাত না দেৱা	99
b .	বিনা ওবরে রমবানের সিরাম ভঙ্গ করা	80
	বন্ধ করার সামর্য্য থাকা সত্ত্বেও বন্ধ না করা	.84
Ь.	মাজপিতার অবাধ্য হওয়া	86
	আত্মীর-বজনদের পরিজ্যাগ করা	69
	नाकिरात	69
35.	শেজাতাত বা সমকামিতা	୍ର
14.	भूग	98
30.	ইয়াজীমের মাল আক্ষসাৎ করা এবং তার উপর যুগুম করা	99
۷8.	মৃহান আল্লাহ্ ও তাঁর রাসৃশ (সা)-এর প্রতি মিখ্যা আরোপ করা	77
Se.	যুক্তের ময়দান থেকে পদারন করা	78
	ইমাম বা নেতা কর্তৃক প্রজাদের ধোঁকা দেওরা এবং তাদের উপর সুসুম করা	৮৬
19.	অহকোর ও বড়াই	85
	মিখ্যা সাক্ষ্য দেওয়া	38
	মদ্যপান	96
20.	खुरार्चना	_
	সতী-সাধ্বী নারীকে ব্যক্তিচারের অপবাদ দেওয়া	200
22.	গনীমতের (যুদ্ধলব্ধ) মাল আত্মসাৎ করা	775
20.	চুরি করা	*
	ডাকাতি এবং ছিনতাই	776
	মিখ্যা শপথ করা	774
	যুশুম বা অত্যাচার	. 757
	বিক্রম্বর বা তোলা আদায় করা	348
	হারাম খাওয়া—তা বেভাবেই হোক	709
	July Hauf at Pholodic Palla	787

₹Ъ.	আত্মহত্যা করা	786
VO.	क्वांत्र क्यांत्र निया राजा	585
٥١.	দুৰ্নীতিশরাক্রণ বিচারক	268
	বিচারের জন্য (বিচারকের) মূব এহণ	209
	গোশাৰ-পরিচ্ছদে নারী ও পুরুবের মারে সাদৃশ্য সৃষ্টি	360
	দাইসুস এবং যে দুজনের মধ্যে বিবাদ ঘটাৰার চেষ্টা করে	248
	कृष्टकुमानी अवर यात्र स्रात्म कृष्टिकोमान कता दश	300
	পেশাব থেকে পবিত্র না থাকা যা খ্রিষ্টানদের স্বভাব	269
	রিয়া (লোকদেশনো কাজ)	292
	পাৰ্ষিৰ উদ্দেশ্যে ইল্ম অৰ্জন এবং ইল্ম গোপন করা	296
	বিয়ানত বা বিশ্বাস ভঙ্গ	293
	খোঁটা দেওয়া	300
	তাকদীরকে অবিশ্বাস করা	360
	কান পেতে অন্য লোকের গোপন কথা শোনা	398
-	চাৰ্শবোরী করা	
		796
•	লানত করা বা অভিশাপ দেয়া	203
	ওয়াদা করে তা রক্ষা না করা	209
	গণক বা জ্যোতিষীর কথা বিশ্বাস করা স্বামীর অবাধ্য হওয়া	20%
		250
87.	প্রতি কৃতি বা চিত্রাংকন করা বিপদে অবৈর্য হওয়া	220
		256
	त्रीमानरचन कड़ा	₹86
	দুৰ্বল, দাস-দাসী, ত্ৰী এবং পত্তর প্রতি কঠোর হওয়া	₹8%
	প্রতিবেশীকে কষ্ট দেয়া	269
	মুসলমানদের কট ও গালি দেওয়া	200
	আন্মাৰ্ ভা আলার বান্দাদের কট দেওয়া এবং তাদের ওপর জন্যার হতকেশ কর	॥ २७७
œ.	অহকোর ও গৌরব প্রকাশের উদ্দেশ্যে পৃত্তি, পারজামা ইত্যাদি পোশাক	
	পায়ের গোড়ালি পর্যন্ত কুলিয়ে দেয়া	২৬৯
	পুরুষের স্বর্গ ও রেশমী কাপড় পরিবান করা	२१५
	ত্রীতদাসের পলায়ন	290
৫৮ .	মহান আল্লাহ্ ব্যতীত অন্য কারো উদ্দেশ্যে যবেহ করা	298
43	যে পিছা নয় ভাকে ক্ষেত্ৰের পিড়া বলে পবিচয় দেয়া	399

[20]

6 0.	বৰ্ণা, আত্মন্ত্ৰীভা ও বিতথা	২৭৮
6 5.	ব্যব্রেজনের অভিবিক্ত গানি অন্যকে না দেওয়া	২৮১
62.	সাশে এবং গুমানে কম দেওয়া	२৮२
60.	আন্তাহ্র দেৱা সাময়িক অবকাশকে নিরাপদ মনে করা	250
68 .	আন্তাহ্র বহুৰত থেকে নিয়াশ হওয়া	• ২৮৯
be.	বিনা ক্ষরে জামা আন্ত তরক করে একা একা নামায় পড়া	283
,	ওবর ছাড়া জুরু আ এবং জামা আত ওরক করার ওপর অটল থাকা	२४२
	ওশীরত স্থারা অনিষ্ট করা	. ২৯৬
₩ .	ব্ৰভারণা এবং যোঁকাবাজি	२क्रेम
65.	मुगनमानामा लाउंकि जन्मकान कड़ा बदर जा काँग करत त्मग्रा	.288
	সাহাৰান্তে কিৱাৰ (রা)-কে গালমন্দ করা	000

১. আল্লাহ্র সাথে শরীক স্থির করা

স্বীপেকা বড় গুনাহ হলো আল্লাহ্র সাথে শরীক দ্বির করা। এই শিক্ষ দুই প্রকার। প্রথমত আল্লাহ্ তা আলার সমকক ও প্রতিহন্দী সাব্যন্ত করা এবং তাঁকে বাদ দিয়ে অন্য কোনকিছুর ইবাদত করা কেমন—পাথর পূজা, বৃক্ষ পূজা, সূর্য-চন্দ্র, গ্রহ-নক্ষ্যা, নবী, রাস্থা, জি্ন, ফেরেশতা, দেব-দেবীর পূজা ইত্যাদি। এই সব কিছুর আনুগত্য ও ইবাদত করা হলো স্বাপেকা বড় শির্ক। এ প্রসঙ্গে আল্লাহ্ জাল্লাশানুহ কুরআন মজীদে ইরশাদ করেন:

إِنَّ اللَّهُ لَا يَغْفِرُ وْأَنْ يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُوْنَ ذَٰلِكَ لَمَنَّ يُشَمَّاءُ .

"আল্লাহ্ তাঁ আলা তাঁর সাথে শরীক করার অপরাধ ক্সা করেন না। তা ব্যতীত অন্যান্য অপরাধ বাকে ইচ্ছা ক্সা করেন।" (সূরা নিসা: ৪৮)

অন্যৱ ইরশাদ হচ্ছে

إِنَّ السُّرَّكَ لَطُلُمْ عَظِيْمٌ .

"নিক্যুই শির্ক করা চরম যুলুম।" (স্রা শুকমান : ১৩) আরও ইরলাদ হচ্ছে :

وَإِنَّهُ مَنْ يُشْرِكُ بِاللَّهِ فَقَدْ حَرَّمُ اللَّهُ عَلَيْهِ الْجَنَّةَ وَمَلُواهُ النَّالُ .

"কেউ আক্লাত্র সাথে শরীক ছির করলে আক্লাহ্ তার জন্য জান্নাত হারাম করে দেবেন এবং তার আবাস জাহান্লাম।" (সূরা মারিদা : ৭২)

শিব্রক সম্পর্কিত আরও অনেক আয়াত রয়েছে।

যে ব্যক্তি আল্লাহ্র সাথে শরীক স্থির করলো এবং মুশরিক অবস্থায় মারা পেল, সে ব্যক্তি নিশ্চিত জাহান্নামী। যেমন কোন ব্যক্তি আল্লাহ্র প্রতি ঈমান আনলো এবং ঈমানদার অবস্থায় ইনভিকাল করলো, সে ব্যক্তি জানাতী যদিও ওনাহের কারণে তাকে কিছুকাল জাহানামে শান্তি দেওয়া হবে। সহীহ হাদীসে হযরত রস্লে করীম (সা) ইরশাদ করেব :

الا انبئكم باكبر الكبائر ليته سكت .

"আমি কি তোমাদের সর্বাপেক্ষা বড় গুনাহের কথা বাতলে দেব না ? তিনি তিনবার কথাটি পুনক্ষক্তি করলেন। সাহাবায়ে কিরাম (রা) আর্থ করলেন, জ্বি হাঁা, অবশ্যই বাতলে দেবেন, ইয়া রাস্কুলাক্সাহ (সং)! তিনি বললেন, আল্লাহ্র সাথে শরীক করা, পিভামাতার অবাদ্য হওরা, সে সমর তিনি হেলান দেওরা থেকে সোজা হয়ে বসে পড়েন। তারপর তিনি বললেন, সাবধানা মিধ্যা কথা বলা, মিধ্যা সাক্ষ্য দেওরা। এভাবে তিনি একের পর এক বলেই যাক্ষিলেন এমনকি আমরা বলাবলি করছিলান, যদি তিনি থেমে যেতেন।" (বুখারী ও মুসলিয়)

অন্যত্র তিনি ইরশাদ করেন, "ভোমরা সাভটি আসোমক বস্তু হতে বেঁচে থাকো। এ প্রসংগে তিনি আস্থাত্র সাথে শরীক করার বিষরটি উল্লেখ করেন।"

ভিনি আরও বলেন, "যে ব্যক্তি দীন পরিবর্তন করে অর্থাৎ মূরতাদ হয়ে যায়, তোমরা ভাকে কভল করো।" (বৃধারী ও আহমদ)

বিভীয় প্রকার শির্ক হলো রিয়া বা প্রদর্শনীমূলক আমল করা। বেমন আন্নার্ তা'আলা ইরশাদ করেন:

فَمَنْ كَانَ يَرْجُواْ لِقَاءَ رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلاً مِنَالِحًا وَلاَ يُشْرِكُ بِعِبَادَةٍ رَبِّهِ آحَدًا

"সূতরাং যে তার প্রতিপালকের দীদার কামনা করে; সে যেন নেক আমল করে এবং তার প্রতিপালকের ইবাদতে অন্য কাউকে শরীক না করে।" (সূরা কাহফ : ১১০)

অর্থাৎ কেউ যেন তার কথা ও কর্মের ঘারা অন্য কিছুকে আরাহ্র সমকক স্থির না করে। রাস্পে করীম (সা) বলেছেন, "তোমরা ছোট ছোট শির্ক হতে সাবধান থেকো। সাহাবারে কিরাম (রা) আর্য কর্মেন, ছোট ছোট শির্ক কি ইয়া রাস্পারাহ্ (সা)। তিনি বললেন, রিয়া অর্থাৎ লোক দেখানো ইবাদত।"

আল্লাই তা আলা কিয়ামত দিবসে বান্দাদের আমলের প্রতিদান সম্পর্কে বলবেন, "যাও তোমরা তাদের কাছে তোমাদের কর্মকল লাভের জন্য, যাদের দেখানোর উদ্দেশ্যে দুনিয়াতে আমল করেছিলে। এবন পরশ করে দেখ তাদের কাছে ভোমাদের জন্য কি প্রতিদান মজুদ আছে ?" (আহমদ ও বায়হাকী)

রাস্থা আকরাম (সা) আরও বলেছেন: হাদীসে কুদসীতে আল্লাহ্ তা'আলা বলেন, "যে ব্যক্তি এমন আমল করলো যাতে সে আমি ছাড়া অন্য কাউকে শরীক করে বসলো, সে ব্যক্তি প্রকৃতই মুশরিক এক আমি তার দারিত্ব থেকে মুক্ত।"

(মুসলিম ও ইবনে মাজাহ)

ভিনি আরও বলেন, "যে ব্যক্তি অন্যকে শোনানের জন্যে আমল করে, আরাই তা আলা উদিষ্ট ব্যক্তিকে তা জানিয়ে দেন এবং যে ব্যক্তি অন্যকে দেখানের জন্যে আমল করে, আরাহু তা আলা উদিষ্ট ব্যক্তিকে তা দেখিয়ে দেন। আরাহ্র নিকট তার সওয়াব পাবে না।" (বুখারী ও মুসলিম)

হযরত আবৃ হরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী করীম (সা) বলেছেন : "অনেক রোযাদার এমন আছে যারা তাদের রোযাদারা অনাহারের কট ও ভৃষ্ণা

ব্যতীত কিছুই লাভ করে না, আর অনেক রাত জাগরপকারী আছে যারা অনিদ্রা ব্যতীত কিছুই হাসিল করতে পারে না।" অর্থাৎ তাদের নামায ও রোযা খালেস আক্লাহু তা'আলার রেযামন্দির জন্য না হলে তাতে কোন সওয়াব নেই।

(ইবনে মাজাহ ও আহমদ)

নবী করীম (সা) আরও বলেন: "যে ব্যক্তি রিয়া—লোক দেখানো ও যশ-খ্যাতির জন্য আমল করে, তার উপমা সেই ব্যক্তির মত যে পাধরকণা দারা থলে পরিপূর্ণ করে। অতঃপর তা দিয়ে জিনিসপত্র খরিদ করার জন্য বাজারে প্রবেশ করে। যখন সে তার খলে বিক্রেতার সামনে খোলে, তখন দেখা যায় পাধর আর পাধর এবং সে তখন তা তার চেহারার উপর ছুঁড়ে মারে। তার ঐ থলে তার কোন উপকারে আসে না। তথু মানুষের কথা তনতে হয়। তার খলে ভর্তি হয় না এবং তাকে কিছু দেয়া হয় না। এই হচ্ছে সেই ব্যক্তির কার্যকলাপের উদাহরণ যে অন্তঃসারশূন্য ও যশ-খ্যাতির জন্য আমল করে, তার জন্য লোকের নানান কথা ব্যতীত কিছুই নেই এবং আধিরাতে তার জন্য কোন সওয়াব থাকবে না।"

আল্লাহ্ তা'আলা বলেন ঃ

وَهُدُّمْنَا إِلَى مَا عَمِلُوا مِنْ عَمَلٍ فَجَعَلْنَاهُ هَبَاءً مُّنْشُورًا .

"অর্থাৎ আপ্নাত্ব তা আলার সন্তুষ্টি ব্যতিরেকে অন্য কোন উদ্দেশ্যে তারা যে সব আমল করেছে, আমি তার সওয়াব বাতিল করে দিয়েছি এবং সেগুলোকে আমি উড়ন্ত ধুলোবালিতে রূপান্তরিত করেছি। যা সে সূর্য-কিরপের মাঝে উড়তে দেখতে পায়।"

হ্যরত আদী ইবনে হাতিম তার্র (রা) রাস্বুরাহ্ (সা) খেকে বর্ণনা করেন। তিনি বলেন ঃ কিয়ামত দিবসে একদল লোককে জান্নাতে নিয়ে যাবার নির্দেশ দেয়া হবে। তাদের জান্নাতের কাছাকাছি পৌছে দ্রান নেয়া, প্রাসাদসমূহ দেখা ও জান্নাতীদের জন্যে প্রস্তুত করা নেমতসমূহ দেখার পর ঘোষণা হবে যে, ওদেরকে সেখান খেকে ফেরত নিয়ে আস। কারণ জান্নাতে তাদের কোন অংশ নেই। তখন তারা এত দুঃখ ও লাছানা সহকারে ফিরে আসবে যা আগে পরে কারো ক্ষেত্রে ঘটেনি। তখন তারা বলবে, প্রত্থা আপলার বন্ধদের জন্যে প্রস্তুত্বত নেমতরাজি না দেখিয়ে আমাদেরকে জাহান্নামে দিয়ে দিলে আমাদের কষ্ট কিছুটা কম হত। তখন আল্লাহ তা'আলা বলবেন, আমি এটাই চেরেছি যে, ভোমাদের কষ্ট বেশি হোক। কারণ তোমরা তো এমন ছিলে যে, নির্দ্ধনে আমার বিরুদ্ধে অহকোর করতে আর মানুষের সম্মুখে নিতান্ত বিনয়ী হয়ে থাকতে। ওদেরকে নিজেদের আমল দেখাতে। এটা হত আমার প্রতি তোমাদের অন্তরের বিশ্বাসের বিপরীত। তোমরা মানুষকে তয় করেছ, আমাকে তয় করোনি। মানুষকে তরুত্ব দিয়েছ, আমাকে তরুত্ব দাওনি। আজ আমার পুরস্কার থেকে তোমাদেরকে বঞ্চিত করার সাথে সাথে তোমাদেরকে আমি যন্ত্রণাদায়ক শান্তি ভোগ করাব।

এক ব্যক্তি রাস্নুল্লাহ্ (সা)-কে জিজেস করেছিল যে, মুক্তি কিসে? তিনি বললেন, "তুমি যেন আল্লাহ্র সাথে প্রতারণা না কর।" সে বলল আল্লাহ্র সাথে প্রতারণা করে কেমন করে । রাস্নুল্লাহ্ (সা) জবাবে বললেন, তা হল আল্লাহ্ ও তাঁর রাস্লের নির্দেশ পালন করা আল্লাহ্ ভিন্ন অন্যের সন্তুষ্টির জন্যে। রিয়া ও লোক দেখানো আমল থেকে নিজেকে বাঁচিয়ে রাখ, কারণ তা হল ক্ষুদ্র শির্ক। লোক দেখানো আমলকারীকে কিয়ামত দিবসে সর্বসমক্ষে চারটি নামে ডাকা হবে ঃ ওহে কর্ম প্রদর্শনকারী। ওহে বিশ্বাসঘাতক। ওহে পাপিন্ঠ। ওহে ক্ষতিগ্রন্থ। তোর আয়ল বার্থ হরেছে, তোর প্রতিফল নষ্ট হয়েছে। আমার নিকট তোর কোন সওয়াব ও পুরস্কার নেই। ওহে প্রতারক। যার সন্তুষ্টির জন্যে তুই আমল করেছিস, তার থেকে প্রতিফল গ্রহণ কর পিয়ে।"

অনৈক বিজ্ঞ ব্যক্তিকে প্রশ্ন করা হয়েছিল, মুক্তিযোগ্য ব্যক্তি কে । তিনি জবাবে বলেছিলেন, যে নিজের পাপচারিতা যেমন লুকিয়ে রাখে, পৃণ্যকর্মও তেমনি লুকিয়ে রাখে। অন্য প্রকজনকে জিজেন করা হয়েছিল যে, ইখলান ও নিষ্ঠার শেষ শুর কোন্টি । তিনি উত্তরে বলেছিলেন, মানুষের প্রশংসার প্রত্যাশী না হওয়া। হয়রত ফুদায়ল ইবৃন আব্যান (রা) বলেছেন, মানুষের সম্ভুটির জন্যে দীনি আমল ছেড়ে দেয়া হল রিয়া বা প্রদর্শন আর মানুষের সম্ভুটির জন্য আমল করা হল নির্ক। হে আল্লাহ্। এই দুই অপকর্ম থেকে আমাদেরকে দুরে রাখুন এবং আমাদেরকে ক্ষমা করন।

২. নরহত্যা করা

আল্লাহ্ তা'আলা বলেন :

وَهَنْ يَقْتُلُ مُؤْمِنًا مُثَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ خَلِدًا فِيهَا وَغَضِبَ اللَّهُ عَلَيْهُ وَلَعَثَهُ وَآعَدُ لَهُ عَذَابًا عَظِيْمًا،

"কেউ ইচ্ছাকৃতভাবে কোন মুমিনকৈ হত্যা করতে হত্যার শান্তি আহানাম। সেখানে সে স্থায়ী হবে এবং আল্লাহ্ তার প্রতি কৃষ্ট হবেন, তাকে লা নত করবেন, সর্বোপরি তার জন্য মহাশান্তি প্রস্তুত রাধবেন।" (সূরা নিসা: ১৩)

وَالْدَيْنَ لاَ يَدْعُونَ مَعَ اللّهِ الْهَا أَخَنَ وَلاَ يَقْتَلُونَ النّفْسَ الْتَى حَسَرٌمُ اللّهُ اللهُ الْهَا أَخَنَ وَلاَ يَقْتَلُونَ النّفْسَ الْتَى حَسَرٌمُ اللّهُ الاَّ بِالْحَقِّ وَلاَ يَرْنُونَ وَمَنْ يَقْبِعَلْ ذَٰلِكَ يَلْقَ اَتَامَساً.. بُعْمَ عَفْ لَهُ اللّهَ مَنْ تَابَ يُضَعِّفُ لَهُ فِيهِ مُهَانًا.. الاَّ مَنْ تَابَ وَامْنَ وَعَملَ عَمَلاً مِمَالِحًا . وَيَخْلُدُ فِيهِ مُهَانًا.. الاَّ مَنْ تَابَ

"এবং তারা আল্লাব্র সাথে কোন ইলাহকে ডাকে না। আল্লাহ্ বার্র হন্ডা নিবেধ করেছেন যথার্থ কারণ ব্যতিরেকে তাকে হন্ডা করে না এবং ব্যতিচার করে না। আর যারা এগুলো করবে, তারা শান্তি ভোগ করবে। কিরামভের নিন তার শান্তি বিশ্ব করা হবে এবং সেখানে সে স্থায়ী হবে হীন অবস্থায়। তবে তারা না বারা ভওবা করে, সমান আনে ও সংকর্ম করে।" (সূরা ফুরুকান: ৬৮)

আল্লাহ্ তা'আলা আল্লোও বলেন :

مِنْ أَجُلِ ذَٰلِكَ كُتَبِنَا عَلَىٰ بَنِيْ أَمِدْرَائِيْلَ أَنَّهُ مِنْ قَبَتُلَ نَفْسُا بِغَيْرَ نَفْسُا بِغَيْرَ نَفْسُا فَتَلَ النَّاسَ جَمِيْعًا ، وَمَنْ أَخْيَاهًا فَكَأَنَّمًا قَتَلَ النَّاسَ جَمِيْعًا ، وَمَنْ أَخْيَاهًا فَكَأَنَّمًا أَخْيًا النَّاسَ جَمِيْعًا ، وَمَنْ

"এ কারণেই আমি নবী ইসরাস্থানের হাতি এক বিধান দিশাম বে, নরহুত্যা অথবা দুনিয়ার ধাংসান্তক কার্য করাহেতু ব্যতীত কেউ কাউকে হত্যা করলে সে বেন দুনিয়ার সকল মানুষকেই হত্যা করল। আর কেউ কারো প্রান রক্ষা করলে সে কেন দুনিয়ার সকল মানুষের প্রাণ রক্ষা করল।" (সুরা মারিদা: ৩২)

আয়াৰ তা আলা আরোও বলেন : وَاذَا الْمَوْدُنَدُ سُنُلُتُ بِأَي نَشْبِ فُتَلَتَ "यंन শ্লীবন্ধ সমাধিছ কন্যাকে জিজেস করা হবে কী অপরাধে তাকে হত্যা করা হয়েছিল ?" (স্রা তাকজীর : ৮-১)

নবী করীম (সা) বলেছেন: "সাতটি ধাংসান্ধক বন্ধু হতে তোমরা দ্রে থাক। আরম করা হলো, সেগুলো কি কি ইয়া রাস্লাল্লাহ্! তিনি বললেন, আল্লাহ্র সাথে শরীক করা, যাদু করা, বে প্রাণ হত্যা করা আল্লাহ্ হারাম করেছেন তা হত্যা করা তবে হকের বদলার জন্য হলে বজন্ত ক্যা, ইয়াতীমের ধন-সম্পদ ভক্ষণ করা, সুদ খাওয়া, বৃদ্ধের মন্নদান থেকে পলায়ন করা, অমনোবোগী সরল মুমিন নারীর প্রতি অপবাদ রটানো।" (বৃধারী, মুসলিম, আবু দাউদ ও নাসাই)

জনৈক ব্যক্তি নবী করীম (সা)-এর দরবারে আর্থ করলো, আল্লাহ্র কাছে সর্বাপেকা মারাক্ষক অপরাধ কি ? ইয়া রাসুলাল্লাহ্! তিনি বললেন, আল্লাহ্র সমকক্ষ স্থির করা অথচ তিনি জোমাকে সৃষ্টি করেছেন। সে বললো, ভারপর কোন্টি ? তিনি বললেন, ভোমার সাথে পানাহারে অংশ নেবে এই আশংকায় ভোমার সন্তানকে হত্যা করা। সে বলল, ভারপর কোন্টি ? তিনি বললেন, ভোমার প্রতিবেশীর স্ত্রীর সাথে ব্যভিচারে লিঙ হওয়া। তখন এই বর্ণনার সত্যতা নিরূপণের জন্য আল্লাহ্ ভা আলা এই আয়াত সাধিদ করলেন:

وَٱللَّذِيْنَ لاَ يَدُعُونَ مَعَ اللَّهِ الْهُنَا أَخَرَ وَلاَ يَقْشُلُونَ الثَّفْسَ الَّتِي خَرَّمَ اللَّهُ الِا بِالْحَقِّ وَلاَ يَزُنُونَ وَمَنْ يَقْفَلْ ذُلِكِ يَلْقَ آثَامًا.

"এবং তারা আশ্রাইর সাথে অন্য কোন ইদাহকে ভাকে না। আশ্লাহ যার হত্যা হারাম করেছেন, যথাওঁ কারণ ব্যতিরেকে তাকে হত্যা করে না এবং ব্যভিচার করে না।" (সুরা সুরকান : ৬৮)

নবী করীম (সা) বলেন : যদি দুইজন মুসলমান জলোরার ধারা একে অন্যের মুকাবিলা করে, তবন হত্যাকারী ও নিহত ব্যক্তি উভয়ই প্রাহান্নামে যাবে। সাহাবায়ে কিরাম(রা) বললেন, ইয়া রাস্পালাই। এই হত্যাকারীর কথা তো বুবালাম সে জাহান্নামে যাবে কিছু নিহত ব্যক্তির কী হলো ? সে জাহান্নামে যাবে কেন ? তিনি বললেন কেননা সে ভার প্রক্রিক্সীকে হত্যা করতে প্রিপূর্ব স্ক্রেক্স ছিব। (বুবারী ও মুবালিম)

ইমার আবু সুনারমান (র) বলেন, এই চকুম ব্যাখ্যাসাপেক। যদি আরা দুইজনে পারশানিক বৈশিক্তার কারণে উত্তক হয়ে অথবা সার্থিব পর্যায়ে বলীভূত হয়ে কিংবা রাজনৈতিক বার্থ হাসিলের জন্ম অথবা মর্থাদা ও প্রাথানা বিশ্বারের দক্ষন হত্যাকর্মে বিশ্ব হয়ে বিশ্বন । কিছু বাদ বিশ্বোহাকে কতুল করে বাকে সাকে হত্যা করে ব্যাক্তর কিংবা তার বাকে বাকে বাকে হত্যা করে, তাহলে তা এই নিদেশের আন্ততায় পড়বে না। বাদ কেউ নিহত ব্যাক্তর হত্যাকারীকে অন্যায়ভাবে কতুল করার জন্য দুট সংকল্পবন্ধ থাকে, তাহলে উপরোভ নিদেশের আন্ততায় পড়বে না। বাদ কেউ নিহত ব্যাক্তর হত্যাকারীকে অন্যায়ভাবে কতুল করার জন্য দুট সংকল্পবন্ধ থাকে, তাহলে উপরোভ নিদেশের আন্ততায় পড়বে না। বাদ কেউ নিহত ব্যাক্তর হত্যাকারীকে অন্যায়ভাবে কতুল করার জন্য দুট যদি ডাকাত কিংবা রাইন্দেহীকে হত্যা করে, সে বিশাদোধি হত্যায় অপ্রহী ছিল বলা বাবে না, বরং সে আন্তর্গর জন্য তা করেছে বলা হবে। তার প্রতিপক্ষ থেমে গোলে সেও যেমে যাবি। যে ব্যক্তি এই পথে

নরহত্যা করবে, সে শান্তির আওতাভূক্ত হবে না। অন্যথায় সে হাদীসে বর্ণিত শান্তির আওতাভূক্ত হবে। রাস্পুদ্ধাহ্ (সা) বলেন, তোমরা আমার পরে একে অপরের গর্দান উড়িয়ে দিয়ে কাফির হয়ে যেয়ো না। (বুখারী ও মুসলিম)।

রাসূপুরাহ (সা) আরোও বলেন : বান্দা তার দীনের গণ্ডিতে থাকবে যতক্ষণ না নিষিদ্ধ রক্তপাতে জড়িত হয়।

তিনি আরও বলেন : কিয়ামতের দিনে মানুষের মাঝে সর্বপ্রথম রক্তের মীমাংসা করা হবে।

অন্য এক হাদীসে বর্ণিত আছে যে, রাস্পুস্নাহ্ (সা) বলেছেন, একজন ঈমানদার ব্যক্তিকে হত্যা করা আল্লাহ্র কাছে সারা পৃথিবী ধ্বংস করার চাইতেও মারাত্মক অপরাধ। (নাসাঈ, বায়হাকী ও তির্মিয়ী)

নবী করীম (সা) বশেন, কবীরা গুনাহের বিবরণ হচ্ছে এই যে, ১. আল্পাহ্র সাথে অন্য কাউকে শরীক করা; ২. মানুষ হত্যা করা এবং ৩. কঠিন শপথ করে তা ভঙ্গ করা। এর নাম 'গামুস' রাখার কারণ হচ্ছে, তা শপথকারীকে আগুনের মধ্যে ডুবিয়ে দিবে।

নবী করীম (সা) আরও বলেছেন: অন্যায়ভাবে কাউকে হত্যা করা হলে সে অপরাধের একটি অংশ আদম (আ)-এর প্রথম পুত্রের আমশনামায় লেখা হয়। কেননা সে-ই সর্বপ্রথম হত্যার রেওয়াজ প্রচলন করেছে। (বুখারী ও মুসলিম)

রাসূলে আকরাম (সা) বলেছেন: যে ব্যক্তি কোন চুক্তিবদ্ধ বিধর্মী লোককে হত্যা করবে, সে জান্নাতের সুঘাণ পাবে না। অথচ জান্নাতের খোশবু চল্লিশ বছরের দূরত্ব থেকে পাওয়া যাবে। (বুখারী)

এই বিধান তো হলো চুক্তিবদ্ধ অমুসলিম ব্যক্তির হত্যার ক্ষেত্রে। রাসৃপুদ্ধাহ (সা) দারুল ইসলামে ইয়াহুদীরা-নাসারাদের নিরাপন্তার অঙ্গীকার দিয়েছিলেন। তাহলে মুসলমানকে হত্যা করা কী ধরনের অপরাধ বলে গণ্য করা হবে ?

নবী করীম (সা) বলেছেন: সাবধান। যে ব্যক্তি আল্লাহ্ ও তাঁর রাস্লের যিমার সংরক্ষিত চুক্তিবদ্ধ অমুসলিম ব্যক্তিকে হত্যা করবে, সে যেন আল্লাহ্র যিমাকে সমাধিস্থ করে দিল। এমন ব্যক্তি জান্লাতের খোশবু পাবে না যদিও জান্লাতের খোশবু পঞ্চাশ বছরের দূরত্ব থেকে পাওয়া যাবে। (তিরমিযী)

নবী করীম (সা) আরও বলেছেন: যে ব্যক্তি একটি কথাছারা কোন মুসলমানকে হত্যার ব্যাপারে সাহায্য করবে, সে আল্লাহ্র সাথে সাক্ষাত করবে এমন অবস্থায় যে তার দুই চোঝের মধ্যখানে লেখা থাকবে (ايس من رحمة الله) (আল্লাহ্র রহমত হতে নিরাশ) ৷ (আহমদ)

হযরত মু'আবিয়া (রা) হতে বর্ণিত আছে যে, রাস্পুলাহ্ (সা) বলেছেন : সর্বপ্রকার গুনাহ্ আল্লাহ্ তা'ালা ক্ষমা করে দিতে পারেন। কিন্তু যে ব্যক্তি কাফির হয়ে মারা গেল কিংবা যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে কোন মুমিন বান্দাকে হত্যা করল, সে নয়।

আমরা আল্লাহ্ তা'আলার কাছে নিরাপন্তা চাই।

৩. যাদুটোনা করা

यानूकत निदां कि कित थए कोन मत्मर तारे। आन्नार् जा जाना तलन : وَلَٰكِنَّ الشَّيطِيْنَ كَفَرُواْ يُعَلِّمُونَ النَّاسَ السَّحْرَ .

"কিন্তু শরতানরাই কুফরী করেছিল। তারা মানুষকে যাদু শিক্ষা দিত।"

(সূরা বাকারা : ১০২)

অভিশপ্ত-বিতাড়িত শয়তান মানুষকে যাদু শিক্ষা দিত। এর দারা তার উদ্দেশ্য ছিল একটাই আর তা হলো, আল্লাহ্র সাথে শরীক করা। এপর্যায়ে আল্লাহ্ তা আলা হারুত ও মারুতের ঘটনা বর্ণনা প্রসঙ্গে ইরুশাদ করেন:

وَمَا يُعَلِّمِنَ مِنْ آحَدِ حَتَّى يَقُولاَ انِّمَا نَحْنُ فِيتُنَةُ فَلاَ تَكُفُرُ فَيَ يَقُولاَ انِّمَا نَحْنُ فِيتُنَةُ فَلاَ تَكُفُرُ فَيَتَعَلَّمُونَ مِنْ هَمْ ذَوْجِهِ وَمَاهُمْ فَيَتَعَلَّمُونَ مَا يَضُرُّهُمْ وَلاَ بِنَانَ الله وَيَتَعَلَّمُونَ مَا يَضُرُّهُمْ وَلاَ يَنْفَعُهُمْ وَلاَ يَنْفَعُهُمْ وَلاَ عَلَمُونَ مَا يَضُرُهُمُ اللهِ وَيَتَعَلَّمُونَ مَا يَضُرُهُمُ وَلاَ يَنْفَعُهُمْ وَلَا مَنْ الشَّرَهُ مَا لَهُ فِي الْأَخِرَةِ مِنْ خَلاَقٍ .

"তারা (হারুত ও মারুত) কাউকে শিক্ষা দিত না এই কথা না বলে যে, আমরা পরীক্ষাস্বরূপ। সুতরাং তোমরা কুফরী করো না। তারা তাদের নিকট হতে স্বামী-স্ত্রীর মধ্যে যা বিচ্ছেদ সৃষ্টি করে তা শিক্ষা করত অথচ আল্লাহুর নির্দেশ ব্যতীত তারা কারো কোন ক্ষতি সাধন করতে পারত না, তারা যা শিক্ষা করত তা তাদেরই ক্ষতিসাধন করত এবং কোন উপকারে আসত না। আর তারা নিশ্চিতভাবে জানত যে, যে কেউ তা ক্রয় করে, আখিরাতে তার কোন হিস্সা নেই।" (সূরা বাকারা: ১০২)

সুপ্রিয় পাঠক, আপনারা গভীর দৃষ্টিতে তাকালে দেখতে পাবেন অনেক গুমরাহ্ লোক যাদু ও তন্ত্রমন্ত্রে বিশ্বাস করে তার মধ্যে ডুবে আছে এবং তারা এটাকে তথু হারাম বলে ধারণা করছে অর্ঘচ তাদের এই অনুভৃতি নেই যে, যাদু নিঃসন্দেহে কুফরী। এরপর তারা একে সৌভাগ্যের পরশমণি বা ভাগ্যালিপি নির্বারক বলে এর শিক্ষায় অংশগ্রহণ করছে। আসলে সে তো যাদুমাত্র। ন্ত্রীর সাথে স্বামীর বন্ধনকে মজবৃত করার তন্ত্র-মন্ত্রকেও যাদু বলা হয়।

অনুরূপভাবে কোন ব্যক্তির পক্ষে তার দ্রীকে ভালবাসা এবং তার ভালবাসায় ফার্টল ধরানো সর্বোপরি এই পর্যায়ের অন্যান্য ঐন্ত্রজালিক তন্ত্র-মন্ত্র অধিকাংশই শির্ক ও গুমরাহী।

যাদুকরের শরীআতী শান্তি হচ্ছে মৃত্যুদন্ত। কেননা সে আল্লাহ্র নাফরমানীতে লিপ্ত থাকে কিংবা কৃফরী কার্যকলাপে মশগুল থাকে। নবী করীম (সা) বলেছেন, তোমরা সাতটি ধ্বংসাত্মক বন্তু থেকে বেঁচে থাক। অভঃপর তিনি যাদুর কথা উল্লেখ করেন।

অতএব বান্দার উচিত—তার প্রতিগালককে ভয় করা এবং এমন কাজে প্রবেশ না করা যাতে দুনিয়া-আখিরাতের ক্ষতি সাধিত হয়।

নবী করীম (সা) থেকে বর্ণিত, তিনি বলেছেন : যাদুকরের শান্তি হচ্ছে তরবারি দ্বারা হত্যা করা। সঠিক তথ্য হল এটি হয়রত যুনদুব (রা) এর বন্ধব্য।

বাজালাহ ইব্ন আবাদাহ (রা) থেকে বর্ণিত আছে, তিনি বলেন, মৃত্যুর এক বছর পূর্বে হযরত উমর ইবনুশ খান্তাব (রা)-এর পক্ষ থেকে আমাদের কাছে লিখিত ফরমান আসলো যে, তোমরা যাদৃকর নর-নারীকে হত্যা করবে।

হযরত ওহাব ইব্ন মুনাবিবহ (র) থেকে বর্ণিত আছে, তিনি বলেন, আমি এক কিতাবে পাঠ করলাম যে, আল্লাহ্ জাল্লাশানুহ্ ইরশাদ করেন : আমি ব্যতীত কোন ইলাহ্ নেই। যে ব্যক্তি যাদ্বিদ্যার চর্চা করে, সে আমার নয় এবং যার উদ্দেশ্যে যাদ্বিদ্যা চর্চা করা হয়, সে আমার নয়। যে গণকের কাজ করে এবং যার জন্য গণকের কাজ করানো হয়, সে আমার নয়; যে ওভ ও অভও যাত্রা গ্রহণ করে এবং যার জন্য তা গ্রহণ করা হয়, তাদের সাথে আমার কোন সম্পর্ক নেই।

হযরত আলী ইবৃন আবী তালিব (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্পুরাহ (সা) বলেছেন, তিন ব্যক্তি জান্লাতে প্রবেশ করবে না : ১. সর্বদা মদগানকারী ব্যক্তি ২. আত্মীয়তার সম্পর্ক ছিনুকারী ও ৩. যাদুমন্তে বিশ্বাস স্থাপনকারী।

্(মুসনাদে ইমাম আহমদ)।

হযরত আবদুল্লাহ ইবন মাসউদ (রা) থেকে মারফ্ সূত্রে বর্ণিত আছে, তিনি বলেন, ঝাড়ফুঁক তামায়িম ও তিওলাহ শির্ক। তামায়িম 'তামিমাতুন'-এর বহুবচন, এর অর্থ তাবীয় করা।

আৰু প্ৰকাৰ ক্লীকরণ মন্ত্ৰ। এরছারা স্বামী-স্ত্রীর ভালবাসার বন্ধন মজবুত করা হয়। এটা শির্ক হওরার কারণ হচ্ছে, মূর্য ও নির্বোধেরা বিশ্বাস করে, এর প্রভাবে আল্লাহু কর্তৃক নির্ধারিত ভাস্যালিপি অকার্যকর হয়ে যায়।

ইমাম খান্তাৰী (র) বলেন, যদি কুরুআনের আয়াত কিবো সুরা পাঠে ফুঁ দেওয়া হয় অথবা আল্লাহ্ তা আলার পরিত্র নাম পাঠ করে ঝাড়ফুঁক করা হয়, তাহলে তা মুবাহ্ (জায়েয)। কেননা নবী করীম (সা) ইমাম হাসান ও হুসায়ন (রা)-কে ঝাড়ফুঁক করতেন এবং তিনি বলতেন:

أُعِيْدُكُمَا بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَةِ مِنْ كُلِّ شَيْطَانِ وَهَامَّةٍ وَمِنْ كُلِّ عَيْنٍ لِأَمَّةٍ وَمِنْ كُلِّ عَيْنٍ لِأَمَّةٍ وَبِاللّٰهِ النَّهُ التَّكُلُانُ .

৪. নামায পরিত্যাগ করা

আল্লাহ্ তা'আলা ইরশাদ করেন :

فَخَلَفَ مِنْ بَعْدِهِمْ خَلْفُ أَضَاعُواْ الصَّلُوةَ وَاتَّبَعُوا الشَّهُوٰتِ فَسَوْفَ يَلْقِقُوْنَ غَيًّا الِّا مَنْ تَابَ وَأَمَنَ وَعَمِلَ صَالِحًا ،

"ওদের পরে এলো অপদার্থ পরবর্তিরা, তারা সালাত নর্ষ্ট করল ও লালসা পরবশ হলো। সূতরাং তারা অচিরেই কৃকর্মের শান্তি প্রত্যক্ষ করবে। কিন্তু তারা নয়—যারা তওবা করেছে, ঈমান এনেছে এবং সংকর্ম করেছে।" (সূরা মারয়াম: ৫৯)

হযরত আবদুয়াহ ইব্ন আব্বাস (রা) এই আয়াতের ব্যাখ্যায় বলেছেন ঃ
এএএএ এর অর্থ সম্প্রিপে নামায পরিভ্যাগ করা নয়, বরং ভার অর্থ একেবারে
শেষ ওয়ান্ডে নামায আদায় করা।

ইমামৃত তাবেঈন হযরত সায়ীদ ইবন্দ মুসায়্যাব (র) বলেন, । (তারা নামায নয় করলো) এর অর্থ হচ্ছে আসরের ওরাক্ত অত্যাসনু হওয়ার সময় যোহর আদায় করা, মাগরিবের সাথে মিলিয়ে আসর পড়া, ইশার সাথে সংযুক্ত করে মাগরিব আদায় করা, ইশার নামায ফজর পর্যন্ত বিশ্ব করা এবং সূর্যোদয়ের সময়ে ফজর আদায় করা। নিরমিত এই অবস্থায় থাকাকালীন যে ব্যক্তি ইনতিকাল করে—অথচ তওবা ফয়েনি, আল্লাহ্ তা আদা তার জন্য গাইয়ুদ তৈরি করে রেখেছেন। আর এটা হচ্ছে জাহানুামের একটি নিম্ন্ত্মি যা অত্যন্ত সুগভীর এবং এর স্বাদ অত্যন্ত কদর্য ও কুৎসিত। আল্লাহ্ তা আলা অন্যত্র ইরশাদ করেন:

فَوَيْلُ لِلْمُصَلِّيْنَ الَّذِيْنَ هُمْ عَنْ صَلاَتَهِمْ سَاهُوْنَ . "ا अठ नामायीप्पत खना पूर्खाण यात्रा जाप्तत नामाय जण्णर्क फेंमाजीन उ गांकिन।" (সূরা সাউন : ৪-৫)

হযরত সা'দ ইব্ন আবী ওয়াকাস (রা) বলেছেন, আমি রাস্লুব্রাহ্ (সা)-এর
নিকট যারা নামায সম্পর্কে উদাসীন, তাদের সম্পর্কে জিড্ডেস করলাম, তিনি বললেন,
তা হচ্ছে ওয়াক্ত অতিক্রোভ হবার পর নামায আদায় করা। সময় অতিক্রাভ হলেও
তারা নামায আদায় করে বলে এখানে المصلول শক্টি ব্যবহার করা হয়েছে।
তাদের জন্য তৈরি করা হয়েছে ওয়ায়ল অর্থাৎ কঠিন শান্তি। কেউ কেউ বলেন,
'ওয়ায়ল' হচ্ছে জাহাল্লামের একটি নিম্নন্থমি। দুনিয়ার পাহাড়-পবর্তসমূহ তার মধ্যে

রাখা হলে তার কঠিন উত্তালে তা গলে খারে অথচ এই স্থানটিই হবে সময়োত্তীর্ণ হবার পর নামায় জাঁদায়কারী ও উদাসীন নামাধীদের স্থায়ী আবাসস্থল। তবৈ যারা আল্লাহ্ তা আলার দরবারে তত্তবা করবে এবং কৃতকর্মের জন্য লক্ষিত হবে, তাদের আল্লাহ্ ক্ষমা করতে পারেন। এই প্রসঙ্গে আল্লাহ্ তা আলা অন্যত্র ইরণাদ করেন:

يُايَّهُمَا الَّذِيْنَ أَمَنُوا لَا تُلْهِكُمْ آمُوالْكُمْ وَلاَ آوَلَادُكُمْ عَنْ ذِكْرِ اللَّهِ وَمَنْ يَقْعَلْ ذَٰلِكَ فَأَوْلُنْتِكَ هَمُ الْخُسِرُونَ .

"ওহে ঈমানদারগণ। তোমাদের ধর সম্পদ ও সন্তান সন্তুতি যেন তোমাদেরকৈ আল্লাহুর যিকর হতে উদাসীন না করে। যারা উদাসীন হবে, তারাই কতিগ্রন্থ হবে।"
(সুরা মুনাফিকুন: ৯)

মুফাসসিরগণ বলেন, আলোচ্য আরাতে 'আরাহুর যিকর' দ্বারা পাঁচ ওরাভ নামায বুঝানো হয়েছে। সুতরাং যে ব্যক্তি যথাসময়ে নামায আদায় বাদ দিয়ে বেচাকেনা, উপার্জন, জীবিকা সংগ্রহ ও সম্ভান-সম্ভতির সাথে খেল-তামাশার বিভার থাকবে, সে-ই ক্ষতিয়ন্তদের অন্তর্জুক্ত হবে।

নবী করীম (সা) বলেছেন: কিয়ামতের দিন বান্দা থেকে বে সম্পর্কে সর্ব-প্রথম হিসাব নেওয়া হবে, তা হন্দে নামায়। যদি নামায় ঠিক হয়ে বায়, তাহলে সে কামিয়াব ও সকলকাম হবে এবং যদি নামায় অসম্পূর্ণ হয় তাহলে সে ক্ষতিগ্রন্ত ও বিপদে পতিত হবে। আল্লাহ্ তা আলা আহানুামীদের প্রসঙ্গে ইরশাদ করেন:

وَمُا سَلَكَكُمُ فِي سَقَرَ قَالُوا لَمْ نَكُ مِنَ الْمُصَلِّيْنَ وَلَمْ نَكُ ثُطْعِمُ الْمِسْكِيْنَ وَكُنَّا نَخُوْضُ مَعَ الْخَائضِيْنَ وَكُنَّا نُكَذِّبُ بِيَوْمِ الدِّيْنِ حَتَّى اَتَنَا الْيَقَيْنُ فَمَا تَنْفَعُهُمْ شَفَاعَةً الشَّفِعِيْنَ .

"তোমাদেরকে কিসে সাঁকারে নিক্ষেপ করেছে ? তারা বলবে, আমরা মৃসন্থীদের অন্তর্ভুক্ত ছিলাম না, আমরা অভাবগ্রন্তকে আহার্য দান করতাম না এবং আমরা সমালোচনাকারীদের সাথে সমালোচনার মশুরদ থাকতাম। আমরা কর্মফল দিবসকে অধীকার করতাম আমাদের নিকট মৃত্যুর আগমন পর্যন্ত। কলে শাকাআডকারীদের শাকাআত তাদের কোন কাঁজে আসবে না।" (সূরা মুদ্দাস্সির: ৪২-৪৮)

নবী করীম (সা) বলেছেন: "তাদের এবং আমাদের মধ্যকার প্রতিশ্রুতি হচ্ছে নামায। যে ব্যক্তি তা পরিত্যাল করলো দে কুকরী করে বসলো।"

নবী করীম (সা) আরও বলেছেন: "বান্দা ও কুফরের মধ্যে পার্থক্য নিরূপণকারী হচ্ছে নামায।" (আহমদ, আবু দাউদ, নাসাই ও সহীহায়ন)

রসূলে করীম (সা) বলেছেন: "যে ব্যক্তির আসরের নামায ছুটে গেল তার আমল বরবাদ হয়ে গেল।" (বৃখারী)

সুনান থছে বর্ণিত আছে যে, রাস্পুল্লাহ্ (সা) বলেছেন : "যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে নামায ছেড়ে দিল তার উপর থেকে আল্লাহ্র নায়-দায়িত্ব শারিজ হয়ে গেল।"

নবী করীম (সা) আরও বলেছেন: "আমি মানুবের সাথে সংগ্রাম করার জন্য আদিট হয়েছি যে পর্যন্ত না তারা স্বীকার করে নেবে আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তারা নামায কায়েম করবে এবং যাকাত আদায় করবে। সূতরাং যখন তারা এওলো মেনে নেবে, তখন তারা আমার তরক থেকে তালের ধনসম্পদ ও প্রাণের নিরাপন্তার গ্যারাটি লাভ করবে কিছু তাদেরকে অর্থাৎ খুনের বদলা খুন, কানের বদলা কান, নাকের বদলা নাক, হাতের বদলে হাত প্রতিশোধ হিসেবে গ্রহণ করা হবে। এবং তাদের হিসাব আল্লাহ তা আলার উপর বর্তাবে।" (বুখারী, মুসলিম)।

নবী করীম (সা) আরও বলেছেন: "যে ব্যক্তি নামাযের হিফাযত করবে, কিয়ামতের দিন সেই নামায তার জন্য নুর, দলীল ও মুক্তির সনদ বলে গণ্য হবে। আর যে ব্যক্তি নামাযের হিফাযত করবে না, তার জন্য কিয়ামতের দিন কোন নূর, দলীল ও মুক্তির সনদ হবে না। আর সে ব্যক্তি কিয়ামতের দিন ফিরআউন, কারন, হামান ও উবাই ইব্ন খালফের সাথে থাকবে।" (আহমদ ও তাবরানী)

হযরত উমর ইবনুল খান্তাব (রা) বলেছেন, 'যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে নামায নষ্ট করবে, ইসলামে তার কোন হিস্সা নেই।'

কভেক আলিম (র) বলেছেন, নামায পরিত্যাগকারী ব্যক্তিদের হালর হবে উপরোক্ত চার শ্রেণীর লোকের সঙ্গে অর্থাৎ ফিরআউন, কারন, হামান ও উবাই ইব্ন খালফ প্রমুখ কাফিরের সাথে। কেননা সাধারণত নামায তরককারীরা চারটি কারণে নামায থেকে বিরত থাকে। যেমন, তার ধন-সম্পদ, তার রাজত্ব, তার মন্ত্রিত্ব ও তার ব্যবসা-বাণিজ্য। যদি সে তার ধন-সম্পদের মোহে পড়ে নামায তরক করে, তাহলে কারনের সাথে তার হালর হবে। যদি রাজত্বের মোহে পড়ে নামায তরক করে, তাহলে ফিরআউনের সাথে তার হালর হবে। যদি রাজত্বের মোহে পড়ে নামায তরক করে, তাহলে ফিরআউনের সাথে তার হালর হবে। যদি মন্ত্রিত্বের কারণে নামায তরক করে থাকে তাহলে হামানের সাথে তার হালর হবে। আর যদি ব্যবসা-বাণিজ্য ও কারকারবারে লিগু থাকার দক্ষন নামায তরক করে, তাহলে মক্কার বিখ্যাত ব্যবসায়ী ও মুনাফিক উবাই ইবনে খালফের সাথে তার হালর হবে।

ইমাম আহমদ ইব্ন হাম্বল (র) হধরত মু'আষ ইবনে জাবাল (রা)-এর সূত্রে বর্ণনা করেন যে, রাস্পুস্থাহ্ (সা) বলেছেন : "যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে ফর্ম নামায তরক করলো, সে ব্যক্তি আক্লাহ্ জাক্লাশানুহর বিশ্বা থেকে মুক্ত হয়ে গেল।"

ইমাম বায়হাকী (র) হযরত উমর ইবনুদ খান্তাব (রা) থেকে বর্ণনা করেন। তিনি বলেন, জনৈক ব্যক্তি রাস্পুলাহ (সা)-এর খিদমতে হাযির হয়ে আর্থ করলো, ইয়া রাস্লালাহ ইসলামে আলাহর নিকট সর্বাপেক্ষা প্রিয় আমল কি ? তিনি বললেন : "যথাসময়ে নামায আদার করা। যে ব্যক্তি নামায ছেড়ে দেয় তার কোন দীন নেই। আর নামায দীনের শুভ। যে ব্যক্তি নামায কায়েম করলো, সে দীনকে

প্রতিষ্ঠা করলো। আর যে ব্যক্তি নামায নষ্ট করলো সে আক্সাহর দীনকে ধাংস করলো।"

প্রস্থাত তাবেঈ হয়রত আবদুল্লাহ্ ইবনে শাকীক (র) বলেছেন, সাহাবায়ে কিরাম (রা) নামায ব্যতীত অন্য কোন আমল ছেড়ে দেওয়াকে কুফরী মনে করতেন না।

হ্যরত আলী (রা)-কে এক বেনামায়ী মহিলা সম্পর্কে প্রশ্ন করা হয়েছিল। তখন তিনি বললেন, যে নামায় পড়ে না সে কাফির। (তিরমিয়ী)

হযরত আবদুল্লাহ্ ইবন মাসউদ (রা) বলেছেন, যে ব্যক্তি নামায পড়ে না তার কোন দীন নেই। (মুহাম্বদ ইবন নসর মরফ্ সনদে)

হ্যরত আবদুল্লাই ইব্ন আব্বাস (রা) বলেছেন, যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে এক ধয়াক্ত নামায তরক করবে, সে আল্লাহ্র সাথে এমন অবস্থায় মিলিত হবে যে, তিনি তার উপর রাগানিত থাকবেন। (মুহম্মদ ইব্ন নসরের বর্ণনায়, মুন্যিরী)

রাস্পুলাহ (সা) বলেছেন : "যে ব্যক্তি নামায বিনষ্টকারী হিসেবে আল্লাহ্র দরবারে উপস্থিত হবে, আল্লাহ্ তার অন্যান্য নেকীর প্রতি শুরুত্ব দেবেন না।"

হযরত ইব্ন হাযম (র) বলেছেন, শিরকের পরে সময় অতিক্রান্ত হবার পর নামায পড়া এবং অন্যায়ভাবে কোন মুমিনকে হত্যা করার চাইতে বড় শুনাহ্ আর নেই।

হযরত ইবরাহীম নাখন (র) বলেছেন, যে ব্যক্তি নামায় তরক করলো সে যেন কুফরী করলো। হযরত আইয়ুব সাখাতিয়ানী (র)-ও অনুরূপ অভিমত ব্যক্ত করেছেন। আউন ইব্ন আবদুল্লাহ (র) বলেছেন, যখন কোন বান্দাকে কবরে রাখা হবে তখন সর্ব প্রথম তাকে নামায় সম্পর্কে প্রশ্ন করা হবে। এই প্রশ্নের উত্তর দিতে পারণে তখন অন্যান্য আমল সম্পর্কে প্রশ্ন করা হবে। আর যদি সে নামায় সম্পর্কে স্তাইক উত্তর দিতে না পারে তাহলে এর পরে আর কোন বিষয়ে প্রশ্ন করা হবে না।

রাস্লুলাই (সা) বলেছেন: "যখন কোন বান্দা প্রথম ওয়ান্ডে নামায আদায় করে, তখন তা সরাসরি আসমানে পৌছে যায় এবং তার জন্য তা নূর হয়। এমনিভাবে তা আরশে আযীম পর্যন্ত উপনীত হয়। পরিশেষে উক্ত নামায তার আদায়কারীর জন্য কিয়ামতের দিন পর্যন্ত মাগফিরাত কামনা করতে থাকবে। সে বলবে, আল্লাই তোমাকে হিফাযত করুন যেতাবে তুমি আমাকে হিফাযত করেছো, আর যখন কোন বান্দা ওয়াক্ত চলে যাওয়ার পরে নামায আদায় করে, তখন তা আসমানে উঠে যায় এবং তার উপর অন্ধকার তৈরি হয়ে যায়। যখন তা আসমানে উপনীত হয় তখন তাঘারা পুটলী তৈরি করা হয় যেমন ছেঁড়াফাড়া ছিন্ন বন্ধ ঘারা পুটলী বানানো হয় এবং তা নামায আদায়কারীর চেহারায় নিক্ষেপ করা হয়। আর ওই নামায বলতে থাকে, আল্লাই তোকে ধ্বংস করুন যেতাবে তুই আমাকে ধ্বংস করেছিস।"

ইমাম আবু দাউদ (র) হ্যরত আবদুল্লাহ্ ইব্ন আমর ইবনুল আস (রা) থেকে বর্ণনা করেন। তিনি বলেন, রাস্পুল্লাহ্ (সা) বলেছেন, "তিন ব্যক্তির নামায আল্লাহ্ তা আলা কবৃপ করবেন না : ১. বে ব্যক্তির ইমামতিতে তার সমাজের লোকেরা নাখোল সে ব্যক্তি ইমামতি করলে তার নামায কবৃপ হবে না; ২. যে ব্যক্তি স্বাধীন মানুষ্ঠক ক্রীডদাসে পরিণত করে এবং ৩. আর যে ব্যক্তি নামাযের ওয়াক্ত লেম হয়ে যাওয়ার পর নামায আদার করে।"

নবী করীম (সা) থেকে আরো একটি হাদীস আছে যে, তিনি বলেছেন, "যে ব্যক্তি বিনা ওযরে দুই ওয়াক্ত নামায একত্র করল, সে কবীরা গুনাহের মধ্যে বড় ধরনের গুনাহে উপনীত হলো।"

আমরা মহান আল্লাহ্র সাহায্যকামনা করি। তিনি দানশীল, ও সর্বাধিক দল্লাময়। অনুদ্দেদ: সন্তান-সন্ততিকে কখন নামাবের নির্দেশ দেবে

ইমাম আবৃ দাউদ (র) তাঁর সুনানে বর্ণনা করেন যে, রাস্থুল্লাহ্ (সা) বলেছেন :
"তোমরা তোমাদের সন্তান-সন্ততিকে সাত বছর বয়সে নামাযের আদেশ দাও। যখন
তারা দশ বছর বয়সে উপনীত হবে তখন নামাযের জন্য মৃদু প্রহার কর।"

অন্য এক বর্ণনায় আছে : "ভোমরা ভোমাদের সম্ভান-সম্ভতিকে সম্ভম বছরে নামাষের নির্দেশ দাও, দশ বছর বয়সে উপনীত হলে মারধর কর এবং তাদের শয্যা পৃথক করে দাও।"

ইমাম শান্ধিই (র)-এর কতিপয় শিষ্য এই হাদীসঘারা দলীল-প্রমাণ দিয়ে বয়য়্পাপ্ত
হওয়ার পর ইচ্ছাকৃত নামাব তরক করলে তাকে কতল করা ওয়াজিব বলে মনে
করেন। তাঁরা আরো বলেন, অপ্রাপ্ত বয়য়দের জন্য নামাব তরক করলে প্রহারের
শান্তির বিধান রয়েছে। এই কথা প্রমাণ করে যে, প্রাপ্তবয়য়দের জন্য এর চাইতে
ভক্ষতর শান্তি সাব্যন্ত হওয়া উচিত। আর মার্নিটি ও প্রহারের পরে হত্যার চাইতে
ভক্ষতর শান্তি আর কিছু নেই।

নামায় তরককারীদের শান্তির ব্যাপারে উলামারে কিরামের মধ্যে মতপার্থক্য রয়েছে। ইমাম মালিক (র), ইমাম শাফিঈ (র) ও ইমাম আহমদ ইব্ন হামল (র) বলেন, নামায় তরককারীর গর্দানে তলোয়ারের আঘাতদ্বারা হত্যা করতে হবে। অতঃপর তারা তার কুফরী সম্পর্কে মতবিরোধ পোষণ করেছেন, যদি সে বিনা ওয়রে নামায় ছেড়ে দেয়, এমনকি ওয়াক্ত পার হয়ে যায়, তাহলে ইমাম ইবরাহীম নাখঈ (র) ইমাম আইয়্যুব সাখতিয়ানী (র), আবদুল্লাহ্ ইব্ন মুবারক (র), ইমাম আহমদ ইব্ন হামল (র) ও ইমাম ইসহাক ইব্ন রাহবিয়াহ্র মতে সে কাফির বলে গণ্য হবে।

তাঁরা তাঁদের অভিমতের সমর্থনে রাস্লে করীম (সা)-এর দু'টি হাদীসের উল্লেখ করেছেন।

- আমাদের ও তাদের (অমুসলিমদের) মধ্যকার প্রতিশ্রুতি হচ্ছে নামায। সুতরাং যে ব্যক্তি নামায তরক করল সে কৃষ্ণব্রী করল।
- ২. ঈমান ও কৃফরের মধ্যে পার্থক্য হচ্ছে নামাষ তরক করা। অর্থাৎ নামায তরককারী কাফিরের পর্যায়ে পড়ে যায়।

অনুক্রেন:সাব্ধীনভার সাধে নামায় আদায় করা এবং তাতে অলসভা করা

নামাযের বিকাষত সম্পর্কে হাদীসে রয়েছে—যে ব্যক্তি ফরষ নামাযসমূহের হিফাযত করবে অর্থাৎ যথাসময় ও সঠিকভাবে নামায আদার করবে, আল্লাহ্ তা আলা তাকে পাঁচটি বৈশিষ্ট্যথারা সম্মানিত করবেন। অভাব-অন্টন ও দরিদ্রতার অভিশাপ থেকে তাকে মুক্ত রাখবেন, তার করর আ্যাব হবে না, তার আমলনামা ভান হাতে দেওরা হবে, সে বিদ্যুতের ন্যার (জ্বাহান্লামের উপব্রের) পুল পার হয়ে বাবে এবং বিনা হিসাবে জান্লাতে প্রবেশ করবে।

আর যে ব্যক্তি নামাবের প্রতি গাফলতি ও অবজ্ঞা প্রদর্শন করবে, আরাহ্ তা'আলা তাকে পনেরটি শান্তির সম্মুখীন করবেন। এর পাঁচটি শান্তি হবে দুনিয়াতে, তিনটি মৃত্যুকালে, তিনটি কবরে এবং তিনটি কবর থেকে বের হবার সময়। দুনিয়ার শান্তিগুলোর মধ্যে রয়েছে: ১. তার জীবনকাল থেকে বরকত উঠে যাবে; ২. তার চেহারা থেকে নেক্কার বান্দাদের নুরানী দীন্তি চলে যাবে; ৩. আরাহ্ তা'আলা তার কোন আমলেরই প্রতিদান দিবেন না; ৪. তার দু'আ আসমানে পৌছবে না এবং ৫. নেক্কার লোকদের দু'আয় তার অংশ ধাকবে না।

মৃত্যুর সময়ের শান্তিগুলো হলো : ১. সে অপমানিত এবং অপদস্থ হয়ে মারা যাবে; ২. ক্ষুধার্ত অবস্থায় তার মৃত্যু হবে এবং ৩. এমন ভৃষ্ণার্ত অবস্থায় সে মারা যাবে যে, দুনিয়ার সকল সমুদ্রের পানি পান করানো হলেও তার পিপাসা মিটবে না।

কবরে যেসব শান্তি হবে তা হলো : ১. তার কবর সংকৃচিত হবে এবং এমনভাবে চাপ দিবে যে, এক দিকের পাঁজরের হাড় অপরদিকে চলে যাবে; ২. তার কবরে আগুন জ্বলতে থাকবে এবং সে রাতদিন সেই অগ্নি ক্লুলিঙ্গের উপর ছটফট করতে থাকবে এবং ৩. তার কবরে 'আশ–তঙ্গা'আল–আকরা বা 'বিষধর অজ্ঞার' নামে এক বিরাট সাপ নিরোগ করা হবে। যার চোব হবে আগুনের, নখতলো হবে লোহার এবং প্রত্যেকটি নখের দৈর্ঘ্য হবে একদিনের দূরত্বের সমান। তার আগুয়ায হবে মেঘের গর্জনের মত। সে বল্প নিনাদে মৃতব্যক্তিকে ডেকে বলবে ঃ আমি তজা' (বিষধর অজ্ঞার) আমাকে আমার রব আদেশ করেছেন, তোমাকে কল্পরের নামায বিনষ্ট করার কারণে সূর্যোদয় পর্যন্ত দংশন করার জন্য। অনুরূপভাবে যোহরের নামায নষ্ট করার জন্য আসর পর্যন্ত, আসরের নামায নষ্ট করার জন্য আসর পর্যন্ত, আসরের নামায নষ্ট করার জন্য মাগরিব পর্যন্ত, মাগরিবের নামাযের জন্য ইশা পর্যন্ত এবং ইশার নামাযের জন্য ফল্পর পর্যন্ত তোমাকে দংশন করতে আদেশ করা হয়েছে। অতঃপর তার উপর আক্রমণ তক্ত হবে। প্রতিবারের আঘাতে সে সত্তর গল্জ মাটির নিচে চর্লে যাবে। প্রভাবে কিয়ামত পর্যন্ত তার উপর শান্তি চলতে থাকবে।

আর কবর থেকে বের হবার পর যেসব শান্তি হবে তা হলো : ১. কিয়ামতের মাঠে তার হিসাব-নিকাশ অভ্যন্ত কঠিন হবে; ২. আল্লাহ্ তা'আলা তার প্রতি অভ্যন্ত অসন্তুষ্ট ও রাগানিত থাকবেন এবং ৩. সে জাহান্লামে প্রবেশ করবে।

অপর এক বর্ণনার রয়েছে, সে কিয়ামতের দিন এমন অবস্থায় উপৃস্থিত হবে যে, তার কপালে তিন সারি দেখা থাকবে। প্রথম সারিতে দেখা থাকবে—'হে আল্লাহ্র হক নউকারী।' দিতীয় সারিতে দেখা থাকবে 'গ্রহে আল্লাহ্র গমবের জন্য নির্যারিত ব্যক্তি' এবং ভৃতীয় সারিতে দেখা থাকবে 'দুনিয়ায় যেমন ভূমি আল্লাহ্র হক নউ করেছ—আজ ভেমনি আল্লাহ্র রহমত থেকে নিরাশ হরে যাও।'

ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত আছে : তিনি বলেছেন, কিয়ামতের দিন এ ব্যক্তিকে ডেকে পাঠানো হবে। সে মহাপরাক্রমশালী আল্লাহ্র দরবারে উপস্থিত হলে তিনি তাকে জাহান্লামে নিয়ে যাবার নির্দেশ দেবেন। লোকটি বলবে, হে আমার রব। আমাকে কেন জাহান্লামে পাঠানো হচ্ছে । তখন আল্লাহ্ তা'আলা বলবেন : দেরি করে নামাক্ত আদায় ও মিখ্যে কসম করার জন্য (তোমার এ শান্তি হয়েছে)।

একদা রাস্পুরাহ (সা) তাঁর সাহাবাদের উপলক্ষ করে বললেন ঃ হে আল্লাহ্! আমাদের মধ্যে কোন হতভাগা এবং বঞ্চিত রেখো না। অতঃপর তিনিই জিজেস করলেন ঃ তোমরা কি জান কে হতভাগা এবং বঞ্চিত ? তাঁরা বললেন, কে সে ব্যক্তি হে আল্লাহ্র রাস্লা! (আমরা তা জানি না)। তিনি বললেন : "সে হলো নামায তরককারী।"

বর্ণিত আছে যে, কিয়ামতের দিন সর্বপ্রথম নামায় পরিত্যাণকারীর চেহারা কাল হবে। জাহান্নামে 'মৃশহাম' নামে একটি উপত্যকা আছে। সেখানে নানা প্রকার সাপ রয়েছে। প্রত্যেকটি সাপ উটের ঘাড়ের মত মোটা এবং দৈর্ঘ্য হলো এক মাসের পথ। এ সাপ নামায় ভরক্কারীকে দংশন করবে এবং তার বিষক্রিয়া সন্তর বছর পর্যন্ত শরীরে স্থায়ী থাকবে। অতঃপর তার গোশৃত পঁচেগলে পড়ে যাবে।"

এ শ্রসঙ্গে নিম্রের ঘটনা দুটি বিশেষভাবে উল্লেখযোদ্য। একদা বনী ইসরাঈলের এক মহিলা হয়রত মুসা (আ)-এর নিকট গিয়ে বলল, হে আল্লাহ্র রাসূল। আমি একটি জঘন্য পাপ করেছি এবং এজন্য আমি আল্লাহ্ তা'আলার দরবারে তওবাও করেছি। আপনি আল্লাহ্ তা'আলার কাছে আমার তওবা কবৃল হওয়ার ও আমার ভনাহ্ মাফ করে দেওয়ার জন্য দু'আ করুন। মুসা (আ) তাকে বললেন : তুমি কি অপরাধ করেছ ? সে বলল, হে আল্লাহ্র রাসূল। আমি ব্যক্তিচারে লিও হয়ে পড়েছিলাম এতে আমার একটি সন্তান জন্ম নিয়েছিল। অতঃপর আমি তাকে হত্যা করে ফেলেছি। একথা তনে মুসা (আ) বললেন, ওহে চরিত্রহীনা। তুমি এখান থেকে বেরিয়ে যাও, অন্যথায় ভোমার অপকর্মের শান্তিম্বরূপ আকাশ হতে আন্তন এসে আমাদের সকলকে স্থালিয়ে দেবে। তখন মহিলাটি তাঁর নিকট হতে মর্মাহত ও ভারাক্রান্ত হদয়ে বেরিয়ে গেল। তারপর হম্বরত জিবরাঈল (আ) নাযিল হয়ে বললেন : হে মুসা। আল্লাহ্ তা'আলা আমাকে এই মর্মে আপনার নিকট কৈফিয়ত তলব করতে বলেছেন যে, কেন আপনি তওবাকারী মহিলাকে বের করে দিলেন এবং তার মধ্যে আপনি কি দোষ

পেরেছেন ? মৃসা (আ) বললেন : হে জিবরাঈল! তার:চেয়ে বেশি পাপী আর কে হতে পারে ? জিবরাঈল (আ) বললেন : যে ইচ্ছা করে নামায ত্যাগ করে সে ঐ মহিলার চেয়েও মারাম্বক পাপী।

কথিত আছে যে, প্রাচীনকালে কোন এক লোক তার মৃত বোনকে দাফন করার জন্য কবরে নেমেছিল। তুলবশত সে তার একটি টাকার থলে টাকা-পয়সাসহ সেখানে ফেলে আসে। থলেটি সকলের দৃষ্টি এড়িয়ে কবরেই থেকে যায় এবং এ অবস্থায় দাফন-কাজ শেষ করে সকলে চলে যায়। তারপর থলেটির কথা স্বরণ হলে সে তা আনার জন্য গেল। কবর সুঁড়ে দেখতে পেল যে, কবরে আশুন জ্বলছে। তখন সে কবরে মাটিচাপা দিয়ে ভীতসন্ত্রন্ত অবস্থায় কাঁদতে কাঁদতে তার মায়ের নিকট এলো এবং বলল আমা! বলুন তো আমার বোন কেমন ছিল এবং কি আমল করত ? তার মা বলল, কেন তুমি এ প্রশ্ন করছো ? সে বলল; আমা! আমি তার কবরে দাউ দাউ করে আশুন ক্বতে দেখেছি। তার মা কেঁদে কেঁদে বলল: বাবা, প্রভো নামায়ে অবহেলা করতো এবং নামায়ের প্রয়াক্ত শেষ হবার পর নামায় শড়তো।

নামায দেরি করে পড়লে যদি এ শান্তি হয় তবে যারা আদৌ নামায পড়ে না তাদের অবস্থা ও শান্তি যে কি হবে তা বলার অপেক্ষা রাখে না। আস্তাহ্ তা'আলা আমাদের যথাসময় নামায আদায় করার তৌক্ষিক দান করুন।

অনুচ্ছেদ: অসম্পূর্ণ ক্লকু-সিজদার সাথে ঠুকরিয়ে নামায আদায়কারীর শান্তির বিষয়ণ

আক্লাহ্ তা'আলার বাণী:

فَوَيْلٌ لِلْمُصَلِّيْنَ الْذِيْنَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُوْنَ .

(অর্থাৎ সে সমস্ত নামায় আদায়কারীর জন্য ওয়ায়ল বা দুর্ভোগ যারা তাদের নামায় সম্বন্ধে উদাসীন)-এর ব্যাখ্যায় বলা হয়েছে যে, এখানে ঐ সকল লোকের কথা বলা হয়েছে যারা (মোরগের আহার করার মত) তাড়াহুড়া করে অসম্পূর্ণ ব্লক্-সিজদার সাথে নামায় আদায় করে।

বুখারী ও মুসলিম শরীফের এক হাদীসে আছে:

عَنْ أَبِى هُرَيْرَةَ رَضِى اللّٰهُ عَنْهُ أَنَّ رَجُلاً دَخَلَ الْمَسْجِدَ وَرَسُولُ اللّٰهِ عَلَى النَّبِيِ عَلَى النَّبِي عَلَى النَّالِ اللَّهِ اللَّهِ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى النَّبِي عَلَى النَّالَ اللَّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ الل

عَلَيْهِ السَّلاَمُ وَقَالَ ارْجِعْ فَصَلِّ فَانَّكَ لَمْ تُصَلِّ ثَلاَثُ مَرَّاتٍ ، فَقَالَ فَي السَّالِثَة وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ يَا رَسُولَ اللَّهِ مَا اَحْسَنُ غَيْرَهُ فَعَلَّمَنِي فَقَالَ عَلَيْ: اذَا قُمْتَ الَى الصَّلُوٰة فَكَبَرْ ثُمَّ اقْرَأْ مَا تَيَسَّرَ مَعَكَ مَنَ الْقُرْأُنِ ثُمَّ ارْكَعْ حَتَى تَطْمَئِنُّ رَاكِعًا ، ثُمَّ ارْفَعَ حَتَى مَعْكَ مَنَ الْقُراأُنِ ثُمَّ ارْفَعَ حَتَى تَطْمَئِنُّ سَاجِدًا ، ثُمَّ ارْفَعَ حَتَى تَطْمَئِنُ سَاجِدًا ، ثُمَّ اجْلِسْ حَتَى تَطْمَئِنُ سَاجِدًا ، ثُمَّ اجْلِسْ حَتَى مَطْمَئِنُ سَاجِدًا ، وَافْعَلْ ذَالِكَ فِي صَلَاتِكَ فِي مَلْتَكَ كُلِّهَا ،

"হযরত আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিভ, একবার রাসৃশুল্লাই (সা) মসজিদে বসা ছিলেন। এমন সময় এক ব্যক্তি সেখানে প্রবেশ করে নামার আদায় করল। অভঃপর সে এসে নবী করীম (সা)-কে সালাম দিল। নবী করীম (সা) তার সালামের জ্বাব দিয়ে বললেন : তুমি আবার গিয়ে নামায পড়ে এসো, কারণ তোমার নামায পড়া হরনি। লোকটি ফিরে গিরে আবার নামায পড়দ, তারপর নবী করীম (সা)-এর মিকট এসে তাঁকে সালাম দিল। ভিনি তার সালামের জবাব দিয়ে বললেন: তুমি আবার গিয়ে নামায় পড়, কারণ তোমার নামায় পড়া হয়নি। তখন লোকটি আবারও গিয়ে নামার্য পড়লো এবং ফিরে এসে নবী করীম (সা)-কে সালাম দিল। তিনি তার সালামের জবাব দিয়ে বললেন : তুমি আবার গিয়ে নামায পড়, কারণ তোমার নামায হয়নি। এভাবে তিনবার করার পর লোকটি আর্য করল: হে আফ্লাহ্র রাস্লা যিনি আপনাকে সত্যের প্রতীক ও বাহক করে পাঠিয়েছেন তাঁর কসম করে বলছি, আমি এর চেয়ে সৃন্দর করে নামায পড়তে জানি না; আমাকে শিখিয়ে দিন। অতঃপর নবী করীম (সা) বললেন : যখন ভূমি নামায পড়তে দাঁড়াবে তখন তাকবীর (আল্লাহ আকবার) বলবে। তারপর কুরআন মঞ্জীদের যেখান থেকে বা যতটুকু পড়া তোমার জন্য সহজ্ঞ হয় তা পড়ে নেবে। তারপর তুমি রুকু করবে। আর যে পর্যস্ত না তোমার সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গ স্থির হবে ততক্ষণ রুকৃতে অবস্থান করবে। তারপর তুমি উঠে সোজা হয়ে দাঁড়াবে। অতঃপর সিজদা করবে এবং সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গ স্থির না হওয়া পর্যন্ত সিজ্বদায় অবস্থান করবে। তারপর সিজ্বদা হতে উঠে স্থির হলে আবার সিজ্বদা করবে। (তারপর তুমি **হিতীয় রাকা'আতের জন্য উঠবে এবং**) এভাবে (ধীরস্থিরতার সাথে) তুমি তোমার নামায সম্পন্ন করবে।"

ইমাম আহমদ (র) বাদরী (রা) থেকে বর্ণনা করেন, রাস্পুল্লাহ্ (সা) বলেছেন :

لا تجزى صلاة لا يقيم الرجل فيها صلبه في الركوع
والسوجود .

"যে নামাযী নামায়ের রুক্-সিজ্জায় তার মেরুদণ্ড সোজা করে না, সে নামায কোন কাজে আসবে না।"

এ হাদীসটি ইমাম আবু দাউদ ও ইমাম তিরমিয়ী (র) বর্ণনা করেছেন। ইমাম তিরমিয়ী (র) এ হাদীসটিকে হাসান সহীহ্ বলেছেন। অন্য এক বর্ণনায় মেরুদণ্ডের (علبه) স্থলে পৃষ্ঠদেশ (غلبره)

নবী করীম (সা)-এর এ বাণীদ্বারা স্মাইভাবে বোঝা গেল যে, যে ব্যক্তি নামায পড়ল কিন্তু ক্লফ্-সিজদার পর তার পৃষ্ঠদেশ পূর্বের ন্যায় স্থির করলো না—অর্থাৎ সোজা হয়ে দাঁড়ায়নি বা বসেনি, তার নামায বাতিল হয়ে যাবে। এ নির্দেশ ফরয নামাযের ক্লেত্রে প্রযোজ্য। আর স্থির ও শান্ত হওয়াদ্বারা প্রত্যেক অঙ্গ-প্রত্যঙ্গ নিজ নিজ স্থানে স্থির হওয়া বোঝায়।

নৰী করীম (সা) আরো বলেছেন:

اشد الناس سرقة الذي يسرق من صلاته قيل وكيف يسرق

من صلاته ؟ قال لايتم ركوعها ولا سجودها ولا القراة فيها .

"ঐ ব্যক্তি সর্বাপেক্ষা নিকৃষ্ট চোর যে নামাযে চুরি করে। সাহাবায়ে কিরাম জিজ্জেস করলেন, কিডাবে সে তার নামাযে চুরি করে । তিনি বললেন : পূর্বাঙ্গরূপে ক্লকু-সিজ্জদা না করা এবং ভালভাবে কিরাআত না পড়াই হলো নামাযে চুরি।"

ইমাম আহমাদ (র) হবরত আবৃ হুরায়রা (রা)-এর সূত্রে বর্ণনা করেছেন যে, নবী করীম (সা) বলেছেন:

لا ينظر الله إلى رجل لا يقيم صلبة بين كوعه وسجوده • "আল্লাহ্ তা'আলা ঐ ব্যক্তির প্রতি দৃষ্টিপাত করবেন না যে কক্-সিজদায় তার মেরুদন্ত সোজা করে না।"

নবী করীম (সা) আরো বলেছেন : ঐ নামায হলো মুনাঞ্চিকের নামায যে সূর্যোদয়ের অপেক্ষায় বসে থাকে এবং সূর্য বখন শয়তানের দু শিং-এর মাঝে উপস্থিত হয় অর্থাৎ সূর্য উদয়ের উপক্রম হলে দাঁড়িয়ে চার ঠোকর মারে এবং নামাযে খুব কম সংখ্যকবারই আল্লাহকে স্বরণ করে অর্থাৎ ভাড়াচ্ড়া করে নামায পড়ে এবং ভাসবীহ ও দু আগুলো ঠিকভাবে আদায় করে না।

আবৃ মৃসা (রা) থেকে বর্ণিত। তিনি বঙ্গেন: একদা রাস্পুল্লাহ্ (সা) তাঁর সাহাবাদের নিয়ে নামাব পড়ে মসজিদে বসেছিলেন এমন সময় এক ব্যক্তি এসে নামাব পড়তে দাঁড়ালো এবং ঠোকর মেরে মেরে ক্রক্-সিজ্ঞদা করতে লাগল। তখন রাস্পুলাহ্ (সা) বললেন: এ লোকটা কিভাবে (তাড়াহড়া করে) নামাব পড়ছে তা তোমরা দেখতে পাচ্ছ। যদি সে এ অবস্থায় মারা যায় তাহলে সে মুহাম্মদ (সা)-এর অনুসারী

বা উন্ধতের বহির্ভূত বলে গণ্য হবে। কাক যেজাবে ঠোকর মেরে রক্তপাত করে, সেও অনুরূপভাবে ঠুকরিয়ে নামায পড়ছে। (আবৃ বকর ইব্ন খুযায়মা (র) এ হাদীসটি তাঁর সহীহ গ্রন্থে উল্লেখ করেছেন)।

হবরত উমর (রা) থেকে বর্ণিত আছে যে, নবী করীম (সা) বলেছেন : ما من مصل الا وملك عن يمينه وملك عن يساره فان اتمها

عرجا بها الى الله تعالى وان لم يتمها ضرب وجهه "প্ৰত্যেক নামাথীর ডানে ও বামে একজন করে ফেরেশতা থাকেন। নামাথী ব্যক্তি यদি যথাযথভাবে নামায আদায় করে তাহদে তারা দু জনে এ নামায নিয়ে আল্লাহ্র কাছে পৌছেন। আর যদি সে প্র্ণাঙ্গভাবে নামায আদায় না করে, তবে তাঁরা তা তার চেহারার উপর ছুঁড়ে মারেন।" (দারে কুতনী)

ইমাম বায়হাকী (র) সীয় সনদ সূত্রে উবাদা ইব্ন সামিত (রা) থেকে বর্ণনা করেন, রাসূলুক্লাহ (সা) বলেছেন: যে ব্যক্তি উত্তমরূপে ওয়ু করে নামাযে দাঁড়ায় তারপর রুক্-সিজদাগুলো পূর্ণাঙ্গরেপ আদায় করে এবং সঠিকভাবে কিরাআত পাঠ করে, তার নামায বলে, তুমি যেভাবে আমাকে হিফাযত করেছ, আল্লাহ্ও তোমাকে সেভাবে হিফাযত করুন, তারপর সে নামায় আকাশের দিকে উঠানো হয়। ঐ নামায় তখন আলো ও উজ্জ্বতা থাকে। সে নামায়ের জন্য আসমানের দরজা খোলা হয় এবং আল্লাহ্ তা আলার দরবারে তা উপস্থিত করা হয়। অতঃপর ঐ নামায় নামায়ীর জন্য সুপারিশ করে। আর যখন নামাযের কুক্-সিজদা ও কিরাআত সঠিকভাবে আদায় করা হয় না, তখন নামায় বলে, তুমি আমাকে যেভাবে নষ্ট করেছ আল্লাহ্ও তোমাকে অনুরূপভাবে বিনষ্ট করুন। তারপর অল্ককারাক্ত্র অবস্থায় ঐ নামায় নিয়ে আকাশের উদ্দেশ্যে যাত্রা করা হয় এবং আকাশের কাছাকাছি পৌছলৈ তার দরজা বন্ধ করে দেওয়া হয়। তারপর ছিন্ন বল্লের ন্যায় পুঁটলী বেঁধে নামায়ীর চেহারার উপর ছুঁড়ে মারা হয়।"

হযরত সালমান ফারসী (রা) বর্ণনা করেন, রাস্লুল্লাহ্ (সা) বলেছেন : নামায হলো বাটখাড়া বা পরিমাপের মাধ্যম। সূতরাং যে ব্যক্তি সঠিকভাবে ওজন করবে তাকে পুরোপুরি মূল্য দেওয়া হবে আর যে মাপে কম দেবে তার সম্পর্কে আল্লাহ্ তা আলা কি বলেছেন, তা তো তোমার জ্ঞানা আছে।

وَيْلُ لِلْمُطَفِّفِيْنَ: आक्षार् जांजाना वरनरून

"যারা মাপে কম দের তাদের অন্য রয়েছে ওয়ায়ল ও দুর্ভোগ।" মৃতাক্ষিফ বা মাপে কম দানকারীদারা তথু মাপে ওজনে কম দেওয়াকেই বুঝায় না; নামাযে যারা ফাঁকি দেয় এবং অসম্পূর্ণ নামায আদায় করে তারাও মৃতাক্ষিফের অম্ভূর্ভ । তাদের জন্য আল্লাহ্ তা আলা ওয়ায়লের ধমক দিয়েছেন। ওয়ায়ল জাহাল্লামের একটি উপত্যকা, জাহাল্লাম নিজেও এ উপত্যকার উত্তাপ হতে আল্লাহ্র কাছে পরিত্রাণের প্রার্থনা করে। আল্লাহ্র দরবারে আমরা এর অভিশাপ থেকে আশ্রয় প্রার্থনা করছি।

হ্যরত ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। রাস্পুরাহ্ (সা) বলেছেন:

اذا سجد احدكم فليضع وجهه وانفه ويديه على الارض فان الله تعالى اوحى إلى ان اسجد على سبعة اعضاء الجبهة والانف والمكفين والركبتين وصدور القدمين ، وان لا اكف شعرا ولا ثوبا فمن صلى ولم يعط كل عضو منها حقه لعنه ذلك العضو حتى يفرغ من صلاته .

"তোমাদের কেউ যখন সিজ্ঞদা করবে তখন তাকে কপাল, নাক ও দুঁহাত মাটির উপর রেখে সিজ্ঞদা করতে হবে। কেননা আল্লাহ্ তা'আলা আমার নিকট এই মর্মে ওইী প্রেরণ করেছেন যে, আমি যেন সাতটি অঙ্গের ছারা সিজ্ঞদা করি। অর্থাৎ কপাল, নাক, দুই হাতের তালু, দুই হাঁটু এবং দুই পায়ের আঙ্গুলের অগ্রভাগ ছারা সিজ্ঞদা করি এবং হাত দিয়ে চুল এবং কাপড় ধরে না রাখি। যে ব্যক্তি নামায় আদায় করবে এবং এসব অঙ্গের দাবি পূরণ করবে না (অর্থাৎ যথাযথভাবে অঙ্গ-প্রত্যক্তের ব্যবহার ক্রবে না) তাকে এ সকল অঙ্গ-প্রত্যঙ্গ অভিশাপ দিতে থাকবে যে পর্যস্ত না সে নামায় শেষ করবে।" (বুখারী ও মুসলিম)

ইমাম বুখারী (র) হ্যরত স্থায়কা (রা) সূত্রে বর্ণনা করেন যে, তিনি প্রকর্বার এক ব্যক্তিকে নামাযের রুকু ও সিজদা সঠিকভাবে আদার করে না দেখে বললেন, তুমি যদি মৃত্যু পর্যন্ত প্রভাবে নামায আদার করতে থাক তবে তুমি যেন মুহাম্মদ (সা)-এর মিল্লাতের উপর মৃত্যুবরণ করলে না।

আবৃ দাউদ (র)-এর বর্ণনায় রয়েছে, হযরত হ্যায়ফা (রা) তাকে জিঞ্জেস করলেন : তুমি এভাবে কত বছর ধরে নামায আদায় করেছ । নে বলল : চল্লিশ বছর । হযরত হ্যায়ফা (রা) বললেন : চল্লিশ বছর ধরে তুমি নামাযই পড়নি । যদি তুমি এ অবস্থায় মৃত্যুবরণ কর তবে তুমি মুহাম্মদ (সা)-এর প্রদর্শিত স্বভাব ধর্মের উপর মরবে না ।

হযরত হাসান বসরী (র) বলতেন, হে আদম সন্তান! তোমার নামায যদি তোমাকে অপমানিত করে তাহলে দীনের এমন কোন্ আমল আছে যা তোমাকে সন্মানিত করতে পারে ? কিয়ামতের দিন সর্ব প্রথম তোমাকে নামায সম্পর্কে জিল্ডেস করা হবে। যেমন ইতিপূর্বেও নবী করীম (সা)-এর বাণীটি উদ্ধৃত হয়েছে : কিয়ামতের দিন বান্দার কাছে সর্বপ্রথম যে বিষয় জিল্ডেস করা হবে তাহলো নামায। যদি নামায ঠিকমত আদায় হয়ে থাকে তাহলে সে কৃতকার্য হবে। আর যদি এতে সে অকৃতকার্য হয় তাহলে সে নিরাশ ও ক্ষতিগ্রস্ত হবে। যদি ফর্ম নামাযে কোন ক্রটি হয় তবে আল্লাহ্ তা'আলা বলবেন : হে ফেরেশতাগণ! তোমরা দেখ, আমার বান্দার কোন নফল আছে কিনা, যদি থাকে তা দিয়ে ফর্ম পূর্ণ করে নাও। অতঃশর এভাবে তার

অন্যান্য **আমলের হিসাব নেওয়া হবে এবং নফল আদা**য় করা উচিত যা ক্ষরহের ফ্রটি-বিচ্চুতি দূর করতে সহায়ক হবে।"

আল্লাহ্ তা'আলা আমাদের বেশি বেশি নফল ইবাদত করার তাওফীক দিন।

অনুচ্ছেদ: ক্ষমতা থাকা সন্ত্তেও জামাআতের সাথে নামায না পড়ার শান্তি প্রসক্ষে

আল্লাহ্ তা'আলা বলেন :

يَوْمُ يُكْشَفُ عَنْ سَاقِ وَيُدْعَوْنَ إِلَى السَّجُوْدِ فَلاَ يَسْتَطَيْعُوْنَ خَاشِعَةُ اَبْصَارُهُمْ تَرْهَقُهُمْ ذِلِّةٌ وَقَدْ كَانُواْ يُدْعَوْنَ إِلَى السَّجُوْدِ وَهُمْ سُلَمُوْنَ .

"শরণ কর, সে চরম সংকটময় দিনের কথা, সেদিন ওদের সিজদা করার জন্য আহ্বান করা হবে কিন্তু ওরা তা করতে সক্ষম হবে না। হীনতাপ্রস্ত হয়ে ওরা তাদের দৃষ্টি অবনত করবে। অথচ যখন ওরা নিরাপদ ছিল তখন তো ওদের আহ্বান করা হয়েছিল সিজদা করতে।" (সূরা আল-কালাম : ৪২-৪৩)

অর্থাৎ কিয়ামতের দিন ওদেরকে এ অবস্থার সম্মুখীন হতে হবে। অপমান ও লজ্জা তাদেরকে ঘিরে ফেলবে। দুনিয়াতে তাদেরকে সিজদার জন্য আহ্বান করা হতো, কিন্তু তখন তারা একাজে ব্রতী হয়নি।

ইবরাহীম আল-তায়মী (র) বলেছেন: আয়াতে বর্ণিত আহ্বানের অর্থ হলো
আয়ান ও ইকামত দ্বারা ফর্ম নামাযের জন্য ডাকা। সাঈদ ইব্ন মুসায়াব (র)
বলেন: তারা (حي على الفلاح) এবং (حي على الصلاة) (নামারের জন্য আস
এবং কল্যাণের জন্য আস) আহ্বান তনতো কিন্তু সুস্থ-সবল থাকা সন্ত্বেও সাড়া দিত
না। কা'ব-উল আহ্বার (রা) বলেন: আল্লাহ্র শপথ, এ আয়াতটি কেবল তাদের
উপলক্ষ করে অবতীর্ণ হয়েছে যারা জামা আতে উপস্থিত হতো না। যারা ক্ষমতা থাকা
সন্ত্বেও জামাত্রাতে শামিল হয় না, তাদের জন্য এর চেয়ে কঠিন ভীতি প্রদর্শন আর কি
হতে পারে! এ প্রসঙ্গে বুখারী ও মুসলিম শরীফে আছে—নবী করীম (সা) বলেছেন:

لقد هممت أن أمر بالصلاة فتقام ثم أمر رجلا فيوم الناس ، ثم انطلق معى برجال معهم حزم من حطب الى قوم لا يشهدون الصلاة في الجامعة ، فاحرق بيوتهم عليهم بالنار ،

"আমি ইচ্ছা করেছিলাম যে, এক ব্যক্তিকে নামায পড়াতে নির্দেশ দেবো, সে নামায পড়াবে এবং আমি এমন কিছু সংখ্যক লোক সাথে নিয়ে বেরিয়ে পড়বো যাদের সাথে থাকবে লাকড়ির আঁটি। অভঃপর যারা নামাযের জামাআতে আসে না তাদের ঘর-বাড়ি আগুন দিয়ে জ্বালিয়ে দেবো।"

ঘরে অপ্রাপ্ত বয়ক শিশু এবং আসবাবপত্র থাকা সত্ত্বেও ঘর জ্বালিয়ে দেয়ার শুমকি প্রদান দ্বিধাহীনভাবে প্রমাণ করে যে, জামা আতের সাথে নামায় পড়া একটি অতীব জরুরী কাজ। মুসলিম শরীকে আছে, এক অন্ধ ব্যক্তি নবী করীম (সা)-এর কাছে এসে বলল: ইয়া রাস্লালাহু! আমাকে মসজিদে নিয়ে যাবার মত কোন লোক নেই এবং সে নবী করীম (সা)-এর কাছে ঘরে নামায আদায় করার অনুমতি চাইল। তিনি তাকে অনুমতি দিলেন। অতঃপর সে চলে যেতে উদ্যত হলে তিনি তাকে ডেকে জিজ্ঞেস করলেন: তুমি কি নামাযের আযান শুনতে পাও! সে বলল, হঁয়া, শুনতে পাই। নবী করীম (সা) বললেন: তাহলে তোমাকে ঐ আযানে সাড়া দিতে হবে।

এ প্রসঙ্গে ইমাম আবৃ দাউদ (র) আমর ইব্ন উন্মে মাকতুম (রা) থেকে বর্ণনা করেন যে, তিনি একবার নবী করীম (সা)-এর কাছে আর্য করলেন, ইয়া রাস্পাল্লাহ। মদীনার সাপ-বিদ্ধু ও নানাপ্রকার হিংস্র জন্তুর প্রাদুর্ভাব রয়েছে। এছাড়া আমি চোখে দেখতে পাই না এবং বাড়িও দূরে। আর যে আমাকে মসজিদে নিয়ে আসবে তাকে আমার ভাল লাগে না। এমতাবস্থায় আমি আমার ঘরে নামায পড়তে পারব কি ? তিনি বললেন: তুমি কি আযান তনতে পাও ? বললেন, হাঁা, তনতে পাই। নবী করীম (সা) বললেন: তোমাকে আসতে হবে। তোমার জন্য কোন প্রকার বিশেষ বিবেচনার অবকাশ নেই।

এ লোকটি অন্ধ, মসজিদে যাতায়াতে অসুবিধা এবং মসজিদে নিয়ে যাওয়ার মত কোন লোক না থাকা সত্ত্বেও নবী করীম (সা) তার ঘরে নামায পড়ার অনুমতি দেননি। সুতরাং যে লোক চোখে দেখতে পায় এবং সুস্থ-সবল, তার জন্যে জামা আত তরক করা কি সমীচীন হতে পারে ? তাই তো ইবৃন আব্বাস (রা)-কে জিজ্জেস করা হলো—এক ব্যক্তি দিনে রোযা রাখে, রাতে তাহাজ্জুদ আদায় করে কিন্তু জামা আতে নামায পড়ে না, তার কি অবস্থা হবে ? উত্তরে তিনি বদলেন : যদি সে এ অবস্থায় মারা যায় তাহলে সে জাহান্লামে যাবে। (তিরমিযী)

আবৃ হরায়রা (রা) বলেছেন, কোন লোক আযান তনে জামা আতে না যাজ্যার চেয়ে তার কানে সীসা গলিয়ে ঢেলে দেওয়া উত্তম।

ইব্ন আকাস (রা) থেকে বর্ণিত আছে। তিনি বলেন, রাস্লুলাই (সা) বলেছেন:
من سمع المنادى بالصلاة فلم يمنعه من اتباعه عذر، قيل
وما العذريا رسول الله ؟ قال خوف او مرض لم يقبل منه
الصلاة التي صلى يعنى في بيته ،

"যে ব্যক্তি নামাযের আয়ান শোলে এবং জামা আতে যেতে তার কোন প্রকার ওষরও নেই অথচ সে ঘরে নামায পড়ে তার নামায কবৃল হবে না। জিজ্ঞেস করা হলো, ইয়া রাসুদারাত্! আপনি যে ওযরের কথা বলেছেন তা কি ? তিনি বললেন: ভয় অথবা কোন রোগ।" (আবৃ দাউদ)

হাকিম (র) তাঁর মুসতাদরাকে হযরত ইবৃন আব্বাস (রা) থেকে বর্ণনা করেন, রাস্কুরাহ্ (সা) বলেছেন :

ثلاثة لعنهم الله: من تقدم قوما وهم له كارهون ، وامبرأة باتت وزوجها عليه ساخط ، ورجل سمع حى على الصلاة وهى على الفلاح شم لم يجب ،

"তিন শ্রেণীর লোককে আল্লাহ্ তা'আলা অভিশাপ দিরেছেন : ১. যে কোন্ গোত্রের নেতৃত্ব করে অথচ লোকেরা তাকে পছন্দ করে না; ২. ঐ মহিলা যে তার স্বামীর নাখোশ অবস্থায় রাত কাটায় এবং ৩. ঐ লোক যে (حي على المدلاء) এবং (حي على المدلاء) ভাক শোনে কিন্তু তাতে সাড়া দেয় না।"

হ্যরত আলী (রা) বলেছেন: মসঞ্জিদের প্রতিবেশীর জন্য মসঞ্জিদ ছাড়া অন্যক্র নামায পড়লে সে নামায হয় না। তাঁকে জিঞ্জেস করা হলো, মসঞ্জিদের প্রতিবেশী কেঃ তিনি বললেন: যে আয়ান ভনতে পায়। (আহমদ)

ইমাম বৃধারী (র) তাঁর সহীহ আল-বৃধারীতে বর্ণনা করেছেন :

عن عبد الله بن مسعود رضى الله عنه قال: من سره أن يلقى الله غدًا مسلمًا يعنى يوم القيامة . فليحافظ على هؤلاء المسلوة التخمس حيث ينادى بهن فان الله شرع لنبيكم سنن الهدى واتهن من سنن الهدى ، ولو انكم صليتم فى بيوتكم كنما يصلي هذا المتخلف فى بيته لتركتم سنة نبيكم ، ولوتركتم سنة نبيكم لضللتم ، ولقد راينا وما يتخلف عنها الا منافق معلوم النفاق او مريض ، ولقد كان الرجل يؤتى به يهادى بين رجلين حتى يقام فى الصف او حتى يجئ الى المستجد الأجل صلاة الحماعة

"আবদুরাই ইব্ন মাসউদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেছেন: যে ব্যক্তি কিয়ামতের দিন আল্লাই তা আলার সাথে মুসলমান হিসেবে সাক্ষাত করার আকান্তকা পোষণ করে, সে যেন পাঁচ ওয়াক্ত নামাৰ জামা আতের সাথে আলায় করে এবং যেখানে বসেই আয়ান তনতে পায়, জামা আতে শরীক হয়। কেননা আল্লাই তা আলা তোমাদের নবীকে হিদায়াতের পথ প্রদর্শন করেছেন এবং জামা আতের সাথে নামায আদায় করাও হিদায়াতের পথ। যদি তোমরা এসব নামাযের জামা আত তরককারীদের

মত ঘরে নামায পড়, তাহলে তোমরা তোমাদের নবীর সুনুভের বেলাফ করবে। আর নবীর সুনুভের খেলাক করলে তোমরা পঞ্চত্রই হবে। আমরা দেখেছি খাঁটি মুনাফিক ও রুণু ব্যক্তি ছাড়া কেউ-ই আমা'আত তরক করতো না। এমন লোকও ছিল যারা জামা'আতের নামায পড়ার জন্য হামাতড়ি দিতে দিতে মসঞ্চিদে আসত।"

রাবী ইব্ন খায়সাম (রা)-এর অর্থাঙ্গ অবশ হরে সিয়েছিল। তিনি দুজন লোকের কাঁধে ভর করে মসজিদে বেতেন। তার কাঁষ্ট দেখে কেউ কেউ বলতেন, হে আব্ মুহাম্মাদা আপনি তো অপারগ মানুষ। আপনার জন্য ঘরে নামায পড়ার অনুমতি আছে। তারপরও এত কাঁষ্ট করেঁ কেন মসজিদে আসছেন। তিনি বলতেন, তোমরা যা বল তা ঠিক কিছু আমি তো মুয়াধ্যনিকে 'হাইয়্যা আলাস সালাহ' ও 'হাইয়্যা আলাস ফালাহ' বলতে তনতে পাঁই (তখন আমি আর মসজিদে না এসে লাভি পাই না)। কাজেই যদি কেউ হামাণ্ডড়ি দিয়ে হলেও মুয়াধ্যিনের ভাকে সাড়া দিতে পার্রে তার তা করা উচিত।

হাতিম আশ্-আসাম (র) বশেন, একবার আমার নামাবের জামা'আত ছুটে গিরেছিল তখন কেবল আবৃ ইসহাক বুখারীই আমাকে সাজ্বনা দিরেছিলেন। যদি আমার কোন সন্তান মারা বেটো তবে আমাকে দশ হাজারেরও বেশি লোকে সাজ্বনা দিত। কেননা মানুবের কাছে দীনের মুসীবতের চেরে দুনিরার মুসীবত অধিক চককর।

কোন কোন বুযুর্গের ভাষ্য হলো: মানুষ কোন গুনাহ করণেই কেবল জামা আত হারায়। ইব্ন উমর (রা) বলেছেন, আমার পিতা হবরত উমর (রা)-এর একটি খেজুর বাগান ছিল। একদিন তিনি ঐ বাগানে গেলেন এবং কিরে এসে দেখলেন যে, লোকেরা আসরের নামায় পড়ে ফেলেছে। তখন উমর (রা) বললেন: ইনা লিয়াহি গুয়া ইনাইহি রাজিউন। কি বিপদ। আমার তো আসরের নামাবের জামা আত ছুটে গেছে। তোমাদের সাকী রেখে আমি আমার কৃতকর্মের কাক্কারা স্বরূপ আমার বাগানটি মিসকীনদের জন্য সদকা করে দিলাম।

जनुटम्प

যেহেতু ইশা ও ফলারের ভাষা আডে উপস্থিত হওরা কটকর, সেহেতু নবী করীম (সা) বলেছেন :

أَنُّ هَاتِينَ الصَّلَاتِينُ اتْقُلَ الصَّلُواتِ عَلَى الْمَنَافَقِينَ ، يعنَى العَشَاءُ وَالْفَجِرُ وَلُو يَعلَمُونَ مَا قَيْهَا مِنْ الاَجِرِ لاتُوهِمَا وَلُو حَبُوا .

"মুনাফিকদের জন্য এ দুটি নামাধ অর্থাৎ ইশা ও ফল্পর খুবই কঠিন ও কষ্টকর। এ দুই নামাথের মধ্যে যে ফ্রবীলভ রয়েছে তা বদি গুরা জানতো তাহলে হামাগুড়ি দিয়ে হলেও এ দুই নামাথের জামা'আতে উপস্থিত হতো।" (বুখারী, মুসলিম) হ্যরত ইব্ন উমর (রা) বলেছেন: যদি কোন ব্যক্তি ইশা ও কজরের নামাধ্যে জামা'আতে অনুপস্থিত থাকতো তবে তার প্রতি আমাদের ধারণা পালটে যেত। আমরা মনে করতাম হয় তো সে মুনাঞ্চিক হয়ে গেছে। (বায়বার, তাবরানী)

প্রাসঙ্গিক ঘটনা

উবায়দৃল্লাত্ ইব্ন উমর আঙ্গ-কাওয়ারিরী (রা) বঙ্গেন: আমি কখনো ইশার নামাযের জামা'আত তরক করতাম না। একদিন রাতে এক মেহমান আসায় আমি তাকে নিয়ে ব্যস্ত হয়ে পড়লাম। অতঃপর বসরার কোন মসজিদে জামা'আত পাওয়া যায় কিনা সেজন্য বেরিয়ে পড়লাম। দেখলাম যে, সকল মসজিদেই নামায হয়ে গেছে এবং দরজায় তালা লাগানো হয়ে গেছে। তারপর য়য়ে ফিরে এসে মনে মনে বললাম, হাদীসে আছে জামা'আতের সাঝে নামায পড়লাম এবং তারপর য়মিয়ে পড়লাম। মতএব, আমি সাতাশবার ইশার নামায পড়লাম এবং তারপর য়মিয়ে পড়লাম। মায়ের মধ্যে য়প্রে দেখলাম, আমি একদল সওয়ারের সাঝে একটি যোড়ার পিঠে চড়ে প্রতিযোগিতা করছি এবং আমি তাদের সাঝে দৌড়ে পেরে উঠছি না। তাদের কোন একজনের প্রতি তাকালে তিনি বললেন: তুমি তোমার যোড়াটিকে অয়থা কষ্ট দিও না। তুমি আমাদের সাঝে পারবে না। আমি বললাম, আমি কেন পারব না। তিনি বললেন, কারণ আমরা জামা'আতের সাথে ইলার নামায় আদায় করেছি আর তুমি একা একা পড়েছ। অতঃপর জায়ত হয়ে আমি দুঃধ অনুত্র করলাম।।

আল্লাব্র দরবারে আমরা সাহায্য ও সহায়তা কামনা করছি, নিক্যই ভিনি দাতা ও মহান।

ক. কেউ যদি নামাধের ফরবিয়তকে অবীকার করে তবে সে কাফির হয়ে বাবে এবং
হত্যার উপখোগী হবে। কারণ নামাধের ফরবিয়ত কুরআন মজীলে অকাট্যরূপে প্রমানিত ।
নামায কর্য হওয়াকে অবীকার করা কুরআনকে অবীকার করার শামিল ।

খ. নামাবের প্রতি ভবজা প্রদর্শন করা। প্রজন্যও কান্দির হরে বাবে এবং তাকে হত্যা করা ওয়াজিব হবে। কারণ শরী আন্ডের প্রতি বার আছা আছে সে এর কোন কাজকেই ভবজা করতে পারে না। তাই সুন্রতের প্রতিও ভবজা করণে কান্দির হরে বায়।

গ. অলসভাবশত বলি কেউ নামাব ছেড়ে দের তাকেও কঙল করতে হবে বলে ইমাম শাকিট রে) অভিমত ব্যক্ত করেছেন। ইমাম আবৃ হানীকা (র)-এর মতে প্রথমে ভাকে হত্যা না করে তথবার সুযোগ দেওয়া উচিত। এজন্য তাকে জেলে আবদ্ধ করে কঠোর লাভি দিতে হবে। এতে সে তথবা করবে, না হর তথার মারা বাবে। হানাকী আলিমদের মতে জামা আতের সাথে নামায আদার কয়া সুরাতে সুরাকাদা এবং ওয়াজিবের নিকটবর্তী। অন্যান্য ইমামের মতে জামা আতের সাথে নামায আদার করা ওয়াজিব এবং তা না করা শাভিযোগ্য অপরাধ।

৫. যাকাত না দেয়া

আক্লাহ্ তা'আলা বৰ্ণেন :

وَلاَ يَحْسَبَنُ الْدِيْنَ يَبْخَلُونَ بِمَا أَتْهُمُ اللَّهُ مِنْ فَضَلْهِ هُوَ خَيْدًا لَهُمْ بَلْ هُوَ شَرَّ لَهُمْ سَيُطُوتُونَ مَا بَخِلُواْ بِهِ يَوْمَ الْقِيْمَةِ .

"তারা যেন কিছুতেই মনে না করে যে, আল্লাহ্ আপন অনুগ্রহে তাদের যা দিয়েছেন তাতে কৃপণতা করলে তাতে তাদের কল্যাণ আছে। বরং কৃপণতা তাদের জন্য ক্ষতিকর। তারা যে খনে কৃপণতা করে, কিয়ামতের দিন তাই তাদের গলার বেড়ি হবে।" (আল-ইমরান: ১৮০)

وَوَيْلٌ لِلْمُشْرِكِيْنَ الَّذِيْنَ لاَ يُؤْبُّونَ الزَّكُوةَ .

"সে সব মুশরিকের জন্য দুর্ভোগ যারা যাকাত দেয় না।" যারা যাকাত দেয় না তাদেরকে এ আয়াতে মুশরিক বলে অভিহিত করা হয়েছে।

আল্লাহ্ তা'আলা বলেন :

وَالَّذَيْنَ يَكْنَزُونَ الدَّهَبَ وَالْفَضَّةَ وَلاَ يُنْفَقُونَهَا فِي سَبِيْلِ اللَّهِ فَبَشِّرُهُمْ بِعَذَابِ اليَّمِ ، يُوْمَ يُحْملي عَلَيْهَا فِي نَارِ جَهَنَّمَ فَتُكُولي بِهَا جَبَاهُهُمْ وَجُنُوبُهُمْ وَظُهُورُهُمْ هٰذَا مَا كَنَرْتُمْ لاَبْفُسِكُمْ فَذُوتُواْ مَا كُنْتُمْ تَكُنزُونَ .

"যারা বর্ণ ও রৌপ্য পৃঞ্জীভূত করে এবং তা আন্তাহর পথে ব্যর করে না, ওদের মর্মন্থদ শান্তির সংবাদ দাও বে, জাহান্লামের আন্তনে তা উত্তও করা হবে এবং তা দিয়ে তাদের লগাটে, পার্শ্বদেশে ও পৃষ্ঠদেশে দাগ দেরা হবে। সেদিন বলা হবে, এতো তা-ই বা তোমরা নিজেদের জন্য পুঞ্জীভূত করেছিলে। সূতরাং বা তোমরা পৃঞ্জীভূত করেছিলে, তার বাদ গ্রহণ কর।" (সূরা তাওবা: ৩৪-৩৫)

রাস্গুল্লাহ্ (সা) বলেছেন:

مًا مِنْ صَاحِبِ ذَهَبٍ وَلاَ فِضَّةٍ لاَ يُؤْدِّيْ مِنْهَا جَقَّهَا اِلاَّ اِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ صُفْحَتْ لَهُ صَفَائِحُ مِنَّ الثَّارِ فَأَحْمِيَ عَلَيْهَا فِيْ نَارِ جَهَنَّمَ فَتُكُولِي بِهَا جَنْبَهُ وَجَبْيِنْهُ وَظَهْرَهُ كُلَّمًا بَردَتْ أُعيدَتْ لَهُ في يَوْمِ كَانَ مِقْدَارَهُ خَمْسِيْنَ اللهَ سَنَةِ حَتُّى يَقْضِي اللَّهُ بَيْنَ النَّاس فَيَرَى سَبِيلُهُ أمًّا الَّى الْجَنَّة وَأمًّا الَّى النَّارِ . قَيْلُ يَا رَسُوْلُ اللَّهُ فَ الْابُلُ ؟ قَالَ وَلاَ صَاحِبُ ابْلِ لاَ يُؤَدِّي مَنْهَا حَقَّهَا الاَّ اذَا كَانَ يَوْمُ الْقيامَة بُطَحَ لَهَا بِقَاعِ قَرْ قَرِ أَوْ فَرِ مَا كَانَتْ لاَ يَفْقدُ مِنْهَا فَصِيْلاً وَاحَدُا تُطْؤُهُ بِأَخْفَافَهَا وَتُعَضَّهُ بِأَفْوَاهِهَا ، كُلَّمَا مَرَّ عَلَيْهِ أُولُهَا رُدُّ عَلَيْهِ أَخْرُهَا فِي يَوْمٍ كَانَ مِقْدَارُهُ خُمْسِيْنُ ٱلْفَ سَنَةِ حَتَّى يَقْضِى اللُّهُ بِينْ النَّاسِ فَيَرَى سَبِيلُهُ امًّا الَّى الْجَنَّة وَامًّا الَّى النَّارِ . قَيْلُ يَا رَسُولُ اللَّهِ فَالْبَقَرُ وَالْغَنَمُ قَالَ : وَلاَ مَنَاحِبُ بِقُرِ وَلاَ غَنَمِ لاَ يُؤَدِّي منْهَا حَقَّهَا الاَّ اذَا كَانَ يَوْمَ الْقِيَامَةِ بُطِحَ لَهَا بِقَاعِ قَرْقَرِ لَيْسَ فينْهَا عَقْصَاءٌ وَلاَ جُلْيًاءٌ وَلاَ عَضْبًاءٌ تَنْطَحُهُ بَقْنُ وَتَطَنُّوهُ بِأَطْلاَفَهَا كُلُّمَا مَرُّ عَلَيْهُ أُولاَهَا رُدُّ عَلَيْهِ أَخْرَاهَا فِي يَوْمِ كَانَ مِقْدَارُهُ خَمْسِيْنَ ٱلْفَ سَنَةِ حَتُّى يَقْضِيَ اللَّهُ بَيْنَ النَّاسِ فَيَرَى سَبِيلُهُ إِمًّا إِلَى الْجَنَّةِ وَ إِمًّا إِلَى النَّارِ .

"যে বর্ণ-রৌপ্যের মালিক তার হক আদার করে না, কিয়ামতের দিন ঐগুলা দিয়ে আগুনের পাত তৈরি করা হবে এবং জাহান্নামের আগুনে তা উত্তর্ভ করা হবে। এরপর তা দিয়ে তার কপাল, পার্দ্ধদেশ ও পিঠে দাগ দেয়া হবে। ঠাগা হয়ে গেলে প্নরায় তা গরম করা হবে। এটা সেদিন করা হবে যেদিনের ব্যান্তি হবে পঞ্চাশ হাজার বছরের সমান। আল্লাহ্ তা আলা তার বান্দাদের হুড়ান্ত বিচার নিম্পত্তি না করা অবধি এই শান্তি চলবে। অতঃপর সে তার পথ ধরবে, হয় তো জান্নাতের দিকে, অন্যথার জাহান্নামের দিকে। আরব করা হলো, ইয়া রাস্লাল্লাহ্! এ শান্তি তো ফর্প-রৌপ্যের মালিকদের। উটের মালিকদের অবস্থা কি হবে ? তিনি বললেন : যে সকল উটের মালিক তার হক আদার করে না (যাকাত দেয় না), কিয়ামতের দিন তাদেরকে একটি ধু ধু ময়দানে উপুড় করে কেলে রাখা হবে। সেদিন সে তার সকল উটই সেখানে উপন্থিত পাবে। প্রমনকি প্রকটি বাচ্চাও অনুপত্তিত থাকবে না। প্ররা তাকে ধুরন্ধারা মাড়াতে থাকবে এবং মুখনারা কামড়াতে থাকবে। এজাবে বখনই তাদের শেষ দল অতিক্রম করবে, প্রথম দল আবার এসে পড়বে। এরূপ করা হবে

শ্রেমদ এক দিনে, যার ব্যব্তি হবে পঞ্চাশ হাজার বছরের সঁমান। বান্দাদের ব্যাপারে আল্লাহ্ তা আলা চ্ট্রান্ত করসালা না করা অবধি শান্তি চলবে। অভঃপর সে তার পথ ধরবে হয় জান্নাতের দিকে, না হয় জাহান্নামের দিকে। আরয করা হলো : ইয়া রাস্লালাহ্। গরু-ছাগলের ব্যাপারে কি হবে । তিনি বললেন : যে সকল গরু-ছাগলের মালিক তার বাকাত আদায় করে না, কিয়ামতের দিন তাকে এক সমতল মাঠে উপুড় করে ফেলা হবে। এরপর তার সেসব গরু-ছাগল তাকে তাদের শিংঘায়া উতাতে থাকবে এবং পা দিয়ে মাড়াতে থাকবে। এর একটি গরু বা ছাগলও সেদিন শিং বাঁকা, শিং ভাঙ্গা বা শিংহীন হবে না। যখনই এদের প্রথম দল অতিক্রম করবে তখনই প্রদের লেবদল এসে পৌছবে। এটা করা হবে এমন একদিনে, যার ব্যান্তি হবে পঞ্চাল হাজার বছরের সমান এবং আল্লাহ্ তা আলা তাঁর বান্দাদের ব্যাপারে চ্ড়ান্ত কয়সালা না করা অবধি শান্তি চলবে। অভঃপর সে তার গন্তব্যস্থল জান্নাত অথবা জাহান্নামের দিকে পাড়ি জমাবে।" (বুখারী ও মুসলিম)

হবরত নবী করীম (সা) বলেছেন: "যে তিন শ্রেমীর লোক সর্বপ্রথম জাহান্নামে প্রবেশ করবে, তারা হলো: অত্যাচারী শাসক, ঐ ধনী ব্যক্তি যে তার ধন-সম্পদে আল্লাহুর হক আদায় করে না, এবং অহংকারী গরীব ব্যক্তি।" (ইব্ন হিকান)

হবরত ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেছেন, "যার বায়তৃন্থাহ (কা'বা শরীফ)-এর হচ্ছ করার মত সম্পদ আছে অর্ণ্ড হচ্ছ করে না অথবা এমন পরিমাণ সম্পদ আছে যাতে যাকাত ফর্ম হয় অর্ণ্ড যাকাত আদায় করে না, সে মৃত্যুকাশে দুনিরাতে ফিরে আসার জন্য আকুতি জানাবে। একথা তনে এক ব্যক্তি বললো: হে ইব্ন আব্বাস! আপনি আরাহকে ভয় কর্মন, কেবল কাফিররাই দুনিয়ায় ফিরে আসার জন্য প্রার্থনা করবে। অর্থাৎ আপনার কথা ঠিক নয়, কারণ বৃদ্ধ ও যাকাত তরককারী তো কাফির নয়। কাজেই তারা দুনিয়ায় আসার জন্য আরুতি জানাবে না। তখন হয়রত ইব্ন আব্বাস (রা) বললেন, আমার ক্যার সমর্থনে কুরআন মজীদের আয়াত পাঠ করে তোমাকে শোনাছি:

وَ اَنْقَقُوا مَا مَا رَزَقْنَاكُمْ مَنْ قَبْلِ اَنْ يِلْتِي اَحَدُكُمُ الْمَوْتُ فَيَقُولَ رَبِّ لَوْلاً لَحُولاً مَنْ المَالِحِيْنَ . رَبِّ لَوْلاً أَخُرْتُنِي إِلَى أَجَل ٍ قَرِيْبٍ فَأَصَدَاقَ وَاكُنْ مِنْ الصَّالِحِيْنَ .

আল্লাহ্ তা'আলা বলেছেন: "আমি তোমাদের যে জীবনোপকরণ দিয়েছি, তোমরা প্রত্যেকে মৃত্যু আসার পূর্বেই তা হতে ব্যয় করো। অন্যথায় মৃত্যু এলে সে বলবে, হে আমার প্রতিপালক! আমাকে আরও কিছুকালের জন্য অবকাশ দিলে আমি দান-খয়রাত করতাম (অর্থাৎ বাকাত ও হচ্চ আদায় করতাম) এবং সংকর্ম পরায়ণদের অন্তর্ভুক্ত হতাম।" (সূরা মুনাকিকুন: ১০)

হ্যরত ইব্ন আব্বাস (রা)-কে জিজেস করা হলো, কি পরিমাণ অর্থ-সম্পদ থাকলে যাকাড দিতে হয় ? তিনি বললেন, দু'ল দিরহাম পরিমাণ অর্থ থাকলে যাকাড দিতে হয়। আতঃপর জিজেন করা হলো, কি প্ররিয়াণ অর্থ থাকলে হক্ষ করম হয়। তিনি বন্দলেন: যাতায়াত খরচ ও কাহন বা পরিবহন খরচ থাকলে হক্ষ করম হয়। যে সকল অলম্ভার পরিধান করা মুবাহ তা যদি ব্যবহারের জন্য প্রস্তুত করা হয় তাতে যাকাত ওয়াজিব হয় না। কিন্তু যদি তা ভাড়ার জন্য তৈরি করা হয় তাহলে যাকাত দিতে হবে। এবং ব্যবসায়িক সাম্মীর মূল্যের উপরে যাকাত ওয়াজিব হবে।

হষরত আবৃ হুরায়ারা (রা) থেকে বর্ণিত। রাস্পুল্লাহ্ (সা) বলেছেন:

مَنْ أَتَاهُ اللَّهُ مَالاً فَلَمْ يُؤَدِّ زَكَاتَهُ مُثْلِلَ لَهُ يَوْمَ الْقِيَامَةِ شُجَاعًا أَقُرَعَ لَهُ رَبِيْبَتَانِ يُطَوَّقُهُ يَوْمَ الْقِيَامَةِ ثُمَّ يَاخُذُ بَلَهْزِ مَتْيُهِ أَيْ بِعَدْقَيْهِ فَيَقُولُ أَنَا مَالُكَ أَنَا كَنْزُكَ ثُمَّ تَلاَ هٰذِهِ الْأَيْةَ وَلاَ يَحْسَبَنُ اللّهُ مِنْ فَضْلُهِ هُوَ خَيْرًا لَّهُمْ بَلُ هُوَ شَرَّلُهُمْ سَيُطُولُونَ سِمَا أَتَاهُمُ اللّهُ مِنْ فَضْلُهِ هُو خَيْرًا لَهُمْ بَلُ هُو شَرَّلُهُمْ سَيُطُولُونَ مِا بَخِلُوا بِهِ يَوْمَ الْقِيَامَة فِي

"আরাই তা'আলা যাকে অর্থ-সম্পদ দান করেছেন অথচ সে যাকাত আদায় করেনি, কিরামতের দিন তার এ সম্পদকে মাথায় টাকপড়া অজগর সাপে পরিণত করা হবে যার চোখের উপর দুটো কালো দাগ থাকবে। আর সে সাপ তার গলা পেঁচিরে ধরবে। অতঃপর সে সাপ তার মুখের দু'দিকে তাকে দংশন করতে থাকবে এবং বলবে: আমি তোমার সম্পদ, আমি তোমার পুঞ্জীভূত অর্থ। এরপর তিনি এ আরাতটি তিলাওয়াত করলেন; "যাদেরকে আল্লাহ্ আপন অনুমহে ধন-সম্পদ দান করেছেন, সে সম্পদে যারা কৃপণতা করে, তারা যেনো মনে না করে যে, এ কাছটি তাদের জন্য কল্যাণকর, বরং তা তাদের জন্য ক্তিকর। যে অর্থ ব্যয় করতে তারা কৃপণতা করছে, কিয়ামতের দিন তা তাদের গলায় পরিয়ে দেওয়া হবে।"

(সুরা তাওবা : ৩৫)

হযরত আবদুরাহ ইব্ন মাসউদ (রা) যাকাত প্রদানে অস্বীকারকারীদের সম্বন্ধে বলেন: "কিয়ামতের দিন তাদের ধন-সম্পদ জাহান্লামের আন্তনে গরম করে তাদের কপালে, পার্শ্বদেশে ও পৃষ্ঠে দাগ দেয়া হবে।" (বুখারী)

এ আয়াতের তাফসীরে তিনি (আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রা)) বলেছেন: একটি দীনারের উপর অন্য দীনার এবং দিরহামের উপর অন্য দিরহাম রাখা হবে না, বরং তার শরীরের চামড়াকে এমনভাবে প্রশন্ত করা হবে যাতে প্রত্যেকটি দীনার ও দিরহাম তার শরীরের পৃথকভাবে স্থাপন করা যায়। যদি প্রশ্ন করা হয় যে, দাগ দেয়ার জন্য কেবল কপাল, দৃ'পার্শ্বদেশ ও পিঠকে কেন বাছাই করা হলো ? তার জবাবে বলা যেতে পারে যে, যখন কোন মালদার কৃপণ ব্যক্তি কোন দরিদ্র বা ভিক্ষুককে দেখে, তখন সে তার মুখমওল অন্যদিকে ফিরিয়ে নেয়, জকে সংকৃচিত করে এবং পাশ

বিক্রিয়ে দাঁড়ার এ আর ভিক্কুক যখন তার নিকটে আলে তখন সে পৃষ্ঠ প্রদর্শন করে কিন্তু যার। তাই 'যেমন কর্ম তেমন ফল' হিসেবে এসৰ অজে দাগ দিয়ে শান্তি করে।"

নৰী করীম (সা) আরও বলেন:

خَمْسُ بِخَمْسُ قَالُواْ يَا رَسُولَ اللّهِ وَمَا خَمْسُ بِخَمْسُ ؟ قَالًا مَا نَقَضَ قَوْمُ الْعَهْدُ الا سَلُطُ اللّهُ عَلَيْهِمْ عَدُونَهُمْ . وَمَا حَكَمُواْ بِغَيْرِ مَا اَنْزَلَ اللّهُ إِلاَ فَشَا فِيهِمُ الْفَقْرُ وَمَا ظَهَرَتُ فِيهِمُ الْفَاحِشَةُ الا مَنْ اللهُ إِلاَ فَشَا فِيهِمُ الْفَقْرُ اللّهُ عَلَيْهِمُ الْفَاحِشَةُ الا مَنْ وَالْمَيْزَانَ الا مُنْعُواْ الزّكَاةَ الا حُبِسَ عَنْهُمُ الْقَطَرُ . وَلا طَغَفُواْ الزّكَاةَ الا حُبِسَ عَنْهُمُ الْقَطَرُ . وَلا طَغَفُواْ الزّكَاةَ الا حُبِسَ عَنْهُمُ الْقَطَرُ . وَلا مَنْعُواْ الزّكَاةَ الا حُبِسَ عَنْهُمُ الْقَطَرُ . وَلا مَنْعُواْ الزّكَاةَ الا حُبِسَ عَنْهُمُ الْقَطَرُ . وَاللّهُ عَلَيْهُمُ الْقَطَرُ . وَلا مَنْعُواْ الزّكَاةَ الا حُبِسَ عَنْهُمُ الْقَطَرُ . وَاللّهُ عَلَيْهُمُ اللّهُ عَلَيْهُمُ الْقَطَرُ . وَاللّهُ عَلَيْهُمُ اللّهُ اللّهُ عَلَيْهُمُ اللّهُ عَلَيْهُمُ اللّهُ اللّهُ عَلَيْهُمُ اللّهُ الللّهُ اللّهُ الللللللّهُ اللّهُ اللّهُ اللللللللللللللللللللللللللل

উপদেশ

যারা ধোঁকার পড়ে দুনিয়ার সাথে জড়িয়ে পেছে, তাদেরকে বলে দাও যে, এটাই তাদের জন্য ভবিষ্যতের ধ্বংসের কারণ হয়ে দাঁড়াবে। তারা যা সক্ষর করেছে তা তাদের কোন উপকারে আসবে না। সে দিন তাদের ধারণা বাস্তবে রূপ নেবে—"যে দিন জাহান্লামের আশুনে তা উত্তর্জ করা হবে এবং তা দিয়ে তাদের ললাটে, পার্শ্বদেশে ও পৃষ্ঠদেশে দাগ দেয়া হবে।" সূতরাং কি করে তাদের অন্তর থেকে এ কথাটি মুছে গেলো—"যেদিন জাহান্লামের আশুনে তা উত্তর্জ করে তা দিয়ে তাদের ললাটে ও পৃষ্ঠদেশে দাগ দেয়া হবে।" ধন-সম্পদ সে গ্রহণ করলো প্রমন বাড়ির উদ্দেশ্যে যেখানে কঠোর শান্তি রয়েছে এবং গহনাপত্র ও ধাতব পদার্শ্ব গলিরে দাগ দিয়ে শান্তিকে চরমে রূপ দেয়া হবে। লৌহ ও অন্যান্য ধাতব পদার্শ্ব গরম করে বিছানো হবে যাতে তারা তা দেখেই জীত-সম্ভন্ত হয়ে পড়ে। অতঃপর তাদেরকে উপস্থিত করা হবে যারা ছিল হিদায়াত থেকে বিমুখ। সে প্রমন স্থানের দিকে দৌড়াতে থাকবে যেখানকার লোকদের কাছে কোন নূর থাকবে না। অতঃপর সেদিন জাহান্লামের

আগুনে ভা উত্তর করে তা দিয়ে তাদের পার্লে, পৃষ্ঠদেশে এবং পশাটে দান দেরা হবে। পার্থিব জীবনে যখন দরিদ্র ব্যক্তি তাদের সঙ্গে সাক্ষাত করে সে তখন যে কট্ট পায়, তাদের কাছে যখন কিছু চায় তখন তারা ক্রোধে আগুনের ফুলকির মত জুলে প্রেট। আর যদি তারা দরিদ্রের প্রতি করুশা দেখায় তবে বুলে এটা ভোমাদের ভাগ্যের নির্মম পরিহাস, তাই তোমরা ভিক্ষা করে ফিরছো। ভোমার প্রতিপালক ইব্ছা করলে দরিদ্রকে খনী করতে পারতেন এবং কেন এতো কট্টে পড়তে হবে। তারা এ ধনী ও দরিদ্র সৃষ্টিতে আক্রাহ্র কি কৌশল রয়েছে তা ভূলে যায়। যখন তারা কবরের অধিবাসী হবে তখন দুক্তিতা তাদের নিত্য সঙ্গী হবে—এটা তোমাদের জন্য কত বিশ্বয়কর হবে। আহান্রামের সেদিনকে শ্বরণ কর, বেদিন জাহান্নামের আগুনে তাদের যান—সপদ উত্তর্গ করে তাদের লগাটে, পার্শ্বদেশে ও পৃষ্ঠে দাগ দেয়া হবে।

এসব সম্পদ অচিরেই তাদের ওয়ারিসরা নির্বিল্লে হক্তগত করবে এবং এ সম্পদের সঞ্চয়কারীকে জিজেস করা হবে-তুমি কি উপায়ে কোথা থেকে এগুলো পুল্লীভূত করেছো ? সে পাবে কাঁটা আর তার ওয়ারিসরা পাবে তাজা বেজুর। সঞ্চয়কারীদের লালসা কোথার ? কোথায় তাদের বিবেক-বিবেচনা ? সেদিনকে সরপ কর, মেদিন জাহান্লামের আগুনে তা উত্তও করে তাদের কপাল, পার্প ও পৃষ্ঠদেশে দাগ দেয়া হবে। তোমরা যদি তাদেরকে জাহান্লামের অপ্লিক্ত করেতে। তাদের জানপার্প বামপার্পের মধ্যে বিগলিত হয়ে যাবে। কারণ তারা সক্ষেতা সত্তেও কৃপণতা করেছে। তোমরা যদি তাদেরকে জাহান্লামে গরম পূঁল রক্ত মিশ্রিত পান করা অবস্থার দেখতে পাতে, ভাহলে তাদের আর্তিকার তনতে পেতে। স্তরাং সেদিনকে স্বরণ করো, যেদিন জাহান্লামের আগতনে তা উত্তও করে তাদের কপাল, পার্মদেশ ও পৃষ্ঠদেশে দাগ দেয়া হবে।

দূনিয়াতে কত ওয়াব-নসীহত হতো অঘচ শ্রোতাদের মধ্যে তাদের দেখা যেতো না। দূনিয়াতে কত বে আল্লাহ্র আয়াবের ভর প্রদর্শন করা হতো, তারা তাতে ভীত হতো না। কতবার তাদেরকে যাকাত না দেয়ার পরিণাম সম্পর্কে সতর্ক করা হয়েছে অঘচ তারা তা প্রত্যাখান কয়েছে। যেনো তাদের সম্পদের সাথে অবিজ্ঞেদ্য সম্পর্ক। অথচ এ সম্পদই পরিপত হলো বিষাক্ত অক্তারে। সেদিন কোন নাঠিসোঁটা, আশ্রমান্ত ও প্রতিরোধের কোন উপার থাকবে না। অভএব সেদিনকে স্বরণ করো, বেদিন তা কাহান্নামের আশ্রনে উত্তর্ভ করে ললাট, শার্ম্ম ও প্রচদেশে দাগ দেয়া হবে।

প্রাসঙ্গিক ঘটনা

মূহাম্মদ **ইৰ্ন ইউস্ফ আল-ফারয়াকী খে**কে বর্ণিত। তিনি বলেন : একবার আমি আমার কিছু বন্ধুবান্ধবকে নিয়ে আবৃ সিনান (র)-এর সাথে সাক্ষাত করার জন্য শেলাম। আমরা গিয়ে ডার কাছে বসলে তিনি আমার্দের বললেন: চলুন, আমাদের এক প্ৰতিবেশীর ভাই ইন্ডিকাল করেছে ভার সাথে দেখা করে আসি। আমরা ভার সাথে উঠদাস এবং সে ব্যক্তির বাড়িতে পিরে দেখনাম বে; সে তার ভাইরের জন্য কানায় ভেঙে পড়েছে। আমরা তার পাশে বর্সে ভাকে সান্ধনা দিছিলাম কিছু সে আমাদের সাধ্বনা ও সমবেদনায় ধোন প্রকার প্রভাবিত হলো না। অবলেবে আমরা বশশাস : তুমি কি জান না ধে, মৃত্যু এমন একটি পথ বা প্রত্যেককৈই মাড়াতে হয় ? লোকটি বললো : আমি তা জানি, তবে আমার ভাই সকাল-সদ্মা যে আবাবের মধ্যে সময় অতিবাহিত করছে সে জন্যই আমি এতাবে কানাকাটি করছি। আমরা বললাম: আল্লাহ্ কি তোমাকে গায়েৰ সম্পৰ্কে অবহিত করেছেন ? সে বদলো, না ডা নয়, তবে তার দাফন-কাফন শেষ হওয়ার পর লোকেরা যখন চলে গেল তখন আমি তার কবরের মাটি সমান করে দিয়ে কবরের পাশে বসে ছিলাম। হঠাৎ তার কবর থেকে আওয়ায শোনা গেল—হায়, ওরা আমাকে একাকী বসিয়ে দিল। এবন আমি শান্তি ভোগ করছি। আমি তো নামায পড়তাম এবং রোয়া রাখতাম। তার এ কথা আমাকে কাঁদালো। তখন তার অবস্থা দেখার জন্য তার কবরের মাটি সরাতে দাগলাম। ভাই-এর প্রতি ভালবাসা ও সহানুভূতিতে উহুদ্ধ হয়ে আমি ভার গলার শিকল সরিয়ে দেয়ার জন্য হাত বাড়ালাম। তখন আমার হাতের আব্দুল ও হাত পুড়ে গেল। একথা বলে সে আমাদের সামনে ভার হাত বের করলো এবং আমরা দেখলাম যে ভার হাত পুড়ে কালো হয়ে গেছে। শোকটি বললো, ভারপর আমি মাটি দিয়ে তাকে আবৃত করে চলে এলাম। এবার আপনারাই বলুন তো, আমি কি করে তার জন্য চিস্তিত না হয়ে এবং কান্নাকাটি না করে পারি ? আমরা বলনাম, তোমার ভাই দুনিয়াতে কিরূপ আমল করতো ? সে বললো : সে তার সম্পদের যাকাত আদায় করতো না। মুহামদ ইব্ন ইউস্ফ (র) বলেন : আমরা বললাম, এ ঘটনা আল্লাহ্ তা'আলার নিমোক্ত বাণীর সত্যতা প্রমাণ করে :

وَلاَ يَحْسَبَنَّ الَّذِيْنَ يَبِّخَلُونَ بِمَا أَتْهُمُ اللَّهُ مِنْ فَصْلِهِ هُو خَيْرًا لَهُمْ بَلْ هُوَ شَرَّ لَهُمْ سَيُطَوقُونَ مَا بَخِلُوا بِمِ يَوْمُ الْقِيْمَةِ .

"যাদেরকে আল্লাহ্ তা'আলা অনুমহ করে সম্পদ দান করেছেন এবং সে সম্পদ থেকে দান করায় কার্পণ্য করে, তারা যেন এটা মনে না করে যে, এ কার্পণ্য করা তাদের জন্য কল্যাণকর; বরং এটা তাদের জন্য অকল্যাণকর। তারা যে ধনে কৃপণতা করে, কিয়ামতের দিন তা তাদের গলার শিকল হবে।" (সূরা আলে-ইমরান: ১৮০) ভোমার ভাই নিজেই নিজের উপর আযাব ডেকে এনেছে এবং এ শান্তি কিরামত পর্যন্ত চলতে থাকবে। অতঃপর আমরা তার নিকট থেকে চলে এলাম এবং রাসূল (সা)-এর সাহাবী আবৃ যর (রা)-এর কাছে গিয়ে ঘটনাটি বর্ণনা করলাম এবং আমরা আরও বললাম, কত ইয়াহুদী ও ব্রিটান মারা যায়, তাদের বেলায় এরূপ কিছু ঘটতে দেখা যায় না কেন ? জবাবে তিনি বললেন : তারা অবশাই জাহান্নামে যাবে। যায় ঈমানদার তাদের আযাব তোমাদের দেখানোর কারণ হলো এসব দেখে তোমরা বেন উপদেশ গ্রহণ করতে পারো। আয়ায় তা আলা বলেছেন :

"তোমাদের প্রতিপাদকের নিকট হতে তোমাদের নিকট স্পষ্ট প্রমাণ অবশ্যই এসেছে। সূতরাং কেউ তা দেখলে তা দিয়ে নিজেই লাভবান হবে। আর কেউ তা না দেখলে তাতে সে নিজেই ক্ষতিশ্রস্ত হবে। তোমার প্রতিপালক বান্দাদের প্রতি অত্যাচারী নন।"

মহান আল্লাহ্র নিকট এজন্য ক্ষমা ও নিরাপন্তা প্রার্থনা করছি। নিকয়ই তিনি সুমহান দাতা।

এ বর্ণনাটির সত্যাসত্য নিয়ে মতবিরোধ আছে। হয়রত আবৃ য়য় (রা) ফারয়াবীর জন্মের ৮০ বছর পূর্বে ইন্তিকাশ করেছেন। এই য়টনাই এর অসত্যতার জন্য বথেষ্ট বলে মনে হয়। আয়াহই সম্যক জ্ঞাত। — সম্পাদক

৬. বিনাধ্যরে রুম্যানের সিয়াম ভঙ্গ করা

আল্লাহ তা আলা বলেন:

يٰاَيَّهُا الَّذِيْنَ أَمَنُوْا كُتِبَ عَلَيْكُمُ الصَّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ، لَيَّامًا مُعْدُوْدُتٍ ، فَمَنْ كَانَ مِنْكُمْ مُرْيِضًا اَوْ عَلَى سَفَر فَعِدُّةُ مُنْ آيًامٍ أُخَرَ

"হে ঈমানদারগণ! তোমাদের জন্য সিয়ামের বিধান দেয়া হলো, যেমন বিধান তোমাদের পূর্ববর্তীগণকে দেওয়া হয়েছিল। যাতে তোমরা মুপ্তাকী হতে পারো। সিয়াম নির্দিষ্ট কয়েকদিনের জন্য। তোমাদের মধ্যে কেউ অসুস্থ হলে বা প্রবাসে থাকলে সে অন্য সময়ে এ সংখ্যা পূরণ করে নেবে।" (সূরা আল-বাকারা: ১৮৩)

বৃখারী ও মুসলিম শরীফে বর্ণিত আছে যে, নবী করীম (সা) বলেছেন: "ইসলামের বুনিয়াদ পাঁচটি জিনিসের উপর প্রতিষ্ঠিত: ১. আল্লাহ্ ব্যতীত কোন ইলাহ্ নেই এবং মুহাম্মদ (সা) আল্লাহ্র রাসূল এ বলে সাক্ষ্য দেয়া; ২. সালাত কায়েম করা; ৩. যাকাত আদায় করা; ৪. বায়ভুল্লাহ্র হজ্ঞ করা এবং ৫. রমযান মাসের সিয়াম পালন করা।"

নবী করীম (সা) আরও বলেছেন:

مَنْ أَفْطَرَ يَوْمًا مِنْ رَمُصْنَانَ بِلاَ عُنْدَرٍ لِمَّ يَقْضِهِ صِينَامُ الدُّهْرِ وَانْ صَامَهُ .

"যে ব্যক্তি কোন প্রকার ওবর ব্যতীত রমষান মাসের প্রকটি রোযা ভঙ্গ করবে, সে এর বিনিময়ে ফুগ যুগ ধরে রোযা রাখলেও তাতে তার প্রতিকার হবে না।" (তিরমিয়ী, নাসাই, ইবন মাজাহ ও ইবন পুষায়মা)

হবরত ইব্ন আকাস (রা) থেকে বর্ণিত আছে যে, ইসলামের হাতল ও দীনের ভিত্তি তিনটি: আক্লাহ্ তা'আলা ব্যতীত কোন ইলাহ্ নেই এ কথার সাক্ষ্য দেওয়া, সালাত আদার ও রমযানের রোযা। যে ব্যক্তি এর কোন একটি তরক করবে, সে কাঞ্চির। আমরা আক্লাহ্র নিকট পানাহ্ চাঞ্চি।

৭. হচ্ছ করার সামর্থ্য পাকা সত্ত্বেও হচ্ছ না করা

আল্লাহ্ তা আলা বলেছেন:

وَلِلَّهِ عَلَى النَّاسِ حِجُّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ اللَّهِ سَبِيْلاً ،

"মানুষের মধ্যে যার বারত্ল্লাহ্য় যাওয়ার সামর্থ্য আছে, তার জন্য আল্লাহ্র (সন্তুষ্টির) উদ্দেশ্যে হচ্ছ করা অবশ্য কর্তব্য।"

নবী করীম (সা) বলেছেন:

مَنْ مَلَكَ زَادًا وَّرَاحِلَةً تَبْلَغُهُ حَجَّ بَيْتِ اللَّهِ الْحَرَامِ وَلَمْ يَحُجُّ فَلَا عَلَيْهِ اللَّهِ الْحَرَامِ وَلَمْ يَحُجُ فَلاَ عَلَيْهِ إِنْ يَمُوْتَ يَهُوُدِيًّا أَوْ نَصْرَانِيًّا .

্"যে ব্যক্তির বায়ভূদ্ধান্ত্র হক্ষ করার মতো পাথেয় ও যানবাহন আছে অথচ হক্ষ পালন করলো না, সে ইয়াহুদী কিংবা খ্রিটান হয়ে মারা গেল কিনা তা বলা যায়না। (তিরমিষী)

এরপ সতর্কতাপূর্ণ বাণী দানের মূলে রয়েছে আল্লাহ্ তা আলার ব্যর্থহীন নির্দেশ : "যার আর্থিক ক্ষমতা আছে তাকে আল্লাহ্র সন্তুষ্টির উদ্দেশ্যে আল্লাহ্র ঘরের হজ্জ করা অবশ্য কর্তব্য ।" (সুরা আলে-ইমরান : ১৭)

হযরত উমর ইবনুল খান্তাব (রা) বলেছেন: আমার ইচ্ছে হয় যে, দেশের বিভিন্ন শহরে কিছু লোক পাঠাই এবং তারা গিয়ে দেখুক কারা সামর্য্য থাকতেও হজ্জ আদায় করছে না। অতঃপর তারা তাদের উপর জিযিয়া কর ধার্য করে দিক। প্রকৃতপক্ষে তারা মুসলমান নয়।" (সাইদ ইবন মানসূর রচিত আস-সুনান)

হযরত ইবৃন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেছেন: যে ব্যক্তি হচ্ছ করেনি এবং মালের যাকাত আদায় করেনি, মৃত্যুকালে সে দুনিয়ায় ফিরে আসার প্রার্থনা করবে। তথন তাঁকে জিজ্ঞেস করা হলো যে, দুনিয়াতে ফিরে আসার প্রার্থনা তো কেবল কাফিররাই করবে (বলে আমরা জানি)। তিনি বললেন, একথা তো আল্লাহ্র কিডাবেই বর্তমান রয়েছে। আল্লাহ্ তা'আলা বলেছেন: "তোমাদের কারো মৃত্যু আসার পূর্বেই আমি যে জীবনোপকরণ দিয়েছি তা থেকে খরচ করো। অন্যথায় মৃত্যু এলে সে বলবে, হে আমার পরওয়ারদিগার! আমাকে আরও কিছুদিনের জন্য অবকাশ

দিলে আমি দান-খায়রাত করতাম—অর্থাৎ যাকাত আদায় করতাম এবং সংকর্মপরায়ণ হতাম অর্থাৎ হচ্জ পালন করতাম। কিন্তু নির্ধারিত সময় যখন এসে যাবে, আল্লাহ্ তখন আর কাউকে কখনো অবকাশ দেবেন না। তোমরা যা করো **আল্লা**হ্ সে সম্পর্কে সবিশেষ অবহিত।" (সূরা মুনাঞ্চিকুন: ১০-১১)

হযরত ইব্ন আব্বাস (রা)-কে জিজেন করা হলো, কি পরিমাণ অর্থ-সম্পদ শাকলে যাকাত দিতে হবে? তিনি বললেন দু'শ দিরহাম কিংবা সমম্ল্যের স্বর্ণ। তাঁকে বলা হল, কিসে হচ্ছ ফর্ম হয়? তিনি বললেন, "পাথের এবং যাতায়াতের ব্যবস্থা বা বাহন।"

হ্যরত সাঈদ ইবনে জ্বায়র (রা) বলেছেন, "আমার এক ধনী প্রতিবেশী হজ্জ না করা অবস্থায় মারা গিয়েছিল। আমি তার জানাযার নামায পড়িনি।"

৮. মাতাপিতার অবাধ্য হওরা

আল্লাহ্ তা আলা বলেছেন :

وَقَضَى رَبُّكَ اَلاَّ تَعْبُدُواْ الاَّ ايِّاهُ وَبِالْوَالِدَيْنِ احْسَانًا امَّا يَبْلُغَنَّ عِنْدُكُ الْكِبَرَ احْسَانًا امَّا يَبْلُغَنَّ عِنْدُكُ الْكِبَرَ احَدُهُمَا اَوْ كِلاَهُمَا فَلاَ تَقُلُ لَهُمَا أُفِّ وَلاَ تَنْهَرَهُمَا وَقُلْ لَهُمَا قَوْلاً كَبِي الرَّحْمَةِ وَقُلْ رُبِّ لَهُمَا قَوْلاً كَرِيْمًا . وَاخْفِضْ لَهُمَا جَنَاحَ الذُّلِّ مِنْ الرَّحْمَةِ وَقُلْ رُبِّ الرَّحْمَةِ وَقُلْ رُبِّ الرَّحْمُةِ وَقُلْ رُبِّ الرَّحْمُةِ وَقُلْ رُبِ

"তোমার প্রতিপালক তিনি ব্যতীত অন্য কারো ইবাদত না করতে এবং পিতামাতার প্রতি সদ্যবহার করতে আদেশ দিয়েছেন।" তাদের একজন অথবা উভয়ই তোমার জীবদ্দশার বার্ধক্যে উপনীত হলে তাদের উফ অর্থাৎ বিরক্তি-সূচক কিছু বলো না এবং তাদেরকে ধমক দেবে না অর্থাৎ বয়সের ভারে জর্জরিত হয়ে গেলে তাদের কটাক্ষ করো না। তোমাদের উচিত তাদের বিদমত করা যেমনটি তারা তোমাদের শিশুকালে করেছিলেন। (বস্তুত পিতামাতার ত্যাগ ও সেবার প্রতিদান সন্তানের দ্বারা সম্ভব নয়। কারণ পিতামাতা সন্তানের লালন-পালন করে তাদেরকে বাঁচাবার ও বড় করে মানুষের মত মানুষ করে গড়ে তোলার কামনা নিয়ে। আর সন্তান পিতামাতার খেদমত করে তাদের মৃত্যুর কামনা নিয়ে। তাদের সাপে সন্থানসূচক কথা বলবে। মমতাবেশে তাদের প্রতি নম্রতার পক্ষপুট অবনমিত করবে এবং বলবে: হে আমার রব। তাদের প্রতি দরা কক্ষন ষেতাবে শৈশবে তারা আমাকে প্রতিপালন করেছিলেন।

(সূরা বনী ইসরাঈল : ২৩-২৪)

আক্লাহ্ তা আলা আরও বলেছেন:

أَنِ اشْكُرُلِي وَلُولِدَيْكَ اللَّهِ الْمُصيرُ .

"আমার প্রতি কৃতজ্ঞতা প্রদর্শন কর এবং তোমার মাতাপিতার প্রতিও। আমার কাছেই প্রত্যাবর্তনস্থল।"

চিন্তা করে দেখুন আল্লাহ্র কথা। এই আয়াতে আল্লাহ্ তা'আলা তাঁর নিজের প্রতি কৃতজ্ঞতা প্রকাশের নির্দেশের সাথে মাতাপিতার প্রতি কৃতজ্ঞতা প্রকাশের নির্দেশও দিয়েছেন। হযরত ইব্ন আব্বাস: (রা) বলেছেন : তিনটি আরাড তিনটি জিনিসের সাথে সম্পৃত্ত করে নাবিদ হয়েছে। প্রতিজ্ঞোড়ার একটি বাদ দিয়ে অন্যটি করা হলে তা কর্ম হবে না। তার একটি হলো—আল্লাহ্ তা'আলা বলেছেন :

أطيعوا الله وأطيعوا الرسول

"তোমরা আল্লাহ্র আন্গত্য কর এবং রাস্লের আন্গত্য কর।" অতএব, যে ব্যক্তি রাস্লের আন্গত্য না করে তথু আল্লাহ্র আন্গত্য করবে তার এ আনুগত্য করব করা হবে না।

विकीय जायाकि रामा जाबाद्व वानी : آتُوا الزُكُوةَ وَأَتُوا الزُكُوةَ وَأَتُوا الزُكُوةَ وَأَتُوا الزُكُوةَ

"তোমরা নামায কায়েম কর এবং যাকাত আদার কর। সুতরাং যে যাকাত দিলো না অথচ নামায কায়েম করলো, তার এ নামায কবুল হবে না।

أَن اشْكُرُ لَيْ وَلَوَالدَيْكَ : जुठीय आग्नार्व (जा-आग्नार्व जानार्व जानार्व जानार्व जानार्व)

"তোমরা আমার ও ডোমাদের পিতামাতার প্রতি কৃত্ত পাঁক।" যদি কেউ পিতামাতার প্রতি কৃতজ্ঞ না থেকে ওধু আল্লাহ্ তা'আলার প্রতি কৃতজ্ঞ হয় তবে তার এ কৃতজ্ঞতা গ্রহণযোগ্য হবে না। তাই হযরত নবী করীম (সা) বলেছেন: "মাতাপিতার অসন্তুষ্টিতে আল্লাহ্র অসন্তুষ্টি।"

হযরত ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একবার এক ব্যক্তি নবী করীম (সা)-এর কাছে এসে তাঁর সাথে জিহাদে যাওয়ার অনুমতি চাইল। নবী করীম (সা) বললেন, তোমার মাতাপিতা কি জীবিত আছেন ? সে বলল, জ্বি হাাঁ, আছেন। তিনি বললেন, তা হলে তাদের মাঝেই জিহাদ কর অর্থাৎ তাদের খেদমতে তোমার সর্বশক্তি নিয়োগ কর।" (বুখারী-মুসলিম)

সুধী পাঠক। একটু চিন্তা করে দেখুন। কিভাবে জিহাদের উপর পিতামাতার সেবা-অস্ত্রাধাকে অমাধিকার প্রদান করা হয়েছে ?

বুখারী ও মুসলিম শরীকে বর্ণিত আছে। রাস্পুল্লাহ্ (সা) বলেছেন: আমি কি তোমাদের সর্বাপেক্ষা বড় গুনাবুর কথা বাতলে দেবো না ? তাহলো, আল্লাহ্র সাথে শরীক করা এবং পিতামাতার অবাধ্য হওয়া। এখানে তাদের প্রতি সদয় না হওয়াকে শিরকের অপরাধের সাথে উল্লেখ করা হয়েছে।

বৃধারী ও মুসলিম শরীকের অপর এক হাদীসে আছে, রাস্ণুস্থাই (সা) বলেছেন: "পিতামাতার অবাধ্য সন্তান, দান করে খোঁটা দানকারী এবং মদ্যপারী জান্লাতে প্রবেশ করবে না।

নবী করীম (সা) আরও বলেছেন: 'উফ'-এর চেয়ে যদি ক্ষুদ্রতর অন্য কোন বিষয় থাকতো, তবে আল্লাহ্ তা'আলা অবশ্যই তা থেকেও নিষেধ করতেন। সূতরাং অবাধ্য সম্ভান যতই ভাল আমল কর্ম্বক সে কথনো জানাতে প্রবেশ করতে পারবে না। আর অনুগত ও সদ্মবহারকারী সন্তান যা কিছু কর্ম্বক সে জাহানামে প্রবেশ করবে ০৪——

না। । নবী করীম (সা) আরও বলেছেন: "বে ব্যক্তি তার পিতাকে গালি দের আল্লাহ্ তা'আলা তাকে লা'নত করেন এবং যে তার মাতাকে গালি দের আল্লাহ্ তা'আলা তাকেও লা'নত করেন।" (ইব্ন হিম্বান)

হযরত নবী করীম (সা) আরও বলেছেন: পিতামাতার অবাধ্য হওয়ার অপরাধ ছাড়া অন্যান্য সকল অপরাধের শান্তি আল্লাহ্ তা'আলা চাইলে কিয়ামত পর্যন্ত স্থানিত রাখতে পারেন। কিন্তু পিতামাতার অবাধ্য সন্তানকে তড়িছড়ি শান্তি দেন অর্থাৎ কিয়ামতের পূর্বেই দুনিয়াতে তার শান্তি হয়ে থাকে। (হাকিম)

হযরত কা'ব আল-আহবার (র) বলেছেন: বানা যখন পিতামাতার অবাধ্য হয় আপ্লাহ্ তা'আলা তখন তার ধ্বংস ও ক্ষতি ত্রান্তিত করেন। আর বানা যখন তার পিতামাতার প্রতি সদয় হয় তখন আপ্লাহ্ তা'আলা তার আয়ু বাড়িয়ে দেন যাতে সে আরো অধিক নেক ও কল্যাণকর কাজ করতে পারে। মাতাপিতার প্রয়োজনের সময় তাদের ব্যয়ভার বহন করা তাদের প্রতি সদ্যবহারেরই অন্ত। (ইব্ন মাজাহ)

একবার এক ব্যক্তি হ্যরত রাস্পুল্লাহ (সা)-এর কাছে এসে আর্য ক্রলো, ইয়া রাস্পালাহাই। আমার পিতা আমার অর্থ-সম্পদ তার ইচ্ছামত খরচ করতে চান। তখন হ্যরত দবী করীম (সা) বদদেন : তুমি এবং তোমার ধন-সম্পত্তি সবই তোমার পিতার।

হধরত কা'ব আন্স-আহবার (র)-এর কাছে প্রশ্ন করা হলো যে, পিতামাতার নাক্রমানী কি ? তিনি বলেন : তার পিতা অথবা মাতা যখন কসম করান সে তাদের কসম প্রণ করে না। যখন তারা কোন কাজের নির্দেশ দেন সে তা পালন করে না, যখন তারা কিছু চান সে তা দের না এবং যখন তারা কিছু তার নিকট আমানত রাখেন সে তার থিয়ানত করে।

হযরত ইব্ন আব্বাস (রা)-কে জিজ্জেস করা হয়েছিল, আরাফের অধিবাসী কারা এবং আরাফ কি ? তখন তিনি বললেন : আরাফ হলো জান্নাত ও জাহান্নামের মধ্যবর্তী একটি পাহাড়ের নাম। এ পাহাড়টির নাম আরাফ হবার কারণ হলো—এখান বেকে জান্নাত ও জাহান্নাম উভরই দেখা যায়। এ পাহাড়ের উপর রয়েছে নামা প্রকার বৃক্ষরাজি, কল-মূল, নদী-নালা ও ঝরণাসমূহ। এখানে সেসৰ মুজাহিদের স্থান হবে যারা পিতামাতার অসম্বতি সত্ত্বেও জিহাদে অংশগ্রহণ করে শাহাদত বরণ করেছেন। আরাহর পথে জিহাদ করার কারণে তারা জাহান্নামে যাবেন না এবং পিতামাতার অবাধ্য হবার কারণে জান্নাতেও যেতে পারবেন না। তাই এ ব্যাপারে আরাহ্র ফয়সালা না হওয়া পর্যন্ত তারা আরাহেত অবস্থান করবেন। (ইব্ন মারদ্বিয়াহ্)

বুখারী ও মুসলিম শরীঞে বর্ণিত আছে, একবার এক ব্যক্তি এসে বলল, ইয়া রাস্লাল্লাত্! আমার কাছে সন্থাবহার পাওয়ার যোগ্যতম ব্যক্তি কে ? তিনি বললেন, তোমার মা লোকটি আবার আর্য করলো, তারপর কে ? তিনি বললেন, তোমার

সুর্তী (র)-এব ফতে হাদীসটি দুর্বদ। — সম্পাদক

মা। পুনরায় সে আর্থ করলো, ভারপর কে-ঃ তিনি বললেন, তোমার মা। এরপর লোকটি আর্থ করলো ভারপর কে ঃ তখন তিনি বললেন : তোমার পিতা এবং ভারপর পরস্পান্তমে অন্যান্ত নিকটামীয়।

হযরত নবী করীম (সা) প্রথমে জিনবার মাতার সাথে সন্থাবহার করার কথা বলেছেন এবং ভারপারে শিতার কথা একবার উল্লেখ করেছেন। এর কারণ হলো সন্তানের প্রতি মাতাই বেশি মেহলীলা হরে থাকেন এবং এ মাতাই অবর্ণনীয় কট সহ্য করে গর্ভধারণ করেন, প্রস্নব করেন, স্তন্যদান করেন এবং রাভ জেগে লালন-পালন করেন।

একবার হ্যরত ইব্ন উমর (রা) এক ব্যক্তিকে তার মাকে ঘাড়ে করে কাবা শরীক তওয়াক করতে দেখলেন। লোকটি বলল : হৈ ইব্ন উমর। তুমি তো দেখতেই পাচ্ছ, কিভাবে আমি তার প্রাশ্য আদার করলাম ? ডিনি বললেন তার প্রসবকালীন করের একটি মুকুর্তের হকও তুমি আদার করতে পারনি। তবে তুমি ভাল কাজ করেছ। আল্লাই এ ছোট কাজের বিনিময়ে অনেক সওয়াব তোমাকে দেবেন।

হযরত আবৃ হরাররা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্পুরাহ (সা) বলেছেন : চার প্রকার লোককে আরাই তা আলা জানাতে প্রবেশ করতে দেবেন না এবং তাদেরকে জানাতের কোন নিয়মত আঝাদন করারও সুযোগ দেবেন না। এরা হলো, মদ্যপায়ী, সুদখোর, জোরপূর্বক ইয়াজীমের মাল আঝসাংকারী এবং মাতাপিতার অবাধ্য সন্তান। তবে যদি এরা তথবা করে ভাইলে ক্যা পেতে পারে।"

नवी कडीम (गा) वरणधन : الْجَنَّةُ تَحْتَ اَفْدَامِ الْأَشْهَاتِ "गारादाद পায়ের नीटে জান্নাত।" (ইব্দে সাজাই, নাঁসাঈ, হাকিম)।

এক ব্যক্তি হয়রত আবৃদ্ দারদা (রা)-এর নিকট এসে বলল, হে আবৃদ্ দারদা, আমি এক মহিলাকে খিরে করেছি। আমার মা তাকে তালাক দিতে বলেন-এখন আমি ক করবো ? উত্তরে আবৃদ্ দারদা (রা) বললেন, আমি রাসৃস্কাহ (সা)-কে বলতে তনেছি, "যাতালিতা কলে জানাতের দরজাসমূহের মধ্যবর্তী একটি দরজা। তুমি ইচ্ছা করলে সে দরজাটি বিনট করতে ও হারাতে পার, আবার হিফাযতও করতে পার।" তিরমিযী)

नवी क्द्रीय (मा) ब्रह्माइन :

ثَلاَثُ دُعُواتٍ مُسْتَجَابَاتٌ لاَشَكُ فِيْهِنَّ دَعُوةُ الْمَظْلُومِ وَدَعُوةُ الْمُظُلُومِ وَدَعُوةُ الْمُسَافِرِ وَدُعُوَةُ الْمُسَافِرِ وَدُعُوةُ الْوَالِدِ لَوَلَدِهِ .

"তিন ব্যক্তির দুঁআ কবৃশ হওয়ার ব্যাপারে কোন সন্দেহ নেই: ময়ল্ম ব্যক্তির দু'আ, মুসাফিরের দু'আ এবং সন্তানের জন্য পিতার দু'আ।" নবী করীম (সা) বলেছেন : খালার মর্যাদা মারের মতো। অর্থাৎ খালার প্রতি মায়ের মতই সন্মান প্রদর্শন, সদ্মবহার ও সহানুভূতিশীল হতে হবে।

হবরত ওহাব ইব্ন মুনাবিবহ (র) থেকে বর্ণিত। ভিনি বনেন: আরাহ্ তা'আলা হবরত মুসা (আ)-এর নিকট এই মর্মে গুহী প্রেরণ করেছেন বে, "হে মুসা! তুমি তোমার পিতামাতার প্রতি সন্ধান প্রদর্শন কর। কেননা বে ব্যক্তি ভার পিতামাতাকে সন্ধান করবে, আমি তার আয়ু বাড়িয়ে দেবো এবং তাকে প্রমন প্রকটি সন্ধান দান করবে। বে তাকে সন্ধান করবে আর যে ব্যক্তি মাতাপিতার অবাধ্য হবে, তার আয়ু কমিয়ে দেবো এবং তাকে এমন সন্তান দান করবো বে তাকে অসন্ধান করবে এবং অবাধ্য হবে।"

আবৃ বকর ইবৃন আবৃ মরিয়ম (র) বলেছেন : আনি অওরাত কিভাবে গড়েছি, "যে ব্যক্তি তার পিতাকে প্রহার করবে, তাকে হত্যা করতে হবে।"

ওহাব বলেছেন, আমি তাওরাতে পড়েছি, "বে ব্যক্তি ভার পিতাকে চড় মারবে, তাকে পাধর মেরে হত্যা করতে হবে।"

আমর ইব্ন মুররাহ আল-জুহানী (রা) থেকে বর্ণিত। তিনি বলেছেন, একবার এক লোক রাস্লুলাহু (সা)-এর নিকট এসে বলল, ইয়া রাস্লালাহু। আমি যখন পাঁচ ওয়াজ নামায় আদায় করলাম, রমযান মাসের রোষা রাশলাম, যাকাত আদায় করলাম এবং আলাহুর র্ষর কাবা শরীক্ষের হচ্জ করলাম; তখন আমার জন্য কি পুরস্কার ? তখন রাস্লুলাহু (সা) বলেছেন : সে যদি লিভামাভার অবাধ্য না হয়ে থাকে তাহলে সে নবী, সিন্দীক, শহীদ ও নেককার বান্দাদের সাধী হবে। নবী করীম (সা) আরও বলেছেন : যে ব্যক্তি লিভামাভার নাকরমানী করে, আলাহু ভা'আলা তাকে লা'নত দেন।

রাস্পুলাই (সা) থেকে বর্ণিত আছে। তিনি বলেছেন: আমি মিরাজের রাতে কিছু
সংখ্যক লোককে ভারান্নামের আওনের খেজুরগাছের ভালের সাথে ঝুলছ অবস্থায়
দেখে বললাম, হে জিবরাইল (আ) এরা কারা। তিনি বললেন: এরা হলো ঐ সব
লোক যারা দুনিয়াতে বসে ভানের পিতামাতাদের গালালালি করতো।

বর্ণিত আছে, "যে ব্যক্তি তার পিতামাতাকে গালি দেবে, তার কবরে বৃষ্টির ফোঁটার মত আন্তনের ফুলকি বর্ষিত হতে থাকবে।

অপর এক বর্ণনায় দেখা যায়, যখন মাতাপিতার অবাধ্য-সন্তানকে কবরে রাখা হবে তখন মাটি এমন চাপ দেবে যার ফলে এদিকের পাঁজরের হাড় ওদিকে এবং ওদিকের পাঁজরের হাড় এদিকে চলে আসবে। কিয়ামতের দিন তিন ব্যক্তির আযাব হবে সবচেয়ে কঠিন যথা—মুশরিক (অংশীবাদী), যিনাকারী এবং মাতাপিতার অবাধ্য ব্যক্তির।"

হবরত বিশর (র) বলেছেন, যে ব্যক্তি তার মারের এত কাছে অবস্থান করে বেখান থেকে তার মাতার কথা শোনা যার, সে ব্যক্তি ঐ ব্যক্তির চেরে উত্তম যে আল্লাহ্র পথে যুদ্ধ করে। তার মারের দিকে দৃষ্টিপাত করা যে কোন নেককাজের চেরে উত্তম।

একবার একজন পুরুষ ও একজন মহিলা একটি শিও নিয়ে পরশার ঝগড়া করতে করতে রস্পুরাহ (সা)-এর নিকট এসে উপস্থিত হলো। পুরুষ লোকটি বলল, ইয়া রাসুলারাহ (সা)! শিতটি আমার সন্তান। সে আমার পৃষ্ঠদেশ হতে বের হয়েছে। মহিলাটি বলল, ইয়া রাসুলারাহ! সে তাকে নিয়ে অতি হালকা বোঝা বহন করেছে এবং যৌন আবেশের বলীভূত হয়ে (জরায়তে) স্থাপন করেছে। কিন্তু আমি তাকে কট করে বহন করেছি, কট করে তাকে প্রস্ব করেছি এবং দুবছর তাকে দুধপান করিরেছি। তাদের উভরের জবানবনী তনে রাস্পুরাহ (সা) মহিলার পক্ষেই রায় দান করেছিলেন।" (আহমান ও আনু দাউদ)

উशरमभ

ওহে সর্বস্বীকৃত অধিকাম বিনষ্টকারী এবং পিতামাতার প্রতি সন্থাবহারে উদাসীন ও অবাধ্য এবং নিজের কর্তন্য সম্পর্কে গাফিলও : পিডামাতার প্রতি সন্থাবহার করা ভোষার জন্য এক ঐকার খাণ। তুমি সজাকর পদক্ষেপ গ্রহণ করে বারবার হোঁচট খাৰু। তুমি তোমবি^{শ্}যামুখা অনুযায়ী জানাত অনুসন্ধান করছো অখচ তা রয়েছে ভোমার মাতার শদভলে। তিনি ভোমাকে নয়টি মাস উদরে বহন করেছেন। যেন তিনি ন**রটি হক্ষ পালন করেছে**ন। তোমার মা তোমাকে প্রসব করার সমর যে কষ্ট বরদাশত করেছেন মুমূর্ব রোগীর রোগমুক্তির: সাবেই তার তুলনা করা চলে এবং তোমাকে তার তল খেকে দুখপান করিয়েছেন। তোমার জন্য সুখের নিদ্রা পরিহার করেছেন, ডান হাতে ভোষার শরীরের মরলা ধুয়েমুছে পরিষার করেছেন, নিজের আহার বাদ দিয়ে ভোষাকে খাইয়েছেন। তার কোল ভোমার দোলনায় পরিণত হরেছে। তোমার জন্য দল্লা ও সাহায্যের হাত বাড়িয়ে দিরেছেন। যদি তোমার কৌন একার ব্লোগ বা অসুবিধা দেখা দিও তবে তিনি বারপর নাই চিন্তিত ও শংকিত হতেন। বাঁচা-মরার সমস্যা উপস্থিত হলেও তিনি মনের খুশিতে তার ধন-সম্পদ ব্যয় করতেন এবং উভয়রে কেঁদে কেঁদে আল্লাহর কাছে ভোমার দীর্ঘায় কামনা করতেন অথচ তুমি কভবার ভার কাছে ক্লক চেহারা নিয়ে হাযির হয়েছো। তোমার জন্য তিনি প্রকাশ্যে ও গৌ**গনে দু'আ করেছে**ন।

বার্ধক্যে বখন ভোমার কাছে তার প্রয়োজন পড়েছে এবং অতি সাদাসিধা ও সাধারণ বস্তুই ভোমার কাছে চাচ্ছেন, তখন কুধার্ত হলে তাকে পানাহারের ব্যবস্থা করা এবং ভোমার পরিবারের সকলকে তার প্রতি যত্ত্বান হতে বলা ভোমার একাভ কর্তব্য। তিনি তো ভোমাদের প্রতি অতি ক্যালীল ও সহনশীল। তার বয়স হয়েছে অনেক এবং অৰশিষ্ট রয়েছে সামান্য। ভোমাদের উদ্রেশ্যে ভাদের ধন-সম্পদ রেখে বাদেন, বিনিময়ে নিচ্ছেন সামান্য সাহায্য-সহবোগিছা। কাজেই ভোমার মালিক ভোমাকে অকমতা প্রকাশ করতে নিষেধ করেছেল এবং ভার অধিকারের ব্যাপারে স্কভাবে ভর্বসনা করেছেন। সন্তানের অবাধ্যতার জন্য ভাকে দুনিয়াতে শান্তি দেয়া হবে এবং রাব্যুশ আলামীনের সান্নিধ্য ও রহমত থেকে দুরে মরিয়ে দেয়া হবে। তাই তো আলাহ্ তা'আলা ডোমাকে অতি রক্ষভাবে ও ধমকের সাথে ডেকে বলবেন: এটা সেই বস্তু যা তোমার হাতে অর্জন করেছো। আর আলাহ্ তা'আলা ভার বান্দাদের প্রতি যুশুমকারী নন।

ذَلكَ بِمَا قَدُّمُتْ يَدَاكِ وَأَنَّ اللَّهُ لَيْسَ بِظَلَّمِ لَلْعَبِيْدِ .

ওবে ব্যক্তি। তোমার মায়ের প্রতি তোমার অনেক কর্তব্য রয়েছে যদি তুর্মি বুঝতে পার ও অনুধাবন কর তাহলে এ হক আদায় করা পরিমাণে বতই বেশি হোক, তা তোমার জন্য সহজ্ঞসাধ্য। তোমার তার বহন করতে দিয়ে কত রাত যে তিনি কষ্টে ও ব্যথায় চিৎকার করে কেঁদে কাটিয়েছেন তার ইয়ভা নেই। আর তোমাকে ভূমির্চ করার সময় যে কট ও ঝুঁকি বরদাশত করেছেন তা যদি ভূমি জানতে! অনেক সময় সন্তাম প্রসর করতে দিয়ে মাকেই জীবন দিতে হয়। কতবার তিনি ভার ভান হাতে তোমার পরীর থেকে ময়শা-আবর্জনা মদা-মূল পরিষ্কার করেছেন। আর তার কোল ছিল ভোমার জন্য দোলনা। তিনি নিজে কট করে তার বিনিমরে জোমাকে আরামের রেখেছেন। আর তার তনের মুখ ছিল তোমার কাছে বিজ্ঞা শারীর। কতবার ছিনি নিজে না থেয়ে তার খাবার ভালবাসা ও মেহতরে তোমাকে খাইমেছেন। আর ভূমি ছিলে তখন হোট। যারা জান থাকা সন্তোও প্রবৃত্তির কামনার মন্ত হরে চলেছে তাদের জন্য আকসোস। আর অনুশোচনা তাদের জন্য বাদের চোখ আছে কিন্তু অন্তর্দৃত্তি নেই। সূতরাং আরহ সহকারে মায়ের ভাকে সাড়া দাও এবং বখন তোমাকে তিনি ভাকেন তার কাছে দিয়ে দরিদ্র ও অতাকাত্তের সত ভাব প্রকর্ণন কর।

কথিত আছে বে, নবী করীম (সা)-এর বৃপে 'আলকামা' বামে এক মুক্ক ছিল। সে সদা-সর্বদা আল্লাহ্র ইবাদতে সপ্ন থাকতো, নামাথ গড়তো, রোঝা রাখতো এবং দান-খয়রাত করতো। এক সময় সে অত্যন্ত অসুত্ব হরে গড়তো। তার স্ত্রী রাস্পুল্লাহ্ (সা)-এর কাছে এই মর্মে সংবাদ পাঠালো বে, ইয়া রাস্পুল্লাহ্! আমার স্থামী আলকামা এখন মৃত্যুর হারপ্রান্তে উপস্থিত, আমি ছার অবস্থা আপনাকে জানালো জরুরী মনে করছি। ভাই আপনার খিদমতে এ সংবাদ পাঠালাম। সংবাদ শেরে নবী করীম (সা) আমার, স্হায়ব ও বিশাল (রা)-কে সেখানে পাঠালাম। সংবাদ শেরে নবী করীম (সা) আমার, স্হায়ব ও বিশাল (রা)-কে সেখানে পাঠালেন এবং কবে দিলেন বে, তোমরা গিয়ে তাকে কলেমায়ে শাহাদাত তালকীন দাও। তারা সেখানে নিয়ে দেখলেন বে, সে মৃত্যুর সাথে লড়ছে। ভারা তাকে কলেমা (শা-ইবাহা ইয়ায়াহ)-এর ভালকীন দিছে লাগলেন। কিছু সে ভা মুখে উচ্চারণ করতে পারছিল না। ভারা রাস্পুল্লাহ্ (সা)-এর কাছে সংবাদ পাঠালে বে, আলকামা কলেমা গাঠ করতে পারছে না। একথা তনে নবী

করীম (সা) জানতে চাইলেন যে, আলকামার মাভাপিতার মধ্যে কেউ কি জীবিত আছেনঃ ৰশা হলো ইয়া রাস্লালাহ (সা)। তার বৃদ্ধা মাতা আছেন। এরপর রাস্লুলাহ্ (সা) তার কাছে শোক মারক্ত খবর পাঠালেন যে, সে যদি পারে ভবে বেন রাসৃস্তাহ্ (সা)-এর সাথে দেখা করে, আর যদি না পারে তবে সে যেন ঘরে থাকে, জিনিই তার কাছে আসবেন। সংবাদ পেরে বৃদ্ধা বন্দন, জামার জীবন তাঁর জন্য কুরবান হোক। আমারই উচিত ভাঁর সাথে দেখা করা। ভারপর সে লাঙ্কির উপর ভর করতে করতে গিয়ে রাস্পুরাহ্ (সা)-এর বিদমতে উপস্থিত হয়ে সাধাম করণো। তার সালামের জবাব দিয়ে নবী করীম (সা) বললেন, হে আলকামার মা! ভূমি আমার নিকট সত্য কথা বলো়ে যদি ছুমি মিখ্যা বলো তবে তা আমি গুহীর মাধ্যমে স্থানতে পারবো। বল তো তোমার পুত্র আলকামার অবস্থা কেমন ছিল ? বৃদ্ধা বললো, ইয়া রাসূলাক্সাহ। সে বেশি বেশি নামায পড়তো, রোযা রাখতো এবং দান-খয়রাত করতো। মহানবী (সা) বললেন : তোমার সাথে তার সম্পর্ক কেমন ছিল 🛊 সে বললো, ইয়া রাস্লাল্লাহ্! আমি তার উপর সন্তুষ্ট নই। তিনি জিজ্ঞেস করলেন্[।] তোমার অসন্তুষ্টির কারণ কি ? সে বললো, ইয়া রাস্লাল্লাহ্। সে আমার উপর তার ব্রীকে প্রাধান্য দিতো এবং আমার কথা মানতো না। তখন রাস্পুলাত্ (সা) বশলেন, "আলকামার মায়ের অসমুষ্টি তার কালমারে শাহাদাত পাঠে বাধার সৃষ্টি করছে।" তারপর তিনি বদলেন : হে বিলাল। তুমি চলে যাও এবং আমার জন্য বিপুল পরিমাণে কাঠ সংগ্রহ করো। বৃদ্ধা বললো, ইয়া রাস্লাল্লাহু তা দিয়ে কি করবেন ? তিনি বললেন : আমি তোমার সামনে তাকে পুড়িয়ে ছারখার করে দেবো। বৃদ্ধা আর্য করলো, ইয়া রাস্লাক্সাহ্! আপনি আমার সামনে আমার সম্ভানকে পোড়াবেন তা আমি কি করে বরদাশৃত করব? নবী করীম (সা) বদদেন : হে আলকামার মা! আল্লাহ্র আযাব তো আরও কঠিন এবং স্থায়ী। তুমি যদি চাও যে আল্লাহ্ তা'আলা তাকে ক্ষমা করুন তাহলে তুমি তার উপর সন্তুষ্ট হয়ে যাও। সেই মহান সন্তার কসম যাঁর নিয়ন্ত্রণে আমার জীবন, তুমি যতক্রণ আলকামার উপর অসমুষ্ট থাকবে—ততক্রণ তার নামায, রোযা এবং দান-খায়রাত কোন উপকারে আসবে না। এবার বৃদ্ধা বললো : ইয়া রাস্লারাহ। আমি আল্লাহ্ তা'আলা, তাঁর ফেরেশতাগণ এবং উপস্থিত মুসলমানদের সাক্ষী রেখে বলছি, আমি আমার পুত্র আলকামার প্রতি সন্তুষ্ট হলাম। তখন রাস্লুরাহ্ (সা) বললেন, হে বিলাল! তুমি গিয়ে দেখ আলকামা কলেমা অর্থাৎ লা-ইলাহা ইয়ায়াচ্ বলতে পারছে কি না ? হয়তো আশকামার মা তাকে মনেপ্রাণে ক্ষমা করেনি, বরং আমার সামনে লজ্জায় পড়ে ক্ষমার কথা বলেছে। অতঃপর বিলাল (রা) গিয়ে তনতে পেলেন, ঘরের মধ্য থেকে আলকামার কলেমা অর্থাৎ লা-ইলাহা ইল্লাল্লাহ্ পড়ার আওয়ায বের হচ্ছে। হ্যরত বিলাল ঘরে প্রবেশ করে বললেন, তোমরা যারা উপস্থিত আছ শোন : আলকামার মায়ের অসস্থৃষ্টি তার জিহ্বায় কলেমায়ে শাহাদত উচ্চারিত হওয়া বন্ধ করে দিয়েছিল এবং ভার মা সম্ভূষ্ট হবার পর তার মুখ খুলে গেছে এবং এখন তার মুখে কলেমা উচ্চারিত হচ্ছে। সেদিনই আলকামা ইনতিকাল করলো। রাস্শৃল্পার্ (সা) উপস্থিত হয়ে নিজেই তার পোসল ও কাকনের ব্যবস্থা করে জানাযার নামার পড়ালেন এবং দাক্ষন কাজে অংশগ্রহণ করলেন। তারপর তিনি তার কবরের পাশে দাঁড়িয়ে কললেন: হে মুহাজির এবং জানসারগণ! যে ব্যক্তি রীকে মারের উপর প্রাধান্য দের, তাকে আল্লার্, কেরেশতা এবং মানুষ স্বাই অভিশাপ দেবে। যতক্ষণ না সে আল্লার্ তা'আলার নিকট তওবা করে মারের সাথে সন্থাবহার করে তাকে সন্তুই করতে পারবে ততক্ষণ তার কোন নেক আমল আল্লার্ কর্ল করবেন না। স্তরাং মায়ের সভৃত্তিতে আল্লাহ্ সন্তুই এবং তার অসন্তুত্তিতে আল্লাহ্ সন্তুই এবং তার অসন্তুত্তিতে আল্লাহ্ সন্তুট্ট এবং তার অসন্তুত্তিতে আল্লাহ্ অসন্তুত্তী।

মহান আরাহ্র কাছে আমরা তাঁর সন্তুষ্টি কামনা করছি এবং তার অসন্তুষ্টি থেকে রক্ষা পাওরার তৌফিক কামনা করছি। নিকয়ই তিনি মহান দাতা এবং দরার্দ্র ও পরম কর্মণাময়।

³⁰⁰

^{\$.}

মাতাপিতার প্রতি সৌজন্যমূলক আচরণ ও সদ্বাবহার করা সন্তানের অপরিহার্য কর্তব্য।
তবে সৃষ্টিকর্তার অবাধ্যতায় সৃষ্টির আনুগত্য করা বাবে না।
—স্পাদক

৯. আত্মীর-বজনদৈর পরিত্যাগ করা

আল্লাহ্ তা'আলা বলেন :

وَاتَّقُواْ اللَّهُ الَّذِي تُسَاءً لُونَ بِهِ وَالْأَرْ هَامَ .

"আল্লাহ্কে ভয় করো যাঁর নামে তোর্মরা একে অপুরের নিকট প্রার্থনা করো এবং আত্মীয়তার বন্ধন সম্পর্কেও সাবধান থেকো অর্থাৎ আত্মীয়তার বন্ধন ছিন্ন করাকে ভয় করো। (সুরা নিসা: ১)

فَهَلُ مُسَيِّتُمُ إِنْ تُولُيْتُمُ أَنْ تُغْسِدُوا فِي الْأَرْشِ وَتُقَطِّعُوا أَرْحَامَكُمُ أُولُئِكَ الَّذِيْنَ لَعَنَهُمُ اللهُ فَاصَمَّهُمْ وَأَعْمَى اَبْصَارُهُمْ .

"ক্ষমতায় অধিষ্ঠিত হলে সম্ভবত তোমরা পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করবে এবং আত্মীয়তার বন্ধন ছিন্ন করবে। আল্লাহ্ এদেরই অভিশব্ধ করেন এবং করেন বধির ও দৃষ্টিশক্তিহীন।" (সূরা মুহাশ্বদ : ২২–২৩)

ٱلَّذِيْنَ يُوْفُونَ بِعَهْدِ اللَّهِ وَلاَ يَنْقُصْوْنَ الْمِيْشَاقَ وَالَّذِيْنَ يَصِلُونَ مَا آمَرٌ اللَّهُ بِهِ أَنَّ يُّوْمَلَ وَيَخْشُونَ رَبَّهُمْ وَيَخَافُونَ سُوْءَ الْحَسَابِ .

"যারা আল্লাহ্র সাথে দেয়া প্রতিশ্রুতি রক্ষা করে এবং প্রতিচ্ছা ভঙ্গ করে না এবং আল্লাহ্ যে সম্পর্ক অকুণু রাখতে আদেশ দিয়েছেন যারা তা অকুণু রাখে, তাদের প্রতিপাশককে ভয় করে এবং ভয় করে কঠোর হিসাবকৈ ৷" (সুরা রাদ : ২০-২১)

يُضِلُّ بِهِ كَثِيْرًا وَيْهَدِى بِهِ كَثِيْرًا وَمَا يُضِلُّ بِهِ الْأَ الْفُسِقِيْنَ . الَّذِيْنَ يَنَقُضُونَ عَهْدَ اللَّهِ مِنْ بَعْدَ مِيْثَاقِهِ وَيَقَطَعُونَ مَا آمَرَ اللَّهُ بِهِ أَنْ يُوْضَلَ وَيُفْسِدُونَ فَي الْأَرْضِ أَوْلُئِكَ هُمُ الْخُسِرُونَ .

"এ কুর্আনদারা তিনি অনেককে বিভ্রান্ত করেন। আবার বহু লোককে সংপথে পরিচালিত করেন। বহুত তিনি সংপথ পরিত্যাগীদের ছাড়া আর কাউকেও বিভ্রান্ত করেন না। যারা আল্লাহ্র সাথে দৃঢ় অঙ্গীকারে আবদ্ধ হবার পর তা ভঙ্গ করে, যে সম্পর্ক অক্ষুণ্ন রাখতে আল্লাহ্ আদেশ করেছেন তা ছিন্ন করে এবং পৃথিবীতে অশান্তি সৃষ্টি করে বেড়ায়, তারাই ক্ষতিগ্রন্ত। (সূরা বাকারা: ২৬-২৭) এসব প্রতিশ্রুতি ও অঙ্গীকারের মধ্যে সবচেয়ে বড় অঙ্গীকার হলো সেটি, যা আলাহ্ এবং বালার মধ্যে রয়েছে। বুখারী ও মুসলিম শরীকে আছে, রাসূলুলাহ্ (সা) বলেছেন : ﴿الْمَا لَهُ الْمَا لَهُ الْمُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللللللّهُ اللّهُ الللللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ ال

হাদীস শরীকে বর্ণিত আহে। রাস্পুরাহ (সা) বলেছেন: যে ব্যক্তি তার গরীব আশ্বীয়-স্বজনের সাথে সন্থাবহার করে না এবং নিজের দান-সদকার ক্সু তাদের বাদ দিয়ে অন্যদের দেয়, আল্লাহ্ তা আলা তার দান কবৃল করবেন না এবং কিয়ামতের দিন তার প্রতি দৃষ্টিপাত করবেন না। গরীব ব্যক্তিও তার আশ্বীয়-স্বজনদের সাথে দেখা-সান্ধাত করে এবং তাদের খোঁজখবর নিয়ে আশ্বীয়তার হক আদায় করতে পারে। এ প্রসঙ্গে রাস্পুরাহ্ (মা) বলেছেন: "তোমরা ক্মপক্ষে সালাম বিনিময়ের মাধ্যমে আশ্বীয়তার সম্পর্ক বঁজার রাখো।" তিনি (সা) বলেছেন:

مَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْأَخِرِ فَلْيَصِلُّ رَحِمَهُ .

"যে ব্যক্তি আল্লাহু ও কিয়ামতের দিনে বিশ্বাস রাখে, সে যেন আশ্বীয়-স্বন্ধনের সাথে সুসন্দর্ক বজায় রাখে।" (বুখারী, আবু দাউদ ও তিরমিযী)

তিনি আরও বলেছেন :

لَيْسَ الْوَاصِلُ بِالْمَكَانِي وَلَكِنَ الْوَاصِلُ الَّذِي قُطِعَتُ رَحِمْهُ وَمَلَهُا ،

"আত্মীয়তার হক **আধায়কারীর সাধে যে সম্পর্ক ব্রহ্মা করে, সে প্রকৃত আত্মীয়তার** সম্পর্ক স্থাপনকারী নম্ম, ব**রং সম্পর্ক কেটে** যাওয়ার পর যে তা মিলিয়ে দেয়, সে-ই প্রকৃত সম্পর্ক স্থাপনকারী।"

নবী করীম (সা) আরও বলেছেন, "আল্লাহ্ তা'আলা বলেন : আমি 'রাহমান' এবং আত্মীয়তা হলো 'রাহীম' যে ব্যক্তি আত্মীয়তার সম্পর্ক স্থাপন করে, আমি তার সাথে সম্পর্ক গড়ে তুলি আর যে তা ছিল্ল করে আমিও তার সাথে সম্পর্ক ছিল্ল করি।"
(আর দাউদ ও তিরমিয়ী)

আলী-ইব্ন হসায়ন (রা) তাঁর ছেলেকে বদেছিলেন, "ঠেঁ বংস। আত্মীয়তার সম্পর্ক ছিল্লফারীর সাথে বন্ধুত্ব করবে না। কারণ আমি কুরআন মন্ত্রীদের ভিনটি স্থানে তাকে অভিশপ্ত বলে উল্লেখ পেরেছি।" (আবৃ দাউদ ও কিরমিয়ী) হন্দক আৰু হুরায়রা (রা) থেকে বর্ণিত আছে যে, একবার তিনি এক সমাবেশে রাস্কুরাহ (সা) এর হাদীসে বর্ণনা প্রসঙ্গে বলেন : আয়াদের এ সমাবেশে আয়ীয়ভার সম্পর্ক হিন্নকারী থাকলে ভারা যেন এখান থেকে ছলে বার। অভঃপর মঞ্জনিসের শেষ প্রান্ত হতে এক যুবক ব্যতীত অন্য কেউ উঠলো না। সে ভার ফুকুর নিকট গেল। ভার সাথে সে বেশ করেক বছর যাবত সম্পর্ক হিন্ন করেছিল। সে ভার সাথে আপোস করলো। ভার ফুকু বললো, ভাতিজা! ভূমি কেন আজ আমার সাথে সম্পর্ক হালন করতে আসলে ? উত্তরে যুবকটি বললো : আমি রাস্ল (সা) এর সাহাবী আবু হুরায়রা (রা) এর মন্ত্রলিসে বন্ধে হাদীস ভনছিলাম, আলোচনার এক পর্বায়ে তিনি আয়ীয়ভার সম্পর্ক হিন্নভারীদের রেরিরে যাওয়ার জন্য বললে আমি আপনার কাছে চলে এলাম। একথা থনে ভার কুফু বললো, ভূমি আবু হুরায়রা (রা) এর কাছে গিয়ে জেনে আসবে যে, কেন তিনি এ নির্দেশ দিয়েছেন। ভারপর সে আবু হুরায়রা (রা) এর কাছে গিয়ে জেনে আমার ভার কুফুর সাথে সংঘটিত ঘটনাটি বললো এবং জিজ্ঞেস করলো, আপনি কেন আয়ীয়ভার সম্পর্ক ছিন্নকারীকে মন্ত্রলিস ছেড়ে যেতে বললেন। আবু হুরায়রা (রা) বললেন: আমি রাস্কুরায়ু (সা) তক বলতে ভনেছি "যে সম্প্রদায়ের মধ্যে আয়ীয়ভার সম্পর্ক ছিন্নকারী থাকে সে সম্প্রান্থর উপর আল্লাহুর রহমত নাথিল হয় না।"

(তারগীব ওরাত তারহীব)

বর্ণিত আছে যে, একদা এক ধনী ব্যক্তি হক্ষ করার উদ্দেশ্যে মকা মুয়াযযামায় গিয়েছিল। হচ্ছের অংশ হিসেবে আরাফাতে যাওয়ার ও সেবানে অবস্থান করার জন্য সে তার অর্থ-সম্পদ হতে এক হাজার দীনার মন্ধার এক বিখ্যাত আমানতদারের নিকট গচ্ছিত রাখলো। আরাকাত থেকে ফিরে এসে সে দেখলো যে লোকটি মারা গেছে। সে লোকটির পরিবারের লোকদের কাছে তার গচ্ছিত অর্থ সম্পর্কে জিজ্ঞেস করলে তারা বলল, তারা এ সম্পর্কে কিছুই জানে না। অতঃপর সে মক্কার আলিমদের কাছে গিয়ে তার এ ঘটনা বদলে তারা তাকে বদলেন : "রাত যথন দুপুর হবে তখন তুমি যমযম কৃপের কাছে গিয়ে কৃপের দিকে তাকিয়ে তার নাম ধরে ডাকতে থাকবে। যদি সে জান্নাতী হয়ে থাকে তা হলে সে তোমার প্রথম ডাকেই সাড়া দেবে।" লোকটি যমযম কৃপের কাছে গিয়ে তাকে ডাকলো কিন্তু কেউ তার ডাকে সাড়া দিল না। লোকটি তখন আলিমদের কাছে গিয়ে বলল যে, তার ডাকে কেউই সাড়া দেয়নি। আলিমগণ তখন দুঃখ করে বললেন, তোমার আমানত গ্রহণকারী হয় তো জাহানামে গিয়েছে। তুমি ইয়ামানে চলে যাও। সেখানে 'বারাহত' নামক একটি কৃপ আছে। কৃপটি নাকি জাহান্নামের মুখে অবস্থিত। তুমি রাতে সে কৃপের দিকে তাকিয়ে তার নাম ধরে ডাকবে। জ্বাহান্নামের অধিবাসী হয়ে থাকলে সে তোমার ডাকে সাড়া দেবে। লোকটি ইয়ামানে গিয়ে কৃপটির কথা জিজ্ঞেস করলে লোকেরা তাকে দেখিয়ে দিল। সে রাতে সেখানে গিয়ে কূপের ভেতর তাকিয়ে লোকটিকে ডাকতেই সে সাড়া দিল।

সে ভাকে ভার দীনারের কথা জিজেন করলে সে বলল, আমার খরের অমুক স্থানে আমি ভা প্রোথিত করে রেখেছি। কারণ আমি আমার ছেলেকৈ বিশ্বাস করতাম না। ভূমি লিয়ে খুঁড়ে দেখ, তোমার অর্থ সেখানে পাবে। আমানতকারী বলল, আমরা তোমাকে ভাল লোক মনে করতাম। কি কারণে তোমাকে এখানে (জাহান্নামে) আসতে হলো? সে বলল, আমার এক পরীব বোন ছিল। আমি তার সাথে সম্পর্ক ছিন্ত করেছিলাম এবং ভার প্রতি আমি সহানুভূতিশীল ছিলাম না। এ কারণে আল্লাহ্ তা'আলা আমাকে এ শান্তি দিয়েছেন। (ইমাম ইব্ন কারিয়ম (র))।

সহীত্ হাদীস দারা এ ঘটনার সভ্যভা প্রমাণিত হয়। বেমন রাস্পুরাত্ (সা) বলেছেন ঃ ﴿ الْمَالَةُ مَا الْمَالَةُ لَا الْمَالَةُ الْمَالَةُ الْمَالَةُ لَا الْمَالَةُ الْمَالَةُ لَا الْمَالَةُ الْمُلْقَالِةُ الْمَالَةُ الْمَالَةُ الْمُلْقَالِةُ الْمُلْقِلَةُ الْمُلْقِلَةُ الْمُلْقَالِةُ الْمُلْقَالِةُ الْمُلْقِلَةُ الْمُلْقِلَةُ الْمُلْقِلَةُ الْمُلْقِلَةُ الْمُلْقِلَةُ الْمُلْقِلِقُولِيَّالِيَّةُ الْمُلْقِلِقُلِقُولِيَّةُ الْمُلْقِلِقُولِيَالِيَّةُ الْمُلْقِلِقُولِيَّالِيَّةُ الْمُلْقِلِقُولِيَّةً لِمُلِيَّةً لِمُعْلِقُولِيَّالِقُلْقُلْمُ الْمُلْقِلِقُ الْمُلْقُلِقُ الْمُلْمِلِيِّةُ الْمُلْمُلِقُولِيَّالِيَّةً لِمُعْلِقُولِيَّالِمُلْمُلِقُلِقُلْمُ الْمُلْمِلِيِّةً لِمُعْلِمُ الْمُلْمِلِيِّةًا لِمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمِلِيِّةً لِمُعْلِمُ الْمُلْمِلِمُ الْمُلْمِلِيِّةً لِمُلْمُ الْمُلْمِلِمُ الْمُلْمِلِمُ الْمُلِمُ الْمُلْمِلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُ لِمُلْمُ الْمُلْمُلِمُ الْمُلْمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُ الْمُلْمُ الْمُلْمُلِمُ الْمُلْمُ الْمُلْمُلِمُ الْمُلْمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلِمُلِمُ الْمُلِمُ الْمُلْمُلِمُ الْمُلْمُ الْمُلْمُلِمُ الْمُ

১০. ব্যক্তিচার

ব্যভিচারের মধ্যে কোন কোনটি অপরটির তুলনার জঘন্যতর। আল্লাহ্ তা আলা বলেছেন:

وَلاَ تَقُرَبُوا الزُّنَا انَّهُ كَانَ فَاحِشَةً وسَّاءُ سُبِيلاً .

"অবৈধ যৌন-সংযোগের নিকটবর্তী হয়ো না, এ অন্ত্রীল ও নিকৃষ্ট আচরণ।" (স্রা বনী ইসরাদিল : ৩২)

তিনি আরও ইরশাদ করেন :

وَالَّذِيْنَ لَا يَدْعُونَ مَعَ اللهِ الْهُا أَخَرَ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِيُّ حَرَّمَ اللهُ الْخَرَ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِيُّ حَرَّمَ اللهُ اللهُ اللهُ يَلْقَ اَتَّامُسا .
يُضَاعَفُ لَهُ الْعَذَابُ يَوْمَ الْقِيمَةِ وَيَخْلُدُ فِيْهِ مُهَانًا اللَّا مَنْ تَابَ .

"যারা আল্লাহ্র সাথে কোন ইলাহকে ডাকে না। আল্লাহ্ যার হত্যা নিষেধ করেছেন যথার্থ কারণ ব্যতিরেকে তাকে হত্যা করে না এবং ব্যভিচার করে না। যারা এগুলো করে, তারা শান্তি ভোগ করবে। কিরামতের দিন তার শান্তি হিণ্ডণ করা হবে এবং সেখানে তারা হীন অবস্থায় স্থায়ী হবে। ডবে তারা নয়—যারা তওবা করে (বিশ্বাস করে ও সংকাজ করে)।" (সূরা ফুরুকান: ৬৮-৬৯)

ٱلزَّانِيَّةُ وَالزَّانِيُ فَسَاجُلِدُواْ كُلُّ وَاحِنْدِ مَنْهُمَا مِائَةَ جَلْدُةٍ وَلاَ تَأْخُذُكُمْ بِهِمَا رَأْفَةٌ هَيْ دِيْنِ اللَّهِ انْ كُنْتُمُّ تُؤْمِنُوْنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْأَخْرِ ، وَلْيَشْهَدْ عَذَابَهُمَا طَّائِفَةً مِّنَ الشَّوْمِنِيْنَ .

"ব্যভিচারিণী ও ব্যভিচারী—ওদের প্রত্যেককৈ একশ' কশাঘাত করবে, আঁল্লাহ্র বিধান কার্যকরীকরণে ওদের প্রতি দয়া যেন তোমাদের অভিভূত না করে যদি তোমরা আল্লাহতে ও পরকালে বিশ্বাসী হও; ঈমানদারদের একটি দল যেন ওদের শান্তি প্রত্যক্ষ করে।" (সূরা নুর: ২)

আলিমগণ বলেছেন: এহলো অবিবাহিত পুরুষ ও মহিলার ব্যক্তিচারের পার্থিব শান্তি। যদি তারা উভয়ে বিবাহিত হয় অথবা জীবনে একবার মাত্র বৈবাহিক বন্ধনে আবন্ধ হয়ে থাকে, তাহলে তাদের প্রস্তরাঘাতে হত্যা করতে হবে। রাস্ল (সা)-এর হাদীসঘারা এ শান্তি প্রমাণিত। যদি দুনিয়াতে তাদের শান্তি দেয়া না হয় এবং তপ্তবা না করে মারা যায়, তাহলে তাদেরকে জাহান্লামের আন্তনের ছড়িম্বারা এ শাস্তি দেয়া হবে।

যাবুর কিতাবে আছে, ব্যক্তিচারী নারী ও পুরুষের যৌনাঙ্গ রশিদ্বারা বেঁধে জাহান্নামের আগুনে ঝুলিয়ে রাখা হবে এবং দোহান্ত চাবুকদ্বারা তাদের পিটানো হবে। মারের চোটে যখন চিংকার করতে থাকবে তখন জাহান্নামের কেরেশতা (দারোগা) ডেকেবলবে, "কোথায় ছিল তোমার এ আওয়ায় ? তখন তো তুমি হাসি-ঠাটা, আমোদ-ক্ষুর্তিতে মেতেছিলে, ঔদ্ধত্য প্রকাশ করছিলে এবং আল্লাহুর কথা স্বরণ করে লক্ষ্ণাবোধ করনি।

হ্যরত আবৃ হরায়রা (রা) সূত্রে বর্ণিত। রাস্পুরাহ্-(সা) বলেছেন:

لاَ يَزْنَى الزَّانِي حِيْنَ يَزْنِيُّ وَهُوَ مُنُوْمِنَ ۗ وَلاَ يَسْرِقُ السَّارِقُ حِيْنَ يَسْرِقُ وَهُوَ مُؤْمِنُ وَلاَ يَشْرَبْ الْخَمْرَ حِيْنَ يَشْرَبُهَا وَهُوَ مُؤْمِنُ وَلاَ يَنْتَهِبُ نَهْبَةً ذَاتَ شَرَفٍ يِرْفَعُ النَّاسُ اَبْصَارَهُمْ حِيْنَ يَنْتَهِبُهَا وَهُوَ مُؤْمِنٌ .

"ব্যাভিচারী পুরুষ মুমিন থাকা অবস্থায় ব্যভিচারে লিও হয় না, চোর যখন চুরি করে তখন তার ঈমান থাকে না, মদ্যপায়ী যখন মদ্যপান করে তখন তার ঈমান থাকে না এবং দুষ্কৃতকারী যখন এমন অপকর্মে লিও হয় যাদ্বারা মানুষের দৃষ্টি আকৃষ্ট হয়, তখন তার ঈমান থাকে না।" (বুখারী, মুসলিম ও আবু দাউদ)

নবী করীম (সা) আরও বলেছেন:

اذًا زَنَىَ الْعَبْدُ خَرَجَ مِنْهُ الْاِيْمَانُ فَكَانَ كَالطَّلَّةِ عَلَى رَأْسِهِ ثُمُّ إِذَا اَقْلَعَ رَجَعَ الَيْهِ الْاِيْمَانُ .

"যখন কোন বানা ব্যভিচারে শিশু হয় তখন তার ঈমান বের হয়ে যায় এবং তার মাথার উপর ছারার মত অবস্থান করতে থাকে। অতঃপর সে যখন তা হতে মুক্ত হয় তখন তার ঈমান ফিরে আসে।" (আবৃ দাউদ)

মহানবী (সা) আরও বলেন:

"যে ব্যক্তি যেনা করে অথবা মাদক্ষ্মনা পান করে, আল্লাহ্ তা'আলা তার ঈমান এমনভাবে খুলে নেন যেমন মানুষ তার মাথা দিয়ে জামা খুলে থাকে।"

রাস্পুলার্ (সা) অন্য এক হাদীসে বলেছেন : কিরামতের দিন আল্লার্ তা আলা তিন ব্যক্তির সাথে কথা বলবেন না, তাদের প্রতি দৃষ্টিপাত করবেন না এবং তাদের

১. ব্যভিচার, চুরি, মদ্যশান তথা কবিরা গুনাহ্ করলে "মুমিন থাকে না" কথার তাৎপর্ব হলো পূর্ণ মুমিন থাকে না। এরপ বাক্য প্রয়োগের মূল লক্ষ্য হলো গুনাহের শুরুত্ব বোঝানো। এটাই আহলুস সুন্নাত ওয়াল জামা'আতের অভিমত ।—অনুবাদক

শবিত্রও করবেন না। তাদের জন্য কঠোর শাঁতি থাকবে: (ক) বৃদ্ধ ব্যভিচারী, (খ) মিখ্যাচারী শাসক এবং (গ) অহংকারী গরীব। (মুসনিম, নাসাই)।

হয়রত আবদ্যাত্ ইব্ন মাসউদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি বললাম, ইরা রাস্লালাহ! কোন্ পাপটি আলাহ তা আলার কাছে সবচেরে বড় ? তিনি বললেন, যে আলাহ তোমাকে সৃষ্টি করেছেন তাঁর অংশীদার নির্ধারণ করা। আমি বললাম, এটা তো অবশ্য অঘন্যতম পাপ। তারপর কোন্টি বড় পাপ ? তিনি বললেন: তোমার সাথে খাওয়া-পরায় অংশ নেবে এ ভরে তোমার স্ভানকে হভ্যা করা। আমি বললাম, এরপর বড় পাপ কোন্টি ? তিনি বললেন: তোমার প্রতিবেশীর স্ত্রীর সাথে তোমার ব্যতিচারে শিশ্ব হওয়া।

রাস্থুক্সাহ (সা)-এর বাণীর সমর্থনে আক্সাহ তা আবা নিম্নোক্ত আয়াতটি নাযিশ করলেন:

"যারা আল্লাহ্র সাথে অন্য কোন ইলাহকে ডাকে না। আল্লাহ্ যার হত্যা নিষেধ করেছেন যথার্থ কারপ ব্যতিরেকে তাকে হত্যা করে না এবং ব্যতিচার করে না; যারা এগুলো করে তারা শান্তি ভোগ করেবে। কিয়ামতের দিন ওদের শান্তি দিওণ করা হবে এবং সেখানে তারা অবমাননাকর আযাবে চিরদিন পিও থাকবে। তবে তারা নয় যারা তওবা করে।" (সূরা ফুরকান: ৬৮)

হাদীসটিঘারা প্রমাণিত হর বে, প্রভিবেশীর স্ত্রীর সাথে অবৈধ যৌন সংযোগ স্থাপন করা শির্ক ও নরহত্যার ন্যার মহাপাপ। এই হাদীসবানি সহীহায়নে (বুখারী ও মুসলিমে) আছে।

সহীহ আল-ব্যারীতে হয়রত সামুরা ইয়নে জ্নদুর (য়া) স্ত্রে নবী করীম (সা)-এর মি'রাজ সম্পর্কে বে হাদীস বর্ণনা করা হয়েছে, তাতে উল্লেখ আছে-হয়রত জিবরাঈল ও হয়রত মিকাঈল (আ) তার কাছে এলেন। নবী করীম (সা) বলেন: "আমরা পথ চলতে তরু করলাম। এক পর্যায়ে আমরা তন্দ্রের মত একটি বস্তু দেখতে পেলাম, য়ার উপরের অংশ হিল সংকীর্ণ ও নিচের অংশ হিল প্রশন্ত। তিতর থেকে শোরগোল ও চিংকারের শব্দ বের হছিল। আমরা এর ভিতরের দিকে তাকিয়ে দেখতে পেলাম অনেক উলল নারী-প্রশ্ব। হঠাৎ দেখলাম আতনের শিখা তালের নিমভাগ থেকে এসে তাদের স্পর্ণ করলো। আর তারা তখন প্রচত্ত উত্তাপে চিংকার দিতে তরু করলো। আমি বললাম: ওহে ভাই জিবরাঈল। এরা কারা । হরুরত জিবরাঈল (আ) বললেন: এরা হলো ব্যভিচারী পুরুষ ও মহিলা। তাদের প্র শান্তি কিয়ামত পর্যন্ত চলতে থাকবে।" (ব্যারী) আমরা আয়াহরুর কাছে ক্ষমা ও নিরাগন্তা চাই।

আল্লাহ্ তা আলার বাণী : لَهَا سَبِّعَةُ أَبْرَاب चर्शार "আহানামের সাতটি দরজা রয়েছে : এ আরাভের তাফসীরে হয়রত আতা (র) বলেন : এদের মধ্যে যে দরজাটি

 ^{&#}x27;আতা' নামে দু'জন কিকহুশান্ত্রবিদ রয়েছেন। একজন হলেন স্কার তারিঈ ফিকহুশান্ত্রবিদ—
আতা ইবন আবৃ বিবাহ আদ-রামানী, মৃ. ১১৪ হি.। অপরজন হলেন 'আতা' ইবন ইয়াসার
(র), মৃ. ৯৭ কিংবা ১০৩ হি.।

সবচেয়ে বেশি উত্তর্জ, ক্ট্রদায়ক এবং ক্সয়ংকর, তা হলো সে সব ব্যক্তিচারী নর-নারীর জন্য যারা একাজকে পাপ জেনেও করেছে।

হ্যরত মাকহুল' দামেশকী (র) থেকে বর্ণিত। তিনি বলেছেন, জাহান্নামীরা একটি ভয়ানক দুর্গন্ধ অনুভব করে বলবে এত দুর্গন্ধ তো কথনও অনুভব করিনি। তাদের বলা হবে, এহলো ব্যক্তিসরী নর-নারীদের বৌনালের দুর্গন্ধ।

ইমামুল মুফাসসির হ্যরত ইব্ন যায়দ (র) বলেন, ব্যভিচারীদের বৌনাব্দের

দুর্শন্ধ জাহান্লামীদের সবচেরে বেশি কট্ট দেবে।

আল্লাহ্ তা আলা হবরত মৃসা (আ)-কে যে দশটি আরাত দিয়েছিলেন তার মধ্যে রয়েছে—চুরি করো না, ব্যক্তিচার করো না, যদি তা করো তবে তুমি আমার সামনে আসবে না। যেখানে আল্লাহ্ তা আলা তাঁর নবী হয়রত মৃসা (আ)-কে সম্বোধন করে এরপ কঠোর বাণী উচ্চারণ করেছেন সেক্ষেত্রে অন্যদের অবস্থা কত ভয়াবহ তা সহজেই অনুমেয়।

নবী করীম (সা) বলেছেন: শয়তান তার বাহিনীকে পৃথিবীর চারদিকে ছড়িয়ে দেয় এবং তাদের বলে, তোমাদের মধ্যে যে ব্যক্তি কোন মুসলমানকে সবচেয়ে বেশি বিভ্রান্ত করতে পারবে আমি তার মাখায় মুকুট পরিয়ে দেবো। এদের মধ্যে যে যত বড় জঘন্য কাছে লিও করাতে পারে সে শয়তানের কাছে তত বেশি মর্যাদালাভ করে। যখন কেউ এসে বলে যে, আমি অমুক দম্পতির পেছনে দেগে উভয়ের মধ্যে তালাকের চ্ড়ান্ত করে ছেড়েছি, তখন ইবলিস বলে তুমি তেমন কোন উল্লেখযোগ্য কাজ করনি। সে শীঘ্রই অন্য একটি বিয়ে করে নেবে। তারপর অন্য একজন এসে বলল, আমি অমুক দুই ভাইরের পেছনে লেগেছিলাম এবং তাদের মাঝে শত্রুতার সৃষ্টি করেছি। সে বলল, তুমি কিছুই করনি। অনতিবিলবে তারা আপোস করে নেবে। তারপর আর একজন এসে বলল, আমি অমুক লোকের পেছনে লেগেছিলাম। তাকে ব্যতিচারে লিও করে ছেড়েছি। তখন ইবলিস বলে, তুমি ভালই করেছো। তারপর সে তাকে নিজের কাছে বসায় এবং মাঝায় মুকুট পরিয়ে দেয়।

মহান আ**ল্লাহ্**র সরবারে আমরা শরতান ও তার বাহ্নীর অনিষ্ট হতে আশ্রয় প্রার্থনা করছি।

হযরত আনাস (রা) ঝেকে বর্ণিত। তিনি বলেন, রাস্ত্রাহ্ (সা) বলেছেন:
ঈমান হলো একটি জামা। আল্লাহ্ বাকে ইচ্ছা এ জামা পরান। আর বর্থন বান্দা
ব্যভিচারে লিও হয় তথ্ন আল্লাহ্ তার থেকে ঈমানের জামা খুলে নেন। এরপর যদি
সে তথবা করে, তাহলে আল্লাহ্ তার সে জামা ফিরিয়ে দেন।

মাকহুল দামেলকী: সিরিয়ার একজন ব্যাতনামা তাবিঈ কিকাহুলায়বিদ, ইমাম আওবাঈ
(র) প্রমুখ তার নিকট খেকে হাদীস বর্ণনা করেছেন। মৃ. ১১৩ হি.।

২ ইবন যায়দ-এর পরিচয় হলো—আবদুর রহমান ইবন বারদ আসদাম। তিনি স্থৃতিশক্তির ক্ষেত্রে দুর্বদ ছিলেন। মৃ. ১৮২ হি.।

নবী করীম (সা) আরও বলেছেন: হে মুসলিম জনতা! তোমরা ব্যভিচার থেকে বেঁচে থাক। কেননা এর ছয়টি কুফল রয়েছে। তিনটি কুফল দুনিয়াতে এবং তিনটি কুফল পরকালে। দুনিয়ার তিনটি হলো—তার চেহারার সৌন্দর্য নষ্ট হয়ে যায়, তার আয়ু কমে যায় এবং অভাব-অন্টন গেগেই থাকে। আর যে তিনটি কুফল পরকালে রয়েছে তাহলো, আয়াহ্ তা'আলা তার উপর অসমুষ্ট হবেন, তার নিকট হতে কঠোরভাবে হিসাব নেবেন এবং তাকে জাহান্লামের আগুনে ছলতে হবে। (বায়হাকী)

নবী করীম (সা) অপর এক হাদীসে বলেন: যে ব্যক্তি মাদকাসক্ত অবস্থায় মারা বাবে, আল্লাহ্ তাকে 'আল-গাওতাহ' নাম ঝরণা থেকে পান করাবেন। 'গাওতাহ' হলো এমন একটি ঝরণা, যা ব্যক্তিচারীণি মহিলাদের লক্ষাস্থান নির্গত পূজ পানিতে তেসে গিয়ে জাহান্লামে প্রবাহিত হবে। জাহান্লামে ওদের যৌনাঙ্গ হতে পূঁজ ও রক্তমিশ্রিত পূঁজ বের হবে। অতঃপর তা মদপ অবস্থায় মারা যাওয়া লোকদের পান করানো হবে। (আহমাদ)

হযরত রাস্পুল্লাহ্ (সা) বলেছেন: শিরকের পর সবচেয়ে বড় গুনাহ্ হলো নিজের বীর্যকে এমন মহিলার যৌনাঙ্গে নিক্ষেপ করা যে তার জন্য হালাল নয়।

রাসুলুল্লাব্ (সা) বলেছেন, জাহান্লামে একটা উপত্যকা আছে, যেখানে নানা প্রকার অজগর রয়েছে। প্রত্যেক সাপ উটের ঘাড়ের মত মোটা। নামায তরককারীদের এসব সাপ কাটবে। ঐসব সাপের বিষ তার সমন্ত দেহে ছড়িয়ে পড়বে এবং সত্তর বছরকাল ঐ বিষক্রিয়া দেহে স্থায়ী হবে। তারপর তার দেহের মাংস খসে পড়বে। জাহান্লামে আর একটি উপত্যকা আছে যার নাম হলো 'ছ্বব্ল হ্যন' (بحب الموزن)। সেখানে নানা প্রকার সাপ ও বিচ্ছু রয়েছে। প্রত্যেকটি হবে খচরের মত। তাদের সন্তরটি করে ওঁড় থাকবে এবং প্রত্যেক ওঁড়েই বিষ থাকবে। ঐসব বিচ্ছু ব্যতিচারীদের দংশন করতে থাকবে এবং বিষ ঢালতে থাকবে যা সে এক হাজার বছর পর্যন্ত করবে। অতঃপর তার শরীরের মাংস খসে পড়বে এবং তার যৌনাস থেকে পুঁজ ও পুঁজমিশ্রিত রক্ত বের হতে থাকবে। (আহ্মাদ)

হাদীস শরীফে আরও আছে: যে ব্যক্তি কোন বিবাহিতা মহিলার সাথে ব্যভিচার করবে তাদের উভয়ের উপর এ উন্মতের অর্ধেক আযাব নিপতিত হবে। যদি মহিলার স্বামীর অন্ধান্তে ব্রী এ কাজ করে থাকে তবে কিয়ামতের দিন আল্লাহ্ তা'আলা ব্যভিচারী পুরুষের নেকীগুলো তার স্বামীকে দিতে নির্দেশ দেবেন। আর যদি তার এ অপকর্মের কথা জেনেও চুপ করে থাকে তবে আল্লাহ্ তা'আলা তার জন্য জান্লাত হারাম করে দেবেন। কেননা আল্লাহ্ তা'আলা জান্লাতের দরজায় লিখে রেখেছেন: "তুমি দায়াুসের জন্য হারাম।" দায়ুস হলো ঐ ব্যক্তি যার ব্রী অশালীন ও অশ্লীলভাবে চলাফেরা করে এবং সে তার কোন প্রতিকার করে না।

হাদীস শরীফে আরও আছে: যে ব্যক্তি এমন মহিলার দেহে কামনাবেগের সাথে হাত দেবে যে তার জন্য হালাল নয়, কিয়ামতের দিন তার হাত তার কাঁধের সাথে ০৫বাঁধা অবস্থায় হাশরের ময়দানে উপস্থিত হবে। যদি সে ঐ মহিলাকে চুমো খায়, তবে জাহান্নামে তার ঠোঁট দু'টো কাটা হবে। যদি সে তার সাথে ব্যভিচার করে, তবে তার উরু তার বিরুদ্ধে কিয়ামতের দিন সাক্ষ্য দেবে এবং বলবে, "আমি হারাম কাজের জন্য তার উপর আরোহণ করেছি।" তখন আল্লাহ্ তা'আলা তার প্রতি ক্রোধের দৃষ্টিতে তাকাবেন এবং তার চেহারার গোশৃত খসে পড়বে। আল্লাহ্ বলবেন, তুমি কি করেছ ? তখন তার জিহ্বা বলবে, আমার জন্য যা হারাম ছিল তা বলেছি; তার হাত বলবে, আমি হারাম বন্ধু গ্রহণ করেছি; তার চোখ দুটো বলবে, আমি হারামের দিকে দৃষ্টিপাত করেছি। তার পা দুটো বলবে, আমি হারামের পথে অগ্রসর হয়েছি; তার বৌনার্স বলবে, আমি ব্যভিচার করেছি। রক্ষী কেরেশতাদের একজন বলবে, আমি শুনেছি এবং অপরজন বলবে আমি তা লিখেছি। আল্লাহ্ তা'আলা বলবেন, আমি এসম্বন্ধে অবগত ছিলাম কিন্তু তা গোপন রেখেছি। তারপর আল্লাহ্ তা'আলা বলবেন, "হে আমার কেরেশতাগণ! তাকে পাকড়াও করো এবং আমার শান্তির স্থাদ গ্রহণ করাও। যার লক্ষ্ণা নেই তার প্রতি আমার ক্রোধের অস্ত নেই।" এর সমর্থন পাওয়া যায় নিম্নাক্ত আয়াতে:

يَوْمَ تَشْهَدُ عَلَيْهِمْ السِنِتُهُمْ وَاَيْدِيْهِمْ وَاَرْجُلُهُمْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ .

"সেদিন তাদের বিরুদ্ধে তাদের জিহ্বা, তাদের হাত ও তাদের পা তাদের কৃতকর্ম সম্বন্ধে সাক্ষ্য দেবে।" (সূরা নুর : ২৪)

ব্যভিচারের মধ্যে নিকৃষ্টতম ব্যভিচার হলো মা, বোন, সংমা এবং যারা মুহরিম তাদের সাথে ব্যভিচার করা। হাকিম বর্ণনা করেছেন, "যে ব্যক্তি মুহরিমের সাথে ব্যভিচার করবে তাকে হত্যা করো।" বারা' (রা) বর্ণনা করেন, রাস্পুলাই (সা) তার মামাকে পাঠিয়েছিলেন এক ব্যক্তিকে হত্যা করার এবং তার সম্পত্তির এক-পঞ্চমাংশ বাজেয়াগু করার জন্য যে তার পিতার বিবাহিত ব্রী অর্থাৎ সং মাকে বিবাহ করেছিল।

আমরা আল্লাহর কাছে সাহায্য ও অনুগ্রহ কামনা করি, তিনি বেন আমাদের ক্ষমা করেন। কেননা তিনি দয়ালু ও দাতা।

১১. লেওয়াভাত বা সমকামিতা

মহান আল্লাহ্ পবিত্র কুরআনের বিভিন্ন স্থানে হযরত লৃত (আ)-এর জাতির কাহিনী বর্ণনা করেছেন। যেমন আল্লাহ্ তা'আলা বলেছেন:

فَلَمَّا جَاءَ اَمْرُنَا جَعَلْنَا عَالِيهَا سَافِلَهَا وَاَمْطَرْنَا عَلَيْهَا حَجَارَةُ مِّنْ سِجِّيْلٍ مَّنْضُوْدٍ ، مُّسَوَّمَّةً عِنْدَ رَبَّكَ ، وَمَا هِيَ مِنَ الظَّلِمِيْنَ بِبَعِيْدٍ ،

"যখন আমার আদেশ এলো তখন আমি নগরগুলোকে উল্টিয়ে দিলাম এবং ওদের উপর ক্রমাগত কাঁকর (আগুনে পোড়ানো ইটের মত বস্তু) বর্ষণ করলাম যা তোমার প্রতিপালকের নিকট চিহ্নিত ছিল। (অর্থাৎ এসব পাথরের উপর এমন সব নিদর্শন ছিল যা দেখলে সহজেই বোঝা বেতো যে, এগুলো দুনিয়ার কোন বস্তু নয়। ঐ পাথরগুলো ছিল আল্লাহ্র ভাগ্যরের, বাতে তাঁর অনুমতি ছাড়া হাত দেয়ার কারো ক্ষমতা ছিল না)। এ স্থান (নগরগুলো) সীমালংখনকারীদের হতে দ্রে নয় (অর্থাৎ এ উন্মতের যালিমগণ যদি এরপ অপকর্ম করে, তবে তাদের জন্য এ আযাব দ্রে থাকবে না)। (সূরা হুদ: ৮২)

এ কারনেই তো নবী করীম (সা) বলেছেন: তোমাদের জন্য আমি যা বেশি ভয় করি তা হলো পৃত জাতির অপকর্ম। যারা এ অপকর্মে শিশু হবে তাদের তিনবার অভিশাপ করে বলেছেন, যারা পৃত জাতির অপকর্মে অভ্যন্ত, আল্লাহ্ তাদের অভিশাপ দেন।

মহানবী (সা) আরও বলেন : "বাকে তোমরা লৃভ জাতির আমল করতে দেখ তাদের উভয়কে হত্যা কর।"

হযরত ইব্ন আব্বাস (রা) বলেছেন, এলাকার সব চেরে উঁচু দালানের উপর থেকে (সমকামীকে) কেলে দিতে হবে এবং তারপর লৃত জাতির মত পাধর চাপা দিতে হবে। মুসলিম জাতি এই মর্মে ঐকমত্য পোষণ করে যে, সমমেধুন কবীরা তনাহের অন্তর্ভুক্ত এবং আল্লাহ্ কর্তৃক অবৈধ ঘোষিত। আল্লাহ্ তা'আলা বলেছেন:

اَتَاتُوْنَ الذُّكْرَانَ مِنَ الْعَالَعِيْنَ وَتَذَرُوْنَ مَا خَلَقَ لَكُمْ رَبُّكُمْ مِّنْ أَرْوَا هِكُمْ .

"মানুষের মধ্যে তোমরা তো কেবল পুরুষের সাথেই যৌনক্রিয়া কর এবং তোমাদের প্রতিপালক তোমাদের জন্য যে ব্রীগণকে সৃষ্টি করেছেন তাদের তোমরা বর্জন করে থাক। বরং তোমরা তো সীমালংঘনকারী সম্প্রদায় (অর্ধাৎ হালাদের সীমালংঘন করে হারাম কাজকারী; তোমরা হালাল থেকে হারামের দিকে ধাবিত হজ্যো)।"

অপর এক আয়াতে আল্লাহ্ তা'আলা তাঁর নবী দৃত (আ) সম্পর্কে অবহিত করতে

গিয়ে বলেন :

وَنَجُّيْنَاهُ مِنَ الْقَرْيَةِ التَّرِيُّ كَانَتْ تَعْمَلُ الْخَبَائِثَ انَّهُمْ كَانُواْ قَوْمَ سَوْءَ فَاسِقِيْنَ .

"আমি তাকে [লৃত (আ)-কে] এমন এক জনপদ থেকে উদ্ধার করেছিলাম যার অধিবাসীরা অশ্লীল কাজে লিও ছিল। ওরা ছিল সত্য প্রত্যাখ্যানকারী সম্প্রদায়।" (সূরা আম্বিয়া: ৭৪)

তাদের জনপদের নাম ছিল সাদৃম। সেখানকার লোকেরা আল্লাহ্ তা'আলার কিতাবে বর্ণিত নোংরা কাচ্চে লিঙ ছিল। তারা পুরুষদের গুহাদ্বারে মৈথুন করতো এবং সভা ও সমাবেশগুলোতে তারা অন্যান্য বিষয়ের সাথে এই কদর্য বিষয় নিয়ে আলাপ-আলোচনা করতো এবং অন্যান্য নোংরা কান্ত করতো।

হ্যরত ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেছেন, দশটি বদ অভ্যাস দৃত সম্প্রদারের মধ্যে প্রচলিত ছিল। চুলের বেণী করা, লুঙ্গি-খোলা, বন্দুক নিক্ষেপ করা, কংকর মেরে খেলা করা, কর্তর উড়িয়ে খেলা করা, আছ্ল ফোটানো, পায়ের গাঁটের শব্দ করা, টাখনু গিরার নিচে ঝুলিয়ে লুঙ্গি পরিধান করা, লুঙ্গি পরার স্থান খোলা রাখা, মদ্যপানে অভ্যন্ত হওরা, পুং মৈখুন করা। এ উন্মতের মধ্যে আরও একটি কাল অভিরিক্ত করা, ভাহলো মহিলা সহিলায় সমমেখুন করা।

নবী করীম (সা') আরও বলেন, মহিলাদের যৌনাঙ্গ অন্য মহিলার যৌনাঙ্গের সাথে মিলিয়ে মৈখুন করা তাদের ব্যক্তিচার।

হযরত আবৃ ছরায়রা(রা)থেকে বর্ণিত।তিনিবলেন, রাস্নুয়াহ্(সা)বলেছেন: চার শ্রেণীর লোক সকাল-সন্ধ্যা আরাহর ক্রোধের মধ্যে অতিবাহিত করে। আরয় করা হলো, ইয়া রাস্লায়াহ্ (সা)! এরা কারা ? তিনি বললেন: "এরা হলো মহিলা বেশধারী পুরুষ, পুরুষ বেশধারী মহিলা, পত মেখুনকারী ও পুং মেখুনকারী।" বর্ণিত আছে যখন কোন পুরুষ অন্য কোন পুরুষের উপর উপগত হয়, তখন আরাহর গয়বের ভয়ে আরশ কাঁপতে থাকে এবং আকাশ ভেছে মাটিতে পড়ে যাওয়ার উপক্রম হয়। তখন ফেরেশভাগণ আকাশ ধরে রাখেন; আল্লাহ্র ক্রোখ প্রশমিত না হওয়া পর্যন্ত তারা সূরা ইখলাস তিলাওয়াত করতে থাকেন।

নবী করীম (সা) বলেছেন: সাত শ্রেণীর লোকের প্রতি আরার্ ডা'আলা অভিশাপ প্রদান করেন এবং কিয়ামডের দিন তাদের প্রতি দৃষ্টিপাত করবেন না। তিনি তাদের বলবেন, তোমরা অন্যান্য জাহান্নামীদের সাথে জাহান্নামে প্রবেশ করো। তারা হলো, সমমেখুনকারী (কর্তা ও বার সাথে করে উভয়ে), পও মেখুনকারী, মা ও কন্যার সাথে যারা ব্যক্তিচার করে এবং হস্ত মৈখুনকারী। তবে এরা তওবা করলে ক্ষমা পেতে পারে।

বর্ণিত আছে যে, কিয়ামতের দিন একদশ লোক নিজ নিজ হাতে গর্ভধারণরত অবস্থার হাশরের ময়দানে উপস্থিত হবে। কারণ তারা হস্তমৈথুন করতো। বর্ণিত আছে, গৃত সম্প্রদায় যে সব বদ অভ্যাসে নির ছিল, তাহলো গুটি নিরে খেলা করা, (যেমন দাবা, পালা ইত্যাদি), কবুতর উড়াবার প্রতিবোগিতা করা, কুকুরকে পরম্পর লেলিয়ে দেরা, গরু-মহিবের শিং-এর লড়াই করা, মোরণ যুদ্ধ করানো, উলঙ্গ অবস্থায় গোসলখানার প্রবেশ এবং মাপে ও ওজনে কম দেরা। যারা এসব কাজ করবে, তাদের জন্য দুর্জোণ। হাদীসে আছে-যারা কবুতর উড়িয়ে খেলা করে, তারা দরিদ্রতার স্থাদ গ্রহণ না করে মারা বাবে না। হয়রত ইব্ন আক্ষাস (রা) বলেছেন, পৃং মেথুনকারী তওবা না করে মারা গোলে কবরে শিরে শুকরে পরিণত হবে।

নবী করীম (সা) বলেন :

"আরাহ তা'আলা ঐ ব্যক্তির প্রতি দৃষ্টিপাত করবেন না যে সমমৈখুন করেছে অথবা মহিলাদের গুতাধারে মৈখুন করেছে। "আবৃ সাইদ সালকী বলেছেন : এ জাতির মধ্যে এমন এক সম্প্রদায়ের আবির্ভাক ঘটবে বাদেরকে সমকামী বলে আখ্যায়িত করা হবে এবং তাদের মধ্যে ভিন প্রকারের লোক খাকবে। এক প্রকারের লোক কৃদৃষ্টি নিক্ষেপ করবে, অপর একদল করমর্দন করবে এবং শেকোন্ড দল ঐ নোংরা কাজে লিও হবে।

উত্তেজিত হয়ে কোন মহিলা বা কিশোরের প্রতি দৃষ্টিপাত করাও ব্যতিচারের শামিল। কেননা বৃখারী, মুসলিম ও আবৃ দাউদ শরীকে আছে, নবী করীম (সা) বলেছেন: চোখের ব্যতিচার হলো দৃষ্টিপাত করা, মুখের ব্যতিচার হলো ব্যতিচারের প্রস্তাব করা আর হাতের ব্যতিচার হলো কোন মহিলাকে স্পর্ন করা, পারের ব্যতিচার হলো ব্যতিচারের পরে হাঁটা, কানের ব্যতিচার হলো ব্যতিচারের প্রস্তাব শ্রবণ করা। মন ব্যতিচারের আকাল্লা করে এবং যৌনাঙ্গ তা বাস্তবে পরিণত করে বা তা থেকে বিরত থাকে। এ কারণেই নেককার লোকেরা কিশোরদের প্রতি দৃষ্টিপাত, তাদের সাথে প্রাবসা ও মাখামাৰি থেকে বিরত থাকেন।

হ্যরত হাসান ইবনে যাকওয়ান (র) বলেছেন: তোমরা ধনী লোকদের কিশোর বালকদের সাথে ওঠাবসা করবে না। কারণ তাদের চেহারা কুমারী মেয়েদের মত। তারা মহিলাদের চেয়েও বেশি অনিষ্ট্রকারী। কোন এক তাবিঈ বলেছেন: কিশোর বালকের সাথে নির্দ্ধনে বসা কোন নেককার যুবকের জন্যও নিরপদ নয়। তারা বলতেন, কোন লোকের পক্ষে কোন কিশোর বালকের সাথে এক ঘরে বা এক দোকানে বা গোসলখানায় একত্র হওয়াকে মহিলাদের উপর অনুমান করে হারাম বলেছেন। কেননা নবী করীম (সা) বলেছেন: যখন কোন পুরুষ কোন মহিলার সাথে একান্তে অবস্থান করে, তখন শয়তান এসে তাদের মধ্যে তৃতীয় ব্যক্তি হিসেবে ভূমিকা পালন করে। (তিরমিয়ী)

কোন কোন দাড়িবিহীন যুবক মহিলাদের চেয়েও বেশি সুন্দর। কাজেই তাদের সাথে পাপাচারে লিও হওয়ার চেয়ে কোন দাড়িবিহীন যুবকের সাথে তাতে লিও হওয়া সহজ্ঞতর। একবার সুফিয়ান সাওয়ী (র) গোসলবানায় প্রবেশ করলেন। সেখানে এক সুদর্শন যুবক প্রবেশ করলে তিনি বললেন, তাকে আমার নিকট থেকে বের করে দাও। কেননা আমি দেখেছি প্রত্যেক মহিলার সাথে একজন করে শয়তান থাকে এবং প্রত্যেক কিশোরের সাথে দশের অধিক শয়তান থাকে।

একবার ইমাম আহমাদ (র)-এর নিকট এক ব্যক্তি এক সুদর্শন কিশোরকে নিয়ে উপস্থিত হলো। ইমাম সাহেব বললেন, ডোমার সাথে এ কে ? লোকটি বলল, এ আমার ভাগিনা। ইমাম সাহেব বললেন, ওকে নিয়ে ছিতীয়বার আমার এবানে আসবে না এবং ওকে সঙ্গে করে চলান্টেরা করবে না। যাতে ভোমাকে বা ওকে যারা চেনে না তারা কোন প্রকার কুধারণা করার সুযোগ না পায়।

বর্ণিত আছে, আবদুশ কায়সের প্রতিনিধি দল ধর্মন নবী করীম (সা)-এর বিদমতে এসেছিল তখন তাদের সাথে এক সুদর্শন যুবক ছিল। নবী করীম (সা) তাকে তাঁর পেছনে বসতে দেন এবং বলেন: হয়রত দাউদ (আ)-এর সময়ে প্রধান সমস্যা ছিল দৃষ্টিপাত। তারপর এ চরণতলো আবৃত্তি করলেন। "প্রত্যেক অপকর্মের সূচনা হয় দৃষ্টিপাত থেকে। ছোট ছোট অপরাধ ও পাপাচার জাহান্নামের বড় শান্তির দিকে ধাবিত করে। মানুষ যত দিন দৃষ্টিশক্তিসম্পন্ন থাকে ততদিনই সে অপরের দৃষ্টিতে সন্দেহের উর্ধ্বে নয়।" কত দৃষ্টিপাত দৃষ্টি নিক্ষেপকারীর হৃদয়কে ধনুক ও কামানবিহীন তীরে আহত করে তার ইয়ন্তা নেই। দৃষ্টি যে অনিষ্ট সাধন করে তাতে দৃষ্টিপাতকারী সন্তুষ্ট হয় বটে কিন্তু এরপ অনিষ্টের আগমন অভিবাদনলাতের যোগ্য নয়।

কথায় বলে দৃষ্টিপাত ব্যক্তিচারের ডাকবাক্স। হাদীস শরীকে আছে, দৃষ্টিপাত হলো শয়তানের তীরসমূহের মধ্যে বিষাক্ত তীর। যে ব্যক্তি আল্লাহ্র উদ্দেশ্যে এ থেকে বিরত থাকবে, আল্লাহ্ তা'আলা তার অন্তরে ইবাদতের স্থাদ প্রবিষ্ট করাবেন যা কিয়ামত পর্যন্ত অব্যাহত থাকবে।

অনুচ্ছেদ : কুথবৃত্তি হারা পরিচালিত হওয়ার পরিণাম

হযরত খাদিদ ইব্ন ওয়াদীদ (রা) থেকে বর্ণিত। তিনি একবার হযরত আবৃ বকর সিদ্দীক (রা)-এর নিকট এই মর্মে সমাধান চেয়ে পত্র লেখেন যে, তার প্রশাসনিক এলাকায় এমন এক লোক পেয়েছেন যে তার স্ত্রীর গুহাদ্বারে মৈপুন করে। এ ব্যাপারে আবৃ বকর (রা) সাহাবীদের সাথে পরামর্শ করলেন। হযরত আলী (রা) বললেন, এটা এমন একটি জঘন্য পাপ যা হযরত লৃত (আ)-এর সম্প্রদায় ছাড়া কেউই করেনি। আল্লাহ্ তা'আলা এ সম্প্রদায়কে কিভাবে শান্তি দিয়েছেন তা তিনি আমাদের জানিয়ে দিয়েছেন। আমার অভিমত হলো–তাকে আগুনে পুড়িয়ে মায়তে হবে। অতঃপর হযরত আবৃ বকর (রা) খালিদ ইবনে ওয়ালীদ (রা)-কে নির্দেশ মুতাবিক ঐ লোকটিকে পুড়িয়ে মারায় জন্য লিখলেন। তিনি তাকে পুড়িয়ে মায়লেন।

হযরত আলী (রা) বলেছেন, যে ব্যক্তি কুপ্রবৃত্তি হারা প্রভাবিত হয়ে অবৈধ মিলনে প্রবৃত্ত হয়, তার মনে নারীর প্রতি কামনা ও বাসনার উদ্রেক হয়, আল্লাহ্ তা'আলা তাকে কবরে কিয়ামত পর্যন্ত অভিশক্ত শয়তান হিসেবে রাখেন।

মুসলিম উন্মাহ এ মর্মে ঐকমত্য পোষণ করে যে, যে ব্যক্তি তার ক্রীতদাসের সাথে সমমৈথুনে লিঙ হয়, সে পুং মৈথুনকারী অপরাধী।

বর্ণিত আছে যে, একবার হযরত ঈসা (আ) শ্রমণে বের হয়েছিলেন এবং শ্রমণকালে দেখতে পেলেন যে, একটি লোক আগুনে পোড়া যাছে। হযরত ঈসা (আ) পানি নিয়ে তা নিভাতে চাইলেন। তখন আগুন একটি বালকে পরিণত হলো এবং লোকটি আগুনে রূপান্তরিত হলো। এতদদর্শনে হযরত ঈসা (আ) অবাক হয়ে বললেন, হে আমার রব! এ দু'জনকে দুনিয়াতে যেরূপ ছিল সেরূপ বানিয়ে দিন আমি ভাদের অবস্থা সম্পর্কে জানবো। আল্লাহ্ তা'আলা তাদেরকে জীবিত করে দিলেন এবং একজন পুরুষ ও অপরজন বালকে পরিণত হলো। তখন হযরত ঈসা (আ) তাদের জিজ্ঞেস করলেন, তোমার অবস্থা কি? লোকটি বলল, হে রুহুল্লাহ্! আমি দুনিয়াতে এ বালকটিকে ভালবাসভাম এবং যৌন আবেগে উদুদ্ধ হয়ে তার সাথে অবৈধ কাজ করভাম। তারপর আমার ও বালকটির মৃত্যু হলে একবার সে আগুন হয়ে আমাকে পোড়ায় এবং আর একবার আমি আগুন হয়ে তাকে পোড়াই। আল্লাহ্র আযাব হতে আমরা পরিত্রাণ কামনা করছি এবং তাঁর কাছে ক্ষমা ভিক্ষা করছি। আর এমন কাজের সুযোগ চাচ্ছি যা তিনি পছন্দ করেন ও যাতে তিনি সম্ভুষ্ট হন।

পরিদেশ

মহিলাদের গুহাম্বার দিয়ে মৈপুন করাও সমমৈপুন বা লেওয়াভাতের শামিল এবং তা আল্লাহ্ ও তাঁর রাস্ল হারাম করেছেন। মহান আল্লাহ্ বলেছেন:

"তোমাদের ব্রীগণ তোমাদের শস্যক্ষেত স্বরূপ। অভএব তোমরা তোমাদের শস্যক্ষেত্রে যেভাবে ইচ্ছা গমন করতে পারো।" অর্থাৎ সামনের দিক থেকে অথবা শেহুনের দিক থেকে যেদিক থেকে ইচ্ছা করো তাদের সাথে যৌন সঙ্গম করতে পার। তবে প্রবেশ করাবার স্থান এক অর্থাৎ শ্রী অঙ্গ।

এ আয়াতটির শানে নুযুশ হলো, হযরত রাস্বুক্সাই (সা)-এর যামানায় ইয়াচ্নীরা বলতো, যদি কোন ব্যক্তি তার ব্রীর সাথে যৌনাঙ্গে পেছনের দিক থেকে সঙ্গম করে এবং তাতে সস্তান জন্ম নিশে সে সন্তান কানা হয়। সাহাবাগণ এ সলার্কে নবী করীম (সা)-এর কাছে জানতে চাইলে আক্সাহ্ তা আলা ইয়াহ্দীদের দাবির অসারতা প্রমাণ করে এই আয়াতটি নাবিশ করেন। (মুসলিম)

जना तिल्यादार जारह: اِتُقُوا الدَّبُّرُ وَالْحَيْمَةُ "लामता उराबाद এবং" اِتُقُوا الدَّبُرُ وَالْحَيْمَةُ ''जा प्रायलगानी मिहना राज जावधान (थरका اِتُقُوا الدَّبُرُ وَالْحَيْمَةُ الْعَالِمَةُ الْعَلَيْمُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ

কেননা শুহাধার এবং শুড়কালে ব্রীঅঙ্গ অপরিষ্কার এবং নোংরা থাকে। এ প্রসঙ্গে আবৃ হুরায়রা (রা) বর্ণনা করেন। রাস্পুরাহ্ (সা) বলেছেন:

"যে ব্যক্তি ঋতুমতী অথবা নীর মলদার দিয়ে যৌন সঙ্গম করে, সে অভিশপ্ত।"
ইমাম তিরমিয়ী আবৃ হরাররা (রা) থেকে বর্ণনা করেছেন। রাস্পুল্লাহ্ (সা)
বলেছেন: যে ব্যক্তি ঋতুমতী মহিলার সাথে সঙ্গম করবে অথবা গণকের কথা বিশ্বাস
করবে, সে যেনো মুহাম্মদ (সা)-এর উপর যা নাযিল হয়েছে তার প্রতি কৃষ্ণরী
করলো। স্তরাং যে ঋতুমতী নীর সাথে সঙ্গম করলো অথবা নীর মলদার দিয়ে সঙ্গম
করলো সে অভিশপ্ত এবং এ কঠোর সতর্ক বাণীর অন্তর্ভুক্ত। এছাড়া যারা গণকের
কথায় বিশ্বাস করে ও হন্তরেখা দেখে ভবিষ্যদ্বাণীকারীর বিশ্বাস করে, তারা সকলেই
এর অন্তর্ভুক্ত।

ك. قبول في مسمام وأحدي এর অর্থ হচ্ছে একই স্থান দিয়ে সঙ্গম করবে, সামনের দিক দিয়ে হোঁক কিবো পেছনের দিক দিয়ে। আর তা হচ্ছে ব্রীর শরমগাহ। কেননা এটিই সম্ভান উৎপাদন ক্ষেত্র।

ষারা চোরাই মালের হদীস পাওয়া এবং অদৃশ্য বিবরে জ্ঞানার জন্য পশকের সঙ্গে আলাপ করে এবং গণক তাদের দাবির সত্যতা প্রমাণ করে, তারা সবাই অভিশণ্ড।

সমাজের অনেক অন্ত লোক এসব পাপাচারে লিও। আর এর মূলে ররেছে তাদের দীন সম্পর্কে অজ্ঞতা বা জ্ঞানের দীনতা। এ কারণেই আবৃদ্ দারদা (রা) বলেছেন: "তুমি আন্দিম হও অথবা বিদ্যার্জনকারী হও অথবা শ্রবণকারী হও। অথবা বিদ্যার্জনকারী হও অথবা শ্রবণকারী হও। অথবা বিদ্যার্জনকারীকে ভালবাস। এর বাইরে পঞ্চম শ্রেদীর অন্তর্ভূক্ত হয়ো না, তাহলে ধাংস হবে। আর পঞ্চম শ্রেদী বলতে বুঝানো হয়েছে তাদেরকে, যারা বিশ্বন নর।"

বিদ্যার্জন করে না, জ্ঞানের বাণী শোনে না। আর যারা এ তিন প্রকার কাজ করে তাদের ভালবাসে না। আল্লাই তা'আলার কাছে সকল প্রকার গুনাই ইতে তওবা করা প্রত্যেক বান্দার জন্য অবশ্য কর্তব্য। তুল ও অজ্ঞতার বশবর্তী হরে বেসব পাপাচারে সে লিও হয়েছে তা থেকে আল্লাইর কাছে ক্রমা প্রার্থনা করা উচিত এবং জীবনের অবলিষ্ট অংশ সংকর্মে ও পুণ্যের কাজে ব্যয় করার জন্য আল্লাইর কাছে তওফিক চাওয়া উচিত। হে আল্লাই। আমরা আপনার দরবারে দীন ও দুনিয়ার ক্রমা ও নিরাপত্তা কামনা করছি। নিক্রই আপনি শ্রেষ্ঠতম কর্মশাময় ও বড়ই মেহেরবান।

আল্লাহ্ তা আলা বলেন:

يٰاَيُّهَا الَّذِيْنَ الْمَنُوا لاَ تَأْكُلُواْ الرِّبُوا اَحْمُعَافًا مُضْمَعَفَةً وَاتَّقُواْ اللَّهُ لَعَلَّكُمْ تُفْلِحُونَ .

"হে ঈমানদারপণ। তোমরা ক্রমবর্ধমান হারে (ছিগুণ চর্তুগুণ বা চর্ক্রবৃদ্ধি হারে) সুদ খেয়ো না এবং আল্লাহ্কে ভর করো, তবেই তোমরা সফলকাম হতে পারবে।" (সূরা আলে-ইমরান: ১৩০)

আল্লাহ্ তা আলা অন্যত্র বলেন :

ٱلَّذِيْنَ يَاٰكُلُوْنَ الرِّبُوا لاَيَقُومُونَ الاَّكَمَا يَقُومُ الَّذِي يَتَخَبَّطُهُ الشَّيْطُنُ مِنَ الْمَسَ ذَٰلِكَ بِإِنَّهُمْ قَالُوا ابْتَمَا الْبَيْعُ مِثْلُ الرَّبُوا ،

"যারা সৃদ **খার তারা কবর** হতে কিয়ামতের দিন সে ব্যক্তির মতো দাঁড়াবে, যাকে শারতান স্পর্শ **ছারা পাগল** করে। আর তা এজন্য যে, তারা বলে, বেচাকেনা তো সুদের মতই।" (সুরা বাকারা: ২৭৫)

অর্থাৎ আল্লাহ্ যা হারাম করেছেন তারা তা হালাল বলে গণ্য করেছে। কিয়ামতের দিন আল্লাহ্ তা আলা যখন সকল মানুষকে পুনর্জীবিত করবেন তখন তারা সকলে তাড়াহুড়া করে হাশরের ময়দানে উপস্থিত হবে। কিন্তু সুদখোররা তাড়াহুড়া করতে গিয়ে পড়ে যাবে। কেননা দুনিয়াতে তারা যে হারাম সুদ খেয়েছে আল্লাহ্ তা আলা তা পরিমাণে বাড়াতে থাকবেন এবং কিয়ামতের সময় তা বিরাট বোঝায় পরিণত হবে। তাই তারা যখনই হাশরের মাঠ পাড়িদেবার জন্য দৌড়াতে চাইবে, তখন বোঝার ভারে পড়ে যাবে। অন্যদের সাথে পাল্লা দিয়ে দৌড়াতে চাইলেও তারা দৌড়াতে পারবে না।

হযরত কাতদা (রা) বলেছেন : সুদখোর কিয়ামতের দিন পাগল হয়ে উঠবে। তাদের অবস্থা দেখেই অন্যরা বুঝতে পারবে যে, এরা সুদখোর ছিল।

হযরত আবৃ সাঈদ খুদরী (রা) বর্ণনা করেন, রাস্লুল্লাহ্ (সা) বলেছেন, যথন আমাকে মিরাজে নেয়া হয়েছিল তথন আমি এমন একদল লোকের নিকট গেলাম যাদের পেট ছিল সামনে ঝুলানো এবং তাদের প্রত্যেকের পেট এক-একটি বড় ঘরের মত। তাদের পেটের ভার তাদের ঝুঁকিয়ে রেখেছে। তাদেরকে কেরাউন পরিবারের মতো সকাল-সন্ধ্যায় জাহান্লামের ছারপ্রান্তে উপনীত করা হয়। তারা পরাভূত উটের মত অগ্রসর হয়, কিছু শোনেও না, বুঝেও না। এসব পেটওয়ালা যখন তাদের অবস্থা

বুরতে পারবে তখন তারা উঠে দাঁড়াবে কিন্তু পৈটেরজন্য তারা পড়েযাবে। অগসর হতে
পারবে না। আর এ অবস্থায় তাদের ফেরাউনের বংশধররা ঘিরে ধরবে এবং সামনে ও
পেছনের দিক থেকে তারা তাদের প্রতিবন্ধকতা সৃষ্টি করবে। এই শান্তি তারা দুনিয়া
ও আখিরাতের মধ্যবর্তী সময়ে আদমে বর্ষাথে জোগ করতে থাকবে। নবী করীম (সা)
বলেন, আমি বললাম হে জিবরাইল! এরা কারা ? তিনি বললেন, এরা হলো সৃদখোর।
ওরা ঐসব লোকের মত উঠবে বাদের শয়তান স্পর্যারা পাগল করে দিয়েছে।

অপর এক বর্ণনায় আছে, হ্বরত নবী করীম (সা) বলেছেন : মিরাজের রাতে আমাকে বখন আসমানে নিয়ে যাওয়া হলো তখন সপ্তম আসমানে আমার মাথার উপর মেঘের গর্জন এবং বছ্রধানি তনতে পেলাম। আর এমন কিছু সংখ্যক লোক দেখতে পেলাম যাদের পেট বড় আকারের ঘরের মতো সামনের দিকে ঝুলে পড়েছে। এতে রয়েছে সাপ গুবিজু এবং এগুলো পেটের বাইরে ধেকেই দেখা যাছে। আমি বললাম "হেজিবাইল। এরা কারা ? তখন তিনি বললেন, এরা হলো সুদখোর।" (আহমাদ ও ইবন মাজাহ)

হ্যরত আবদুর রহমান ইব্ন আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রা) তার পিতা থেকে বর্ণনা করেন, "যখন কোন গ্রামে ব্যক্তিচার ও সুদ ব্যাপক হর তখন আল্লাহ্ তা আলা সে এলাকা ধাংস করে দেয়ার নির্দেশ দেন।"

হ্ষরত উমর (রা) নবী করীম (সা) থেকে বর্ণনা করেন, যখন মানুষ টাকা-কড়ি নিয়ে কার্পণ্য দেখাবে, মূল্যবান আসবাবপত্র ও অলংকার ক্রয় করবে, গরু ও অন্যান্য গৃহপালিত পত্তর লেজের অনুসরণ করবে এবং জিহাদ পরিত্যাগ করবে তখন আল্লাহ্ তা'আলা বিপদ-আপদ নাযিল করবেন। অতঃপর দীনে ফিরে না আসা পর্যন্ত তাদের থেকে এ বিপদ তুলে নেবেন না। (আবু দাউদ)

নবী করীম (সা) বলেছেন, যে সম্প্রদায়ের মাঝে সৃদ ব্যাপক আকার ধারণ করে, তাদের মধ্যে পাগলের অধিক্য দেখা যায়। যে সম্প্রদায়ের মধ্যে ব্যভিচার বৃদ্ধি পায়, তাদের মধ্যে মৃত্যুর হার বেড়ে যায়। আর যেখানকার অদিবাসীরা মাপে-ওজনে কম দেয়, আল্লাহ্ তাদের উপর বৃষ্টিপাত বন্ধ করে দেন। (ইব্ন মাজাহ্, বাযযার, বায়হাকী ও হাকিম)

রাসূলুল্লাই (সা) তাঁর স্বপ্ন সম্পর্কে এক দীর্ঘ হাদীদের একাংশে বলেন, সুদখোরকে মৃত্যুর পর থেকে কিয়ামত পর্যন্ত আযাব দেয়া হবে। আর তার আযাব হবে, তাকে এমন নদীতে সাঁতার কাটতে হবে যার পানি হবে রক্তের মত লাল। সুদের ভিত্তিতে দুনিয়ায় বসে অতি কট্টে যে মাল সঞ্চয় করেছে, আর হারাম মাল সঞ্চয় করার জন্য তাকে আন্তনের পাধর খেতে হবে। এহলো তার কিয়ামতের পূর্ব পর্যন্ত বর্ষাখী জীবনের শান্তি এবং এর সাথে থাকবে তার প্রতি আল্লাহ্র অভিশাপ। (বুখারী)

হযরত রাস্লুল্লাহ (সা) বলেছেন: চার ব্যক্তিকে জান্নাতে প্রবেশ করতে না দেয়া এবং জান্নাতের নেমতরান্ধি থেকে বঞ্চিত করা আল্লাহ্র হক। এরা হলো, মদ্যপায়ী, সুদখোর, অন্যায়ভাবে ইয়াতীমের মাল আত্মসাংকারী এবং পিতামাতার অবাধ্য সন্তান। তবে তওবা করলে এরা মাফ পেতে পারে। বর্ণিত আছে যে, সৃদধোর কিয়ামতের দিন সূদৃ খাওয়ার অপরাধের শান্তিষক্ষপ কুকুর ও শৃকরের আকৃতিতে হাশরের মাঠে উপস্থিত হবে। যেমন হযরত দাউদ (আ)-এর সময় আল্লাহ্র হকুমকে উপেক্ষা করে শনিবার মংস্য শিকারের জন্য একদল লোক বানর ও শৃকরে পরিণত হয়েছিল। তারা শনিবারে মাছ না ধরে তা কৌশল করে পুকুরে আবদ্ধ করে রেখেছিল এবং রবিবারে ধরেছিল। ফলে আল্লাহ্ তা'আলা তাদের বানর ও শৃকরে পরিণত করেছিলেন। অনুরপভাবে যারা নানা প্রকার কৌশল অবলম্বন করে, আল্লাহ্ তা'আলার কাছে তাদের টালবাহানা কিছুই গোপন থাকে না।

আইম্ব সখতিয়ানী (র) বলেছেন, বেমন করে অবোধ শিতদের ধোঁকা দেরা হয়, তেমনি তারা আরাহ্কে ধোঁকা দেরার চেষ্টা করে। যদি তাদের একাজের শান্তি সরাসরি হতো তাহলে তাদের জন্য সহজ্ঞতর হতো।

হ্যরত নবী করীম (সা) বলেছেন : সুদের সম্ভরটি তার রয়েছে। সহজ তারটি হলো আপন মাকে বিয়ে করার মত। বড় সুদ হল মুসলমান ভাই-এর ইয্যত আবদ্ধতে হতক্ষেপ করা।

হ্যরত আনাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একবার রাস্পুরাই (সা) আমাদের উদ্দেশ্যে প্রদন্ত খুতবার সৃদ প্রসঙ্গে বলেন: সুদের ভিন্তিতে যে দিরহামটি প্রহণ করা হয় ইসলামে তা ছত্রিশটি ব্যভিচারের চেয়েও জঘন্যতর অপরাধ। তিনি আরও বলেছেন: সুদের সম্ভরটি পাপ রয়েছে। এর মধ্যে স্বচেয়ে সহজটি হলো মায়ের সাথে ব্যভিচার করার অপরাধ তুল্য।

অপর এক রিওয়ায়েতে আছে : এর মধ্যে সহস্কতম হঙ্গো মাকে বিয়ে করার তুপ্য। (ইব্ন আবিদ দুনিয়া ও বায়হাকী)

হযরত আবু বকর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, সুদ গ্রহিতা ও সুদদাতা উভয়ই জাহানামী। আমরা আক্লাত্র কাছে আশ্রয় চাই।

পরিক্ষেদ

আবৃ আবদুর রহমান ইব্ন মাসউদ (রা) বলেন, বদি কোন ব্যক্তি তোমার নিকট থেকে ঋণ নেয় এবং সে ডোমার কাছে কোন হাদীয়া (উপঢৌকন) পাঠার ডাহলে ভূমি তা গ্রহণ করবে না। কেননা এটা সুদ।

হযরত হাসান বসরী (র) বলেছেন, যদি তুমি কারো নিকট পাওনাদার হও এবং এ অবস্থার তুমি যদি তার বাড়িতে খাও, তাহলে তা সুদ হবে। এর সমর্থনেই নবী করীম (সা)-এর বাণী হলো: "ঋণের জন্য যে লাভ হয় তাই সুদ।"

হযরত আবদ্য়াহ ইবন মাসউদ (রা) আরও বলেন, কোন ব্যক্তি যদি কারো জন্য সুপারিশ করে এবং তার বিনিময়ে তাকে কোন উপহার দেয়, তাও সুদ। এ কথার সমর্থনে নিম্নোক্ত হাদীসটি বিশেষভাবে উল্লেখযোগ্য:

"যে ব্যক্তি কোন এক গোকের জন্য কোন এক ব্যাপারে সুপারিশ করল এবং তার বিনিময়ে তাকে উপঢৌকন দিল এবং সে তা গ্রহণ করল, সে সুদের একটি বড় ছারে এসে উপনীত হলো।" (আৰু দাউদ)

১৩. ইয়াতীমের মাল আত্মসাৎ করা এবং তার উপর যুলুম করা

আক্লাহ্ তা আলা বলেন :

إِنَّ الَّذِيْنَ يَاٰكُلُونَ آمُوالَ الْيَتَعَمِّى ظُلُمًا إِنَّمَا يَاْكُلُونَ فِي الْمُلُونَ فِي المُكُلُونَ فِي بِطُونِ فِي المُكُلُونَ مَا يَاكُلُونَ مَا الْمُطُونِ فِي المُكُلُونَ مَا اللهِ المُكُلُونَ مَا اللهِ اللهُ اللهِ اللهُ الله

"নিকয়ই যারা ইয়াতীমদের সম্পদ অন্যায়ভাবে গ্রাস করে, তারা তাদের উদরে অপ্লি ভক্ষণ করে; অচিরেই তারা জ্বসন্ত আন্তনে জ্বলবে।" (সূরা নিসা : ১০)

وَلاَ تَقْرَبُواْ مَالَ الْيَتِيْمَ الاَّ بِالَّتِي هَى آحْسَنُ حَتَّى يَبْلُغَ أَشُدُّهُ .

"পিতৃহীন বরঃপ্রাপ্ত না হওয়া পর্বস্ত সদুদ্দেশ্য ছাড়া তার সম্পত্তির নিকটবর্তী হয়ো না ৷" (সূরা বনী ইসরাঈশ : ৩৪)

হযরত আব্ সাঈদ খুদরী (রা) থেকে বর্ণিত আছে। রাস্পুরাহ (সা) মিরাজ প্রসঙ্গে বলেছেন, হঠাৎ আমি কভঙলো লোক দেখতে পেলাম যাদের দাঁড়ি ছেঁড়ার জন্য কতগুলো লোক নিযুক্ত করা হয়েছে এবং তারা তাদের দাঁড়ি ছিড়ছে। অন্য একদল লোক জাহান্নাম থেকে পাধর এনে তাদের মুখে নিক্ষেপ করছে যা তাদের মলধার দিয়ে বেরিয়ে যাকে। আমি বললাম, ওহে জিবরাইল। এরা কারা ? তিনি বললেন, এরা হলো সেসব লোক যারা ইয়াতীমের মাল অন্যায়ভাবে ভক্ষণ করেছিল—আসলে তারা আন্তনই ভক্ষণ করেছিল। (মুসলিম)

হ্বরত আবৃ হ্রায়রা (রা) থেকে বর্ণিত। রাস্পুরাহ্ (সা) বলেছেন:

يَبْعَثُ اللَّهُ عَنْ وَجَلٌ قَدُمَا مِنْ قُبُورِهِمْ تَخْدُجُ النَّادُ مِنْ بُكُورِهِمْ تَخْدُجُ النَّادُ مِنْ بُطُونِهِمْ تَأْجُعُ اَهْوَاهُهُمْ نَارًا ، قِيلُ مَنْ هُمْ يَا رَسُولُ اللَّه ؟ قَالَ الْمَدْتُرُ أَنَّ اللَّهَ تَعَالَى يَقُولُ ؛ إِنَّ الَّذِيْنَ يَأْكُلُونَ اَمْوالَ الْيَتَعْمَى ظُلُمًا اِنَّمَا يَأْكُلُونَ أَمْ يُطُونِهِمْ نَارًا .

"আল্লাহ্ তা আলা কিয়ামতের দিন এমন একদলকে কবর খেকে উঠাবেন যাদের পেট থেকে আগুন বের হতে খাকবে এবং মুখ ভর্তি থাকবে আগুন। আর্য করা হলো, ইয়া রাস্লুল্লাহ্ (সা)! এরা কারা ? তিনি বললেন : তুমি কি জান না যে, আল্লাহ্ তা আলা বলেছেন : "যারা ইয়াতীমের মাল অন্যায়ভাবে গ্রাস করে তারা তাদের পেটে আগুন ভক্ষণ করে।" (সূরা নিসা : ১০) হযরত সুদ্দী (র) বলেন, "কিয়ামতের দিন আল্লাহ্ তা'আলা অন্যায়ভাবে ইয়াতীমের মাল ভক্ষণকারীকে এমন অবস্থায় হাশরের ময়দানে উপস্থিত করবেন যে, তার মুখ, কান, চোখ এবং নারু দিয়ে আন্তন বের হতে থাকবে। তাকে দেখামাত্রই সকলে বুঝতে পারবে যে, এ ব্যক্তি ছিল ইয়াতীমের মাল ভক্ষণকারী।"

উলামায়ে কিরাম বলেন : ইয়াতীমের অভিভাবক যদি গরীব হয় এবং তার মালের যথার্থ ব্যবহার ও বিনিয়োগের মাধ্যমে বৃদ্ধির যথাসাধ্য চেষ্টা চালায়, তাহলে ঐ মাল থেকে ন্যায়সঙ্গতভাবে খাওয়াতে তার কোন দোষ নেই। আর অন্যায়ভাবে ও অতিরিক্ত খেলে তা হবে হারাম। কারণ মহান আল্লাহ্ বলেছেন :

وَمَنْ كَانَ غَنيِّا فَلْيَسْتَعْفِفْ وَمَنْ كَانَ فَقِيدًا فَلْيَا كُلُّ الْمَعْرُوْف .

"যে অভাবমুক্ত ও ধনী সে যেন তা (ইয়াতীমের মাল খাওয়া) থেকে নিবৃত্ত থাকে এবং যে বিস্তহীন ও দরিদ্র সে যেন সংগত পরিমাণে ভোগ করে।" (সূরা নিসা : ৬)

ন্যায়সঙ্গতভাবে খাওয়ার ব্যাপারে চারটি অভিমত রয়েছে। ১. ধার হিসেবে গ্রহণ করা, ২. অপব্যয় না করে প্রয়োজনমাফিক খাওয়া, ৩. ইয়াতীমের পক্ষে যে পরিমাণ কাজ করবে সে পরিমাণ খাওয়া এবং ৪. প্রয়োজনের সময় গ্রহণ করে সামর্খ্যবান হলে তা পরিশোধ করে দেরা। যদি সক্ষম না হয় তবে তা হালাল হবে। এ অভিমতগুলো ইবনে জাওয়া (র) তাঁর তাফসীরে উল্লেখ করেছেন।

বুখারী শরীকে বর্ণিত আছে—রাস্পুরাহ (সা) বলেছেন: "আমি ও ইয়াতীমের বিশ্বাদার ব্যক্তি জান্নাতে এভাবে থাকবো।" এই বলে তিনি তর্জনি ও মধ্যমা আতুশদর দারা ইন্নিত করলেন এবং এদুটি আছুল একত্র করে দেখালেন।

মুসলিম শরীফে বর্ণিত আছে—নবী করীম (সা) বলেছেন: "ইয়াতিমের বিমাদার ও আমি জানাতে এ দু'টির মত থাকবো।" একথা বলে তিনি তর্জনি এবং মধ্যমা আঙ্গুলম্বর ঘারা ইশারা প্রদান করলেন।

ইয়াতীমের তত্ত্বাবধান গ্রহণের অর্থ তার কার্যাবদী তদারকি করা এবং তার কল্যাণে সচেষ্ট থাকা, তার বাওয়া-পরা ও তার সম্পদ থাকলে তা বাড়ানোর ব্যাপারে চেষ্টা করা। আর যদি তার সম্পদ না থাকে তাহলে আল্লাহ্র সম্ভূষ্টিলাভের উদ্দেশ্যে তার খাওয়া-পরার জন্য ব্যর করতে হবে। এ ইয়াতীম আখীয় হতে পারে আবার অনাত্মীয়ও হতে পারে। কোন অবস্থাতেই দায়িত্মুক্ত মনে করা যাবে না। আখীয়দের মধ্যে যাদেরকে ইয়াতীমের দায়িত্ব ও বিশ্বাদারী গ্রহণ করতে হবে তারা হলো দাদা, ভাই, মা, চাচা, মারের স্বামী, মামা প্রমুখ আখীয়।

অপরিচিত বা অনাত্মীয় সেই ব্যক্তি যার সাথে আত্মীয়তার কোন সম্পর্ক নেই। রাস্পুরাহ্ (সা) বলেছেন : مَنْ ضَمَّ يَتَيْمًا مِّنَ الْمُسْلِمِيْنَ الى طَعَامِهِ وَشَرَابِهِ حَتَّى يُغْنِيهِ اللهُ تَعَالَى اَوْجَبَ اللهُ لَهُ الْجَنَّةَ الاَّ اَنْ يَعْمَلُ ذَنْبًا لاَّ يُفْفَلُ .

"যে ব্যক্তি কোন মুসন্দিম ইয়াতীমের ভরণ-পোষণের দায়িত্ব গ্রহণ করবে আল্লাহ্ তাকে অভাবমুক্ত না করা পর্যন্ত—আল্লাহ্ তা'আলা তার জন্য জান্লাত ওয়াজিব করবেন। তবে এর দ্বারা তার কৃত তনাহ মাফ হবে না।"

যে ব্যক্তি আল্লাহ্র সন্তুষ্টির জন্য ইয়াভীমের মাধার হান্ত বুলাবে সে যতগুলো চুলের উপর দিয়ে হাত বুলাবে তার প্রত্যেকটি চুলের বিনিময় একটি করে নেকী পাবে। এবং যে ব্যক্তি কোন ইয়াতীম বালক বা বালিকার সাধে সদয় ব্যবহার করবে সে এবং আমি জান্নাতে এভাবে থাকবো। (আহমাদ)

এক ব্যক্তি হযরত আবৃদ্ দারদা (রা)-কে বলদ, আমাকে কিছু উপদেশ দিন।
তিনি বলদেন, ইরাতীমের প্রতি দয়া করো, তাকে কাছে টেনে নাও এবং তোমার
খাবার হতে তাকে খেতে দাও। কারণ আমি জনেছি, একব্যক্তি রাস্লুরাহ্ (সা)-এর
কাছে অস্তরের কাঠিন্যের অভিযোগ করলে তিনি তাকে বললেন, "বদি তুমি তোমার
অস্তরকে কোমল করতে চাও তাহলে ইয়াতীমকে তোমার নিকটে টেনে নাও। তার
মাথায় হাত বুলাও এবং তাকে তোমার খাদ্য থেকে তাকে খেতে দাও। এতে তোমার
অস্তর কোমল হবে এবং তোমার উদ্দেশ্য সফল হবে।" (আহমাদ)

কোন এক বুযুর্গ বলেছেন, আমি আমার প্রথম জীবনে নানা প্রকার পাপাচার ও মাদকদ্রব্য পানে আসক্ত ছিলাম। একদা এক দরিদ্র ইয়াতীমের সাথে পরিচিত হলাম এবং তাকে গোসলখানায় নিয়ে ভালভাবে গোসল করিয়ে পরিষার-পরিচ্ছনু করে তুললাম আর লোকেরা নিজের ছেলেকে যেভাবে আদর-যতু করে সেভাবে আমি তাকে আদর-যত্ন করলাম। তারপর এক রাডে আমি স্বপ্নে দেখলাম যে, কিয়ামত কারেম হয়ে গেছে এবং আমাকে হিসাবের জন্য ডাকা হয়েছে। আর আমার কৃত পাপাচারের জন্য আমাকে জাহান্রামে নিয়ে যাওয়ার আদেশ দেওয়া হয়েছে। অতঃপর আমি দেখলাম জাহান্লামের ফেরেশভারা টানাহেঁচড়া করে অপদস্থ অবস্থায় জাহান্লামের **फित्क निराय यात्वर । रुठी९ औ रेय्राजीय वामकिंग धरम পথে वाधांत्र मृष्टि करत वनम**, ওহে ফেরেশতাগণ। ভোমরা তাকে ছেড়ে দাও এবং আমাকে রবের কাছে তার জন্য সুপারিশ করতে দাও। সে আমার সাথে ভাশ ব্যবহার করেছে এবং আমাকে আদর-যতু করেছে। তবন ফেরেশতারা বলন, আল্লাহুর আদেশ পালন করতে আমরা বাধ্য। সাথে সাথে আল্লাহ তা'আলার পক্ষ থেকে আওব্লাফ এলো, তাকে ছেড়ে দাও, আমি বালকের সুপারিশ ও তার প্রতি সদয় ব্যবহারের বিনিময়ে তাকে মাফ করে দিলাম। ঐ বৃষুর্গ বলেন, আমি ঘুম থেকে জেগে উঠে আল্লাহুর কাছে তওবা করলাম এবং ঐ ইয়াতীমের প্রতি যথাসাধ্য সাহায্য ও সহানুভূতি প্রদর্শন করতে থাকলাম :

একারশেই রাস্পুরাত্(সা)-এর বাদেম হবরত আনাস ইবনে মালিক (রা)বলেছেন: সর্বোত্তম ঘর হলো ঐ ঘর যে ঘরে ইয়াতীম রয়েছে এবং তার সাথে তাল ব্যবহার করা হয়। নিকৃষ্টতম ঘর হলো ঐ ঘর যেখানে ইয়াতীম আছে এবং তার প্রতি খারাপ ব্যবহার করা হয়। আর আল্লাহ্ তা'আলার প্রিয়তম বান্দা হলো সেই, যে ইয়াতীম ও বিধবার প্রতি ভাল ব্যবহার ও সনাচরণ করে।

বর্ণিত আছে, আরাহ্ তা'আলা হ্বরত দাউদ (আ)-এর কাছে এ মর্মে গুহী প্রেরণ করেছিলেন যে, হে দাউদ! ইশ্নাজীমের সাথে স্লেহবংসল পিতার মত ব্যবহার করো এবং বিধবার সাথে দরদী স্বামীর ন্যায় আচরণ করো। জেনে রাখ, যেমন বীজ বুনবে তেমন ক্ষ্মল পাবে।

হ্যরত দাউদ (আ) একদা একান্ত আলাপের সময় বললেন, ইয়া ইলাহী। যে আপনার সন্তুষ্টির জন্য ইয়াতীম ও বিধবার সাথে সদয় ব্যবহার করে তার প্রতিদান কি? তিনি বললেন, "কিরামতের দিন যখন আমার ছায়া ছাড়া অন্য কোন ছায়া থাকবে না, সেদিন আমার আরবের নিচে তাকে ছায়া দেবো।"

বিধবা ও ইয়াতীমের প্রতি সদ্যবহার ও সদয় হওরার সুফল সম্পর্কে যেসব কাহিনী রয়েছে তার মধ্যে নিমে বর্ণিত কাহিনীটি বিশেষভাবে উল্লেখযোগ্য :

হ্যরত আলী (রা)-এর বংশের কোন একলোক সপরিবারে বলবে এসে উপস্থিত হলেন। তার পরিবারে ছিলেন আলী (রা) বংশীয়া তার দ্রী এবং তার কন্যাগা। তারা অবস্থাপন্ন ও প্রাচুর্যে দিন কাটাতো। অতঃপর তার স্বামী মারা পেল। সেই মহিলা ও তার কন্যারা অভাব-অন্টনের মাঝে দিন কাটাতে থাকলো। লোকনিন্দা প্রভানোর জন্য মহিলা তার কন্যাদের নিয়ে অন্য একটি শহরে গিয়ে উপস্থিত হলো। তথন ছিল শীতকাল। মহিলা তার কন্যাদের একটি পরিত্যক্ত মসজিদে রেখে থাদ্যের অনেয়ণে বের হলো। প্রথমে সে শহরপতি এক মুসলমানের নিকট পেল। নগর প্রশাসনে ছিল এক অগ্নিপ্রক। সে নিজের অবস্থা সম্পর্কে অবহিত করে বলল, আমি আলীর এক অনাথ বংশীর মহিলা। আমার সাথে আমার ইয়াতীম কন্যারা রয়েছে। আমি ওদেরকে এক পরিত্যক্ত মসজিদে রেখে এসেছি। আমি আপনার কাছে ওদের এ রাতের খাবার চাছি। শহরপতি বলল, তুমি যে আলীর বংশের তার প্রমাণ পেল করো। সে বলল, এ শহরে আমি কতুন। আমাকে চেনেন এমন লোক হয়তো এ শহরে নেই। অতঃপর সে তাকে কিছু না দিয়েই বিদায় করলো। মহিলা বেদনাহত ও নিরাশ হয়ে শহরের সেই অগ্নিপুজক কর্মকর্তার শরণাপন্ন হয়ে তার অবস্থার কথা বলল। তাকে জানালো

অর্থাৎ তৃমি ভার সঙ্গে বেরপ আচরণ করবে তদ্রুণ লাবে। তৃমি অবশাই ইনতিকাল
করবে এবং ইয়াতীয় সন্ধান-সন্ততি রেখে বাবে অথবা বিষবা পদ্মী রেখে বাবে আর ভাদের
সাথে ভাল ব্যবহার করলে এদের সাথেও ভাল ব্যবহার করা হবে।

যে, তার সাথে কয়েকটি ইয়াতীম কন্যা সন্তান রয়েছে এবং সে এক নবাগতা দরিদ্র ও ভদ্র মহিলা আর শহরপতি মুসলমান তাকে কি বলেছে তাও জানালো। অগ্নিপৃক্তক তার স্ত্রীকে বিধবার কন্যাদেরকে নিয়ে আসার জন্য পাঠালো।

গভীর রাতে ঐ শহরের মুসলমান শহরপতি স্বপ্নে দেখল যে, কিয়ামত কারেম হয়ে গেছে এবং পতাকা রস্পুদ্ধাহ (সা)-এর মাধার উপর রয়েছে। সে একটি সবুজ জমরুদ পাথরের অট্টালিকা দেখতে পেল যা মতি ও ইয়াকৃত পাথর খচিত কারুকার্য যারা সুসক্ষিত। সে বলন, ইয়া রাস্লাস্কাহ (সা)! এ অট্রালিকা কার জন্য ? তিনি বললেন, এটি এক একত্বাদী মুসলমানের জন্য। সে বলল, আমিও তো একত্বাদী মুসলমান। রসুলুক্লাহ্ (সা) বললেন, তুমি যে একত্বাদী মুসলমান তার প্রমাণ আমার সামনে পেশ করো। তখন সে হতবাক হয়ে দাঁড়িয়ে রইল। নবী করীম (সা) তাকে লক্ষ্য করে বললেন, আলী বংশীয় মহিলা যখন তোমার কাছে গিয়ে বলেছিল যে, সে আলভীয় মহিলা। তুমি বলেছিলে, তুমি যে আলীর বংশধর তার প্রমাণ আমার সামনে পেশ করো। সুতরাং তুমি এখন আমার কাছে প্রমণি করবে তুমি মুসলমান। ফলে শহরপতি মহিলাকে ফিরিয়ে দেয়ার জন্য অনুভঙ্ক ও চিন্তিত হলো। তারপর সে শহরের সর্বত্র মহিলাকে খুঁজে বেড়াতে লাগলো। অবশেষে জানতে পরিলো যে, সে অগ্নিপৃত্তক লোকটির বাড়িতে রয়েছে। ভারপর শহরপতি অগ্নিপৃত্তককৈ ডেকে পাঠালো এবং বলল, আমি তোমার নিকট যে আলভীয় ড্রেমহিলা ও তার কন্যারা রয়েছে তাদের চাচ্ছি। অগ্নিপৃত্তক বলল, তা কখনও হতে পারে না, আমি তাদের দেবো না। তাদের বদৌলতে আমার পরিবারে অনেক বরকত এসেছে। শহরপতি বলল, তুমি আমার নিকট থেকে এক হাজার দীনার নিয়ে যাও এবং তাদের আমার কাছে হস্তান্তর করো। অগ্নিপৃক্তক বন্দল, তা হতে পারে না। শহরপতি বন্দল, তাদের আমার চাই। তখন অগ্নিপূজক বলল, আপনি যা চাচ্ছেন তা আমারই প্রাপ্য, স্বপ্নে যে অট্টালিকা আপনি দেখেছেন তা আমার জন্যই তৈরি করা হয়েছে। আপনি কি আমার সামনে ইসলাম পেশ করবেন ? আল্লাহ্র কসম আমি ও আমার পরিবারের সকল সদস্য গতরাতে আশভী মহিশার হাতে ইসশাম গ্রহণ করেছি এবং আপনার মত আমিও সপ্লে ন্দৰেছি রাস্লুল্লাহু (সা) আমাকে বলেছেন : আলডী মহিলা ও তার কন্যারা কি তোমার কাছে ? আমি বলেছি, জি হাঁা ইয়া রাস্পালাহ (সা)! তিনি বললেন, এ অট্টালিকা তোমার ও তোমার পরিবারের লোকদের জন্য। তোমরা সকলেই জান্নাতবাসী। আল্লাহ্ তা'আলা আসলে তোমাদের ঈমানদার হিসেবে পয়দা করেছেন। তারপর মুসলমান শহরপতি চিন্তিত ও দুঃখিত অবস্থায় ফিরে গেল।

অতঃপর সে তাদেরকে উপাদের খাবার পরিবেশন করলো এবং উশুম পোশাক-পরিচ্ছদে
সুসক্ষিত করলো। তদুপরি তার বাড়িতে তাদের সাক্ষদেও থাকার সুযোগ করে দিল।

এ ঘটনা থেকে আমরা সহচ্ছেই অনুধাবন করতে পারি বে, বিধবা ও ইয়াতীমদের সাথে সদয় ব্যবহার করলে দুনিয়াতেও কত বেশি লাভবান হওয়া যায়। তাই তো বুখারী ও মুসলিম শরীফ নিমের হাদীসখানি উদ্ধৃত করেছেন:

عَنْ آبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِ ﷺ أَنَّهُ قَالَ السَّاعِي عَلَى الْأَرْمَلَةِ وَالْمَسَاكِيْنَ كَالْمُجَاهِدِ فِي سَبِيلِ اللهِ .

"হযরত আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী করীম (সা) বলেছেন, যারা বিধবা ও ছিন্নমূল মানুষের পুনর্বাসনের জন্য চেটা করে, তারা আল্লাহ্র পথে সংখ্যামকারী মুক্তাহিদদের মত।"

রাবী বলেন, আমার মনে হয় তিনি বলেছেন: তারা সারারাত ইবাদতকারী এবং সারা বছর রোযা পালনকারীর মতো (সওয়াব লাভ করবে)। অর্থাৎ ইয়াতীম ও বিধবার তত্ত্বাবধানকারী সারা বছর রোযা পালনের এবং সারারাত নামায পড়ার পুণ্য পাবে।

আল্লাহ্ তা আলা তাঁর বিশেষ অনুথহে আমাদেরকে এই মহৎ কাজ করার তাওফীক এনায়েত করুন। কেননা তিনি দানশীল, দয়ালু, মেহেরবান, ক্ষমাশীল ও পরম দাতা।

১৪. মহান আল্লাহ্ ও তাঁর রাসৃল (সা)-এর প্রতি মিখ্যা আরোপ করা

আল্লাহ তা আলা বলেন:

وَيُومْ الْقَيَامَةِ تَرَى الَّذِينَ كَذَبُوا عَلَى اللَّهِ وَجُوهُهُمْ مُسُودَةً .

"যারা আস্মাহ্র প্রতি মিখ্যা আরোপ করে, কিয়ামতের দিন তাদের চেহারাগুলোকে কালিমাযুক্ত দেখতে পাবে।" (সূরা যুমার : ৬০)

হাসান বলেন, আয়াতে বর্ণিত ব্যক্তিরা হলো তারা, যারা বলে আমাদের 'ইচ্ছা হলে করবো এবং ইচ্ছা হলে করবো না। আল্লামা ইবনে জাওয়ী (র) তাঁর তাফসীরে বলেছেন, একদল আলিমের মতে আল্লাহ্ ও তাঁর রাস্লের প্রতি মিখ্যা আরোপ করা কুফরী। একান্ত ঘারা ইসলাম থেকে বারিজ হয়ে যায়।

নিঃসন্দেহে হালাশকে হারাম করা এবং হারামকে হালাল মনে করা কৃষ্ণরী কাজ। আর আল্লাহ্ তা'আলার প্রতি মিখ্যা আরোপ করা তো আরও জঘন্য।

নবী করীম (সা বলেছেন: বে ব্যক্তি ইচ্ছা করে আমার প্রতি মিখ্যা আরোপ করবে তার জন্য জাহান্লামে একটি ঘর তৈরি করা হবে। (বৃখারী ও মুসলিম)

নবী করীম (সা) আরও বলেন :

مَنْ كَذَبَ عَلَيٌّ مُتَّعَمَّدًا فَلْيَتَبَوَّأُ مَقْعَدَهُ مِنَ النَّارِ ،

' "যে ব্যক্তি ফেছার আমার প্রতি মিখ্যা আরোপ করে, সে যেন তার অবস্থান জাহান্নামে ঠিক করে নিশ।"

তিনি আরও বলেছেন: "যে ব্যক্তি জেনেজনে আমি যা বলিনি তা আমার ভাষা বলে চালিরে দেবে, সে মিখ্যাবাদীদের একজন।" (মুসলিম)

রাস্লুরাহ্ (সা) বলেন : "আমার নামে মিখ্যা বলা অবশ্য অন্যের নামে মিখ্যা বলার মত নয়। যে ব্যক্তি ইচ্ছা করে আমার নামে মিখ্যা রটালো সে বেন ভার অবস্থান জাহান্নামে ঠিক করে নিল।" (মুসলিম)

১৫. যুদ্ধের ময়দান থেকে পলায়ন করা

শক্রবাহিনী যদি মুসলিম বাহিনীর থিগুণ বা তার কম হয় তখন মুসলিম সৈনিকের জন্য যুদ্ধের ময়দান ছেড়ে পলায়ন করা মহাপাপ। তবে মুসলিম সৈনিক যদি শক্রপক্ষকে ধোঁকা দেয়া বা অন্য মুসলিম সৈনিকদের সাথে মিলিত হবার জন্য ময়দান পরিত্যাগ করে বা ময়দান ছেড়ে দূরে চলে আসে তাতে কোন গুনাহু নেই।

আল্লাহু তা'আলা বলৈছেন:

وَمَنْ يُولُهُمْ يُومَنُدُ دُبُورَهُ الْأَمُتَخُرِّفًا لِتَقْتَالِ أَوْ مُتَحَيِّزُا اللَّهِ وَمَأُوهُ جَهَنَّمُ ، وَبَيْسَ الْمَصِيْرُ ، فَيَدْ فِنَةً فِقَدْ بَاءَ بِغَضَبٍ مِّنَ اللَّهِ وَمَأُوهُ جَهَنَّمُ ، وَبَيْسَ الْمَصِيْرُ ،

"সেদিন যুদ্ধকৌশন অবলম্বন কিংবা স্বীয় দলে স্থান নেওয়া ব্যতীত কেউ তাদের পৃষ্ঠ প্রদর্শন করলে সে তো আল্লাহ্র বিরাগভাক্তর হবে এবং তার আশ্রয় জাহানাম। যা অত্যন্ত মন্দ অবস্থান।" (সূরা আনফাল: ১৬)

হযরত আবৃ হ্রায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুলাহ্ (সা) বলেছেন: তোমরা সাতটি ধাংসকারী কাজ থেকে বিরত থাক। সাহাবীগণ আরয় করলেন, ইয়া রাস্লালাহ্ (সা)! সেগুলো কি ? তিনি বললেন, তা হলো আলাহ্র সাথে শরীক করা, যাদু করা, অন্যায়ভাবে কাউকৈ হত্যা করা, সুদ খাওয়া, ইয়াতীমের মাল আছ্মসাৎ করা, বুদ্ধের ময়দান হতে পলায়ন করা এবং কোন সম্প্রতাণ মুসলিম সতী মহিলাকে ব্যভিচারের অপবাদ দেওয়া।" (বুখারী ও মুসলিম)

হ্যুরত ইব্ন জাব্বাস (রা) ব্লেন, আল্লাহ্ তা'আলা বলেন:

إِنْ يِكُنْ مِينِكُمْ عِشْرُونَ مِنَابِرُونَ يَغْلِبُوا مِانَتَيْنِ

"যদি তোমাদের মধ্যে বিশ্বজন ধৈর্যশীল সৈন্য থাকে তবে জারা দু'শ শক্ত সৈন্যের উপর জয়লাভূ করবে।"

আয়াতটি নাথিল করে আল্লাহ তা আলা তাদের বলে দিলেন যে, শক্র সৈন্য দুশো বা তার কম থাকলে বিশঞ্জন মুসলিম সৈন্যের তাদের সাথে যুগ্ধ করা ফর্য এবং যুগ্ধক্ষিত্র হতে সালাতে সারবে না।

े जारान्ने मायिन श्ली : 📝

أَلْأَنَّ خَفَّفُ ٱللَّهُ عَنْكُمْ وَعَلَمْ أَنَّ فِيكُمْ ضَعْفًا ، فَإِنْ يَكُنْ مِنْكُمْ مائةً صَابِرةً يَكُنْ مِنْكُمْ الْف يَغْلِبُوا الْفَيْنِ بَاذُنِ اللَّه ، وَاللَّهُ مَعَ الصَّابِرِيْنَ ،

And the state of t

"এখন আল্লাহ্ তোমাদের জন্য সহজ করে দিয়েছেন এবং তিনি অবগত আছেন যে, তোমাদের মধ্যে দুর্বলতা আছে। স্তরাং তোমাদের মধ্যে একশত ধৈর্যশীল থাকলে তারা দু'শর উপর বিজয়ী হবে। আর তোমাদের মধ্যে একহাজার থাকলে আল্লাহ্র অনুধাইে তারা দু'হাজান্ত্রের উপর বিজয়ী হবে। আল্লাহ্ বৈর্থশীলদের সাথেই রয়েছেন।" (সুরা আনকাশ: ৬৬)

এ আরাতের মাধ্যমে আরাহ্ তা'আলা নির্দেশ দিলেন দে, একশ (মুসলমান বৈর্ঘশীল সৈন্য) হলে দু'শ কাফিরের মুকাবিলা করতে হবে এবং যুদ্ধের ময়দান হতে পালাতে পারবে না ৷ (বুখারী)

এথমে আল্লাহ্ একজন ঈমানদার সৈন্যকে দশজন কাষ্ট্রির সৈন্যের বিরুদ্ধে যুদ্ধ করার নির্দেশ দেন এবং এ যুদ্ধে ঈমানদাররা জয়ী হবে এমন কথাও বলেন। কিছু ঈমানদারদের মনে সম্ভবত কিছুটা দুর্বপতা দেখা দের। তারা মনে করে যে, একার পক্ষে দশজনের বিরুদ্ধে যুদ্ধ করা সম্ভব নয়—করলেও তাতে বুঁকি থেকে যার। বিশ্বাসীদের এই বিধাশতে মনোতাব শক্ষ্য করে আল্লাহ্ তা'আলা ভার লঘু করেন এবং একজন ঈমানদারকে দু'জন কাফিরের বিরুদ্ধে যুদ্ধ করতে বলেন। বিপ্রণ শক্রাইসন্যের বিরুদ্ধে লড়াই করে পন্চাদপসারণ করা হারাম। তবে যুদ্ধ কৌশল হিসেবে পন্চাদপসারণ এবং নিঞ্চ পক্ষের সৈন্যদের সাথে মিলে পুনরার স্মাক্রমণের জন্য পন্চাদপসারণ নিষেধ নয়। —অনুবাদক

১৬. ইমাম বা নেভা কর্তৃক প্রজাদের ধোঁকা দেওয়া এবং তাদের উপর যুদুম করা

আলাহ তা আলা বলেন :

انَّمَا السَّبِيْلُ عَلَى الَّذِيْنَ يَظَلِمُوْنَ النَّاسَ وَيَبْغُوْنَ فِي الْأَرْضِ بِغَيْرُ الْحَقِّ أُولُئِكَ لَهُمْ عَذَابٌ أَلِيْمٌ .

"যারা মানুষের উপর যুশুম করে এবং যারা বমীনের মধ্যে অন্যায় করে, তারা দোষী। তাদের জন্য রয়েছে কষ্টকর আযাব।" (সূরা শূরা: ৪২)

وَلاَّ تَحْسَبَنَّ اللَّهَ غَافِلاً عَمَّا يَعْمَلُ الظَّلْمُوْنَ ، اثْمَا يُوَجِّرُهُمُّ لِيَوْمِ تَشْخَصُ فِيهِ الْاَبْصَارُ ، مُهْطِعِيْنَ مُقْنِعِيْ رُءُوْسِهِمْ لاَ يُرْتَدُّ لِلَيْهِمْ طَرْفُهُمْ ، وَاَفْئِدَتُهُمْ هَوَاءً .

"তুমি কখনও মনে করো না যে, যুলুমকারীরা যা করে সে বিষয়ে আল্লাহ গাঁফিল রয়েছেন। তবে তিনি ওদের সেই দিন পর্যন্ত অবকাশ দেবেন যেদিন তাদের চক্ষু হবে স্থির। হীনতায় আকাশের দিকে চেয়ে ওরা ভীত বিহরণ চিত্তে ছোটাছুটি করবে, ওদের নিজেদের প্রতি ওদের দৃষ্টি থাকবে না এবং ওদের অন্তর বিকল হবে।"

(স্রা ইবরাহীম : ৪২-৪৩)

وسَيَعْلَمُ الَّذِيْنَ أَيُّ مُنْقَلَبِ يِّنْقَلِبُونَ .

"যালিমরা শীঘ্রই জানবে ওদের গন্তব্যস্থল কোথায় ? (সূরা ত্র্তারা : ২২৭)

كَانُوْا لاَ يَتَنَاهُوْنَ عَنْ مُّنْكُرِ فَعَلُوهُ ، لَبِئْسَ مَا كَانُوا يَفْعَلُونَ ،

"তারা যেসব গর্হিত কান্ধ করতো তা থেকে তারা একে অন্যকে বারণ করতো না। নিকরই তারা যা করতো তা অত্যম্ভ জ্বদন্য।" (সূরা মায়িদা : ৮৯)

রাস্লুল্লাহু (সা) বলেছেন:

مَنْ غَشَّنَا فَلَيْسَ مِنَّا .

"যে আমাদের সাথে প্রভারণা করবে সে আমাদের দবাতুক্ত নয়।"

الطُّلُمُ ظُلُمَاتُ يُومَ الْقيامَة .

"যুলুম বা অত্যাচার কিয়ামতের দিন অন্ধকারে পরিণত হবে।"

الا كُلُّكُمْ رَاعٍ وَكُلُّكُمْ مَسْنُولُ عَنْ رُعْيَتِهِ .

"সাবধান। তোমাদের প্রত্যৈকেই দায়িত্বশীল, প্রত্যেকেই তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে।"

أَيُّمَا رَأْعٍ غُشُّ رُعْيَتُهُ فَهُو فِي النَّادِ .

"ظ طَعَاهُ اللَّهُ وَعْلِيَةً ثُمَّ لَمْ يُحِطْهَا بِنُصْحِهِ الْأَحَرُمُ اللَّهُ مِنْ اسْتَرَعَاهُ اللَّهُ وَعْلِيَةً ثُمَّ لَمْ يُحِطْهَا بِنُصْحِهِ الْأَحَرُمُ اللَّهُ عَلَيْهُ النَّهُ الْجَنْةُ .

"বাকে আক্লাহ্ তা'আশা জাতির নেতৃত্ব দান করেছেন সে যদি উপদেশসহকারে তাদের সঠিকভাবে পরিচাশিত না করে তবে তার জন্য আক্লাহ্ তা'আশা জান্নাত হারাম করে দেবেন।" (বুখারী)

অপর এক বর্ণনায় আছে—"যেদিন সে সারা যাবে জাতির সার্থে প্রতারণাবত

অবস্থায়, আল্লাহ্ তার উপর জান্লাত হারাম করে দেবেন।" (বুখারী)

নবী করীম (মা) আরও বলেন, "এমন যালিম শাসনকর্তা নেই যাকে কিয়ামতের দিন আটক করা হবে না। একজন ফেরেশতা তাকে পশ্চাৎ থেকে ধরে রাখবে। যখন তাকে বলা হবে ছাহান্লামে নিক্ষেপ করার জন্য, তখন তাকে সে নিক্ষেপ করবে এবং সে দোযথের চল্লিশ খারীফ (ক্রেশ) নিচে চলে যাবে।" (আহমদ)

রাস্পুশ্নাহ্ (সা) বলেছেন: আমীর বা নেতাদের জন্য দুর্জোগ! বুদ্ধিজীবীদের জন্য দুর্জোগ। এবং আমানতদারদের জন্য দুর্জোগ। কিয়ামতের দিন কিছু লোক কামনা করবে যে, দুনিয়াতে তাদের চুল সুরাইয়া নক্ষত্রের সাথে বেঁধে যদি ঝুলিয়ে রাখা হত এবং শান্তি দেয়া হত, যদি তারা কোন কাজ না করত তবে তাল হত। (আহমাদ)

নবী করীম (সা) বলেছেন: কিরামতের দিন ন্যায়পরায়ণ বিচারকের জন্য এমন এক সময় আসবে বখন সে মনে মনে কামনা করবে যে, যদি সে দু'জনের মধ্যে একটি খেজুর নিয়ে যে ছম্মু হয়, এমন ছোটখাট ব্যপারেও বিচার না করতো তা হলে কত ভাল হতো। (বাঁযবার ও তাবরানী)

নবী করীম (সা) আরও বলেছেন: দশন্তন লোকের মধ্যে যে নেতা ছিল তাকে কিয়ামতের দিন এমন অবস্থার্য উপস্থিত করা হবে যে, তার হাত গলার সাথে বাঁধা থাকবে। তখন তার ন্যায়বিচার হয়তো তাকে মৃক্ত করবে অন্যথায় তার অবিচার তাকে ধ্বংস করবে। (আহমদ ও ইবন হিব্বান)

রাসূলুক্সাহ্ (সা) দু'আর মধ্যে বলতেন :

اَللَّهُمَّ مَنْ وَلَنَّى مِنْ اَمْرِهِ هٰذِهِ الْأُمَّةِ شَيْئًا فَرَفَقَ بِهِمْ فَارْفُقْ بِهِ

"হে আক্লাহ্। যে ব্যক্তি আমার উন্মতের কোন ব্যাপারে কোন দায়িত্ব লাভ করেছে এরপর সে তাদের প্রতি নম্র ব্যবহার করেছে, আপনিও তার প্রতি নম্র ব্যবহার করুন। আর যদি সে তাদের প্রতি কঠোরতা আরোপ করে থাকে, তাহলে আপনিও তার প্রতি কঠোর ব্যবহার করুন। (মুসলিম ও নাসাই)

নৰী করীম (সা) আরও বলেন :

مَنْ وَلاَهُ اللَّهُ شَيِئَا مِنْ أَمُورِ الْمُسلَمِيْنَ فَاحْتَجَبَ دُونَ مَاجَتَهِ وَخُلْتُهِ وَفَقْرَهِ . حَاجَتَهِمْ وَخُلْتُه وَفَقْرَهُمْ احْتَجِبَ اللَّهُ دُونَ حَاجَتَهِ وَخُلْتُه وَفَقْرَهِ . "आशार् णांजार् यातक प्रनमानातत नामनकर्छा दिस्तित माशिल् मिरहार्ह्न किल् अ जातात वाताकन, जानवाना ७ माहिना २०० निस्तिक जाज़ाल द्वालाह, जान्नाहु७

তাকে তার প্রয়োজনে ভালবাসা ও দারিদ্রা হতে আড়ালে রাখবেন।"

(আবু দাউদ ও তিরমিযী)

রাস্পুরাহ (সা) বলেছেন: শীঘ্রই অসংকর্মশীল এবং অত্যাচারী নেতার আভির্তাব হবেঁ। যারা তাদের সাহায্য করবে আমি তাদের কেউ নই এবং তারাও আমার কেউ নয়। তারা কখনো আমার হাউবৈ কাওসারের কাছে আসতে পারবে না।"

(আহমাদ ও তিরমিযী)

রাসূল্রাত্ (সা) বলেছেন : দু'দল লোক কখনো আমার শাফাআত পাবে না। তারা হলো—ক. যালিম ও প্রতারক বাদশাহ ও খ. দীনে বিশ্বাস ভন্নকারী। সে জনগণের বিরুদ্ধে সাক্ষ্য দিবে আর জনগণ তার সাথে সম্পর্ক ছিন্ন করঁবে।" (তাবারানী)

নবী করীম (সা) বঙ্গেছেন:

أَشَدُ النَّاسِ عَذَابًا يَوْمَ الْقَيَامَةِ إِمَامٌ جَائِرٌ .

"কিয়ামতের দিন স্বচেয়ে কঠোর শান্তি ভোগ করবে অত্যাচারী নেতা।" (ভাবারানী) হাদীসে আছে—রাস্পুল্লাহ (সা) বলেছেন: হে লোক সকল। তোমরা সে সময় আসার পূর্বে সংকাজের আদেশ দাও এবং অসং কাজ থেকে ব্যিত্তত রাখ যখন তোমাদের দু'আ আল্লাহ্র কাছে কবৃশ হবে না এবং আল্লাহ্র কাছে কমা চাইবে কিন্তু কমা পাবে না। যখন ইয়াহুদী ও খ্রিস্টানদের আলিম শ্রেণী সংকাজের আদেশ এবং অসং কাজের নিষেধ থেকে বিরত ছিল, তখন আল্লাহ্ তা'আলা তাদের নবীদের মাধ্যমে তাদের লা'নত করলেন, তারপর তাদের উপর ব্যাপকভাবে বালা-মুসীবত নাযিশ করলেন। (ইসবাহানী)

রাসূলুল্লাহ্ (সা) বলেছেন:

مَنْ أَحْدَثَ فِي أَمْرِنَا هَٰذَا مَا لَيْسَ مِنْهُ فَهُو رَدُّ وَمَنْ أَحْدَثَ حَدْثًا أَو أَوْى مُحَدِثًا فَعَلَيْهِ لَعَنَةُ اللَّهِ وَالْمَلاَئِكَةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ لاَ يَقْبَلُ اللَّهُ مِنْهُ صَرَّفًا وَلاَ عَدْلاً . "যে ব্যক্তি দীনের মধ্যে এমন নতুন কিছু সংযোজন করবে বা অনুশ্রবেশ করাবে যা দীনের অংশ নর, তা পরিত্যাজ্য। আর যে ব্যক্তি কোন নতুন কিছু ইসলামে সংযোজন করবে বা কোন বিদ'আত সৃষ্টিকারীকে আশ্রুর দেবে, তার উপর আল্লাহ্ তা'আলা, কেরেশতাগণ এবং সকল মানুবের অভিনাপ বর্ষিত হবে। আল্লাহ্ তার কোন নেককাজ কর্ল করবেন না।" (বুখারী ও সুসলিম)

शमीरम जारह:

مَنْ لاَ يَرْحُمُ لاَ يُرْحُمُ اللَّهُ مَنْ لاَ يَرْحُمُ النَّاسِ ،

"যে ব্যক্তি কারো প্রতি দয়া করবে না, সে দয়া পাবে না। যে ব্যক্তি মানুষের প্রতি দয়া করবে না, আল্লাইও তার প্রতি দয়া করবেন না।" (বুখারী ও মুসন্দিম)

নবী করীম (সা) বলেছেন : "ন্যায়বিচারক নেতাকে আল্লাহ্ তা আলা দেদিন তাঁর ছায়াতলে আশ্রয় দেবেন। যেদিন তাঁর ছায়া ছাড়া অন্য কোন ছায়া থাকবে না।"

(বুখারী ও মুসলিম)

নবী করীম (সা) বলেছেন: "যারা তাদের শাসনের ব্যাপারে, পারিযারিক ব্যাপারে এবং যাদের দায়িত্ব তাদের উপর অর্পিত হয়েছে তাদের ব্যাপারে ইনসাফের মানদণ্ডকে সমান রেখেছে, সেসব ন্যায়পরায়ণ লোক কিয়ামতের দিন ন্রের মিনারে অবস্থান করবে।" (মুসলিম)

রাস্পুরাই (সা) যখন ইয়রত মুআষ (রা)-কে ইয়ামানে পাঠিয়েছিলেন তখন বলেছিলেন : যাকাত গ্রহণ করার সময় তাদের শ্রেষ্ঠ মালসমূহ গ্রহণ করবে না। ময়শুমের অভিশাপকে ভয় করবে। কেননা তার ও আল্লাহ্র মাঝে কোন আড়াল নেই। (বুখারী)

তিনি আরও বলেছেন: আল্লাহ্ তা আলা কিরামতের দিন তিন ব্যক্তির সাথে কথা বলবেন না। এদের মধ্যে মিখ্যাবাদী বাদশাহের নাম উল্লেখ করেন। তিনি বলেন: তোমরা নেতৃত্ব লাভের জন্য লোভ করবে, আর এটা হবে কিরামভের দিন লজার কারণ।

নবী করীম (সা) বলেছেন: আল্লাহ্র শপধ, আমি এমন ব্যক্তিকে ক্ষমতা প্রদান করবো না যে নেতৃত্বের প্রার্থনা করে বা লোভ করে।

রাস্পুরাহ (সা) হবরত কাব (রা)-কে বলেছেন: "হে উজরার পুত্র কাব। আল্লাহ্ তোমাকে নির্বোধের নেতৃত্ব থেকে রক্ষা করুন। আমার (ইনতিকালের) পরে নেতাগণ আমার হিদায়াতকে অনুসরণ করে চলবে না এবং আমার আদর্শকে তারা আদর্শ হিসেবে গ্রহণ করবে না।"

হযরত আবৃ ছরায়রা (রা) থেকে বর্ণিত আছে। নবী করীম (সা) বলেছেন: যে ব্যক্তি মুসলমানদের বিচারকের পদ প্রার্থনা করে গ্রহণ করেছে এবং যদি তার ন্যায়বিচার অন্যায়-বিচারের চেয়ে বেশি হয় তবে, সে জাল্লাত লাভ করবে। আর যার অন্যায়বিচার ন্যায়বিচারের চেয়ে বেশি হবে, সে জাহাল্লামে বাবে। (আবু দাউদ)

ভিলি আরও বলেন : অতি শীঘ্রই দেখা বাবে যে, লোকেরা নেতৃত্ব লাভের জন্য লোভ করছে অথচ কিরামতে তারা এজন্য লচ্ছিত হবে।" (বুখারী ও নাসাস)

প্রকার হবরত উমর (রা) আবু বর (রা)-কে বললেন, আপনি রাস্পুরাহ (সা)-এর নিকট ডনেছেন প্রমন প্রকটি হাদীস আমাকে শোনান। তখন আবু বর (রা) বললেন, আমি রাস্পুরাহ (সা)-কে বলতে ডনেছি: কিয়ামতের দিন শাসনকর্তাকে উপস্থিত করা হবে এবং তাকে জাহান্নামের উপর অবস্থিত পুলের উপর নিক্ষেপ করা হবে। তাতে পুলসিরাত ধর ধর করে কেঁণে উঠবে। তার অন্থিতলো নিজ নিজ স্থান খেকে সরে যাবে। যদি সে আল্লাহুর আদেশানুসারে শাসন কাজ পরিচালনা করে থাকে, তাহলে সে পুল পার হরে চলে যাবে। আর যদি সে আল্লাহুর বিধানকে বাদ দিয়ে মনগড়া শাসন কাজ চালিয়ে থাকে, তবে সে পুল ভেঙে জাহান্নামের ভিতর পড়বে এবং পঞ্চাল বছরের পথ নিচে গিয়ে নিক্ষিত্ত হবে। হযরত উমর (রা) বললেন, হে আবু যর। তাহলে একাজ কেউ চাইবে কি । তিনি বললেন: যে আল্লাহুর জন্য নিজের নাক কটিবে এবং নিজের চেহারায় মাটি লাগাবে। (ইব্ন আবিদ দুনিয়া)

আমর ইবৃন মুহাজির বলেন, উমর ইবৃন আবদুল আযীয় (র) আমাকে বলেছেন যে, তুমি ব্যন দেখনে আমি হক থেকে সরে গেছি, তখন তুমি আমার কাঁধে হাত রেখে বলবে—হে উমর! তুমি কি করছো ?

হে যালিম নামে পরিচিত হওয়ায় সন্তুষ্ট ব্যক্তি। তোমার নামে আর কত যুশুমের অভিযোগ আসতে থাকবে। কয়েদখানা হলো জাহান্রাম, হক হলো বিচারক এবং তৃমি যে ব্যাপার নিয়ে ঝগড়া কয়ছো তার কোন দলীল নেই। কবর অত্যন্ত ভয়াবহ স্থান। অভএব, তৃমি কবরের কথা খয়ণ কয়লেই তোমার জন্য যথেষ্ট হবে। হিসাব হবে দীর্ঘতম। তাই তৃমি নিজেকে নির্ভেজ্ঞাল ও বিতত্ত করে নাও। সূর্য যেভাবে দ্রুত-গতিতে অপ্রসর হয় অনুরূপভাবে তোমার বয়স শেষ হয়ে যাতে। তৃমি তোমার অর্জিত সম্পদেও খুলি। অধাচ তোমার উপার্জন খারাপ। তুমি তোমার বাসনা চরিতার্থের জন্য হন্যে হয়ে ছুটছো, সামান্যতম যুলুমের অপরাধও অমার্জনীয়। সূতরাং যখন কোন যালিমকে যুলুম করতে দেখবে তখন তা অপরের কাছে প্রকাশ করে দেবে। কখনো কখনো রাভ যাপনের সময় পালে পিপীলিকা দেখতে পাবে যা তোমার শরীরকে দংশন করবে। অতএব সাবধান হও এবং যুলুমের প্রতিরোধ গড়ে তোল।

১৭. অহংকার ও বড়াই

অহমিকা, ফখর, গৌরববোধ, দান্তিকতা, আত্মপ্রসাদ ইত্যাদি। আল্লাহ্ তা'আলা বলেন :

وَقَسَالَ مُنُوسَى إِنِّي عُدْتُ بِرَبِّي وَرَبِّكُمْ مَّنْ كُلِّ مُتَكَبِّرٍ لاَ يُؤْمِنُ بِيكُمْ مَّنْ كُلِّ مُتَكَبِّرٍ لاَ يُؤْمِنُ بِينَوْمِ الْحِسَابِ ،

"মৃসা বলল, যারা বিচার দিলে বিশ্বাস করে না সে সকল উদ্ধত ব্যক্তি হতে আমি আমার ও তোমার প্রতিপালকের শরণাপন্ন হয়েছি।" (সূরা মুমিন : ২৭)

আল্লাহ্ তা'আলা বলেন :

إِنَّهُ لاَ يُحِبُّ الْمُسْتَكُيرِيْنَ .

"অহংকারীকে আল্লাহ্ ভালবাসেন না।" (সূরা নাহ্ল: ২৩)

হবরত রাস্লুল্লাহ্ (সা) বলেছেন: এক ব্যক্তি অহংকার করে গর্বের সাথে পথ চলছিল এমন সময় আল্লাহ্ তা'আলা তাকে মাটির নিচে তলিয়ে দিলেন। সে কিয়ামত পর্যন্ত মাটির নিচে তলাতে থাকবে। (বুখারী ও নাসাঈ)

নবী করীম (সা) বলৈছেন : কিয়ামতের দিন অত্যাচারী ও অহংকারীদের পিপীলিকার ন্যায় জড় করা হবে এবং মানুষ তাদের পদদলিত করতে থাকবে। আর সকল দিক থেকে তাদেরকে অপমান বেষ্টন করবে। (তিরমিয়ী ও নাসাঁই)।

কোন এক বৃযুর্গ বলেছেন : সর্ব প্রথম যে পাপদারা আল্লাহ্কে অমান্য করা হয়েছিল, তা হলো অহংকার।

আল্লাহ্ তা আলা বলেন :

وَاذْ قُلْنَا لِلْمَلْئِكَةِ اسْجُدُواْ لِإِذَمَ فَسَنَجَدُواْ الِأَ ابِلِيْسَ اَبِلَى وَاذْ قُلْنَا لِلْمَلْئِكَةِ اسْجُدُواْ لِإِذَمَ فَسَنَجَدُواْ الِلَّا ابِلِيْسَ اَبِلَى وَاسْتَكُبُرَ وَكَانَ مِنَ الْكُفِرِيْنَ ،

"শ্বরণ করো, যখন আমি ফেরেশতাদের বলগাম, আদমের প্রতি নত হও, তখন ইবলীস ব্যতীত সকলেই নত হলো। সে অমান্য করলো ও অহংকার করলো; ফলে কাফিরদের অন্তর্ভুক্ত হয়ে গেল।" (সূরা বাকারা: ৩৪)

সুতরাং যে ব্যক্তি সঠিক কান্ধ করতে অহংকার করবে ; তার ঈমান থাকলেও তাতে কোন উপকার হবে না, যেমন অহংকার করেছিল ইবলীস। নবী করীম (সা) বলেছেন :

لاَ يَدْخُلُ الْجَنَّةَ لَحَدُّ فِيْ قَلْبِهِ مِثْقَالُ ذَرَّةٍ مِّنْ كَبَرِ . "यात जखद्र जप्ंतिर्मार्ण जरुकात शंकर्त्, एम जान्नात्व क्षरतम कत्रस्य ना ।" (सुननिम)

আল্লাহ্ তা'আলা বলেছেন:

إِنَّ اللَّهُ لاَ يُحِبُّ كُلُ مُخْتَالٍ فَخُورٍ •

"আল্লাহ্ কোন উদ্ধত অহংকারীকে ভালবাসেন না।" (সূরা পুকমান : ১৮) হাদীসে কুদসীতে আল্লাহ্ তা'আলা বলেছেন :

ٱلْعَظْمَةُ إِزَارِي ۚ وَٱلْكِبْرِيَاءُ رِدَائِي ۚ فَعَنْ نَازَعْنِي ْ فَعِنْ أَلْقَيْتُهُ في النَّار ،

"মাহাদ্য ও বৃযুর্গী আমার পরিধের বন্ধ এবং গর্ব আমার চাদর। যে ব্যক্তি এ দুটি বিষয়ে আমার সাথে ঝগড়া করবে আমি তাকে জাহান্লামে নিক্ষেপ করবো।" (মুসদিম)

নবী করীম (সা) বলেছেন: একবার জাল্লাত ও জাহাল্লামের মধ্যে বিতর্ক হলো। জাল্লাত বলল, কেন আমার এমনটি হলো বে, আমার মধ্যে প্রবেশ করবে মানুষের মধ্যে বারা দুর্বল জারা এবং সমাজে বারা অবহেলিত। জাহাল্লাম বলল, অহকোরী এবং অত্যাচারীদের দারা আমাকে অগ্রাধিকার দেয়া হয়েছে। আল্লাহ্ তা আলা তাদের মধ্যে একথা বলে মীমাংলা করে দিলেন যে, "হে জাল্লাত। ছুমি আমার রহমত। যার প্রতি দয়া করবো তাকে তোমার মধ্যে প্রবেশ করাবো। তিনি জাহাল্লামকে বললেন, ছুমি আমার গযব। যাকে আয়াব দেবো তাকে তোমার মধ্যে প্রবেশ করাবো। তোমারে উভয়কে পরিপূর্ণ করে দেবো।" (মুসলিম)

আল্লাহ্ তা'আলা বলেছেন:

وَلاَ تُصَهِّرْ خُذُكَ لِلنَّاسِ وَلاَ تَمْشِ فِي الْأَرْضِ مَرَحًا إِنَّ اللَّهَ لاَ يُحبُّ كُلُّ مُخْتَالٍ فَخُوْرٍ . .

"মানুষকে ঘৃণা করে তোমার চেহারাকে অন্যদিকে ফিরিয়ে নেবে না এবং মাটির উপর গর্বভরে চলবে না। নিশ্চয়ই আল্লাহ্ কোন উদ্ধৃত ও অহংকারীকে পছৰ করেন না।" (সূরা পুকমান: ১৮)

হযরত সালমা ইবনে আকওয়া (রা) বলেন: এক ব্যক্তি রাস্লুদ্রাহ্ (সা)-এর কাছে বসে বাম হাতে খাচ্ছিল। নবী করীম (সা) বললেন, তুমি ডাম হাতে খাও। সে বলল, আমি তা পারি না। তিনি বললেন, তুমি পারবেই না। অহংকার কাডঃ সে ডাম হাত ব্যবহার করেনি। এরপর সে আর তার ডাল হাত মুখ পর্যন্ত উঠাতে পারেনি।

নবী করীম (সা) বলেন : আমি কিঁ তোমাদের বলবো না যে, জাহান্নামের অধিবাসী কারা হবে ? তারা হলো উতুল বা মোটাসোটা লোক, জাউয়ায বা কৃপণ। কারো কারো মতে সদর্পে চলাফেরাকারী এবং অহংকারী। কেউ কেউ বলেন, পেটুক।

হবরত ইব্ন উমর (রা) প্রেকে বর্ষিত। তিনি বলেন, আমি রাস্লুল্লাহু (সা)-কে বলতে ওনেছি—যে ব্যক্তি গর্বভরে চলাফেরা করবে এবং মনে মনে নিজেকে বড় বলে জানবে, সে এমন অবস্থায় আল্লাহ্র কাছে উপস্থিত হবে যে, আল্লাহ্ তার প্রতি রাগানিত থাকবেন। (মাবরানী)

ইবৃন খুযায়মা (র) এবং ইবৃন হিন্দান (র) তাদের সহীহ হাদীস গ্রন্থে হয়রত আবৃ হ্রায়রা (রা) সূত্রে বর্ণনা করেছেন। তিনি বলেছেন: প্রথম যে তিন ব্যক্তি জাহান্নামে প্রবেশ করবে, তারা হলো অত্যাচারী বাদশাহ, এমন ধনী যে যাকাত দেয় না এবং অহংকারী দরিদ্র।

বুখারী শরীকে বর্ণিত আছে, মাস্পুল্লাহ্ (সা) বলেছেন: তিন ব্যক্তির প্রতি আল্লাহ্ তা আশা কিয়ামতের দিন দৃষ্টিপাত করবেন না। তাদের গুনাহ মাফ করবেন না এবং তাদের কঠিন আফাব ভোগ করতে হবে। তারা হলো: (ক) যে অহংকারবশত টাখনু গিরার নিচে কাপড় পরিধান করে, (খ) দান বা উপকার করে যে খোঁটা দেয় এবং (গ) যে মিধ্যা কসম করে জিনিসপত্র বিক্রি করে।

হাদীসে বর্ণিত মুসবিশ বলভে অমন ব্যক্তিকে বোঝানো হয়েছে, যে তার লুঙ্গি, পায়জামা বা কাপড় পায়ের গোড়ালি পর্যন্ত ঝুলিয়ে পরিধান করে। কেননা নবী করীম (সা) বলেছেন:

مَا اَسْبِلَ مِنَ الْكَعْبِيِّنِ مِنَ الْاِزَارِ فَهُو َ فِي النَّارِ . "य युष्ठि পাर्खित गांजित निर्दे कार्ण्ड পर्तिधान केंद्रख्न, त्म काश्चाद्ध यार्ट्य।" (युयाती)

নিক্ষতম অহংকার হলো ঐ ব্যক্তির যে অন্যদের উপর নিজের ইল্ম বা জানের অহংকার করে এবং মনে মনে নিজেকে সম্প্রের বড় জানী বলে গণা করে। এ ব্যক্তির জানিয়ার তার কোন উপকার হবে না। যে ব্যক্তি আখিরাতের উন্দেশ্যে ইল্ম আর্জন করে, তার ইল্ম ডাকে বিনরী করে, তার সভরে ডয় খাকে, সে নিজেকে ছোট মনে করে। সে সব সময় সভর্ক থাকে যেন তার মনে অহংকারবোধ না জন্মে। যদি সে অমতর্ক থাকে জবে অহংকার তাকে সকল পথ থেকে বিহাত করবে এবং ভাকে মংস করে লেকে। আর যে ব্যক্তি মৌরক করা, ক্ষমতা লাভ, মুসলমান্তদের উপর নিজের প্রামান্য প্রমাণ করা বা অর্থ-সম্পদ শাভ করার জন্ম ইল্ম বা ভান্ম অর্জন করে, তার একার্জ সনিচেয়ে অড় অহংকার বলৈ সণ্য। আর যার উত্তরে অণুপরিমাণ অহংকার থাকবে, সে জানাতে প্রবেশ করবে না।

১৮. মিখ্যা সাক্ষ্য দেওরা

وَاللَّذِيْنَ لاَ يَشْهُدُونَ الزُّورَ : जान्नाद जांचाना वरनन "যারা মিধ্যা সাক্ষ্য দেয় না।" (সূরা ফুরকান : ৭২) আক্লাহ্ তা'আলার সাথে দু'বার সরীক করাও মিখ্যা সাক্ষ্যদানের সমান অপরাধ। وَاجْتَنبُوا مَّوْلَ الزُّورِ : आश्चाड् जांचाना वलाइन "ভোমরা মিখ্যা বলা হতে বিরত থাক।" (সূরা হক্ষ: ৩০)

হাদীস শরীফে আছে, কিয়ামতের দিন মিথ্যা সাক্ষ্যদাতার জন্য জাহান্নামের আষাব ওয়ান্ধিব না হওয়া পর্যন্ত তাকে তার পদহয় হেলাতে দেয়া হবে না।"

(ইবৃন মান্ধাহ)

গ্রন্থকার (র) বলেছেন—মিখ্যা সাক্ষ্যদানকারী কয়েকটি বড় বড় গুনাই করে থাকে। যেমন:

১. সে মিখ্যা বলে এবং অপবাদ দেয়।

إِنَّ اللَّهُ لاَ يَهْدِي مَنْ هِوَ مُسْرِفِ كَذَابُ : आब्वाड् जांजाना व्रत्नन

"নিকয়ই আল্লাহ তা'আলা এমন ব্যক্তিকে হিদায়ার্ত করেন না যে সীমালংঘন করে এবুং অধিক মিখ্যা বলে।" (সূরা ম্মিন : ২৮)

হাদীসে আছে : মুমিন অন্যান্য অপরাধের সার্থে ছাড়িত হলেও তারপক্ষে বিয়ানত

এবং মিখ্যা বলা সম্ভব নয়।

২, সে যার বিরুদ্ধে সাক্ষ্য দের তার প্রতি যুকুম করে। সে তার সাক্ষ্যধারা ঐ ব্যক্তির ইয়্যত, সম্পদ ও জীবন কেড়ে নের।

৩. যার পক্ষে সাক্ষ্য দেয় তাকে হারাম খেতে সাহায্য করে। এজন্য সে জাহান্নামে

याद्य ।

নৰী করীম (সা) বলেছেন : যদি অন্যায়ভাবে কাউকে ভার ভাই-এর মান দেয়া হয় সে যেন তা এহণ না করে। একেত্রে এহীতা যেনো আহান্নামের একটি টুকরা

निष्मत्र कना निर्मिष्ठ करत निरमा।" (वृत्रांदी ७ मूजनिम)

8. जालाद या दांत्राम करत्रहरून मिथा। आकामानकाती जा मूबार करत त्वत्र धरः এর মাধ্যমে সে তার জানমাল ও সমান রক্ষা করে। রাস্লুরাহ (সা) বলেন : সবচেয়ে বড় পাপ কোন্টি তা কি তোমাদের বাতলে দেবো ? তা ইলো আল্লাহর সাবে শরীক করা, পিতামাভার অবাধ্য হওয়া। মিখ্যা কলা হতে তোমরা সাবধান খাকবে, মিখ্যা সাক্ষ্যদানু থেকে সাবধান থাককে। রাস্পুরাহ (সা) এ কথা বারবায় বলেছিলেন। বৰ্ণনাকারী বলেন, শেষ পর্যন্ত আমরা মনে মনে বলছিলাম তিনি যদি থেমে যেতেন!

সূত্রাং আমরা আল্লাহ্ তা'আলা সকালে শান্তি, নিরাপত্তা ও বালা-মুসীবত থেকে অব্যাহতি চাই।

আল্লাহ্ তা'আলা বলেন :

يٰايَّهَا الَّذِيْنَ الْمَنُوا انْمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْاَنْصَابُ وَالْاَزْلاَمُ رَجْسٌ مِّنْ عَمَل الشَّيْطَانِ فَاجْتَنبُوهُ لَعَلْكُمْ تُفْلِحُونَ • الشَّيْطَانُ أَنْ يُوقِعَ بَيْتَكُمْ الْعَدَاوَةَ وَالْبَغْضَاءَ فَي الْخَمْرِ وَالْمَيْسِرِ وَيَصَدُكُمْ عَنْ ذِكْرِ اللهِ وَعَن الصَّلُوةِ ، فَهَلْ أَنْتُمْ مُنْتَهُونَ .

"হে সমানদারগণ। মদ, জ্য়া, মৃর্তি পূজার বেদী ও ভাগ্য নির্ধায়ক ভীর ঘৃণ্য বস্তু এবং শয়তানের কাজ। সূতরাং তোমরা তা বর্জন করো যাতে তোমরা সকলকাম হতে পারো। শয়তান তো মদ ও জ্য়াদারা তোমাদের আল্লাহ্র স্বরণে ও নামাযে বাধা দিতে চায়। অতএব, তোমরা কি নিবৃত্ত হবে না ?" (সূরা মায়িদা: ১০-৯১)

এ আয়াতদ্বারা আল্লাহ্ তা আলা মাদকদ্রন্য হারাম করে দিয়েছেন এবং তা থেকে সাবধান করে দিয়েছেন। নবী করীম (সা) বলেছেন:

إِجْتَنْبِهُواْ الْخَمْرُ فَإِنَّهُ أُمُّ الْخَبَائِثِ ،

"তোমরা মাদকদ্রব্য পরিহার করো। কেননা তা বাবতীয় কুকর্মের মূল।" (বারহাকী) বে ব্যক্তি মাদকদ্রব্য হতে বিরত থাকলো না সে বেন আরাহ্ ও তাঁর রাস্লের নাফরমানী করলো এবং আরাহ্ ও তাঁর রাস্লের সাথে নাফরমানীর জন্য আযাবের উপযোগী হবে। আরাহ্ তা আলা বলেছেন:

وَمَنْ يِعْصِ اللَّهُ وَرَسُولُهُ وَيَتَعَدُّ حَدُودُهُ يُدُخِلُّهُ نَارًا خَالِدًا فِيهَا وَلَهُ عَدَابٌ مَهَنَّ مُ وَلَا عَذَابٌ مَهِينٌ .

"যে ব্যক্তি আন্থাই ও তাঁর রাস্লের অবাধ্য হবৈ এবং তাঁর নির্থারিত সীমালংখন করবে আন্থাহুআ আলা ভাকে চিরুকালের জন্য জাহান্নামে প্রবেশ করাবেন। এবং ভার জন্য রয়েছে অসমানজনক শান্তি।" (সুরা নিসা: ১৪)

হ্যরত ইব্ন আব্বাস (রা) বলেন, যখন মদ হারাম হওরার আরাত নাযিল হলো তখন সাহাবীশণ একে অগরের নিকট গিমে বলাবলি করতে লাগলেন যে, মাদবদ্রব্য হারাম করা হরেছে এবং তাকে শিরকের সমত্ন্য বলে গণ্য করা হয়েছে। (ভাষারানী) আবদুরাত্ ইব্ন আমর (রা) বলেছেন যে, মাদকদ্রব্য পান হলো সবচেয়ে বড় ভনাত্। নিঃসন্দেহে তা সমস্ত পাপের মূল। বহু হাদীসে মদপায়ীকে অভিশাপ করা হরেছে।

হ্যরত ইব্ন উমর (রা) থেকে বর্ণিত আছে। তিনি বলেন, রাস্লুক্লাহ্ (সা)

ৰলেছেন:

كل مسكر خمر وكل خمر حرام ومن شرب الخمر في الدنيا

ومات ولم يتب منها وهو مدمن لم يشربها في الاخرة .

"প্রত্যেক প্রকারের নেশাদার বস্তু মদ এবং সকল প্রকার মদ হারাম। যে ব্যক্তি দুনিয়াতে মাদকদ্রব্য পান করবে এবং তা থেকে তওবা করবে না, সে জানাতের পানীয় পান করতে পারবে না।"

মুসলিম শরীকে আছে : হ্যরত জাবির (রা) থেকে বর্ণিত। তিনি বলেন,

রাসূলুক্লাহ্ (সা) বলেছেন :

ان على الله عهدا لمن شرب السمكر ان يسقيه الله من طينه الخمال من طينه الخمال من الخمال من الخمال المن المناد المنا

"আল্লাহ্'ভা'আলা মদ্যপায়ীর জন্য অঙ্গীকার করেছেন যে, তিনি তাকে 'তীনাতৃল খাবাল' পান করাকেন। অরিষ করা হলো, ইয়া রাস্লাল্লাহ্! তীনাতৃল খাবাল কি ? তিনি বললেন, তা হলো জাহান্লামীদের ঘাম বা পূঁজ।"

বুৰারী ও মুসলিম শরীকে বর্ণিত আছে: রাস্লুলাহ্ (সা) বলেছেন:

مَنْ شَرِبَ الْتَخَمُّرَ فِي الدُّنْيَا يُحْرَمُهَا فِي الْأَخْرَة .

"বে ব্যক্তি দুনিয়াতে মদপান করবে, আবিরাতে সে তা থেকে বঞ্চিত হবে।"

মাদক্দ্বো অভ্যস্ত লোক গৌন্তলিকের মত

এ প্রদক্ষে ইমান আহমাদ (র) তাঁর সুসদাদে হবরত আবৃ হরামরা (রা) থেকে বর্ণনা করেন, রাস্থায়াই (সা) বলেছেন: "মদে অভ্যস্ত ব্যক্তি মৃতি পৃজকের মত।"

ম্দ্যুপানে অভাত ব্যক্তি ভাৰো না ক্ৰেআৱা পেলে স্থানাতে বাবে না

ইমাম নাসাই (র)-বীর মুনাবে হ্যরত ইব্ল উময় (রা) সূত্রে বর্ণনা করেন । রাস্ত্রার (সা) বলেছেন : পিতামান্তার অবাধ্য সন্তান ও মন্যপায়ী আন্ত্রান্ত এবেশ করে বা

আপর এক বিজ্ঞান্ত আছে, আল্লাছ তা আলা তিক শ্যক্তির উপর আলাত হারাম করে দিয়েছেন। এরা হলো স্বদ্যপায়ী, পিতামাতার অবাধ্য সভান ও দাইয়াস অর্থাৎ যে ব্যক্তি তার স্ত্রীকে বেপর্দা বা অন্ত্রীলভাবে চলাফেরা করতে দেখেও কোন প্রতিবাদ করে না। কিংবা ব্রীকে অশ্লীল কর্মে জড়িত করে।

নেশায় অভ্যন্ত ব্যক্তির কোন নেককাছাই আল্লাহ্ কবৃদ করেন না

হযরত জাবির ইবুন আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত। রাস্লুল্লাহ্ (সা) বলেছেন: "তিন ব্যক্তির নামায কবৃদ হয় না এবং তাদের কোন নেক আমল আসমানে উঠতে পারে না, ১. পলাতক দাস যে পর্যন্ত না সে তার মালিকের কাছে ফিরে এসে আত্মসমর্পণ করে। ২. যে মহিলার উপর তার স্বামী অসভুষ্ট এবং যতক্ষণ না তার প্রতি তার স্বামী সম্ভুষ্ট হয়। ৩. মদ্যপায়ী ব্যক্তি যতক্ষণ না সে সংশোধন হয়।"

(তাবারানী)

যে বস্তু মানুষের বিবেকবৃদ্ধি আছন বা বিনষ্ট করে, তাকে মদ বলে। তা কাঁচা হোক বা তকনা হোক। খাদ্যদ্রব্য হোক বা পানীয় হোক। হযরত আবৃ সাঈদ খুদরী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ্ (সা) বলেছেন: মদ্যপায়ীর দেহে যতক্ষণ মদের প্রতিক্রিয়া থাকে, ততক্ষণ তার নামায কবৃল হয় না।"

অন্য এক বর্ণনায় আছে, যে ব্যক্তি মদ্যপান করবে, আল্লাহ্ তার আমল কবৃল করবেন না। আর যে ব্যক্তি মদপান করে নেশাগ্রস্ত হয়, তার চল্লিশ দিন পর্যন্ত নামায কবৃল হয় না। যে ব্যক্তি তওবা করার পর আবার মদপান করে, আল্লাহ্ তা'আলার দায়িত্ব নিয়েছেন যে, তাকে ছাহান্নামের পূঁজ, রক্ত ইত্যাদি পান করাবেন।

রাস্পুরাহ (সা) আরও বলেছেন: "যে ব্যক্তি এমন পরিমাণে মাদকদ্রব্য পান করে যাতে নেশাগ্রন্থ না হয় তার প্রতি আল্লাহ্ তা'আলা চল্লিশ দিন বিমুখ থাকেন আর যে ব্যক্তি মদপান করে নেশাগ্রন্থ হয়, আল্লাহ্ তা'আলা চল্লিশ দিন পর্যন্ত তার কোন নেক আমল গ্রহণ করেন না। যদি সে এ অবস্থায় মারা যায়, তবে পৌতলিকের মত তার মৃত্যু হবে। তাকে মহান আল্লাহ্ অবশ্যই 'তীনাতৃল খাবাল' থেকে পান করাবেন। আরয় করা হলো, ইয়া রাস্লাল্লাহ্! 'তীনাতৃল খাবাল' কি বন্ধু ? তিনি বললেন: জাহান্নামবাসীর ঘাম, পুঁজ ও বমি।" (ইবন হিবরান)

হযরত আবদুল্লাহ ইব্ন আবি আওফা (রা) বলেন: যে ব্যক্তি মাতাল অবস্থায় মারা যাবে, সে লাত ও উয্যার উপাসনাকারীর মৃত মারা যাবে। আর্য করা হলো, যে ব্যক্তি মদপান করে জ্ঞান হারায় না বা মাতলামি করে না, এমন ব্যক্তি কি মাদকাসক্ত? তিনি বললেন, না, বরং যে ব্যক্তি মদ পেলেই পান করে এবং যদি তা কয়েক বছর পর পায় তাহলেও পান করে, এমন ব্যক্তিই মাদকাসক্ত।

মদ্যপারী মদপানকালে মুমিন খাকে না

হযরত আবৃ হুরায়রা (রা) বর্ণনা করেন, নবী করীম (সা) বলেছেন: "চোর যখন চ্রি করে, তখন সে মুমিন থাকে না এবং মদ্যপায়ী ব্যক্তি যখন মদপান করে, তখন সে মুমিন থাকে না। পরে তথবা ইমানকে প্রত্যাবর্তন করার।" (বুখারী) হাদীসে আছে, কোন ব্যক্তি ব্যক্তিচার করলে অথবা মদপান করলে আল্লাহ্ তা'আলা তার ঈমানকে এমনভাবে খুলে নেন যেমন মানুষ তার পরিধানের জামা মাথার উপর দিয়ে খুলে নেয়।

অপর এক হাদীসে আছে, যে ব্যক্তি সন্ধ্যা রাতে মদপান করে, তার ভোর হয় মুশরিক অবস্থায়। আর যে ব্যক্তি ভোরে মদপান করে, তার সন্ধ্যা হয় মুশরিক অবস্থায়।

হাদীসে আছে : নবী করীম (সা) বলেছেন : "জানাতের খুশবু পাঁচশো বছরের দূরের পথ থেকে পাওয়া যাবে কিন্তু মাতাপিতার অবাধ্য সন্তান, দান করে খোঁটা দানকারী, মদাসক্ত ব্যক্তি ও মূর্তিপৃঞ্জক জানাতের খুশবু পাবে না।" (তাবরানী)

ইমাম আহমাদ (র) আবৃ মৃসা আশ'আরী (রা) সূত্রে বর্ণনা করেন। তিনি বলেছেন, রাস্লুল্লাহ্ (সা) বলেন : মদ্যপায়ী, যাদুতে বিশ্বাসী, আত্মীয়তার বন্ধন ছিনুকারী এবং মাতাল অবস্থায় মৃত্যুবরপকারী জান্লাতে প্রবেশ করবে না। আল্লাহ্ তা'আলা এদেরকে 'আল গাওতাহ' নামক বরণা থেকে পানি পান করাবেন। আর তা হলো এমন পানি যা ব্যভিচারী মহিলাদের যৌনাঙ্গ হতে নিঃসৃত। তাদের যৌনাঙ্গের দুর্গন্ধ দোযখবাসীদের গীড়া দেবে।

রাস্লুল্লাহ্ (সা) বলেছেন : আল্লাহ্ আমাকে সারা ছাহানের জন্য রহমত ও হিদায়াত স্বরূপ প্রেরণ করেছেন। তিনি আমাকে যন্ত্র সঙ্গীতের বাদ্যযন্ত্রসমূহ এবং জাহিলিয়াতের রীতি-নীতি ধ্বংস করে দেয়ার জন্য পাঠিয়েছেন। আমার প্রতিপালক মহান আল্লাহ্ তাঁর সম্মানের শপথ করে বলেছেন, আমার যে বান্দা এক চুমুক মদপান করবে, আমি তাকে সে পরিমাণ দোষখের পানি পান করতে দেবো। আর আমার যে বান্দা আমার ভয়ে তা ত্যাগ করবে, আমি তাকে সম্মানিত লোকদের সাথে বেহেশতের পবিত্র পানীয় পান করাবো।

মদের ব্যাপারে যাদের অভিশাপ করা হয়েছে

আবু দাউদ (র) বর্ণনা করেন, রাসূলুরাই (সা) বলেছেন : আমি মদ ও মদপানকারী, আপ্যায়নকারী, বিক্রেতা, প্রস্তুতকারক, ক্রেতা, বহনকারী, যার জন্য বহন করা হয় এবং মূল্যগ্রহণকারী এদের সকলকে অভিশাপ দিয়েছি।

ইমাম আহমদ (র) হযরত আবদুয়াই ইব্ন আব্বাস সৃত্রে বর্ণনা করেছেন। তিনি বলেন, আমি রাস্লুয়াই (সা)-কে বলতে অনেছি। তিনি বলেছেন: "জিবরাঈল (আ) আমার কাছে এসে বলেছেন: হে মুহাম্বদ (সা)! আল্লাই তা'আলা মদ, মদপ্রস্কৃতকারক, বিক্রেতা, ক্রেতা, পানকারী, মূল্যগ্রহণকারী, বহনকারী, যার নিকট বহন করা হয়, আপ্যায়ন প্রার্থী ও আপ্যায়নকারী সকলের উপর অভিশাপ দিয়েছেন।"

মদ্যপায়ী অসুস্থ হলে তাকে দেখতে না বাওয়া ও তাকে সলাম না দেওয়া

আবদুরাহ ইব্ন আমর ইব্ন আস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, মদ্যপায়ী অসুস্থ হলে তোমরা তাকে দেখতে যাবে না। ইমাম বুখারী (র) বলেন, ইব্ন উমর (রা) বলেছেন, "মদ্যপায়ীকে তোমরা সালাম দেবে না।" নবী করীম (সা) বলেন:

لا تجالسوا شراب الخمر ولا تعودوا مرضاهم ولا تشهدوا جنائزهم وان شارب الخمر يجئ يوم القيامة مسودا وجهه . مدلعا لسانه على صدره ، يسيل لعابه يقذره كل من راه وعرفه انه شارب خمر .

"তোমরা মদ্যপায়ীদের সাথে ওঠাবসা করবে না, তাদের রুণ্ণদের দেখতে যাবে না এবং তাদের জানাযায় উপস্থিত হবে না। কিয়ামতের দিন মদ্যপায়ী অত্যন্ত কালো বর্ণের চেহারা নিয়ে উপস্থিত হবে, তার জিহ্বা বুক পর্যন্ত ঝুলে পড়বে এবং লালা বের হবে। যে দেখবে সেই তাকে ঘৃণা করবে এবং বুঝতে পারবে যে, এ লোক মদ্যপায়ী ছিল।" (ইবনে জাওয়ী)

কোন কোন আপিম বলেছেন: মদ্যপায়ী যেহেতু ফাসিক এবং অভিশপ্ত, সেহেতু তাকে অসুস্থ হলে দেখতে যেতে এবং সালাম দিতে নিষেধ করা হয়েছে। আল্লাহ্ ও তাঁর রাস্ল (সা) তাকে অভিশাপ করেছেন। যেমন উপরোম্নেখিত হাদীসে বলা হয়েছে। সুতরাং যে মাদকদ্র প্রস্তুত করে এবং তা বিক্রি করে, সে দু'বার অভিশপ্ত, আর যে অন্যক্তে পরিবেশন করে, সে তিনবার অভিশপ্ত। এজন্যেই তাকে রুগ্ন হলে দেখতে যেতে এবং দেখা হলে সালাম দিতে নিষেধ করা হয়েছে। তবে যে তওবা করবে, আল্লাহ্ তার প্রতি সদয় হবেন এবং তার তওবা কর্ল করবেন।

মাদকদ্রব্য দারা ঔষধ তৈরি করা নিবিদ্ধ

হ্যরত উম্বে সালমা (রা) হতে বর্ণিত। তিনি বলেন, একবার আমার এক কন্যা রোগাক্রান্ত হলে আমি একটি পাত্রে মদ ঢেলে নিয়ে সিদ্ধ করছিলাম। এ সময়ে রাসূল (সা) এলেন। তিনি বললেন, হে উম্বে সালমা। এতে কি ? আমি বললাম, এ দিয়ে আমি আমার কন্যার চিকিৎসা করবো। তখন রাস্বুল্লাহ্ (সা) বললেন:

إِنَّ اللَّهُ تَعَالَىٰ لَمْ يَجْعَلْ شِفَاءَ أُمُّتِي فِيْمَا حَرَّمَ عَلَيْهَا .

"মহান আল্লান্থ হারামের মধ্যে আমার উপতের জন্য কোন নিরাময় রাখেন নি।"

মাদকদ্রব্য সমক্ষে অন্যান্য হাদীস

হযরত আবৃ মৃসা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী করীম (সা)-এর নিকট এক কড়াই আঙ্রের রস কৃটন্ত অবস্থার আনা হলো। নবী করীম (সা) বললেন, এগুলো এ বাগানে তেলে দাও। কেননা যারা আল্লাহ্ ও আবিরাতের উপর ঈমান রাখে না, কেবল ভারাই তা পান করে থাকে।

রাস্লুল্লাহ্ (সা) বলেছেন : যার বক্ষে পবিত্র কুরআনের একটি আয়াতও রয়েছে এবং তার উপর মদ ঢেলে দিয়েছে (অর্থাৎ মদ্যপান করেছে) কিয়ামতের দিন সে আয়াতের অক্ষরগুলো এসে তার কপাল ধরে টেনে নিয়ে ভাল্লাহ্র কাছে উপস্থিত করবে এবং তার বিরুদ্ধে অভিযোগ করবে। যে ব্যক্তির বিরুদ্ধে কুরআন কিয়ামতে ফরিয়াদী হবে, তার জন্য বড়ই দুর্ভোগ।

নবী করীম (সা) বলেছেন: দূনিয়াতে যারা দলবদ্ধ হয়ে মদ্যপান করে, কিয়ামতের দিন আল্লাহ্ তা'আলা তাদের জাহান্লামে একত্র করবেন। তখন একজন অপরজনকে ভর্ৎসনা করতে থাকবে। একজন অপরজনকে তার নাম ধরে ডেকে বলবে, আল্লাহ্ যেন তোমার মঙ্গল না করেন। কারণ তুমিই তো আমাকে একাজে উদুদ্ধ করেছিলে। অপর ব্যক্তিও অনুরূপ অভিযোগ করবে।

নবী করীম (সা) আরও বলেছেন: বে ব্যক্তি দুনিয়াতে মদ্যপান করবে কিয়ামতের দিন আল্লাহ্ তা'আলা তাকে এমন বিষের পানীয় পান করাবেন যা পান করতে গেলে পান করার পূর্বে পানপাত্রে তার চেহারার গোলত বসে পড়বে। যখন তা পান করবে তার শরীরের গোলত ও চামড়া বসে পড়ে যাবে। অন্যান্য জাহান্লামবাসী এতে কট পাবে।

সাবধান! মদপানকারী, মদপ্রস্থেতকারী, প্রস্থেতকৃত মদবহনকারী, যার নিকট মদ বহন করা হয় সে এবং মদের সূল্যভোগকারী সকলেই সমানভাবে তনাহের অংশীদার; তওবা না করা পর্যন্ত আল্লাহ্ ভাজালা এদের নামায, রোষা, হজ্জ কিছুই কবৃল করবেন না। যদি এরা তওবার পূর্বে মারা যায়, তবে দুনিয়াতে তারা যে মদ্যপান করেছে তার প্রত্যেক ঢোক মদের জন্য মহান আল্লাহ্ তাকে দোষখের পূঁজ-রক্ত খাওয়াবেন। তোমরা জেনে রাখো—প্রত্যেক প্রকার নেশাদার বস্তুই মদ এবং সকল প্রকার মাদকদ্রব্যই হারাম। রাস্পুল্লাহ্ (সা)-এর বাণী—"সকল নেশাদার বস্তুই মদ"-এর মধ্যে হাসীস অন্তর্ভুক্ত যার বর্ণনা পরবর্তী সময় দেয়া হছে। বর্ণিত আছে—মদ্যপায়ীরা যখন (কিয়ামতের দিন) পূলের উপর উপস্থিত হবে, তখন জাহান্নামের ফেরেশতা তাকে ধরে নিয়ে যাবে নহর-ই-খাবাল-এর কাছে এবং সেই নহর-ই-খাবাল থেকে তাকে দুনিয়াতে যত পেয়ালা মদপান করেছিল তত পেয়ালা পান করানো হবে। নহর-ই-খাবালের ঐ পানীয় যদি আসমানে পৌছত তাহলে তার পরমে আসমানসমূহ জ্বলে যেতো। আমরা মহান আল্লাহ্র কাছে এ থেকে আশ্রম প্রার্থনা করছি।

মাদকদ্রব্য সম্পর্কে বুবর্গানে দীনের অভিমন্ত

হ্যরত ইব্ন মাসউদ (রা) বলেছেন: মদ্যপারী যদি মারা বায় তাহলে প্রথমে তাকে দাফন করবে। তারপর ছার কবর খুঁড়ে দেখকে স্বদি তার চেহারা কিবলার দিক থেকে ফিরিয়ে রাখা হর ভাহলে তাকে তুলে কাঠের সাথে ঝুলিয়ে রাখবে আর যদি তার চেহারা কিবলার দিকেই থাকে, তাহলে তাকে ঐ অবস্থায় রেখে দেবে।

হ্যরত ফুযারল ইব্ন আয়ায় (র) বলেন, তিনি তাঁর এক ছাত্রের মৃত্যুর সময় উপস্থিত ছিলেন। তিনি তাকে কালেমারে শাহাদত পড়াতে চেষ্টা করছিলেন কিন্তু সে তা পড়তে পারছিল না। অবশেষে সে বললো, আমি কালেয়া পড়বো না। আমি তা পছল করি না। তখন কুষায়ল (র) কানারত অবস্থায় তার নিকট থেকে বের হয়ে গোলেন। কিছুদিন পরে তিনি স্বপ্লে দেখলেন তাকে জাহান্নামের দিকে টেনে নেয়া হছে। ফুযায়ল (র) তাকে বললেন, ওহে সর্বহারা! কেন তোমার নিকট হতে আল্লাহ্র পরিচয় ছিলিয়ে নেয়া হয়েছিল ? তখন সে বললো, উন্তাদকী! আমার একটা রোগ ছিল। আমি এক চিকিৎসকের শরণাপন্ন হলে সে আমাকে প্রতি বছর এক পেয়ালা মদপান করতে বলল। আরও বলল যে, তা না করলে এ রোগ ভাল হবে না। তাই আমি তা ঔষধ হিসাবে প্রতি বছর পান করতাম।

ঔষধ হিসাবে পান করলে যদি এ অবস্থা হয় তবে যারা শব্দ করে বা অন্যের প্ররোচনায় মদপান করে, তাদের অবস্থা কি হবে ? সকল প্রকার বিপদ থেকে আমরা আল্লাহ্র ক্ষমা ও করলা প্রার্থনা করছি। কোন এক তওবাকারীকে তার তওবার কারণ জিজ্ঞেস করা হলে সে বলদ, আমি কবর খুঁড়ে কাপড় চুরি করতাম। অতঃপর আমি এক লোকের কবর খুঁড়ে দেখলাম যে, কিবলা দিক থেকে তার মুখ অন্যদিকে ফিরিয়ে রাখা হয়েছে। আমি তার পরিবার-পরিজনের কাছে তার আমল সম্পর্কে জিজ্ঞেস করলে তারা জানালো যে, সে দুনিয়ায় থাকাকালে মদ্যপান করতো এবং তওবা না করে মারা গেছে।

কোন এক ব্যর্গ ব্যক্তি বলেছেন, আমার একটি শিশু মারা যায় এবং নির্দিষ্ট এক স্থানে তাকে দাফন করি। কিছুদিন পরে স্থপ্নে দেখলাম যে, তার মাধার চুল পেকে গেছে। আমি বললাম, হে আমার পুত্রা তোমাকে তো শিশু অবস্থার দাফন করেছিলাম, কি কারণে তুমি বৃদ্ধ হয়ে গেলে । সে বলল, আব্বাজান। আমার পাশে এমন এক লোককে দাফন করা হয়েছে, বে দুনিয়াতে থাকাকালে মদ্যপান ক্রতো। তার আগমনে জাহান্নামের আগুন এমনভাবে দাউ দাউ করে জ্বলে উঠেছে যে, তার শব্দে এখানে কবরস্থ সকল শিশুর মাধার চুল পেকে গেছে।

মহান আল্লাহ্র কাছে পরকালের আধাব থেকে ক্ষমা প্রার্থনা করছি। অতএব, প্রত্যেক বান্দার প্রতি অবশ্য করণীয় হলো মৃত্যু আসার পূর্বে তওবা করা। অন্যথায় পাপাচারে লিও অবস্থায় মারা পিরে জাহান্লামে স্কৃলতে হবে। আল্লাহ্ আমাদের রক্ষা করন।

ফারদা

হাসীস উদ্ভিদের পাভাষারা তৈরি করা হয়। মদের মত ভা হারাম। এতে পানকারীর মধ্যে চাঞ্চল্য ও উত্তেজনা সৃষ্টি হয় যেমনটি মদ্যপানে হয়ে থাকে। হাসীস শরাবের চাইতেও এই দৃষ্টিকোণে খারাপ বলা যায় যে, তা পান করলে বিবেক-বৃদ্ধি লোগ পায়, মেজাবের ভারসাম্য হারায় এবং অনেক পুরুষ আবার যৌনশক্তি হারিয়ে নপুংসকে পরিণত হয়। আর মদ এই দৃষ্টিকোণ থেকে খারাপ বে, মন্দ্যপান পারশরিক বিবাদ,

যুদ্ধ-বিশ্বহ ও হানাহানির সূত্রপাত ঘটায়। তবে মদ ও হাসীস উভয়ই আল্লাহ্র স্বরণ থেকে বিমুখ করে তোলে এবং নামায় থেকে বিরত রাখে।

হাসীস পানের শান্তি সম্পর্কে আলিমদের মধ্যে মতভেদ আছে। উলামায়ে মুডাআখ্মিরীনের কেউ কেউ এর হদ বা শান্তি সম্পর্কে নীরবতা অবলম্বন করেছেন। তারা মনে করেন যে, হাসীস পানকারীকে তাখীর (হাল্কা শান্তি) দেওয়া যেতে পারে। কারণ তাদের ধারণা হলো এটা পান করলে বিবেক-বৃদ্ধিতে বিকৃতি আসলেও তেমন মারাত্মক প্রভাব দেখা দেয় না এবং এতে একেবারে শারীরিক ভারসাম্য লোপ পায় না। এটা অনেকটা ভাং-এর মত। এ সম্পর্কে উলামায়ে মুডাকাদেমীনের কোন প্রকার বন্ধব্য পাওয়া যায় না। বন্ধুর্ত হাসীস এমন এক প্রকার বন্ধু যা পান করলে মাদকদ্রব্যের মত নেশামন্ত প্রবং উন্তেজিত হয় এবং একবার যায়া অভান্ত হয় তারা আর তা ছাড়তে পারে না এবং এটা মদের চেয়েও বেশি আল্লাহ্র শ্বরণ ও নামায় থেকে গাফিল করে দেয়। সাথে সাথে এতে ব্যভিচারে লিও হওয়ার, নপুংসক হওয়ার এবং জ্ঞানবৃদ্ধি লোপ পাওয়ার ও মেজাযের ভারসাম্য হারাবার মত ইত্যাদি পার্শ্ব প্রতিক্রিয়া রয়েছে।

হাসীস যখন খাদ্যদ্রব্য হিসাবে থাকে এবং তা পানীয়তে পরিণত না হয় তখন তা অপবিত্র হওয়া না হওয়া সহজে আলিমদের মধ্যে মতবিরোধ ররেছে। কেউ কেউ বলৈছেন, তখনও তা মদ্যপানের মত হারাম। আর এটাই সঠিক অভিমত। কোন কোন আলিম বলেছেন, তখনা থাকা অবস্থায় হারাম নয়। কিছু সংখ্যক আলিমের মঙে তখনা ও ভেজার মধ্যে পার্থক্য রয়েছে। সে যাহোক, সকল অবস্থায়-ই হাসীস হারাম। কারণ রাস্লুল্লাহ্ (সা) বলেছেন, প্রত্যেক মাদকাসক্তি সৃষ্টিকারী বস্তুই হারাম। হযরত আবু মুসা (রা) রাস্লুল্লাহ্ (সা)-এর কাছে দুই ধরনের মাদকদ্রব্য সম্পর্কে জিজ্জেস করেছিলেন। এর একটি হলো 'বিতঅ' যা মধুর ধারা ইয়ামনের তৈরি, অপরটি হলো মিযার (المئزار) যা যবধারা তৈরি।

নবী করীম (সা) অতি অল্প বাক্য প্রয়োগ করে ব্যাপক অর্থ ও ভাবগাঞ্জীর্যপূর্ণ কথা বলতেন। তিনি বললেন : ﴿ اَ الْمُ اللّهُ الْمُ الْمُ اللّهُ الْمُ الْمُ الْمُ الْمُلْعُلُمُ الْمُعْلِينِ اللّهُ الْمُ الْمُلْمُ اللّهُ الْمُلْمُ الْمُلْمُ اللّهُ الْمُلْمُ اللّهُ اللّهُ

অপর এক হাদীসে আছে—নবী করীম (সা) বলেছেন:

"যে জিনিস বেশি পরিমাণে গ্রহণ করলে নেশার সৃষ্টি হয় তার অল্প প্রহণও হারাম।" তিনি তকনা ও ভেজার মধ্যে কোন প্রকার পার্থক্য করেননি। পার্থক্য করেননি পানীয় ও কঠিন আহারীয় হওয়ার মধ্যেও।

হাসীস কোন কোন সময় পান করতে এবং কোন সময় আবার তা খেতে দেখা যায়। মদও পানাহার উভয়ভাবে ব্যবহার করা হয়। এ সম্পর্কে আদিমগণ বিশদভাবে আলোচনা করেননি। কারণ প্রাচীনকালের আলিমদের কাছে এটা ছিল অপরিচিত। তাতারদের আগমনের পরই হাসীস ইসলামী দেশগুলোতে প্রবেশ করে। কবি বলেছেন:

فاكلها وزارعها حلالا × فتلك على الشقى مصيبتان «فاكلها وزارعها حلالا به فتلك على الشقى مصيبتان والمامة على الشقى مصيبتان والمامة على الشقى مصيبتان والمامة على الشقى مصيبتان والمامة المامة على الشقى مصيبتان والمامة على المامة على ا

"হালাল মনে করে হাসীস পানকারী ও উৎপাদনকারা ডভয়ের জন্য বিপদ। আল্লাহ্র শপথ, শয়ডান হাসীস পানে যত খুশি হয় অন্য কোনটায় তত খুশি হয় না।" কারণ তা অন্তরের মধ্যে অপরাধ প্রবণতা বৃদ্ধি করে। ফলে হারামকে হালাল মনে করে। কবি আরও বলেছেন:

قل لمن يأكل الحشيش جهلا × عشت في اكلها باقبح عيشه قيمة المرء جوهر فلماذا × يا اخا الجهل بعته بحشيشة

"অজ্ঞতাবশত যারা হাসীস খায় তাদের বলে দিন, এ খেয়ে খেয়ে বেঁচে থাকা মূলত এক কদর্য জীবন যাপন করা বৈকি ? মানুষের মূল্য হলো মণি-মুক্তার মত। ওহে মূর্খ! কিভাবে তুমি এ মূল্যবান জীবনকে হাসীসের বিনিময়ে বেচে দিলে এবং ধাংস করলে ?"

একটি মজার কাহিনী

আবদুল মালিক ইবন মারওয়ান থেকে বর্ণিত আছে যে, একবার এক যুবক ক্রন্দনরত ও চিন্তিত অবস্থায় তার কাছে এসে বলন, হে আমীরুল মুমিনীন! আমি মহাপাপ করেছি ৷ আমার জন্য তওবার কোন পথ আছে কি ? তিনি বললেন, তুমি কি পাপ করেছো ? সে বদশো, আমার পাপ অত্যম্ভ জঘন্য। তিনি বদদেন, তুমি যে ধরনেরই পাপ করে থাক আল্লাহ্ তা'আলার কাছে তওবা করো। তিনি তাঁর বান্দাদের তওবা কবৃদ করেন এবং ওনাহ মাক করেন। সে বদল, হে আমীরুল মুমিনীন। আমি কবর খুঁড়ে কাফন চুরি করতাম। কবর খুঁড়তে গিয়ে আমি অনেক আন্চর্য কাঙ দেখেছি। তিনি বললেন, তুমি কি দেখেছো ? সে বলল, হে আমীরুল মুমিনীন। এক রাতে আমি একটি কবর খুঁড়ে দেখতে পেলাম যে, মৃত ব্যক্তির চেহারা কিবলার দিক থেকে অন্যদিকে ফিরিয়ে রাখা হয়েছে। আমি ভর পেলাম এবং বেরিয়ে আসতে চাইলাম। এমন সময় তনতে পেলাম কে যেন বলছে, তুমি কেন মৃত ব্যক্তির কাছে কিবলা হতে তার মুখ ফিরিয়ে রাখার কারণ জিজ্ঞেস করছো না ? তখন আমি জিজ্ঞেস কর্মাম, কেন তোমার মুখ ফিরিয়ে অন্যদিকে রাখা হয়েছে ? সে বলল, সে নামাযকে অবহেলা করতো। যারা নামায়ে অবহেলা করে তাদের শান্তি এই। যুবকটি বলল, আমি অপর একটি কবর খুঁড়ে দেখতে পেলাম যে, মৃত ব্যক্তি শৃকরে পরিণত হয়েছে এবং তার গলা শিকল দিয়ে বাঁধা আছে। আমি ভয় পেয়ে বেরিয়ে আসতে উদ্যত হলাম। হঠাৎ কে যেন বলে উঠলো, তার আমল কি কি ছিল তা কি তুমি জানতে চাওং আমি বললাম, কেন ং তিনি (অদৃশ্য শক্তি) বললেন, সে পৃথিবীতে থাকাকালে মদ্যপান করতো এবং তওবা না করেই মারা গেছে। হে আমীরন্স মুমিনীন! তৃতীয়বারে

আমি এমন এক লোকের কবর খুঁড়লাম যাকে আগুনের তার দিয়ে মাটির সাথে বাঁধা হয়েছে এবং তার **জিহ্বা পেছনের দিক থেকে বে**র করা হয়েছে। আমি *ভয় পে*শাম এবং ফিরে আসতে চাইলাম। তখন আমাকে ডেকে বলা হলো—তুমি কেন তার এ অবস্থা সম্পর্কে জানতে চাচ্ছো না ? আমি বললাম, কেন ? অদৃশ্য থেকে বলা হলো— সে পেশাব থেকে সাবধানতা অবদয়ন করতো না এবং একজনের কথা অন্যজনের কাছে বলে বেড়াতো। এধরনের কাজের শান্তি এরপ হয়ে থাকে। হে আমীরুল মুমিনীন! চতুর্থবারে আমি একটি কবর বুঁড়ে দেখতে পেলাম যে, মৃত ব্যক্তির লাশ থেকে অগ্নিশিখা বেরুছে। আমি ভয় পেলাম এবং বেরিয়ে আসার জন্য প্রস্তুত হলাম। হঠাৎ বলা হলো, তুমি কি তার অবস্থা জানতে চাও ? আমি বললার্ম, তার অবস্থা কি ? তিনি বললেন, সে নামাব তরক করতো। হে আমীরুল মুমিনীন। পঞ্চমবারে আমি একটি কবর খুঁড়ে দেবতে পেলাম যে, তার কবর চোবের দৃষ্টি যতদ্র যায় ততদ্র পর্যস্ত প্রশন্ত, কবরটি নূরে পরিপূর্ণ। মৃতব্যক্তি খাটের উপর ঘুমত অবস্থায় রয়েছে। তার দেহে রয়েছে সুন্দর পোশাক-পরিচ্ছদ। এ অবস্থা দেখে আমি ভীত হয়ে পড়শাম এবং বের হয়ে আসতে চাইলাম। তখন আমাকে বলা হলো—তুমি কি তার অবস্থা জানতে চাও এবং কেন ডাকে এমন সন্মান দেয়া হয়েছে ? আমি বলনাম, কেন ডাকে এ সম্মান দেয়া হয়েছে ? আমাকে বলা হলো, সে ছিল আল্লাহ্র এক অনুগত যুবক। আল্লাহ্র আনুগত্য ও ইবাদতে সে তার জীবন অভিবাহিত করেছে।

আবদৃশ মাণিক (র) তার কথা তনে বলপেন, এ ঘটনায় পাপীদের জন্য উপদেশ এবং নেককারদের জন্য সুসংবাদ রয়েছে। ধারা এ ধরনের পাশাচারে লিও আছে তাদের অবশ্যকরণীয় হলো তাড়াতাড়ি তওবা করা এবং আক্সাহ্র আনুগত্য করা। মহান আক্সাহ্ আমাদের তাঁর অনুগত হবার এবং কাসেকী আমল থেকে বেঁচে থাকার তওফীক দান করুন।

২০. জুয়াখেলা

আল্লাহ্ তা'আলা বলেন:

يُايَّهُا الَّذِيْنَ أَمَنُوا انِّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْأَنْصَابُ وَالأَزْلاَمُ رَجْسٌ مِّنْ عَمَلِ الشَّيْطَانِ فَاجْتَ نَبِبُوهُ لَعَلَّكُمْ تُفْلِحُونَ . وَجُسٌ مِّنْ عَمَلِ الشَّيْطَانُ أَنْ يُوقِع بَيْنَكُمُ الْعَدَاوَة وَالْبَغْضَاءَ فَى الْخَمْرِ وَالْمَيْسِرِ وَيَصُدُكُمْ عَنْ ذِكْرِ اللَّهِ وَعَنِ الصَّلُوةِ - فَهَلْ أَنْتُمْ مُنْتَهُونَ .

"হে বিশ্বাসিগণ! মদ, জুরা, মূর্তিপূজার বেদী ও ভাগ্যনির্ণারক তীর ঘৃণ্যবস্থ এবং শরতানের কাজ। সূতরাং তোমরা তা বর্জন কর, যাতে তোমরা সফলকাম হতে পার। শরতান তো মদ ও জুরাধারা তোমাদের মধ্যে শত্রুতা ও বিদ্বেষ সৃষ্টি করতে চার এবং তোমাদের আল্লাহ্র স্বরণে এবং নামাবে বাধা দিছে চার। অতএব, তোমরা কি তা পরিহার করতে প্রস্তুত নও ?" (সূরা মায়িদা: ১০-১১)

'মায়সির' একটি ব্যাপক অর্থবোধক শব্দ যার অর্থ হলো সহজ্ঞপত্য। এটা এমন একটি খেলা যারদ্বারা অন্যের অর্থ সহজ্ঞে নিজের অধিকারে আনা যায়। পাশা, দাবা, হাউজী, লটারি প্রভৃতি মায়সির বা ছুয়ার অন্তর্ভুক্ত। এ সকল খেলাদ্বারা অন্যের মাল অন্যায়ভাবে নিজের অধিকারে আনা হয় বলে আল্লাহ্ তা'আলা এরপ কাজ হারাম করে দিয়েছেন। মহান আল্লাহ্ বলেছেন:

وَلاَ تَأْكُلُوا أَمُوالكُمْ مِينْكُمْ بِالْبَاطِلِ .

"তোমরা পরস্পরের অর্থসম্পদ অন্যায়ভাবে **আত্মসাৎ করো** না।"

এরপ খেলা নবী করীম (সা)-এর নিম্নোক্ত বাদীর অন্তর্ভুক্ত: "তোমাদের মধ্যে এমন লোক রয়েছে যারা আল্লাহ্র সম্পদ অন্যায়ভাবে হস্কগত করার তালাশে তৎপর থাকে। কিরামতের দিন এদের স্থান জাহান্নামে।"

সহীহ আল-বৃখারীতে বর্ণিত আছে। রাস্লুল্লাহ্ (সা) বলেছেন: "যে ব্যক্তি তার সাধীকে বলে, চলো জুয়া খেলি সে যেন সদকা আদায় করে।" যদি জুয়া খেলার প্রস্তাব দিলেই কাফ্ফারা বা সদকা দিতে হয় তাহলে কি হবে তা সহজেই অনুমেয়।

অনুচ্ছেদ

যখন বন্ধক ছাড়াই নারদ (গুটি খেলা) এবং শতরঞ্জ (দাবা) খেলা হয় তখন তা জায়েয হবে কিনা এ নিয়ে আলিমদের মধ্যে মতভেদ রয়েছে। নারদ বা গুটি খেলা সম্বন্ধে আলিমগণ একমত যে, তা হারাম। কারণ রাসূলুক্মাহ্ (সা) বলেছেন:

ে এটি নারদ (গুটি খেলা) খেলবে, সে যেন শৃকরের রক্ত-মাংসে নিজের হাতকে রাজালো।" (মুসলিম)

নবী করীম (সা) আরও বলেছেন:

مَنْ لَعُبَ بِالنَّرْدِ فَقَدْ عَصني اللَّهُ وَرَسُولُهُ .

"যে ব্যক্তি নারদ (গুটি খেলা) খেললো সে আল্লাহ্ ও তাঁর রাস্লের নাফরমানী করলো।" (আবু দাউদ ও ইবনে মাজাহ)

হযরত ইব্ন উমর (রা) বলেছেন: "নারদ (গুটি খেলা) বেলা এক ধরনের জুয়া যেমন শৃকরের চর্বি মিশ্রিত তৈল।"

শতরপ্ত সম্পর্কে গ্রন্থকার বলেন, অধিকাংশ আলিমের মতে শতরপ্ত বা দাবা খেলা হারাম। এ খেলার বাজি ধরা বা বন্ধক রাখা বা না রাখার মধ্যে কোন পার্থক্য নেই। যদি বন্ধক রেখে খেলা করা হয় তবে তা সর্বসন্থত মতে হারাম। বন্ধক না রেখে খেলার ব্যাপারে মতভেদ রয়েছে। অধিকাংশের মতে এটাও জুয়ার অন্তর্ভূক্ত এবং হারাম। কারো কারো মতে বন্ধক না রাখা হলে তা মুবাহ। ইমাম শাফিই (র) বশেন, যদি দাবা খেলা প্রকাশ্যে না হয় এবং কোন ওয়াজিব কাজে বাধার সৃষ্টি না করে ও নামায ওয়াজ্মত পড়ায় বাধারত্ত না হয়, তবে তা মুবাহ। ইমাম নববী (র)-এর কাছে শতরপ্ত খেলা জায়েয়, না নাজায়েয় তা জিজ্জেস করা হলে তিনি বলেন, অধিকাংশ আলিমের মতে শতরপ্ত হারাম। তাঁর কাছে আরও জিজ্জেস করা হয়েছিল মে, শতরপ্ত খেলা জায়েয়, না নাজায়েয় এবং খেললে তনাহ হবে কি না । তিনি উত্তরে বলেন, যদি খেলতে গিয়ে সময়মত নামায আদায় ব্যাহত হয়, অথবা অর্থের বিনিময়ে খেলা হয়, তাহলে তা হারাম। অন্যথায় ইমাম শাফিই (র)-এর মতে মাকর্রহ এবং অন্যদের মতে হারাম। (ফাতওয়ায়ে নববী)

অধিকাংশ আলিমের মতে শতরঞ্জ হারাম হবার দলীল হলো : আল্লাহ্ তা আলার বাণী :

حُرِّمَتْ عَلَيْكُمُ الْمَيْشَةَ وَالدَّمَ وَلَحْمَ الْخِنْزِيْرِ الى قوله وَاَنْ تَسْتَقْسِمُوْا بِالْاَزْلاَمِ .

"তোমাদের জন্য মৃত পত, প্রবাহিত রক্ত, শৃকর এবং তীরের ঘারা বন্টন করা অর্থাৎ জুয়া হারাম করা হয়েছে।" সৃষ্টিয়ান এবং ওয়াকী ইব্ন জার্ব্রাহ (র) বলেন : এখানে জ্য়াদারা শতরঞ্জ (দাবা

খেলা)-কে বুঝানো হয়েছে।

হ্যরত আলী (রা) বলেন, "শতর্জ প্রাচ্যবাসীদের জ্বা।" তিনি একবার এমন একদল লোকের নিকট দিয়ে যাজিলেন, যারা শতর্জ বা দাবা খেলছিল। তিনি বশলেন:

مَا هٰذِهِ التَّمَاثِيلُ الَّتِي ٱنْتُمْ لَهَا عَاكِفُونَ ؟

এসব মূর্তির কি তোমরা সেবা করছো ? একে স্পর্শ করার চেয়ে আগুনের কয়দা স্পর্শ করা ভাল। আল্লাহ্ তা আলা তোমাদের এ কাজের জন্য সৃষ্টি করেননি।

হ্যরত আলী (রা) আরও বলেন, যারা দাবা থেলে তারা লোকদের মধ্যে সবচেয়ে বড় মিধ্যুক। তাদের একজনে বলে, আমি মেরেছি। আসলে মারা হয়নি। আবার বলে মরেছে, আসলে কেউ মরেনি।

আবু মূসা আশ'আরী (রা) বলেন, পাপী ছাড়া কেউ দাবা খেলে না। ইসহাক ইবনে রাহবিয়া (র)-কে প্রশ্ন করা হয়েছিল, আপনি দাবা খেলাকে অপরাধ মনে করেন? তিনি বললেন, এ খেলা অত্যন্ত ক্ষতিকর। তারপয় পুনরায় জিজ্ঞেস করা হলো, যুদ্ধ শেখার জন্য ছাতর সম্প্রদায় এ খেলা করে থাকে তবুও কি তাতে পাপ হবেঃ তিনি বলেন, এ খেলা পাশের কাজ।

মুহাম্মদ ইবৃন কার' আল-কুরতুরী (র)-কে শতরঞ্জ সহক্ষে জিজ্ঞেস করা হয়েছিল। তিনি বলেছেন, এ খেলার ন্যূনতম অপকারিতা ও ক্ষতি হলো তাদের বাতিলপন্থীদের

সাথে হাশর হবে।

হযরত ইব্ন উমর (রা)-কে শতরঞ্জ লেখা সম্পর্কে জিজেস করা হলে তিনি বলেন, এটা নারদ (গুটি খেলা) থেকে জঘন্য। ইমাম মালিক ইব্ন আনাস (র)-কে শতরঞ্জ সম্পর্কে জিজেস করা হলে তিনি বলেন, এটা নারদের মত। আমরা এ সম্পর্কে ইব্ন আব্বাস (রা) থেকে জানতে পাই যে, তিনি একবার এক ইয়াতীমের মালের তত্ত্বাবধায়ক নিযুক্ত হয়েছিলেন এবং সে ইয়াতীম ঐ মাল পৈতৃক স্ত্রে মালিক হয়েছিল। আর সে মাল ছিল শতরঞ্জ ঘারা অর্জিত অর্থ। তাই তিনি তা জ্বালিয়ে দিয়েছিলেন। যদি শতরঞ্জ জায়েয হতো তাহলে তিনি এভাবে ইয়াতীমের মাল জ্বালিয়ে দিতেন না। যেহেতু এ খেলা হারাম, সেহেতু তা তিনি জ্বালিয়ে দিলেন। যেমন কোন ইয়াতীমের মালের মধ্যে মাদকদ্রব্য পাওয়া গেলে তা বিনম্ভ করে ফেলতে হবে। অনুরূপভাবে শতরঞ্জ ঘারা লব্ধ অর্থণ্ড নম্ভ করে ফেলতে হবে। এটা হিবকল উমাহ বা উম্বন্ধের জ্ঞানকোষ-এর অভিমত। ইবরাহীম নাখক (র)-কে জিজ্ঞেস করা হয়েছিল যে, শতরঞ্জ বা দাবা খেলা সম্পর্কে আপনার অভিমত কি ? তিনি বলেন, তা অভিশপ্ত।

আবু বকর আল-আসরম তাঁর জামি কিতাবে—'ওরাসিলাহ ইবন আল-আসকা' (রা) থেকে বর্ণনা করেন যে, রাস্লুল্লাহ্ (সা) বলেছেন : আল্লাহ্ তা'আলা প্রতিদিন তাঁর সৃষ্টির প্রতি ৩৬০ বার দৃষ্টিপাড করেন কিন্তু যারা দাবা খেলে তাদের প্রতি মোটেও দৃষ্টিপাত করেন না। কারণ তারা বলে বাদশা মরে গেছে।

আবৃ বকর আশ-আজরী আবৃ হুরায়রা (রা) সূত্রে বর্ণনা করেন, রাস্লুরাহ্ (সা) বলেছেন : যারা তীর নিক্ষেপ করে দটারি করে এবং নারদ ও শতরপ্ত থেলে, তাদের তোমরা সালাম দেবে না। তারা যখনই খেলায় লিগু থাকে তখন শয়তান তাদের সাহায্য করে। যদি সে তা থেকে দৃষ্টি অন্যদিকে ফিরায়, তখন শয়তান তার দলবলসহ তাকে ভর্মনা করতে থাকে যতক্ষণ না তারা ওখান থেকে বিচ্ছিল্ল হয়ে যায়—বেমন কুকুর মৃত জন্তু পেয়ে পেটভরা শেষ না করে বিচ্ছিল্ল হয় না।"

এছাড়া তারা এ খেলায় মিখ্যা কথাও বলে থাকে। তারা বলে: বাদশা মারা পেছে। নবী করীম (সা) আরও বলেছেন: কিয়ামতের দিন সবচেয়ে কঠিন আযাব হবে দাবাড়ু বা শতরঞ্জ খেলোয়াড়দের। তারা বলে, রাজাকে হত্যা করেছি। আল্লাহ্র শপথ, মরেছে ইত্যাদি। আল্লাহ্র কসম তারা এসব বলে আল্লাহ্র উপর অপবাদ দেয় এবং মিখ্যা আরোপ করে।"

মুজাহিদ (র) বলেছেন, যখন কোন ব্যক্তির মৃত্যু উপস্থিত হয় তখন সে তার সঙ্গী-সাখীদের দেখতে পায়। এক দাবাড়ুকে তার মৃত্যুকালে 'লা-ইলাহা ইল্লালাহ' পড়তে বলা হলে সে বললো, তোমার রাজা। তারপর সে মারা গেল। জীবিতকালে খেলতে গিরে সে যা বলতো, মৃত্যুর সময় তার মুখ খেকে তা-ই বেরিয়ে এলো। সে কালেমায়ে তাওহীদের পরিবর্তে বলল, 'তোমার রাজা'।

অপর এক ব্যক্তির মৃত্যুকালে অনুরপ ঘটনা সংঘটিত হয়। সে মদ্যপায়ীদের সাধী ছিল। মৃত্যুকালে কোন এক দোক তাকে কালেমায়ে শাহাদত পাঠ করতে বললে সে বললো, তুমি পান কর এবং আমাকেও পান করতে দাও। তারপর সে মারা গেল। মহান আল্লাহ্র কৃপা ছাড়া পাপাচার থেকে বাঁচা ও নেককাজ করার ক্ষমতা আমাদের নেই। রাস্পুল্লাহ্ (সা) বলেছেন:

يَحُوْتُ كُلُّ انْسَانٍ عَلَى مَا عَاشَ عَلَيْهِ وَيُبُعَثُ عَلَى مَا مَاتَ عَلَيْهِ وَيُبُعَثُ عَلَى مَا مَاتَ عَلَيْهِ .

"প্রত্যেক ব্যক্তি ষেডাবে ও যা করে জীবন যাপন করে, সেডাবেই তার মৃত্যু হয় এবং ষেভাবে মারা যায়, সেভাবেই কবর থেকে উঠবে।" (মুসলিম)

আল্লাহ্ তা আলার কাছে আমাদের আকুল মিনতি, তিনি যেন আমাদের মুসলমান হিসাবে মৃত্যুবরণ করার সুযোগ দান করেন এবং সকল প্রকার গুমরাহী ও ভ্রান্তি হতে রক্ষা করেন।

২ সতী-সাধী নারীকে ব্যতিচারের অপবাদ দেয়া

মহান আল্লাহ বলেছেন :

إِنَّ الَّذِيْنَ يَرْمُونَ الْمُحْصَنَاتِ الْعَقَلْتِ الْمُوَّمِنَاتِ لُعِنُواْ فِي الدُّنْيَا الْأَخْرَةِ ، وَلَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ، يَوْمَ تَشْهَدُ عَلَيْهِمْ اَلْسِنَتُهُمْ وَاَيْدِيْهِمْ وَاَرْجُلُهُمْ بِمَا كَانُواْ يَعْمَلُونَ ،

"যারা সতী-সাধ্বী, নিরীহ ও মুমিন নারীর প্রতি ব্যক্তিচারের অপবাদ আরোপ করে, তারা ইহকাল ও পরকালে অভিশন্ত এবং তাদের জন্য রয়েছে মহাশান্তি। যেদিন তাদের বিরুদ্ধে তাদের জিহ্বা, হাত-পা তাদের কৃতকর্মের সাক্ষ্য দেবে—সেদিন আল্লাহ্ তাদের প্রাপ্ত প্রতিষ্কল পুরাপুরি দেবেন।" (সুরা নূর: ২৩-২৪)

وَالَّذِيْنَ يَرْمَوْنَ الْمُحْصَنَاتِ ثُمَّ لَمْ يَأْتُواْ بِأَرْبَعَ قَ شُهَداءً فَاجْلِدُواْ هُمُ ثَمْنِيْنَ جَلْدَةً وَلاَ تَقْبَلُواْ لَهُمْ شَهَادَةً اَبَدًا ، وَأُولَئِكَ هُمُ الْفَاسَقُوْنَ ،

"যারা সতী রমণীর প্রতি অপবাদ আরোপ করে এবং এর সপক্ষে চারজন সাক্ষী উপস্থিত করে না, তাদের আশিটি কশাঘাত করবে এবং কখনো তাদের সাক্ষ্য গ্রহণ করবে না। এরাই তো সত্যত্যাগী।" (সূরা নূর: 8)

আয়াতের মধ্যে আল্লাছ্ তা আলা সুস্পষ্টতাবে বলে দিয়েছেন যে, যারা কোন সতী-সাধ্বী এবং পুতচরিত্রের স্বাধীন মহিলাকে ব্যক্তিচারের অপবাদ দেবে, তারা দুনিয়া ও আখিরাত উভয় স্থানে অভিশপ্ত থাকবে। আর তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি। দুনিয়াতে কোন ব্যাপারে তাদের সাক্ষ্য গ্রহণ করা হবে না উপরস্তু তাকে আশিটি কশাঘাত করতে হবে।

বুখারী ও মুসলিম শরীকে আছে, রাস্লুল্লাহ্ (সা) বলেছেন: ভোমরা সাতটি ধাসকারী পাপাচার হতে বেঁচে থাক। সে সাতটির মধ্যে একটি হলো কোন সতী, সরলা ও মুমিন মহিলাকে ব্যক্তিচারের অপবাদ দেয়া। অপবাদ দ্বারা বুঝানো হয়েছে যে, কোন অপরিণিতা, স্বাধীন, সতী ও মুসলিম মহিলাকে—প্তহে ব্যক্তিচারিণী

(يازانية), अटर त्रीमानश्चनकातिनी (يازانية) अटर तिमा (يازانية), ইত্যाদि সম্বোধন করা অথবা তার স্বামীকে—হে বেশ্যার স্বামী, অথবা তার কন্যাকে—হে ব্যভিচারিণীর কন্যা ইত্যাদি বলা। যখন কোন পুরুষ বা মহিলা উল্লেখিত কথাগুলো কোন পুরুষ বা মহিলাকে বলে এবং তার ব্যক্তিচারী হবার সাক্ষ্য-প্রমাণ দিতে না পারে, তবে তাকে আশিটি কশাঘাত করতে হবে। প্রমাণ পেশ করাদ্বারা চারজন সাক্ষী উপস্থিত করা; সাক্ষীদের বলতে হবে যে, এই পুরুষ বা মহিলা সম্পর্কে এই ব্যক্তির অভিযোগ সত্য। যদি অপবাদদানকারী প্রমাণ উপস্থিত করতে না পারে এবং যাকে অপবাদ দেয়া হয়েছে সে পুরুষ বা মহিলা অপবাদদানকারীর শান্তি দাবি করে, তবে তাকে (উল্লিখিত) আশিটি বেত্রাঘাত করতে হবে। অনুরূপভাবে কেউ যদি কোন দাস-দাসীকে এধরনের অপবাদ দেয়, তবে তাকে প্রমাণ পেশ করতে হবে; অন্যথায় তাকে শান্তি গ্রহণ করতে হবে। এ প্রসঙ্গে বুখারী ও মুসলিম শরীফে আছে, রাস্শুদ্মাহ্ (সা) বলেছেন : যদি কোন লোক তার দাস-দাসীকে অপবাদ দেয় এবং তার প্রমাণ দিতে না পারে তবে কিয়ামতের দিন তাকে শান্তি গ্রহণ করতে হবে। অনেক অজ্ঞ লোক এ ধরনের দূনিয়া ও আখিরাতের শান্তিযোগ্য অশ্লীল কথাবার্তা কলে খাকে। এ প্রসঙ্গে বুখারী ও মুসলিম শরীকে আছে—রাস্কুরাহ্ (সা) বলেছেন কোন কোন ব্যক্তি এমন কথা বলে: বার প্রতিক্রিয়ায় তাকে ছাহান্নামের এত গভীরে নিক্ষিপ্ত হতে হবে যার প্রশন্তভা বা দূরত্ব হবে মাশরিক (পূর্ব) এবং মাগরিব (পশ্চিম)-এর দূরত্বের সমান। একথা তনে মূআয ইব্ন জাবাল (রা) বললেন, ইয়া রাস্লাল্লাহু। আমরা যে সব কথা বলি তাতে কি আমানেরকে পাকড়াও করা হবে ? নবী করীম (সা) বললেন, "হে সুআয়। তোমার মা তোমাকে প্রস্ব না করলেই আল হতো, মুখের লাগামহীন কথা ছাড়া অন্য কিছু মানুষকে উপুড় করে জাহান্নামে ফেলবে না।"

আবু দাউদ ও তিরমিয়ী শরীফে আছে :

مَسَنْ كَسَانَ يُسَوَّمِنُ بِسَاللُّهِ وَالْسِيَوْمِ الْأَخْسِرِ فَسَلْيَ قُسلٌ خَسِرًا وَ لِيَصَمْعُتُ .

"যে ব্যক্তি আল্লাহ্ ও শেষ দিবসের উপর বিশ্বাস রাখে, সে যেন তাল কথা বলে অথবা চুপ করে থাকে।"

মহান আল্লাহ্ আল-কুরআনে বলেছেন:

مَا يَلْفِظُ مِنْ قَوْلِ إِلاَّ لَدَيْهِ رَقِيْبٌ عَتِيْدٌ .

"মানুষ যে কথাই উচ্চারণ করে তা নিপিবদ্ধ করার জন্য তৎপর প্রহরী তাদের নিকটেই রয়েছে।" (সূরা ক্ষাফ : ১৮) উক্বা ইব্ন আমির (রা) বললেন, ইয়া রাস্লাল্লাহ্। মুক্তির পথ কি ? তিনি বললেন, "তোমার জিহ্বাকে সংযত রাখো, তোমার ঘরে থাকো এবং পাপের জন্য কানাকাটি করো। আল্লাহ্ তা'আলার কাছে ঐ ব্যক্তি সবচেয়ে দূরে যার অস্তর শক্ত ও কঠোর।" (আবু দাউদ ও তিরমিয়ী)

নবী করীম (সা) আরও বলেছেন :

إِنَّ أَبُغُضَ النَّاسِ إِلَى اللَّهِ الْفَاحِشِ الْبَدِيْ يَتَكَلَّمُ بِالْفُحْشِ وَدَدِّي الْكَلاَمِ .

"যে ব্যক্তি অন্নীল কথা বলে এবং গালি-গালাজ করে, সে আল্লাহ্ তা আলার কাছে লোকদের মধ্যে সবচেয়ে ঘৃণ্যতম লোক।" (নাসাই ও সুনানে কুবরা)

আল্লাহ্ তা'আলা আমাদের সকলের স্বীয় ঞ্জিহ্বার অযথা প্রয়োগ থেকে রক্ষা করুন।

২২. গনীমতের (যুদ্ধলব্ধ) মাল আত্মসাৎ করা

আল্লাহ্ তা'আলা বলেছেন : اِنَّ اللَّهُ لاَ يُحِبُّ الْخَالَانِيُّنَ "বেয়ানতকারীকে আল্লাহ্ পছন করেন না।" (সূরা আন্ফাল : ৫৮)

وَمَا كَانَ لِنَبِيِّ أَنْ يُّغُلُّ وَمَنْ يُّغُلُّلْ يَأْتِ بِمَا غَلُّ يَوْمَ الْقِيَامَةِ .

"কোন নবী অন্যায়ভাবে কোন বন্ধ গোপন বা আত্মসাৎ করতো তা অসম্ভব। এবং যে অন্যায়ভাবে কিছু গোপন করবে, যা সে অন্যায়ভাবে গোপন করেছিল তা নিয়ে কিয়ামতের দিন উপস্থিত হবে।" (সূরা আলে-ইমরান: ১৬১)

মুসলিম শরীকে আছে, হ্যরত আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন রাস্পুরাহ (সা) আমাদের উদ্দেশ্যে খৃতবা (বক্তৃতা) দান করতে দাঁড়ালেন। তিনি তাঁর খুঁতবায়—সরকারি তহবিল তসরুফ সম্পর্কে আলোচনা করলেন এবং এ কাজকে তিনি জমন্য অপরাধ বলে অভিহিত করলেন। অতঃপর তিনি বললেন : নিশ্যুই আমি কিয়ামতের দিন এমন এক লোককে পাবো যার ঘাড়ে থাকবে একটি উট এবং উটটি উচ্চঃস্বরে ডাকতে থাকবে। সে বলবে, ইয়া রাসূলাল্লাহ (সা)! আমাকে সাহায্য করুন। আমি বলবো, আমি ভোমার জন্য আল্লাহ্র কাছে কিছুই বলতে পারবো না। আমি তো তোমার কাছে (আল্লাহ্র আদেশ-নিষেধ) পৌছিয়ে দিয়েছি। আমি ভোষাদের মধ্য হতে এমন লোককে পাবো যে কিয়ামতের দিন তার ঘাড়ে করে একটি ঘোড়া নিয়ে উপস্থিত হবে এবং ঘোড়াটি হেষাধ্বনি দিতে থাকবে। সে বলবে, ইয়া ব্<mark>রাসূলাল্লাহ্ (সা)! আমা</mark>কে সাহায্য করুন। তখন আমি বলবো, আমি তোমার হয়ে আল্লাহ্র কাছে কিছুই বলতে পারবো না। আমি তোমার কাছে আল্লাহর বিধান পৌছিয়ে দিয়েছি। নিকয়ই আমি তোমাদের এমন এক লোককে পাবো কিয়ামতের দিন যার কাঁধে থাকবে একটি ছাগল যা ভ্যা ভ্যা করে ডাকতে থাকবে। সে বলবে, ইয়া রাস্লাল্লাহ (সা)! আমাকে সাহায্য করুন। আমি বলবো, আমি তোমার জন্য আল্লাহ্র নিকট কিছুই বলতে পারবো না। আমি তো আল্লাহ্র আদেশ-নিষেধ তোমাকে বলে দিয়েছি। নিক্যুই আমি কিয়ামতের দিন তোমাদের মধ্যে হতে এমন এক লোককে পাবো যার কাঁধে থাকবে অন্য এক লোক যে চীৎকার করতে থাকবে। সে বলবে, ইয়া রাস্লাল্লাহ্ (সা)! আমাকে সাহায্য করুন। তখন আমি বলবো, আমি তোমার পক্ষে আল্লাহ্র কাছে কিছুই বলতে পারবো না। আমি তো তোমার কাছে আল্লাহ্র বিধান পৌঁছে দিয়েছিলাম। কিয়ামতের দিন তোমাদের মধ্য থেকে এমন এক লোক এসে উপস্থিত হবে যার কাঁধে থাকবে এক টুকরা কাপড়। সে কাপড় তাকে প্রহার করতে থাকবে। সে বলবে, ইয়া রাস্লাল্লাই (সা)! আমাকে সাহায্য কর্মন! আমি বলবাে, আমি তােমার হয়ে আল্লাইর কাছে কিছুই বলতে পারবাে না। আমার যা বলার ছিল তা দুনিয়াতেই তােমাকে বলে দিয়েছি। কিয়ামতের দিন অন্য এক ব্যক্তি আসবে যার ঘাড়ে থাকবে একটি নির্বাক বন্তু (অর্থাৎ স্বর্ণ-রৌপ্য)। সে বলবে, ইয়া রাস্লাল্লাই (সা)! আমার জন্য আল্লাইর কাছে প্রার্থনা ও সুপারিশ কর্মন। তখন আমি বলব , আমি আল্লাইর কাছে তােমার পক্ষে কিছুই বলতে পারবাে না। আমি তাে আল্লাইর বিধান তােমাকে জানিয়ে দিয়েছি।" (মুসলিম)

সূতরাং যে ব্যক্তি উপরোল্লিখিত বস্তু হতে কোন বস্তু বন্টনের পূর্বে গনীমতের মাল হতে অথবা ইমামের অনুমতি ব্যতীত সরকারি কোষাগার (বায়তুলমাল) হতে অথবা গরীবদের মধ্যে বন্টনের উদ্দেশ্যে সংগৃহীত যাকাত হতে আত্মসাৎ করবে, কিয়ামতের দিন সে তা ঘাড়ে করে নিয়ে উপস্থিত হবে। কুরআন মজীদে আল্লাহ্ বলেছেন: "যে ব্যক্তি অন্যায়ভাবে কিছু গোপন করবে, যা সে গোপন করেছিল তা নিয়ে কিয়ামতের দিন উপস্থিত হবে।" (সুরা আলে-ইমরান: ১৬১)

নবী করীম (সা) বলেছেন:

أَدُّواْ الْخَيْطَ وَالْمَخِيْطَ وَإِيَّاكُمْ وَالْغُلُولَ بِإِنَّهُ عَارٌ عَلَى صَاحِبِهِ بَوْمَ الْقِيَامَةِ .

"তোমরা যাকাত বাবদ যে সুঁই-সূতা গ্রহণ করবে তাও বায়তুসমালে জমা করে। এবং এ ব্যাপারে কোন প্রকার বিশ্বাসঘাতকতা করো না। যে বিশ্বাসঘাতকতা করে তার জন্য তা কিয়ামতের দিন শজ্জার কারণ হবে।"

ইব্ন লুতবিয়াহ (রা)-কে নবী করীম (সা) যাকাত আদায়ের কাজে নিযুক্ত করেছিলেন। সে যাকাত আদায় করে এসে বলল, এই মালামাল আপনার জন্য আর এন্ডলো আমার জন্য, আমাকে হাদিয়া (উপটোকন) দেয়া হয়েছে। তখন নবী করীম (সা) তার কথা ভনে মিম্বরে উঠে দাঁড়ালেন এবং আল্লাহ্ তা আলার প্রশংসান্তে বললেন: আল্লাহ্র পপথ, তোমাদের কেউ বেন এমন জিনিস গ্রহণ না করে যা তার প্রাপ্য নয়। অন্যথায় তাকে তা খাড়ে করে নিয়ে কিয়মতের দিন উপস্থিত হতে হবে। তোমাদের মধ্যে এমন কোন লোককে আমি চিনব না যে তার কাঁধে করে উট নিয়ে আল্লাহ্র সাথে সাক্ষাহ করেবে আর সে উট তখন ডাকতে থাকবে, অথবা গরু নিয়ে উপস্থিত হবে এবং গরু আল্লাহ্র সামনে হায়া হায়া করতে থাকবে—অথবা মেষ নিয়ে উপস্থিত হবে এবং তার মেষ তখন ত্যা ত্যা করতে থাকবে। তারপর নবী করীম (সা) তাঁর হাত তুলে বললেন: হে আল্লাহ্য আমি কি (আপনার আদেশ-নিষেধ) পৌছিয়ে দিয়েছি ? (বুখারী ও মুসলিম)

হযরত আবৃ হরায়রা (রা) বলেন, আমরা রাস্লুল্লাহ্ (সা)-এর সাথে খায়বার অভিষানে গিয়েছিলাম এবং সে বুদ্ধে আমরা জয়লাভও করেছিলাম। গনীমতের মাল হিসাবে স্বর্ণ-রৌপ্য কিছুই পেলাম না, পেলাম কিছু খাদ্যদ্রব্য ও পোশাক-পরিচ্ছদ। তারপর আমরা সেখান থেকে 'ওয়াদিল কুরার' দিকে রওনা হলাম। নবী করীম (সা)-এর সাথে ছিল বনী দাবীব গোত্রীয় রুফা'আহ্ ইব্ন ইয়াযিদ নামক এক গোলাম যাকে জুযাম গোত্রের এক লোক নবী করীম (সা)-কে দান করেছিলেন। অতঃপ্র আমরা যখন উপত্যকায় অবতরণ করলাম তখন সে রাস্লুল্লাহ্ (সা)-এর সাওয়ারীর পিঠ হতে গদি নামাচ্ছিল। এমন সময় তাকে লক্ষ্য করে একটি তীর ছোঁড়া হলো এবং তাতে সে মারা গেল। আমরা তখন বললাম, ইয়া রাস্লাল্লাহ্। সে উত্তম শাহাদাত লাভ করেছে। রাস্লুল্লাহ্ (সা) বললেন, কখনো নয়, যার হাতে আমার প্রাণ, সে মহান আল্লাহ্র কসম। তার উপর জুলত্ত কম্বলের আগুন জুলছে যা সে গনীমতের মাল হতে বন্টনের পূর্বে গ্রহণ করেছিল। হযরত আবৃ হরায়রা (রা) বলেন, একথা গুনে সকল লোক ভয় পেয়ে গেল। তারপর এক ব্যক্তি একটি বা দুটি জুতার ফিতা নিয়ে এসে বলল, আমি এটা খায়বারের দিন নিয়ে গিয়েছিলাম। তখন রাস্লুল্লাহ্ (সা) বললেন, এ একটি বা দুটি ফিতা হবে আগুনের। (বুখারী ও মুসলিম)

আবদুরাহ্ ইব্ন আমর (রা) বলেছেন, কারকারা নামক একব্যক্তি রাস্পুরাহ্ (সা)-এর কাজকর্ম করতো। সে মারা গেলে রাস্পুরাহ্ (সা) বললেন: সে জাহান্নামে যাবে। অতঃপর সকলে খুঁজে দেখলো যে, সে একটি শেঁরওয়ানী (জামা) আত্মসাৎ করেছিল।

হযরত যায়দ ইব্ন থালিদ আল-জুহানী (রা) বলেন, এক ব্যক্তি খায়বারের যুদ্ধে গনীমতের মাল আত্মসাৎ করেছিল। রাস্লুক্সাহ্ (সা) তার জানাযা পড়তে নিষেধ করেন এবং বলেন, তোমাদের সঙ্গী আক্সাহ্র পথে এসে থিয়ানত করেছে। বর্ণনাকারী বলেন, তারপর আমরা তার আসবাবপত্র খুঁজে দেখলাম যে, সে দুই দিরহাম মূল্যমানের ইয়াহুদীদের একটি পুঁতি আত্মসাৎ করেছে।

ইমাম আহমদ (র) বলেছেন: আমরা জানি না যে, রাস্লুল্লাহ্ (সা) গনীমতের মাল আত্মসাৎকারী ও আঁত্মহত্যাকারী ছাড়া অন্য কারো জানাযার নামায পড়তে নিষেধ করেছেন কি না ؛ নবী করীম (সা) বলেছেন, هُدَايَا الْفُصُّالِ غَلُوْلُ "সরকারি কর্মচারি ও কর্মকর্ডাদের হাদীয়া (বর্ধশিশ) গ্রহণ করা তর্সক্রম্ব ও থিয়ানতের শামিল।"

এ বিষয়ে আরও বহু হাদীস রয়েছে যার কিছু সংখ্যক যুলুমের অধ্যায়ে আলোচনা করা হবে। যুলুম বা অত্যাচার তিন প্রকার : (১) অন্যায়ভাবে অপরের সম্পদ কুক্ষিগত করা ; (২) হত্যা, মারধর এবং আহত করে মানুষের উপর যুলুম করা, (৩) মানুষকে গালি দিয়ে অভিশাপ দিয়ে, মন্দ বলে এবং অপবাদ দিয়ে যুলুম করা।

রাসূলুল্লাহ্ (সা) মীনাতে তাঁর বন্ধৃতায় বলেছেন:

أَلاَ إِنَّ دِمَاءَكُمْ وَٱمْوَالَكُمْ وَآعْرَاضُوكُمْ عَلَيْكُمْ حَرَامٌ كَحُرْمَةٍ يَوْمِكُمْ هَٰذَا .

"মনে রেখো। তোমাদের রক্ত, তোমাদের ধন-সম্পদ এবং তোমাদের মান-ইয্যত তোমাদের জন্য হারাম যেমন এ শহরে এ মাসটির এ দিনটি তোমাদের জন্য হারাম।" (বুখারী ও মুসলিম)

নবী করীম (সা) আরও বলেন:

لاَ يَقْبَلُ اللَّهُ صَلاَةً بِغَيْرِ طُهُوْرٍ وَّلاَ صَدْقَةً مِنْ غَلُولٍ .

"পবিত্রতা ছাড়া আল্লাহ্ তা'আলা নামায কবৃদ করেন না এবং খিয়ানতকরা মাল ঘারা দান-সদকা করলে তাও কবৃদ হয় না।" (মুসলিম)

২৩. চুবি করা

আল্লাহ্ তা'আলা বলেছেন:

ٱلسَّارِقُ وَالسَّارِقَةُ فَاقْطَعُواْ آيْدِينَهُمَا جَزَاءً بِمَا كَسَبُّا نَّكَالاً مِنَ اللهِ وَاللهُ عَزِيْزٌ حَكِيْمٌ .

"পুরুষ কিংবা মহিলা চুরি করলে তাদের উভয়ের হাত কেটে দাও, এ হচ্ছে তাদের কৃতকর্মের ফল এবং আল্লাহ্র নির্ধারিত আদর্শ দও। আল্লাহ্ মহাপ্রতাপশালী এবং মহাজ্ঞানী।" (সূরা মায়িদা : ৩৮)

ইবৃন শিহাব (র) বলেন, অপর লোকের মাল চুরি করার শান্তি হিসাবে আল্লাহ্ তা'আলা হাত কাটার নির্দেশ দিয়েছেন। চোরের শান্তি বিধানে আল্লাহ্ তা'আলা সম্পূর্ণ সক্ষম। আর হাত কাটার নির্দেশের ব্যাপারে আল্লাহ্র নির্দেশ বিজ্ঞানসমত।

নবী করীম (সা) বলৈছেন: "মুমিন থাকা অবস্থায় কেউ ব্যক্তিচার করে না এবং চোর ঈমান থাকা অবস্থায় চুরি করতে পারে না। তবে সকলের জন্যেই তওবার সুযোগ রয়েছে।"

হযরত ইব্ন উমর (রা) বলেন, নবী করীম (সা) তিন দিরহাম মূল্যের একটি সাধারণ চুরির অপরাধে হাত কেটেছিলেন। (বুখারী ও মুসন্সিম)

উদ্বুল মুমিনীন হযরত আয়েশা সিদ্দীকা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্পুদ্মাহ্ (সা) এক দীনারের এক-চভূর্থাংশ বা তার চেয়ে বেশি মূল্যের কোন বস্তু চুরির অপরাধে চোরের হাত কাটতেন। (বুখারী ও মুস্লিম)

অন্য এক বর্ণনার আছে, রাস্পুল্লাহ্ (সা) বলেছেন : 'মাজন'-এর কম মূল্যের জিনিস চুরির জন্য হাত কাটা যাবে না। হযরত আয়েশা (রা)-কে জিজ্ঞেস করা হলো একটি মাজন-এর মূল্য কতা তিনি বললেন, এক দীনারের এক-চতুর্থাংশ। অপর এক বর্ণনার আছে—তিনি বলেছেন : এক দীনারের এক-চতুর্থাংশ মূল্যের জিনিস চুরি করলে হাত কাটবে। এর কম মূল্যের জিনিস চুরির জন্য হাত কেটো না। ঐ সময় এক দীনারের এক-চতুর্থাংশ তিন দিরহাম ছিল এবং বার দিরহামে এক দীনার হতো। (আহমাদ)

হযরত আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুক্লাহ্ (সা) বলেছেন : আল্লাহ্ সে চোরকৈ লা নত করেন যে লোহার টুপি চুরি করে। অতএব, তার হাত কাটা হবে এবং রশি চুরি করলে তারও হাত কাটা হবে। হযরত আমাশ (র) বলেন, তারা লোহার টুপি এবং রশিকে সামান্য জিনিস মনে করতেন এবং এর সাধারণ মৃষ্য ছিল তিন দিরহাম। এই মৃদ্যের অন্যান্য জিনিসকেও তারা সামান্য বস্তু মনে করতেন।

হযরত আয়েশা সিদ্দীকা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন: মাখর্মী বংশের এক মহিলা আসবাবপত্র ধার নিতো এবং পরে তা অস্বীকার করতো। রাস্লুরাই (সা) তার হাত কাটার নির্দেশ দিলেন। তার পরিবারের লোকেরা হযরত উসামা ইব্ন যায়দ (রা)-এর কাছে এলো এবং এ ব্যাপারে সুপারিশ করতে বলল। হযরত উসামা (রা) এ ব্যাপারে নবী করীম (সা)-এর সাথে কথা বললে তিনি বললেন: হে উসামা। আল্লাহ্ কর্তৃক নির্ধারিত শান্তির ব্যাপারে তুমি কোন কথা বলো তা আমি পছল করি না। তারপর নবী করীম (সা) দাঁড়িয়ে যান এবং খৃতবা দেন:

انَّمَا اَهْلَكَ مَنْ كَانَ قَبْلَكُمْ اِنَّهُمْ كَانُوْا اِذَا سَرَقَ فِيهِمْ الشَّرِيْفُ تَرَكُوهُ وَاذَا سَرَقَ فِيهِمْ الضَّعِيْفُ قَطَعُوهُ وَالَّذِي نَفْسِي بِيدِهِ لَوْ اَنَّ فَاطِمَةَ بِنُتَ مُحَمَّد سَرَقَتُ لَقُطعَتْ يَدَهَا .

"তোমাদের পূর্বে যে সব জাতি ছিল তারা ধাংস হয়ে পেছে। কোন সম্মানিত লোক চুরি করলে তারা তাকে ছেড়ে দিতো এবং কোন গরীব লোকে চুরি করলে তার হাত কাটতো। আমার প্রাণ যাঁর হাতে তাঁর কসম করে বলছি, যদি মুহাম্মদ (সা)-এর কন্যা ফাতিমাও চুরি করতো তবে অবশ্যই আমি তার হাত কেটে দিতাম।"

তারপর মাধ্যুমী মহিলার হাত কাটা হলো। (বুখারী ও মুসলিম)

আবদুর রহমান ইবনে জারীর বলেন, আমরা ফুযালাই ইবন উবাঈকে প্রশ্ন করলাম, চোরের হাত কেটে তার গলায় ঝুলিয়ে দেয়া কি হাদীসে আছে ? তিনি বললেন, একবার নবী করীম (সা)-এর কাছে এক চোরকে আনা হলে তার হাত কাটা হলো। তারপর তিনি ঐ হাত তার গলার সাথে ঝুলিয়ে দিলেন। উলামায়ে কিরাম বলেছেন, চুরি করা মাল ফেরত না দিয়ে তওবা করলে সে তওবায় কোন ফায়দা নেই। চোর যদি গরীব হয় তবে তাকে মালিকের নিকট হতে ক্ষমা চেয়ে নিতে হবে। আল্লাহ্ সম্যক জ্ঞাত।

২৪. ডাকাতি এবং ছিনতাই

আল্লাহ্ তা আলা বলেছেন:

انتَمَا جَزَاقُ الَّذِيْنَ يُحَارِبُونَ اللَّهُ وَرَسُولُهُ وَيَسْفَوْنَ فِي الْأَرْضِ فَسَادًا اَنْ يُقَتَّلُوا اَوْ يُصلَّبُوا اَوْ تُقَطِّعَ اَيْدِيْهِمْ وَاَرْجُلُهُمْ مِّنْ خِلاَفِ اَوْ يُنْفَوْا مِنَ الْآرُضِ ، ذَٰلِكَ لَهُمْ خِزْئُ فِي الدُّنْيَا وَلَهُمْ فِي الْأَخِرةِ عَذَابُ عَظِيْمٌ ،

শ্বারা আল্লাহ্ ও ভাঁর রাস্পের বিরুদ্ধে যুদ্ধ করে এবং পৃথিবীতে ধ্বংসাত্মক কাজ করে তাদের শান্তি এই যে, তাদের হত্যা করা হবে। অথবা কুশবিদ্ধ করা হবে অথবা বিপরীত দিক হতে তাম্পের হাত ও পা কেটে কেলা হবে অথবা তাদের দেশ হতে নির্বাসিত করা হবে। পৃথিবীতে এটাই তাদের বাঞ্চনা ও পরকালে তাদের জন্য মহাশান্তি রয়েছে।" (সূবা মায়িদা: ৩৩)

হযরত ওয়াহেদী (র) বন্দেন, আল্লাহ্ ও তাঁর রাস্থের বিরুদ্ধে যুদ্ধ করার অর্থ হলো তাঁদের হকুম না মানা এবং তাঁদের আনুগত্য না করা। যে ব্যক্তি তোমার কথা অমান্য করবে সে যেন তোমার বিরুদ্ধে অস্ত্রধারণ করলো। পৃথিবীতে ফাসাদ বা ধ্বংসাত্মক কাজ করার অর্থ হলো—হত্যা করা, চুরি করা এবং ছিনতাই করা। ষে ব্যক্তি মুসলমানদের বিরুদ্ধে অস্ত্রধারণ করলো সে আল্লাহ্ ও তাঁর রাস্থের সাথে যুদ্ধে অবতীর্ণ হলো। এটা ইমাম মালিক, আওয়াঈ এবং শাফিস (র)-এর অভিমত।

উল্লেখিত আয়াতে বর্ণিত আল্লাহ্র বাণী—"তাদের হত্যা করা হবে অথবা বিপরীত দিক হতে তাদের হাত-পা কেটে দেওয়া হবে অথবা তাদের দেশ হতে নির্বাসিত করা হবে।" এর ব্যাখ্যায় ওয়ালী (র) বলেন হযরত ইবন আব্বাস (রা) থেকে বর্ণিত আছে যে, এখানে 'অথবা' (ৣর্ন) অব্যয়টি তাখয়ীরের অর্থে ব্যবহৃত হয়েছে। অর্থাৎ এখানে বর্ণিত শান্তিগুলোর মধ্যে যে কোন একটি দিলে তা মুবাহ হবে। ইমাম ইচ্ছা করলে তাকে হত্যা করতে পারবেন, অথবা কুশবিদ্ধ করতে পারবেন, অথবা হাত-পা কাটবেন, অথবা দেশান্তর করবেন। এ হলো হযরত হাসান (র), সাঈদ ইব্নুল মুসাইয়াব এবং মুজাহিদের অভিমত।

এক রিওয়ায়াতে আতীয়াহ্ (র) বঙ্গেন : এখানে অথবা (ুর্ন) অব্যয়টি মুবাহ বা তাখয়ীরের জন্য নয়, বরং বিভিন্ন প্রকার অপরাধে বিভিন্ন শান্তি বোঝাবার জন্য। সুতরাং যে ব্যক্তি মানুষ খুন করবে অথবা মান ছিনতাই করবে, তাকে হত্যা করা হবে এবং শৃলীবিদ্ধ করা হবে। যে তথু মালামাল ছিনতাই করবে এবং কোন প্রকার হত্যা বা আহত করবে না, তাকে বিপরীত দিক থেকে তার হাত-পা কেটে ফেলতে হবে। যে মালামাল না নিয়ে ওধু হত্যাকাও সংঘটিত করবে, তাকে হত্যা করা হবে। আর যে পথিকদের ভীতি প্রদর্শন করবে এবং কাউকে হতাহত করবে না, তাকে তথু দেশান্তরিত করা হবে। এ হলো ইমাম শাফিই (র)-এর মাযহাব। ইমাম শাফিঈ (র) আরও বলেছেন : প্রত্যেক অপরাধীকে তাদের অপরাধ অনুযায়ী শান্তি দিতে হবে। অতএব, যাকে হত্যা করা ও শৃশীবিদ্ধ করা ওয়াজিব হবে, তাকে প্রথমে হত্যা করে তারপর শূলীবিদ্ধ করতে হবে এবং তিনবার তাকে শূলে চড়ানো হবে। এরপর নামাতে হবে। যার উপর শুধু হত্যা করার শান্তি অবধারিত হয়েছে, শূলীবিদ্ধ হওয়ার শান্তি ওয়াজিব নয়, তাকে হত্যা করতে হবে এবং তার লাশ দাফন-কাফনের জন্য তার আত্মীয়-স্বজ্ঞনের কাছে হস্তান্তর করতে হবে। যার হাত কাটার বিধান কার্যকর হয়েছে হত্যার নয়, প্রথমে তার ডান হাত কাটতে হবে। পুনরায় একই অপরাধ করলে তার বাম পা কাটতে হবে। যদি তারপরও সে সীমালংঘন করে এবং চুরি করে তাহলে তার বাম হাত কাটতে হবে। কেননা আবু দাউদ ও নাসাঈ শরীফে আছে, নবী করীম (সা) চোরের শান্তি সম্পর্কে বলেছেন :

إِنْ سَسَرَقَ فَاقَطَعُوا يَدَهُ ، ثُمَّ إِنْ سَرَقَ فَاقَطَعُوا رِجْلُهُ ثُمَّ إِنْ سَرَقَ فَاقَطُعُوا رِجْلُهُ ثُمَّ إِنْ سَرَقَ فَاقَطَعُوا رِجْلُهُ .

"কেউ যদি চুরি করে তার হাত কেটে দাও, তারপর চুরি করলে তার পা কেটে দাও। তারপরও চুরি করলে অবশিষ্ট হাতটি কেটে দাও। তারপর আবার চুরি করলে তার অবশিষ্ট পাটা কেটে দাও।"

তাই তো দেখা যায় যে, হযরত আবৃ বকর (রা) ও হযরত উমর (রা) তাঁদের খিলাফতের সময় এভাবে চোরকে শাস্তি প্রদান করেছেন এবং সাহাবীদের কেউ-ই এর বিরোধিতা করেন নি। যদি হাত কাটার পর পা কাটার শাস্তি প্রয়োগ করতে হয় তবে বাম পা কাটার ব্যাপারে সকলেই একমত। কারণ আল্লাহ্ তা আলা বলেছেন:

উল্লেখিত আয়াতের অংশ اَوْ يُغْفَوْا مِنَ الْأَرْضِ (অর্থাৎ অথবা তাদের দেশ হতে নির্বাসিত করতে হবে)—এর ব্যাখ্যার্য হযরত ইব্ন আব্বাস (রা) বলেন : ইমাম ইচ্ছা করলে কারো কারো হত্যার শাস্তি বাতিল করে দিতে পারেন। তা না হলে তারা বলবে, ইমাম যাকেই পান হত্যা করেন, কোন প্রকার বিচার-বিবেচনা তাঁর কাছে নেই। আর ইমাম যাকে চাইবেন বন্দী করে রাখতে পারেন এবং জেলেও পাঠাতে

পারেন। কেননা যখন বন্দী করা হবে এবং শহরে ঘোরাফেরা করায় প্রতিবন্ধকতা সৃষ্টি করা হবে তখন নির্বাসনের উদ্দেশ্য ও লক্ষ্য সফল হবে। যেমন ইব্ন কুতায়বা কারাবন্দীদের আকৃতির কথা তার কবিতায় বলেছেন:

অর্থাৎ দুনিয়ার অধিবাসী হয়েও আমরা দুনিয়ার বাইরে অবস্থান করছি। এখানে আমরা না জীবিত আর না মৃত। যখন কোনদিন কারা-কর্মকর্তা আমাদের কাছে কোন প্রয়োজনে আসে আমরা তখন অবাক হয়ে বলি, এলোক দুনিয়া থেকে এসেছে।

যদি কেউ অভিযোগ করে যে, ডাকাতি এবং পথিকদের ভীতি প্রদর্শন করে টাকা-পয়সা কেড়ে নেয়া তো কবীরা গুনাহ মাত্র। যদি কেউ মালামাল ফেরত দেয় তারপরও তাকে আহত করা বা নিহত করা কি সুবিচার হলো ? এর উত্তর হলো, ডাকাত বা ছিনতাইকারী তথু একটা কবীরা গুনাহ করে না; ছিনতাই বা ডাকাতির সাথে তার নামায তরক হয়, লুটে পাওয়া অর্থ মাদকদ্রব্য ক্রয়, ব্যতিচার, সমকামিতার মত প্রভৃতি গুনাহর কাজে খরচ করে থাকে। মহান আল্লাহ আমাদের সকল প্রকার বিপদ থেকে রক্ষা করুন।

২৫. মিথ্যা শপথ করা

আল্লাহ্ তা'আলা বলেছেন:

إِنَّ الَّذِيْنَ يَشْتُرُوْنَ بِعَهْدِ اللَّهِ وَٱيْمَانِهِمْ شَمَنَا قَلِيْلاً أُولْئِكَ لَا خَلاَقًا لَيْهِمْ لَكُمْ أَلْلَهُ وَلاَ يَنْظُرُ الْيَهِمْ يَوْمَ الْقَلْمَةِ لَا يَنْظُرُ الْيَهِمْ يَوْمَ الْقَلْمَةِ وَلاَ يَنْظُرُ الْيَهِمْ يَوْمَ الْقَلْمَةِ وَلاَ يَنْظُرُ الْيَهِمْ يَوْمَ الْقَلْمَةِ وَلاَ يَنْظُرُ الْيَهِمْ عَذَابٌ الْيُمْ،

"যারা আল্লাহর সঙ্গে কৃত প্রতিশ্রুতি এবং নিজেদের কসমকে স্বল্পমূল্যে বিক্রয় করে, পরকাশে তাদের কোন অংশ নেই। কিয়ামতের দিন আল্লাহ তাদের সাথে কথা বলবেন না এবং তাদের দিকে চেয়ে দেখবেন না এবং তাদের জন্য রয়েছে কঠোর শান্তি।" (সূরা আলে-ইমরান: ৭৭)

ওয়াহেদী (র) বলেন, আয়াতটি এমন দুই ব্যক্তি সম্পর্কে নাধিল হয়েছিল যাদের মধ্যে একখণ্ড জমি নিয়ে বিবাদ ছিল। বিবাদী কসম করতে চাইলে এ আয়াতটি নাথিল হয়। তারপর বিবাদী নিজের অপরাধ স্বীকার করে নিয়ে কসম করা থেকে বিরস্ত থাকে এবং বাদীর হক স্বীকার করে নের।

হযরত আবদুরাহ ইব্ন মাসউদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্পুয়াহ (সা) বলেছেন: "যে ব্যক্তি অপর কোন মুসলমানের মাল আত্মসাং করার জন্য মিথ্যা কসম খার, সে যখন আল্লাহ্ তা'আলার দরবারে উপস্থিত হবে আল্লাহ্ তখন তার প্রতি অসম্ভাষ্ট থাকবেন।"

আশআস (রা) বলেন, আল্লাহ্র কসম! আয়াতটি আমার ব্যাপারে অবতীর্ণ হয়েছে। আমার এবং এক ইয়াহুদীর মধ্যে একখণ্ড শ্রমি নিয়ে বিবাদ ছিল। সে আমার অধিকার অস্বীকার করলে আমি বিচারের জন্য ব্যাপারটি নবী করীম (সা)-এর নিকট পেশ করলাম। তিনি বললেন: তোমার কোন প্রমাণ আছে কি । আমি বললাম, না। তিনি ইয়াহুদীকে বললেন, তুমি হলফ করে রলো। আমি বললাম, ইয়া রাস্লাল্লাহ্! সে তো হলফ করে আমার জমি নিয়ে যাবে। তখন আল্লাহ্ তা'আলা অবতীর্ণ করলেন:

إِنَّ الَّذَيْسَ يَشْتَرُونَ بِعَهْدِ اللَّهِ وَآيْمَانِهِمْ ثَمَنَّا قَلِيْسَلاً الى اخر الاية -

"বারা মিখ্যা কসম করে দুনিয়ার সামান্য জিনিস লাভ করে, তাদের জন্য আবিরাতে কোন অংশ নেই। আল্লাহ্ তাদের সাথে এমন কথা বলবেন না যাতে তারা সন্তুষ্ট হতে পারে। তাদের প্রতি রহমতের দৃষ্টি দেবেন না। তাদের পরিত্র করবেন না এবং তাদের নেককাজ বাড়ারেন না, তাদের জন্য প্রাক্তবে কষ্টদায়ক শান্তি।"

হধরত আবদুলাই ইব্ন মাসউদ (রা) বলেন, আমি রাস্লুলাই (সা)-কে বলতে তনেছি, "যে ব্যক্তি মিখ্যা কসম করে অপর কোন মুসলমানের মাল আঅসাৎ করবে, সে যখন আল্লাই তা আলার সাথে সাক্ষাত করবে তখন সে আল্লাইকে তার প্রতি অসমুষ্ট দেখতে পাবে। হযরত আবদুলাই (রা) বলেন, তারপর রাস্লুলাই (সা) তাঁর বাণীর সমর্থনে আমাদের সামনে উল্লেখিত আয়াতটি পাঠ করেন। (বুখারী ও মুসলিম)

হধরত আবৃ উসামা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একবার আমরা রাসূলুরাহ (সা)-এর নিকট কসা ছিলাম। তিনি বললেন: যে ব্যক্তি মিথ্যা কসম করে কোন মুসলমানের হক নষ্ট করবে, আল্লাছ্ তা'আলা তার জন্যে জাহানাম ওয়াজিব করে দেবেন এবং জান্নাত হারাম করে দেবেন। এক ব্যক্তি বললো, ইয়া রাস্লাল্লাহ (সা)! যদি কেউ সামান্য কোন বস্তু এভাবে আত্মসাৎ করে তাহলে কি হবে ? তিনি বললেন, যদি আরক গাছের ভাল হয় তা হলেও এ অবস্থা হবে।" (মুসলিম)

হান্ধস ইব্ন মায়সারা (রা) বললেন, হাদীসের বক্তব্য কত কঠিন। তখন নবী করীম (সা) বললেন : পবিত্র কুরআনে কি নেই—'যারা মিখ্যা কসম করে অপরের হক নষ্ট করবে তাদের জন্য আখিরাতে কিছুই নেই ?"

হষরত আবৃ যার (রা) বলেন, নবী করীম (সা) বলেছেন: তিন ব্যক্তির সাথে আল্লাহ্ তা'আলা কথা বলবেন না, তাদের পবিত্র করবেন না এবং তাদের জন্য কষ্টদায়ক আযাব রয়েছে—একথাগুলো তিনি তিনবার পাঠ করলেন, তখন হযরত আবৃ যার (রা) বললেন, ইয়া রাস্লাল্লাহ্! এসব ক্ষতিগ্রন্ত এবং হতভাগ্যরা কারা ? তিনি বললেন, এরা হলো: (১) পায়ের গিরার নিচে বল্ল পরিধানকারী, (২) দান বা উপকার করে বৌটাদানকারী এবং (৩) মিধ্যা কসম করে দ্রব্য সাম্মী বিক্রয়কারী।" (মুসলিম, তির্মেমী ও ইব্ন মাজাহ)

নবী করীম (সা) বলেছেন: কবীরা গুনাই হলো—আল্লাহ্র সাথে শরীক করা, মাতাপিতার অবাধ্য হওয়া, নরহত্যা এবং মিথ্যা কসম খাওয়া।" (বুখারী)

জেনেতনে বা স্বেচ্ছায় যে মিখ্যা বলা হয় তাকে গাম্স বলা হয়। গাম্স অর্থ ডুবিয়ে দেওরা। যেহেতু মিখ্যা কসম হলফকারীকে গুনাহর মধ্যে ডুবিয়ে দের, কেউ বলেছেন জাহান্নামে ডুবিয়ে দেবে, সেহেতু এর নাম হয়েছে গাম্স।

জরুরী জ্ঞাতব্য

আরাহ্ তা'আলার নাম ছাড়া অন্যের নামে কসম করা মহাপাপ। যেমন—নবী, কা'বা, কেরেশতা, আকাশ, পানি, জীবন এবং আমানত ইত্যাদির কসম করা। আত্মা,

মাথা, জীবন, বাদশাহ্র খিলাফত এবং অমুকের সমাধির কসম করা আরও অধিক পাপ.।

হ্যরত ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। নবী করীম (সা) বলেছেন:

إِنَّ اللَّهُ يَنْهَاكُمْ أَنْ تَحْلِفُوا جِلَبَائِكُمْ فَعَنَنَّ حَلَفَ فَلْيُحْلِفْ بِاللَّهِ .

"আল্লাহ্ তা'আলা তোমাদেরকে তোমাদের বাপ-দাদাদের কসম করতে নিষেধ করেছেন। যদি তোমাদের কসম করতেই হয় তবে আল্লাহ্র নামে করবে (অথবা চুপ থাকবে)।"

সহীহ বৃখারীর অন্য রিওয়ায়াতে আছে—যদি কারো কসম করতে হয় তবে আল্লাহ্র নাম ছাড়া অন্য কারো নামে করবে না অথবা চুপ করে থাকবে।" আবদুর রহমান ইবৃন সামুরাহ (রা) বলেন, রাস্লুল্লাহ (সা) বলেছেন, "তোমরা মূর্তির নামে এবং তোমাদের পূর্বপুরুষের নামে কসম করবে না।" (মুসলিম)

হ্যরত ব্রায়দা (রা) বব্দেন, রাস্লুল্লাহ্ (র্সা) বলেছেন : যে আমানতের কসম করে সে আমাদের দলভুক্ত নয়।" (আবু দাউদ)

হ্যরত বুরায়দা (রা) থেকে আরও বর্ণিত আছে যে, রাসূল্প্লাহ্ (সা) বলেছেন: "যে ব্যক্তি কসম করে বলে যে, আমি ইসলাম থেকে মুক্ত" যদি সে মিখ্যা বলে খাকে তবে সে বা বলেছে তা, আর যদি সে সত্যবাদী হয় তবে সে নিরাপদে ইসলামে ফিরে আসতে পারবে না।" (আবু দাউদ)

হযরত ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি এক ব্যক্তিকে 'কা'বার কসম' বলতে তনে বললেন, আল্লাহ্ ছাড়া অন্য কারো কসম করো না। কেননা আমি রাস্লুল্লাহ্ (সা)-কে বলতে তনেছি—যে ব্যক্তি আল্লাহ্ ছাড়া অন্য কারো নামে কসম করেছে, সে কুফরী এবং শির্ক করেছে।" (তিরমিয়ী)

ইব্ন হিব্দান (র) ও হাকেম (র) তাদের সহীহতে হাদীসটিকে হাসান বলেছেন। গ্রন্থার বলেন, কোন কোন আলিম—"কুফরী করেছে এবং শিরক করেছে" উন্ডিটির ব্যাখ্যা করে বলেন খে, এ কথাটি ধমকের সুরে বলা হয়েছে। যেমন নবী করীম (সা) অন্যত্ত্ব বলেছেন—এ শির্মাণ্ড শিরক)

নবী করীম (সা) বলেছেন, যে ব্যক্তি কঁসম করতে গিয়ে বলে والعزى "লাত ও উয্যার" কসম সে যেন "লা-ইলাহা ইল্লাল্লাহ্" বলে। কোন কোন সাহাবী ইসলাম গ্রহণ করার পর অভ্যাসবশত ভূশ করে লাত ও উব্যার নামে কসম করে বসতেন। নবী করীম (সা) তাদের অসংগত উক্তির কাফ্ফারা হিসাবে সাথে সাথে "লা-ইলাহা ইল্লাল্লাহ্" বলার নির্দেশ দিলেন।

২৬. যুশুম বা অভ্যাচার

অপরের ধন-সম্পদ আত্মসাৎ করা, যুপুম করে কারো ধন-দৌলত কুক্ষিণত করা, মানুষকে মারধর করে এবং গালিগালাজ করে কষ্ট দেওয়া, সীমালংঘন করা, সর্বোপরি দুর্বলদের ওপর নির্যাতন ও উৎপীড়ন চালানো—এসবই যুপুম বা অত্যাচার। আত্মাহ তা আলা বলেছেন :

وَلاَ تَحْسَبَنُ اللَّهُ عَافِلاً عَمَّا يَعْمَلُ الظُّلْمُوْنَ ، انْعَا يُوَخِّرُهُمْ لَيُومْ تَشْخَصُ فَيْهِ الاَبْصَالُ ، مُهْطِعِيْنَ مُقْنَعِيْ رُءُوسِهِمْ لاَ يَرْتَدُ النَّهِمُ طَرْفَهُمْ وَاَقْنَدَتُهُمْ هَوَاءٌ – وَاَنْذَرِ النَّاسَ يَوْمَ يَاْتَيْهُمُ الْعَذَابُ فَيَقُولُ الدَّيْنَ ظَلَمُوا رَبَّنَا اَخِرْنَا الى اَجَلِ قَرِيْبِ ، نُجِبْ دَعُوتَكَ وَنَتْهِمِ الرُّسُلُ ، اَوَلَمْ تَكُونُوا اَقْسَمْتُمْ مِنْ قَبْلُ مَالَكُمْ مِنْ زَوَال ، وَسَكَنْتُمْ فِي الدُّيْنَ ظَلَمُوا اَنْفُسَهُمْ وَتَبَيَّنَ لَكُمْ كَيْفَ فَعَلْنَا وَسَكَنْ الدِيْنَ ظَلَمُوا اَنْفُسَهُمْ وَتَبَيَّنَ لَكُمْ كَيْفَ فَعَلْنَا بِهِمْ وَضَرَبُنَا لَكُمُ الْاَمْثَالَ ،

"তুমি কখনও মনে করো না বে, যালিম বা সীমালংঘনকারীরা যা করে সে বিষয়ে আল্লাহ্ গাফিল রয়েছেন। তবে তিনি ওদের সেই দিন পর্যন্ত অবকাল দেবেন যেদিন তার চক্ষু হবে দ্বির। হীনভায় আকাশের দিকে চেয়ে ওরা ভীত-বিহ্বল চিত্তে ছোটাছুটি করবে। ওদের নিজেদের প্রতি ওদের দৃষ্টি থাকবে না এবং ওদের অন্তর হবে শূন্য। যেদিন তাদের ওপর শান্তি আসবে, সেদিন সম্বন্ধে তুমি মানুষকে সতর্ক করো। তখন সীমালংঘনকারী বা যালিমরা বলবে, হে আমাদের প্রতিপালক। আমাদের কিছুকালের জন্য অবকাশ দাও। আমরা তোমার আহ্বানে সাড়া দেবো এবং রাস্লগণের অনুসরণ করবো। তোমরা কি পূর্বে কসম করে বলতে না যে, তোমাদের কোন পতন নেই ? অথচ তোমরা বাস করতে তাদের বাসভূমিতে যারা নিজেদের প্রতি যুলুম করেছিল এবং তাদের প্রতি আমি কি করেছিলাম তাও তোমাদের নিকট সুবিদিত ছিল এবং তোমাদের নিকট আমি ওদের দৃষ্টান্তও উপস্থিত করেছিলাম।"

(সূরা ইবরাহীম: ৪২-৪৫)

আল্লাহ্ তা'আলা আরো বলেন:

إِنَّمَا السَّبِيْلُ عَلَى الَّذِيْنَ يَظْلِمُوْنَ النَّاسَ .

"যারা মানুষের ওপর যুশুম করে তাদের জন্য আয়াবের পথ খোলা রয়েছে।" (সূরা শূরা : ৪২)

আক্লাহ্ তা'আলা অন্যত্ৰ বলেন :

وسَيَعْلَمُ الَّذِيْنَ ظَلَمُوا أَيُّ مُنْقَلِبٍ يَنْقَلِبُونَ .

"যারা যাশিম তারা শীঘ্রই জানতে পারবে যে, ওদের গন্তব্যস্থল কোথায় ?"

(সূরা শ্রা : ২২৭)

নবী করীম (সা) বলেছেন: আল্লাহ্ তা'আলা যালিমকে অবকাশ দেন এবং যখন পাকড়াও করেন তখন আর তাকে ছাড়েন না। তারপর রাস্দুল্লাহ (সা) নিম্নের এ আয়াতটি তিলাওয়াত করলেন:

وَكَذَالِكَ اَخُذُ رَبِكَ اذَا اَخَذَ الْقُرْبِلِي وَهِيَ ظَالِمَةً أَنُّ اَخْذَهُ اَلِيْمٌ شَدِيْدٌ. "তোমার রব এভাবে যালিমদের পাঁকড়াও করবেন। তার পাকড়াও অত্যন্ত কঠিন এবং কষ্টদায়ক।" (সুরা হুদ: ১০২)।

নবী করীম (সা) বলেছেন: "যদি কেউ তার কোন ভাইয়ের ধন-সম্পদ বা সম্মানে হস্তক্ষেপ করে যুশুম করে থাকে, তা হলে সেদিন আসার পূর্বে তা তখনই চুকিয়ে নাও যেদিন দীনার বা দিরহাম (টাকা-কড়ি) থাকবে না। যদি তার কোন নেক আমল থাকে তবে তার ময়লুম (অত্যাচারিত) ভাই তা নিয়ে যাবে, যদি তাও না থাকে তবে তার পাপ যালিমের ঘাড়ে চাপিয়ে দেয়া হবে।"

হ্যরত নবী ক্রীম (সা) বলেছেন, আল্লাহ্ তা'আলা বলেন :

"হে আমার বান্দাগণ। আমি যুগুম করাকে আমার নিজের ওপর হারাম করে নিয়েছি এবং তোমাদের জন্যেও হারাম করে দিয়েছি। তোমরা কারো ওপর যুগুম করো না।" (মুসলিম ও তিরমিধী)

রাস্লুলাই (সা) প্রকরার সাহাবীদের জিছেল করলেন, তোমরা কি জান প্রকৃত গরীব কে ? তাঁরা আর্য করলেন, ইয়া রাস্লালাই (সা)। আমাদের মধ্যে যার কাছে টাকা-পয়সা, মালামাল নেই সেই তো গরীব। প্ররপর তিনি বললেন, আমার উন্ধতের মধ্যে গরীব ঐ ব্যক্তি যে কিয়ামতের দিন নামায়, রোষা, হজ্ক, যাকাত ইভ্যাদি নেক আমল নিয়ে হাযির হবে কিছু তার বিরুদ্ধে কেউ প্রসে বলবে, সে এই ব্যক্তিকে গালি দিয়েছে, কেউ বলবে সে এই ব্যক্তির ধন-সম্পদ আত্মসাৎ করেছে, কেউ বলবে সে তার সম্মান নই করেছে। কেউ অভিযোগ করবে, সে তাকে মারধর করেছে এবং কেউ বা দাবি করবে সে তার রক্তপাত করেছে। তারপর একের পর এক তার নেক আমলগুলো নিতে থাকবে। যখন নেক আমল শেষ হয়ে যাবে এবং তার ওপর

আরোপিত দাঁবি থেকে যাবে তখন তাদের পাপসমূহ তার মাথার চাপিয়ে দেয়া হবে। ভারপর তাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে। (মুসলিম ও তিরমিযী)

হাদীস শরীকে আছে—"যাঁরা আল্লাহ্র মালে (সরকারি সম্পত্তিতে) হস্তক্ষেপ করবে, কিয়ামতের দিন তারা জাহান্নামে যাবে।"

নবী করীম (সা) হযরত মুআয (রা)-কে ইয়ামানের শাসনকর্তা নিয়োগ করে পাঠাবার সময় বলেছিলেন : "তুমি মযলুমের অভিশাপকে ভয় করবে। কেননা মযলুমের আর্তনাদ ও আল্লাহ্র মাঝে কোন অন্তরায় থাকে না।" (বুখারী)

সহীহ হাদীসে আছে, "যে ব্যক্তি যুদুমের মাধ্যমে অর্ধ হাত পরিমাণ জমি আত্মসাৎ করবে, কিয়ামতের দিন ওই পরিমাণের সাতস্তর ভূমি তার গলায় মালা হয়ে জড়িয়ে ধরবে।" কোন কোন গ্রন্থে আছে আল্লাহ্ তা'অলা বলেছেন: "ঐ ব্যক্তির ওপর আমার কঠোর ক্রোধ হয়, যে এমন লোকের ওপর যুদুম করে যার আমি ছাড়া অন্য কেউ সাহায্যকারী নেই।" জনৈক কবি বলেছেন:

لا تظلمن اذا ما كنت مقتدرا فالظلم يرجع عقباه الى الندم تنام عيناك والمظلوم منته يدعو عليك وعين الله لم تنم

"তোমার যখন ক্ষমতা থাকে তখন যুলুম করবে না, কারণ যুলুমের পরিণাম লজ্জা ও অনুশোচনা। তৃমি তো ঘূমিয়ে থাকবে কিন্তু মধলুম ব্যক্তি ঘূমাবে না; সে থাকবে সজাগ। সে তোমাকে বদ-দু'আ করবে এবং আল্লাহ্র চক্ষু সদা বিনিদ্র।"

কোন এক বৃষ্ণ বলেছেন: "তুমি দুর্বলের প্রতি অত্যাচার করবে না, তাহলে তুমি শক্তিশালী লোকদের মধ্যে নিকৃষ্ট বলে বিবেচিত হবে।"

হ্যরত আবৃ হ্রায়রা (রা) বলেছেন : অত্যাচারীর অত্যাচারে নিরীহ ব্যক্তি আহত অবস্থায় আপন ঘরে বসে ধুঁকে ধুঁকে মরবে।

কথিত আছে—তাওরাত কিতাবে লিখিত আছে যে, এক আহ্বানকারী পুলসিরাতের পেছন থেকে ডেকে বলবে, ওহে উচ্ছৃংখল অত্যাচারী দল। ওহে পাপিষ্ঠগণ। আল্লাহ্ তা'আলা তাঁর সন্মান ও বুযগীর কসম করে বলেছেন যে, আঞ্চ কোন যালিম এ পুল অতিক্রম করতে পারবে না।

হযরত জাবির (রা) বর্ণনা করেছেন: মকা বিজয়ের বছর আবিসিনিয়ার মুহাজিরগণ রাস্লুল্লাহ্ (সা)-এর নিকট ফিরে এলে তিনি বললেন, তোমরা কি আবিসিনিয়ায় (ইথিওপিয়ায়) কোন প্রকার আভর্য বস্তু দেখেছো ? তাদের কয়েকজন যুবক বলল, হাাঁ দেখেছি, ইয়া রাস্লাল্লাহ্! একবার আমরা কতিপয় লোক এক জায়গায় বসা ছিলাম। এমন সময় আমাদের সামনে দিয়ে এক বৃদ্ধ একটি পানির কলসি নিয়ে যাছিল। আর এক যুবকও ঐপথ দিয়ে রওনা হলো। সে গিয়ে তার এক হাত বৃদ্ধের

কাঁধে মারলো ফলে সে উপুড় হয়ে পড়ে গৈল এবং তার ফলসিটি তেছে পেল। অতঃপর বৃদ্ধ লোকটি উঠে দাঁড়িয়ে যুবকটির দিকে তাকিয়ে বলল, হে বিশ্বাসঘাতক! যেদিন আল্লাহ্ তা'আলা তাঁর সিংহাসন স্থাপন করবেন এবং পূর্ববর্তী ও পরবর্তী সকল লোকদের একএ করবেন এবং হাত-পা কৃডকর্মের সাক্ষ্য দেবে, সেদিন তৃমি আমার সাথে যে ব্যবহার করলে তার প্রতিফল জানতে পারবে। রাবী [জাবির (রা)] বলেন, তখন রাস্লুল্লাহ্ (সা) বললেন : ঐ বৃদ্ধ ঠিকই বলেছে, যদি কোন সম্প্রদায় সবলের নিকট থেকে দুর্বলের পাওনা না আদায় করে, আল্লাহ্ সে সম্প্রদায়কে কিভাবে পবিত্র করবেন ? কবি বলেন :

اذا ما الظلوم استوطأ الظلم مركبا ولج عثواى قبيح اكشابه فكله الى صرف الزمان وعدله

سيبدؤله مالم يكن في حسابه

"যখন কোন চরম অত্যাচারী দ্বিধাহীনভাবে অত্যাচার করতে থাকে, সে তার অসংকর্মে সীমালংঘন করে; যুগের অবসানে সে তা এমন আকারে দেখতে পার যা তার হিসাবে ছিল না।"

নবী করীম (সা) থেকে বর্ণিত। তিনি বলেন: "পাঁচ প্রকার লোকের ওপর আল্লাহ্
অসন্তুষ্ট। তিনি ইচ্ছা করলে দ্নিয়াতে তাদের শান্তি দিতে পারেন। আর যদি তাদের
দ্নিয়াতে শান্তি না দেন তবে আবিরাতে তাদেরকে জাহান্নামে প্রবেশ করাবেন। তারা
হলো: (১) এমন রাষ্ট্রনায়ক যে তার প্রজাসাধারণের নিকট থেকে তার হক আলায়
করে কিন্তু নিজে তাদের প্রতি ইনসাফ করে না এবং তাদের প্রতি যে যুলুম হয় তা
প্রতিহত করে না; (২) এমন দলনেতা যাকে তারা সকলে মেনে চলে অখচ সে সবলদ্র্বলের মধ্যে সমতা রক্ষা করে না এবং স্বার্থপ্রণোদিত হয়ে কথা বলে; (৩) ঐ ব্যক্তি
যে তার পরিবার ও সম্ভানদের আল্লাহ্র আনুগত্যের নির্দেশ দেয় না এবং তাদেরকে
দীনের জ্ঞান দান করে না; (৪) এমন লোক যে কোন শ্রমিককে কাজে নিযুক্ত করে
তার নিকট থেকে পুরোপুরি কাজ আদায় করে নেয় কিন্তু তার পারিশ্রমিক যথাযখাতাবে
দেয় না এবং (৫) এমন ব্যক্তি যে তার স্থীর মোহর আদায় করে না।"

হযরত আবদুরাহ ইব্ন সালাম (রা) বলেছেন: আরাহ তা'আলা যখন সকল সৃষ্টিকে সৃজন করলেন এবং তাদের নিজ নিজ পারে দাঁড়াতে শেখালেন তখন তারা আকাশের দিকে তাকিরে বলল: "হে আমাদের প্রতিপালক! তুমি কার সাথে খাক? তিনি বললেন, আমি মযলুমের সাথে থাকি যতক্ষণ না তার হক আদার করা হয়।"

ওয়াহাব ইব্ন মুনাব্বিহ (র) থেকে বর্ণিত। তিনি বলেছেন : একবার এক যালিম এক স্থানে মন্ত বড় এক অট্টালিকা তৈরি করলো। তারপর সেখানে এক দরিদ্র মহিলা এসে তারই পাশে একটি কুঁড়েঘর তৈরি করে বসবাস করতে লাগলো। একদিন ঐ অভ্যাচারী লোকটি তার অট্টালিকার চারদিকে মুরে-ফিরে দেখছিল। হঠাৎ ঐ ফুঁছে মরের প্রতি দৃষ্টি পড়লে সে জিল্লেস করলো, এ ঘরটি কার ? বলা হলো, এ এক গরীব বৃদ্ধার। এখানে সে বাস করে। সে (যালিম) সেটি তেঙে দেওয়ার নির্দেশ দিল। বৃদ্ধা এসে দেখলো যে তার ঘরটি তেঙে চ্রমার করে দেয়া হয়েছে। বৃদ্ধা জিজেস করল, এ ঘরটি ভাঙলো কে ? উত্তর এলো, মালিক এসে দেখেন এবং তারপর ঘরটি তেঙে দিয়েছেন। তখন বৃদ্ধা আকাশের দিকে চেয়ে বলল, হে আমার প্রতিপালক। আমি যদিও অনুপস্থিত ছিলাম, তৃমি তখন কোথায় ছিলে ? তৃমি তো অনুপস্থিত ছিলে না ? রাবী বলেন, তখন আল্লাহ্ তা'আলা হয়রত জিবরাঈল (আ)-কে এ মালিকের অট্টালকা তার পরিবার-পরিজনসহ ওলট-পালট করার নির্দেশ দেন এবং তা তেঙে চ্রমার করা হয়।"

কৃষিত আছে যে, খালিদ ইবৃন বারমাক এবং তার পুত্রকে বন্দী করা হলে তার পুত্র বলল, আব্বান্ধান। এত বড় শক্তি ও প্রতাপের পর আমাদের বন্দী জীবনের অভিশাপ তোগ করতে হচ্ছে। আমরা এবন কয়েদখানায়। পিতা (খালিদ ইবৃন বারমাক) বলল, হে আমার পুত্র। ম্যপুমের ক্রন্দনে রাতে আকাশ-বাতাস বিদীর্ণ হতো। আর

আমরা ওখন অচেতন ছিলাম। কিন্তু আল্লাহ্ অচেতন ছিলেন না।"

যায়দ ইবৃন হাকীম বলেছেন, ম্যল্মের আর্তনাদ ও বৃক্তরা ক্রন্দন সম্পর্কে আমি যে কতটা উদ্বিপ্ন তা কেউ জানে না। আমি জানি আল্লাহ্ ছাড়া তার কোন সাহায্যকারী নেই। সে আমাকে বলে, আল্লাহ্ আমার জন্য যথেষ্ট; আল্লাহ্ আমার ও তোমার মাঝে রয়েছেন।

খলীকা হারুনুর রুলীদ কবি আবুল আতাহিয়্যাকে বন্দী করলে তিনি তাঁর কাছে জেলখানা থেকে নিপ্লোক্ত কবিতার পর্যুক্ত দু'টি লিখে পাঠিয়েছিলেন :

اما والله أن الظلم شوم × وما زال المعمئ هو المنظلوم

শাবধান! আল্লাহ্র কসম! যুলুম করা সজ্জাকর কাজ। আর ময়ল্ম সর্বদা বালিমের প্রতি খারাপ ধারণাই পোষণ করে থাকে। ওহে অকথ্য যুলুমকারী। যখন আমরা দুজন আগমী দিন মালিকের নিকট হাযির হবো তখন তুমি জানতে পারবে বে, কে অভিশন্ত।"

আবু উমামা (রা) থেকে বর্ণিত। তিনি বর্ণেছেন, কিয়ামতের দিন যখন যালিম ব্যক্তি পুলসিরাতের ওপর ওঠবে তখন ময়লুম ব্যক্তি এসে তার প্রতি যে যুলুম করেছিল সে কথা তাকে মনে করিয়ে দেবে এবং নেক আমল ছিনিয়ে না নেওয়া পর্বত ছাড়বে না। যদি বালিম ব্যক্তির কোন নেক আমল না থাকে তখন ময়লুম ব্যক্তির পাপের বোঝা তার ওপর চাপিরে দেবে যে পরিমাণে লে তার ওপর যুলুম করেছিল। শেষ পর্বত সে জাহানামের শেষ ভরে গিয়ে পৌছবে। (তাবারানী)

আৰদুল্লাহ ইব্ন উনায়স (রা) বলেন, আমি রাস্পুল্লাহ্ (সা)-কে বলতে তনেছি, কিয়ামতের দিন সকলকে উলন্ধ এবং নগুপায়ে একত্র করা হবে। তখন কোন এক আহ্বানকারী ডেকে বলবে এবং দূরে ও কাছের সকল শ্রোতাই সমানভাবে তা ওনতে পাবে। বলা হবে, আমি মহাবিচারক বাদশাহ—কোন জান্লাতী জান্লাতে অথবা জাহান্লামী জাহান্লামে প্রবেশ করতে পারবে না। যদি সে কারো ওপর যুলুম করে থাকে যে পর্যন্ত না আমি তার কয়সালা করে দেই। এমনকি যদি কেউ কাউকে একটি চড় মেরে থাকে তারও আমি বিচার করবো। তোমার রব কোন ব্যক্তির ওপর অন্যায় বা যুলুম করবেন না। বর্ণনাকারী বলেন, আমরা আরম করলাম, ইয়া রাস্লাল্লাহ্! সেদিন ভা আমাদের কাছে কিছুই থাকবে না। আমরা থাকবো খালি পায়ে এবং উলল অবস্থায়! উত্তরে তিনি বললেন, পাপ ও পুণ্যের বিনিময় ছারা বিচার করা হবে। তোমার প্রতিপালক কারো ওপর অবিচার করবেন না।

হযরত আবৃ হুরায়রা (রা) সূত্রে বর্ণিত। রাসৃশুল্লাহু (সা) বলেছেন : "যদি কোন লোক অন্যায়ভাবে কারো ওপর একটি কশাঘাত করে, কিয়ামতের দিন তারও প্রতিশোধ নেয়া হবে।"

বর্ণিত আছে, পারস্য সমাট তার পুত্রকে লেখাপড়া ও আদব-কায়দা শেখানোর জন্য একজন গৃহশিক্ষক নিয়াগ করেছিলেন। রাজপুত্রের সকল প্রকার জান-বৃদ্ধি ও শিষ্ঠাচারে পারদর্শিতা অর্জিত হবার পর একদিন শিক্ষক মহোদয় তাকে ডেকে বিনা অপরাধে ও বিনা কারণে অত্যন্ত কঠোরভাবে প্রহার করলেন। ফলে রাজপুত্রের মনে শিক্ষকের প্রতি ঘৃণার সৃষ্টি হলো। অতপর রাজপুত্র বড় হলো এবং সমাট মায়া গেলে সে-ই তার সিংহাসনে আরোহণ করলো। তারপর সে তার শিক্ষককে ডেকে এনে বলল, আপনি অমুক দিন অমুক সময় আমাকে বিনাদোবে ও বিনাকারণে কেন মেরেছিলেন তা বলুন! শিক্ষক মহোদয় বললেন, হে সমাট। তৃমি যখন জ্ঞান-বৃদ্ধি ও আদব-কায়দায় পূর্ণ দক্ষতা লাভ করলে, তখনই আমি বৃঝতে পেরেছিলাম যে, তৃমি তোমার পিতার পরে ক্ষমতায় অথিষ্ঠিত হবে। তাই আমি ইল্ছা করলাম তোমাকে যুলুম ও প্রহারের কট্ট বৃথিয়ে দেবো যাতে তৃমি কারো ওপর যুলুম না করো। তখন সে বলল, আল্লাই আপনাকে এর যথার্থ প্রতিদান দিন। তারপর সে তার শিক্ষাভক্ষকে উপটোকন দিয়ে বিদায় করার নির্দেশ দিল।

ইয়াতীমের মাল আত্মসাৎ করাও যুলুমের অন্তর্ভুক্ত। হযরত মু'আয় ইবন জাবাল (রা)-কে ইয়ামানে পাঠাবার সময় যে কথাটি নবী করীম (সা) বলেছিলেন, তা এখানেও প্রযোজ্য। তিনি বলেছিলেন: ময়লুমের অভিশাপকে তুমি ভয় করবে। কেননা তার অভিশাপ ও আল্লাহর মাঝে কোন অন্তরায় থাকে না।

এক রিওয়ারেতে আছে—ময়নুম বা নিপীড়িতের আর্তনাদ মেঘমালা ভেদ করে উপরে উঠে যায়। তখন আল্লাহ তা আলা বলেন: "আমার সন্মান ও মাহাত্ম্যের কসম! আমি তোমাকে সাহায্য করবোই, তবে তা কিছুদিন পরে হলেও।"

জনৈক কবি বলেছেন:

توق دعا المظلوم ان دعاءه × ليرقع فوق السحب ثم يجاب توق دعا من ليس بين دعائه × وبين اله العالمين حجاب هه

ولا تحسين الله مطرحاله ×ولا انه يخفى عليه خطاب فقد صبح ان الله قال وعزتى × لا نصر المظلوم وهو مثاب فمن بم يصدق ذا الحديث فانه × جهول وإلاعقله فمصاب

"তোমারা ময়লুমের অভিশাপকে ভয় করো। তার ফরিয়াদ মেদমালার উপরে উঠে যায় এবং তারপর কবৃদ্ধ হয়। এমন লোকের অভিশাপকে ভয় করো যার ফরিয়াদ এবং সারাজাহানের মালিকের মাঝে কোন অন্তরায় নেই। তোমরা এটা মনে করো না যে, আল্লাহ্ তাকে উপেক্ষা করবেন আর এটাও মনে করো না যে, তার ফরিয়াদ আল্লাহ্র দরবারে পৌছবে না।"

সহীহ হাদীসে বর্ণিত হয়েছে যে, আল্লাহ তা আলা তাঁর ইয্যতের কসম করে বলেছেন, "আমি ময়লুমকে সাহায্য করবো এবং সে প্রতিদানপ্রাপ্ত হবে।" সূতরাং যে ব্যক্তি এ হাদীসকে বিশ্বাস করবে না, সে অজ্ঞ ও মূর্ব অথবা সে তাঁর বিবেক-বৃদ্ধি হারিয়ে ফেলেছে।

পরিচ্ছেদ

ক্ষমতা থাকা সত্ত্বেও কোন ব্যক্তির হক আদায় না করা যুলুম। কেন্না বুখারী ও মুসলিম শরীফে বর্ণিত আছে, রাস্লুল্লাহ (সা) বলেছেন: ধনী ব্যক্তির পক্ষে কারো হক আদায় না করা যুলুম। অপর এক বর্ণনায় আছে—ধনী ব্যক্তির দান থেকে বিরত থাকা যুলুম এবং তাঁর বিরুদ্ধে অভিযোগ করা এবং তাকে বন্দী করা হালাল।

পরিচ্ছেদ

স্ত্রীকে তার মোহর না দেওয়া এবং তার ভরণ-পোষণের ব্যবস্থা না করা যুলুম।" নবী করীম (সা)-এর বাণী : ধনবান ব্যক্তির সমাজের অন্য লোকদের সাথে সম্পর্ক ত্যাগ করে একাকী থাকা যুলুমের নামান্তর এবং এজন্য তাকে অভিযুক্ত করা ও বন্দী করা বৈধ-এর অন্তর্ভুক্ত।

হযরত আবদুল্লাহ ইবন মাসউদ (রা) বলেন, কিয়ামতের দিন কোন এক লোকের বা কোন এক মহিলার হাত ধরে সকলকে ডেকে বলা হবে, এ লোকটি অমুকের পুত্র অমুক। এর কাছে কারো কোন পাওনা থাকলে সে যেন এসে তা নিয়ে যায়। তখন একজন মহিলা এসে তার পিতা অথবা ভাই অথবা স্বামীর কাছে এসে তার দাবি পেশ করবে। তারপর ইব্ন মাসভিদ (রা) এ আয়াতটি পাঠ করলেন:

"সেদিন কোন আত্মীয় কোন আত্মীয়ের সাহায্যের জন্য অপ্রসর হবে না এবং কেউ কাউকে জিজ্ঞেসও করবে না।"

বর্ণনাকারী বলেন, তখন আল্লাহ্ ইচ্ছা করলে তিনি তার নিজের হক মাফ করে দেবেন কিন্তু মানুষের হক তিনি ক্ষমা করবেন না। তারপর ঐ লোকটিকে জনতার সামনে দাঁড় করে আল্লাহ্ তা'আলা বলবেন : এসো, হকদারগণ ! ডোমাদের যার যে পাওনা আছে নিয়ে যাও। তারপর হকদাররা এসে উপস্থিত হবে। আল্লাহ্ তা'আলা ফেরেশতাদের বলবেন, তোমরা এর নেক আমল থেকে দাবিদারদের প্রাপ্য অনুযায়ী দিতে থাক। যদি সে আল্লাহ্র প্রিয় বান্দা হয় এবং দাবিদারদের দিয়ে কিছু নেক অবশিষ্ট থাকে, তখন আল্লাহ্ তা বহুগুণ বৃদ্ধি করে তাকে জান্নাতে যেতে দেবেন। আর যদি সে বদকার লোক হয় তবে তার নেক আমল দেওয়া শেষ হয়ে গেলে ফেরেশতাগণ বলবেন, হে আমাদের প্রতিপালক! এর নেক আমল শেষ হয়ে গেছে কিন্তু এখনও তার নিকট লোকের পাওনা রয়েছে। তখন আল্লাহ্ তা'আলা বলবেন, তাদের পাপগুলো একে দিয়ে দাও। তারপর তাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে। আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রা)-এর এ বক্তব্যের সমর্থন পাওয়া যায় নিম্নোক্ত হাদীসে— নবী করীম (সা) জিজ্ঞেস করলেন: "তোমরা কি জান, দরিদ্র ব্যক্তি কে ? তারপর তিনি স্বয়ং বললেন, আমার উন্মতের মধ্যে দরিদ্র হলো ঐ ব্যক্তি যে কিয়ামতের দিন নামায, রোয়া ইত্যাদি আমল নিয়ে উপস্থিত হবে। কিন্তু এক ব্যক্তি এসে বলবে, সে আমাকে গালি দিয়েছে, অপর এক ব্যক্তি বলবে, সে আমাকে মেরেছে, আবার কেউ বলবে, সে অন্যায়ভাবে আমার সম্পদ আত্মসাৎ করেছে। অতঃপর তার নেক আমল थ्यांक जारमंत्र मावि भूतन कत्रा द्राव । यमि जात्र त्मक जामन त्मेष द्राय यात्र व्यवः দাবিদার আরও থাকে, তবে অভিযোগকারীদের পাপ তাকে দেওয়া হবে এবং তারপর তাকে জাহান্লামে নিক্ষেপ করা হবে।" (মুসলিম)

পরিচ্ছেদ

কোন শ্রমিক বা শোককে কাজে খাটিয়ে তার মজুরি না দেওয়াও যুলুম। সহীহ আল-বুখারীতে আছে—রাস্লুরার্ (সা) বলেছেন, আরাহ্ তা আলা বলেন: "কিয়ামতের দিন আমি তিন ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ করবো। আর আমি যার বিরুদ্ধে অভিযোগ করবো তাকে অভিযুক্ত করে ছাড়বো। এরা হলো; (১) যে ব্যক্তি আমার সাথে ওয়াদা করে বিশ্বাসঘাতকতা করে; (২) যে ব্যক্তি কোন স্বাধীন লোককে বিক্রয় করে তার মূল্য ভোগ করে এবং (৩) যে ব্যক্তি শ্রমিক নিয়োগ করে পুরোপুরি কাজ আদায় করে নেয় কিন্তু তার মজুরি পরিশোধ করে না।"

অনুরূপভাবে কোন ব্যক্তি যদি কোন ইয়াহুদী বা খ্রিস্টানের ওপর যুলুম করে অথবা কাউকে অসম্বান করে বা হেয়প্রতিপন্ন করে অথবা তাকে দিয়ে শক্তির অতিরিক্ত কাজ করায় অথবা তার ইচ্ছার বিরুদ্ধে তার কাছ থেকে কোন প্রকার অর্থ বা সুযোগ আদায় করে, তবে আমি তার বিরুদ্ধে অভিযোগ করবো—এর আওতাভুক্ত ও অভিযুক্ত হবে। আর ঐ ব্যক্তি এ বাণীর অন্তর্ভুক্ত হবে অর্থাৎ যুলুমের অপরাধে অভিযুক্ত হবে যে কারো নিকট থেকে ঋণ করে কসম করে তা অস্বীকার করে।

বুখারী ও মুসলিম শরীকে বর্ণিত আছে, রাস্লুক্সাহ্ (সা) বলেছেন : যে ব্যক্তি কসমের মাধ্যমে কোন মুসলমানের হক নষ্ট করবে, আল্লাহ্ তা'আলা তার ওপর

জাহান্নাম ধরাজিব করে দেবেন এবং জান্নাত হারাস করে দেবেন। প্রশ্ন করা হলো, ইয়া রাস্পাল্লাহ্ (সা)। যদি কোন সামান্য বস্তু নষ্ট করা হয়, তাহলেও কি এই হুকুম প্রযোজ্য হবে ? তিনি বললেন, যদি তা এরাক পাছের একটি শাখাও হয়।"

কবি বশেছেন:

فخف القصاص غدا اذا وقيت ما كسبت يداك اليوم بالقسطاس في موقف ما فيه الاسلخص او مقنع للراس اعضاء هم فيه الشهود وسجنهم المديد الباس ان تمطل اليوم الحقوق مع الغنى فخدا تؤديها مع الافلاس

"ড়ান্ত তুমি যা উপার্চ্চন করছে। তার প্রতিদান কিয়ামতের দিনে সঠিকভাবে ও পূর্ণমাত্রায় পাবে। তাই ভরিষ্যতের বিচারকে হালকা করো। এ বিচার এমন এক স্থানে হবে, বেখানে চুপটি করে দাঁড়িরে খাকা অথবা লক্ষার সাথে বিনীত নয়নে দেখা অথবা লক্ষিত অবস্থায় মাখা তুলে তাকিরে থাকা ছাড়া আর কোন উপায় থাকবে না। তাদের অগ-প্রত্যুগতলো সাক্ষ্য দেবে। জাহান্লাম হবে তাদের জন্য জেলখানা এবং তাদের বিচারক হবেন মহা ক্ষমতাবান। আজ ঐশর্ষ থাকা অবস্থায় তুমি যদি কোন গোকের হক নষ্ট করো, তা' আগামী দিনে এমন এক সমর ফিরিয়ে দিতে হবে যখন তমি হবে সহায়্ত্র-স্বলহীন নিঃরা।"

বর্ণিত আছে, কিয়ামতের দিন বান্দার নিকটে সবচেরে অপছন্দনীয় ব্যাপার হবে এমন কোন লোকের সাথে সান্দাৎ হওরা বার ওপর সে যুজুম করেছিল। এই ভয়ে বে, সে তার যুজুমের প্রতিশোধ চেয়ে বসে না-কি। বেমন নবী করীম (সা) বলেছেন:

لَتُؤَذُنُّ الْحُقُونَ الِي آهُلِهَا يَوْمَ الْقِيامَةِ حَتَّى يُقَادُ لِلشَّاةِ الْجَلْجَاء مِنَ الشَّاةِ الْقَرْنَاءِ .

"কিয়ামতের দিন অবশ্যই পাওনাদারের প্রাপ্য আদার করে দেয়া হবে। এমনকি শিংওরালা ছাগল হতে শিংবিহীন ছাগলের দাবিও আদার করা হবে।"

(মুসলিম ও তিরমিযী)

নবী করীম (সা) বলেছেন : "যে ব্যক্তি কোন লোকের ধন-সম্পদ বা মান-সম্মান অন্যায়ভাবে নষ্ট করেছে, সে যেন আছেই তা পরিশোধ করে দেয়—এদিন আসার পূর্বে যেদিন কারো কাছে টাকাকড়ি থাকবে না। যদি তার কাছে নেক আমল থাকে তবে তা যুদ্দ অনুপাতে অভ্যাচারিত ব্যক্তি প্রহণ করবে। আর হাদি ভার কাছে নেক আমল না থাকে তবে সে মহল্মের বদ আমল নেবে প্রহং তারপর ভাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে।" (বুখারী ও তিরমিবী)

আবদুরাই ইব্ন আবৃদ্ দূল্য়া (র) হবরত আবৃ আইয়ুব আনসারী (য়া) সূত্রে বর্ণনা করেন, রাস্লুয়াই (সা) বলেছেন: "কিয়ামতের দিন সর্বধ্যম বারা আরাহ্র কাছে অভিযোগ নিয়ে আসবে তারা হলো বামী ও ব্রী। আরাহ্র কসমা তার মুখ মেদিন কিছুই বলতে পারবে না। সে বামীর বাভি কিরণ দূর্ববহার করেছে হাত-পা সাক্ষ্য দেবে যে সে আর ব্রীয় সাথে ভাল ব্যবহার করেছে, না বারাগ ব্যবহার করেছে। তারপর মালিক ও চাকর-বাকর এবং অন্যান্য ক্র্মচারিকে ভাকা হবে। তাদের নিকট থেকে টাকা-পয়সা নেরছ হবে না বরং বালিমের নেক আমল মবল্যকে দেওয়া হবে এবং মযাল্যমের পালের বোঝা বালিমের মাড়ে চাপানো ববে। তারপর বালিমদের লোহার বিকলে বেঁথে আনা হবে এবং বলা হবে তাদের জাহান্নামের দিকে নিয়ে যাও।"

কাষী তরাইব্ (র) বলেছেন, বালিম ও বারা অপরের প্রাণ্য বধাকা আদার করে না, তারা শীঘ্রই জানজে পারবে বে, বালিম আযাবের জন্য অপেকা করছে এবং মযলুম ব্যক্তি সাহাব্য ও সওয়াবের আশার প্রতীক্ষা করছে।

বর্ণিত আছে বে, আরাই তা আদা যখন কোন ব্যক্তির কল্যাণ করতে চান তার ওপর যুলুম করার জন্য কোন বালিমকৈ তার ওপর ক্ষেপিরে দেন। তাউস আল-য়ামানী একবার হিশাম ইব্নে আবদুশ মালিকের নিকট গ্রিয়ে তাকে বল্লেন, ভূমি ঘোষণার দিনের জন্য আরাহকে ভর করো এবং যুলুম থেকে বিরত থাকো। হিশাম বলল, ঘোষণার দিন কোন্টি ? তাউস বললেন, আরাহ্ তা আলা বলেছেন:

فَأَذَّنَ مُؤَذَّنَّ بَيْنَهُمْ أَنَّ لَعَنَةَ اللَّهِ عَلَى الطَّالِمِيْنَ .

"তখন একজন ঘোষক বা আহ্বাব্রক ডেকে বলবে, যুলুমকারীদের ওপর আল্লাহ্র অভিশাপ।" (সূরা আরাক: ৪৪) এ কথা তনে হিশাম চিংকার করে ওঠলেন। তখন তাউস বললেন, যুলুমের পরিপত্তি সম্পর্কে পরিচিত হ্বার পর যার এ শোচনীর অবস্থা যুলুমের শান্তি যখন ভোগ করতে হবে তখন কি দশা হবে। ওহে মানুয! যারা যালিম নামে পরিচিত হতে সম্বত আছো, তোমরা আর কত অত্যাচার চালাবে। জাহান্লাম হলো কয়েদখানা এবং বিচারক হলেন স্বরং আল্লাহ্।

পরিক্ষেদ

যুলুম করা থেকে বেঁচে থাকা এবং বালিমদের সাথে ওঠাবসা ও তাদের সহযোগিতা না করা প্রসঙ্গে

আল্লাহ্ তা'আলা বলেছেন:

وَلاَ تَرْكُنُواْ إِلَى الَّذِينَ ظَلَمُواْ فَتَمَسَّكُمُ النَّارُ .

"বারা মুশুম করে তোমরা তাদের কাছেও বেয়ো না। এখানে (الركون) শব্দের অর্থ কোন বিষয়ে নীরকতা অবলম্বন করা এবং ভালবাসার আকর্ষণে কোনদিকৈ ঝুঁকে পড়া।

হ্যরত ইব্ন আব্বাস (রা) এ আরাতের ব্যাখ্যার বলেছেন, তোমরা ভালবাসার জন্য তাদের দিকে ঝুঁকে পড়ো না। তাদের সাথে মরম কথা বলো না এবং তাদের সাথে বন্ধুত্ব করো মা।

সুদ্দী এবং ইবৃন যায়দ (র) বলেছেন, তোমরা যালিমকে তোষামোদ করো না। ইকরামা (র) এ আয়াতের ব্যাখ্যায় বলেছেন এর অর্থ হলো যালিমদের অনুসরণ করা এবং তাদের ভাশবাসা। আবুল আলিয়া বলেছেন তোমরা ভদের কাজকে সমর্থন করবে না, তাহলে তোমরা জাহান্লমে যাবে এবং জাহান্লামের আন্তনে জ্বলবে

বস্তুত আল্লাহ্ ছাড়া তোমাদের কোন বন্ধু বা অভিভাবক নেই—এ আয়াতের ব্যাখ্যায় হ্যরত ইব্ন আব্বাস (রা) আরও বলেছেন, এমন কেউ নেই যে তোমাদের জাহান্লামের আগুন থেকে রক্ষা করতে পারে এবং তার আযাব থেকে রক্ষা পাওয়ার ব্যাপারে তোমাদের কেউ সাহায্য করবে মা। আল্লাহ্ তা'আলা খলেছেন:

أَحْشُرُوا الَّذِينَ ظِلُمِوا وَٱزْوَاجُهُمْ .

"যারা অভ্যাচার করেছে এবং তাদের যারা সাহায্য ও সহযোগিতা করেছে, তাদের উপস্থিত করো।" (সুরা সাফফাত : ২২)

ইবৃন মাসউদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্পুল্লাহ্ (সা) বলেছেন:

سیکون امراء یفشاهم غواش او حواش من الناس یظلمون ویکذبون فحمن دخل علیهم وصدقهم بکذبهم واعانهم علی ظلمهم فلیس منی ولست منه ، ومن لم یدخل علیهم ولم یعنهم علی ظلمهم فهو منی وانا منه ،

"অচিরেই এমন কিছু নেতা বা শাসকের আবির্তাব ঘটবে যারা কিছু সংখ্যক (তোষামোদকারী) লোকদ্বারা পরিবেষ্টিত থাকবে। তারা নিজেরাও যুলুম করবে এবং মিথ্যা বলবে। অতঃপর, যারা এসব যালিমের সাথে চলাফেরা করবে এবং তাদের মিথ্যাকে সমর্থন করবে এবং তাদেরকে অত্যাচারে সাহায্য করবে, তারা আমার দলভুক্ত নয় এবং আমিও তাদের নই। আর যারা তাদের সংস্পর্শে যাবে না এবং তাদের সাহায্য করবে না, তারা আমার দলভুক্ত এবং আমিও তাদের সাথে থাকবো।" (আহমাদ)

ইবৃন মাসউদ (রা) আরও বর্ণনা করেছেন যে, রাস্দুল্লাহ্ (সা) বলেছেন :

مَنْ أَعَانَ ظَالَمًا سُلُّطَ عَلَيْهِ .

"যে ব্যক্তি কোন যালিমকে সাহায্য করলো তার ওপর অন্য কেউ যুলুম করবে।"

সাঈদ ইব্ন মুসাইয়াব (র) বলেছেন: যারা অত্যাচারীকে সাহায্য করে তাদের প্রতি তোমরা অবজ্ঞা ও ঘৃণার দৃষ্টিতে তাকাবে। অন্যথায় তোমাদের নেক আমল বরবাদ হয়ে যাবে।

মাকহুল দামাশ্কী (র) বলেছেন, কিয়ামতের দিন এক আহ্বানকারী ডেকে বলবে, যালিমগণ ও তাদের সহয়েগিতাকারীরা কোথায় । তখন (দুনিয়াতে) যারা যালিমদের কাগজ, কলম, দোয়াত ও কালি ইত্যাদি দারা সাহায্য করেছে, তাদের সকলেই উপস্থিত হবে। তারপর তাদেরকে ঘেরাও করে একটি আগুনের সিন্দুকে রাখা হবে। অতঃপর জাহান্লামে নিক্ষেপ করা হবে।

এক দরজি সৃষ্ণিয়ান সাওরী (র)-এর নিকট এসে বলল, আমি বাদশাহর কাপড় সেলাই করে থাকি। এতে আমাকে কি যালিমের সাহায্যকারী বলে গণ্য করা হবে । সৃষ্ণিয়ান সাওরী (র) বললেন, ভূমি তো তথু যুলুমের সাহায্যকারীই নও, বরং ভূমি নিজেই নিজের ওপর যুলুম করছো। আর যারা তোমার কাছে সুঁই ও সূতা বিক্রয় করছে, তারা যালিমের সাহায্যকারী বলে গণ্য হবে।

নবী করীম (সা) বলেছেন: "কিয়ামতের দিন সর্ব প্রথম ঐসব ব্যক্তি জাহান্নামে প্রবেশ করবে যাদের হাতে চারুক থাকতো এবং তা দিয়ে যালিখের সামনে অন্য লোকদের কশাঘাত করতো।"

হ্যরত ইব্ন উমর (রা) বলেছেন, যালিম শাসকের সাহায্যকারী ও সমর্থনকারী কর্মচারিগণ কিয়ামতের দিন জাহান্লামের কুকুর হবে। বর্ণিত আছে যে, বনী ইসরাঈলগণ যুলুমের সীমা অতিক্রম করলে আল্লাহ্ ভা'আলা মুসা (আ)-এর নিকট এই মর্মে ওহী প্রেরণ করেন যে, বনী ইসরাঈলরা যেন আমাকে শ্বরণ না করে। কেননা যারা আমাকে শ্বরণ করবে আমিও তাকে শ্বরণ করবো। আর তাদেরকে শ্বরণ করা হলে বস্তুত তা হবে তাদের ওপর অভিশাপ নিক্ষেপ করা।

অপর এক বর্ণনায় আছে, তাদের মধ্য থেকে যে আমাকে স্বরণ করবে, আমি তার ওপর অভিশাপ প্রেরণের মাধ্যমে স্বরণ করব। (তাবারানী)

নবী করীম (সা) বলেছেন: যেখানে অন্যায়ভাবে কোন লোককে মারধর করা হয় সেখানে গিয়ে তা প্রতিহত করার মৃত ক্ষমতা যদি তোমাদের না থাকে তবে তোমরা সেখানে থাকবে না! কারণ এই স্থানে যারা উপস্থিত থাকে, তাদের সকলের ওপর অভিশাপ বর্ষিত হয় যদি তা প্রতিহত করা না হয়।

ইব্ন উমর (রা) বর্ণনা করেছেন, নবী করীম (সা) বলেছেন : এক ব্যক্তিকে দাফন করার পর বলা হবে, আমরা তোমাকে একশোবার প্রহার করবো। সে তাদের কাছে আকুল মিনতি জানাতে থাকবে। অবশেষে তারা শুধু একটি চাবুক মেরে ছেড়ে দিতে রাথী হবে এবং একটিমাত্র চাবুক মারবে। এতে তার কবরে আশুন জুলে উঠবে। তখন সে বলবে, তোমরা আমাকে কেন এ চাবুকটি মারলে ? তারা বলবে, তুমি অপবিত্র অবস্থায় নামায পড়েছো এবং এক ময়লুম (অত্যাচারিত) লোকের পাশ

দিয়ে গিয়েছ অথচ তাকে সাহায্য করনি।" লোকটির ক্ষমতা থাকা সত্ত্বেও অত্যাচারিত শ্যুক্তিকে সাহায্য না করার অপরাধে যদি এই শান্তি হয় তবে যে ব্যক্তি অত্যাচার করেছে, সে যাশিমের শান্তি কত কঠিন হবে ? (তাবারানী)

বুখারী ও মুসলিম শরীফের হাদীসে আঁছে, রাস্লুলাহ (সা) বলেছেন :

أَنْصِدُ أَتَفَاكَ طَلَامِنًا أَوْ مَظْلُومًا فَقَالَ بِا رَسُولَ اللّٰهِ ﴿ أَنْصُدُهُ الذَا كَانَ مَظُلُومًا ؟ قَالَ تُمْنَعُهُ مِنَ الطَّلْمِ فَانَ ذَٰلِكَ نَعِتُرُهُ ﴾ إذا كَانَ طَالِحِبًا ؟ قَالَ تُمْنَعُهُ مِنَ الطَّلْمِ فَانَ ذَٰلِكَ نَعِتُرُهُ ﴾

"তুমি তোমার ভাইরের সাহায্য করো চাই সে যালিম হোক অর্থবা ময়লুম। এক ব্যক্তি আর্ম করলো—ইয়া রাস্লাল্লাই। ময়ল্ম হলে তো আমি তার সাহায্য করবো কিন্তু যালিম হলে সাহায্য করবো কিভাবে ? তিনি বললেন, তাকে যুলুম করা থেকে ফিরিয়ে রাখবে এটাই তাকে সাহায্য করা হবে।"

কথিত আছে যে, কোন এক আরিক পুণ্যবান লোক বলেছেন—আমি এমন এক লোককে সপ্লে দেখলাম, বে বালিম এবং জবরদন্তি করে কর আদায়কারীদের সাহায্য করতো। লোকটিকে তার মৃত্যুর বহুকাল পরে অত্যপ্ত লোচনীয় অবস্থায় স্বপ্লে দেখতে পেলাম। আমি তাকে জিজ্ঞেস করলাম, তোমার অবস্থা কেমন ? সে বলল, অত্যপ্ত দূরবন্ধায় আছি। তারপর আমি বললাম, তুমি কোখায় আহো? সে বলল, আল্লাহ্র আযাবে লিপ্ত আছি। আমি বললাম, যালিম লোকটির অবস্থা কি ? সে বলল, অত্যপ্ত খারাপ অবস্থায় আছে, তুমি কি লোননি যে, মহান আল্লাহ্ বলেছেন:

وسَيَعْلَمُ الَّذِيْنَ ظَلَمُوا أَيِّ مُنْقَلِبٍ يَنْقَلَبُونَ .

"যালিমগণ শীঘ্রই জানতে পারবে যে তার গর্ভব্য কোখার ?"

বর্ণিত আছে যে, অপর এক ব্যুর্গ বলেছেন: আমি এক লোককে দেখতে পেলাম যার হাত কাঁধ পর্যন্ত কাঁটা। সে লোকদের চিৎকার করে ডেকে বলছে— যে আমাকে দেখেছে সে যেন কারো ওপর যুলুম না করে। অতঃপর আমি তার কাছে গিয়ে বললাম, হে ভাই! তোমার ঘটনা কি ? সে বলল, হে ভাই! আমার কাহিনী খুবই আন্তর্যন্তনক। ঘটনাটি হলো, আমি ছিলাম যালিমের সহযোগিতাকারীদের একজন। একদিন এক মাছ শিকারীকে বড় একটি মাছ শিকার করতে দেখে আমার লোভ হলো। অতঃপর আমি তার কাছে গিয়ে বললাম, মাছটি আমাকে দাও। সে বলল, না আমি এ মাছটি তোমাকে দিতে পারবো না। এটি বিক্রয় করে তার মূল্য দিয়ে আমি আমার পরিবারের জন্য খাদ্যসাম্মী ক্রয় করবো। তখন আমি তাকে মারধর করে জারপূর্বক মাছটি নিয়ে গেলাম। যখন আমি মাছটি নিয়ে ঘরের দিকে যাছিলাম, তখন মাছটি জোরে আমার বৃদ্ধ আঙ্গুলটি কামড়ে ধরলো। আমি সেটা নিয়ে ঘরে এলাম এবং তা হাত হতে নিক্ষেপ করে দেখলাম যে, আমি হাতে খুব ব্যথা পেয়েছি।

রাতে ব্যথায় আমার ঘুম হলো না এবং আমার হাত ফুলে পেল। সকাল হলে আমি ডাক্তারের শরণাপনু হশাম এবং আমার ঝথার কথা বশশাম। সে বশশ, তোমার হাতে পচনধরা রোগ হয়েছে। এ আঙ্গুলটি কেটে ফেলতে হবে অন্যথায় তোমার হাত কেটে কেলতে হবে। অভঃপর সে আমার বৃদ্ধ আঙ্গুলটি কেটে কেলে ব্যাণ্ডেজ করে দিল। অসহ্য ব্যথায় আমার আর যুম হলো না। তারপর আমাকে বলা হলো কজি পর্যন্ত ভোমার হাত কেটে ফেল ৷ তাই করা হলো কিন্তু তারপরও ব্যথা রয়ে গেল এবং ধীরে ধীরে ব্যথা উপরের দিকে বিস্তার লাভ করতে থাকলো এবং ব্যথায় আমি চিৎকার করছিলাম। আমাকে বলা হলো, হাতটি কনুই পর্যন্ত কেটে ফেল। তাই করণাম। ভারপর ব্যখা বাহুর দিকে বিস্তার করতে থাকলো এবং ব্যখা ও কট্ট চরমরপ ধারণ করলো। আমাকে বলা হলোঁ—ভোমার হাতটি কাঁধ পর্যন্ত কেটে ফেলো। অন্যথায় তা সমস্ত শরীরে ছড়িয়ে পড়বে। তবন তাও করলাম। এরপর এক ব্যক্তি আমার দুরবন্থার কথা জানতে চাইলে আমি তাকে মাছের ঘটনাটি বললাম। সে বলল, তৃমি যদি প্রথম অবস্থায় মাছওয়ালার কাছে গিয়ে ক্ষমা চেয়ে তাকে রাযী করে নিতে, ভাহলে তোমার হাতটি কাটতে হতো না। অতএব, তুমি ব্যথা শরীরে ছড়িয়ে পড়ার পূর্বে এখনই পিয়ে তাকে সন্ধৃষ্ট করে নাও। আমি তাকে খোঁজ করার জন্য শহরে বেরিয়ে পড়দাম। অবশেষে তাকে পেয়ে তার পায়ের ওপর স্টিয়ে পড়ে কাঁদতে কাঁদতে বললাম, হে আমার মালিক। আমি তোমার কার্ছে আল্লাহ্র ওয়ান্তে ক্ষমা ভিক্ষা চাৰ্ছি। সে বশশ, ভূমি কে ? আমি বশশাম, আমি ঐ ব্যক্তি যে তোমার নিকট থেকে জোরপূর্বক মাছ কেড়ে নিয়েছিল। আমি তাকে আমার দূরবস্থার কথা বললাম এবং আমার হাত দেখালাম। সে আমার অবস্থা দেখে কেঁদে ফেল্লো। অতঃপর সৈ বলল, ন ভাই। আমি তোমার এ বিপদ দেখে অত্যন্ত পীড়িত হলাম এবং তোমাকে ক্ষমা করে দিলাম। আমি বললাম, হে আমার মালিকঃ আমি তোমার নিকট থেকে যে মাছটি কেড়ে নিয়েছিলাম সেজন্য কি তৃমি আমাকে অভিশাপ দিয়েছিলে ? সে বলল—হাা, আমি আল্লাহ্ তা'আলার কাছে মুনাজাত করেছিলাম, হে আল্লাহ্! আমি দুর্বল বলে সে জোরপূর্বক তোমার দেওরা আমার রিয়ক কেড়ে নিরেছে। তুমি আমাকে এ ব্যাপারে তোমার ক্ষমতা দেখাও। তখন আমি বললাম, ভাই। আল্লাহ্ তা আলা আমার ঘারা তোমাকে তাঁর ক্ষমতা দেখিয়েছেন। আমি মহান আল্লাহ্র কাছে তওঁবা করছি, আমি আর কখনও অত্যাচার করবো না এবং আমি যতদিন বেঁচে থাকবো ততদিন কখনও যালিমদের কোন প্রকার সাহায্য সহযোগিতা করবো না এবং এপথ মাড়াবো না। আল্লাহ্ আমাকে সাহায্য করুন!

উপদেশ

বন্ধুগণ! মৃত্যুর কালো থাবা কত মানুষকে যে গৃহহারা করেছে তার ইয়তা নেই। কত প্রতিবেশীর সাথে সে অপ্রতিবেশিসুলত আচরণ করে ধরাশায়ী করেছে সে খবর কে রাখে এবং স্থায়িত্বাভের পর ঝরণাধারার মত কত চোখ থেকে অশ্রুখারা প্রবাহিত করেছে তা কে জানে ? কবি বলেন :

رب مربع المسرار من الله المادية المادي المادية المادي

"ওহে আরাম-আয়েশে নিম্চ্ছিত ব্যক্তি! যে এর অন্যথা কল্পনাও করতে পার না অনতি বিশবে তোমাকে এ সুখ নিদ্রা থেকে বিচ্ছিন্ন ও আলাদা করা হবে, তা তোমার ইচ্ছায় হোক বা অনিচ্ছায়। দুর্ঘটনা ও দুর্যোগ শান্তিকামী ও স্বাধীনচেতা মানুষকে অশান্তির মধ্যে ঠেলে দেয় এবং তাকে গৃহহারা করে আর পাথিকে করে নীড়হারা।"

একদিন যারা সারা পৃথিবীর মান্সিক ছিল তারা আজ কোথায় ? কোথায় তারা যারা পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত আবাদ করেছিল, যারা বাগ-বাগিচাদারা সুশোভিত করেছিল পৃথিবীকে, পূর্ণ করেছিল নিজেদের বাসনা এবং কত ঘাড়ে তারা হয়েছিল সাওয়ার । হঠাৎ অভভ পাঁয়তারা তরু হলো। তাদের তামাশার মাঝে-দুঃসংবাদ বয়ে এলো, তাদের ওপর বন্ধ্রপাত ও বিদ্যুতের চমক ভীতির সঞ্চার করলো। মাধার কাল চুল পেকে সাদা হয়ে গেল। যে সব বন্ধু ছিল তার নিত্য সহচর তারা তাদের স্থৃণা করতে লাগলো, প্রকৃত বন্ধুরা তাকে পরিত্যাশ করলো এবং সৃষ্টির প্রতিবেশীর থেকে স্রষ্টার প্রতিবেশীতে পরিণত হলো। যে মৃত্যুকে সে গুরুত্ব দেয়নি সেই মৃত্যু এসে অবতরণ করলো, বশ্বদের সমান প্রদর্শনের পর তার পরিবর্তে জ্বোরপূর্বক অপমান চেপে বসলো। আর শরীরকে কীটপতস ছিন্নভিন্ন করে দিল তার কাপড় চোপড় ছিন্নভিন্ন করার মত এবং অভ্যন্ত অশান্তির জীবন ওরু হলো। বন্ধুদের থেকে দূরে সরে যাওয়ার পর এমন অবস্থার সৃষ্টি হলো যে, সে যেন কোনদিন ছিলোই না। আল্লাভুর কসম। বিরত থাকায় ভার কোন উপকার হলো না + তার ধন-সম্পদ ভাকে রক্ষা করতে পারলো না, বরং নিত্যপ্রয়োজনীয় সম্পদ ও পাথেয় তাকে কট্ট দিতে শুরু করলো। সে অত্যাচারী ও আক্রমণকারীদের শিক্ষার উপকরণে পরিণত হলো। কষ্টদায়ক দূরত্বে পথ কেটে গেল। সে যামিন ও বন্ধক হিসাব রয়ে গেল। কেউ জানে না যে, সে ধ্বংস হয়েছে, না সফল হয়েছে। এটা ভোমার হলো কয়েকদিনে। এখন আর তা তোমার নিকট স্বপ্লের বস্তু নয়। দুনিয়া তোমার কাজে আসছে না, আগামীতে তোমার কাছে দুনিয়া হবে সম্পূর্ণ গোপন বস্তু তা তুমি কি শোননি। তোমার-আমার তথা সকলের জীবনেই একদিন এ অবস্থা আসবে। তোমার ধ্বংস হোক! একথা কি তোমার মাঝে কোন প্রভাব বিস্তার করেছে ?

২৭. বিক্রয়কর বা তোলা আদায় করা

বিক্রর কর বা তোলা আদায়কারী আল্লাহ্ তা আলার নিম্নোক্ত বাণীর আওতায় পড়ে। আল্লাহ্ বলেছেন:

إِنَّمَا السَّبِيْلُ عَلَى إِلَّذِيْنَ يَنَظِّلُمُوْنَ النَّاسِ وَيَبْغُوْنَ فِي اِلاَّرْضِ بِغَيْرِ النَّحَقَّ أُوْلَئِكَ لَهُمْ عَذَابُ اَلِيْمٌ .

"কেবল তার্দের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে যারা মানুষের ওপর যুলুম করে এবং পৃথিবীতে অহেতুক বিদ্রোহাচরণ করে বেড়ায়, তাদের জন্য রয়েছে কষ্টদায়ক শাস্তি।" (সূরা শ্রা : ৪২)

বিক্রয়কর আদায়কারিগণ হলো যুলুমের প্রধান সহযোগী। বন্ধুত সে ঐসব লোকের অন্তর্ভুক্ত যারা নিজেদের ওপর যুলুম করে। কেননা সে যা গ্রহণ করে তাতে তার কোন অধিকার নেই এবং যাকে দেয় তারও কোন অধিকার নেই। তাই তো নরী করীম বলেছেন: الْمَكَاسُ لَا يَدُخُلُ الْمَحَيَّةُ "বিক্রয়কর বা তোলা আদায়কারী জান্নাতে প্রবেশ করবে না।"

नवी कदीम (সা) आयुष वरमाइन : لاَ بِنَاخُلُ الْجِنَاءُ مَاحِبُ مَكْس क्वीम (সা) आयुष वरमाइन : ﴿ يَا خُلُ الْجِنَاءُ مَا حَبُهُ الْجَاءُ اللّهُ الْجَاءُ الْحَاءُ الْجَاءُ

যেহেতু সে মানুষের ওপর যুলুম করে তাই তার জন্য এ ব্যবস্থা। সে মানুষের নিকট থেকে যা গ্রহণ করে কিয়ামতের দিন সে তা কোথা থেকে ফেরত দেবে ? যদি তার নেক আমল থাকে তবে ময়লুমরা তার নেক আমল গ্রহণ করবে। সে নবী করীম (সা)-এর নিম্নোক্ত হাদীসের আওতায় আসে :

"তোমরা কি জান দরিদ্র কে ? সাহাবীগণ বললেন, ইয়া রাস্লালাই। যার কাছে টাকা-পয়সা এবং অর্থ-সম্পদ নেই সেই তো আমাদের মধ্যে দরিদ্র। তিনি বললেন, আমার উন্মতের মধ্যে দরিদ্র হবে ঐ ব্যক্তি যে নামায পড়েছে, রোযা রেখেছে, যাকাত দিয়েছে এবং হজ্জ করেছে কিছু তার বিরুদ্ধে অভিযোগ থাকবে যে, সে অমুককে গালমন্দ করেছে, অমুককে মারধর করেছে এবং অমুক ব্যক্তির মালামাল আত্মসাৎ করেছে। অতঃপর অভিযোগকারীরা তার নেক আমলসমূহ নিয়ে যাবে। যদি পাওনা পরিশোধের আগে তার নেকী শেষ হয়ে যায় তবে সে তাদের পাপ নিজের ঘাড়ে নেবে। তারপর তাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে।" (মুসলিম ও তিরমিয়ী)

যে মহিলা ব্যক্তিচারের শান্তি হিসাবে স্বেচ্ছার প্রস্তরাঘাতে সৃত্যুদন্ত গ্রহণ করেছিলেন তার বর্ণনা দিতে গিয়ে হাদীসে বলা হয়েছে—সে এমন তওবা করলো যদি বিক্রয়কর আদায়কারী অনুরূপ তওবা করতো তাহলে তাকে ক্ষমা করা হতো অথবা তার তওবা কবৃল করা হতো। (রাবীর সন্দেহ) টোল বা তোলা আদায়কারী ডাকাত সমতৃল্য এবং সে চোরদের অন্তর্ভুক্ত। তোলা আদায়কারী, তার লেখক, সাক্ষী এবং তা গ্রহণকারী, শহরপতি, লেখক যেই হোক সকলেই সমভাবে সুদখোর ও হারামখোর বলে গণ্য।

রাস্পুরাহ (সা) বলেছেন :

لاَ يَدْخُلُ الْجَنَّةَ لَحْمُ نَبَتَ مِنَ السَّحْتِ النَّارُ أَوْلَى بِهِ .

"হারাম খাদ্য থেকে উৎপাদিত গোশত জান্লাতে যাবে না। জাহানামই তার জন্য উপযুক্ত স্থান।"

'সূহত' হলো প্রত্যেকটি হারাম জিনিস যা উল্লেখ করাই লজার কারণ হয়ে দাঁড়ায়।

আল্লাহ্ তা'আলার বাণী:

قُلْ لا يَسْتَوى الْخَبِيْثُ وَالطَّيِّبُ وَلَوْ أَعْجَبُكَ كَثْرَةُ الْخَبِيثِ ،

"বল, পবিত্র ও অপবিত্র উভয় সমান নয়, যদিও অপবিত্রের আধিক্য তোমাদের কাছে চমকপ্রদ মনে হয়।"

ব্যরত জাবির (রা) থেকে বর্ণিত। এক ব্যক্তি আর্য করলো, ইয়া রাস্লায়াহ্ (সা)! আমি মাদকদ্রব্যের ব্যবসা করতাম এবং এ ব্যবসার মাধ্যমে আমি কিছু অর্থ-সম্পদ সঞ্চয় করেছি। আমি যদি এ সম্পদ আয়াহ্র পথে বা নেকলাজে ব্যবহার করি, তাহলে কি আমি সওয়ান পাবো ? তখন রাস্লুয়াহ্ (সা) বললেন : "তুমি যদি তা দিয়ে হজ্জ করো অথবা জিহাদ করো অথবা দান করে দাও, তা আয়াহ্র কাছে একটি মশার ডানার সমান বলেও বিবেচিত হবে না। নিক্য়ই আয়াহ্ পবিত্র ব্যতীত অন্য কিছুই কবৃল করেন না।" আয়াহ্ তা আলা নবী করীম (সা)-এর উপরোক্ত কথার সমর্থনে এই আয়াত নায়িল করলেন :

قُلُ لاَّ يُسْتُوي الْخَبِيْثُ وَالطَّيِّبُ وَلَوْ أَعْجَبَكَ كَثْرَةُ الْخَبِيْثِ •

"বশুন, পবিত্র ও অপবিত্র সমান নয়, যদিও অপবিত্রের আধিক্য ভোমাদের নিকট চমকপ্রদ মনে হয়।" আছা এবং হাসান (র) উভয়ে বলেছেন : এখানে পবিত্র ও অপবিত্রদারা যথাক্রমে হাসাল ও হারামকে বুঝানো হয়েছে।

আমরা আল্লাহ্ তা আলার কাছে ক্ষমা ও নিরাপন্তা চাই।

২৮. হারাম খাওয়া—ভা বেভাবেই হোক

আল্লাহ্ তা'আলা বলেন:

وَلاَ تَأْكُلُوا أَمْوَالكُمْ بَيْنَكُمْ بِالْبَاطِلِ .

"তোমরা নিজেদের মধ্যে একে অপরের অর্থ-সম্পদ অন্যায়ভাবে গ্রাস করো না।" অর্থাৎ অবৈধভাবে একে অপরের মান আজসাৎ করো না।

হযরত আবদুয়াই ইব্ন আব্দাস (রা) এ আরাতের ব্যাখ্যায় বলেছেন : মিথ্যা কসমের মাধ্যমে মানুষ তার ভাইয়ের সম্পদ আত্মসাৎ করে থাকে। বাতিল বা অবৈধভাবে মালামাল আত্মসাৎ করার দুটি পদ্ধতি হতে পারে। এর একটি পদ্ধতি হলো, যুলুমের মাধ্যমে আত্মসাৎ করা। যেমন জারপূর্বক কেড়ে নেয়া, গচ্ছিত দ্রব্য আত্মসাৎ করা। অপর অবৈধ পদ্ধতিটি হলো প্রহসন এবং খেলার মাধ্যমে অর্থ লাভ করা। যেমন জুয়া, হাউজী, লটারী ইত্যাদি খেলার মাধ্যমে অর্থ লাভ।

সহীহ আল-বৃখারীতে রয়েছে, রাস্পুলাহ (সা) বলেছেন: "মানুষের মধ্যে এমন কিছু সংখ্যক লোক আছে যারা আল্লাহ্র দেরা অর্থ-সম্পদকে অবৈধভাবে কৃষ্ণিগত করার জন্য সুযোগ সন্ধানে থাকে। কিয়ামতের দিন ভাদের জন্য রয়েছে জাহানাম।" এ প্রসঙ্গে মুসলিম শরীকে হ্যরুভ ইব্ন আব্বাস (রা) সূত্রে বর্ণিত নিম্নোক্ত হাদীসটি বিশেষভাবে উল্লেখযোগ্য। হ্যরুভ নবী করীম (সা) বলেছেন: "কোন ব্যক্তি দীর্ঘপথ ভ্রমণ করে এসে সূলো-ধুসরিত অবস্থার আকাশের দিকে হাত তুলে বলে, হে আমার প্রতিপালক, হে আমার রব। অথচ ভার খাদ্য হারাম, ভার পানীর হারাম এবং ভার পোশাকও হারাম এবং সে হারামের মাঝে লাশিত-পাণিত। সূতরাং ভার দু'আ কিভাবে কর্ল হবে?"

হযরত আনাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি বললাম, ইরা রাস্লাল্লাহ্ (সা)! আল্লাহ্ তা'আলার কাছে দু'আ করন । নবী করীম (সা) উত্তরে বললেন : "হে আনাস! তুমি তোমার উপার্জনকে পবিত্র (হালাল) করো, তা হলে তোমার দু'আ কর্ল হবে। কোন ব্যক্তি যদি এক লোকমা হারাম খাবার তার মুখে তুলে নেয়, তাহলে চল্লিশ দিন তার দু'ঝা কবৃল হয় না।"

বায়হাকী বর্ণনা করেন রাস্পুল্লাহ্ (সা) বলেছেন: "আল্লাহ্ তা'আলা যেমন তোমাদের মাঝে রিয্ক বন্টন করেছেন, তেমনি তোমাদের মধ্যে আখলাকও দান করেছেন। যে ব্যক্তি দুনিয়াকে ভালবাসে, আল্লাহ্ তা'আলা তাকে দুনিয়া দান করেন। আর যে দুনিয়াকে ভালবাসে না, তাকেও দুনিয়া দান করেন কিন্তু দীন কেবল তাকেই দান করেন যে, দীনকে ভালবাসে। আল্লাহ্ যাকে দীনদারী দান করেছেন, তাকে তিনি ভালবাসেন। কোন ব্যক্তি যদি হারাম উপায়ে মাল উপার্জন করে তা হতে ব্যয় করে এবং দান-সাদকা করে, আল্লাহ্ তাতে বরকত দান করেন না এবং তা কবৃলও করেন না। আর যদি তা উত্তরাধিকারের জন্য রেখে যায়, তা তার জন্য জাহান্নামের পাথেয় হবে। আল্লাহ্ পাপ দ্বারা পাপ মোচন করেন না, বরং নেকদ্বারা পাপ মোচন করেন।" (আহমাদ)

হযরত ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ্ (সা) বলেছেন: "দুনিয়া সবুজ রঙের মিটিবিশেষ। যে ব্যক্তি হালাল উপায়ে উপার্জন করবে এবং সঠিক পথে ব্যয় করবে, আল্লাহ্ তাকে সওয়াব দান করবেন এবং জানাতের অধিবাসী করবেন। আর যে ব্যক্তি অবৈধ জ্ঞিনিস উপার্জন করবে এবং হারাম বা অবাঞ্ছিত পথে ব্যয় করবে, আল্লাহ্ তাকে অপমানজনক স্থান অর্থাৎ জাহান্নামে প্রবেশ করাবেন। কিয়ামতের দিন এমন অনেক লোক জাহান্নামে যাবে যারা দুনিয়াতে হারাম উপার্জনের সন্ধানে থাকতো।"

নবী করীম (সা) বলৈছেন, "যে ব্যক্তি বেপরোয়াভাবে অর্থ উপার্জন করে, আল্লাহ্ তা আলা তাকে জাহান্নামের যেকোন দরজা দিয়ে প্রবেশ করাতে পরোয়া করবেন না।"

হযরত আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত আছে। তিনি বলেছেন : "হারাম উপায়ে উপার্জিত খাদ্য-মুখে দেওয়ার চেয়ে মাটি দিয়ে মুখ পুরে দেওয়া উত্তম।"

ইউসুফ ইব্ন আসবাত (র) বলেছেন, যখন কোন যুবক ইবাদত ও নেক আমলে ব্রতী হয়, তখন শয়তান তার সহযোগীদের বলে, তোমরা খোঁজ-খবর নিয়ে দেখ তার ক্রমী-রোমগার কোন পথে আসে ? যদি তার আয়-উপার্জন অর্থাৎ খাদ্য হারাম হয় তবে শয়তান বলে, তাকে ছেড়ে দাও, সে যত পারে ইবাদত করুক তার জন্য সে নিজেই যথেষ্ট। হারাম পানাহাররত অবস্থায় তার কোন প্রচেষ্টাই কোন কাজে আসবে না। ইউসুফ ইব্নে আসবাতের এ উক্তিটির সমর্থন পাওয়া যায় নবী করীম (সা)-এর এ বাণীতে :'যে ব্যক্তির খাদ্য, পানীয়, পোশাক-পরিচ্ছদ, আয়-উপার্জন হারাম তার দু'আ কি করে কবৃল হবে ?'

হাদীস শরীফে আছে, একজন ফেরেশতা বায়তুল মাকদাস হতে দিনরাত ঘোষণা করতে থাকে—যে ব্যক্তি হারাম উপার্জন খাবে, তার কোন নফল এবং ফর্য ইবাদত আল্লাহ কবৃল করবেন না।"

আবদুল্লাই ইবনে মুবারক (র) বলেন, হালাল কি হারাম এরূপ সন্দেহজনক একটি দিরহাম গ্রহণ করার চেয়ে একলক্ষ টাকা সাদকা করাকে আমি শ্রেয় বলে মনে করি।

নবী করীম (সা) বলেছেন: কোন ব্যক্তি হারাম মাল্যারা হজ্জ করতে গিয়ে লাকায়ক (হে আল্লাহ আমি উপস্থিত) বললে একজন ফেরেশতা তার উত্তরে বলে—তুমি উপস্থিত হওনি, তোমার কোন মঙ্গল নেই, তোমার হজ্জ তোমাকে ফেরত দেয়া হলো।" (তাবারানী)

ইমাম আহমাদ (র) তার মুসনাদে বূর্ণনা করেছেন। রাস্বুল্লাহ (সা) বলেছেন:
مَن اشْتَرْى ثُوْبًا بِعَشْرَة دَراهِمَ وَفِيْ ثُمَنِهِ دِرْهَمُ مِّنْ حَرَامٍ لَمْ
يَقْبَلَ اللّهُ صَلَاةً مَا دَامً عَلَيْه .

"কোন লোক যদি দশ দিরহাম দারা একটি কার্পড় ক্রয় করে এবং ঐ দিরহার্মগুলোর মধ্যে যদি একটি দিরহাম হারাম উপায়ে উপার্জিত হয়, তবে যতদিন সে ঐ কাপড় পরে নামায পড়বে তার নামায আল্লাহ্ কবৃল করবেন না।"

ওয়াহাব ইব্ন ওয়ারদ (র) বলেন, তুমি যদি সীমান্তরক্ষীর মত রাত জেগে নফল ইবাদত করো তবে তা কোন কাজে আসবে না যতক্ষণ না তুমি তীক্ষ্ণ দৃষ্টি রাখ যে, তোমার প্রেটে হালাল যাক্ষে না হারাম যাক্ষে।

ইব্ন আব্বাস (রা) বলেছেন: "যে ব্যক্তির পেটে হারাম খাদ্য যায়, আল্লাহ তা'আলা তার নামায কবৃল করবেন না যতক্ষণ না সে আল্লাহ্র কাছে এ কাজ থেকে তওবা করে।"

হথরত সুফিয়ান সাওরী (র) বলেছেন, যে ব্যক্তি হারাম মাল আল্লাহ্র পথে ব্যয় করে, সে ঐ ব্যক্তির মত যে প্রস্রাব দিয়ে কাপড় পবিত্র করে। কাপড় পানি ছাড়া পবিত্র হয় না এবং হালাল ছাড়া গুনাহের প্রায়ন্চিত হয় না।

হযরত উমর (রা) বলেছেন, হারামে লিও হয়ে পড়ার আশংকায় আমরা দশ ভাগের নয় ভাগ হালাল ছেড়ে দিতাম।

र्यत्रण का व देवन উक्क्तार (त्रा) थ्यंक वर्षिण पाष्ट्र । त्रामृन्त्रार (मा) व्यव्यक्त : لاَ يَدْخُلُ الْجَنَّةَ جُسَدُ عُدْرَى بِالْحَرَامِ

"ঐ দেহ জান্নাতে যাবে না যার পুষ্টিসাধন হয়েছে হারামধারা।"

হ্যরত যায়দ ইব্ন আরকাম (রা) বলেন, হ্যরত আবু বকর (রা)-এর একজন চুজিবদ্ধ গোলাম ছিল যে রোফগার করে তাঁকে দিত। সে প্রতিদিন তার উপার্জিত অর্থ নিয়ে আবৃ বকর (রা)-এর কাছে আসতো এবং তিনি তা কিভাবে উপার্জন করেছে তা জিজ্ঞেস করতেন। তারপর যদি তাঁর পছন্দ হতো তবে গ্রহণ করতেন অন্যথায় পরিত্যাগ করতেন। একদিন রাতে সে খাদ্য নিয়ে আসল। আবৃ বকর (রা) সেদিন রোযা রেখেছিলেন। তিনি ভুলবশত এ খাদ্য খেয়েছিলেন এবং পরে সন্দেহ হলে তাকে জিজ্ঞেস করলেন, এখাদ্য কিভাবে লাভ করেছ? সে বললো, আমি জাহিলী যুগে তাগ্য গণনা করতাম। তবে আমি তখনও তাল গণক ছিলাম না। মানুষকে ধোঁকা দিতাম (আজও তাই করছি)। একথা তনে হ্যরত আবৃ বকর বললেন, তোমার জন্য দুঃখ হয়, তুমি আমাকে প্রায় ধ্বংস করে ফেলেছো। তারপর তিনি তাঁর হাত মুখে ঢুকিয়ে রমি করতে চেষ্টা করলেন কিছু তাতে তা বের হলো না। কেউ কেউ বললো, পেটভরে পানি খেয়ে বমি করলে তা বেরিয়ে আসবে। তারপর তিনি পানি আনিয়ে পান করে বমি করতে লাগলেন এবং এভাবে বমি করে পেটে যা কিছু ছিল বের করে ফেললেন। কেউ কেউ জিজ্ঞেস করলেন, এক গ্রাস খাবারের জন্য এত কিছু করার কি

প্রয়োজন ছিল ? উত্তরে তিনি বললেন, যদি প্রাণ বিসর্জন দিয়েও এই খাদ্য-শোকমা বের করতে হতো, তা করতেও আমি কোন প্রকার দ্বিধা করতাম না। আমি রাসূলুক্মাত্ (সা)-কে বলতে স্তনেছি—"যে সক দেহ হারাম খাদ্যে পুষ্ট, তা জাহান্লামের উপযোগী।"

আমার ভয় হলো হয়ত এ খাদ্য গ্রাসদারা আমার দেহের কিছুটা পৃষ্টি সাধিত হবে। ফলে আমাকে জাহান্লামে যেতে হবে। এ প্রসঙ্গে ইতিপূর্বেই নবী করীম (সা)-এর নিম্নোক্ত বাদীটি উদ্ধৃত করা হয়েছে: "হারাম খাদ্যদারা পৃষ্ট দেহ জান্লাতে প্রবেশ করবে না।"

আলিমগণ বলেছেন, আর যারা এ পাপ কাজের অন্তর্ভুক্ত তারা হলো—মাকাস (তোলা গ্রহণকারী), আমানতের বিয়ানতকারী, ধোঁকাবাজ, চোর, অন্যায়ভাবে আঅসাংকারী, সুদখোর ও সুদ্র্যহীতা, ইয়াতীমের মাল তক্ষণকারী, মিখ্যা সাক্ষ্যদানকারী, ঘুরখোর, ওজনে কমদানকারী এবং সাম্প্রীর ক্রটি গোপন রেখে বিক্রয়কারী, জুয়াড়ী, যাদুকর, জ্যোতিষী, চিক্রকর বা প্রতিকৃতি তৈরিকারী, ব্যতিচারিদী, শোকগাখা পাঠকারিদী, ঐ দালাল যে বিক্রেতার অনুমতি ছাড়া ক্রেতার নিকট থেকে কিছু গ্রহণ করে এবং ক্রেতাকে অধিক মূল্যের সংবাদ দেয় এবং কোন স্বাধীন লোককে বিক্রয় করে অর্থ উপার্জন করে।

পরিচ্ছেদ

রাস্লুল্লাহ (সা) বলেছেন: কিয়ামতের দিন এমন কিছু সংখ্যক লোককে উপস্থিত করা হবে থাদের নেককাজের পরিমাণ হবে তিহামার পাহাড়ের মত। অতঃপর যখন তা উপস্থিত করা হবে আল্লাহ্ তা'আলা তা ধূলাবালির মতো উড়িয়ে দেবেন। তারপর তাদেরকে জাহান্নামে নিক্ষেপ করা হবে। "সাহাবীগণ বললেন, ইয়া রাস্লাল্লাহ্! এমনটি কেন হবে! তিনি বললেন: "তারা নামায পড়তো, রোযা রাখতো, যাকাত দিতো এবং হচ্ছ করতো কিছু তাদের সামনে হারাম গ্রহণের কোন সুযোগ আসলে তা হাতছাড়া করতো না। তাই আল্লাহ্ তাদের আমল বাতিল করে দেবেন।"

জনৈক বুযর্গ থেকে বর্ণিত আছে যে, কোন এক নেককার লোককে মৃত্যুর পর একব্যক্তি স্বপ্নে দেখলো, সে বললো, আপনার সাথে আল্লাহ্ তা'আলা কিরপ ব্যবহার করেছেন ? সে বললো, আল্লাহ্ আমার সাথে খুব ভাল আচরণ করেছেন তবে আমাকে জান্লাতে যেতে দেওয়া হচ্ছে না। কারণ আমি ধার নিয়ে তা ফেরত দেইনি।

উপদেশ

আল্লাহ্র বান্দাপণ । রাভ এবং দিন কি আমাদের আয়ু শেষ করে দিছে না । দুনিয়াবাসী কি ধীরে ধীরে পভনের দিকে ধাবিত হচ্ছে না । সুস্থতার শেষে কি তা অসুস্থতায় পরিণত হয় না । কুশলের পরিণতি কি পূর্ণতার অবনতি নয় । আশার স্থায়িত্বের পরে কি মৃত্যুর আক্রমণ চলে না । তুমি যাত্রা করা সম্পর্কে সংবাদ পাওনি অথচ ইনতিকালের সময় তো নিকটবর্তী। তোমাদের জন্য কি উপদেশ বর্ণনা করা হয়নি এবং উপমা ও উদাহরণ তুলে ধরা হয়নি ।

কবি বলেন—অনেক শক্তিশালী নম্র ও বিনয়ী লোক আছে যাদের জন্য সকল বন্ধুর ও উঁচু ঘাঁটি অতি সহুজে অধীন হয়ে যায় এবং লক্ষ্যে উপনীত হতে পারে। স্তরাং দীর্ঘদিন নরম ও মোলায়েম পোলাক-পরিক্ষেদ পরার পর তাকে মোটা ও খসখসে কাপড় পরানো হলো তার অসম্ভূষ্টি ও অনিচ্ছা সন্ত্রেও। অনেক ফুটফুটে ও সুন্দর চেহারার সুন্দর রঙ ধূসর রঙে পরিবর্তিত হয়, অনেক উদীয়মান আলো পরে ড্বে গিয়ে অন্ধকারে পরিণত হয়। অনেক উঁচু পর্যবেক্ষণ অ্টালিকার নরম এবং নড়বড়ে গুঁটি রয়েছে। দুনিয়ার জন্য আফসোস। ওয়াদা ভঙ্গ করা এবং দায়িত্বে অবহেলা ছাড়া তার আর কি চরিত্র রয়েছে। অতএব, তোমরা মুক্তির জন্য তাঁরু ওঠাবার পূর্বে পাথেয় তৈরি করো এবং নেক আমল করো।

ওহে সে ব্যক্তি, যে চাকচিক্যের সাথে জড়িত যার অবশিষ্ট আয়ু বিদ্যুতের চমকের ন্যায় অস্থায়ী হয়। হে প্রবৃত্তির দাবিতে অবশ্য করণীয় কাজতলো বিনষ্টকারী । তুমি কি সৃষ্টিকর্তার সাথে পাল্লা দিতে চাও এবং সৃষ্টজীবকে লব্জা করো ? ওহে সকল প্রকার পাপাচারের সাথে উত্তম সম্পর্ক স্থাপনকারী ! সাবধান হও, অতি শীঘ্র এর প্রতিফল দেখতে পাবে। প্রবৃত্তির দোলনার প্রতি যারা আকৃষ্ট তারা ধাংসের জেলে নিক্ষিও। তুমি দুর্বল ব্যক্তিত্ত্বের জন্য কান্নাকাটি করো, কেননা তুমি কান্নারই যোগ্য। ঐ ব্যক্তির জন্য বিষয়ে যে তার সাধীর মৃত্যু দেখে তার ধাংস সম্পর্কে নিশ্চিত হয়েও নিচ্ছের পরিণামের ফরসালা গ্রহণ করে না। পরকালের প্রতি বিশ্বাস তার অন্তরে সেঁথে গেছে এবং অচেতন ও গাফিন অবস্থায় চিত হয়ে হয়ে কাটাচ্ছে। আর সে তার অপরাধের প্রতিফলের কথা ভূলে গেছে এবং তাঁর প্রতিপালক থেকে তার প্রবৃত্তির কাম্য আরাম ও আরেশের প্রতি আকৃষ্ট হয়েছে সে যেন এ নিয়েই আছে এবং মৃত্যুর পেয়ালা পান করছে এবং তা পান করার জন্য আকৃতি জানাচ্ছে। আর মৃত্যু তাকে পরিবার-পরিজন ও দল থেকে বিচ্ছিত্র করে দিয়েছে এবং তাকে তার কবরের দিকে প্রেরণ করেছে এবং তার সুদিনের পর কবরে অপমানিত হয়েছে। ওহে বিচ্ছ ব্যক্তি। তার কবরের ওপর কান্নাকাটি করো এবং চিৎকার করো। বহুবার ওয়ায-নসীহতের বাণী তার কানকে বিদীর্ণ করেছে কিন্তু সে ভা আহাহের সাথে শ্রবণ করেনি এবং উপকৃত হতে চায়নি। অবশ্য তার কাছে উদ্দেশ্যের আলো প্রকাশ পেয়েছে কিন্তু সে উদ্দেশ্য থেকে অন্ধ রয়েছে। তার ব্যক্তিত্বের সামনে উপদেশ বিকশিত হয়েছে সে ব্যক্তিত্ব সম্পর্কে, যে অন্যের মৃত্যুদারা ধোঁকাপ্রাপ্ত হয়েছে। তার কি হলো সে কাঁদছে না। আফসোস ! সেই কশবের জন্য যে হকের আলোচনা তনেও ভীত হয় না। তার মাঝে কামনার থাবা প্রতিফলিত হয়েছে। ওহে সে ব্যক্তি যে বার্ধক্যে উপনীত হয়েছো। ভূমি কি ভেবে দেখেছো যে, তোমার যে বয়স চলে গেছে তা কি ফিরে পাবে ? যা অবশিষ্ট আছে সে সম্পর্কে সচেতন হও, বিরত থাকো এবং অনুরক্ত হও। বিপদ অত্যন্ত ভয়ংকর, হিসাব শক্ত, রাস্তা দীর্ঘ। তোমার প্রভুর আয়াব অবশ্যই অবতীর্ণ হবে, যা কেউই রোধ করতে পারবে না।

২৯. আত্মহত্যা করা

আক্লাহ তা'আলা বলেছেন:

وَلاَ تَقْتُلُواْ اَنْفُسَكُمُ اِنَّ اللَّهَ كَانَ بِكُمْ رَحِيْمًا، وَمَنْ يُفْعَلُ ذَٰلِكَ عَدُوانَا وَظَلُمًا فَسَوْفَ نُصَلْيه نَارًا وَكَانَ ذَٰلِكَ عَلَى اللَّه يَسَيْرًا، "তোমরা নিজেদের হত্যা করো না। নিকর্ষই আল্লাহ্ তোমাদের প্রতি পরম দয়ালু। এবং যে ব্যক্তি সীমালংঘন করে অন্যায়ভাবে তা (হত্যা) করবে, আমি অবল্য তাকে অগ্লিদয় করব। আল্লাহ্র কাছে একাজ অতি সহজসাধ্য।"

(সুরা নিসা : ২৯-৩০)

এ আয়াতের ব্যাখ্যায় হ্যরত ওয়াহেদী (র) বলেছেন, কুর্ন নির্দিন কুর্ন তিনির কুর্ন না—" এর অর্থ হলো একে অপরকে হত্যা করো না, কেননা তোমরা একই দীনের অনুসারী। সৃতরাং তোমরা যেন সকলে মিলে একই প্রাণ। হ্যরত আবদুয়ার ইবন আব্বাস (রা) ও অধিকাংশ মুফাস্সিরের মতে এ আয়াতের ব্যাখ্যা এটাই।

একদল আলিমের মতে এ আয়াতের অর্থ হলো "তোমরা আত্মহত্যা করো না।" এ ব্যাখ্যার বিভদ্ধতা সমর্থিত হয় আবৃ মনসূর বর্ণিত হ্যরত আমর ইবন আ'স (রা)-এর একটি ঘটনার মাধ্যমে। হযরত আমর ইব্ন আস (রা) বলেন, যাতুস সালাসিল যুদ্ধের সময় এক শীতের রাতে আমার স্বপ্রদোষ হলো। আমার ধারণা হলো আমি যদি গোসল করি তাহলে মারা যাবো। তাই আমি তায়ান্দ্রম করে সার্থীদের নিয়ে ফজরের নামায পড়লাম। অতঃপর আমি এ ঘটনাটি নবী করীম (সা)-এর বিদমতে পেশ করলে তিনি বললেন : হে আমর ! তুমি অপবিত্র অবস্থায় সাধীদের নিয়ে কি করে নামায পড়লে ?" আমি তখন গোসল করা থেকে বিরত থাকার কারণ ব্যাখ্যা করলাম এবং বললাম, আমি আল্লাহ্ তা'আলাকে বলতে তনেছি "তোমরা নিজেদের হত্যা করো না। নিশ্চরই আল্লাহ্ তোমাদের প্রতি পরম দয়াপু।" আমার একথা ওনে রাসূলুল্লাহ্ (সা) হেসে দিলেন এবং কিছুই বললেন না। এ হাদীসদ্বারা প্রমাণিত হয় যে, এ আয়াতহারা আমর (রা) আত্মহত্যা বুঝিয়েছেন এবং জন্যকে হত্যা করা وَمَنْ يُفْعَلُ ذَلِكَ ا व्यानि बवर व व्यानाय नवी कड़ीय (त्रा)-७ প্রতিবাদ করেন नि ا "যে তা করবে"—আয়াতের এ অংশের ব্যাখ্যায় ইবনে আব্বাস (রা) বলেন, এ সূরার প্রথম হতে এ পর্যন্ত যে সব কাজ করতে নিষেধ করা হয়েছে তা সবই এ আয়াতে বর্ণিত (১১৫ ১) ভীতির অন্তর্ভুক্ত।

একদল আদিম বলেছেন, আয়াতে প্রদর্শিত জীতি হারাম উপারে অপরের মাল আত্মসাৎ করা ও অন্যায়ভাবে নরহভ্যা চালানোর ব্যাপারে প্রবোজ্য। আরাহ্ ডা'আলার বাণী مُثَانَا وَعَلَامًا وَعَلَامًا وَعَلَامًا وَعَلَامًا اللّهِ اللّهِ عَلَامًا وَعَلَامًا اللّهَاءَ اللّهَاءَ

এর অর্থ হঁলো আল্লাহ্ তা আঁলা জাহান্নামে নিক্ষেপ করার যে ওয়াদা করেছেন তা করা আল্লাহ্র পক্ষে খুবই সহছে। জ্নদূব ইব্ন আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত আছে। তিনি নবী করীম (সা) থেকে বর্ণনা করেছেন। রাস্পুল্লাহ্ (সা) বলেছেন: তোমাদের পূর্বে যারা ছিল তাদের মধ্যে এক লোক আহত হরেছিল এবং ব্যথায় ছটফট করছিল। ব্যথা সহ্য করতে না পেরে সে একখানা চাকু নিয়ে ক্ষত হাততি কেটে কেললো। তারপর সেখান থেকে রক্তপাত হতে থাকে এবং সে মারা যার। আল্লাহ্ তা আলা বললেন, আমার বান্দা তাড়াহ্ড়া করে আত্মহত্যা করেছে। আমি তারজন্য জান্লাত হারাম করলাম। (বুখারী ও মুসলিম)

হযরত আবৃ হরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্পুরাহ (সা) বলেছেন: "যে ব্যক্তি লৌহ নির্মিত অন্তব্ধারা আত্মহত্যা করবে, সে জাহান্নামে উক্ত অন্তব্ধারা নিজেকে চিরকাল আঘাত করতে থাকবে। যে ব্যক্তি বিষপানে আত্মহত্যা করবে, সে নিজ হাতে বিষপান করতে থাকবে ও জাহান্নামের আগুনে চিরদিন অবস্থান করবে। আর যে ব্যক্তি পাহাড় থেকে পড়ে গিয়ে স্বেচ্ছার মারা যাবে, সে জাহান্নামের আগুনে চিরদিন নীচের দিকে নামতে থাকবে।" (বুবারী ও মুসলিম)

সাবিত ইবনে দাহহাক (রা) বলেন, রাস্পুলাহ (সা) বলেছেন: "কোন মুমিন ব্যক্তিকে অভিশাপ করা তাকে হত্যা করার শামিল। বে ব্যক্তি কোন মুমিন ব্যক্তিকে কাফির বলে অপবাদ দেবে, সে বেন তাকে হত্যা করার সমতৃন্য অপরাধ করলো। আর যে ব্যক্তি যে বতুষারা আত্মহত্যা করবে, কিরামতের দিন সেই বতু দিয়ে তাকে শান্তি দেয়া হবে। "সহীহ হাদীসে আছে, এক ব্যক্তি আহত হয়ে ব্যথায় ছটফট করছিল। সে তার মৃত্যুকে ত্বরানিত করার জন্য ধারাল ছ্রিছারা আত্মহত্যা করলো। এ ঘটনা জেনে নবী করীম (সা) বললেন: সে জাহান্নামে বাবে।"

উপদেশ

আদম সন্তান ! তুমি কিভাবে ধারণা করলে বে, ভোমার আমল খুবই মযবৃত। তুমি কি জান যে তা নিশ্চিত ধোঁকা ? কি করে তুমি মালিকের সাথে সম্পৃত্ত কাজ-কারবার হেড়ে দিলে অথচ তুমি কি জান যে তা উপকারী ? একথা প্রমাণিত হয়ে গেছে যে, রাস্তা অনেক দীর্ঘ তবুও তুমি কিভাবে পাথের-এর পরিমাণ হাস করছো ? ওহে আমাদের থেকে বিমুখ ! এভাবে কতকাল আর তুমি ঘৃণা ও বিমুখতা প্রদর্শন

করবে ? শুহে সে ব্যক্তি যে বরস ও সৃত্যু সম্পর্কে উদাসীন ! জেনে রাখ যে তোমার বরস কমছে। শুহে সে ব্যক্তি যে ভার আশার মরীচিকার পেছনে গোঁকা খাল্ছ এবং মৃত্যুর সামনে ভার বরস কাঁচিয়ারা কাটা হলে। যে ব্যক্তি শারীরিক সুস্থভার কারণে গোঁকায় পড়ে আছ, প্রতিদিন তোমার আরু কুরিয়ে বালে। ওহে সে ব্যক্তি যার কিছু অংশ প্রতিদিন ধাংসপ্রাপ্ত হলে এবং বাকি অংশও অতি শীঘ্র ধাংস হয়ে যাবে। ওহে সে ব্যক্তি যে পাথের-এর ব্যাপারে উদাসীন অথচ তোমাকে লিখিতভাবে এ ব্যাপারে ভর দেখানো হয়েছে। ওহে বল্প রক্ষিত, মৃত্যুর কবলে পতিত এবং অধিক বিমুখ ! ওহে সে ব্যক্তি যে ধাংসের দিকে দিন দিন এগিয়ে যাল্ছ এবং কৃপে পড়ে গেছো। ওহে সে ব্যক্তি যে হেসে কাটাছ আর ধাংসের চোখ ঘুমাছে না। এ সকল ভয়াবহ অবস্থা যার সম্বর্ধে সে কি করে ঘুমিয়ে সমর কাটাতে পারে ?

৩০. কথায় কথায় মিখ্যা বলা

আল্লাহ্ তা'আলা বলেছেন:

أَلاَ لَعْنَةُ اللَّهِ عَلَى الْكَاذِبِيْنَ .

"गावधान, प्रिथाावामीएनत ७गत जाहाद्त जिल्माग।"
(गृता वादियाण : ১০) केंट्रो مُتْلِلُ الْخَرَاصُونَ "पिशावामीएनत भारत दाक।" (गृता वादियाण : ১০)। انَّ اللَّهُ لاَ يَهْدَى مَنْ هُوَ مُسْرِفٌ كُذَابُ .

"নিক্যাই আল্লাহ্ সীমালংঘনকারী এবং বিষ্যাবাদীকে সংগবে পরিচালিত করেন না।" (সূরা মুমিন: ২৮)

আবদুয়াহ ইব্ন মাসউদ (রা) থেকে বুখারী ও মুসলিম শরীকে আছে, ডিনি বলেন, রাসুদুয়াহ (সা) বলেছেন:

انُّ الصَّدْقَ يَهُدَىْ الْنَ الْبِرِّ وَإِنَّ الْبِرِّ بِهُدَىْ الْنَ الْجَنَّةِ وَمَا يَزَالُ الرَّجُلُ يَصَدِقَ فَيَهُ وَمَا يَزَالُ الرَّجُلُ يَصَدِقُ وَيَتَحَرَّى الْمِبَدُّقَ حَتَّى يُكْتَبَ عَنْدَ اللَّه صَدِيْقًا وَمَا وَإِنَّ الْفُجُوْرَ يَهُدِيْ الْنَ النَّارِ وَمَا يَزَالُ الرَّجُلُ يَكُذُبُ وَيَتَحَرَّى الْكُذُبُ حَتَّى يَكْتُبُ عَنْدُ اللَّهُ كَذَابًا . يَزَالُ الرَّجُلُ يَكُذُبُ وَيَتَحَرَّى الْكُذُبُ حَتَّى يَكْتُبُ عَنْدُ اللَّهُ كَذَابًا .

"সত্যবাদিতা নেকীর দিকে পরিচালিত করে এবং নেকী জান্নাতের দিকে পরিচালিত করে। কোন ব্যক্তি সর্বদা সত্য কথা বলতে থাকলে এবং সত্যের অনুসন্ধানে ব্যাপৃত থাকলে আল্লাহ্র নিকট তার নাম সিদীক অর্থাৎ মহাসত্যবাদী বলে লেখা হয়। আর মিধ্যা অপকর্মের দিকে পরিচালিত করে। অপকর্ম জাহান্নামের দিকে পরিচালিত করে। যখন কোন লোক সদা সর্বদা মিধ্যা বলতে থাকে এবং মিধ্যার অনুসন্ধানে লিও হয়, তখন আল্লাহ্র নিকট কায়্যাব অর্থাৎ মহামিধ্যাবাদী বলে তার নাম লেখা হয়।"

বুখারী ও মুসলিম শরীফে আছে। নবী করীম (সা) বলেছেন:

أَيَةُ الْمُنَافِقِ ثَلَاثُ وَأَنْ صَلَّى وَصَامَ وَزَعَمَ اَنَّهُ مُسْلِمُ اِذَا حَدَّثَ كَذَبَ ، وَإِذَا وَعَدَ أَخْلَفَ ، وَأَذًا النَّتُمِنَ خَانَ .

"মুনাফিকের নিদর্শন তিনটি। যদিও সে নামায পড়ে, রোবা রাখে এবং মনে করে যে, সে একজন মুসলমান। যখন সে কোন কথা বলে তা মিখ্যা বলে, সে ওয়াদা করলে তা ভঙ্গ করে, আর তার নিকট কোন কিছু আমানত রাখা হলে সে তার খিয়ানত বা বিশ্বাসঘাতকতা করে।"

রাসৃসুন্নাহ (সা) আরও ৰলেন :

اَرْبُعُ مَنْ مَنْ كُنُّ فِيهِ كَانَ مُنَافِقًا خَالِمَّا وَمَنْ كَانَتْ فِيهِ خَصْلَةً مِنْهَا كَانَ فِيهِ خَصْلَةً مِنَ النَّقَاقِ حَتَّى يَدَعَهَا : إِذَا انْتُمنَ خَانَ وَإِذَا عَاهَدَ غَدَرَ وَإِذَا خَاصَمَ فَجَرَ

"যার মধ্যে চারটি বভাব থাকবে সে হবে খাঁটি মুনাঞ্চিক, আর যার মধ্যে এর কোন একটি বভাব থাকবে বভক্ষ সে তা পরিত্যাগ না করবে তভক্ষণ তার মধ্যে মুনাঞ্চিকের বভাব আছে বলে বিবেচিত হবে—বখন তার কাছে আমানত রাখা হবে সে তা খিয়ামত করবে। সে ওয়াদা করলে তা ভক্ষ করবে। আর যখন সে কারো সাথে বগড়া বা প্রতিবাদে শিশ্ব হবে তখন সে অশ্রীল বাক্য প্রয়োগ করবে।"

সহীহ আশ-বৃশারীতে নবী করীম (সা)-এর বপ্লের বর্ণনা রয়েছে। সেখানে তিনি বলেছেন: আমরা এক শোককে চিৎ হয়ে শারিত অবস্থার দেখতে পেলাম এবং অপর এক ব্যক্তিকে তার পাশে লোহার ছড়ি নিয়ে দাঁড়ানো দেখতে পেলাম। সে ঐ লোকের মুখের দুই পাশ ভেতর খেকে বাইরের দিকে কাটছে এবং তার চোখ দুটোও কাটছে। সে একদিকের চোখ ও পাল কেটে সে বখন অপরদিকের চোখ ও গাল কাটতে থাকে, তখন আগেরদিকের চোখ ও পাল ঠিক হয়ে বায়। সে কিয়ামত পর্যন্ত এভাবে তার চোখ ও পাল কাটতে থাকবে। নবী করীম (সা) বলেন, আমি তাদের দুজন (সাথের কেরেশতা দুজন)-কে বললাম, এ লোকটি কে। তারা বললো, সে সকালে ঘর খেকে বেয় হয়ে মিখ্যা কথা ছড়াতে থাকতো এবং সদ্ব্যা পর্যন্ত একাজে লিও খাকতো।

নবী করীম (সা) আৰও বলেন :

يَطْبَعُ الْمُؤْمِنُ عَلَى كُلِّ شَيْءٍ لَيْسَتِ الذِّيكَانَةُ وَالْكِذْبُ .

"সমানদারের পক্ষে স্কল প্রকার গুনাহের সাথে জড়িয়ে পড়া সম্ব । কিন্তু তার পক্ষে ধিয়ানত করা ও মিখ্যা বলা কোনক্রমেই সম্ব নয়।"

إِيَّاكَ وَالظُّنَّ فَإِنَّ الظَّنَّ اَكُذُبُّ الْحَدِيثِ مِ

"তোমরা কারো প্রতি অর্থা সন্দেহ পোষণ করো না। কেননা ভূপ ধারণা বা সন্দেহপূর্বক কথা বলা স্বচেয়ে বড় মিখ্যা।" (বুখারী ও মুসলিম)

"কিয়ামতের দিন আল্লাহ্ তা'আলা তিন ব্যক্তির সাথে কথা বলবেন না। তাদের প্রতি দৃষ্টিপাত করবেন না এবং তাদের পবিত্রও করবেন না এবং তাদের রয়েছে কট্টদায়ক শান্তি। এরা হলো, বয়ক ব্যতিচারী পুরুষ, মিধ্যাবাদী রাষ্ট্রপতি এবং অহংকারী দরিদ্র লোক।" (মুসলিম)

"যে ব্যক্তি মানুষের হাসির খোরাক সরবরাহ করার জন্য মিখ্যা বলে, তার জন্য দুর্ভোগ। তার জন্য আক্ষেপ ও তার জন্য জাহান্লাম।" (আহমাদ)

এরচেয়েও জঘন্য পাপ হলো মিখ্যা কসম করা। যেমন—মুনাফিকদের সহজে আল্লাহ্ তা'আলা বলেছেন:

وَيَحْلِفُونَ عَلَى اللَّهِ الْكَدْبِ وَهُمْ يَعْلَمُونَ .

"প্ররা আল্লাহ্র নামে মিধ্যা কসম করে অর্থচ তারা জানে যে, তারা মিধ্যা বলছে।" (সূরা মুক্তাদালা : ১৪)

আবৃ দাউদ ও তিরমিয়া শরীফে বর্ণিত আছে। রাস্পুরার্ (সা) বলেছেন : "আল্লার্ তা'আলা কিরামতের দিন তিন ব্যক্তির সাথে কথা বলবেন না, তাদের পবিত্র করবেন না এবং তাদের জন্য রয়েছে কঠোর শান্তি। এরা হলো; (১) ঐ ব্যক্তি যে সচ্ছল ও ধন-দৌলতের মালিক হয়ে অসহায় পথিককে বঞ্চিত করে; (২) ঐ ব্যক্তি যে তার দ্রব্যসাম্মী বিক্রি করার সময় কসম করে বলে যে, আমি এ দ্রব্য এত টাকায় খরিদ করেছি অখচ তার ক্রয় মৃশ্য তা নয় এবং ক্রেতা তার কথা বিশ্বাস করে তা চড়া দামে ক্রেয় করে এবং (৩) ঐ ব্যক্তি যে পার্থিব কোন সুযোগ-সুবিধা আদায়ের উদ্দেশ্যে বায়আত (আনুগত্যের শপথ) করে এবং যদি ইমাম তাকে স্বার্থ দেয়, তাহলে সে তার আনুগত্য প্রদর্শন করে। আর যদি তাকে ইমাম (সুযোগ-সুবিধা) না দের, তবে সে আনুগত্য হতে বিরত থাকে।"

নবী করীম (সা) আরও বলেছেন :

كَبُرَتُ خِيَانَةً أَنْ تُحَدِّثَ أَخَاكَ حَدِيْثًا هُوَ لَكَ بِهِ مُصَدِّقُ وَٱنْتَ وَانْتَ وَانْتَ

"সবচেয়ে বড় বিশ্বাসঘাতকতা হলো ডুমি তোমার ভাইয়ের কাছে কোন কথা বললে এবং সে ভোমার কথা বিশ্বাস করলো কিন্তু ডুমি যে কথাটি বলেছো সেটি একটি মিথ্যা কথা।" (ভিরমিয়ী)

হাদীস শরীকে আছে, "যে ব্যক্তি মিধ্যা স্বপ্লের কথা বদবে, তাকে দু'টি যবের বীজ দেয়া হবে জোড়া দাগানোর জন্য কিছু সে জোড়া দাগাতে পারবে না।"

(বুখারী)

অর্থাৎ স্বপ্নে কিছুই দেখল না অথচ আমি এই স্বপ্ন দেখেছি বলা।

আবদুলাত্ ইব্ন মাসউদ (রা) বলেছেন: বান্দা যখন মিখ্যা বলে এবং মিখ্যার খোজে থাকে, তখন তার অন্তরে একটি কাল দাগ পড়ে যায়। তারপর এভাবে তার সমস্ত অস্তর কাল হয়ে যায়। তখন আল্লাত্ তা'আলার দশ্ভরে তার নাম মিখ্যাবাদীদের তালিকার লেখা হয়। অতএব, একজন মুসলমানকে এমন কথা বলতে হবে যাতে কল্যার্ণ রয়েছে এবং আজেবাজে কথা থেকে জিহ্বাকে হিফাযত করতে হবে। কেননা চুপ থাকার মধ্যে নিরাপন্তা রয়েছে। আর নিরাপন্তার সমতৃল্য কোন বস্তু নেই। বুখারী শরীকে আছে, আরু হুরায়রা (রা) নবী করীম (সা) থেকে বর্ণনা করেছেন। তিনি বলেন:

"যে ব্যক্তি আল্লাহ্ ও পরকালের ওপর বিশ্বাস রাখে তাঁকে ভাল কথা বলতে হবে অথবা চুপ ৰুরে থাকতে হবে।" এ সহীহ হাদীসদ্বারা সুস্পষ্টভাবে বোঝা যায় যে, ভাল কথা ছাড়া খারাপ কথা বলা উচিত নয়।

হ্যরত আবৃ মৃসা (রা) বলেন, আমি বললাম ইয়া রাস্লাল্লার। কোন মুসলমান সবচেয়ে উত্তম ? তিনি বললেন:

"যার কথা এবং হাত হতে মুসলমানগণ নিরাপদ।"

বুখারী ও মুসলিম শরীকে আছে, কোন কোন মানুষ চিন্তা-ভাবনা ছাড়া এমন কথা বলে যা হারাম। সে ঐ কথার জন্য জাহান্লামের এত গভীরে নিক্ষিপ্ত হবে যার দূরত্ব পূর্ব থেকে পশ্চিম পর্যস্ত ।

ইমাম মালিক (র) তার মুরান্তায় বিশাল ইব্ন হারিস আল-মুযানী থেকে বর্ণনা করেন যে, রাস্লুল্লাহ (সা) বলেছেন : কোন ব্যক্তি হয়ত এমন কথা বলে যাতে আল্লাহ তা'আলা সন্তুষ্ট হন, একথা যে এত বড় সুফল বয়ে আনবে সে ধারণাও তার থাকে না, এবং একথার জন্য আল্লাহ তা'আলা কিয়ামত পর্যন্ত তার ওপর সন্তুষ্টি লিখে ফেলেন। আবার কোন ব্যক্তি হয়ত এমন কথা বলে বসে যাতে আল্লাহ অসন্তুষ্ট হন। একথার কারণে আল্লাহ তার প্রতি এত অসন্তুষ্ট হতে পারেন সে ধারণাও তার থাকে না। আর এজন্য তার প্রতি আল্লাহ্র অসন্তুষ্টি কিয়ামত পর্যন্ত লেখা হয়ে যায়। এ ধরনের আরও বহু সহীহ হাদীস এ বিষয়ে রয়েছে। এখানে যেটুকু ইঙ্গিত করা হয়েছে তা—ই ষথেষ্ট।

কোন এক বৃষর্গকে জিজ্ঞেস করা হয়েছিল, আপনি মানব জাতির মধ্যে কতন্তলো দোষক্রটি লক্ষ্য করেছেন ? তিনি বললেন, তা অসংখ্য। তবে আমি যা হিসাব করেছি তার পরিমাণ হলো আট হাজার। আর আমি এমন একটা স্বভাবের পরিচয় পেয়েছি যদি মানুষ তা পালন করে তাহলে সকল প্রকার দোষ-ক্রটি ঢাকা পড়ে যায়। তা হলো জিহ্বাকে সংযত রাখা। আল্লাহ্ তা আলা আমাদের জিহ্বাকে সংযত রাখার এবং তাঁর সম্ভুষ্টির কাজে ব্যবহার করার তৌকিক দান কর্মন।

উপদেশ

হে বান্দা! তোমার জীবনকাল তুমি নিজেই যদি নষ্ট করে ফেল, কেউ তা ধরে রাখতে পারবে না। শয়তানের মত অতবড় শত্রু আর কেউ নেই অধচ তুমি তারই •

অনুকরণ করছো। তোমার প্রবৃত্তির অনুসরণ করার চেয়ে ক্ষতিকর আর কিছু নেই অথচ তুমি তার সহযোগিতা করছো। সৃষ্থতার সময়ওলোর মত মূল্যবান আর কিছু নেই অথচ তুমি তা অপচয় করছো। তোমার জীবনকাল থেকে বহু সময় চলে গেছে—চুলের গোছা সাদা হয়ে যানার পর আর কি অবশিষ্ট রয়েছে ? ওহে সে ব্যক্তি যার দেহ উপস্থিত কিছু আছা অনুপস্থিত। বার্ধকাজনিত ক্রটিওলোই বড় বিপদ। বাল্যকাল এবং বন্ধুদের ভালবাসা চলে গেছে। চুলের গোছা সাদা হয়ে যাওয়াই ভীতি প্রদর্শন এবং উপদেশ প্রদানের জন্য যথেষ্ট। হে গাফিলা এ উদাসীনতাই দৃশ্চরিত্র। বড় ভীতিকর অন্বেবণকারীর জন্য ক্রন্দন কোধায় ? সেই সময় কোধায় যা তুমি খেলাখুলায় নষ্ট করেছ। সেদিকে তুমি সর্বশেষে দৃষ্টি দিলে। কিয়ামতে তুমি সেসব গুনাহের জন্য কতইনা অশ্রু বিসর্জন করবে যা লেখকের দপ্তরে রেকর্ড করা হয়েছে ? আমার কি অবস্থা হবে বা কে হবে আমার সাহায্যকারী যখন আমি হিসাবের কাঠগড়ায় দাঁড়াবো এবং আমাকে বলা হবে যে, সকল কর্তব্যের ব্যাপারে তুমি কি করেছ ?

কি করে তুমি মৃত্তির আশা করছো এবং বন্ধু-বান্ধবের সাথে খেলাধুলায় কাটাচ্ছা যখন মিথ্যে ধারণার বশীভূত হয়ে তোমার আশার সঞ্চার হয়েছে। মৃত্যু একটি শক্ত ঘাঁটি যার পানীয় ডিক্ত। তার অপকারিতা পেয়ালার সাথেই অন্তরে অনুভূত হবে। অতএব, তুমি অদৃশ্যের উপস্থিতির অপেকা করতে থাক। অত্যন্ত রাগানিত অবস্থায় এসে সঠিকভাবে তীর নিক্ষেপ করবে। গুহে বিপদমৃক্ত জীবনের আশা পোষণকারী! তুমি এমন তাসের ঘর তৈরি করেছো যেরপ মাকড়সা তৈরি করে থাকে। যারা সওয়ারীর পিঠে চড়ে বেড়াতো তারা কোধায় । মৃত্যু তাদের চলার পথকে সংকীর্ণ করে দিয়েছে এবং কিছুক্ষণ পরে তুমিও বিপদের সাথী হবে। মুতরাং তুমি দেখ, চিন্তা ও ভাবনা বিপদের পূর্বেই এসব করে নাও।

৩১. দুর্নীতিশরায়ণ বিচারক

আল্লাহ্ ডা'আলা বলেছেন :

وُمَنْ لُمْ يَحْكُمْ بِمَا آنْزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ •

"আয়াহ্ বা অবতীর্ণ করেছেন (অর্থাৎ কুরআন) তদনুসারে যারা বিচার-ফয়সালা করে না ভারা কাঞ্চির।" (সূরা মায়িদা: ৪৪)

وَمَنْ لُمْ يَحْكُمْ بِمَا آنْزَلَ اللَّهُ فَأُوالْتِكَ هُمُّ الطَّالِمُونَ .

"আরাহ্ বা অবতীর্ণ করেছেন র্তদনুসারে যারা বিধান দেয় না তারা অত্যাচারী।" (সূরা মায়িদা: ৪৫)

وَمَنْ لُمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْفُسِقُونَ .

"বারা আয়াহুর কিভাব অনুসারে নির্দেশ দেয় না তারা ফাসিক বা পাপাচারী।" (সূরা মায়িদা: ৪৭)

श्कीय छात्र विषक्ष शंभीम श्राष्ट्र इयत्रण छामश हेन्न छवाग्रमुलाइ (त्रा) त्यांक वर्षना कलाइन त्व, नवी कन्नीय (मा) वत्माहन :

لاَ يَقْبَلُ اللَّهُ صَلاَةَ امِامٍ حَكُمَ بِغَيْرٍ مَا ٱنْزَلَ اللَّهُ ﴿

"আল্লাহ্ তা'আলা ঐ নেতা বা রাষ্ট্রপ্রধানের নামায় কর্ণ করেন না, যে আল্লাহ্র নাযিলকৃত বিধান আল-কুরআনের পরিপন্থি নির্দেশ দেয়।"

হাকীম ভার সনদ সূত্রে স্বীয় বিভদ্ধ হাদীসে হযরত বুরায়দা (রা) থেকে বর্ণনা করেছেন। রাস্কুল্লাহ্ (সা) বলেছেন:

اَلْقُضَاةُ ثَلْثَةُ قَاضِ فِي الْجَنَّةِ وَقَاضِيَانِ فِي النَّارِ قَاضِ عَرَفَ الْحَقَّ فَلَجَارَ الْحَقَ فَ جَارَ الْحَقَ فَلَحَنَّةً وَقَاضَ عَرَفَ الْحَقَ فَلَجَارَ مُتَعَمِّدًا فَهُوَ فِي النَّارِ وَقَاضُ قَضَى بِغَيْرِ عِلْمٍ فَهُوَ فِي النَّارِ وَقَاضُ قَضَى بِغَيْرِ عِلْمٍ فَهُوَ فِي النَّارِ قَالُواْ فَمَا ذَنْبُ اللَّهِ عَلْمَ الذَّهُ الذَّيْ يُحُمَّلُ ؟ قَالَ : ذَنْبَهُ أَنْ لاَ يَكُونَ قَاضِيًا حَتَّى يَعْلَمَ .

"তিন প্রকার বিচারক রয়েছে। এর মধ্যে এক প্রকার বিচারক জানাতে এবং দু'প্রকার যাবে জাহান্নামে। যে বিচারক সত্যকে জানতে পেরেছে এবং সে অনুসারে বিচার-কর্মাশা করেছে, সে জান্নাতে যাবে। যে বিচারক সত্যকে উপলব্ধি করেও

বিচার করার ব্যাপারে ইচ্ছা করে যুলুম ও অবিচার করেছে, সে যাবে জাহান্লামে। আর যে বিচারক অঞ্জভা সন্ত্বেও বিচার-ফয়সালা করেছে, সে-ও জাহান্লামে যাবে। সাহাবীগণ আরয় করণেন, ইয়া রাসূলাক্লাহ্ ! অজ্ঞভাবশত আক্লাহ্র আদেশের বিপরীত রায় দিয়েছে তার দোষ কিঃ নবী করীম (সা) বললেন : তার দোষ হলো সে কেন না জেনে বিচার করলো।"

হযরত আবৃ হ্রায়রা (রা) থেকে বর্ণিত আছে। তিনি বলেন, রাস্থুলাহ (সা) বলেহেন: "যাকে কাষী বা বিচারক নিযুক্ত করা হয়েছে তাকে যেন ছুরি ছাড়া (অন্যকিছু ছারা) যবেহু করা হয়েছে।"

স্থায়ল ইবৃন আয়ায (র) বলেছেন: "কার্যার উচিত একদিন মীমাংসায় কাটিয়ে পরের দিন কান্লাকাটিতে অভিবাহিত করা।"

মুহান্দদ ইব্ন ওয়াসে (র) বলেছেন, কিয়ামতের দিন সর্বপ্রথম বাকে বিচারের জন্য ডাকা হবে সে হলো কাষী বা বিচারক। হ্যরত আয়েশা সিদ্দীকা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাস্পুলাহ্ (সা)-কে বলতে তনেছি, কিয়ামতের দিন ন্যায়বিচারককে উপস্থিত করে এমন কঠোর হিসাবের সম্মীন করা হবে যে, সে মনে মনে বলবে, যদি দুনিয়াতে একটি খেজুর নিয়ে দু'জনের মাঝে যে ঝগড়া হয় এমন ছেটিখাট ব্যাপারেও বিচার না করতো তাহলে তার জন্য মসল ছিল।

হ্যরত মুয়ায ইব্ন জাবাল (রা) থেকে বর্ণিত আছে। রাস্পুরাহ (সা) বলেছেন: জাহান্নামের মধ্যে কার্যী এমনভাবে পিছলিয়ে পড়বে যাতে সে আদনের দ্রত্বের পরিমাণ দূরত্বে পড়ে যাবে।

হযরত আলী ইব্ন আবু তালিব (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুক্সাহ (সা)-কে বলতে ওনেছি, এমন কোন শাসক এবং বিচারক নেই যাকে কিয়ামতের দিন আল্লাহু তা'আলার সামনে পুলসিরাতের উপর দাঁড় করিয়ে তার আমলনামা খোলা হবে না। অতঃপর তার আমলনামা সকল সৃষ্টিকুলের সামনে পড়ে শোনান হবে। যদি সে ন্যায়পরায়ণ হয় তবে আল্লাহু তা'আলা তার ন্যায়বিচারের বিনিময়ে তাকে মুক্তি দেবেন। অন্যথায় পুলটি তাকে নিয়ে টলমল করতে থাকবে। ফলে তার এক অঙ্গ থেকে অন্য অঙ্গের দ্রত্ব হবে এতো এতো। তারপর পুলটি তাকে নিয়ে জাহান্নামে তেঙে পড়বে।

হযরত মাকহুল (র) বলেছেন, যদি আমাকে বিচারকের পদ গ্রহণ করার এবং ঘাড় মটকিয়ে দেয়ার এ দুটির একটি গ্রহণ করতে বলা হতো তাহলে ঘাড় মটকিয়ে দেয়াকে অর্থাৎ মেরে ফেলাকেই আমি পছন্দ করতাম।

আইয়্ব আল-সাখতিয়ানী (র) বলেছেন, আমি ঐ ব্যক্তিকেই সবচেয়ে বড় জ্ঞানী বলে মনে করি যে বিচারকের পদ গ্রহণ করা থেকে যত বেশি দূরে থাকে।

ইমাম সৃফিয়ান সাওরী (র)-কে কোন এক লোক জানালেন যে, ওরারহ্ (র) কাযীর পদ গ্রহণ করেছেন। তখন তিনি বদলেন, কোন্ ব্যক্তি তাকে নষ্ট করলো। মালিক ইব্ন মুনষির মুহাশ্বদ ইব্ন ওয়াসিকে বসরার কাষী বানানোর জন্য ডেকে পাঠালে তিনি এ পদ গ্রহণ করতে অস্বীকৃতি জানালেন। অতঃপর মালিক ইব্ন মুন্যির তাঁকে বললেন, তোমাকে অবশ্যই এ পদ গ্রহণ করতে হবে, অন্যথায় তোমাকে বেত্রাঘাত করা হবে। তিনি বললেন, যেহেতু আপনি সুলতান (বাদশাহ) সেহেতু আপনি ইচ্ছা করলে বেত্রাঘাত করতে পারেন (কিন্তু এ দায়িত্ব পালন আমার্থারা হবে না)। কেননা আধিরাতে অপ্যানিত হওয়ার চেয়ে দুনিয়ায় অপ্যানিত হওয়া উত্তম।

ওয়াহাব ইব্ন মুনাব্বিহ (র) বলেছেন, যখন কোন শাসক যুলুমের পথ বেছে নেয়, তখন আক্রাহ্ আ'আলা তার দেশবাসীকে অভাব জনটনে পতিত করেন। তখন বাজারে, রিযুকে, ফসলে, গরুর দুধে তথা সর্বত্র অভাব দেখা দেয়। আর যখন শাসক প্রজাসাধারণের কল্যাণে ব্রতী হন অথবা ন্যায়বিচার করতে চান, তখন আল্লাহ্ তা'আলা দেশবাসীর উপর বরকত নাযিদ করেন। হেম্স প্রদেশের এক শাসক হযরত উমর ইব্ন আবদুল আযীয (র)-এর কাছে লিখলেন যে, অতঃপর হেম্স শহর ধ্বংস হয়ে গেছে। এর সংস্কার প্রয়োজন। জবাবে হয়রত উমর ইব্ন আবদুল আযীয (র) লিখে পাঠালেন, শহরটিকে ইনসাক্ষারা মযবৃত করো এবং এর পথ-ঘাটকে যুলুম-অত্যাচার থেকে মুক্ত করো। সালামান্তে

তিনি বলেছেন, ক্রোধ অবস্থায় বিচার-মীমাংসা করা কাষীর জন্য হারাম। যখন কোন কাষীর মধ্যে স্বন্ধ জ্ঞান, খারাপ উদ্দেশ্য, অসং চরিত্র এবং কম আল্লাহ্নীতি থাকে, তখন তার ধ্বংস অনিবার্য। তখন ঐ পদ থেকে পদত্যাগ করা তার উপর ওয়াজিব হয়ে পড়ে এবং অবিশয়ে তার দায়িত্মুক্ত হওয়া উচিত। মহান আল্লাহ্ আমাদের এমন আমলের তৌষ্কিক দান করুল, যে আমলে তিনি রাষী ও সন্তুষ্ট থাকেন।

৩২. বিচারের জন্য (বিচারকের) ঘুষ গ্রহণ

আল্লাহ্ তা আলা বলেছেন:

وَلاَ تَأْكُلُواْ أَمْ وَالْكُمْ بَيْنَكُمْ بِالْبَسَاطِلِ وَتُدْلُواْبِهَا إِلَى الْحَكَّامِ لِتَأْكُلُواْ فَرِيْقًا مِّنْ آمُوالِ النَّاسِ بِالْإِشْمِ وَآنْتُمْ تَعْلَمُونَ .

"তোমরা একে অন্যের ধন অন্যায়ভাবে গ্রাস করো না এবং মানুষের ধন-সম্পদের কিছু অংশ জেনেন্ডনে অন্যায়ভাবে গ্রাস করার উদ্দেশ্যে বিচারকগণের সামনে পেশ করো না।" (সূরা বাকারা: ১৮৮)

এ আয়াতে—"তোমাদের অর্থ-সম্পদ নিয়ে হাকিম বা বিচারকের নিকট যেয়ো না"-এর অর্থ হলো বিচারককে ঘুষ দিও না। যাতে সে অপরের হক নষ্ট করে ঘুষের বিনিময়ে তোমাকে দান করে। অথচ তুমি জান যে, তা ভোমার জন্য হালাল নয়।

ह्यत्रञ्ज आवृ ह्याग्रता (ता) थातक वर्षिज । जिनि वालन, त्रामृत्याद (मा) वालाहन : لَعَنَ اللّهُ الرّاشيِيّ وَالْمُرْتَشِيّ فِي الْحُكْمِ .

"বিচারের ব্যাপারে ঘুষদাঁতা ও ঘুষ গ্রহীতাকে আল্লাহ্ তা'আঁলা অভিশাপ দিয়েছেন।" (তিরমিযী)

হযরত আবদুল্লাহ্ ইব্ন আমর (রা) বলেন, রাস্বুল্লাহ্ (সা) ঘ্রদাতা ও ঘুষ্ণাহীতা উভয়কে অভিশাপ দিয়েছেন।

আলিমগণ ৰলেছেন, যে ঘুষ দেয় তাকে বলা হয় 'রালী' বা ঘুষদাতা এবং যে ঘুষ গ্রহণ করে তাকে বলা হয় 'মুরতালী' বা ঘুষ গ্রহীতা। ঘুষদাতা যদি কোন মুসলমানকে কট্ট দেওয়ার জন্য অথবা তার প্রাপ্য নয় এমন বন্ধু বা সুযোগ-সুবিধা পাবার জন্য ঘুষ দেয় তবে তার উপর আল্লাহ্র লান'ত বা অভিশাপ নাযিল হবে। যখন নিজের হক পাবার জন্য অথবা যুলুম থেকে বাঁচার জন্য কোন ব্যক্তি ঘুষ দেবে, তখন তা লা'নতের অন্তর্ভুক্ত হবে না। এ সম্পর্কে হাকিম (র)-এর অভিমত হলো, সর্ব অবস্থায় ঘুষ হারাম। তা কারো হক নট্ট করার জন্য হোক বা এর মাধ্যমে যুলুম বন্ধ করা হোক। অপর এক হাদীসে আছে, যার মাধ্যমে ঘুষের লেনদেন হয় তার উপরও লা'নত বর্ষিত হয়। যদি এ ঘুষদানের উদ্দেশ্য খারাপ না হয় তবে মাধ্যম হিসাবে যে উভয়ের মাঝে কাজ করে, সে অভিশন্ত হবে না। অন্যথায় সে-ও ঘুষদাতার মতই অপরাধী হবে।

পরিক্ষেদ

এ প্রসঙ্গে আবৃ দাউদ (র) তাঁর সুনানে আবৃ উসামা আল-বাহিলী থেকে বর্ণনা করেন, রাস্পুল্লাহ্ (সা) বলেছেন:

مَنْ شَفَعَ لِرَجُلِ شِفَاعَةٌ فَاَهُدٰى عَلَيْهَا هَدْيَةٌ فَقَدْ اَتَّى بَابًا كَبِيْرًا مِّنْ اَبُّوابِ الرِّبَا ،

"কোন ব্যক্তি যদি কারো জন্যে সুপারিশ করে এবং এজন্য তাকে হাদিয়া বা উপঢৌকন দেয়া হয়, তবে সে যেন সুদের প্রধান দরজায় এসে উপনীত হলো।"

হ্যরত ইব্ন মাসঊদ (রা) বলেছেন : সুহত বা ঘুষ হলো সেই অর্থ বা মালামাল যা তোমাকে তোমার কোন ভাই তার কোন স্বার্থ বা প্রয়োজন পূরণের সহযোগিতা করার জন্য উপটোকন হিসাবে দিয়ে থাকে এবং তুমি তা এহণ করো।

মাসরক (র) থেকে বর্ণিত আছে। ইব্ন যিয়াদ একবার অত্যাচারের মাধ্যমে এক ব্যক্তির কিছু মালামাল কৃষ্ণিগত করেছিল। হযরত ইব্ন মাসউদ (রা) ঐ ব্যক্তির পক্ষ হয়ে তার সাথে আলাপ-আলোচনা করলে তিনি তা ফেরত দিলেন। অতঃপর অত্যাচারিত ব্যক্তি ইব্ন মাসউদ (রা)-এর কাছে কিছু উপহার পাঠালে তিনি তা ফেরত পাঠালেন এবং গ্রহণ করলেন না। তিনি বললেন, আমি ইব্ন মাসউদ (রা)-কে বলতে ওনেছি, কোন ব্যক্তি যদি কোন লোকের নিকট থেকে যুলুম পূর্বক নেয়া দ্রব্য উদ্ধার করে দেয় এবং সে জন্য তাকে যদি সামান্য কিছু বা বেশি কিছু দান করে তবে তা সূহত বা ঘুষ। লোকটি বললো, হে আবু আবদুর রহমান। আমরা ঘুষ কেবল তাকেই বলতাম বা মনে করতাম যা বিচারককে প্রভাবিত করার জন্য তাকে দেয়া হতো। তিনি বললেন, তাতো ওধু ঘুষ নয় বরং কৃষ্ণরী। (তাবারানী)

কাহিনী

ইমাম আবৃ উমর আওবাঈ (র) যখন বৈরুতে বসবাস করছিলেন তখন এক খ্রিন্টান তার কাছে এসে অভিযোগ করলো যে, বালাবাক্কার প্রশাসক আমার ওপর যুলুম করেছে। আমার আশা, আপনি বদি তার কাছে আমার জন্য একটি পর লিখতেন। সে তাঁকে এক কলসি মধু দিলো। তখন আওবাঈ (র) বললেন, তুমি তোমার মধুর কলসিটি ফেরত নিতে পারো। আমি তোমার পক্ষে তার কাছে লিখছি। তারপর তিনি তার পক্ষে প্রশাসকের কাছে তার খারাজ্ঞ (রাজস্বকর) মওক্ফ করার জন্য পরা লিখলেন। অতঃপর সে মধুর কলসি ও চিঠি নিয়ে প্রশাসকের নিকট গেল এবং চিঠিটি হস্তান্তর করলো। তখন তিনি ইমামের সুপারিশে ঐ খ্রিন্টান লোকটির রাজস্ব ব্রিশ দিরহাম কমিয়ে দিলেন। আল্লাহ্ তাঁর উপর রহমতে কর্মন এবং হাশরে আমাদেরকে তাঁর সাধী হবার তৌফিক দিন।

উপদেশ

আল্লাহ্র বান্দাগণ! শেষ পরিণতি সম্পর্কে চিন্তা-ভাবনা করে দেখুন। মর্যাদা বিনষ্ট হওরা থেকে বেঁচে থাকুন। পরিণাম ও প্রতিকলকে ভয় করুন এবং আপনারা ছিনভাইকারীর ছিনভাইকে ভয় করুন। আল্লাহ্র কসম। বিজমী অবেষণকারী তারাই যারা আশাকে পরিপূর্ণ করার জন্য বসে বা দাঁড়িয়ে ছিল। বিদায়ের মর তৈরির জন্য তারা ঘর তৈরি করেছে এবং পাহারার ব্যবস্থা করেছিল। ভারা খ্ব কমই বসবাস করেছে। তারা যা করেছিল সে জন্য লচ্জিত হয়েছে এবং কবরের গর্তে বসে মনে অনুশোচনা বোধ করেছে। জনৈক কবি বলেন:

যদি সৃষ্টজীব জানতো যে, কি উদ্দেশ্যে তাকে সৃষ্টি করা হয়েছে ভাহলে তারা ঘুমাতো না। তাদের সৃষ্টি করা হয়েছে বিশেষ কাজের জন্য যদি ভাদের অন্তরের চোখ তা দেখতো তাহলে তারা দুঃখিত ও মর্মাহত হতো। মৃত্যুর পর কবর, তারগর হাশর, ভীতি প্রদর্শন, বিপদ ও ভর রয়েছে হাশরের দিনে। এ ভয়ে অনেক লোক বিচ্ছিন্ন ও চুপ হয়ে গেছে। আমাদের অবস্থা এই যে, আমাদেরকে কোন নির্দেশ দেওয়া হলে বা নির্দেশ করা হলে জেগে ঘুমাই যেমন আসহাবে কাহক ঘুমিয়ে ছিল।

ওহে সেই লোক! যে শুনাহের অপবিত্রতা ও ময়দার মধ্যে ছুবে আছো এবং বিপদ-আপদে জড়িয়ে পড়েছো! ওহে সেই ব্যক্তি: যে দোষারোপকারীর সমালোচনা ওনেছো! সে সকালে তওবা করে সদ্ধ্যায় তা ভঙ্গ করে। ওহে বাচাল ব্যক্তি! তোমার কথা ফেরেশতারা হিসাব করে রেকর্ড করে রাখছে। ওহে সেই ব্যক্তি! যার প্রবৃত্তির কামনা অন্তরে বিচরণ করছে এবং বাসা তৈরি করে বাদ্যা দিরেছে। মৃত্যু উঁচু পাহাড়ের মত কত রাজা-বাদশাহকে ধ্বংস করেছে এবং কত অহংকারী নেতাকে নড়বড়ে ও ধরাশায়ী করেছে এবং যাদেরকে কবরের অন্ধকারের মধ্যে অবস্থান করিয়েছে এবং তার পেছনে আছে বার্যাখ। ওহে সে ব্যক্তি! যার বলবদ্ধ অন্তর গুনাহের কারণে ময়লা হয়ে গেছে। ওহে গুনাহের কাজে প্রতিযোগিতাকারী! তুমি কি এ ব্যাপারে নিশ্চিত যে, তোমাদের নিয়ে যমীন খসে যাবে নাঃ ওহে সে লোক! যে, বৃদ্ধ হয়ে যাওয়ার পরও দোষক্রটি করে যাজে।, তোমার কাজের তারিখ লিখে রাখা হয়েছে। সর্বদা সকল প্রশংসা আল্লাহ্র জন্যই নিবেদিত।

৩৩. পোশাক-পরিচ্ছদে নারী ও পুরুষের মাঝে সাদৃশ্য সৃষ্টি

সহীহ আন-বৃধারীতে আছে, রাসূনুক্মাহ্ (সা) বলেছেন :

لَعَنَ اللَّهُ الْمُتَشَبِّهَاتِ مِنَ النِّسَاءِ بِالرِّجَالِ وَالْمُتَشَبِّهِيْنَ مِنَ الرِّجَالِ وَالْمُتَشَبِّهِيْنَ مِنَ الرِّجَالِ بِالنِّسَاءِ ،

"যে সমস্ত মহিলা পোশাক পরিচ্ছদ এবং আচার-আচরণে পুরুষের সাথে সাদৃশ্য রাখে এবং যে সমস্ত পুরুষ মহিলাদের মত পোশাক এবং আচার ব্যবহার করে, তাদের উপর আক্বাহ্ তা'আলা লা'নত বর্ষণ করেন।"

অপর এক বর্ণনার আছে, পুরুষসূপত আচরণকারী মহিলাদের উপর আল্লাহ্ তা'আলা লা'নত করেন।

অন্য এক বিওরায়াতে আছে, রাসৃপুরাহ (সা) বলেছেন :

لَعَنَ اللَّهُ الْمُخْنَثِينَ مِنَ الرِّجَالِ وَالْمُتَرَّجِّلاَتِ مِنَ النِّسَاءِ .

"যে সব মহিলা কথা এবং পোশাকে পুরুষের মত এবং যেসব পুরুষ কথায় এবং পোশাকে মহিলাদের মত আরচণ করে তাদের উপর আক্সাহ তা আলার লা নত।" (বুখারী)

হযরত আবৃ হরায়রা (রা) বর্ণনা করেন, রাস্লুয়াহ্ (সা) বলেছেন :

لَغَنَ اللَّهُ الْمَرْأَةَ تَلْبِسُ لُبُسَةَ الرَّجُلِ وَالرَّجُلَ يَلْبِسُ لَبُسَةَ الرَّجُلِ وَالرَّجُلَ يَلْبِسُ لَبُسَةَ النَّمَرُأَةِ.

"যে নারী পুরুষের পোশাক পরিধান করে এবং বে পুরুষ নারীর পোশাক পরিধান করে, তাদের আল্লাহ্ লানিত করেন।" (আবু দাউদ, নাসাই ও ইব্ন মাজাহ)

সূতরাং যখন কোন মহিলা পুরুষের মত আট-সাঁট পোশাক পরিধান করবে এবং সে পুরুষের পোশাক-পরিচ্ছদ গ্রহণ করার কারণে পুরুষ বলে মনে হবে, তখন আল্লাহ্ এবং রাস্লের অভিশাদের উপযোগী হবে। তার স্বামী যদি তার এ ধরনের চাল-চলনে সম্মত থাকে এবং বাধার সৃষ্টি না করে, তাহলে সেও আল্লাহ্ ও তাঁর রাস্লের অভিশাপের উপযোগী হবে। কারণ সে তার ব্রীকে আল্লাহ্র আনুগত্যের পথে পরিচালনা করার এবং তার নিষিদ্ধ কাজসমূহ থেকে বিরত রাখার জন্য আদিট্ট। আল্লাহ্ তা'আলা

বলেছেন :

قُواْ اَنْفُسَكُمْ وَاَهْلِيْكُمْ نَارًا وَقُوْدُهًا النَّاسُ وَالْحِجَارَةُ .

"তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবার-পরিজনকে জাহানামের আগুন হতে রক্ষা করো, যার ইন্ধন হবে মানুষ এবং পাধর।" (সূরা তাহরীম : ৬)

স্বামী দ্রীকে আদব শিক্ষা দেবে, জ্ঞান দান করবে, আল্লাহ্র আন্গত্যের জন্য আদেশ করবে এবং আল্লাহ্র অবাধ্যতা থেকে বিরত রাখবে। স্ত্রীরন্ধারা এগুলো করানো তার কর্তব্য—বেমনটি তার নিজের জন্য এ কাক্ষণ্ডলো কর্তব্য। এ প্রসঙ্গে নবী করীম (সা) বলেছেন: "তোমাদের প্রত্যেকেই দায়িত্বশীল এবং প্রত্যেককে তার দায়িত্ব সম্বন্ধে জিজ্ঞাসাবাদ করা হবে।"

মুসলিম শরীকে আৰু হ্রায়রা (রা) সূত্রে বর্ণিত আছে। নবী করীম (সা) বলেছেন:

"সাবধান! ব**হুলো**ক ধ্বংস হয়েছে যথন তার স্ত্রীদের অনুসরণ করেছে।"

হাসান (র) বলেছেন : যে পুরুষ স্ত্রীর কথামত চলে, আল্লাহ্ তা'আলা তাকে জাহান্নামে উপুড় করে নিক্ষেপ করবেন। নবী করীম (সা) বলেছেন :

صَنْفَانِ مِنْ آهُلِ النَّارِ لَمْ أَرَهُمَا قَوْمٍ مَعْهُمْ سِيَاطُ كَأَذْنَبِ الْبَقَرِ

يَضُرْبُوْنَ بِهَا النَّاسَ وَنَسَاءٌ وَنِسَاءٌ كَأْسِيَاتُ عَارِيَاتٌ مُمَيْلاَتُ
مَائِلاَتٌ رُوْسُهُنْ كَأَسْنِمَةِ الْبُخْتِ الْمَائِلَةِ لاَ يَدْخُلْنَ الْجَنَّةَ وَلاَ

يَجِدُنَ رِيْحَهَا ، وَإِنْ رِيْحَهَا لَيُوْجَدُ مِنْ مَسِيْرَةٍ كَذَا وكَذَا .

"দু'প্রকার লোক জাহান্নামে যাবে; অবশ্য আমি এদের দেখিনি। তাদের এক দলের সাথে গরুর লেজের মত চাবুক থাকবে যা দিয়ে তারা লোকদের মারধর করবে। অপর দল হবে মহিলা যারা পোলাক-পরিচ্ছদ পরিধান করেও উলঙ্গ বা নগ়দেহী হবে। তারা পুরুষদের নিজেদের দিকে আকৃষ্ট করতে চেষ্টা করবে এবং নিজেরাও পুরুষদের প্রতি ঝুঁকে পড়বে। তাদের মাধা বড় বড় উটের ঝুঁকে পড়া চুটের মত হবে। তারা জানাতে প্রবেশ করবে না এবং তারা এর সুগন্ধিও পাবে না। যদিও জানাতের সুমাণ বহুদ্র পর্যন্ত ছড়িয়ে পড়বে।" (মুসলিম)

আলোচ্য হাদীসে 'কাসিয়াতু' (পরিধানকারিণী) দ্বারা কেউ কেউ আল্লাহ্র নিয়ামতে আল্টাদিত এবং 'আরিয়াত' (নন্নদেহ) দ্বারা আল্লাহ্র নিয়ামতের শোকর থেকে বিমৃথ বোঝাবার কথা বলেছেন। অর্থাৎ যে সব মহিলা আল্লাহ্র নিয়ামতে আল্টাদিত হয়েও তার শোকর আদায় করে না। কেউ কেউ বলেছেন, এর অর্থ হলো ঐসব মহিলা যারা মিহি কাপড় পরিধান করবে এবং কাপড়ের উপর দিয়ে দেহ দেখা যাবে। "মায়েলাতুন" অর্থ হলো তারা আল্লাহ্র ইবাদত বিমৃথ হবে এবং পর্দা-পুশিদায় থাকতে অস্বীকার করবে। 'মুমিলাতুন' মানে হলো তারা অন্য মহিলাদেরকেও পাপাচার-অসংকাজ

শেখাবে। কেউ কেউ বলেছেন 'মায়েলাতুন' অর্থ ঐ সকল মহিলা যারা চুলে সিঁথিকেটে তা প্রদর্শন করে বেড়ায় এবং 'মুমিলাড' অর্থ যাদেরকে অন্যরা অনুকরণ করে। তাদের মাখা উটের ঝুঁকে পড়া কুঁজের মত হবার অর্থ হলো পট্টিবেঁধে অথবা খোঁপা বেঁধে কুঁজের মাথাকে দেখাবার প্রবর্ণতা প্রদর্শন করা।

নাফে' (র) বলেন, ইব্ন উমর (রা) ও আবদুরাহ্ ইব্ন আমর (রা) একবার যুবায়র ইব্ন আবদুল মুন্তালিবের নিকট উপস্থিত ছিলেন, তখন এক মহিলা ছাগল তাড়াতে তাড়াতে এসে সেখানে উপস্থিত হলো। তার কাঁথে ছিল তীর, তখন আবদুরাহ্ ইব্ন উমর (রা) বললেন, তৃমি পুরুষ না মহিলা ? সে বললো, আমি মহিলা। তারপর সে ইব্ন উমর (রা)-এর দিকে তাকালে তিনি বললেন, "আল্লাহ্ তাঁর নবীর ভাষায় ঐ সকল মহিলাকে লা'নত করেছেন যারা পুরুষের বেশে চলাফেরা করে এবং ঐসব পুরুষকেও লা'নত করেছেন যারা মহিলাবেশে চলাফেরা করে।"

যে সকল কাজের জন্য মহিলাদের উপর লা নত আসে, তা হল বোরকার নীচ হতে স্বর্ণ, মুক্তা ইত্যাদির অলংকার বের করে তাদের সৌন্দর্য প্রদর্শন করা এবং তারা যখন ঘরের বাইরে বের হয়, তখন মিশক আম্বর ইত্যাদি সুগন্ধি ব্যবহার করে বের হওয়া আর ঘরের বাইরে যাবার সময় রং-বেরছের শাড়ি-কাপড়, রেশমী পোশাক, আট-সাঁট ব্লাউজ বা পরিধানের কাপড়ের আঁচল ঝুলাতে ঝুলাতে চলা, এভাবে বাইরে ঘরে বেড়ালে তাদের প্রতি আল্লাহ্ অসম্বৃষ্ট হন এবং যারা ঘুরে বেড়ায় তাদের জন্যও এটা দুনিয়া ও আঝিরাতের অসম্বৃষ্টি ও অনিষ্ট বয়ে আনে। বর্তমান সমাজে এ ধরনের নগুতা ও শালীনতা বিবর্জিত চালচলন অনেক মহিলাকেই পেয়ে বসেছে এবং এটা তাদের মতে একটা ক্যাশনও বটে। নবী করীম (সা) বলেছেন: "আমি জাহানামের দিকে তাকিয়ে দেখলাম যে, এর অধিকাংশ অধিবাসীই মহিলা।" (বুখারী ও মুসলিম) নবী করীম (সা) আরও বলেছেন, আমার পরে পুরুষরা যেসব সমস্যার সম্মুখীন হবে তার মধ্যে সবচেয়ে মারাত্মক সমস্যা হলো মহিলাদের আচরণ।"

মহান আল্লাহ্ আমাদের নারী সমাজকে এসব বেহারপনা, নগুতা ও শালীনতা বিবর্জিত আচরণের অভিশাপ হতে রক্ষা করুন এবং তাদের শালীনতাপূর্ব আচরণের তৌফিক দান করুন।

উপদেশ

আদম সন্তান! তুমি যেন মৃত্যুর সাথেই রয়েছো এবং হঠাৎ এসে আক্রমণ করে তোমাকে তাদের সাথে মিশিয়ে দেবে যারা আগেই চলে গেছে। আর তোমাকে একাকীত্বের অন্ধকার ঘরে বদলি করবে। মৃত্যুর কেরেশতার কাছে তাঁবুর মধ্যে তুমি আবদ্ধ থাকবে। বিচ্ছিন্ন হয়ে যাবে তোমার জমাকৃত সম্পদ থেকে এবং তোমার সংগঠন ও দল থেকে। তুমি তোমার অতেল সম্পদ ও চাকর-চাকরাণীর শক্তি দিয়ে তাকে তাড়াতে পারবে না এবং তুমি চরমতাবে লক্ষিত হবে। কি আশ্বর্য সে চোখের

জন্য যে ঘুমায় এবং তার অনুসন্ধানকারী ঘুমায় না। কবে তুমি ভয়ের আগুন তোমার অন্তরে প্রজ্বলিত করবে? আর কতকাল তোমার নেককাজ ধ্বংস হতে থাকবে এবং পাপ কাজ নতুন রূপ লাভ করবে? আর কতকাল গুয়ায নসীহত তা যতই জোরালো হোক, তোমার মাঝে কোন পরিবর্তন আনবে না? আর কতকাল তুমি অবহেলা ও অলসতায় বিভাের থাকবে? কবে তুমি ভীত হবে সেদিন সম্পর্কে, যেদিনে চামড়া কথা বলবে ও সাক্ষ্য দেবে? কবে তুমি সে বন্ধু ছেড়ে দেবে যা ফুরিয়ে যায় ঐ বন্ধুর পরিবর্তে যা ফুরায় না? কবে তুমি ভয় ও আশার আবেগের সমুদ্রে সাঁতার কাটতে থাকবে? কবে তুমি রাত যখন অন্ধকার হবে তখন নক্ষল নামাযে দাঁড়িয়ে থাকবে? তারা কোথায় যারা তাদের মালিকের জন্য একাকী আমল করেছে এবং অন্ধকারের মধ্যে দাঁড়িয়ে রুক্-সিজদা করেছে? আর তারা তার দরজায় শেষরাতে দাঁড়িয়ে বিচরণ ও আসা-যাওয়া করেছে। দিনের আমল হিসাবে রোযা রেখে ধর্য ধারণ ও সাধনা করেছে। তারা চলে গেছে এবং তোমার ইন্ডিকাল বাকি আছে। আর তুমি যা করবে তাই পাবে। তুমি তাদের পেছনে পড়ে আছো যদিও তুমি শক্রর সাথে মিলিত হওনি। কবি বলেন:

يًا نائم الليل متى ترقد × قم يا حبيبى قد دنا الموعد من نام حتى ينقضى ليله × لم يبلغ المنزل او يجهد فقل لذوى الالباب اهل التقى × قتطرة العرض لكم موعد

"ওবে গভীররাতে ঘুমে মগ্ন ব্যক্তি। তুমি কখন জাগবে? ওঠ হে আমার বন্ধু! প্রতিজ্ঞার সময় নিকটবর্তী। যে ব্যক্তির ঘুমোতে খুমোতে রাত ফুরিয়ে যায়—সে যতই চেষ্টা করুক সে তার লক্ষ্যে পৌছতে পারবে না। অতএব জ্ঞানী ও নেককারদের বলে দাও যে, সৃন্ধ পুল হলো তোমাদের ওয়াদার বস্তু।"

৩৪. দাইয়ুস এবং যে দু'জনের মধ্যে বিবাদ ঘটানোর চেষ্টা করে

আল্লাহ্ তা'আলা বলেছেন :

اَلزَّنِيْ لاَ يَنْكِحُ الاَّ زَانِيةً أَوْ مُشْرِكَةً وَالزَّانِيةُ لاَ يَنْكِحُهَا إلاَّ زَانِ الْ

"ব্যভিচারী পুরুষ ব্যভিচারিণী অথবা মুশরিক মহিলা ছাড়া অন্যকে বিবাহ করে না এবং ব্যভিচারিণী মহিলা ব্যভিচারী পুরুষ অথবা মুশরিক ছাড়া বিবাহ করে না। ঈমানদারদের জন্য তা হারাম করা হয়েছে।" (সূরা নূর: ৩)

হ্যরত আবদুক্মাহ ইব্ন উমর (রা) বর্ণনা করেন, নবী করীম (সা) বলেছেন :
"তিন ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না—মাতাপিতার অবাধ্য সন্তান, দাইয়ুস এবং
মহিশার পোশাক-পরিক্ষদ ও আচরণ ধারণকারী পুরুষ।" (নাসাই, বায্যার ও হাকিম)

ইমাম নাসাঈ (র) বর্ণনা করেছেন যে, রাস্পুন্থাত্ (সা) বলেছেন: "আপ্তাত্ তা'আলা তিন ব্যক্তির জন্য জান্নাত হারাম করে দিয়েছেন। মদাসক্ত, পিতামাতার অবাধ্য সন্তান এবং দাইয়ুস, যে নিজ ব্রীর ব্যক্তিচারে লিও হওয়াকে পছন্দ করে।" (এরপ ন্যক্কারজনক কাজ হতে আক্লাহ্র পানাহ চাচ্ছি)।

গ্রন্থকার (র) বলেন: যে ব্যক্তি তার দ্রীর অশালীনতা সম্বন্ধে জ্ঞাত অথচ সে তাকে ভালবাসে বলে তাকে প্রতিবাদ করে না অথবা সে দ্রীর কাছে খাণী বলে তার প্রতি দুর্বল অথবা তার মোহর দিতে পারবে না বলে কিছু বলে না অথবা তার ছোট ছোট সন্তান রয়েছে, যদি তাকে তালাক দেয় তবে সে এসব সন্তানের ভরণ-পোষণের জন্য কাযীর কাছে মামলা দায়ের করবে। আর কাযীর দায়িত্বে এমন লোক রয়েছে যে তার প্রতিপক্ষ। অথবা এমন লোক যার কোন ব্যক্তি-মর্যাদার অনুভূতি নেই এবং নির্লজ্জ বলে দ্রীর স্বেচ্ছারের বিরোধিতা করে না, সে হলো দাইয়ুস।

উপদেশ

ওহে সেসব লোক, যারা নশ্বর কামনার পেছনে দিও! সমাগত মৃত্যুর জন্য কখন প্রস্তুতি গ্রহণ করবে? অতীতের যাত্রীদের সাথী হওয়ার প্রচেষ্টা তুমি করনি। তুমি কি লোভ করছো? অথচ তোমাকে কি যাওয়ার জন্য যামিন রাখা হয়নি? আফসোস! আফসোস! আফসোস! ... যে ভোগের আশায় বুক বেঁধে আছ, ভোগের নেশা ধ্বংসকারীর আক্রমণকে ভয় করো। তার কৌশল ও ফন্দিকে ভয় করো যা মুহুর্তের মধ্যে সকল আশা নিরাশায় পরিণত করে। কবি বলেন:

"তুমি যে স্বাদ পুকিয়ে রেখেছো তা চলে যাবে এবং তারপর অবশিষ্ট থাকবে পর্যায়ক্রমিক ডিক্ততা। হায় আফসোস। তাদের প্রতিজ্ঞার দিনের জ্বন্য, যদি তারা জান্নাতের দিকে অগ্রসর হতো তাহলে কতই না ভাল হতো। যারা দোযক্রটি গোপন করছে, তাদের যদি লজ্জা থাকতো তবে আরো আফসোস বৃদ্ধি পেতো।"

ওহে সেসৰ লোক, যাদের আমলনামা গুনাহদারা বেষ্টিত হয়ে গেছে এবং অধিক ভনাহের কারণে নেকীর পাল্লা হালকা হয়ে গেছে। তুমি কি দেখনি যে তার আকাজ্ফা পূর্ণ হয়ে গেছে। তুমি কি দেখনি যে, এক এক করে কবরে আকাঞ্চ্চিত ব্যক্তিকে পাঠানো হয়েছে৷ তুমি কি দেখনি যে শৌখিন লোকদের দেহ কাফনের মধ্যে আবৃত করা হয়েছে। হে অহংকারী। তুমি কি দেহের তার সম্পর্কে অবগত আছো যে, তা কিভাবে ক্রমান্তরে পূর্বতা লাভ করছে মায়ের পেটে এবং তুমি নিচ্ছের মুক্তির জন্য কবে সতর্ক হবে? অপরের অবস্থা দেখে তুমি কবে নিজে শিক্ষা গ্রহণ করবে? পারস্যের বীর রাজা-বাদশাহগণ কোধায়ঃ কোধায় আশীর্বাদপ্রাপ্ত দাসীগণ যারা দঙ্কভরে চলতোঃ কোপায় বীর্যবান অহংকারী অসচেতন লোকেরাঃ যারা প্রশন্ত অট্টালিকায় বসবাসে অভ্যন্ত, তারা কোধায় ? কবরের সংকীর্ণ বন্দীশালায় আবদ্ধ করা হয়েছে। যারা ছিল পোশাক-পরিদ্ধদে শৌখিন তারা আজ বস্তুহীন অবস্থায় মাটিতে পড়ে আছে। যারা ছিল পরিবার-পরিজন ও আশার ব্যাপারে উদাসীন, তারা কোথায়? আক্রমণকারীর ছোবল তাকে নিঃলেষ করেছে। কোখায় সম্পদ জমাকারীঃ সংরক্ষণকারী ও সংরক্ষিত সবই ধ্বংস হয়েছে। যারা দুনিয়ার ধোঁকা সম্পর্কে সচেতন, তাদের উচিত দুনিয়াকে পরিত্যাগ করা। আর যে আত্মভোলা, তার উচিত সচেতন হওয়া। যার স্থানান্তরের সময় এসেছে, তার উচিত উপদেশ গ্রহণ করা। যারা প্রাচুর্যের মাঝে ডুবে আছে, তাদের উচিত কৃতজ্ঞতা প্রকাশ করা। আর যার জান্নাতের আহ্বান এসেছে, তার উচিত কামনার ময়দানের সাথে সম্পর্ক ছিন্ন করা এবং সেখানে উপস্থিত হওয়া।

৩৫. কুট-কৌশলী এবং যার জন্যে কুট-কৌশল করা হয়'

হযরত আবদুরাহ্ ইব্ন মাসউদ (রা) বলেন, রাস্পুরাহ্ (সা) মুহারিল (হিলাকারী) এবং মুহারাল্লাহ্ (যার জন্য হিলা করা হর) উভয়কেই লা'নত করেছেন। (নাসাঈ, তিরমিযী)

ইমাম তিরমিথী (র) বলেছেন, হযরত উমর (রা), হযরত উসমান (রা) এবং হযরত আবদুয়াই ইব্ন উমর (রা) এ হাদীসের উপর আমল করেছেন। অর্থাৎ হিলাকে আবৈধ মনে করতেন। তাঁদের মত তাবিঈনের মধ্যে বারা ইসলামী আইন বিশেষজ্ঞ ছিলেন, তাঁরা এবং অন্যান্য আলিমও একান্ধকে অবৈধ মনে করতেন। এ হাদীসটি ইমাম আহমদ তাঁর মুসনাদে এবং নাসাঁদ্ব তাঁর সুনানে রিওয়ায়াত করেছেন।

হযরত ইব্ন আব্বাস (রা) বলেছেন, রাস্পুরাহ্ (সা)-কে মুহারিল সম্পর্ক জিজেস করা হলে তিনি বলেন: "না, তা জায়েষ নর। মনে রেখো, বিবাহ হতে হবে আগ্রাহের সাখে, গোপন চুক্তি বা প্রভারণার আপ্রয় নেরাকে বিবাহ বলা চলে না। আল্লাহ্র কিভাব নিয়ে ঠাটা করা বাবে না এবং যৌনসভোগ বা পাণি গ্রহণ না করা হলে বিবাহ হবে না।" এ হাদীসটি আবৃ ইসহাক আশ-জাওজানী বর্ণনা করেছেন।

উকবা ইব্ন আমির (রা) বলেন, রাস্বুল্লাহ (সা) বলেছেন :

أَلاَ أَخْبِرُكُمْ بِالتَّيْسِ الْمُسْتَعَارِ ؟ قَالُواْ بَلَى بِاَ رَسُولَ اللهِ قَالَ هُوَ الْمُحَلِّلُ لَهُ مُ

"তোমাদেরকে ধারকরা পাঁঠার কথা বলবাে কিঃ সাহাবীগণ বললেন, বলুন ইয়া রাস্লাল্লাহ্ (সা)। তিনি বললেন, তা (ধারকরা পাঁঠা) হলো মুহাল্লিল বা হিলাকারী। আল্লাহ্ তা'আলা মুহাল্লিল এবং মুহাল্লাল্লাহ্ উভয়ের প্রতি লা'নত বর্ষণ করেছেন।"

(ইবৃন মাজাহ)

১. হিলা : কোন ব্যক্তি যদি তার ব্রীকে তিন তালাক দের, তবে সে ব্রী ঐ বামীর জন্য হারাম হয়ে যায়। কোনক্রমেই সে ঐ বামীর জন্য হালাল নয়। তবে ঘটনাচক্রে যদি এমন হয় যে, সেই মহিলার অপর কোন প্রুক্তের সাথে বিয়ে হয় এবং সে বামী তাকে আবার তালাক দেয় অথবা সে বামী মায়া যায়, তবে ইজত শেব হবার পর প্রথম বামী তাকে আবার বিবাহ করতে পারে। অনেকে এই বিধানের সুবোগ গ্রহণ করে। প্রবাহত রাগের মাধায় ব্রীকে তালাক দেয়। পরে তাকে রাধায় জন্য কোন ব্যক্তির সাথে এই মর্মে চুক্তি করে য়ে, সে ঐ মহিলাকে বিয়ে করে তালাক দেবে এবং প্রথম বামী তাকে বিবাহ করবে। এরপ বিবাহ নামক প্রবক্তনাকে হিলা বলে। য়ে হিলা করে তাকে মৃহাল্লালাহ বলে।

হ্যরত ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। এক লোক তাঁকে জিজ্ঞেস করলো, আমি এক মহিলাকে বিয়ে করেছি তার পূর্ব স্বামীর জন্য তাকে হালাল করার উদ্দেশ্যে। সে আমাকে এটা করার নির্দেশিও দেয়নি এবং আমাকে শিখিয়েও দেয়নি। এ বিয়ে সম্পর্কে আপনার অভিমত কিঃ ইব্ন উমর (রা) তাকে বললেন, না, আগ্রহ ছাড়া বিবাহ হয় না। তোমার যদি ভাল লাগে তবে রেখে দাও অন্যথায় তাকে ছেড়ে দাও। এ ধরনের বিয়েকে রাস্ল (সা)-এর সময় আমরা ব্যক্তিচার বলে গণ্য করতাম। এ সম্পর্কে সাহাবীগণ এবং তাবিউনের অভিমত নিয়ে দেওয়া হলো:

আসরম এবং ইবৃনুল মুন্থির (র) হ্যরত উমর (রা) থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন, "আমার নিকট হিলাকারী ও যার পক্ষে হিলা করা হয় তাকে আনা হলে আমি তাদেরকে প্রস্তারাঘাতে মৃত্যুদত দিয়ে ছাড়বো।" হ্বরত উমর (রা)-কে প্রথম স্বামীর সাথে যাওয়ার জন্য মহিলাদের হিলায় সন্মত হওয়া সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, এতো ব্যক্তিচার।

আবদুল্লাহ্ ইব্ন শারীক আল-আমিরী (রা) বলেন, আমি তনেছি—"একবার আবদুল্লাহ্ ইব্ন উমর (রা)-কে জিজ্ঞেস করা হলো—এক ব্যক্তি তার চাচাত বোনকে বিয়ে করে পরে তালাক দিয়েছে। তারপর ঐ ব্যক্তি অনুতর হয়েছে এবং তার প্রতি আমহ প্রকাশ করেছে। এখন এক ব্যক্তি ঐ মহিলাকে তার স্বামীর জন্য হালাল করার উদ্দেশ্যে বিয়ে করতে সম্বত হয়েছে, এটা কি জায়েয হবে? ইব্ন উমর (রা) বললেন, তারা উভয়ই ব্যভিচারী যদিও তারা বিশ বছর বা তদনুরূপ সময়ের জন্য হিলার ইচ্ছা করে থাকে।

হযরত ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত আছে যে, একবার এক ব্যক্তি তাঁকে জিজ্ঞেস করলো, আমার চাচাত ভাই তার ব্রীকে তিন তালাক দিয়ে ফেলেছে। অতঃপর সে এ জন্য অনুতপ্ত হয়েছে। তিনি বললেন, তোমার চাচাত ভাই তার প্রতিপালকের নাক্তরমানী (অবাধ্যতা) করেছে যা তাকে অনুতপ্ত করেছে। সে শয়তানের অনুসরণ করেছে তাই তার ব্রীকে পাবার জন্য কোন পথ নেই। ঐ ব্যক্তি আবারও প্রশ্ন করলো, যদি কেউ তার ব্রীকে হালাল করে দেয়, তাহলে কেমন হবেং তিনি বললেন: যে আল্লাহ্ তা'আলাকে খোঁকা দেবে সে খোঁকা খাবে।

ইবরাহীম নাখাঈ (র) বলেছেন : প্রথম স্বামী, দ্বিতীয় স্বামী অথবা মহিলা এ তিন জনের কোন একজনের হিলা করার নিয়ত থাকলে দ্বিতীয় বিয়ে বাতিল হয়ে যাবে এবং প্রথম স্বামীর জন্য ঐ মহিলা হালাল হবে না।

হযরত হাসান বসরী (র) বলেছেন, তিনজনের কোন একজনের তাহলীলের (হিলা করার) নিয়ত থাকলে বিয়ে ফাসিদ হয়ে যাবে।

তাবিঈনের ইমাম হ্যরত সাঈদ ইবনে মুসাইয়াব (র) বলেছেন : কেউ যদি কোন মহিলাকে তার পূর্বের স্বামীর জন্য হালাল করার উদ্দেশ্যে বিয়ে করে, তবে তা হালাল হবে না। মালিক ইব্ন আনাস (র), লাইস ইব্ন সাম্মাদ (র), সৃক্ষিয়ান সাওরী (র) এবং ইমাম আহমদ (র) প্রমুখ এমত পোষণ করেন। ইসমাদিল ইবন সাম্মাদ বলেন, আমি আহমদ ইবনে হাছল (র)-কে জিজেন করেছিলাম, যদি কেউ কোন তালাকপ্রাধা মহিলাকে তার প্রথম স্থামীর জন্য হালাল করার উদ্দেশ্যে বিরে করে এবং মহিলার উদ্দেশ্য সম্পর্কে তার জানা না থাকে, তবে এ বিরে কি জায়েয হবেং তিনি বললেন, সে হবে মুহালিল। তার উদ্দেশ্য যদি থাকে হিলা করা, তবে সে হবে অভিশপ্ত। ইমাম শাফিট (র)-এর মাযহার হলো, বিরাহের লর্ড যদি তাহলীল হয় তবে বিবাহ প্রস্তাব বাতিল বলে গণ্য হবে। কেননা এ ধরনের বিবাহ প্রস্তাবের উদ্দেশ্য বন্ধন নয়, বয়ং বিজ্ঞেদ। তাই এ বিয়ে মুড'জাহ বিয়ের মত বাতিল হবে। যদি আকদ বা বিবাহ প্রস্তাবের পূর্বে এ শর্ড হয়, তাহলে আকদ সহীহ হবে। আর যদি আকদের সময় বা তার পূর্বে শর্ত না হয়, তবে আকদ নষ্ট হবে না।

যদি এই শর্ডে বিবাহ করে যে, যখন তাকে হালাল করা হবে তখন-ই তালাক দেবে। তবে এ ধরনের শর্ডের ক্ষেত্রে দৃটি অভিমত আছে। বিভন্ধ অভিমত হলো বিয়ে বাতিল হয়ে যাবে। আর এ বিবাহ বাতিল হবার কারণ হলো, এটা এমন একটি শর্ড যা বিবাহ বন্ধন স্থায়ী হবার পরিপন্থি। বিতীয় কারণ হলো, একটি আকদের সাথে সংযুক্ত একটি ফাসিদ শর্ড। কাজেই বিবাহ বাতিল হবে না যেমন কোন ব্যক্তি যদি এই শর্ড সাপেক্ষে বিয়ে করে যে, সে আর অন্য কোন মহিলাকে তার বর্তমানে বিয়ে করেবে না এবং তার সাথে অমণ করবে না, তবে তার বিয়ে বাতিল হয় না।

৩৬. পেশাব থেকে পবিত্র না থাকা যা খ্রিন্টানদের স্বভাব

আল্লাহ্ তা'আলা বলেছেন :

্র ভামার ভূষণ পবিত্র কর।" (স্রা মুদ্দাস্সির ; ৪)

ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত আছে। তিনি বলেন, একবার নবী করীম (সা)
দৃটি কবরের পাশ দিয়ে যাবার সময় বললেন, "এদের দু'জনের আয়াব হচ্ছে, তবে এ
আয়াব বড় কোন অপরাধের জন্য নয়। তাদের একজন পরনিন্দা করে বেড়াতো এবং
অপরজন পেশাব হতে বেঁচে থাকতো না।" (বুখারী, মুসলিম)

রাস্পুলাহ (সা) বলেছেন : "তোমরা পেশাব থেকে সতর্ক থাকো। কেননা অধিকাংশ কবর আযাব এ কারণেই হয়ে থাকে।" (দারা কুতনী)

যে ব্যক্তি তার দেহ ও পোশাক-পরিচ্ছদ পেশাব হতে ব্রহ্মা করে না, তার নামায कव्ल रत्र ना । राकिय जाव् नूजाग्रम जात्र 'जाल-रिलग्राट्' नामक श्राष्ट्र माकी देवन মাতি' আল-আসবাহী থেকে বর্ণনা করেছেন যে, রাস্লুস্তাহ (সা) বলেছেন : চার শ্রেণীর গোক জাহান্নামে তাদের প্রাপ্ত শান্তিষারা অন্যান্য জাহান্নামীকে কষ্ট দেকে—তারা জাহান্নামের গরম পানির মধ্যে দৌড়াতে থাকবে এবং ধাংস কামনা করতে থাকবে। জাহান্নামীরা একে অপরকে বলবে, এদের কি হলোঃ এমনিভেই আমরা কট ভোগ করছি, তার সাথে তারা আবার কষ্ট দিছে। নবী করীম (সা) বন্দদেন, তাদের এক ব্যক্তি জাহান্নামের আগুনের সিন্দুকে আবদ্ধ থাকবে। অপর এক বক্তি নিচ্ছের অন্ত নিচ্ছেই টেনে বের করবে, অন্য একজনের মুখ দিয়ে বমি এবং রন্ড বের হতে থাকবে এবং আর এক লোক সে তার নিজের শরীরের গোশৃত নি**জেই খেতে থাকবে**। হযরত নবী করীম (সা) বলেন, তখন সিন্দুকে আবদ্ধ ব্যক্তি সম্বদ্ধে জাহান্নামীরা জিজেস করবে, ওহে বিশ্বাসঘাতক! কি অপরাধ করেছিলে, আমাদের করের ওপর আবার কষ্ট দিচ্ছোঃ তখন বদা হবে, এ বিশ্বাসঘাতক এমন অবস্থায় মারা গেছে যে, তার ওপর খাণের বোঝা ছিল। অতঃপর যে নিজের অন্ত্র টেনে বের করছে তার সম্বন্ধে জিজেস করা হবে, এ হডভাগার এ অবস্থা কেনঃ আমাদের কটের ওপর সেও আমাদের কষ্ট দিচ্ছে৷ তখন বলা হবে, এ লোক পেশাব থেকে বেঁচে থাকতো না এবং সাফ করতো না। অতঃপর যার মুখ দিয়ে রক্ত ও মাংস বেরুছে তার সংস্থে জাহান্নামবাসীরা জিজ্ঞেস করবে, এ বিশ্বাসঘাতকের কি হয়েছে, সে আমাদের কষ্টের সাথে আরও কট বাড়াচ্ছেঃ বলা হবে, সে যেখানেই কুকথার চর্চা হতো সেখানেই

অংশগ্রহণ করতো এবং তাতে সে আনন্দ পেতো। অপর এক রিওয়ায়েতে আছে—সে মানুষের গোশৃত বেতো এবং চোপলখোরী করতো। অবশেষে যে নিজের গোশৃত খাবে তারা তার এ দুরবস্থার কারণ সম্বদ্ধে জিজ্ঞেস করবে। বলা হবে, এ বিয়ানতকারী কেন আমাদের শান্তির সাথে সে আরো কট্ট বাড়াচ্ছেঃ বলা হবে, সে মানুষের মাংস বেতো অর্থাৎ গীবত করতো।

উপদেশ

হে বান্দাপণ! তোমাদের পূর্ববর্তী লোকেরা বেখানে হোঁচট বা আঘাত খেয়েছে, সেখান থেকে শিক্ষা প্রহণ করো। তারা কোথায় চলে গেছে এবং তাদের শেষ পরিণতি কি হয়েছে তা চিন্তা করে দেখো। জেনে রাখো! তারা পরশার ভাগ হয়ে বিভিন্ন পথে চলে গেছে। তবে যারা নেককার ও তাল, তারা সফল হয়েছে এবং তাদের ভাগ্য সূপ্রসন্ন হয়েছে প্রবং বারা বদকার, তারা ধাংস হয়েছে। অতএব তুমি তোমার নিজের প্রতি দৃষ্টিপাত করো সমাগত অবস্থার উপস্থিতির পূর্বে।

कवि वर्लाइन :

"জনুশশ্রে মানুবের অবস্থা হলো নব চাঁদের মত। ছোট আকৃতি নিয়ে আত্মপ্রকাশ করে, তারপর আন্তে আন্তে প্রসারতা লাভ করে। বেড়ে বেড়ে যৌবন পূর্বতার উচ্চ শিখরে আরোহণ করে এবং পূর্বের অবস্থায় ফিরে এসে বিলীন হয়ে যায়। যৌবন একটি সুদর্শন চাদরের মত ছিল এবং উড়ে উড়ে তা পুরাতন কাপড়ের ন্যায় অকেজো হয়ে গেছে। চাঁদ বেমন আকাশের শেখপ্রান্তে হেসে হবে হবে ছবে যায়, বার্থক্যে মানুষও অনুরূপভাবে বিলীন হয়ে যায়। ভূমি অবাক হলেও যুগের আন্তর্থসমূহ শেষ হবে না দ্নিয়াদারদের জন্য— তারা যা বলেছে, সত্যই বলেছে। পরিচারভাবে বলে দেয়ার পরেও যে সব লোক বাতিল দেখে ঘোঁকা খায় এবং ঘোঁকাকে আঁকড়ে ধরে থাকে, তাদের জন্য আকেল। অবৃত্তি আমাকে চাকচিক্যের দিকে ডাকে, আর আমি বলি, কোথায় মানুবের রাজ্য ও রাজত্ব, প্রভুত্ এবং বাজার। তাদের পূর্বে যারা দ্নিয়ার আরাম আয়েশে আকৃষ্ট হয়েছিল তারা কোথায়ঃ

তাদের বসবাসের স্থান এখন শূন্য ও বদ্ধ ঘরে পরিণত হয়েছে। দেখে মনে হয় যে, তাদেরকে সৃষ্টিই করা হয়নি। হে ভোগের নেশায় মন্ত লোকেরা! এ পৃথিবী এমন একটি স্থান যার কোন স্থায়িত্ব নেই। বিলীন উন্মুখ ছায়ায় যে ধোঁকা খায়, সে নির্বোধ।

৩৭. রিয়া (লোক দেখানো কাঞ্চ)

আক্লাহ্ ডা'আলা মুনাফিকদের সমক্ষে বলেছেন :

١. يُرَءُونَ التَّاسَ وَلاَ يَدْكُرُونَ اللَّهُ الاً قَليْلاً.

"তারা মানুষকে দেখায় । আসলে তারা খুব কমই আল্লাহকে স্বরণ করে।"
 (সুরা নিসা: ১৪২)

٢. فَوَيْلٌ لِلْمُصِلِّيْنَ ، الَّذِيْنَ هُمْ عَنْ صَلاَتِهِمْ سَاهُوْنَ ، الَّذِيْنَ هُمْ عَنْ صَلاَتِهِمْ سَاهُوْنَ ، الَّذِيْنَ هُمْ يُرَاءُوْنَ ، وَيَمْنَعُونَ الْمَاعُوْنَ .

২. "সূতরাং দুর্ভোগ সে সব নামায় আদারকারীর জন্যে, যারা তাদের নামায় সম্বন্ধে উদাসীন। যারা তা করে (নামায় পড়ে) লোক দেখানোর জন্য এবং গৃহস্থালির ছোটখাটো সাহায্যদানে বিরত থাকে।" (সূরা মাউন: ৪-৬)

٣. يُلَيُّهَا الَّذِيْنَ أَمَنُوا لاَ تُبْطِلُوا صَدَقْتِكُمْ بِالْمَنُ وَالْاَذٰي كَالَّذِي عُالَّذِي يُنْفِقُ مَا لَهُ رِئَاءَ النَّاسِ وَلاَ يُوْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْأَخِرِ

৩. "হে ঈমানদারগণ। দানের কথা প্রচার করে এবং খোঁটা দিয়ে তোমরা তোমাদের দানকে নষ্ট করো না—ঐ লোকের মত যে নিজের ধন লোক-দেখানোর জন্য ব্যয় করে এবং আল্লাহু ও পরকালে বিশ্বাস করে না।"

(সুরা আল-বাকারা: ২৬৪)

٤. فَمَنْ كَانَ يَرْجُواْ لِقَاءَ رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلاً مَسَالِحًا وَلاَ يُشْرِكُ بِعِبَادة رَبِّهِ إَحَدًا .

৪. "সৃতরাং যে তার প্রতিপালকের সাক্ষাত কামনা করে, সে যেন সংকাজ করে এবং তার প্রতিপালকের ইবাদতে কাউকেও অংশী না করে।" (সূরা কাহফ: ১১০) অর্থাৎ সে যেন আমলের প্রদর্শনী না করে।

হযরত আবৃ হ্রায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ্ (সা) বলেছেন : কিয়ামতের দিন সর্বপ্রথম যে লোকটির বিচার করা হবে, সে হলো আল্লাহ্র পথে শহীদ। তাকে উপস্থিত করে তার প্রতি আল্লাহ্ তা'আলার যে সব নিয়ামত রয়েছে—তা শ্বরণ করিয়ে দিয়ে বলা হবে, তুমি কি আমল করেছোঃ সে বলবে, আমি তোমার পথে যুদ্ধ করে শাহাদাতবরণ করেছি। আল্লাহ্ তা'আলা বলবেন, তুমি মিথ্যা বলছো, তুমি

যুদ্ধ করেছো এজন্য যে, তেমাকে বীর বলা হবে। তোমাকে তা বলা হয়েছে। তারপর তাকে জাহান্নামে নিয়ে যাওয়ার হুকুম দেয়া হবে এবং তাকে উপুড় করে টেনে নিয়ে জাহান্নামে ফেলা হবে! তারপর এমন এক ব্যক্তিকে হাযির করা হবে যাকে আল্লাহ তা আলা বিপুল পরিমাণে অর্থ-সম্পদ দান করেছেন এবং সে তা অকাতরে আল্লাহ্র পথে ব্যয় করেছে। তাকে আল্লাহ্ তা'আলার দানের কথা শ্বরণ করিয়ে দিয়ে বলা হবে, তুমি এসবে কি আমল করেছোঃ সে বলবে, বেসব খাতে বায় করলে তুমি সন্তুষ্ট হও আমি এর কোন খাতে ব্যয়করা বাদ দেইনি। তখন আল্লাহ্ তা'আলা বলবেন, তুমি মিখ্যা বলছো। তোমার দান করার উদ্দেশ্য ছিল এ দান পেয়ে লোকেরা তোমাকে দানবীর বলবে। তোমাকে তা বলা হয়েছে। তারপর তাকে উপুড় করে টেনেহেঁচড়ে জাহান্নামে নিক্ষেপ করার নির্দেশ দেয়া হবে, এবং তা-ই করা হবে। তারপর যে ব্যক্তিকে আল্লাহ্র আদালতে উপস্থিত করা হবে সে হলো এমন ব্যক্তি যে জ্ঞান অর্জন করেছে (অর্থাৎ আলিম) এবং তা শিক্ষা দিয়েছে; কুরআন শরীফ পাঠ করেছে। তাকেও আল্লাহ্ তা'আলা তাঁর দানের কথা শ্বরণ করিয়ে দিয়ে বলবেন, তুমি কি আমল করেছোঃ সে বলবে, আমি ইল্ম শিখেছি, অন্যদের শিখিয়েছি এবং তোমার সন্তুষ্টির জন্য কুরআন তিলাওয়াত করেছি। আল্লাহ্ তা'আলা বলবেন, তুমি মিখ্যা বলছো। তোমাকে মানুষে আলিম বলে ডাকবে, সে জন্য তুমি ইল্ম শিক্ষা করেছো। আর লোক তোমাকে কারী সাহেব বলে ডাকবে, সেজন্য কুর্ত্থান তিলাওয়াত করেছো। তারপর তাকে জাহানামের ফেলার নির্দেশ দেয়া হবে এবং উপুড় করে টেনে নিয়ে জাহান্নামে নিক্ষেপ করা হবে।" (মুসলিম)

নবী করীম (সা) বলেছেন:

"যে ব্যক্তি নিজের সুখ্যতি ও সুনাম চায়, আল্লাহ্ তাকে সুখ্যতি দান করেন আর যে নিজেকে প্রদর্শন করতে চায়, আল্লাহ্ তাকে প্রদর্শন করতে দেন।"

(বুখারী, মুসলিম)

ইমাম খান্তাবী (র) এ হাদীসের ব্যখ্যায় বলেন, যে ব্যক্তি আন্তরিকতা ছাড়া কোন আমল করে এবং লোক-দেখানোর উদ্দেশ্যে তা করে, আর এ কান্ডের উদ্দেশ্য হয় খ্যাতি লাভ। আল্লাহ্ তাকে প্রসিদ্ধি দান করেন এবং পরিণামে তাকে লচ্ছিত করেন। তার ভেতরের উদ্দেশ্য প্রকাশ হয়ে পড়ে। নবী করীম (সা) বলেছেন: "সামান্যতম রিরাও শিরকের অন্তর্ভুক্ত।"

নবী করীম (সা) আরও বলেছেন: আমি তোমাদের পক্ষ থেকে ছোট শিরক হবার বেশি ভয় করছি। আরম করা হলো, ইয়া রাসূলাল্লাহ্ (সা)! ছোট শিরক কি? তিনি বললেন: রিয়া বা লোকদেখানো কাজ করা। যেদিন আল্লাহ্ তাঁর বান্দাদের আমলের প্রতিদান দেবেন, সেদিন তিনি বলবেন: তাদের কাছে যাও যাদের তোমশ্বা নিজেদের আমল দেখাতে এবং দেখ, তাদের কাছে কোন প্রতিদান বা পুরস্কার পাও কি নাঃ কুরআন মজীদে এ প্রসঙ্গে আল্লাহ্ তা'আলা বলেছেন ;

وَبُدًا لَهُمْ مَنْ اللَّهِ مَا لَمْ يِكُونُواْ يَحْتَسِبُونَ .

"আল্লাহ্ তা'আশার পক্ষ থেকে তাদের জন্য প্রকাশ হয়ে পড়বে যা তারা ধারণা করেনি।" (সূরা যুমার : ৪৭)

অর্থাৎ দুনিয়াতে তারা প্রদর্শনীর উদ্দেশ্যে যে সব নেক আমল করেছে এবং কল্যাণকর মনে করেছে, কিয়ামতের দিন তা পাপ হিসেবে আঅপ্রকাশ করবে। কোন কোন বুষর্গ আয়াত পাঠ করার সময় বলতেন (وَيُـلُ لَا لَهُ لِي الرِّبَاءِ) "প্রদর্শনীর উদ্দেশ্যে আমলকারীদের জন্য দুর্ভোগ।"

কথিত আছে, কিয়ামতের দিন রিয়াকারীদের চারটি নামে সম্বোধন করে ডাকা হবে, যথা হে প্রদর্শনকারী! হে বিশ্বাসঘাতক! হে পাপিষ্ঠ এবং ওহে ক্ষতিগ্রন্ত। অভঃপর বলা হবে—যাও, যাদের উদ্দেশ্যে আমল করতে, তাদের নিকট থেকে তোমার কৃতকর্মের প্রতিদান গ্রহণ করো। আমার কাছে তোমার জন্য কোন প্রতিদান নেই।

হাসান (র) বলেছেন: প্রদর্শনকারীরা চায় আল্লাহ্ তা'আলার ফয়সালা পরিবর্তন করতে। তারা আসলে খারাপ লোক কিন্তু তারা চায় যে, লোকেরা তাদের ভাল বলুক। লোকেরা তাদের কি করে ভাল বলবে, স্বয়ং আল্লাহ্ তা'আলাই তাদের নিকৃষ্টদের স্থানে নামিয়ে দিয়েছেন। অতএব, মুমিনদের কর্তব্য হলো এদের চিনে নেয়া। কাতাদা (র) বলেছেন: বাখা বখন রিয়া করে তখন আল্লাহ্ তা'আলা বলেন: "তোমরা দেখো। বাখা কিভাবে আমার সাথে ঠাট্টা করছে।"

বর্ণিত আছে—একবার হ্যরত উমর (রা) এক ব্যক্তিকে ঘাড় নিচু করে চলতে দেখে ডেকে বললেন, "হে ঘাড়ওয়ালা। তোমার ঘাড়টি উঠাও। ঘাড় নিচু করা বিনয়ের চিহ্ন নয়, এতে বিনয়ের প্রকাশ পায় না, বিনয়ের স্থান হলো অন্তর।"

বর্ণিত আছে যে, একবার হযরত আবু উমামা আল-বাহিলী (রা) এক ব্যক্তিকে মসজিদে সিজদারত অবস্থায় কেঁদে কেঁদে দু'আ করতে দেখে বললেন, তুমি যদি এ কাজ ডোলাম বরে বসে করতে, তাহলে ভাল হতো। রাতের বেলা যিকর-আবকার এবং দু'আ বা মুনাজাত করা দিনের বেলায় তা উচ্চৈঃস্বরে করার চেয়ে উত্তম। দিনের বেলায় উচ্চৈঃস্বরে করার চেয়ে উত্তম। দিনের বেলায় উচ্চৈঃস্বরে থিকর আযকার করা হয় মানুষের জন্য এবং রাতে তা করা হয় নিখিল বিশ্বের প্রতিপালক আল্লাহ্র জন্য।

হ্যরত আলী (রা) বলেছেন: রিয়াকারের চিহ্ন তিনটি, ১. যখন সে একা থাকে তখন সে অলসতা করে; ২. যখন সে মানুষের মধ্যে থাকে তখন উৎসাহ ও তৎপরতা প্রদর্শন করে এবং ৩. যখন তার প্রশংসা করা হয় তখন সে বেশি বেশি আমল করে এবং তিরস্কার করা হলে আমল কমিয়ে দেয় বা ছেড়ে দেয়। ফুযায়ল ইব্ন আয়ায (র) বলেছেন: মানুষের সমালোচনার কারণে আমল ছেড়ে দেওয়া ও মানুষের জন্য আমল করা শিরক এবং এ দুয়ের মাঝামাঝি পথ অনুসরণ করা ইখলাস বা আন্তরিকতা।

আমরা কথা, কাজ তথা জীবনের প্রতিটি পদক্ষেপ মহান আল্লাহ্র কাছে রিয়ামুক্ত ও আন্তরিকতা সহকারে করার তৌফিকদানের জন্য আকুল প্রার্থনা জানাচ্ছি।

উপদেশ

আন্তাহর বান্দাগণ! তোমার দিন অনেক কম এবং তোমার উপদেশ হত্যাকারী। অতএব, তার আদি-অন্তের সংবাদ রাখা উচিত এবং অভিযাত্রী দলগুলোর রওনা হওয়ার পূর্বে গাফিলের জেগে ওঠা উচিত। ওহে সেই ব্যক্তি যে বিশ্বাস করে যে, নিশ্চয়ই তাকে যাত্রা করতে হবে এবং তার কোন পাথেয় এবং সওয়ারী নেই। ওহে প্রবৃত্তির কামনার সমুদ্রে অবগাহনকারী! তুমি কখন তীরে অবতরণ করবে? তুমি কি ঘুম থেকে সতর্ক হবে? আর সচেতন মনে উপদেশ শুনবে? বিজ্ঞের মত রাতে জাগবে এবং অশ্রু দিয়ে চিঠি লিখবে এবং তা দিয়ে লজ্জার লেলিহান শিখা নির্বাপিত করবে? হে অচেতন! বার্থক্যের পর পাপে তোমার ঘাড় তারী হয়ে পড়েছে। আর যৌবনকালকে অজ্ঞ মূর্খের মত নম্ভ করেছো। কামনার সওয়ারীতে আসক্ত সওয়ারীয় মত সওয়ার হয়েছো। সে মযবৃতভাবে বিজ্ঞের ন্যায় ঘর-বাড়ি করেছে অথচ কবরের শ্বরণ থেকে অচেতন। এরপরও সে দাবি করছে যে, সে জ্ঞানী। আশ্রাহ্র কসম। অনেক যুবক প্রতিযোগিতায় তাকে হারিয়ে দিয়ে উচ্চ শিখরে আরোহণ করেছে। আর সে কর্মী যুবকদের মত সঞ্চলতা কামনা করছে। হায় আফসোস, হায় আফসোস। বাতিল তার শক্তিঘারা সফলতা লাভ করতে পারলো না।

কৰি ৰলেছেন:

"হে বড় বড় ঘরবাড়িতে গর্বের সাথে বসবাস করে আত্মতৃত্তি লাভকারী! দুনিয়া রাতে জেগে নফল ইবাদত করা ও বিনয়ভাব প্রকাশ ছাড়া অন্য কিছুর স্থান নয়। আগামীতে তুমি খোদাই করা আটসাঁট ঘরে অবতীর্ণ হবে। নীরব ভাষার অনেক জাতিই একথা বর্ণনা করেছে। যারা ভাল ভাল কাগড়-চোপড় পরে এবং ভাল ভাল খেরে বৃদ্ধ হয়েছে এবং আরাম-আরেশ থেকে মাকড়সার ঘরের মত সংকীর্ণ ঘরকে ঘর হিসেবে গ্রহণ করেছে। তারপর বলো হে লোক। এ তোমার বসবাসের স্থান, কাজেই তুমি মরে যাও।"

৩৮. পার্থিব উদ্দেশ্যে ইল্ম অর্জন এবং ইল্ম গোপন করা

আল্লাহ্ তা'আলা বলেছেন:

إِنُّمَا يَخْشَى اللَّهُ مِنْ عِبَادِهِ الْعُلَمَاءُ

"আল্লাহ্র বান্দাদের মধ্যে যারা আলিম বা জ্ঞানী, তারাই তাঁকে ভয় করে।" (সূরা ফাতির : ৮)

অর্থাৎ যারা আল্লাহ্র ক্ষমতা-মাহাত্ম্য সম্পর্কে জ্ঞান রাখে, ভারা-ই আল্লাহ্কে ভয় করে।

ইব্ন আব্বাস (রা) এ আয়াতের ব্যাখ্যায় বলেছেন, আল্লাহ্ তা আলার ঘোষণা—
আমার সৃষ্টি জগতের মধ্যে কেবল সে-ই আমাকে তম্ম করে যে আমার মাহাত্য্য,
সম্মান ও ক্ষমতার সাথে পরিচিত। মুজাহিদ (র) এবং শাবী (র) বলেছেন, যারা
আল্লাহ্ তা আলাকে তম্ম করে তারা-ই আলিম। হযরত রবী ইব্ন আনাস (রা)
বলেছেন: যে আল্লাহকে তয় করেনা, সে আলিম নয়।

আল্লাহ্ তা'আলা বলেছেন :

"আমি যে সব নিদর্শন ও পথনির্দেশ অবতীর্ণ করেছি মানুষের জন্য, খোলাখুলিভাবে আমি কিতাবে ব্যক্ত করার পরও ষারা ঐ সকল গোপন রাখে, আল্লাহ্ তাদের অভিশাপ দেন এবং অভিশাপকারিগণও তাদের অভিশাপ দেয়।" (স্রা বাকারা : ১৫৯)

এ আয়াতটি ইয়াহুদী আলিমদের ব্যাপারে নামিল হয়েছে। এবানে بِالْبُرِيَّانَاتُ 'প্রমাণ বা নিদর্শন' দারা প্রস্তরাঘাতে মৃত্যুদ্ত দেওয়া, বুনের বিচারে মৃত্যুদ্ত দেওয়া, বেত্রাঘাত করা এবং অন্যান্য আহকামকে বোঝানো হয়েছে। হিদায়াত (الْهُدْي) দ্বারা হয়রত মুহাম্বদ (সা)-এর রিসালত সম্পর্কিত বাণীসমূহকে বোঝানো হয়েছে।

মানুষের জন্য ব্যক্ত করার পর مِنْ بَعْدُ مَا بَيْتُهُ للتُّاس ছারা বনী ইসরাঈলদের নিকট তা পৌছাবার পরকে বোঝানো হরেছে। وُلُدُكُ এবানে ঐসব লোকছারা বনী ইসরাঈলগণ যার নিদর্শনসমূহ গোপন করেছে তার্দের বোঝানো হয়েছে। আল্লাহ্ এবং লা নতকারিগণ লা নত করে الله الله وَالله الله وَالله وَاله

وَاذْ اَخَذَ اللَّهُ مِيْشَاقَ الَّذِيْنَ أُوْتُواْ الْكِتَٰبَ لَتُبَيِّثُنَّهُ لِلِثَّاسِ وَلاَ تَكْتُمُونْنَهُ فَنَبَذُوْهُ وَرَاءَ ظُهُورِهِمْ وَاشْتَرَاوْ بِهِ ثَمَنًا قَلِيْلاً فَبِئُسَ مَا يَشْتَرُونْنَ.

"স্বরণ কর! বাদের কিতাব দেওরা হয়েছিল, আল্লাহ্ তাদের ওয়াদা নিয়েছিলেন, তোমরা তা (কিতাব) স্পষ্টভাবে মানুষের কাছে প্রকাশ করবে এবং তা গোপন করবে না। এরপরও তারা তা পৃঠের পেছনে নিকেপ করে (অগ্রাহ্য করে) ও স্বল্পমূল্যে বিক্রি করে। সুতরাং তারা যা ক্রয় করে তা কত নিকৃষ্ট।" (সূরা আল-ইমরান: ১৮৭)

ওয়াহিদী বলেন, আয়াতটি মদীনার ইয়াহ্দীদেরকে উপলক্ষ করে অবতীর্ণ হয়েছে। যা প্রকাশ করার জন্য তাওরাতে তাদের নিকট থেকে প্রতিজ্ঞা নেওয়া হয়েছিল, তা হলো মুহামদ (সা)-এর নব্যুত, তাঁর পরিচয় এবং তাঁর বৈশিষ্ট্য। আল্লাহ্ তা আলা এ মর্মে বলেছেন : ﴿ الْمُنْ الْمُلِمُ الْمُنْ الْمُنْ الْمُنْ الْمُنْ الْمُنْ الْمُنْ الْمُنْ الْم

হযরত হাসান (র) বলেছেন: ইরাহ্দী আলিমদের নিকট থেকে আল্লাহ্ তা আলা যে প্রতিজ্ঞা গ্রহণ করেছিলেন তা ছিল তারা তাদের কিতাবে যা আছে তা লোকদের নিকট বলে দেবে। আর এর মধ্যে রয়েছে নবী করীম (সা)-এর বর্ণনা। "তারা তা তাদের পেছনের দিকে ছুঁড়ে ফেলেছিল।" এই কিটার প্রতিজ্ঞাকে পেছনের দিকে ছুঁড়ে ফেলেছিল।" হারা এর ব্যাখ্যায় হযরত ইব্ন আবাস (রা) কলেছেন, তারা ঐ প্রতিজ্ঞাকে পেছনের দিকে ছুঁড়ে কেলেছিল।" "তারা এর বিনিময় বল্লম্লা এহণ করেছিল" তাই তারা অজ্ঞ কোকদের নিকট হতে টাকা-পয়সা আদায় করত। এ ছিল তাদের বল্লম্লা যা দুনিয়ার বল্ল প্রেরাজন মিটাতে পারে। "তারা যা ক্রয় করে তা কত নিকৃষ্ট"

অত্যন্ত মন্দ, যাতে তারা ক্ষতিগ্রন্ত হলো। রাস্পুল্লাহ্ (সা) বলেছেন: "শিক্ষা গ্রহণের উদ্দেশ্য হওয়া উচিত আল্লাহ্র সন্তুষ্টি লাভ, যে ব্যক্তি পার্থিব স্বার্থ হাসিলের জন্য জ্ঞান অর্জন করে, সৈ জান্লাতের ফ্রাণও পাবে না।" (আবু দাউদ)

হযরত আবৃ হরায়রা (রা) থেকে বর্ণিত, হাদীসে যে তিন ব্যক্তির জাহান্নামের দিকে টেনে নিয়ে নিক্ষেপ করার কথা আছে—তাদের একজন হলো আদিম। তাকে বলা হবে, তুমি তো ইল্ম হাসিল করেছো এজন্য যে, তোমাকে লোকে আলিম বলবে, অবশ্য তোমাকে তা বলা-ও হয়েছে।

নবী করীম (সা) বলেছেন: "যে ব্যক্তি আলিমদের সাথে প্রতিযোগিতা করার জন্য অথবা অজ্ঞ ও মূর্থ ব্যক্তিদের ঠকাবার জন্য ইল্ম অর্জন করে, আল্লাহ্ তা'আলা তাকে জাহান্নামে দাখিল করবেন।" (তিরমিয়ী)

নবী করীম (সা) আরও বলেছেন:

مَنْ سُئِلَ عَنْ عِلْمِ فَكَتَمَهُ أَلْجِمَ يَوْمَ الْقِيَامَةِ بِلِجَامٍ مِّنَ النَّادِ •

"থাকে ইন্স্ম সম্বন্ধে জিজ্ঞেস ক্রা হয় কিন্তু সে তা গোপন করে, কিয়ামতের দিন তাকে অণ্ডনের দাগাম পরানো হবে।"

রাস্লুল্লাহ্ (সা)-এর দু'আ সমূহের একটি হলো : اَعُـوْذُبِكَ مِنْ عِلْمِ لاَ يَنْفَعَ (সা)-এর দু'আ সমূহের একটি হলো : "হে আল্লাহ্। তোমার কাছে এমন ইল্ম থেকে আশ্রয় চাই যা কোন উর্পকারে আসেনা।" (মুসলিম, তিরমিয়ী ও নাসাস্থি)

নবী করীম (সা) বলেছেন : যে ব্যক্তি ইল্ম শিক্ষা করে সে অনুযায়ী আমল করেনি, ঐ ইল্ম তাকে অহংকারী করা ছাড়া অন্য কিছু দিতে পারবে না।"

হযরত আবু উসামা (রা) বর্ণনা করেন। রাস্পুল্লাহ্ (সা) বলেছেন: বদকার আলিমকে কিয়ামতের দিন উপস্থিত করে জাহান্নামে নিক্ষেপ করা হবে। অতঃপর সে জাহান্নামের মধ্যে ঘুরে বেড়াবে যেমন গাধা তার খুঁটির চারদিকে ঘুরে বেড়ার। তখন অন্যান্য জাহান্নামী তাকে বলবে, তোমার এমনটি কেন হলোং আমরা তো তোমার মাধ্যমেই হিদায়াত লাভ করেছি। সে বলবে, "আমি তোমাদের যে সব কাজ করতে নিষেধ করতাম, সে সব কাজ নিজেই করতাম।"

হিলাল ইব্ন আলা (র) বলেছেন, "জ্ঞান অর্জন করা কঠিন কাজ, তা শ্বরণ রাখা আরও কঠিন, সে অনুযায়ী আমল করা শ্বরণ রাখার চেয়ে কঠিন এবং ইল্ম বা জ্ঞান হতে নিরাপদ থাকা আমল করার চেয়েও কঠিন।"

আল্লাহ্ তা'আলা আমাদের জ্ঞান অর্জন ও তার হক আদায় করার তৌফিক দান করুন।

উপদেশ

হে আদম সন্তান! শেষ পরিণতির কথা তুমি কবে শ্বরণ করবে? কখন এ অট্টালিকা ছেড়ে যাত্রা করবে? যারা তোমাদের আগে ঘরবাড়িতে ছিল তারা কোথায়? যারা অসৎ কল্পনা ও ষড়যন্ত্র করেছিল এবং ধারণা করেছিল যে, তাদের আর ফিরে যেতে হবে না, তারা কোথায়? আল্লাহ্র কসম! তারা সকলেই চলে গেছে এবং কবরদেশে একত্রিত হয়েছে। তাদের আবাস হয়েছে অমসৃণ ও খসখসে বিছানা এবং এ বিছানায় তারা শিঙ্গায় ফুৎকারের পূর্ব পর্যন্ত থাকবে। যখন আসমান ফেটে যাবে এবং তারা বিচারের জন্য উঠবে, তখন সকল গোপন পর্দা উদ্মুক্ত করা হবে এবং সকল গোপন তথ্য প্রকাশ করা হবে। আন্চর্য আন্চর্য কাজগুলো প্রকাশ পাবে এবং অন্তরে যা গোপন ছিল, তা বের করা হবে। পুলসিরাত প্রতিষ্ঠা করা হবে এবং তোমরা হোঁচট খেয়ে পড়ে যাবে। সেখানে অহংকারীদের দর্প-চূর্ণের জন্য কাঁটাগুলা রাখা হয়েছে।

নেককার বান্দাদের চেহারা পূর্ণিমার চাঁদের ন্যায় চমকাতে থাকবে এবং তারা এমন ব্যবসা নিয়ে ফিরবে যার মুনাফা কোনদিন কমবে না। বদকাররা মৃত্যু এবং ধাংস কামনা করতে থাকবে। জাহান্লামকে শিকল লাগিয়ে নিকটে উপস্থিত করা হবে এবং তার আগুন হবে চরম আগ্রাসী। যখন এ জাহান্লামে নিক্ষেপ করা হবে তখন তার হাঁক শোনা যাবে এবং রাগে ফেটে পড়বে। যারা পুনরুত্থানে বিশ্বাসী, তাদের জন্য দুনিয়া খুশির বস্তু নয়। যারা অজ্ঞ ও কাফির, কেবল তারাই দুনিয়াতে সন্তুষ্ট হয়।

انما الدنيا متاع × كل ما فيها غرور وفتذكر هول يوم × السماء فيه تمور

"বস্তুত দুনিয়া হলো ফায়দা গ্রহণের বস্তু। গ্রতে যা কিছু আছে সবই ধোঁকা। সুতরাং সে দিনের ভয়ে উপদেশ গ্রহণ কর, যে দিন আসমান ফেটে যাবে।"

৩৯. বিয়ানত বা বিশ্বাস ভঙ্গ

আল্লাহ্ তা'আলা বলেছেন :

يْاَيَّهَا الَّذِيْنَ أَمْنَبُوا لاَ تَخُونُوا اللَّهَ وَإِلرُّسُولَ وَتَخُونُوا آمُنْتِكُمْ وَاللَّهُ وَإِلرُّسُولَ وَتَخُونُوا آمُنْتِكُمْ وَانْتُمْ تَعْلَمُونَ .

"তোমরা যারা ঈমান এনেছো শোন, তোমরা জেনেওনে আল্লাহ্ ও তাঁর রাস্লের সাথে বিশ্বাসঘাতকতা করবে না এবং তোমাদের পরস্পরের গছিত দ্রব্যেও (বিয়ানত করবে) না।"

ওয়াহিদী (র) বলেছেন : এ আয়াতটি আবৃ ল্বাবা (রা) সম্বন্ধে অবতীর্ণ হয়েছে।
মুসলমানরা বনী কুরায়য়া গোত্রের ইয়াহ্দীদেরকে ঘেরাও করার পর রাস্লুয়াহ্ (সা)
আবৃ ল্বাবা (রা)-কে তাদের নিকট পাঠিয়েছিলেন। তাঁর দ্রী ও সন্তানরা তখন তাদের
সাথেই অবস্থান করতো। ইয়াহ্দীরা বলল, হে আবৃ ল্বাবাঃ যদি সা'দ ইবন মুআয়
আমাদের বিচারক হয়ে আসেন, তাহলে তা কেমন হবেং আবৃ ল্বাবা (রা) তখন তার
হাতদারা গলার দিকে ইঙ্গিত করে বোঝাতে চাইলেন যে, সে তোমাদের হত্যার
নির্দেশ দেবে। কাজেই এটা করা ঠিক হবে না। এটা ছিল আবৃ ল্বাবার পক্ষ হতে
আল্লাহ্ ও তাঁর রাস্লের প্রতি বিশ্বাস্থাতকতা। হয়রত আবৃ ল্বাবা (রা) বলেন, আমি
এ স্থান ত্যাগ করার পূর্বেই বুরতে পারলাম যে, আমি আল্লাহ্ ও তাঁর রাস্লের সাথে
বিশ্বাস্থাতকতা করেছি।

وَتَخُونُوا المُنْتِكُمُ وَانْتُمْ تَعْلَمُونَ .

এর অর্থ হলো—"তোমরা জেনেতনে তোমাদের নিকট গচ্ছিতসমূহের ব্যাপারে বিয়ানত করো না।" হযরত ইব্ন আব্বাস (রা) বলেন, এখানে আমানতের অর্থ হলো বানার আমল যা করার জন্য তাকে আল্লাহ্ নির্দেশ দিয়েছেন। অর্থাৎ আ্লাহ্ তোমাদের উপর যা কর্ম করেছেন তা পালনের ব্যাপারে কোন প্রকার অবহেলা করো না।

কালবী (র) বলেন: আল্লাহ্ ও তাঁর রাস্লের সাথে বিশ্বাসঘাতকতা করার অর্থ হলো—তাঁদের হকুম পালন না করা। আর আমানতে বিয়ানত করার অর্থ হলো—আল্লাহ্ তা আলা বান্দার উপর যা কিছু ফর্য করেছেন প্রত্যেকেই এজন্য আমানতদার। সে ইচ্ছা করলে তা পূরণ করতে পারে। আল্লাহ্ ছাড়া অন্য কোন লোক তা জানতে পারে না। وَٱثَّاثُمُ مَّوُلُهُ وَالْمَا وَالْمُوْلُونِ এর অর্থ নিঃসন্দেহে তোমরা জান যে, এটা তোমাদের নিকট আমানত।

আল্লাহ্ তা'আলা অপর এক আয়াতে বলেছেন :

إِنَّ اللَّهُ لاَ يَهْدِي كَيْدَ الْخَائِنِيْنَ .

"আল্লাহ্ তা'আলা বিশ্বাসঘাতকদের ষড়যন্ত্র সফল হতে দেন না।"

(স্রা ইউস্ফ: ৫২)

যারা তার আমানতে খিয়ানত করে, পরিণামে তারা অনুতপ্ত ও লচ্ছিত হয় এবং হিদায়াত থেকে মাহরম হয়। রাসূলুপ্লাহ্ (সা) বলেছেন :

أَيَّةُ الْمُنَافِقِ ثَلاَثُ إِذَا حَدَّثَ كَذَبَ وَإِذَا وَعَدَ آخُلُفَ وَإِذَا النُّتُمِنَ

"মুনাফিকদের নিদর্শন তিনটি—যখন সে কথা বলে মিথ্যা বলে, সে ওয়াদা করলে তা ভঙ্গ করে আর তার কাছে আমানত রাখা হলে বিয়ানত করে।"

(বুখারী ও মুসলিম)

অপর এক হাদীসে নবী করীম (সা) বলেছেন:

لاَ إِيْمَانَ لِمَنْ لاَ أَمَانَةً لَهُ وَلاَدِيْنَ لِمَنْ لاَ عَهْدَ لَهُ .

"যে আমানত রক্ষা করে না, তার ঈমান নেই এবং যে ওয়াদা পালন করে না, তার দীন নেই।"

যে ব্যাপারেই খিয়ানত করা হোক, তা অত্যন্ত খারাপ ও শুনাহের কাজ। এর কোন-কোনটি আবার অপরগুলোর তুপনায় অধিক খারাপ। যে ব্যক্তি তোমার টাকা-পয়সানিয়ে খিয়ানত করেছে, সে ঐ ব্যক্তির সমান নয় যে তোমার পরিবার ও অর্থ-সম্পদের ব্যাপারে খিয়ানত করে এবং জঘন্য ব্রকম পাপাচারে শিশু থাকে।

রাসূলুল্লাহ্ (সা) বলেছেন:

أَوُّ الْأَمَانَةَ إِلَى مَنْ الِتُّتَمَنَّكَ وَلاَ تَخُنُّ مَنْ خَانَكَ .

"যে তোমার নিকট আমানত রেখেছে, তুমি তার আমানত রাখা বস্তু ফেরত দাও এবং যে তোমার সাথে খিয়ানত করেছে, তার সাথে তুমি খিয়ানত করো না।"

হাদীস শরীফে আছে, মুমিন বা ঈমানদার ব্যক্তির পক্ষে সকল প্রকার অপরাধে জড়িয়ে পড়া অসম্ভব নয়, তবে তার পক্ষে কোনক্রমেই থিয়ানত করা এবং মিথ্যা বলা সম্ভব নয়। রাস্লুল্লাহ্ (সা) বলেছেন : মহান আল্লাহ্ বলেন : "আমি দুই অংশীদারের মধ্যে তৃতীয় ব্যক্তি, যতক্ষণ না তাদের কোন একজন ধিয়ানত করে।"

এ হাদীসে আরও বলা হয়েছে, "আল্লাহ্ তা'আলা সর্বপ্রথম মানুষের নিকট থেকে আমানত তুলে নেবেন এবং লেষে যা থাকবে তা হলো নামায এবং এমন অনেক নামাযী রয়েছে যাদের মধ্যে কোন মঙ্গল নেই।" (আবু দাউদ)

রাস্শুক্লাহ (সা) আরও বলেছেন: "তোমরা খিয়ানত থেকে বেঁচে থাকবে। কেননা তা অত্যন্ত খারাপ কাজ।" (আবু দাউদ, নাসাঈ ও ইব্ন মাজাহ)

নবী করীম (সা) আরও বলেন[†]: আমি এইভাবে জাহান্নামীদের শান্তি দিতে দেখেছি। এর মধ্যে ঐ লোকের কথাও উল্লেখ করেন, যে কোন কাজ গোপন করতো না এবং সে সুযোগ পেলেই বিশ্বাসমাতকতা করতো।

হযরত আবদুরাই ইবৃন মাসউদ (রা) বলেন, যেসব লোক আমানতে খিয়ানত করেছে, কিয়ামতের দিন তালেরকে উপস্থিত করে বলা হবে—তুমি তোমার নিকট গন্ধিত দ্রব্য ফেরত দাও। সে বলবে, হৈ আমার প্রতিপালক। আমি কেমন করে তা শোধ করবো? দুনিয়া তো চলে গেছে। তখন জারান্নামের নিচে এমন পরিবেশ সৃষ্টি করা হবে, যে পরিবেশে সে আমানত গ্রহণ করেছিল। তারপর তাকে বলা হবে যাও, ঐ স্থান থেকে আমানতের মাল নিয়ে এসো। তখন সে সেখানে অবতরণ করে তা কাঁথে তুলে নেবে কিন্তু তা তার কাছে দুনিয়ার পাহাড়ের চেয়েও ভারী অনুভূত হবে। সে নাজাত পাওয়ার জন্য চেষ্টা করতে থাকবে এবং চিৎকার করতে থাকবে। আর বোঝার ভারে নিচের দিকে নামতে থাকবে। অতঃপর ইব্ন মাসউদ (রা) বলেন, নামায আমানত, ওযু আমানত, গোসল আমানত, ওজন ও পরিমাপ আমানত এবং শ্রেষ্ঠতম আমানত হলো প্রতিজ্ঞাসমূহ।

উপদেশ

ওবে আল্লাহ্র বানা! কত মূল্যবান সময় তোমরা হাডছাড়া করেছো—
আত্মভোলা ও চরম অবুঝ প্রবৃত্তির অনুকরণ করে! কতই না সৃদ্ধ জিজ্ঞাসাবাদ
হবে সম্পদ সম্পর্কে! কাজেই ভেবে দেখো, কিভাবে তোমরা সঞ্চয় করেছো!
আমলনামা কতই না সভর্কভার সাথে সংরক্ষণ করা হয়। কাজেই তোমরা কি ভেবে
দেখেছো যে, ভাতে কি জমা রেখেছো ! এ ব্যাপারে তোমাদের আত্মবিশ্লেষণ ও
আত্মসমালোচনা করতে হবে অনভিবিল্যে এরং ছোট বড় সকল ব্যাপারে মৃত্যুর
কোলে ঢলে পড়ার ও কবরে অবতরণের পূর্বে। রুদ্ধদ্বার কক্ষে তোমরা হবে কীটের
খাদ্য। যদি কবরস্থ কোন পাপীকে জিজ্ঞেস করা হয় যে, ডোমার কামনা কি ! সে
বলবে, আমি (দুনিয়াতে) ফিরে যেতে চাই এবং নেক আমল করতে চাই, কখনও
আর পাপাচারে লিপ্ত হবো না।

اين أهل الديار من قوم نوح ثم علا من بعد هم وشمعود بينما القوم في النمارق والاستبرق أفضيت إلى الشراب الخدود وصحيح اضحى يعود مريضًا

ورهور ادشي للموت منسن يعود

"নূহ সম্প্রদায় এবং তাদের পরে আদ ও সামৃদ সম্প্রদায় এখন কোঁখারঃ যারা ছিল,সুরম্য অট্টালিকা ও ঘরনাড়ির মালিক। এক সময় তারা জাঁকজমক ও জৌলুসপূর্ণ জীবন যাপন করতো। হঠাৎ তারা মাটির গর্তে নিমজ্জিত হয়েছে। আছ যারা সুস্থ-সবল, কাল তারা অসুস্থ ও রুগ্নে পরিণত হয়। আর যে আজ সৃস্থতা লাভ করে, সে কাল মৃত্যুর কোলে ঢলে পড়ে এবং মৃত্যুর দিকে অগ্রসুর হয়।"

৪০. খোঁটা দেওয়া

আল্লাহ্ তা'আলা বলেছেন:

يْأَيُّهَا الَّذِيْنَ أَمَّنُوا لاَ تُبْطِلُوا صَدَقَتْكُمْ بِالْمَنِّ وَالْأَذْي

"হে সমানদারগণ। তোমরা তোমাদের দান-সাদকাগুলো খোঁটা দিয়ে এবং কষ্ট দিয়ে বাতিশ করো না।" (সুরা বাকারা : ২৬৪)

ওয়াহিদী (র) বলেছেন, মান্ন (کُنْ) অর্থ হলো যা ক্রিছু দান করা হয়েছে তার জন্য খোঁটা দেওয়া। কালবী (র) বলেন, এর অর্থ সাদকার প্রতিদান আল্লাহ্র কাছে দাবি করা এবং সাদকা গ্রহীতাকে খোঁটা দিয়ে কষ্ট দেওয়া।

মুসলিম শরীকে বর্ণিত আছে, রাস্পুলাই (সা) বলেছেন: কিয়ামতের দিন আল্লাই তা'আলা তিন শ্রেণীর লোকের প্রতি (রহমতের) দৃষ্টি দেবেন না, তাদেরকে (শুনাই হতে) পবিত্র করবেন না এবং তাদের জন্য রয়েছে কট্টদায়ক শান্তি। এরা, হলো (১) পায়ের গিরার নিচে পাজামা, জামা, কুঙ্গি ইত্যাদি কাপড় ঝুলিয়ে পরিধানকারী; (২) বোঁটা দানকারী ও (৩) মিথ্যা কসম করে পণ্য বিক্রয়কারী। কেননা হযরত নবী করীম (সা) বলেছেন, যে পায়ের টাখনু গিরার নিচে কাপড় পরবে, সে জাহান্লামে যাবে।

হাদীস শরীফে আরও বর্ণিত আছে—তিন ব্যক্তি জান্নাতে প্রবেশ করতে পারবে না : মাতাপিতার অবাধ্য সন্তান , মদ্যপায়ী এবং যে দান করে খোঁটা দেয়। (নাসাঈ)

তিরমিয়ী শরীফে আছে :

"প্রতারক, বিষদ এবং খোঁটাদানকারী জান্নাতে প্রবেশ করবে না।" যে প্রতারণা করে তাকে 'খাব্বু' বলা হয়, কৃপণকে 'বিশিল' এবং যে দান করে খোঁটা দিয়ে দানগ্রহণকারীকে কষ্ট দেয়, তাকে 'মান্নান' বলে।

হযরত নবী করীম (সা) আরও বলেছেন: তোমরা দান করে খোঁটা দেওয়া থেকে সাবধান থেকো। কেননা একাজ শোকরকে বাতিল করে এবং সওয়াবকে ধ্বংস করে দেয়। তারপর রাসূলুল্লাহু (সা) আল্লাহু তা'আলার নিম্নোক্ত বাণী তিলাওয়াত করেন:

يْأَيُّهَا الَّذِينَ أَمَنُواْ لاَ تُبْطِلُواْ صَدَقْتِكُمْ بِالْمَنِّ وَالْاَذْي

"হে ঈমানদারগণ! দানের কথা প্রচার করে এবং কট্ট দিয়ে তোমরা তোমাদের দানকে নট্ট করো না।" (সূরা বাকারা : ২৬৪)

ইব্ন সীরীন (র) জনৈক ব্যক্তিকে অপর এক লোকের কাছে বলতে ওনেছেন, তোমার জন্য এই এই কাজ করেছি এবং ভোমার এই এই উপকার করেছি। তখন ইব্ন সীরীন (র) ঐ ব্যক্তিকে বললেন, তুমি চুপ করো, উপকার করে তার হিসাব দিলে কোন কল্যাণ হয় না। কোন কোন বুযর্গ অভিমত পেশ করেছেন যে, উপকার করে খোঁটা দিলে সে শোকরের সওয়াব পাবে না। যে ব্যক্তি নিজের আমলকে সুন্দর মনে করবে, তার সওয়াব নষ্ট হয়ে যাবে। এ প্রসঙ্গে ইমাম শাফিট (র) বলেছেন:

لا تحملن من الانام × بان يسمنسوا عليك منه واختر لنفسك حظها × واصبر فان الصبر جنه منن الرجال على القلوب × اشد من وقع الاسته

"সৃষ্টি জগতের কোন বস্তু যেন তোমাকে খোঁটাদানে উদুদ্ধ না করে। খোঁটাদান থেকে বিরত থেকে তুমি তোমার প্রতিদান গ্রহণ করো এবং ধৈর্য ধারণ করো। কেননা ধৈর্য হলো ঢালস্বরূপ। দান-সাদকা বা কাউকে উপকার করে খোঁটা দেয়া অন্তরের উপর যে ব্যথা ও মনকষ্টের সৃষ্টি করে, তা বর্শার আঘাতের চেয়েও কঠোরতর।"

কোন এক কবি বলেছেন

وصاحب سلفت منه إلى يد × ابطأ عليه مكافعاتسى فعدانسى الما تيقن ان الدهر حاربنى × ابدى الندامة مصاكان او لانسى وافسدت بالمن ما قدمت من حسن × ليس الكريم اذا اعطى بمنان

"আমি এক দানশীলের কাছ থেকে কিছু ঋণ গ্রহণ করেছি, তা পরিশোধ করতে দেরি হওয়ায় সে আমার সাথে দৃশমনী করছে। কারণ তার ধারণা, যে লচ্জাকর অবস্থায় আমি পতিত হয়েছি কালের চক্রে চিরদিন আমি এ অবস্থায়ই সংগ্রামরত থাকবো। তুমি যে সওয়াব লাভ করেছিলে তা খোঁটা দিয়ে নষ্ট করেছ। যে দান করে খোঁটা দেয়, সে প্রকৃত দানশীল ও শরীফ নয়।"

উপদেশ

ওহে এমন ব্যক্তি যে পাপাচারে লাগামহীনভাবে অগ্রসর হচ্ছো। কোন বস্তু তোমাকে ভূলিয়ে রেখেছে? অপরাধের কাজে অবকাশ পেয়ে কন্তদিন তুমি ধোঁকা খেতে থাকবে? তুমি তো মৃত্যুর সাথেই অবস্থান করছো এবং সে প্রথমেই তোমাকে তার পেয়ালা পান করাবে। এজন্য ফেরেশতা তোমাকে ভীতি প্রদর্শন করেছে যাত্রার পূর্বক্ষণে।

তোমার ওভবৃদ্ধির উদয়ের জন্য বিপদাপদ তোমাকে বন্দী করেছে। যে পাপ তোমার আমলনামা ভারী করেছে, তা তোমাকে লচ্ছিতও করেছে। ওহে নশ্বর, পৃথিবীকে পেয়ে সম্ভষ্ট চিন্ত ব্যক্তি! এর চেয়ে পদব্দলনের চরম আর কি হতে পারে? ওহে উপদেশ থেকে মুখ ফিরিয়ে নেয়া ব্যক্তি: মর্নে হর বত নসীহত সবই তোমার জন্য প্রযোজ্য। তোমার সে সব বন্ধু কোথায় যারা তোমার চারধারে বেষ্টন করে থাকতো ? ওয়ায-নসীহত কি তাদের দেহ ও কার্যকলাপের কাছে বিশীন হয়ে গেছেং অঢেল সম্পদ এবং অনেক আশা কোথায়ঃ সে কি তথু আমল নিয়ে কবরে একাকী নেইঃ যারা গাফিল অবস্থায় তাদের পোশাক-পরিচ্ছদ গর্বভরে টাখনুর নিচে বুলিয়ে চলতো তারা কোথায় গেলঃ সে কি তার আমল নিয়ে গন্তব্যের পথে ভ্রমণরত নেইঃ যারা তাদের অটালিকা ও বালাখানায় আরাম-আরেশে মশন্তল ছিল তারা কোথায়ঃ তারা দুনিয়াতে যতদিন অবস্থান করেছিল তা যেন কবরে অবস্থানের তুলনার সামান্য এবং কবরের জীবন অনন্ত। যারা ছিল শ্রেষ্ঠত্বের দাবিদার এবং বড় বড় অনুষ্ঠান করে বেড়িয়েছে, তারা কোথায়ঃ আল্লাহর কসম, তাদের সৌডাগ্য রবি অন্তমিত হয়েছে এবং ডুবে গেছে। কোথায় অতীতের সে রাজা-বাদশাহ, অভ্যাচারী ও সীমালংকনকারীগণঃ তাদের সম্পদ আন্ত অন্যদের হাতে এবং এভাবেই দুনিয়ায় সব কিছুর রদবদল ও হাত বদলের পালা চলছে।

৪১. তাৰুদীরকে অবিশ্বাস করা

إِنَّا كُلُّ شَيَّءٍ خَلَقْنَاهُ بِقَدَرٍ: आश्राद् जाजाना वरनन

"নিক্য়ই আমি প্রত্যেক জিনিস সৃষ্টি করেছি তার কার্যসীমা নির্ধারণ করে।"

(সূরা কামার : ৪৯)

ইব্ন জাওয়ী (র) বলেন : এ আরাতের শানে নুযুল সম্পর্কে দুটি অভিমন্ত রয়েছে :

- (১) মক্কার মুশরিকরা রাস্লুক্সাই (সা)-এর নিকট এসে তাকদীর সম্পর্কে প্রতিবাদ করলে এ আয়াভটি নাবিশ হয়। (মুসলিম) হ্যরত আবৃ উসামা (রা)-এর বর্ণনা অনুবায়ী এ আয়াভটি কাদরিয়া অর্থাৎ বারা তাকদীরকে বিশ্বাস করে না, তাদের সম্পর্কে অবতীর্ণ হয়েছে।
- (২) নাজরানের ধর্মবাজকগণ রাস্লুল্লাহ্ (সা)-এর নিকট এসে বললো : হে মুহামদ ! আপনি কি মনে কল্লেন মানুষ বেসব পাপ করে : ভাও তাকদীর অনুযায়ী অথচ এটা ঠিক নয়। রাস্লুল্লাহ্ (সা) তখন বললেন : তোমরা তো আল্লাহ্র সাথে বিতথাকারী। তখন এ আল্লাভটি নাথিল হলো—

إِنَّ الْمُجْرِمِيْنَ فِي ضَلَلٍ وَسُعُرٍ ، يَوْمَ يُسْحَبُوْنَ فِي النَّارِ عَلَىٰ وَجُوْهَ هِمْ ، ذُوْقُواْ مَسَّ سَقَرَ ، إِنَّا كُلُّ شَيْءٍ خَلَقْنَاهُ مِقَدَرٍ ،

"অপরাধীরা বিভ্রান্ত ও বিকারখন্ত। যেদিন ওদের উপুড় করে ফেলে টেনে নেয়া হবে জাহান্লামের দিকে, সেদিন বলা হবে, জাহান্লামের যন্ত্রণা আস্বাদন করো। নিশ্চয়ই আমি প্রত্যেক বস্তুকে তার সীমা নির্ধারণ করে দিয়েছি।" (সূরা কামার : ৪৭-৪৯)

হযরত উমর ইব্ন খাপ্তাৰ (রা) থেকে বর্ণিত। তিনি বর্ণনা করেন যে, রাস্পুলাহ্ (সা) বলেছেন : কিয়ামতের দিন যখন আল্লাহ্ তা'আলা প্রথম মানুষটি হতে শেষ মানুষ পর্যন্ত সকলকে প্রকল্প করবেন, তখন তিনি এক ঘোষককে ঘোষণা দেয়ার জন্য নির্দেশ দেবেন। অতঃপর সে ঘোষণা করবে যা প্রথম মানুষটি থেকে তরু করে শেষ মানুষটি পর্যন্ত সকলেই তনতে পাবে। সে বলবে : আল্লাহ্র সঙ্গে বিতথাকারীরা কোথায়া তখন কাদরিয়ারা উঠে দাঁড়াবে। তারপর তাদেরকে জাহান্নামের দিকে নিয়ে যাওয়ার নির্দেশ দেয়া হবে। আল্লাহ্ তা'আলা বলবেন :

ذُوْ قُوا مُسَّ سَقَرَ ، إِنَّا كُلُّ شَيْءٍ خَلَقْنَاهُ بِقَدَرٍ ،

"জাহান্নামের যন্ত্রণা আস্বাদন করো। অবশ্য আমি প্রত্যেক বস্তুকে তার কার্যসীমা নির্ধারণ করে দিয়েছি।" কাদরিয়াদের আল্লাহ্র সাথে বিতপ্তাকারী বলার কারণ হলো—তারা এই মর্মে বিতপ্তা করতো যে, কোন ব্যক্তির তাকদীরে নাফরমানী লিপিবদ্ধ থাকা জায়েয নয়। অতঃপর আল্লাহ্ তা'আলা তাকে ঐ পাপের শাস্তি দেবেন তা হতে পারে না।

হিশাম ইব্ন হাস্সান (র) হযরত হাসান (র) থেকে বর্ণনা করেন। তিনি বলেছেন, আল্লাহ্র কসম। কাদরিয়া (তাকদীরে অবিশ্বাসী ব্যক্তি) পাহাড়ের সমান বোঝা রাখে, এবং নামায় পাড়তে পড়তে ধনুকের মতো বাঁকা হয়ে যায় তবুও তাকে উপুড় করে জাহান্নামে নিক্ষেপ করা হবে। তারপর তাকে বলা হবে, জাহান্নামের বন্ত্রণার স্বাদ গ্রহণ করো। নিক্মই আমি প্রত্যেক বন্তুকে ভার কার্যসীমা নির্ধারণ করে দিয়েছি।

ইমাম মুসলিম (র) হযরত ইব্ন উমর (রা) সূত্রে বর্ণনা করেছেন। তিনি বলেন, রাস্বুক্সার (সা) বলেছেন:

كُلُّ شَيُّ مِ بِقَدَرٍ حَتَّى الْعَجْزُ وَالْكَيِّسَ .

"প্রত্যেক জিনিস তাকদীর অনুসারে হয়, এমনকি অপারগতা বা নির্বৃদ্ধিতা এবং বৃদ্ধিমন্তাও তাকদীর অনুসারে হয়ে থাকে।" হয়রত ইবৃন আব্যাস (রা) বলেছেন, প্রত্যেক বস্তু আল্লাহ্ ডা'আলা তার নির্ধারিত সীমার মধ্যে সৃষ্টি করেছেন এবং তা সংঘটিত হবার পূর্ব থেকেই লাওহে মাহক্ষে লিপিবদ্ধ আছে।

আল্লাহ্ তা আলা বলেছেন:

وَ اللَّهُ خَلَقَكُمْ وَمَا تَعْمَلُونَ .

"আল্লাহ্ তা'আলা তোমাদের সৃষ্টি করেছেন এবং তোমরা যা আমল করবে, তাও সৃষ্টি করেছেন।" (সূরা সাফফাত : ৯৬)

হ্যরত ইব্ন জারীর (র) বলেছেন, এখানে দু'টি অর্থ গ্রহণ করা যেতে পারে। প্রথম অর্থ হলো, আল্লাহ্ তা'আলা তোমাদেরকে এবং তোমাদের হাত্বারা প্রতিমা তৈরির মত যে সব আমল করো, তাও সৃষ্টি করেছেন। এ আয়াত প্রমাণ করে যে, বান্দার আমলও এক ধরনের সৃষ্টি। আল্লাহ্ তা'আলা বলেছেন:

فَالَّهُمَهَا فُجُورٌ هَا رَتَقُوهًا .

"তারপর তিনি তার অন্তরে নিক্ষেপ করেছেন, কোন্টা পাপ এবং কোন্টা আল্লাহ্ভীরুতা।" (সূরা শামস : ৮)

হযরত সাঈদ ইব্ন জুবায়র (র) বলেছেন : আয়াতের অর্থ হলো তিনি অনিবার্য করে দিয়েছেন কোন্টা পাপ আর কোনটা আল্লাহ্ভীরুতা। ইবৃন যায়দ (র) বলেছেন, আল্লাহ্ তা'আলা তাকে আল্লাহ্ভীক্লতাপূর্ণ কাচ্চ করার তওফিক দেন এবং পাপের জন্য তাকে হীন করে দেন। আসল অর্থ আল্লাহ্ই ভাল জানেন।

হাদীস শরীফে আছে। রাস্পৃন্ধাই (সা) বলেন: "আল্লাহ কোন গোঁত্রের উপর সদয় হয়ে ভাল কাজের ইল্হাম করেন এবং তাদেরকে তাঁর রহমতের সামিয়ানার নিচে প্রবেশ করান। আবার কোন কোন গোত্রকে তিনি তাদের আমলের জন্য পরীক্ষা করেন এবং তাদেরকে তাঁর রহমতের সামিয়ানার নিচে প্রবেশ করান। আবার কোন কোন গোত্রকে তিনি তাদের আমলের জন্য পরীক্ষা করেন এবং তাদের হীন ও লজ্জিত করেন। যারা এ পরীক্ষায় উদ্বীর্ণ হতে শারে না, তাদের শান্তি দেন। অবশ্য তিনি এ ব্যাপারে ন্যায়বিচারক।" তিনি কি করেন সে ব্যাপারে তাঁকে কারো নিকট কৈকিয়ত দিতে হবে না, বরং সকলকে তাঁর নিকট কৈকিয়ত দিতে হবে—

لاً يُسْأَلُ عَمًّا يَفْعَلُ وَهُمْ يُسْأَلُونَ .

"তিনি যা করেন সে সম্পর্কে প্রশ্ন করা যাবে না বরং তারাই জিজ্ঞাসিত হবে।" (সূরা আম্বিয়া : ২৩)

হযরত মুআয ইব্ন জাবাল (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাই (সা) বলেছেন: "আল্লাই তা'আলা এমন কোন নবী পাঠাননি যার উন্মতের মধ্যে কাদরিয়া এবং মুর্যিয়া নেই। আল্লাই তা'আলা সম্ভরক্ষন নবীর মুখের মাধ্যমে কাদরিয়া এবং মুর্যিয়া শ্রেণীয়য়কে অভিশাপ করেছেন।"

উশ্বল মুমিনীন হযরত আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুরাহ্ (সা) বলেছেন: কাদরিয়া সম্প্রদায় এই উন্মতের অগ্নিপূজক। হযরত ইব্ন উমর (রা) বর্ণনা করেন, রাস্লুরাহ্ (সা) বলেছেন: প্রত্যেক উন্মতের মধ্যে মজুসী ছিল, এ উন্মতের মজুসী হলো ঐ সকল লোক যারা মনে করে যে, তাকদীর বলতে কিছু নেই। প্রত্যেক ব্যাপার এমনি (পূর্ব পরিকল্পনা ছাড়া) ঘটে থাকে। তিনি বলেন, যদি তোমাদের সাথে এদের কারো সাক্ষাত হয় তবে বলে দেবে যে, আমি তাদের দায়িত্বমুক্ত এবং তারাও আমার দায়িত্বমুক্ত অর্থাৎ তাদের সাথে আমার কোন সম্পর্ক নেই। তারপর হযরত নবী করীম (সা) আরো বললেন: যাঁর হাতে আমার জীবন সে মহান সত্বার কসম করে বলছি, তাদের কারো কাছে যদি উহুদ পাহাড় পরিমাণ বর্ণ থাকে এবং তা আল্লাহ্র রান্তায় খরচ করে, তবুও তা কব্ল করা হবে না, যদি না তারা তাকদীরের ভাল-মন্দের উপর বিশ্বাস স্থাপন করে। তারপর বর্ণনাকারী হযরত জিবরাঈল (আ)-এর হাদীসটি উল্লেখ করলেন। হযরত জিবরাঈল (আ) নবী করীম (সা)-এর কাছে আরয় করলেন, ঈমান কি জিনিসঃ তিনি বললেন, "তুমি আল্লাহ্ ও তাঁর ফেরেশতা, কিতাব ও রাসূলের প্রতি বিশ্বাস করবে এবং তাকদীরের ভাল-মন্দে বিশ্বাস করবে।"

আলোচ্য হাদীসে 'আল্লাহ্র প্রতি বিশ্বাস' স্থাপনের মানে হলো এই মর্মে দৃঢ় প্রত্যয় রাখতে হবে যে, মহান আল্লাহ্ মহন্ত্র ও পূর্ণত্বের যাবতীয় গুণের অধিকারী। সকল প্রকার দোষ-ক্রুটি হতে মৃক্ত ও পবিত্র। তিনি এক এবং সকল প্রকার অর্ভাবমৃক্ত এবং সকল সৃষ্টির সৃষ্টিকর্তা। সৃষ্টিজগতে যেমন এবং যখন চান হস্তক্ষেপ করতে পারেন। তিনি তাঁর রাজ্যে যা চান তাই করেন। আর ফেরেশতাদের উপর বিশ্বাসের মানে হলো তারা যে আল্লাহ্র অনুগত সৃষ্টি, তা বিশ্বাস করতে হবে। ইর্শাদ হচ্ছে:

بَلْ عِبَادٌ مُكُرَمُونَ ، لاَ يَسْبِقُونَهُ بِالْقَوْلِ وَهُمْ بِاَمْرِمِ يَعْمَلُونَ يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ وَلاَ يَشْفَعُونَ الِلَّا لِمَن ِ رُتَضَلَى وَهُمُ مِّنْ خَشْيَتِهِ مُشْفِقُونَ ،

"বরং তারা তো তাঁর সমানিত বান্দা। তারা আগে বেড়ে কথা বলে না; তারা তো তাঁর আদেশ অনুসারে কাজ করে। তাদের সমুখে ও পন্চাতে যা কিছু আছে তা তিনি অবগত। তারা সুপারিশ করে ওধু ওদের জন্য, যাদের প্রতি তিনি সন্তুষ্ট এবং তারা তাঁর তয়ে ভীতসন্তুম্ভ।"

(সূরা আধিয়া: ২৬-২৮)

রাস্লের প্রতি ঈমান আনার তাৎপর্য হলো—এই মর্মে দৃঢ় প্রত্যয় রাখতে হবে যে, রাস্লগণ আল্লাহ্ তা'আলার পক্ষ হতে যা কিছু প্রচার করেছেন সে ব্যাপারে তাঁরা সত্য। আল্লাহ্ তা'আলা তাঁদেরকে মুজিযা (অলৌকিক শক্তি) প্রদান করে সাহায্য করেছেন যা তাঁদের সত্যতা প্রমাণ করছে। তাঁরা আল্লাহ্ তা'আলার পক্ষ হতে প্রাপ্ত তাঁর রিসালাতের বাণী মানুষের কাছে পৌছিয়ে দেন এবং আল্লাহ্ তা'আলা তাঁদের যে সক নির্দেশ দেন তা মানুষের কাছে বিশ্লেষণ করেন। তাঁদের সম্মান করা সকলের প্রতি প্রয় জিব এবং নবী-রাস্লদের মধ্যে পার্থক্য জ্ঞান করা অন্যায়।

পরকাল বা কিয়ামতের উপর বিশ্বাস করার মানে হলো এ কথা বিশ্বাস করতে হবে যে, মৃত্যুর পর মানুষ পুনর্জীবন লাভ করবে, সকলকে হাশরের ময়দানে সমবেত হতে হবে, আমলের হিসাব হবে, পাল্লাদ্বারা নেক-বদের ওজন করা হবে, সবাইকে পুলসিরাত পার হতে হবে এবং ভারপর রয়েছে জানাত ও জাহানাম। নেককার লোকেরা তাদের নেক আমলের পুরস্কার স্বরূপ জান্লাত লাভ করবে আর বদকাররা তাদের কর্মের শান্তিস্বরূপ যাবে জাহান্লাম। এসবই পরকালে বিশ্বাসের অন্তর্ভুক্ত। তাকদীরের উপর বিশ্বাস আনার তাৎপর্য সম্পর্কিত আলোচনা ইতিপূর্বে করা হয়েছে যার সারমর্ম হলো আল্লাহ্ তাজালার নিম্নোক্ত বাণী:

١٠ وَاللَّهُ خَلَقَكُمْ وَمَا تَعْمَلُونَ ٠

 "আল্লাহ্ তা'আলা তোমাদের সৃষ্টি করেছেন এবং তোমরা কে কি করবে তাও।" (স্রা সাফফাত : ৯৬) . ٢ اِنَّا كُلُّ شَيْءٍ خَلَقْنَاهُ بِقَدَرٍ ٠

২. "আমি প্রত্যেক জিনিস সৃষ্টি করেছি তার কার্যসীমা নির্ধারণ করে।"

(সূরা বাকারা : ৪৯)

এ সম্পর্কে আবদুল্লাহ্ ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত আছে। রাস্পুল্লাহ্ (সা) বলেছেন: জেনে রাখ! যদি তোমার উপকার করার জন্য সকল মানুষ সমবেত হয়, তব্ও তোমার তাকদীরে যা থাকে তার বাইরে কোন উপকার করতে পারবে না, তদ্ধেপ তকদীরে না থাকলে ক্ষতিও করতে পারবে না। তোমার তাল-মন্দ সবকিছু আল্লাহ্ তা'আলা লাওহে মাহফুযে লিখে রেখেছেন। কলম তুলে নেয়া হয়েছে এবং ভাগালিপি বন্ধ করে দেয়া হয়েছে।

প্রাচীন ব্যর্গানে দীন এবং পূর্ববর্তী আদিমদের মতে যে ব্যক্তি উল্লেখিত বিষয়গুলো দৃঢ়ভাবে বিশ্বাস কর্নবে এবং এ বিশ্বাদে কোন প্রকার সন্দেহের অবকাশ না থাকে, তবে সে হবে খাঁটি মুমিন, সে বিশ্বাস যুক্তি ও প্রমাণের ভিত্তিতে হোক অথবা যুক্তিহীন অনড় বিশ্বাসের ভিত্তিতে হোক।

তাবিঈন, মুসলমানদের ইমামগণ, পূর্ববর্তী আলিমগণ এবং বিভিন্ন দেশের ফিকাহ শাস্ত্রবিদদের সন্তরজন একমত হয়েছেন যে, যে সুনাতের উপর রাসূলুল্লাহ্ (সা) ইন্তিকাল করেছেন, তার প্রথমটি হলো—আল্লাহ্ তা আলার ফয়সালা এবং তাকদীরের উপর সন্তুষ্ট থাকা, তাঁর আদেশ মেনে নেয়া এবং ধৈর্যসহকারে সে হকুম পালন করা। আল্লাহ্ যে সব কাজ করার জন্য হকুম দিয়েছেন তা পালন করা এবং আল্লাহ্র উদ্দেশ্যে আমল করা, তাকদীরের ভাল-মন্দের উপর বিশ্বাস রাখা, দীনের ব্যাপারে ঝগড়া-বিবাদ না করা, মোজার উপর মাসেহ করা, ভাল হোক বা খারাপ হোক সর্বাবস্থায় খলীফার পক্ষ হয়ে জিহাদ করা এবং যারা কিবলার দিকে ফিরে নামায পড়ে, তাদের জ্ঞানাযার নামায পড়া।

ঈমান: কথা, কাজ ও নিয়ত-এ তিনের সমন্ত্র হলো ঈমান। নেক আমলদারা ঈমান বৃদ্ধি পায় এবং পাপাচারের কারণে ঈমান দুর্বল হয়ে যায়। কুরআন মজীদ আপ্তাহ্ তা আলার বাণী যা দিয়ে হযরত জিবরাদিল (আ)-কে আপ্তাহ্ তা আলা তাঁর নবী মুহাম্মদ (সা)-এর কাছে পাঠিয়েছেন। তা সৃষ্ট বস্তু নয়। বাদশাহ ন্যায়পরায়ণ হোক বা অত্যাচারী হোক, ধৈর্যের সাথে তার পতাকাতলে অবস্থান করা এবং যুশুম করলেও তার বিরুদ্ধে অন্তর্ধারণ না করা। তবে কুরআন-সুন্নাহর বিরোধীতাকারী শাসকের আনুগত্য ফরয নয়। যারা নামায পড়ে তারা যদিও কবীরা ভনাহের কাজ করে, তবুও কাফির না বলা, তবে যদি সে হালাল মনে করে, কবীরা ভনাহ করে, তাহলে সে কাফির হয়ে যাবে। নবী করীম (সা) যাদের জানাতী হবার ধারণা

দিয়েছেন তাদের ছাড়া অন্য কাউকে জান্লাতী বলে সাক্ষ্য না দেয়া। সাহাবাদের মধ্যে যে ঝগড়া-বিবাদ হয়েছে সে সম্বন্ধে কাউকে দোমারোপ না করা। রাস্লুল্লাহ্ (সা)-এর পর শ্রেষ্ঠতম মানব হযরত আবৃবকর (রা), তারপর হযরত উমর (রা), তারপর হযরত উসমান (রা) এবং তারপর হযরত আলী (রা) বলে বিশ্বাস করা। তারপর নবী করীম (সা)-এর স্ত্রীগণ এবং পরিবার-পরিজনের প্রতি এবং সাহাবীদের প্রতি ভক্তিশ্রদ্ধা পোষণ করা ইত্যাদি কাজ ঈমানের দাবি।

আলিমদের মতে, যে সকল কথা বলার কারণে মানুষ কাফির হয়ে যায় তা নিম্নে বর্ণিত হলো:

আল্লাহ্ তা আলার নামগুলো থেকে কোন নাম তথা তাঁর কোন নির্দেশ অথবা কোন গুয়াদা অথবা ভীতিকে উপহাস করা কুফরী। যদি কেউ বলে যে, স্বয়ং আল্লাহ্ তা আলা বললেও একাজ আমি করবো না, তাহলে সে কাফির হয়ে যাবে। যদি কেউ বলে যে, কিবলা এইদিকে হলে আমি নামায পড়বো না, তাহলে সে যেন কুফরী করলো। যদি কোন লোক বলে যে, তুমি কি নামায ছেড়ে দিয়েছো অথচ আল্লাহ্ তা আলা এজন্য তোমাকে পাকড়াও করবেন। তখন সে যদি বলে, যদি তিনি রোগ ও দুঃখকটে থাকা সত্ত্বেও আমাকে পাকড়াও করেন, তাহলে তিনি আমার উপর যুলুম করবেন, তা কুফরী বলে গণ্য হবে। যদি কেউ বলে যে, এই এই বিষয়ে আমার কাছে আথিয়ায়ে কিরাম (আ) ও ফেরেশতাগণ এসে সাক্ষ্য দিলেও তা আমি সত্য বলে গ্রহণ করবো না, তাহলে তা কুফরী বলে গণ্য হবে। যদি কোন ব্যক্তিকে বলা হয় যে, তোমার নখগুলো কেটে ফেল। কেননা নখকাটা সুন্নাত। তখন যদি সে বলে, আমি তা কাটবো না, তাহলে সে কাফির হয়ে যাবে। যদি কেউ বলে, অমুক আমার দৃষ্টিতে ইয়াহুদীর মত, তাহলে সে কুফরী করলো। যদি কেউ বলে, আল্লাহ্ তা আলা ন্যায়বিচারের জন্য বসে আছেন বা দাঁড়িয়ে আছেন, তাহলে সে কুফরী করলো।

অপর এক বর্ণনা থেকে পাওয়া যায় যে, যদি কেউ কোন মুসলমানকে বলে, তোমাকে যেন আল্লাহ্ তা'আলা ভাল চিহ্নিত না করেন অথবা তোমার ঈমান বিলোপ করে দেন তাহলে সে কৃফরী করলো। যদি কেউ বলে বে, আমার সাথে তোমার দেখা-সাক্ষাত হওয়া মৃত্যুর সাথে দেখা হওয়া সদৃশ, তাহলে কারো কারো মতে সে কৃফরী করলো বলে গণ্য হবে। যদি কেউ বলে যে, অমুক ব্যক্তি নবী হলে আমি তার উপর ঈমান আনতাম না, তাহলে সে কাফির হয়ে যাবে। যদি কেউ বলে সে যা বলছে তা সত্য হলে আমরা মৃক্তি পাবো, তাহলে সে কৃফরী করলো। যদি কেউ উপহাস করে বিনা ওয়ুতে নামায পড়ে, তাহলে সে কাফির হয়ে যাবে। যদি দু'ব্যক্তি পরস্পর ঝগড়ায় লিও হয় এবং এক ব্যক্তি লা-হাওলা ওয়ালা কৃওয়াতা ইল্লা বিল্লাহ্ বলে এবং অপর ব্যক্তিও তাকে উদ্দেশ্য করে লা-হাওলা ওয়ালা কৃওয়াতা ইল্লাহ

বিল্লাহ বলে এবং আরো বলে যে, আল্লাহ্ যেন তোমাকে অভাব অনটন খেকে মুক্ত না করেন তাহলে সে কুফরী করলো। যদি কেউ মুয়াযযিনের আযান ভনে বলে যে, সে যা বলছে তা মিখ্যা, তাহলে সে কাফির হয়ে যাবে। যদি কেউ বলে যে, আমি কিয়ামতকে ভয় করি না, তাহলে সে কাফির হয়ে যাবে। কোন লোক যদি তার মালামাল রেখে দিয়ে বলে যে, আমি এ মালামাল আল্লাহুর নামে সোপর্দ করলাম, একথা তনে যদি অপর এক লোক বলে, তুমি এমন একজনের কাছে তোমার মালামাল, অর্পণ করলে চোর যার তোয়াকা করে না, তাহলে কৃফরী করলো। যদি কেউ খুতবা প্রদানকারী বক্তার বেশভূষা ধারণ করে উঁচু স্থানে আসন গ্রহণ করে, অতঃপর তার কাছে মাসায়েল জিজ্ঞেস করলে সে তা হেসে উড়িয়ে দেয় অথবা কেউ যদি বলে যে, ইল্মের চেয়ে রুটি-রুখীর গুরুত্ব বেশি, তবে সে কুফরী করলো। যদি কেউ বিপদে পড়ে বলে যে, তুমি তো আমার ধন-সম্পদ নিলে এবং ছেলেমেয়ে শেষ करत मिल, এখন जात कि करा वाकि जारहा छारल रम कांकित रहा यादा। यिन কেউ তার ছেলেকে মারধর করে অথবা গোলামকে মারধর করে, আর তা দেখে এক ব্যক্তি বলল, তুমি কি মুসলমান নওং যদি সে স্বেচ্ছায় বলে দেয়—না, আমি মুসলমান নই। তাহলে সে কাঞ্চির হয়ে যাবে। যদি কেউ আক্ষেপের সাথে বলে যে, আল্লাহ্ যদি ব্যতিচার হারাম না করতেন, অথবা আল্লাহ্ যদি নরহত্যা হারাম না করতেন। অথবা যুলুম হারাম না করতেন, তাহলে সে কাফির হয়ে যাবে। যদি কেউ তার গলায় রশি বাঁধে এবং এ ব্যাপারে জিজ্ঞেস করা হলে বলে যে, এটি পৈতা (যা হিন্দুরা ব্যবহার করে থাকে) তাহলে অধিকাংশের মতে সে কৃষ্ণরী করলো বলে গণ্য হবে। যদি শিন্তদের কোন শিক্ষক বলে, ইয়াহ্দীরা মুসলমানদের চাইতে উত্তম। কারণ তারা তাদের ছেলেমেয়েদের শিক্ষার ব্যবস্থা করছে, তাহলে সে কাফির হয়ে যাবে। যদি কেউ বলে যে, মজ্সীদের (অগ্নিপৃজারীদের) চেয়ে খ্রিস্টানরা ভাল, তাহলে সে কাফির হয়ে যাবে। যদি কোন শোককে জিজ্ঞেস করা হয় যে, ঈমান কাকে বলে? তখন সে वल-कानि ना, जा राल म कांक्वित रात्र याता । धमन किছू कथा আছে या जनानीन ও অপছন্দনীয়। এ ধরনের কথা বলা ইসলামের দৃষ্টিতে হারাম এবং এরঘারা ঈমান বিলোপ হ্বার এবং চিরতরে জাহান্লামী হ্বার আশংকা রয়েছে। যেমন তোমার ঈমান নেই, তোমার বিশ্বাস নেই, তুমি মুনাফিক, তুমি যিন্দীক (যে আল্লাহ্র একত্ত্বে বিশ্বাস করে না), ভূমি ফাসিক (পাপাচারী) ইত্যাদি বলা। মহান আল্লাহ্ মুসলিম উন্মাহকে কুরআন ও সুনাহর অনুসারী হিসেবে মৃত্যুবরণের তৌফিক দান করুন।

উপদেশ

হে আল্লাহ্র বান্দাগণ। যারা ধন-সম্পদ সঞ্চয় করে এবং গোপন স্থানে জমা রেখে

অতীব আশ্রহের সাথে ভোগ করে কামনার নেশা চরিতার্থ করেছিল, তারা কোথায়? তারা যা ভোগ করেছিল তা তাদের আকাজ্ঞাকে পরিতৃপ্ত করতে পারেনি। তারা যে ছলনার মোহে নিমক্ষিত ছিল, তা তাদের আয়ুকালকে নিঃশেষ করে দিয়েছে। শয়তান তাদের জন্য কামনার ফাঁদ পেতেছিল এবং তাতে তারা পতিত হয়েছিল। তাদের কাছে মৃত্যুর ফেরেশতা আসলেন এবং তারা অপমানিত ও লাঞ্ছিত হলো। আর তাদেরকে তাদের ঘর থেকে বের করে দিলো। আল্লাহ্র কসম! তারা আর ফিরে আসবে না। সৃত্রাং তারা এখন বিচ্ছিন্নভাবে কবরে অবস্থান করছে এবং যখন শিলায় ফুকোর দেয়া হবে তখন তারা একঞ্জিত হবে। জনৈক কবি বলেছেন:

"জ্ঞানীদের চোখ কি করে পরিভৃগু হতে পারে বা হীন উপভোগে ভূবে থাকতে পারে বা ঘুমিয়ে থাকুতে পারে? মৃত্যু তাদেরকে প্রকাশ্যে ও গোপনে ভয় প্রদর্শন করছে যদি পোকদের কান থাকতো অবশ্যি তা তারা তনতে পেতো। জাহান্নাম তাদের খুবই নিকটে রয়েছে এবং অবশাই তারা তাতে পতিত হবে। তারা জানে না যে, কে এতে পড়বে এবং কে মুক্তি পাবে। পারি, জীবজন্তু, সমুদ্রের মাছের কোন চিন্তা-ভাবনা নেই। তারা নিরাপদে কাশাতিপাত করে কিন্তু মানুষের পেছনে রয়েছে অতন্ত্র প্রহরী যে তার গোপন কর্মেরও হিসাব সংরক্ষণ করে জানিয়ে দেয় এবং তার উপর নির্ভর করবে তার জীবনের সফলতা ও বার্থতা।"

হাশরের দিন প্রত্যেকেই সভন্নভাবে তার আমলনামা দেখতে পাবে এবং ত্বক, চোখ ও কান সবই তার প্রতি সমর্থন প্রদর্শন করবে। সেদিন প্রত্যেকের সামনেই নিজ নিজ আমলনামা উন্মুক্ত অবস্থায় এসে উপস্থিত হবে এবং এতে প্রকাশ্য ও গোসন সকল বিষরে বর্ণিভ থাকবে। সুভরাং তুমি যেহেতু জান না যে, সেদিন তোমাকে কি অবস্থার সমুখীন হতে হবে অথচ ছোট বড় সকল ব্যাগারই প্রকাশিত হওয়ার জন্য সেদিনের অপেক্ষান্ত রয়েছে, তাই মানুষের সে দিনের ব্যাগারে নির্লিও হওয়া কিভাবে সমীচীন হতে পারে ? সে জানে না, সে কি জান্নাত পেয়ে চিরস্থায়ী শান্তি ও কামিয়াবী লাভ করবে, না জাহান্নামে প্রবেশ করবে এবং যেখান থেকে কে আর পরিত্রাণ পাবে না? তোমরা তাদের মত জান্নাতের অধিবাসী হওয়ার আশা পোষণ করো কিছু যখন তোমরা কামনাম্বারা তাড়িত হও, তখন এ ব্যাগারে সম্পূর্ণ নির্বাক হয়ে যাও। অনেক কেঁদে ও আফসোস করে তখন কোন লাভ হবে না। আফসোস, কোন প্রকার দুঃখ প্রকাশ এবং অনুশোচনা কোন কাজে আসবে না।

৪২. কান পেতে অন্য লোকের গোপন কথা শোনা

আল্লাহ্ তা'আলা বলেছেন : الْ الْمَا الْهَ الْهَا لَا الْهَا الْمَا الْمَا الْمَا الْمَا الْمَالِّذِي الْمَالِيَّ الْمَالِيَّ الْمَالِيَّ الْمَالِيَّ الْهَا لِلْمَا الْمَالِيَّ الْمَالِيَّ الْمَالِيَّ الْمَالِيَّةِ الْمَالِيَّ الْمَالِيَّ الْمَالِيَّةِ الْمِلْمِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْمِ الْمِلْمِيْعِلِيْعِلِيْعِلْمِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلْمِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلْمِيْعِلْمِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلْمِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِيْعِلِ

হযরত ইব্ন জাওয়ী (র) বলেন, আবু যায়দ (র), হাসা্ন (র), দাহহাক এবং সিরীন (র)। وَلاَ تَحَسَّسُوْ । এর স্থলে । এর স্থলে । পড়েছেন । অর্থাৎ জীমের স্থলে হা' পড়েছেন । আবু উবায়দা (রা) বলেছেন, 'তাজাসসুস' এবং তাহাসসুস' উভয় শব্দের অর্থ এক এবং অভিনু । তাহাসসুস মানে হলো অপরের দোব-ক্রটি নিয়ে আলাপ-আলোচনা করা এবং তাজাসসুস শব্দ থেকে 'জাস্স' শব্দটি গঠিত হয়েছে যার অর্থ হলো গুওচর ।

ইয়াইইয়া ইব্ন আবৃ কাসীর (র) বলেন : 'তাজাস্সুস' মানে হলো অন্যের দোষ নিয়ে আলাপ-আলোচনা করা এবং 'তাহা্স্সুস' অর্থ পরের গোপন কথা কান পেতে শোনা।

মুকাস্সিরগণ বলেন: তাজাস্সুস হলো কোন মুসলমানের গোপন কথা নিয়ে আলাপ-আলোচনা করা। সুতরাং 'ওয়ালা তাজাস্সুস' মানে হলো আল্লাহ্ যখন কারো দোষ-ক্রুটি গোপন রাখেন তখন তোমরা কেউ তোমাদের সে ভাইয়ের দোষ-ক্রুটি ফাঁস করে দেবে না। হযরত ইব্ন মাসউদ (রা)-এর নিকট অভিযোগ করা হয়েছিল যে, এই দেখুন ওয়ালীদ ইব্ন উকবার দাঁড়ি থেকে মদের ফোঁটা ঝরছে। তিনি বললেন: আমাদেরকে অপরের দোষ-ক্রুটি নিয়ে আলোচনা করতে নিষেধ করা হয়েছে। তবে যদি কোন দোষ-ক্রুটি আমাদের সামনে প্রকাশ পায়, তাহলে আমরা এজন্য অভিযুক্ত করবো এবং কৈঞ্চিয়ত তলব করবো।

হ্যরত রাস্লুল্লাহ্ (সা) বলেছেন:

من استمع حديث قوم وهم له كارهون صب في ادنيه الانك

"যদি কোন ব্যক্তি অপরের কথা কান পেতে শোনে যা তারা কাউকে শোনাতে চায় না, তাহলে কিয়ামতের দিন তার কানে গরম সীসা ঢেলে দেয়া হবে।" (বুখারী)

আল্লাহ্ তা'আলা যা পছন্দ করেন এবং যাতে সন্তুষ্ট হন এমন কাজ করার তৌফিক তিনি আমাদের দান করন।

৪৩. চোগলখোরী করা

যে ব্যক্তি মানুষের মধ্যে ফাসাদ সৃষ্টির উদ্দেশ্যে একের কথা অপরের নিকট বলে বেড়ায়, তাকে বলে 'নামমাম' বা চোগলখোর। সর্বসম্মত মতে চোগলখোরী করা হারাম। এ কাজ হারাম হওয়ার ব্যাপারে কুরআন ও সুনাহর সুস্পষ্ট দলীল রয়েছে। আল্লাহ তা আলা বলেন:

وَلاَ تَطِعْ كُلُّ حَلُّفٍ مُهِيْنٍ ، هَمَّازٍ مُشَّاءٍ بِنَمِيْمٍ ،

"অনুসরণ করো না তার, বৈ কথায় কথায় কসম করে যে লাঞ্চিত, যে পশ্চাতে নিন্দা করে, যে একের কথা অপরের নিকট লাগায় অর্থাৎ চোগলখোর ৷"

(সূরা कोलाम : ১০, ১১)

বুখারী ও মুসলিম শরীফে বর্ণিত আছে, হযরত রাস্লুল্লাহ্ (সা) বলেছেন : لاَ يَاْ خُلُ الْجَنَّةَ نَصَّامٌ .

"চোগ্**দখো**র জানাতে প্রবেশ করবে না।"

হাদীস শরীফে আছে, একবার রাস্পুল্লাহ্ (সা) দুটি কবরের নিকট দিয়ে যাচ্ছিলেন। তখন তিনি বললেন, এ দুটি কবরেই আয়াব হচ্ছে। এমন কোন বড় জনাহের জন্য তাদের আয়াব হচ্ছে না, যদিও তা কবীরা গুনাহ। তাদের একজন পেশাব থেকে পবিত্রতা অর্জন করতো না, অপরজন চোগলখোরী করে বেড়াত। তারশর নবী করীম (সা) একটি খেজুরের কাঁচা ডাল নিয়ে তা বিখণ্ডিত করে এক-এক খণ্ড করে প্রত্যেক কবরে প্রোথিত করলেন। তারপর তিনি বললেন: যতদিন পর্যন্ত তা তাজা থাকবে ততদিন তাদের উপর কবর আয়াব লাঘব হতে থাকবে। এমন কোন বড় অপরাধের জন্য তাদের আয়াব হচ্ছে না—এর অর্থ হলো ঐ অপরাধ ত্যাগ করা তাদের জন্য তেমন কোন কঠিন কাজ ছিল না অথবা তারা একজিকে তেমন কোন অপরাধ বলে মনে করতো না। সে জন্য অন্য রিওয়ায়াতে বলা হয়েছে (بيلى الله كبير) বরং তা কবীরা গুনাহের অন্তর্ভুক্ত।

হযরত আবৃ হ্রায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, হযরত রাস্পুলাহ্ (সা) বলেছেন:

ت تجدون شر الناس يوم القيامة ذا الوجهين الذي يأتي هؤلاء بوجه وهؤلاء بوجه ومن كان ذا السانين في الدنيا فان الله يجعل له لسانين من النار يوم القيامة .

"কিয়ামতের দিন ঐ ব্যক্তিকে তোমরা সবচেয়ে নিকৃষ্ট দেখতে পাবে যে ছিল দুনিয়াতে দুই চেহারাবিশিষ্ট। কিছু লোকের সাথে এক চেহারায় মিশতো। আবার কিছু লোকের সাথে অন্য চেহারায় মিশতো। যারা এ পৃথিবীতে দুই জিহ্বাওয়ালা অর্থাৎ দুই কথার লোক হবে, কিয়ামতের দিন আল্লাহ্ তা আলা তাদের জন্য আগুনের দৃটি জিহ্বা বানাবেন।" এখানে দুই জিহ্বা বিশিষ্ট হওয়ার অর্থ হলো—একজনের সাথে বলে এক কথা, অপরজনের কাছে বলে অন্য কথা।

ইমাম আবু হামিদ আল-গাযালী (র) বলেছেন: একজনের কথা অপরজনের নিকট বিকৃত করে বলাকে চোগলখোরী বলে। যেমন বলা হলো, অমুক তোমার সম্পর্কে এই এই কথা বলেছে। চোগলখোরী শুধু মুখে বলার মধ্যেই সীমাবদ্ধ নয়। এর বিভিন্নরূপ হতে পারে। এমন কোন কিছু প্রকাশ করে দেয়াকে চোগলখোরী বলে যা প্রকাশ হত্তয়া যার নিকট থেকে প্রকাশ করা হয় সে অথবা যার কাছে প্রকাশ করা হয় সে বা তৃতীয় কেউ তা অপক্ষ করে। চোগলখোরীর প্রকাশ কথার, চিঠিপত্রে, ইশারা-ইঙ্গিতে বা কাচ্চেকর্মে ইত্যাদি নানাভাবে হতে পারে। কোন প্রকার দোষক্রটি সম্বন্ধে হতে পারে, আবার দোষক্রটি ছাড়া অন্য বিষয়ও হতে পারে। মূল কথা হলো— কারো গোপন রহস্য যা সে প্রকাশ করতে চায় না, তা প্রকাশ করে দেয়াকে চোগলখোরী বা কুৎসা রটনা বলে। অপরের দোষক্রটি দেখা গেলে মানুষের উচিত চুপ থাকা। তবে যদি দেখা যায় যে, এটা প্রকাশ করে দিলে মুসলিম জনতার উপকার হবে অথবা অপরাধ রোধ করা যাবে, তাহলে অবশ্য তা প্রকাশ করতে হবে। যদি কোন লোক কারো নিকট গিয়ে চোগলখোরী আরম্ভ করে, তখন তার নিমুবর্ণিড পদক্ষেপগুলো গ্রহণ করা উচিত। যথা—

- ১. তাকে বিশ্বাস করবে না। কেননা সে চোগলখোর, পাপাচারী এমন ব্যক্তির খবর গ্রহণের অযোগ্য।
- ২. তাকে একান্ধ থেকে বিরত থাকার উপদেশ দিতে হবে এবং তার কান্ধ যে জ্বদ্য ও খারাপ, তা তাকে বোঝাতে হবে।
- ৩, আল্লাহ্র সন্তুষ্টির উদ্দেশ্যে তাকে ঘৃণা করতে হবে। কেননা সে আল্লাহ্র নিকট ঘৃণার পাত্র। আর আল্লাহ্র উদ্দেশ্যে ঘৃণা করা ওয়ান্ধিব।
- ৪. যার সম্পর্কে চোগলখোরী করা হবে তার সম্পর্কে খারাপ ধারণা গ্রহণ না করা। কেননা আল্লাহ্ তা আশা বলেছেন:

"তোমরা অধিকাংশ ক্ষেত্রে অনুমান হতে দূরে থাক। কারণ কোন কোন ক্ষেত্রে অনুমান পাপ।" (সূরা হজুরাত : ১২)

৫. তার নিকট যা বলা হয়েছে তার সত্যতা বাচাই করার পরও এর পেছনে লেগে থাকবে না। কেননা আল্লাহ্ তা'আলা বলেছেন: "তোমরা গোয়েন্দানিরি করো না।" ৬. ক্রেশক্ষের লোকটি যা বলেছে তাতে রাজী না হওয়া এবং তার রটিত কুৎসা সম্পর্কে অন্যকে অবহিত না করা। একবার এক ব্যক্তি হযরত উমর ইব্ন আবদুল আযীয় (র)-এর নিকট এনে অপর এক ব্যক্তি সম্পর্কে কিছু কথা বললো। তিনি বললেন, এহে তৃমি যদি ভাল মনে করো তবে আমি এ ব্যাপারে খোঁজ নিয়ে দেখতে পারি। যদি তোমার অভিযোগ সত্য হয় তবে এ আয়াতে বর্ণিত লোকদের পর্বায়ে

إِنْ جَاءَكُمْ فَاسِقٌ بِنَبَاءٍ فَتَبَيَّنُوا .

"যদি তোমাদের নিকট কোন কাসিক লোক কোন সংবাদ নিয়ে আসে তবে ভোমরা তা যাচাই করে দেখবে।" (সূরা হুজুরাত : ৬)

আর যদি তুমি মিখ্যাবাদী হও তবে তুমি নিমুবর্ণিত আরাতে উল্লিখিত লোকদের পর্যায় পড়বে— ক্রিনি ক্রিলাম : ক্রিনি ক্রিলাম : ক্রিনি ক্রিনি চাও তবে আমি তোমাকে ক্রমা করতে পারি। তখন লোকটি বললো, হে আমিরুক মুমিনীন। আমাকে ক্রমা করনে! আমি আর কোনদিন একাজ করবো না।

এক ব্যক্তি সাহিব ইব্ন ইবাদ (র)-এর নিকট এক ঐশ্বর্যশালী ইয়াতীমের মাল আত্মসাৎ করায় অনুপ্রাণিত করে চিঠি পাঠালো। তিনি ঐ চিঠির অপর পৃষ্ঠায় লিখে পাঠালেন, চোগলখোরী করা এক জঘন্য অপরাধ যদিও তা সত্য হয়। মৃত ব্যক্তির উপর আল্লাহ তা'আলা রহমত করুন, ইয়াতীমের স্কৃতি পূরণ করে দিন, অর্থ-সম্পদ আল্লাহর দেয়া ফল, যে তা নষ্ট করতে চায় আল্লাহ তা'আলা তাকে অভিশাপ দেন।

হম্মত হাসান বসরী (র) বলেছেন, যে অন্যের কথা তোমার কাছে বলে, মনে রাখবে সে তোমার কথাও অন্যের কাছে বলবে। একথাটি একটি প্রবাদ বাক্য—'যে তোমার কাছে প্রসে বলে সে অন্যের কাছে গিয়েও বশবে।' ছাতএব, তাকে ভয় করো।

হম্মত ইব্ন মুবারক (র) বলেছেন : জারজ সন্তান কোন কথা গোপন রাখতে পারে না। এ উভিদারা তিনি এইদিকে ইশারা করেছেন যে, যারা কথা গোপন রাখে না ধবং কুৎসা রটনা করে বেড়ায়, বুঝতে হবে এরা জারজ সন্তান। আল্লাহ্ তা আলার বাণীধারাও ধ্রকথা প্রমাণিত। যেমন আল্লাহ্ তা আলা বলেছেন : عُتُلُّ بَعْدَ ذَٰلِكَ 'সে পেট্ক ধবং প্রছাড়াও সে জারজ সন্তান।"

কোন এক ব্যর্গ তার এক ভাইয়ের সাথে সাক্ষাত করলে তার কোন এক ভাই সম্পর্কে সে এমন কিছু কথা বললো যা ছিল তার কাছে খুবই অপ্রিয়। তখন তিনি তাকে বললেন, হে ভাই! তৃমি কিছু গীবত করেছো এবং আমার কাছে তিনটি অপরাধ নিয়ে উপস্থিত হরেছো। তৃমি আমার ভাইকে আমার কাছে নিন্দনীয় করেছো, আমার অন্তরকে ঐদিকে লিপ্ত করেছো এবং তুমি নিজকে অবিশ্বাসের দিকে ঠেলে দিয়েছো। অপর এক বৃষর্গ বলেছেন : যে ব্যক্তি তোমাকে জানাবে যে তোমার অমুক ভাই তোমাকে গালি দিয়েছে, প্রকৃতপক্ষে সেই তোমার গালিদাতা।

এক ব্যক্তি হ্যরত আলী ইব্ন হুসায়ন (রা)-এর কাছে এসে বললো যে, অমুকে আপনাকে গালমন্দ করেছে এবং সে আপনার সম্পর্কে এই এই কথা বলেছে। তখন তিনি বললেন, আমাকে তার কাছে নিয়ে চলো। তারপর তিনি তাকে সাথে করে তার কাছে গিয়ে বিনীতভাবে বললেন, আমার সম্পর্কে তুমি যা কিছু বলেছো তা যদি সভ্য হয় তাহলে আল্লাহ্ যেন আমাকে কমা করেন। আর তুমি যা বলেছো তা যদি মিথ্যা ও অসত্য হয় তাহলে আল্লাহ্ তা আলা যেন তোমাকে কমা করেন। আল্লাহ্ তা আলার বাণী: ﴿

- "জ্বালানী বহনকারিণী"-এর ব্যাখ্যায় বলা হয়েছে যে, আর্ লাহার্বের ব্রী চোগলখোরী করে এবং কুৎসা রটিয়ে বেড়াতো। চোগলখোরীকে জ্বালানী বলার তাৎপর্য হলো— জ্বালানি যেমন আগুন জ্বালানোর মাধ্যম, তেমনি চোগলখোরী করা তাৎপর্য হলো— জ্বালানি যেমন আগুন জ্বালানোর মাধ্যম, তেমনি চোগলখোরী করা শয়তানের আগুন জ্বালানোর মাধ্যম হিসাবে কাল্ল করে। বলা হয়ে থাকে যে, চোগলখোরী করা শয়তানের অনিষ্টকর আমল থেকে মারাজুক ও ক্ষতিকর। কেননা শয়তানের কাল্ল হলো অন্তরে কুমন্ত্রণা দেয়া এবং চোগলখোরের কাল্ল হলো কথা বা আকার-ইঙ্গিতের মাধ্যমে সরাসরি একজনকে অপরক্তনের বিরুদ্ধে লাগিয়ে দেয়া।

কাহিনী

কথিত আছে যে, এক ব্যক্তি একটি গোলাম ক্রয়ের জন্য বাজারে গিয়ে দেখলো যে, বিক্রয়ের জন্য একটি গোলাম আছে এবং সে ডেকে ডেকে বলছে যে, চোগলখোরী করা ব্যতীত তার অন্য কোন দোষ নেই। সে এটাকে সামান্য ক্রটি মনে করে খরিদ করে আনলো। কিছুদিন অভিবাহিত হওয়ার পর সে তার মালিকের দ্রীকে বললো, আমার মালিক (আঁপনার স্বামী) আর একটা বিয়ে করতে চান। তিনি আপনাকে ভালবাসেন না। আপনি যদি তার ভালবাসা পেতে চান তাহলে তিনি যখন ঘুমিয়ে থাকবেন তখন একটি ক্ষুর দিয়ে দাড়ির নিচ এবং গলার নিমুভাগ থেকে এক গোছা দাঁড়ি কেটে এনে নিজের সাথে রাখবেন। তবে তিনি আপনাকে ভালবাসবেন এবং দিতীয় বিয়ে করবেন না। অতঃপর ব্রীলোকটি মনে মনে এই চিন্তা করতে লাগলো এবং সিদ্ধান্ত গ্রহণ করলো যে, তার স্বামী ঘুমালে সে গিয়ে দাঁড়ি কেটে আনবে। তারপর গোলামটি মহিলার স্বামীর নিকট গিয়ে বললো, প্রভু হে, আপনার বেগম সাহেবা (প্রভূপত্নী) এক গোকের সাথে গোপন প্রেমে আবদ্ধ হয়ে পড়েছেন এবং তার প্রতি তিনি খুব আসক । তিনি আপনার বিবাহ বন্ধন থেকে মুক্তিলাভের উদ্দেশ্যে আজ রাতে আপনাকে হত্যা করার সিদ্ধান্ত নিয়েছেন। আমার কথা যদি আপনার বিশ্বাস না হয় তবে ঘুমের ভান ধরে তয়ে থাকবেন, তাহলেই দেখতে পাবেন তিনি কি নিয়ে যবেহ করার জন্য আসছেন। তার মালিক তার কথা বিশ্বাস করলেন এবং রাতে ঘুমের

ভান করে অপেক্ষা করতে লাগলেন। মহিলা একটি ক্ষুর নিয়ে গলা থেকে দাঁড়ি কেটে আনার জন্য তার কাছে গেল। তখন মালিক মনে মনে ভাবলেন যে, আল্লাহ্র কসম! গোলাম ঠিকই বলেছে। তারপর মহিলা ক্ষুরটি তার গলায় রাখলে তিনি উঠে দাঁড়ালেন এবং তার হাত থেকে ক্ষুরটি নিয়ে তাকে ধবেহ করে ফেললেন। এবার মহিলার আত্মীয়-স্বজন এসে মহিলাকে নিহত অবস্থায় দেখে তাকেও হত্যা করলো এবং দুই পরিবারের মাঝে মারামারি ও হানাহানি বেধে গেল। আর এত বড় দালার কারণ হলো এ পালিষ্ঠ চোগলখোর গোলাম। এ কারণেই আল্লাহ্ তা আলা চোগলখোরকে ক্রুরআন মজীদে ফাসিক বলে অভিহিত করেছেন:

إِنْ جَاءَكُمْ فَاسِقٌ بِنَبَاءٍ فَتَبَيْنُوا أَنْ تُصِيبُوا قَوْمًا بِجَهَالَةٍ فَتُصْبِحُوا عَلَىٰ مَا فَعَلْتُمْ نَادِمِيْنَ .

"যদি কোন ফাসিক (সত্যত্যাগী, পাপাচারী) তোমাদের নিকট কোন সংবাদ নিয়ে আসে, তবে তোমরা তা পরীক্ষা করে দেখবে যাতে অজ্ঞতাবশত তোমরা কোন সম্প্রদায়কে আঘাত না করো এবং পরে তোমাদের কৃতকর্মের জন্য অনুতপ্ত না হও।" (সূরা হজুরাত : ৬)

G शटम भ

ওঁহে সব লোক। যাদেরকে প্রবৃত্তি কামনাবন্দী করে রেখেছে এবং মুক্তিলাভ করতে পারছো না। ওহে ধাংস সম্পর্কে অচেতন অথচ বারবার তাকে এ ব্যাপারে সচেতন করা হয়েছে। ওহে সে ব্যক্তি যে তার সূত্ততাহেতু ধোঁকায় নিমক্ষিত, অথচ মৃত্যু তার জন্য লক্ষ্যন্তল নির্বারণ করে বসে আছে। তুমি তোমার বিদায় বা পরপারের যাত্রা সম্পর্কে চিন্তা-ভাবনা করো। অবচ দেখা যাচ্ছে তুমি তোমার অবস্থাতেই রয়েছো। যদি কান্না না আসে তবে কান্নার ভান করো।

بكيت فما تبكى شباب صابك × كفاك نذير الثيب فيك كفاك الم تر ان الشيب قد قام ناعيا × مكان الشباب الغض ثم نماكا الم تر يومًا مرالا كإنسه × باهلاكه للهالكين عناك الا ايها الفانى فقد حان حينه × اتطمع ان تيقى فلست هناك ستمضى ويبقى ماتراه كما ترى × فينساك ما خلفته هو ذاكا تموت كما مات الذين نسيتهم × وتنسى ويهوى الحى بعد هواكا كانك قد اقصيت بعد تقرب × اليك وان باك عليك بكاكًا كأن الذى يحثو عليك من الثرى × يريد بما يحثو عليك رضاك

كان خطوب الدُّهر لم تجر ساعة × عليك اذا الخطب الجليل اتاك ترى الارض كم فيها رهون دفينه × غلقن فلم يقبل لهن فكاكًا

- ১. যৌৰনকাশ অবসানের জন্য তুমি কাঁদনি বরং কেঁদেছ বার্ধক্যে উপনীত হ্বার জন্য। কেননা বার্ধক্যই তোমার মধ্যে ভীতি সঞ্চারের এবং ভয় প্রদর্শনের জন্য যথেষ্ট।
- ২. তুমি কি দেখনি বে, বার্ধক্য শোকবার্তা নিয়ে উপস্থিত। তাই যৌবন তার দৃষ্টি অবনত করে শোকবার্তা জানাছে।
- ৩. তুমি কি দেখনি যে, বার্ধক্য প্রতিদিন ধ্বংসপ্রান্তদের সাথে তোমাকে ধ্বংসের মূখে ঠেলে দিছে।
- ওতে নশ্বর ও ধাংসোনাধ ব্যক্তি। ধাংসের সময় এসে উপস্থিত। তুমি কি
 চিরস্থায়ী হয়ে পৃথিবীতে থাকতে চাও । তবে জেনে রাখো—এখানে কোনকিছুই
 চিরস্থায়ী নয়।
- ৫. তৃমি চলে যাবে এবং তৃমি যা কিছু দেখছো তা পড়ে থাকবে। অতঃপর তৃমি যাদের রেখে যাবে তারা তোমাকে ভূলে যাবে এবং পৃথিবী যেমন ছিল তেমনি পড়ে থাকবে।
- ৬. তুমি যাদের ভূলে গেছো তাদের মত তুমিও মারা যাবে এবং তোমাকেও ভূলে যাবে এবং তোমার পরে গোত্রের লোকেরা নতুনভাবে অনুরূপ আশার জাল বুনতে থাকবে।
- ৭. যেন তুমি নৈকট্য লাভের পর দূরে চলে শেছো এবং তোমার বিফলতার জন্য তথু কানা ছাড়া অন্য উপায় পাকবে না।
- ৮. মনে হয় কেউ যদি তোমাকে মাটির অর্থাৎ কবরের কবল থেকে ছাড়িয়ে আনার উদ্যোগ গ্রহণ করতো, তাহলৈ তুমি সম্ভুষ্ট হতে।
- ৯. আর মহাকালের কালধাবা যখন তোমার উপর চরমভাবে আঘাত হানবে, তখন তোমাকে আর অবকাশ দেবে না, মুহুর্তের জন্যেও।
- ১০. তুমি দেখতে পাবে যে, মাটির মধ্যে কত বন্দী যে দাক্ষন করা অবস্থায় রয়েছে এবং তাদের মৃক্তির আবেদন নাকচ করা হয়েছে।

88. শা'নত করা বা অভিশাপ দেয়া

হ্ষরত নবী করীম (সা) বলেছেন:

سِبَابُ الْمُسْلِمِ فُسُونً ۗ وَقِتَالُهُ كُفْنُ ٠

"কোন মুস্পমানকে গালি দেয়া ফাসিকী (গুনাহের) এবং তাকে হত্যা করা কুফরী।" (আবু দাউদ)

হষরত নবী করীম (সা) আরো বন্দেন :

لَعَنُ الْمُؤْمِنِ كَقَتْلِهِ .

"কোন ঈমানদার লোককে লা'নত করা তাকে হত্যা করার শামিল।" (বুখারী)

মুসলিম শরীফে নবী করীম (সা) থেকে বর্ণিত আছে, ডিনি বলেছেন : "অভিশাপকারীরা কিয়ামতের দিন কারো পক্ষে সুপারিশকারী এবং সাক্ষী হতে পারবে না।"

নবী করীম (সা) আরও বলেছেন : "সিদ্দীক (সত্যবাদী) লোক কাউকে অভিশাপ করতে পারে না।" (মুসন্সিম)

হাদীস শরীফে আছে:

لَيْسَ الْمُؤْمِنُ بِطَعَانٍ وَلاَ بِلَعَّانِ وَلاَ بِالْفَاحِشِ ولاَ بِالْبَدْئِ .

"মুমিন ব্যক্তি পর্মনিন্দাকারী, অভিস-শার্কারী, অগ্রীলভাষী এবং নির্দক্ত হতে পারে না।"

আবৃ দাউদ শরীফে আছে, রাস্পুরাহ (সা) বলেছেন: "বানা যখন কোন ব্যক্তিকে অভিশাপ দের তখন ঐ অভিশাপ আকাশে উঠে যার কিছু আকাশের দরজা বন্ধ করে দেরা হর বলে ঐ অভিশাপ আবার পৃথিবীর দিকে ফিরে আসে। তখন যমীনেও নামতে দেরা হয় না—তার পথ বন্ধ করে দেরা হয়, তারপর ঐ অভিশাপ ডানে বামে পথ ও আশ্রয় খুঁজতে থাকে। তখন সে অন্য কোন পথ না পেয়ে যাকে অভিশাপ করা হয়েছে সে যদি ঐ অভিশাপের যোগ্য হয় তবে তার নিকট যায়, অন্যথায় অভিশাপকারীর নিকট ফিরে আসে।" (আবৃ দাউদ)

এক ব্যক্তি ভার উটকে অভিশাপ দিলে নবী করীম (সা) তাকে শান্তি দেন এবং উটটিকে মুক্ত করে দেন। ইমরান ইব্ন হুসায়ন (রা) বলেন, এক সফরের সময় এক আনসার মহিলাকে নিয়ে তার উট বসে পড়লে মহিলা ঐ উটটিকে অভিশাপ দিল। নবী করীম (সা) তাকে অভিশাপ দিতে তনে বললেন: উটের উপর যা কিছু আছে তা নামিয়ে রেখে ওটাকে ছেড়ে দাও। কেননা ওটা অভিশপ্ত। ইমরান (রা) বলেন, আমি যেন এখনও ঐ উটটিকে মানুষের মাঝে যুবে বেড়াতে দেখতে পাচ্ছি এবং কেউই তাকে বাধা দিছে না বা ব্যবহার করছে না। (মুসলিম)

হয়রত আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত। রাস্লুলাহ (সা) বলেছেন: "সবচেয়ে বড় সীমালংঘন হলো কোন মুসলমান ডাইয়ের মানসন্মানের উপর হস্তক্ষেপ করা।" আমর ইবনে কায়েস বলেছেন: যখন কোন ব্যক্তি কোন পতর উপর আরোহণ করে তখন ঐ পত বলে, হে আল্লাহ্! আপনি তাকে আমার সদয় সাখী করুন। অতঃপর যখন সে তাকে অভিশাপ দেয় তখন পতটি বলে, আমার উপর এমন লোক আরোহণ করেছে, যে আল্লাহ্ ও তার রাস্লকে উপেক্ষা করেছে। তার উপর আল্লাহ্ তা'আলার অভিশাপ রয়েছে।

পরিক্ষেদ

কাউকে নির্দিষ্ট না করে অপরাধীদের সকলকে অভিশাপ দেয়া জায়েয আছে। আল্লাহ্ তা'আলা বলেছেন :

ۚ أَلاَ لَعْنَةُ اللَّهِ عَلَى الظَّالِمِيْنَ •

"সাবধান! যাদিম বা অত্যাচারীদের উপর আঁল্লাহ্র লা'নত (অভিশাপ) বর্ষিত হয়।" (সূরা হুদ : ১৮)

আল্লাহ্ তা'আলা অপর এক আয়াতে বলেছেন :

ثُمُّ نَبْتَهِلْ فَنَجْعَلُ لُعْنَةَ اللَّهِ عَلَى الْكَاذِبِينَ .

তারপর আমরা বিনীত নিবেদন জানাই এবং রাখি মিথ্যাবাদীদের প্রতি আল্লাহ্র অভিশাপ। (সূরা আলে ইমরান : ৬১)

রাস্পুল্লাহ্ (সা) বলেছেন: "আল্লাহ্ তা'আলা সুদখোর, সুদদাতা, সুদের সাক্ষী এবং লেখককে অভিশাপ দিয়েছেন।"

তিনি আরও ব্লেছেন: "হিলা বিবাহকারী এবং যার জন্য হিলা করেছে তাদের উভয়ের উপর আল্লাহ্ তা'আলা লা'নত করেছেন।"

নবী করীম (সা) অন্যত্র বলেছেন:

لَعَنَ اللّهُ الْوَاصِلَةُ وَالْمُسْتَوْصِلَةً وَالْوَاشِمَةَ وَالْمُسْتَوْشِمَةِ وَالْمُسْتَوْشِمَةِ وَالنّامِصِةَ وَالْمُتَنَمِّصَةً .

"যে মহিলা চুলে জোড়া লাগায় (পরচুলা ব্যবহার করে) এবং যে অন্য কারো দারা একাজ করায়, যে মহিলা দেহে উদ্ধি সূচিবিদ্ধ করে (চিত্র অংকন করে) এবং যে তা করায় এবং যে স্ত্রীলোক জ্র বা পশম উঠিয়ে ফেলে এবং বে একান্ধ করে, অপরের দারা করায়, আল্লাহ্ তা'আলা তার উপর লা'নত বর্ষণ করেন।"

নবী করীম (সা) বলেছেন: "আল্লাহ্ তা'আলা সেসব মহিলার উপর অভিশাপ বর্ষণ করছেন যারা বিপদের সময় চিংকার এবং হৈ-হল্লোড় করে, মাধার চুল ছিঁড়ে এবং জামা-কাপড় ছিঁড়ে ফেলে।"

রাসূলুক্সাহ (সা) চিত্রকর এবং জমির সীমানা চিহ্ন পরিবর্তনকারীর উপর অভিশাপ বর্ষণ করেছেন।

রাসৃশুরাহ (সা) আরও বলেছেন: "বে ব্যক্তি তার পিতামাতাকে অভিশাপ দের, আয়াহ ডা'আলাও তার উপর অভিশাপ বর্ষণ করেন এবং যে তার মাকে গালি দের, তাকে তিনি লা'নত করেন।"

সুনানে আছে, নবী করীম (সা) বলেছেন : যারা অন্ধকে ভূল পথ দেখার, তাদের উপর আল্লাহ্ অভিশাপ বর্ষণ করেন, যারা পণ্ড মৈথুন করে, আল্লাহ্ তাদের উপর অভিশাপ দেন এবং যারা লৃত (আ)-এর গোত্রের লোকদের বভাব গ্রহণ করবে অর্থাৎ পৃং মৈথুন করবে, তাদের উপর আল্লাহ্ তা'আলা অভিশাপ বর্ষণ করেন। আর যারা গণকের কাছে যাবে, যারা মহিলার গুহারারে সঙ্গম করবে, আল্লাহ্ তাদের লা'নত করেন। যে সব মহিলা বিলাপ করে, তাদের ওপরও আল্লাহ্র অভিশাপ বর্ষিত হয়। যে মহিলা তার বামীর অসন্ধৃষ্টি অবস্থায় রাত কাটার, তার ওপর আল্লাহ্র অভিশাপ পড়ে। যে ব্যক্তি এমন একটি দল বা জাতির নেতৃত্ব দেয় যার প্রতি তারা সন্তৃষ্ট নর, তার প্রতিও আল্লাহ্র লা'নত। যে ব্যক্তি কর্মা আস) আহ্রান তনেও জ্বাব দেয় না, তার উপর আল্লাহ্র অভিশাপ। যে আল্লাহ্ ছাড়া অন্য কোন সন্তার নামে যবেহ করে, তার প্রতি আল্লাহ্র অভিশাপ বর্ষিত হয়।

আর যাদের প্রতি আল্লাহ্র অভিশাপ পড়ে, তারা হলো, চোর, যারা সাহাবীদেরকে গালি দেয়, যে পুরুষ নপৃংসক হয়ে যায়, পুরুষবেশী মহিলা, মহিলাবেশী পুরুষ, যে পুরুষ মহিলাদের পোশাক পরিধান করে, যে মহিলা পুরুষের পোশাক পরিধান করে, যে মহিলা পুরুষের পোশাক পরিধান করে, যে মানুষের চলাফেরার পথে পায়খানা-পেশাব করে, যে সব মহিলা হাতে মেহেন্দী লাগায়নি, ঐসব মহিলা যে সুরমা লাগায়নি, যে স্বামী-স্ত্রীর মাঝে বিচ্ছেদ ঘটায় অথবা দাস ও মালিকের মধ্যে বিভেদ সৃষ্টি করে, যে ব্যক্তি গুহুছারে মৈগুন করে অথবা ঋতু অবস্থায় স্ত্রীর সাথে সহবাস করে, যে ব্যক্তি তার ভাইয়ের প্রতি অক্সধারা হত্যার হুমকি দেয়, যে যাকাত দিতে অস্থীকার করে, যে পিতার নাম গোপন করে অন্যের মাধ্যমে পরিচয় দেয়, অথবা মালিক ছাড়া অন্যের হুকুম তামিল করে, যে পশুর চেহারা লোহা পুড়িয়ে দাগ দেয়, আল্লাহ্ প্রদন্ত শান্তি বিধান কার্যকর না করার জন্য যে ও যার জন্য সুপারিশ করে, যে মহিলা স্বামীর অনুমতি ছাড়া ঘর হতে বের হয়, যে মহিলা স্বামীর

কিভাবন কাৰ্যন্তের

সান্নিধ্য পরিত্যাগ করে অন্যত্ত রাত কটািয়, ক্ষমতা খাকা সন্তেও যে সংকাজের আদেশ এবং অসংকাজের নিষেষ করে না, সমকামী বা পৃংনৈধুনকারী ও ষার সাথে পৃং মৈখুন করে, মদাসক্ত ও যে সদ পান করায়, যে মদ তৈরি করে, যে মদ বিক্রয় করে, যে মদ বহন করে, বার কাছে বহন করে এবং নিয়ে যার, যে তার মৃশ্য ভোগ করে এবং যে এই অপকর্মে উদুদ্ধ করে।"

নবী ৰুৱীয় (সা) ৰলেছেন : "ছয় প্ৰকার লোককে আমি জভিশাপ দিয়েছি এবং আক্লাহ্ তা'আলাও তাদের উপর অভিশাপ বর্ষণ করেছেন। আর প্রভ্যেক নবীর দু'আই কৰুল হয়ে **থাকে। এরা হলো**—যারা ভাকদীরে অবিশ্বাস করে, আল্লাহর কিতাব অর্থাৎ কুরুমান মজীদের হকুমের সাথে আরও সংবোজন করে, বাদের আল্লাহ্ অপমানিত করেছেন তাদেরকে সন্মান দেখানোর জন্য এবং যাদের আল্লাহ্ সন্মান দিয়েছেন তাদের অপমানিত করার জন্য কাহারোগ করে, যারা আল্লাহর হারামকৃত বস্তুকে হালাগ মনে করে, অবৈধভাবে মারা আমার বংশধরদের হত্যা করবে, যারা আমার সুনাত পরিত্যাগ করবে। যে প্রতিবেশীর স্ত্রীর সাথে স্কৃতিচারে শিব হবে, তার উপর আক্রাহ্র অভিশাপ পড়বে। যে হস্তমৈথুন করে তার উপর দানিত করেছেন। যে মাতা ও কন্যার সাথে ব্যক্তিচার করে, তার উপর অভিশাপ করেছেন। বিচার বা প্রশাসনকে প্রভাবিত করার জন্য যে যুষ দেয়, যে যুষ গ্রহণ করে এবং যে দাতা ও প্রহীতার মধ্যে মাধ্যম হিসেবে কাঞ্চ করে, তার উপর অভিশাপ করেছেন। তিনি আরও অভিশাপ বর্ষণ করেছেন ভাদের উপর ষারা ইন্ম গোপন করে, বাদ্যদ্রব্য সভন্দ করে, মুসলমানকে অপমান করে এবং তার সাহায্যে এগিয়ে আসে না, যে শাসনকর্তার অন্তরে দয়ামায়া নেই। যে পুরুষ বা মহিলা বিবাহ না করে কুমারিত্ব অবলয়ন করে, य अकाकी नरा-छाजरण घूरत राष्ट्रांत खन् राप राष्ट्र करते।"

আমরা মহান আল্লাহ্র কাছে আল্লাহ্ ও তাঁর রাস্নের অভিশাপ বর্ষণ হতে আশ্রর চাচ্ছি।

পরিকেদ

মুসলিম উন্মাহ এই মর্মে একষত যে, কোন নিরপরাধ ব্যক্তিকে অভিশাপ দেরা হারাম। অসক্তরিত্রের অধিকারী কোকদেরকে অভিশাপ দেরা জায়ের আছে। যেমন আল্লাহ্ তা'আলা ফালিমদের অভিশাপ দিয়েছেন। আল্লাহ্ তা'আলা কাফিরদের অভিশাপত করেছেন, ইরাইদী ও প্রিক্টানকে আল্লাহ্ অভিশাপ দিয়েছেন। ইতিপূর্বেও এ ধরনের আরও অনেকের প্রতি আল্লাহ্র অভিশাপের কথা উল্লেখ করা হয়েছে। যারা সরাসরি পাপাচারে লিও যেমন ইয়াহ্দী, ব্রিটান, অত্যাচারী, ব্যভিচারী, চোর বা সুদধোর এদেরকে অভিশাপ দেয়া হারাম নর তা হাদীসম্বারা সুশাইভাবে বোঝা যায়।

ইমাম গাবালী (র)-এর মতে, সাধারণভাবে অভিশাপ করা হারাম। তবে যদি নিশ্চিতভাবে জানা যায় যে, অমুক ব্যক্তি কান্ধির অবস্থায় মারা গেছে, তাহলে তার উপর লানিত বা অভিশাপ করা যায়। যেমন আবৃ জাহল, আবৃ লাহাব, ক্ষিরআউন, হামান প্রমুখ কান্ধির। কেননা লানত করা বা অভিশাপ দেয়ার মানে হলো কাউকে আল্লাহ্র রহমত থেকে দ্রে সরিয়ে দেয়া। অথচ আমাদের জানা নেই যে, এ ফাসিক ও কান্ধির কিভাবে ও কোন্ অবস্থায় মৃত্যুবরণ করেছে। তবে রাস্পুলাহ্ (সা) যাদের অভিশাপ দিয়েছেন তাদের সম্পর্কে নিশ্চিত হয়েই দিয়েছেন। যেমন তিনি বলেছেন: হে আল্লাহ্। আপনি রাল, যাকওয়ান ও উসায়্যাহ গোত্রের উপর অভিশাপ বর্ষণ কর্মন। ওরা আল্লাহ্ ও তাঁর রাস্লের নাফরমানী করেছে। আরবের এ তিনটি গোত্রের লোকদের মৃত্যু কুফরী অবস্থায় হবে তা রাস্লুল্লাহ্ (সা)-এর জানা ছিল। তাই এরপ অভিশাপ দেয়া জায়েয় হয়েছে।

অভিশাপ দেয়ার ন্যায় কারো জন্যে বদদু আ করাও সমীচীন নয়। এমনকি কেউ যদি কোন যালিমকে উদ্দেশ্য করে বলে যে, তার শরীর যেন আরাহ্ সুস্থ না করেন, আরাহ্ যেন তাকে শান্তি না দেন এবং এজবে সে যেন কট পেতে থাকে—বলা ঠিক নয়। অনুরূপভাবে কোন জীব-জন্তু অথবা জড় পদার্থকে অভিশাপ দেয়া অত্যন্ত থারাপ কাজ। কোন কোন আলিম বলেছেন: যে ব্যক্তি অভিশাপ পাওয়ার যোগ্য নয়, তাকে অভিশাপ দেয়া হলে তাকে সাথে সাথে বলতে হবে সে অভিশাপের যোগ্য নয়, সে এ অভিশাপের আওতাভুক্ত নয়।

পরিক্রেদ

সংকাজের আদেশদাতা অসংকাজের নিষেধকারী এবং প্রত্যেক শিষ্টাচার শিক্ষা দানকারীর জন্য তার সম্বোধিত ব্যক্তিকে তোমার ধ্বংস হোক, অথবা ওহে নিজের উপর যুলুমকারী ইত্যাদি নামে সম্বোধন করা জায়ের আছে। তবে কোনক্রমেই এসব সম্বোধন ফেন মিখ্যার আওতায় না পড়ে সেদিকে শক্ষ্য রাখতে হবে এবং প্রত্যক্ষ বা পরোক্ষ তথা কোনক্রমেই যেন তা অপবাদের পর্যায় না পড়ে, সেদিকে শক্ষ্য রাখতে হবে। যদিও সে এ ব্যাপারে সত্যবাদী। যেসব ক্ষেত্রে অভিশাপ দেয়ার কথা বলা হয়েছে, তার উদ্দেশ্য হতে হবে আদৰ বা শিষ্টাচার শিখানো এবং ভয় প্রদর্শন করা। আর কথাওলো মনে রেখাপাত করতে হবে।

হে আক্লাহ্ ! আমাদের অন্তরগুলো তুমি ছাড়া অন্য কারো অনুসত্রণ থেকে পবিত্র করে দাও এবং এমন গোত্রের বা সম্প্রদায়ের অন্তর্ভুক্ত করো যাদেরকে তুমি ভালবাস এবং তারাও তোমাকে ভালবাসে। আমাদেরকে এবং আমাদের মাতাপিতাকে এবং সকল মুসলমানকে ক্ষমা করে দাও।

छेश्रामन

ধ্বহে বল্প পাথের নিয়ে দূর পথের যাত্রী। ধ্বহে ক্ষতিকর বস্তুকে গ্রহণকারী এবং উপকারী বস্তুকে পরিত্যাগকারী। তুমি কি বুঝতে পারছো যে, তোমার কাছে সঠিক কাজ অনুপস্থিত। আর কতকাল তুমি সময় নষ্ট করবে? অখচ এ সময়কে হিসাব করে রাখছেন একজন সক্ষম রক্ষক।

কবিতা

مضى امسك الماضى شهيدًامعدلا × وأعقبه يوم عليك شهيد فان كنت بالامس افترفت إساءة × فبادر باحشن وانت حميد لا تبق فضل الصالحات الى غد × فرب غد ياتى وانت فقيد اذا ما المنايا اخطأتك وصادقت × جميعك فاعلم انها سعود

- ১. বে দিনগুলো অতিবাহিত হয়ে গেছে সে অতীত নিরপেক্ষ সাক্ষ্য হিসেবে বিরাজ করছে এবং পরে এমন একদিন এসে উপস্থিত হবে যেদিন তোমার বিরুদ্ধে সাক্ষ্য দেবে।
- ২. যদি ভূমি অতীতে শুনাহের কান্ধ করে থাকো তাহপে ভূমি অতি সত্ত্বর নেক কান্ধে ব্রতী হয়ে প্রশংসার পাত্রে পরিণত হও।
- ৩. কোন নেক ও কল্যাণকর কাজের অবশিষ্ট অংশ আগামীকাল করার আশায় ফেলে রেখো না, কেননা আগামীতে এমন আনেক দিন আসবে যখন তুমি আর থাকবে না।
- ৪. যখন মৃত্যু ভোমাকে ভূলে গিয়ে অর্থাৎ ছেড়ে গিয়ে ভোমার বয়ুকে আক্রমণ করে, ভখন ভূমি একথা নিশ্চিতভাবে জেনে লাও বে, সে অনতিবিশমে আবার ফিরে আসছে ?

৪৫. ওয়াদা করে তা রক্ষা না করা

আক্লাহ্ তা'আলা বলেন :

وَأَوْفُواْ بِالْعَهْدِ إِنَّ الْعَهْدَ كَانَ مَسْئُواْلاً :

"তোমরা প্রতিশ্রুতি পালন করো, প্রতিশ্রুতি সম্পর্কে কৈষ্ক্রিয়ত তলব করা হবে।" (সূরা বনী ইসরাঈল : ৩৪)

হ্যরত যুজাজ (র) বলেছেন : আল্লাহ্ তা'আলা যা করতে আদেশ করেছেন এবং যা করতে নিষেধ করেছেন—তা সবই প্রতিশ্রুতি।

অপর এক আয়াতে আল্লাহ্ তা আলা বলেন :

يُهايُّهَا الَّذِينَ امَّنُوا أَوْفُوا بِالْعُقُودِ .

"হে ঈমানদারগণ। তোমরা প্রতিশ্রুতিসমূহ পালন কর।" (সূরা মায়িদা : ১)

হযরত ওয়াহিদী (র) বদেন, হযরত ইব্ন আব্বাস (রা) প্রতিশ্রুতি সম্পর্কে এক রিওয়ায়াতে বলেছেন, যা হালাল করা হয়েছে, যা হারাম করা হয়েছে, যা ফর্য করা হয়েছে এবং কুরআন মজীদে যার জন্য শাস্তির আদেশ দিরেছেন, তা সবই প্রতিশ্রুতিসমূহের (اَلْمُعُونُةُ) অন্তর্ভূক্ত।

হযরত দাহহাক (র) বলেছেন : হালাল, হারাম এবং নামায ইত্যাদি যেসব বিষয় আল্লার তা আলা এই উন্মতের উপর ফর্ম করেছেন তা সবই পূরণ করা ওয়াদাসমূহ বা প্রতিশ্রুতির অন্তর্ভুক্ত। উহুদ (مهود) শব্দটি আহদ (مهد) শব্দের বহুবচন। আকদ (مهد) অর্থ মযবৃত করে বাধা। আল্লাহ তা আলা যা আমাদের উপর ফর্ম করেছেন তা মযবৃত করে দিয়েছেন তাই ফ্র্মসমূহ উক্দ রা প্রতিশ্রুতিসমূহের অন্তর্ভুক্ত। কোনক্রমেই তা ভঙ্গ করা যাবে না।

শ্বুকাতিল ইবন হিবনান (র) বলেছেন, (ارفو بالعقود) "তোমরা প্রতিশ্রুতি বা চ্ডিস্নির্ক্ত পালন কর।" এর অর্থ আল্লাহ্ তা আলা পবিত্র কুরুজানে যে সব অঙ্গীকার ভোমানের সাথে করেছেন। অর্থাৎ যৈসব করার নির্দেশ দিয়েছেই তা পালন করা এবং যা করতে নিষেধ করেছেন তা থেকে বিরত থাকা প্রতিশ্রুতি পালনের অন্তর্ভূক। এ ছাড়া মুসলমান ও মুশরিকদের মাঝে যে চুক্তি সাধিত হয়েছে এবং একজন মানুষ অন্যজনের সাথে যেসব চুক্তি করে বা প্রতিশ্রুতি দেয়, তা-ও আহদ বা প্রতিশ্রুতি অন্তর্ভূক।

হবরত নবী করীম (সা) বলেছেন:

اربع من كن فيه كان منافقا خَالصًا ومُن كانت فيه خصلة منهن كانت فيه خصلة منهن كانت فيه خصلة من النقاق حتى يدعها: اذا حدث كذب واذا ائتمن خان ، واذا عاهد هدر واذا خاصم فجر .

"যার মধ্যে চারটি বৈশিষ্ট্য রয়েছে, সে প্রকৃত মুনাফিক। যার মধ্যে এর একটি বৈশিষ্ট্য বা খাসলত থাকবে, তার মধ্যে মুনাফিকের একটি বৈশিষ্ট্য আছে বলে ধরে নিতে হবে—যতক্ষণ না সে তা পরিত্যাগ করে। সেই চারটি বৈশিষ্ট্য হলো—যখন সে কথা বলে তখন মিখ্যা বলে, তার কাছে কোন আমানত রাখা হলে তা খিয়ানত করে, গুয়াদা করলে তা ভঙ্গ করে, আর কারো সাথে ঝগড়া বাধলে অশ্লীল ভাষা প্রয়োগ করে।" (বুখারী ও মুসলিম)

রাস্লুল্লাহ্ (সা) বলেছেন: "কিয়ামতের দিন প্রত্যেক প্রতিশ্রুতি ভঙ্গকারীর জন্য একটি করে পতাকা থাকবে। বলা হবে—প্রটি অমুক বিশ্বাসঘাতকের পতাকা এবং এটা অমুকের পুত্র অমুক প্রতিশ্রুতি ভঙ্গকারীর পতাকা।" (মুসলিম)

রাস্লুল্লাহ (সা) বলেছেন, আল্লাহ্ তা'আলা বলেন: "আমি কিয়ামতের দিন তিন ব্যক্তির বিক্লজে বাদী হবো। তারা হলো—আমার নামের দোহাই দিয়ে যে সুবিধা পেরেছে এরপর সে বিশ্বাসঘাতকভা করেছে; যে ব্যক্তি কোন স্বাধীন লোককে বিক্রয় করে তার মূল্য খেয়েছে এবং যে ব্যক্তি কোন শ্রমিককে কাজে লাগিয়ে পূর্ণমাত্রায় তার কাজ আদায় করেছে কিন্তু তার যথার্থ মজুরী দেয়নি।" (বৃধারী)

রাসৃবৃদ্ধাহ্ (সা) বলেছেন:

من خلع يدًا من طاعة الله لقى الله يوم القيامة ولا حجة له ومن مات وليس في عنقه بيعة مات ميتة جاهلية .

"যে ব্যক্তি আনুগত্য হতে হাত ওটিয়ে নেবে, কিয়ামতের দিন সে যখন আল্লাহ্ তা আলার সম্পুথে হাযির হবে তখন তার কিছু বলার থাকবে না। আর যে ব্যক্তি (কোন আমীর বা ইমামের) আনুগত্যের শপন ছাড়া মারা যাবে, সে জাহেলিরাতের মৃত্যুবরণ করবে।" (মুসলিম)

রাস্পুরাহ (সা) আরও বলেছেন: "যে ব্যক্তি জাহান্নাম খেকে দ্রে থাকতে চার এবং জানাতে যেতে চার, তাকে অবশাই আরাহ ও পরকালের উপর ঈমান নিয়ে মারা যেতে হবে এবং নিজের জন্য যা ভালবাসে, অন্যের জন্যেও তা ভালবাসতে হবে। আর বে ব্যক্তি কোন ইমামের (নেভার) হাতে হাত রেখে ও আন্তরিকভা সহকারে তার প্রতি আনুগত্যের শপথ নেবে, তাকে ইমামের প্রতি যখাসাখ্য অনুখত থাকতে হবে। যদি কেউ ইমামের সাথে প্রতিধন্দিতায় কেপে গড়ে, তখন জোমরা খাড় মটকিরে দেবে।" (মুসলিম)

৪৬. গণক বা জ্যোতিষীর কথা বিশ্বাস করা

• আল্লাহ তা আলা বলেন :

وَلاَ تَقْفُ مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمُ أَنَّ السَّمْعَ وَالْبَصَرَ وَالْفُؤَادَ كُلُّ أُولْئِكَ كَانَ عَنْهُ مُسْتُولاً •

"যে বিষয়ে তোমার জ্ঞান নেই সে বিষয়ে অনুমান দ্বারা পরিচালিত হয়ো না। কর্ণ, চক্ষু, হৃদয় ওদের প্রত্যেকের নিকট কৈফিয়ত তলব করা হবে।"

(সুরা বনী ইসরাঈল: ৩৬)

আলোচ্য আয়াতের ব্যাখ্যায় হযরত ওয়াহিদী (র) তার তাফসীরে লিখেছেন যে, হযরত কালবী (র) বলেছেন, এর অর্থ হলো—যে বিষয়ে তোমার জ্ঞান নেই সে বিষয়ে তুমি কিছু বলো না। হ্যরত কাতাদা (রা) বলেছেন, এর অর্থ হলো∸তুমি যা শোননি তা उत्निष्ट, या দেখোনি তা দেখেছি এবং या जान ना তা जान বলো ना। অর্থাৎ যে ব্যাপারে তুমি জান না, সে ব্যাপারে তুমি অভিমত ব্যক্ত করো না।

কর্ণ, চক্ষু এবং অস্তরের জিজ্ঞাসিত হওয়া সম্পর্কে হযরত ওয়ালী (র) হযরত ইব্ন আব্বাস (রা) সূত্রে বলেন, আল্লাহ্ তা'আলা তাঁর বান্দাদের চোখ, কান ও অন্তরের যথার্থ ব্যবহার করেছে কিনা তা জিজ্ঞেস করবেন। এ আয়াতে যা দেখা হালাল নয় তা দেখা, যা শোনা হারাম তা শোনা এবং যেসব কামনা ও বাসনা জায়েয নয় তার আশা করা সম্পর্কে কঠোরভাবে সাবধান করা হয়েছে।

আল্লাহ তা'আলা বলেছেন :

عَبَالِمُ الْغَيْبِ فَلاَ يَظْهَرُ عَلَى غَيْبِهِ آحَدًا الِالْ مَنِ ارْتَضْلَى مِنْ رُسُوْلِ .

"তিনি (আল্লাহ্ তা'আলা) অদৃশ্যের পরিজ্ঞাতা, তিনি তাঁর অদৃশ্যের জ্ঞান কারো নিকট প্রকাশ করেন না তাঁর মনোনীত রাসূল ব্যতীত।"

হ্যরত ইব্ন জাওয়ী (র) বলেন, অদৃশ্যের জ্ঞাতা হলেন সে মহান আল্লাহ্ যিনি এক এবং অদিতীয়, যাঁর রাজ্যে কোন অংশীদার নেই। তিনি তাঁর অদৃশ্য জগত সমধ্যে তাঁর নির্বাচিত রাসূল ছাড়া অন্য কোন লোককে কিছুই জ্বানার সুযোগ দেন না। কেননা রাস্লদের সত্য হবার দ্লীল হলো তাঁদের অদৃশ্য সহক্ষে জানাতে হবে। অর্থাৎ আলুত্ তা আলা যাঁকে রাসূল হিসাবে মনোনীত করেন তাঁকে অদৃশ্য সম্বন্ধে যতটুকু প্রয়োজন

বা আল্লাহ্ তা আলা যতটুকু চান ততটুকু জ্ঞান দান করেন। এ আলোচনা ও দলীলসমূহ ছারা স্পষ্টভাবে বোঝা গেল, যারা ধারণা করে যে, নক্ষত্রের মাধ্যমে অদৃশ্য সম্বন্ধে জ্ঞান লাভ করা যায়, তারা কাফির। আল্লাহ্ তা আলা সম্যক জ্ঞাত।

এ প্রসঙ্গে রাসৃশুল্লাহ্ (সা) বলেছেন:

مَنْ أَتَى عِرَافًا أَوْ كَاهِنًا فَصَدَّقَهُ بِيمَا يَقُولُ فَقَدْ كَفَرَ بِمَا أَنْزَلَ
 عَلى مُحَمَّدٍ ﷺ.

"যে ব্যক্তি কোন জ্যোতিষী অথবা গণকের কাছে যাবে এবং সে যা বলবে তা বিশ্বাস করবে, সে মুহাম্মদ (সা)-এর প্রতি যা নাযিল হয়েছে তার সাথে কুফরী করলো।"

বুখারী ও মুসলিম শারীফে বর্ণিত আছে। হযরত যায়দ ইব্ন খালিদ আল-জুহানী (রা) বলেছেন, একবার আমরা রাস্পুল্লাহ্ (সা)-এর সাথে মেঘাচ্ছন্ন আকাশের নিচে ফজরের নামায আদায় করলাম। নামায শেষ হলে তিনি উপস্থিত নামাযীদের দিকে ফিরে বসে বললেন, তোমাদের প্রতিপালক কি বলেছেন তা কি তোমরা জানঃ তারা আরয় করলেন, এ সম্বন্ধে আল্লাহ্ ও তাঁর রস্ল (সা) সর্বাধিক জ্ঞাত। নবী করীম (সা) বললেন, (আল্লাহ্ বলেছেন) আমার কোন কোন বাদ্দা ভোরে মুমিন হিসাবে অথবা কাফির হিসাবে ঘুম থেকে ওঠে। সৃতরাং যে ব্যক্তি বলে, আল্লাহ্র রহমত এবং করুণায় আমাদের উপর বৃষ্টি হয়েছে, সে ব্যক্তি আমার প্রতি ঈমানদার এবং নক্ষত্রের উপর অবিশ্বাসী। আর যে ব্যক্তি বলে যে, অমুক নক্ষত্রের প্রভাবে বৃষ্টি হয়েছে, সে ব্যক্তি হয় আমার প্রতি অবিশ্বাসী এবং নক্ষত্রের উপর উপর সমানদার। অর্থাৎ সে আমার উপর বিশ্বাস হারিয়ে নক্ষত্রের উপর বিশ্বাস এনেছে।

(আবৃ দাউদ, তিরমিয়ী ও ইব্ন মাজাহ)

উলামায়ে কিরাম বলেছেন, যদি কোন মুসলমান বলে যে, অমুক নক্ষত্রের কারণেই বৃষ্টি হয় এবং ঐ নক্ষত্রই বৃষ্টিদাতা, তবে সে নিঃসন্দেহে ইসলামত্যাগী কাফিরে পরিণত হবে। আর যদি কেউ এ বিশ্বাস নিয়ে বলে যে, অমুক নক্ষত্রের অবস্থান বা অমুক নিদর্শন বৃষ্টি হওয়ার আলামত এবং এ সব নিদর্শন যখন দেখা যায়, তখনই বৃষ্টি হয় এবং মূলত আল্লাহ্র ইচ্ছায়ই বৃষ্টি হয়, তবে সে কাফির হবে না। তবে এ ধরনের উজিও কারো কারো মতে মাকরহ। এ ধরনের কথাকে মাকরহ জ্ঞান করা এজন্যই দাবি রাখে যে, এ সব কথা সাধারণত নান্তিক এবং কাফিররাই বলতে পারে। হাদীসের শব্দাবলী থেকেও এটা অনুমিত হয়।

রাসূপুরাহ (সা) আরও বলেছেন, "যে ব্যক্তি গণকের কাছে যায় এবং তার কথা বিশ্বাস করবে, তার চল্লিশ দিনের নামায কবৃল হবে না।" (মুসদিম) হবরত আয়েশা (রা) বর্ণনা করেন, কিছু সংখ্যক লোক রাস্পুলাই (সা)-এর কাছে গণকের সম্বন্ধে জিড্ডেস করলে তিনি বলেন, গণকদের ভবিষ্যধাণী কোন বাস্তব কথা নয়। তাঁরা আরও আরম করলেন, ইয়া রাস্লাল্লাই (সা)! তাদের অমুক অমুক কথা তো ঠিক হয়েছে। তাহলে তা কি করে হলো! তখন রাস্পুলাই (সা) বললেন, যে সব কথা সত্য হয়েছে তা কোন জ্বিন সংগ্রহ করে তাকে বলে দিয়েছে। সে এর সাথে শতেক মিথ্যা কথা মিলিয়ে বলেছে। (বুখারী ও মুসলিম)

হযরত আয়েশা (রা) আরও বলেন, আমি রাস্পুলাহ (সা)-কে বলতে শুনেছি, ফেরেশতাগণ মেঘমালায় নেমে আসেন এবং আসমানে যে সব ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং যেসব হুকুম জারি হয়েছে, তা নিয়ে নিজেদের মধ্যে আলাপ-আলোচনা করেন। শয়তান তখন চুরি করে কান পেতে শুনতে থাকে এবং পরে এসে তা গণকদের কাছে বর্ণনা করে। তারপর গণকরা এর সাথে নিজেদের পক্ষ থেকে শত শত মিথ্যা কথা সংযোজন করে বলে বেড়ায়। (বুখারী)

হযরত কাবীসাহ ইব্ন আবিদ মুখায়রিক (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাস্পুক্লার (সা)-কে বলতে তনেছি, ইয়াফাহ তায়রাহ এবং তুরুক মূর্তিপূজার শামিল। (আবু দাউদ) ইয়াফাহ মানে হলো রেখা অংকনদ্বারা শুভাশুভ গণনা করা। তায়ারাহ অর্থ হলো পাখি উড়িয়ে শুভাশুভ নির্ধারণ করা। আর তুরক মানে হলো পাখিকে তাড়িয়ে দেয়া। তারপর পাখি ডানদিকে গেলে শুভ যাত্রা এবং বামদিকে গেলে শুভ যাত্রা মনে করা।

হযরত জাওহারী (র) বলেছেন, 'জিবত' শব্দ্বারা প্রতিমা, গণক, যাদুকর ইত্যাদি বোঝায়।

হযরত ইব্ন আব্বাস (রা) বলেন, রাসূলুক্সাহ্ (সা) বলেছেন, যে ব্যক্তি জ্যোতিষীর নিকট হতে কোন কিছু গ্রহণ করলো, সে যেন যাদুকরের নিকট হতে কিছু গ্রহণ করলো এবং বেশি গ্রহণ করলে বেশি গ্রহণ করবে। হযরত আলী ইব্ন আবী তালিব (রা) বলেছেন, গণক হলো যাদুকর, আর যাদুকর হলো কাঞ্চির। ইয়া আল্লাহ্। পানাহ্ চাই।

উপদেশ

আল্লাহ্র বানাগণ! তোমরা তোমাদের পাথেয়ের ব্যাপারে চিন্তা-ভাবনা করে দেখ। তোমাদের ধ্বংসের পূর্বে এবং কবরে প্রবেশের পূর্বে তোমাদের কাজের প্রতি দৃষ্টি-নিবদ্ধ করে। আর সামর্থ্য থাকতে যাত্রার জন্য প্রভৃতি নাও। কোথায় সঙ্গী-সাথী, বন্ধু-বান্ধব এবং ভাই-ভ্রাভাগণ? কোথায় তারা, যারা সুন্দর অনুপম অট্টলিকা তৈরি করেছিল? আল্লাহ্র কসম! তারা ওদের ঘরবাড়ি ছেড়ে চলে গেছে এবং তাদের কাফনের কাপড় কবরে টুকরো টুকরো হয়ে গেছে। তাদের অবস্থা পরিবর্তনের জন্য ভীতি প্রদর্শনকারী ও পূণ্যাত্মাগণ ডেকেছিল প্রত্যেক বন্ধু ধ্বংসলীল বলে। যুগের সাথে

তাল মিলিয়ে তারা খেল-তামাশায় মস্ত ছিল। তারা ধন-সম্পদ এবং সস্তান-সম্ভূতির ব্যাপারে উদাসীন হয়ে গেল এবং কিছুদিন পর বন্ধু-বান্ধবেরা তাদের ভূলে গেল। তারা মাটিকে আলিঙ্গন করলো এবং ধন-সম্পদ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়লো। যদি তাদের কাউকে বলতে দেয়া হতো, তা হলে অবশ্যই বলতো:

من رانا فليجدث نفسه × انه وقف على قرب زوال وصروف الدهر لا يبقى لها × ولما تأنى به صم الجبال رب ركب قد اناخوا حولنا × يشربون الخمر بالماء الزلال ولاباريسق عليهم قدمت × وعتاق الخيل تردى بالجلال عمر وادهرا بعيش ناعم × ابيض دهرهم غير مسحال ثم اضحوا لعب الدهر بهم × وكذالك الدهر يودى بالرجال

১.যারা আমাদের দেখেছে তাদের মনে মনে ভাবা উচিত যে, সেও ধ্বংসের মুখোমুখি।

- ২. মহাকালের কালখাবা থেকে কেউই রক্ষা পায় না। যখন সে আক্রমণ চালায় তখন পাহাড়ের ন্যায় নীরব দর্শক হওয়া ছাড়া আর কোন উপায় থাকে না। অনেক লোক তাদের সওয়ারী আমাদের আশেপাশে বসিয়ে রেখে পরিষ্কার পরিচ্ছনু এবং মিষ্টি পানির সাথে মিশিয়ে মাদকদ্রব্য পান করতো।
- ৩. তাদের সামনে মদের পেয়ালাগুলো পরিবেশন করা হতো এবং তাদের উৎকৃষ্টমানের ঘোড়া জৌলুসের সাথে চলাফেরা করতো, তারা কিছুকাল আরাম-আয়েশে জীবন-যাপন করেছে। তবে চিরকাল তারা একইভাবে চলতে পারেনি।
- তারপর কাল তাদের সাথে ক্রীড়া প্রদর্শন তব্ধ করলো। এভাবেই কালের চক্রে লোকেরা ধ্বংসপ্রাপ্ত হয়।

৪৭. স্বামীর অবাধ্য হওয়া

আল্লাহ্ তা'আলা বলেছেন:

وَالنَّتِيْ تَخَافُونَ نُشُوْزَهُنَّ فَعِظُوهُنَّ وَاهْجُرُوْهُنَّ فِي الْمَضَاجِمِ وَاضْرِبُوْهُنَّ فَانِّ اَطَعْنَكُمْ فَلاَ تَبْغُواْ عَلَيْهِنَّ سَبِيْلاً اِنَّ اللَّهَ كَانَ عَلِيًّا كَبِيْرًا،

"স্ত্রীদের মধ্যে যাদের অবাধ্যতার আশংকা করো তাদের উপদেশ দাও, তারপর তাদের শয্যা বর্জন করো এবং তাদের প্রহার করো। যদি তারা তোমাদের অনুগত হয়, তবে তাদের বিরুদ্ধে কোন পথ অবলম্বন করো না। নিশ্চয়ই আল্লাহ্ মহান এবং শ্রেষ্ঠ।"

(সূরা নিসা: ৩৪)

হ্বরত ওয়াহিদী (র) বলেছেন, আয়াতে বর্ণিত (اَنُمْنُ نُونُ 'नूम्य' শন্দের অর্থ হলো স্বামীর অবাধ্য হওয়া এবং তার কথা না মানা। হ্যরত আতা (র) বলেন, এর অর্থ হলো স্বামীর সানিধ্য থেকে দুরে থাকা, তাকে যৌন মিলনে বাধা দেয়া এবং তার প্রতি যে আনুগত্য প্রদর্শন করতো, তা না করা। (المَعْدُونُهُنُ فَي الْمَعْدُونُهُنُ وَلَيْ الْمَعْدُونُهُنُ فَي الْمَعْدُونُهُنُ وَلَيْ الْمُعْدُونُهُنُ فَي الْمَعْدَا وَالْمُعْدُونُهُنُ فَي الْمُعْدَا وَالْمُعْدُونُهُنُ وَلَيْ الْمُعْدَا وَالْمُعْدَا وَلَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَلَا وَالْمُعْدَا وَالْمُ وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدِا وَالْمُعْدَا وَالْمُعْدَالُعُمْ وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَالُونُ وَالْمُعْدَا وَالْمُعْدَالِعُلْمُ وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْمُعْدَا وَالْ

এ আরাতে স্বামীকে তার স্ত্রীর অবাধ্যতা শোধরাবার জন্য হালকাভাবে প্রহারের অনুমতি দেয়া হয়েছে এবং স্ত্রীকে সঠিক পথে পরিচালিত করা স্বামীর দায়িত্বও বটে।
(هُـنَانُ اللهُ عَالَيْهُ وَالْمُ اللهُ اللهُ عَلَيْهُ وَالْمُ اللهُ الله

বুখারী ও মুসলিম শরীফে বর্ণিত আছে, ব্রাস্লুক্তাহ্ (সা) বলেছেন : স্বামী যদি তার স্ত্রীকে শয়নের জন্য ডাকে এবং স্ত্রী যদি তার কাছে না যায়, তবে ফেরেশতাগণ তাকে ভোর পর্যন্ত অভিশাপ দিতে থাকেন।

অন্য রিওয়ায়াতে আছে, স্বামী যদি তার কাছে না যাওয়ার জন্য অসন্তুষ্ট থাকে, তবে ভোর হওয়া পর্যন্ত ফেরেশতাগণ ঐ ব্রীকে অভিশাপ দিতে থাকেন।

বুখারী ও মুসর্লিম শরীফে বর্ণিত অপর এক হাদীসে আছে, স্ত্রী যদি স্বামীর বিছানায় না তয়ে অন্যত্র রাত কাটায় এবং স্বামী তার উপর অসন্তুষ্ট থাকে, তবে স্বামী তার প্রতি সন্তুষ্ট না হওয়া পর্যন্ত আল্লাহ্ ও তাঁর ফেরেশতাগণ তার প্রতি সন্তুষ্ট হবেন না।

হ্যরত জাবির (রা) বর্ণনা করেন, রাসূলুক্মাহ (সা) বলেছেন : তিন ব্যক্তির নামায আল্লাহ্ তা আলা কবূল করেন না এবং তাদের নেক আমল আসমানে তোলা হয় না। যথা এ গোলাম যে তার মালিকের নিকট থেকে পালিয়ে গেছে, বতক্ষণ না সে মালিকের কাছে ফিরে আসে এবং তার মালিকের কাছে আত্মসমর্পণ না করে। ঐ মহিলা যার স্বামী তার উপর অসম্ভুষ্ট হয়েছে যতক্ষণ না সে তারপ্রতি সম্ভুষ্ট হয় এবং যে মদাসক্ত ব্যক্তি মদ্যপান করে বেহুঁশ হয়ে পড়ে আছে যতক্ষণ না সে সংশোধন হয়।

হযরত হাসান (র) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্পুরাহ্ (সা)-এর কাছে তনেছেন এমন একলোক বলেছেন, নবী করীম (সা) বলেছেন;

أوَّلَ مَا تُسْأَلُ عَنْهُ الْمَرْأَةَ يَوْمَ الْقَيَامَة عَنْ صَلَاتَهَا وَعَنْ بَعْلَهَا.

"কিয়ামতের দিন মহিলাদেরকে সর্বপ্রথম যে প্রশ্ন করা হবে তা হলো তার নামায এবং তার স্বামীর সাথে ব্যবহার সম্পর্কিত।" (কানযুল উন্মাল)

হাদীস শরীফে আছে, রাসূলুল্লাহ্ (সা) বলেছেন : যে মহিলা আল্লাহ্ এবং পরকালের উপর ঈমান রাখে, তার জন্য স্বামীর অনুমতি ছাড়া নফল রোযা রাখা জায়েয নয় এবং স্বামীর অনুমতি ছাড়া কাউকে তার ঘরে প্রবেশের অনুমতি দেওয়াও বৈধ নয়। (বুখারী)

রোযা রাখা জায়েয় না হওয়ার কারণ হলো স্বামীর হক আদায় করা এবং তার অনুগত থাকা হলো ফর্য আর রোযা হলো নফল।

े नवी कत्रीम (সা) आतथ वरणरथन . لَوْ كُنْتَ أُمِرًا آحَدًا أَنْ يُسْجُدَ لاَحَدٍ لاَمَرْتُ الْمَرْأَةَ أَنْ تَسْجُدَ لِزَوْجِهَا ،

"আমি যদি আল্লাহ্ ছাড়া অন্য কাউকে সিজ্ঞদা করার আদেশ দিতে পারতাম তাহলে ব্রীকে নির্দেশ দিতাম তার স্বামীকে সিজদা করার জন্য।" (তিরমিযী)

হুসায়ন ইব্ন মুহসিনের ফুফু বলেন, তিনি রাস্লুক্লাত্ (সা)-এর সাথে তার স্বামী সম্পর্কে আলোচনা করলে তিনি বলেন, দেখ, তোমার স্থান কোথায় এবং তোমার স্বামীর স্থান কোথায়? সে তোমার জন্য জান্লাত এবং জাহান্লাম। (নাসাঈ)

"স্বামীর প্রতি অকৃতজ্ঞ মহিলার প্রতি আল্লাহ্ তা'আলা দৃষ্টিপাত করবেন না, অথচ সে তার স্বামীর মুখাপেক্ষী।"

হযরত ইব্ন উমর (রা) আরও বলেছেন, রাস্পুল্লাহ্ (সা) বলেছেন: যখন কোন মহিলা তার স্বামীর ঘর থেকে অনুমতি ছাড়া বের হয়ে যায়, সে ফিরে না আসা পর্যন্ত অথবা তওবা না করা পর্যন্ত ফেরেশতাগণ তার উপর অভিশাপ বর্ষণ করতে থাকেন।

(নাসাঈ)

রাসৃশুক্লাহ্ (সা) আরও বলেছেন:

أَيُّمَا إِمْرَأَةً مَاتَّتُ وَزَوْجِهَا عَنْهَا رَاضٍ دَخَلَتِ الْجَنَّةَ .

"যে মহিলা স্বামী তার ওপর সস্কৃষ্ট থাকা অবস্থায় ইনতিকাল করবে, সে জান্নাতে যাবে।" (ইব্ন মাজাহু ও তিরমিয়ী)

অতএব, স্বামীর সন্তুষ্টি বিধান, সে যাতে রাগানিত বা অসন্তুষ্ট না হয় সেদিকে লক্ষ্য রাখা এবং যখন সে তাকে পেতে চাইবে তখন তার কাছে যাওয়া মহিলাদের ওপর ওয়াজিব। কেননা নবী করীম (সা) বলেছেন:

• إِذَا دَعَا الرَّجُلُ امْرَأَتُهُ اللَّي مَرَاشَهِ مَلْتَأْتِهِ وَانْ كَانَ عَلَى التَّنُّوْرِ "কোন মহিলা যদি রান্নাবান্নার কার্জে ব্যন্ত থাকে এবং এমতাবস্থায় তার স্বামী যদি তাকে তার সাথে শয়ন করার জন্য ডাকে, তবে তখনও তাকে তার ডাকে সাড়া দিতে হবে।"

উলামায়ে কিরাম বলেছেন, তবে স্ত্রীর যদি হায়য়, নেকাস ইত্যাদির মত অসুবিধা থাকে তবে তার ডাকে সাড়া না দেয়া ওয়াজিব। এমতাবস্থায় স্বামীর জন্য স্ত্রীকে ডাকাও হালাল নয়। যে পর্যন্ত না সে গোসল করে পবিত্র হবে, সে পর্যন্ত তার সাথে সঙ্গম করা জায়েয় হবে না।

আল্লাহ্ তা আলা বলেছেন:

• فَاعْتَزِلُواْ النِّسَاءَ فِي الْمَحَيْضِ وَلاَ تَقْرَبُوْاهُنَّ حَتَّى يَطَّهُرُنَ • "बीगं शिय (মাসিক ঋजू) হতে পবিত্র না হত্তরা পর্যন্ত তাদের সাথে সঙ্গম করবে না।"

ইব্ন কুডায়বা (র) বলেন, يَمْ الْهُ رُنَ (পবিত্র হওয়ার) মানে হলো হায়িযের রক্ত বন্ধ হওয়া এবং فَاذَا تَطَهِّرٌنَ মানে হলো পানিদ্বারা গোসল সেরে নেয়া। নবী করীম (সা) বলেছেন :

مَنْ أَتَّى حَانِضًا أَوْ إِمْرَاَةً مِنْ دُبُرِهَا فَقَدْ كَفَرَ بِمَا أُنْزِلَ عَلَى مُحَمَّد،

"যে ব্যক্তি ঋতু অবস্থায় দ্রীর সাথে সঙ্গম করলো অথবা দ্রীর গুহাঘার দিয়ে সঙ্গম করলো সে মৃহাম্মদ (সা)-এর উপর যা নাথিল হয়েছে তার (কুরআন মজীদের) সাথে কুফরী করলো।"

অপর এক হাদীসে আছে, যে ব্যক্তি শতুবতী দ্রীর সাথে সহবাস করবে অথবা তার গুহাঘারে সঙ্গম করবে, সে অভিশপ্ত। নিফাসের জন্য একই হকুম। তবে নিফাসের সর্বোচ্চ সময় হলো দশ দিন। স্বামী যদি হায়য় অথবা নিফাস অবস্থায় দ্রীর সাথে সহবাস করতে চায়, তবে তার কথা মানা দ্রীর জন্য ওয়াজিব নয়। দ্রীকে শ্বরণ রাখতে হবে যে, সে তার স্বামীর কর্তৃত্বাধীন। স্বামীর অনুমতি ব্যতীত নিজেকে যথেক্ষা ব্যবহার করা ও তার অর্থ-সম্পদে হস্তক্ষেপ করা সমীচীন নয় এবং সে নিজের উপর স্বামীর গুরুত্ব দেবে। তার আরও শ্বরণ রাখতে হবে যে, তার স্বামীর আত্মীয়-স্বজনের অধিকারের তার নিজের আত্মীয়-স্বজনের অধিকারের উর্ধে। স্বামীকে সার্বিকভাবে পরিভৃগু করার জন্য তাকে সদা প্রস্তুত্ব থাকতে হবে এবং এজন্য প্রয়োজনীয় পরিকার-পরিক্ষ্ম ও পরিপাটি হয়ে থাকতে হবে। নিজের সৌন্দর্যের জন্য তাকে ঘৃণা করবে না।

হ্যরত আসমার্স (র) বলেন, একবার আমি এক গ্রামে গিয়েছিলাম। সেখানে এক সুন্দরী মহিলার অত্যন্ত কুর্থসিত স্বামীকে দেখে আমি তাকে জিজ্ঞেস করলাম, তুমি কিভাবে এ কুর্থসিত স্বামীর ঘর করছোঃ মহিলা বললো, ওহে শোন। হয়ত তার সৃষ্টিকর্তার সাথে তার যে সম্পর্ক তা অত্যন্ত সুন্দর। তাই তার প্রতিদানে আমাকে তার জীবন সাথী করেছেন অথবা আমি হয়ত কোন অপরাধ বা ওনাহের কাজ করেছি যার শান্তিস্বরূপ তাকে আমার স্বামী করেছেন। (তির্মিয়ী, ইব্ন মাজাহ)

হযরত আয়েশা (রা) বলেছেন, "ওহে নারী নমাজ। তোমাদের উপর তোমাদের স্বামীদের যে অধিকার রয়েছে তা যদি জানতে, তাহলে নিজ গণ্ডদেশদারা নিজ নিজ স্বামীর পায়ের ধুলো-বালি মুছে দিতে।"

নবী করীম (সা) বলেছেন : তোমাদের মধ্যে ঐ সব মহিলা জান্লাতবাসী যাদেরকে কট্ট দিলেও স্বামীকে ভালবাসে এবং তার হাতে হাত রেখে বলে—আমি সম্ভুষ্টচিত্তে আছি, আমাকে যতই চাপ দেবে ততই আমার কাছে ভাল লাগবে। (তারগীব)

ষামীর সামনে সর্বদা পজাবোধ করা, দৃষ্টি অবন্মিত রাখা, তার আদেশ পালন করা, আর তার কথা বলার সময় চুপ থাকা, তার আগমনে উঠে দাঁড়ানো, যাতে সেরাগানিত হয় তা থেকে দূরে থাকা, বাইরে যাওয়ার সময় তার সাথে কিছু দূর গিয়ে বিদায় অভ্যর্থনা জানানো, তার শয়নকালে নিজেকে তার কাছে সমর্পণ করা, তার অনুপস্থিতিতে তার বিছানা, অর্থ-সম্পদ এবং ঘরের ব্যাপারে বিশ্বাসঘাতকতা না করা, সুগন্ধী ব্যবহার করা, নিয়মিত মেসওয়াকের মাধ্যমে দাঁত মাজা এবং পরিপাটিভাবে থাকা, তার সাথে সৌন্দর্য চর্চা করা, তার অনুপস্থিতিতে সাজ-গোজ পরিহার করা, তার পরিবারের লোকজন ও আত্মীয়-স্বজনদের সম্মান ও আদর-যত্ন করা এবং তার নিকট হতে সকল পাওয়াক্রে বড় করে দেখা প্রত্যেক মহিলার জন্য ওয়াজিব।

পরিচ্ছেদ: স্বামীর আনুগত্যের সুকল ও অবমাননার কুকল প্রসঙ্গে

যে সকল মহিলা আল্লাহ্ তা'আলাকে ভয় করে তাদের উচিত আল্লাহ্ তা'**আলা**র আনুগত্য ও স্বামীর আনুগত্য করা এবং স্বামীর সন্তুষ্টি অর্জনের জন্য সার্বিক প্রচেষ্টায় ব্রতী হওয়া। স্বামীই তার জান্লাত এবং স্বামীই তার জাহান্লাম। কেননা নবী করীম (সা) বলেছেন :

أَيُّمَا امْرَأَةُ مَاتَتُ وَزَوْجُهَا رَاضٍ عَنْهَا دَخَلَت الْجَنَّةُ . "य মহিলা তার স্বামীকে সন্তুষ্ট রেখে মৃত্যুবরণ করেছে, সে জার্ন্নাতে প্রবেশ করবে।"

হাদীস শরীফে আছে :

اذًا صِبَلَّتِ الْمُرْأَةُ خُمُسَهَا وَصِبَامَتُ شُهُرَهَا وَٱطَاعَتُ بَعْلَهَا فَلْتَدُّخُلُ مِنْ أَيُّ أَبُوابِ الْجَنَّةِ شَاءَتْ .

"কোন মহিলা যখন পাঁচ ওয়াক্ত নামায আঁদায় করে, রম্যান মাসের রোযা রাখে এবং স্বামীর আনুগত্য করে, সে জানাতের যে কোন দরজা দিয়ে তার ইচ্ছামত প্রবেশ করতে পারবে।" (আহমদ)

নবী করীম (সা) বলেছেন : স্বামীর জন্য নিবেদিত প্রাণ ও অনুগত মহিলার জন্য শূন্যমন্তলে বিচরণশীল পাখি, পানির মাছ, আকাশের ফেরেশতা, চাঁদ-সুরুজ সকলেই মাগফিরাত (ক্ষমা) কামনা করে যতক্ষণ পর্যন্ত সে স্বামীর অনুগত ধাকে। আর যে মহিলা বামীর অবাধ্য হয়, তার উপর আল্লাহ্ তা'আলা, ফেরেশতাগণ ও গোটা মানবজাতি অভিশাপ বর্ষণ করেন। যে মহিলার আচরণে স্বামীর চেহারার অস**ভূ**ষ্টির কালছায়া নেমে এসেছে, সে যতক্ষণ তার স্বামীর মুখে হাসি ফোটাতে না পারবে এবং সভুষ্ট করতে না পারবে, ততক্ষণ সে আল্লাহ্র রোষানলে থাকবে। যে মহিলা স্বামীর অনুমতি ব্যতীত তার ঘর থেকে বের হবে, না ফেরা পর্যন্ত ফেরেশতাগণ তার উপর অভিশাপ দিতে থাকে।

রাসূলুক্মান্ত (সা) আরও বলেছেন : চার প্রকারের মহিলা জানাতে যাবে এবং চার প্রকারের মহিলা জাহান্লামে যাবে। যারা জান্লাতে যাবে তারা হলো—১. যে সতী-সাধ্মী নারী আল্লাহ্ এবং তার স্বামীর অনুগত; ২. বহু সম্ভানবিশিষ্ট, ধৈর্যশীলা এবং স্বামী যা কিছু দিতে পারে তা নিয়েই সন্তুষ্ট; ৩. লচ্জাশীলা এবং স্বামীর অনুপহিভিতে নিচ্চেকে এবং তার ধন-সম্পদকে হেফায়ত করে এবং স্বামী উপস্থিত হলে নিজের জিহ্বাকে সংযত করে এবং ৪. যে মহিলা তার স্বামী মারা যাওয়ার পর ভার কচি কচি সন্তানদের লালন-পালনের উদ্দেশ্যে নিজেকে বিবাহ থেকে বিরত রাখে এবং নিজের সতীত্ব হেফাজত করে।

যে চার মহিলা জাহানামে যাবে তারা হলো—যে মহিলা স্বামীর সাথে কর্কশ ব্যবহার করে এবং অশ্লীল কথা বলে। স্বামীর অনুপস্থিতিতে নিজেকে সংযত ও পবিত্র রাখে না এবং স্বামী উপস্থিত হলে কথা দিয়ে কষ্ট দেয়; ২. যে মহিলা ভার স্বামীকে ভার ক্ষমভার বাইরে কিছু করার জন্য বাড়াবাড়ি করে; ৩. যে মহিলা পুরুষের নিকট হতে পর্না করে না এবং বেপর্দা অবস্থায় এবং অর্থনগ্ন দেহে ঘর হতে বের হয় এবং ৪. যে মহিলা পানাহার ও বিশ্রাম গ্রহণ ছাড়া অন্য কোন কাজে আগ্রহী নয় এবং নামায, আল্লাহ্ ও তাঁর রাসুল এবং সামীর আনুগত্যের প্রতি আগ্রহশীল নয়।

সূতরাং যে সমস্ত মহিলা উপরোপ্তিখিত সভাবের হবে এবং স্বামীর অনুমতি ছাড়া নিজের ইন্দায় বাইরে ঘোরাফেরা করবে, সে আল্লাহ্র কাছে তওবা না করা পর্যন্ত জাহান্নামী, অভিশব থাকবে। রাস্পুস্থাহ্ (সা) বলেছেন:

আমি জাহানামের দিকে তাকিয়ে দেখতে পেদাম যে, এর অধিকাংশ অধিবাসী হলো মহিলা। এর কারণ হলো—আল্লাহ্ তা আলা এবং তাঁর রাস্ল ও তাদের স্বামীদের প্রতি তাদের আনুগত্যের মাত্রা অত্যন্ত কম এবং তারা অধিক পরিমাণে তাবাররজ (﴿حَبُرُ) (বোলামেলা অবাধ মেলামেশা) করে থাকে। তাবাররজ করার মানে হলো মহিলাদের বাইরে যাবার উদ্দেশ্যে গৌরবমন্তিত দামী পোশাক পরিধান করা, সৌন্দর্য চর্চা ও সাজ্ত-সজ্জা গ্রহণ করা, প্রসাধনী দ্রব্য ব্যবহার করা এবং অন্যদের আকর্ষিত করার জন্য বেরিয়ে পড়া—যদিও সে নিরাপদে ফিরে আসে কিন্তু সেমানুযকে নিরাপদে থাকতে দেয় না।তাইতো নবী করীম (সা) বলেছেন:

ٱلْمَرْأَةُ عَوْرَةٌ فَالِذَا خَرَجَتْ مِنْ بَيْتِهَا اسْتَشْرَفَهَا الشَّيْطَانُ .

"মহিলারা হলো গুরুধন। যখন তারা ঘর থেকে বেরিয়ে পড়ে, শয়তান ডাদেরকে দখল করে নেয়।"

মহিলাদের জন্য আল্লাহ্ তা'আলার পক্ষ থেকে মনোনীত ও উপযুক্ত স্থান হলো ঘর। হাদীস শরীকে আছে, মহিলারা হলো গুঙ্ধন (গোপনীয় বস্তু)। কাজেই তাদেরকে ঘরে অবস্থান করতে দাও। কেননা মহিলারা যখন রাস্তায় বের হয় তখন তার পরিবারের লোকেরা বলে—তুমি কোথায় যাচ্ছ? সে বলে রোগাক্রান্তকে গুশ্রুষা করে আসি। জানাযায় অংশগ্রহণ করে আসি। অতঃপর শয়তান তার সাধী হয় এবং ঘর থেকে বের করে ছাড়ে। মহিলারা ঘরে অবস্থান করেই আল্লাহ্র ইবাদত করলে এবং স্বামীর সেবায়ত্ব করলে আল্লাহ্ সন্তুষ্ট থাকেন।

হযরত আলী (রা) তাঁর স্ত্রী হযরত ফাতিমা (রা)-কে জিজ্ঞেস করেছিলেন, হে ফাতিমা। মহিলাদের জন্য উত্তম কিঃ তিনি বললেন, তারা কোন পুরুষের প্রতি দৃষ্টিপাত করবে না এবং কোন পুরুষও তাদের প্রতি দৃষ্টিপাত করবে না। হযরত আলী (রা) আরও বলেছেন: তোমরা কি লচ্জাবোধ করো না, তোমরা কি ঘৃণাবোধ করো না যে, তোমাদের মধ্য খেকে কোন লোক তার স্ত্রীকে পুরুষদের মাঝে ছেড়ে দেবে এবং সেও পুরুষদের দেখবে এবং পুরুষরাও তাকে দেখবে ?

একবার হ্যরত আয়েশা (রা) এবং হ্যরত হাফসা (রা) নবী করীম (সা)-এর কাছে বসেছিলেন। এমন সময় হ্যরত আবদুল্লাহ্ ইব্ন মাকতৃম (রা) সেখানে উপস্থিত হলেন। তিনি ছিলেন অন্ধ। তখন নবী করীম (সা) বললেন, ডোমরা দুজন তার থেকে পর্দা করো। তারা বললেন, ইয়া রাসূলাল্লাহ্! তিনি তো অন্ধ। তিনি তো আমাদের

দেখতে পান না এবং আমাদেরকে চিনতেও পারবেন না ? তিনি জবাবে বললেন, তোমরা দু'জন তো অন্ধ নও, তোমরা কি তাকে দেখতে পাচ্ছ না ?

(আবু দাউদ, নাসাঈ ও তিরমিযী)

পুরুষরা যেমন মহিলাদের দেখলে চোখের দৃষ্টি নিচের দিকে অবনমিত করবে, তেমনি মহিলাদেরকেও পুরুষদেরকে দেখলে দৃষ্টি অবনমিত করতে হবে। যেমন ইতিপূর্বে এ সম্পর্কে হযরত ফাতিমা (রা)-এর বাণী উল্লেখ করা হয়েছে। তিনি বলেছেন, মহিলাদের জন্য মঙ্গলজনক হলো তারা কোন পুরুষের দিকে তাকাবে না এবং পুরুষরা তাদের প্রতি দৃষ্টিপাত করবে না। যদি কোন মহিলার মাতাপিতাকে অথবা আত্মীয়-স্কলকে দেখতে যাওয়া জরুরী হয়ে পড়ে, অথবা হাশ্মমখানার যেতে হয়, তাহলে স্বামীর অনুমতি নিয়ে যেতে হবে। তবে সে সাজগোজ করে এবং প্রসাধনী ব্যবহার করে বের হতে পারবে না। আর তখন সাধারণ পোশাকের উপর বড় চাদর ও ওড়নাছারা আবৃত হয়ে বের হতে হবে। চলার সময় সে তার নিজের চোখ নিচের দিকে রাখবে এবং ডানেবামে তাকাবে না। অন্যথায় সে তনাহগার হবে।

বর্ণিত আছে যে, এক মহিলা পর্না করতো না এবং সেন্ত্রেগুচ্চে নিজেকে প্রদর্শন করে বেড়াতো। সে মারা গেলে তার এক আত্মীয় স্বপ্নে দেখলো যে, তাকে মিহি কাপড়পরা অবস্থায় আল্লাহ্র সামনে উপস্থিত করা হয়েছে। তারপর বাতাস প্রবাহিত হলো এবং তার কাপড় উড়িয়ে নিয়ে গেল। আল্লাহ্ তা'আলা তখন তার দিক থেকে দৃষ্টি ফিরিয়ে নিলেন এবং বললেন: একে নিয়ে বামদিকের জাহান্নামে নিক্ষেপ করো। কেননা সে দুনিয়াতে বেপর্দা অবস্থায় এবং সাজগোজ করে যুরে বেড়াতো।

হযরত আলী ইব্ন আবি তালিব (রা) থেকে বর্ণিত। তিনি বলেন: একবার আমি এবং ফাতিমা (রা) নবী করীম (সা)-এর নিকট গিয়ে দেখতে পেলাম যে, তিনি খুব কানাকাটি করছেন। আমি বললাম, ইয়া রাস্লাল্লাহ্। আমার পিতামাতা আপনার উপর ক্রবান। আপনি কেন কাঁদছেন? তিনি বললেন, হে আলী! যে রাতে আমার মিরাজ হয়েছে এবং আমাকে আসমানে নিয়ে যাওয়া হয়েছে, সে রাতে আমি আমার উমতের বহু মহিলাকে নানা প্রকার আযাব ভোগ করতে দেখেছি। তাদের কঠোর আযাব দেখে আমি কেঁদে দিয়েছি। এক মহিলাকে তার চুল্ছারা বেঁধে লটকানো অবস্থায় দেখেছি এবং তার মন্তিক টগবল করে ফুটছিল। অপর মহিলাকে তার জিহ্বা ঘারা লটকানো অবস্থায় দেখেছি এবং তার মুখের ভেতরে গরম পানি ঢালা হছে। অন্য এক মহিলাকে দেখলাম তার পা স্তনের সাথে এবং হাত কপালের সাথে বেঁধে রাখা হয়েছে। অপর এক মহিলাকে তার স্তন্থারা বেঁধে ঝুলিয়ে রাখা অবস্থায় দেখতে পেলাম। অপর এক মহিলাকে দেখলাম তার মাথা শৃকরের মত এবং দেহ গাধার মত, তার উপর রয়েছে হাজারো প্রকার আযাব। অপর এক মহিলাকে কুকুরের আকৃতিতে দেখলাম। আগুন তার মুখ দিয়ে ঢুকে গুহারার দিয়ে বেরুছে এবং ফেরেশতাগণ আগুনের হাতুড়ি দিয়ে তাকে প্রহার করছে।

একথা শুনে ফাডিমা (রা) উঠে দাঁড়িয়ে বললেন : আমার প্রিয়ডম ও নয়নের ভৃঙি পিতা! এ সব মহিলার কোন্ আমলের কারণে এরূপ আযাব হচ্ছে ? তিনি বললেন, হে আমার কন্যা। যে মহিলাকে চুল বেঁধে লটকিয়ে রাখা হয়েছে সে মাথার চুল ঢেকে চলাফেরা করতো না। যাকে জিহ্বাদ্বারা বেঁধে রাখা হয়েছে সে তার স্বামীকে কথাদ্বারা কর দিতো। যাকে স্তনের সাথে বেঁধে ঝুলিয়ে রাখা হয়েছে, সে তার স্বামীর বিছানায় অন্য লোককে স্থান দিতো। যার দু'ণা স্তনের সাথে বেঁধে রাখা হয়েছে এবং হাত দু'টো কপালের সাথে বেঁধে রাখা হয়েছে এবং যাকে সাপ-বিচ্ছতে কাটছে সে মহিলা যৌন মিলনের পর এবং ঋতু বন্ধ হওয়ার পর গোসল করে পবিত্র হতো না এবং নামাথের সাথে উপহাস করতো। আর যার মাথা শৃকরের মত এবং দেহ গাধার মত সে ছিল চোগলখোর ও মিখাক। যে মহিলার আকৃতি ছিল কুকুরের মত এবং মুখ দিয়ে আন্তন প্রবেশ করে শুহারার দিয়ে বেরুক্তে, সে হলো হিংসুক এবং খোঁটাদানকারী।

মুন্ধায় ইব্ন জাৰাল (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্নাহ্ (সা) বলেছেন: কোন স্ত্রী তার স্বামীকে দুনিয়াতে যখন কষ্ট দেয়, তখন তার জানাতের সাধী হুরগণ বলে তোর জন্যে ধ্বংস, ওকে কষ্ট দিস না। সাবধান ওহে মহিলা সমাজ! যে মহিলা তার স্বামীর অবাধ্য, তার রয়েছে দুর্ভোগ।

পরিক্ষেদ

মহিলাদের কঠোরভাবে তাদের স্বামীর আনুগত্য করার নির্দেশ দেয়া হয়েছে এবং তার সম্কৃষ্টি অর্জনে সচেষ্ট থাকতে বলা হয়েছে। অন্যদিকে স্বামীকেও নির্দেশ দেয়া হয়েছে তার স্বারির সাথে সদ্যবহার করার এবং তার প্রতি নম ব্যবহার করার জন্য। তার কোন প্রকার খারাপ অভ্যাস প্রকাশ পেলে তাকে ধৈর্যধারণ করতে হবে এবং তাকে ভরণ-পোষণ, জামা-কাপড়ও সাহচর্য প্রদান করে তার প্রতি কর্তব্য পালনে তৎপর হতে হবে। তাঁকির করীম (সা) বলেছেন: গ্রীদেরকে উপদেশ প্রদান করো, স্বীদের উপর তোমাদের যেমন অধিকার আছে, তোমাদের উপরও তাদের অধিকার রয়েছে। তাদের অধিকার হলো তাদের খাদ্য ও পোশাক-পরিচ্ছদের ব্যাপারে বর্ষার্থ ব্যবস্থা প্রহণ করা। আর তোমাদের অধিকার হলো যাদেরকে তোমরা অপছন্দ করো তাদেরকে তোমাদের বিছানা স্পর্শ করতে দেবে না এবং যাদেরকে তোমরা পছন্দ করো না তাদেরকে তোমাদের ঘরে প্রবেশ করতে দেবে না। হকুম পালনের ব্যাপারে নবী করীম (সা) মহিলাদেরকে বন্দীর সাথে তুলনা করেছেন। রাস্লৃক্বাঙ্ব (সা) বলেছেন: না স্বার্থ ক্রির নবী করীম (সা) মহিলাদেরকে বন্দীর সাথে তুলনা করেছেন। রাস্লৃক্বাঙ্ব (সা) বলেছেন: না তাদেরকে স্বার্থনির নবী করীম (সা) মহিলাদেরকে বন্দীর সাথে তুলনা করেছেন। রাস্লুক্বাঙ্ব (সা) বলেছেন: না তাদেরকে স্বার্থনির নবী করীম (সা) মহিলাদেরকে বন্দীর সাথে তুলনা করেছেন। রাস্লুক্বাঙ্ক (সা) বলেছেন: না তানেরকা স্বার্থনির নবি করীম (সা) মহিলাদেরকে বন্দীর সাথে তুলনা করেছেন। রাস্লুক্বাঙ্ক (সা) বলেছেন: না ক্রেছেন স্বর্থনির মণ্ডে তার স্বীর কছে সর্বোন্তম।

খন্য রিওয়ায়াতে আছে তোমাদের মধ্যে উত্তম ঐ ব্যক্তি, যে স্ত্রীর প্রতি নম্র ব্যবহার করে। নবী করীম (সা) তাঁর স্ত্রীদের সাথে সবচেয়ে বেশি নম্র ব্যবহার করতেন। তিনি বলেছেন, যে ব্যক্তি তার স্ত্রীর ধারাপ ব্যবহারের উপর ধৈর্যধারণ করবে, আল্লাহ্ তা'আশা তাকে ঐ পরিমাণ সওয়াব দান করবেন যে পরিমাণ সওয়াব তিনি হযরত আইয়্ব' (আ)-কে বিপদে ধৈর্যধারণের জন্য দিয়েছিলেন। আর যে

মহিলা তার স্বামীর অনাচারের উপর ধৈর্যধারণ করবে, আল্লাহ্ তাকে ঐ পরিমাণে সওয়াব দান করবেন যে পরিমাণ সওয়াব তিনি দিয়েছিলেন হ্যরত আসিয়া বিনতে মুযাহিম (রা) অর্থাৎ ফিরুআউনের স্ত্রীকে।

বর্ণিত আছে যে, একবার একব্যক্তি তার স্ত্রীর বিরুদ্ধে অভিযোগ করার জন্য হ্যরত উমর (রা)-এর নিকট গেল। সে হ্যরত উমর (রা)-এর দরজায় তাঁর বেরিয়ে আসার জন্য অপেক্ষা করছিল। সে ভনতে পেল যে, হ্যরত উমর (রা)-এর ন্ত্রী তাঁর সাথে কথা কাটাকাটি করছেন এবং তার সঙ্গে ঝগড়াঝাটি করছেন আর উমর (রা) চুপ করে আছেন এবং কোন প্রকার উত্তর দিচ্ছেন না। তখন লোকটি ফিরে যাওয়ার জন্য রওয়ানা হলো এবং মনে মনে বললো, আমীরুল মুমিনীন হয়ে হয়রত উমর (রা)-এর মত লৌহমানবের অবস্থা যদি এই হয়, তবে আমার অবস্থা কি হবে? তখন উমর (রা) বেরিয়ে এসে দেখলেন যে, লোকটি তাঁর দরজা থেকে ফিরে যাচ্ছে। তিনি তাকে ডেকে এনে বললেন, ওহে। তুমি কি জন্য এসেছিলে? সে বললো, হে আমীরুল মুমিনীন। আমি এসেছিশাম আমার স্ত্রীর বিরুদ্ধে অভিযোগ করার জন্য। সে আমার সাথে ভাল ব্যবহার করে না এবং আমাকে বকাবকি করে কিন্তু এখানে এসে আপনার ন্ত্রীর অনুরূপ কথাবার্তা ওনে আমি ফিরে যাঙ্গিলাম এবং মনে মনে ভাবছি যদি আমির-ল মুমিনীনের এ অবস্থা হয় তবে আমাদের অবস্থা কি হতে পারে—তা বলার অপেক্ষা রাখে না। অতঃপর হযরত উমর (রা) বললেন, ওহে ভাই। আমি তার এ সব আচার-আচরণ এজন্য সহ্য করে নিচ্ছি যে, আমার উপর তার কতগুলো অধিকার আছে। যেমন—১. সে আমার খাদ্য পাকাবার জন্য পাচকিনী; ২. ক্লটি বানানোর জন্য রুটি তৈরিকারিণী; ৩. কাপড় ধোয়ার জন্য ধোপিনী এবং ৪. আমার সন্তানদের ধাত্রী হিসাবে দায়িত্ব পালন করছে অথচ এর কোন কাজই তার উপর ওয়াজিব নয়। সাথে সাথে সে আমাকে হারামে লিপ্ত হওয়া থেকে রক্ষা করছে। তাই আমি তার এসব দুর্ব্যবহার নীরবে সহ্য করে যাচ্ছি। এবার লোকটি বললো, হে আমিকল মুমিনীন। আমার স্ত্রীও তো একই ভূমিকা পালন করছে। উমর (রা) বললেন : হে স্রাতা! তাহলে ভূমিও তার অনাচারগুলো সহ্য করে নাও। দুনিয়ার জীবন তো ক্ষণিকের জন্য।

কথিত আছে যে, কোন এক নেককার লোকের এক নেককার বন্ধু ছিল। সে প্রতিবছর একবার তার সাথে দেখা করার জন্য আসতো। একবার সে দেখা করতে এসে বন্ধুর দরজায় নাড়া দিলো। তার বন্ধুর স্ত্রী বললো, কে? সে বললো, আমি আপনার স্বামীর বন্ধু। আমি তার সাথে সাক্ষাত করার জন্য এসেছি। বন্ধুর স্ত্রী বললো, সে তো লাকড়ি সংগ্রহের জন্য গেছে। আল্লাহ্ যেন তাকে কিরিয়ে না আনেন এবং নিরাপদে না রাখেন। তারপর সে তার স্বামীর নানা প্রকার বদনাম করছিল। আগত্তুক বন্ধু তার দরজায় দাঁড়িয়ে রইল। হঠাৎ সে দেখতে পেল, তার বন্ধু পাহাড়ের দিক থেকে আসছেন এবং লাকড়ির বোঝা বহন করে আনছেন এক বাঘের পিঠে করে এবং তিনি ঐ বাঘটির পেছনে থেকে তাড়িয়ে নিয়ে আসছেন। তিনি এসে বন্ধুকে সালাম দিলেন এবং শুভেচ্ছা বিনিময় করলেন। তারপর তিনি ঘরে প্রবেশ করলেন এবং লাকড়িণ্ডলো ঘরে তুলে রাখলেন। আর বাঘটিকে বললেন, এখন চলে যাও—আল্লাহ্ তোমার মঙ্গল কক্ষন! তারপর তিনি তার বন্ধুকে নিয়ে ঘরে প্রবেশ করলেন, তখনও তার স্ত্রী তাকে বকাবকি করছিল কিন্তু তার স্বামী তার কোন জবাবই দিলেন না। অতঃপর আগস্থুক বন্ধুর সাথে খাওয়া-দাওয়া করে তার নিকট থেকে বিদায় নিয়ে রওয়ানা হলো। সারাটি পথ সে তার বন্ধুর স্ত্রীর সাথে সহিষ্কৃতাপূর্ণ ব্যবহারে অবাক বোধ করছিল।

পরের বছর লোকটি আবার তার বন্ধুর সাথে দেখা করার জন্য আসলো এবং দরজার নাড়া দিলো। তার স্ত্রী বললো, আপনি কেঃ সে বললো, আমি আপনার স্বামীর বন্ধু অমুক। মহিলা বললো, তভাগমন! বেশ আপনি বসুন। তিনি বল্প সময়ের মধ্যে ইনশাআল্লাহ্ নিরাপদে ফিরে আসছেন। আগন্তুক বন্ধুর ন্ত্রীর সৌজন্যমূলক ব্যবহারে অবাক হলো। হঠাৎ দেখল যে তার বন্ধু পিঠে করে লাকড়ি নিয়ে আসছেন। এতেও সে আন্তর্য হলো, বন্ধু এসে তাকে সালাম দিয়ে কুশল বিনিময় করলেন এবং তাকে নিয়ে ঘরে প্রবেশ করলেন। তারপর বন্ধুর,ন্ত্রী উভয়ের জন্য খাবার পরিবেশন করলেন এবং অত্যন্ত ভদ্রোচিতভাবে কথাবার্তা বললেন। অবশেষে বিদায়ের পূর্বে সে তার বন্ধুকে বললো, বন্ধু! আমি একটি ব্যাপার আপনার কাছে জানতে চাচ্ছি। তিনি বললেন, সে আবার কিঃ সে বললো, গত বছর এসে দেখেছিলাম যে, আপনার স্ত্রী আপনার সাথে দুর্ব্যবহার করছে, আপনার সাথে বকাবকি করছে এবং আপনার দুর্ণাম রটাচ্ছে। আর আপনাকে দেখেছিলাম বাঘের পিঠে করে লাকড়ি আনতে, তখন বাঘটি ছিল আপনার বাধ্যগত। কিন্তু এবার দেখছি আপনার দ্রীর কথাবার্তা অতি চমৎকার এবং কোন প্রকার বাকবিতগ্র বা দুর্নাম করছে না এবং লাকড়ির বোঝা আপনি নিজের ঘাড়ে করে বইছেন এর কারণ কিঃ তিনি বললেন : ভ্রাতা! সে অভদ্র মহিলা মারা গেছে। আমি তার আচরণে ধৈর্যধারণ করতাম এবং তার দুর্ব্যবহার সহ্য করতাম, তাই আল্লাহ্ তা'আলা আমার ধৈর্য ও সহ্যের বিনিময়ে ঐ বাঘটিকে আমার অনুগত করে দিয়েছিলেন। সে মারা যাওয়ার পর আমি এ ভদ্র মহিলাকে বিয়ে করেছি এবং তার সাথে অত্যন্ত শান্তিপূর্ণভাবে বসবাস করছি। বিয়ের পর থেকেই বাঘটি কেটে পড়েছে। যেহেতু আমি এ আনুগত্যশীল মহিলার সাথে শান্তিতে ঘরে সময় কাটাই, সেহেতু আমাকে কাঠ কেটে ঘাড়ে করে বহন করতে হয়।

আল্লাহ্ তা'আলা আমাদেরকে তার পছনীয় কাজগুলো ধৈর্যের সাথে আঞ্জাম দেয়ার তৌফিক দান করন্দ।

৪৮. প্রতিকৃতি বা চিত্রাংকন করা

কাপড়ে, প্রাচীরে, পাধরে, মুদ্রায় এবং যাবতীয় দ্রব্যে মোম, লোহা, ভার্মা অথবা পশম দিয়ে চিত্র অংকন করা এবং তা ধ্বংস করা প্রসঙ্গে :

আল্লাহ্ তা'আলা বলেছেন :

انَّ الَّذِيْنَ يُوْذُوْنَ اللَّهَ وَرَسُوْلَهُ لَعَنَهُمُ اللَّهُ فِي الدُّنْيَا وَالْأَخِرَةِ وَاعَدَّلَهُمْ عَذَابًا مُهَيْنًا .

"যারা আল্লাহ্ এবং রাসৃলকে কষ্ট দেয়, আল্লাহ্তো তাদের জন্য কষ্টদায়ক আযাব প্রস্তুত রেখেছেন।" (স্রা আহ্যাব : ৫৭)

হযরত ইকরামা (রা) বলেন, যারা আল্লাহ্ ও তাঁর রাসূলকে কষ্ট দেয়, তারা হলো ঐ সমস্ত লোক যারা চিত্র অংকন করে।

হযরত ইব্ন উমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুপ্রাহ্ (সা) বলেছেন:

إِنَّ الَّذِيْنَ يَصَّنَعُوْنَ الصَّوْرَ يُعَذَّبُوْنَ يَوْمَ الْقِيَامَةِ يُقَالُ لَهُمْ الْفِيامَةِ يُقَالُ لَهُمْ الْفِينَ الْمُعْرَا الْفَيْوَا مَا خَلَقْتُمْ .

"যে সব লোক প্রতিকৃতি বা প্রতিমৃতি নির্মাণ করে, কিয়ামতের দিন তাদের আযাব দেয়া হবে এবং বলা হবে, তোমরা যা কিছু সৃষ্টি করেছিলে তা এখন জীবন্ত করে দাও।" (বুখারী ও মুসলিম)

হযরত আয়েশা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একবার রাস্লুল্লাহ্ (সা) কোন এক সফর থেকে ফিরে আসলেন। আমি ঘরের আঙ্গিনায় একটি পর্দার কাপড় ঝুলিয়ে রেখেছিলাম, যাতে কিছু সংখ্যক ছবি বা প্রতিকৃতি ছিল। যখন তাঁর দৃষ্টি এদিকে পড়লো তাঁর চেহারার রং পরিবর্তন হয়ে গেল। তিনি বললেন: হে আয়েশা! কিয়ামতের দিন সবচেয়ে কঠিন আযাব হবে ঐ সব লোকের, যারা মহান আল্লাহ্রর সৃষ্টির অনুকরণ করে সৃষ্টি করে। আয়েশা (রা) বলেন, তারপর আমি তা কেটে দৃটি বালিশ তৈরি করলাম।

হযরত ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ (সা)-কে বলতে শুনেছি, "সব ধরনের চিত্রকর জাহান্লামে যাবে। সে যতগুলো চিত্র অংকন করেছে, তার প্রত্যেকটি দ্বারা একটি প্রাণী তৈরি করা হবে, যারদারা তাকে জাহান্লামে শান্তি দেয়া হবে।"

তিনি আরও বর্ণনা করেন যে, আমি রাস্লুল্লাহ্ (সা)-কে বলতে ওনেছি, "যে ব্যক্তি কোন চিত্র বা প্রতিকৃতি অংকন করেছে, কিয়ামতের দিন তাতে তাকে জীবন দেরার জন্য বাধ্য করা হবে। কিন্তু সে তাতে কোনদিনই প্রাণ সঞ্চার করতে সক্ষম হবে না।"

ইব্ন আব্বাস (রা) আরও বর্ণনা করেন যে, নবী করীম (সা) বলেছেন: আল্লাহ্ তা'আলা বলেন, ঐ ব্যক্তির চেয়ে বড় যালিম আর কে হতে পারে, যে আমার সৃষ্টির মত সৃষ্টি করে? তারা পারলে একটি শসাবীজ সৃষ্টি করুক অথবা একটি যব তৈরি করুক অথবা একটি অণু সৃষ্টি করুক।"

নবী করীম (সা) বলেছেন : কিয়ামতের দিন জাহান্নাম থেকে একটি মোটা তাজা ষাঁড় বের হয়ে বলবে, তিন ব্যক্তিকে শায়েন্তা করার জন্য আমাকে দায়িত্ব দেয়া হয়েছে। এরা হলো—১. ঐ ব্যক্তি যে আল্লাহ্র সাথে শরীক করেছে; ২. যে যুলুম করেছে এবং ৩. যারা প্রতিকৃতি বা চিত্র অংকন করেছে। (তিরমিযী)

রাসূলুল্লাহ্ (সা) বলেছেন :

لاَ تَدْخُلُ الْمَلاَئِكَةُ بَيْتًا فِيهِ كَلْبٌ وَلاَ صَوْرَةٌ .

"যে ঘরে কুকুর অথবা ছবি রয়েছে, সে ঘরে ফেরেশতা প্রবেশ করে না।" (বুখারী ও মুসলিম)

সুনানে আবৃ দাউদে হযরত আলী (রা) থেকে বর্ণিত আছে ৷ তিনি বলেন, রাস্লুক্সাহ্ (সা) বলেছেন :

لاَ تَدْخُلُ الْمَلاَئِكَةُ بَيْتًا فِيهِ كَلْبٌ وَلاَ صُوْرَةٌ وَلاَ جُنُبٌ.

"ষে ঘরে কুকুর অথবা ছবি অথবা অপবিত্র লোক (যার উপর গোসল ফরয) রয়েছে, সে ঘরে ফেরেশতা প্রবেশ করেন না।"

ইমাম খান্তাবী (র) বলেন, এখানে ফেরেশতা বলতে রহমত ও বরকতের ফেরেশতাদেরকে বুঝানো হয়েছে। আমল রেকর্ড করতে যে সকল ফেরেশতা সাথে থাকেন তাদেরকে বোঝানো হয়নি। তারা পবিত্র-অপবিত্র কোন অবস্থাতেই বিচ্ছিত্র হন না। এখানে অপবিত্র লোক বলতে তাদেরকে বোঝানো হয়নি যারা অপবিত্র হবার পর নামাযের ওয়াক্ত আসা পর্যন্ত অপেক্ষা করে এবং নামাযের ওয়াক্ত শেষ হবার আগেই গোসল করে নেয়, বরং এখানে তাদেরকে বোঝানো হয়েছে যারা গোসল করম্ব হবার পর আদৌ গোসল করে না অথবা গোসল করলেও নামাযের ওয়াক্ত শেষ হয়ে যাবার পর গোসল করে। গোসলের ব্যাপারে অলসতা করে এবং এটা তাদের অভ্যাসে পরিণত হয়েছে। কেননা নবী করীম (সা) তাঁর স্ত্রীদের সাথে সহবাস করার পর একবারে গোসল করতেন। এ থেকে প্রমাণিত হয় যে, গোসল কর্য হবার পর নামাযের ওয়াক্ত শেষ হওয়ার পূর্বে গোসল করে নেয়া যায়। সাথে সাথে গোসল

করা জরুরী নয়। হযরত আয়েশা (রা) বলেছেন : নবী করীম (সা) গোসল ফরয হওয়া অবস্থায় ঘুমাতেন এবং এর মাঝে পানি ব্যবহার করতেন না। (তিরমিয়ী)

যে সব কুকুর খামার পাহারা দেয়ার জন্য অথবা গাভী, ছাগল, ভেড়া পাহারা দেয়ার জন্য অথবা শিকার করার জন্য রাখা হয়, সেগুলো রহমতের ফেরেশভা আগমনে প্রতিবন্ধক নয়। অনেক সময় চোর-ডাকাত হতে রক্ষার জন্যও কুকুর রাখা হয় এবং এগুলো রাতে পাহারা দেয়। এ ধরনের কুকুর রাখা যেতে পারে। এসব কুকুর ফেরেশতা প্রবেশে বাধা সৃষ্টি করে না। উল্লিখিত প্রয়োজন ছাড়া যে কুকুর ঘরে থাকে, তাতে ফেরেশতা প্রবেশ করে না। এখানে ছবি বলতে কোন প্রাণীর ছবিকে বুঝানো হয়েছে। তা মূর্তি হোক অথবা ছাদে বা প্রাচীরে অংকিত নকশা হোক অথবা কাপড় বা ঘরে খোদাই করা নকশা হোক, সকল প্রকার ছবি পরিত্যাগ করতে হবে। কেননা সাধারণভাবে ছবি পরিত্যাগ না করা হলে এ থেকে বাঁচা সম্ভব হবে না।

যাদের ক্ষমতা ও প্রভাব প্রতিপত্তি আছে, তাদের জন্য ছবি ধ্বংস করা ও সরিয়ে ফেলার জন্য ক্ষমতা প্রয়োগ করা ওয়াজিব। ইমাম মুসলিম (র) তাঁর হাদীস প্রস্থে হায়্যান ইব্ন হুসায়ন (র) থেকে বর্ণনা করেছেন। তিনি বলেন, আমাকে আলী (রা) বলেছেন, আমি কি তোমাকে প্রমন এক কাজে প্রেরণ করবাে, যে কাজে রাস্পুলাহ্ (সা) আমাকে প্রেরণ করেছিলেন। তা হলো—যেখানে যত প্রতিকৃতি বা ছবি পাবে তা ধ্বংস করে ক্ষেল্বে এবং যত উঁচু কবর পাবে তা সমান করে দেবে।

(আবু দাউদ ও তিরমিযী)

মহান আল্লাহ্ আমাদের সেসব কাজ করার তৌষ্টিক দিন, যা তিনি ভালবাসেন এবং যাতে তিনি সম্ভুষ্ট হন।

৪৯. বিপদে অধৈৰ্য হওয়া

বিপদের সময় গালে চড় মারা, বিলাপ করা, কাপড় ছেঁড়া, মাথার চুল ছেঁড়া এবং নিজের ধাংসের জন্য প্রার্থনা করা। সহীহ্ আল-বুখারীতে হযরত আবদুল্লাহ্ ইব্ন মাসউদ (রা) থেকে বর্ণিত আছে। তিনি বলেন, রাসূলুক্লাহ্ (সা) বলেছেন:

لَيْسَ مِنًّا مَنْ لَطَمَ الْخُدُودَ وَشَقَّ الْجُدِيْوْبَ وَدَعَا بِدَعْوى

"যারা নিজের গালে চড় মারে, জামা-কাপড় ছিঁড়ে ফেলে এবং যে জাহেলিয়াতের কোন প্রথার দিকে আহ্বান জানায়, সে আমাদের দলভুক্ত নয়।"

সহীহ বুখারী ও সহীহ মুসলিমে আছে। আবৃ মুসা আশ'আরী (রা) বর্ণনা করেন, य সব মহিলা विनाপ করে উচ্চঃ স্বরে কাঁদে, যে সব মহিলা বিপদে মাথার চুল ছিড়ে ফেলে এবং যেসব মহিলা বিপদের সময় জামা-কাপড় ছিড়ে ফেলে (অর্থাৎ বিপদে ভারসাম্যহীন হয়ে যায়), নবী করীম (সা) তাদের দায়িত্ব হতে মুক্ত। এগুলো হারাম হবার ব্যাপারে আলিম সমাজ ঐকমত্য পোষণ করেন। অনুরূপভাবে চুল তোলা, গালে চড় মারা, মুখমভলে খামচানো এবং ধাংসের জন্য প্রার্থনা করা হারাম।

উম্মে আতী'আহ (রা) বলেন, নবী করীম (সা) আমাদের নিকট থেকে যে বায়আত (শপথ) গ্রহণ করেছিলেন তাতে এটাও উল্লেখ ছিল যে, আমরা বিলাপ করে কান্নাকাটি করবো না। (বুখারী)

আবৃ হুরায়রা (রা) বর্ণনা করেন, রাস্বুল্লাহ্ (সা) বলেছেন, দুই ধরনের লোক কুফরী কাজে লিপ্ত : ১. যারা বংশের নিন্দা করে এবং ২. যারা মৃত ব্যক্তির জন্য বিলাপের সাথে উচ্চস্বরে কাঁদে। (মুসলিম)

হযরত আবৃ সাঈদ খুদরী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন : রাস্লুল্লাহ্ (সা) বিলাপকারিণী এবং যেসব মহিলা শোকগাঁথা গায়, তাদেরকে অভিশাপ দিয়েছেন।

(আবৃ দাউদ)

আবৃ বুরদাহ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একবার আবৃ মৃসা আশ'আরী (রা) অসুস্থ অবস্থায় সংজ্ঞা হারিয়ে ফেললেন। তাঁর পরিবারের এক মহিলা তাঁর মাথা কোলের উপর রেখে সুর করে কান্নাকাটি করতে থাকে, কোনক্রমেই তাকে বিরত রাখা গেল না। অতঃপর আবৃ মৃসা আশ আরী (রা)-এর জ্ঞান ফিরে আসলে (তিনি ঐ মহিলাকে এভাবে কাঁদতে দেখে) বললেন, রাসূলুল্লাহ্ (সা) যে কাজ অপছন্দ করতেন

আমিও সে কাজ অপছন্দ করি। তিনি (সা) বলেছেন, আমি সালিকাহ (বিলাপকারিণী) হালিকাহ (বিপদে যে মহিলা মাথার চুল ছিঁড়ে) এবং শাক্কাহ (যে মহিলা বিপদে কাপড় ছিঁড়ে ফেলে)-এর দায়িত্ব হতে মুক্ত। (বুখারী)

নু'মান ইবনে বাশীর (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা আবদুল্লাহ্ ইব্ন রাওয়াহা (রা) বেহুঁশ হলে তার বোন তার বিভিন্ন ওণের কথা বলে কাঁদতে লাগলো। সে বললো—হায়! তিনি এমন ছিলেন, তিনি এমন ছিলেন। অতঃপর তিনি সংজ্ঞা ফিরে পেয়ে তার বোনকে বললেন, যখনই তুমি বলেছো আমার ভাই এমন ছিল, আমার ভাই এমন ছিল, তখনই আমাকে বলা হয়েছে তুমি কি এমন ছিলে? (বুখারী)

বুখারী ও মুসলিম শরীফে আছে, রাস্লুল্লাহ্ (সা) বলেছেন : "বিলাপ করার জন্য

মত ব্যক্তিকে কবরে আযাব দেয়া হয়।"

আবৃ মূসা (রা) বলেন, কোন লোক মারা গেলে তার আজীয়-স্বন্ধন বা বিলাপকারীরা যদি একথা বলে কাঁদতে থাকে যে, হায় নেতা। হায় মহাপুরুষ। তুমি এই এই বৈশিষ্ট্যের অধিকারী ছিলে, তাহলে তাকে মারপিট করার জন্য দুজন ফেরেশতা নিযুক্ত করা হয়। তারা তাকে মারপিট করতে থাকে এবং বলতে থাকে, তুমি কি ঠিকই এরপ ছিলে?

নবী করীম (সা) বলেছেন: বিশাপকারিণী মহিলা যদি তওবা না করে মারা যায়, তবে সে কিয়ামতের দিন আলকাতরার তৈরি সাড়ি এবং ছেঁড়া জামাপরা অবস্থায় উঠবে।

নবী করীম (সা) বলেছেন: আমাকে দু'প্রকার বোকামি প্রসূত পাপের ধানি খনতে নিষেধ করা হয়েছে। এর একটি হলো গানের সূর, খেলাধুলার কোলাহল এবং যন্ত্র সঙ্গীতের তান আর অপরটি হলো-বিপদের সময় চেহারা খামচানোর বা থাবড়ানোর শব্দ, কাপড় ছেঁড়ার শব্দ এবং শয়তানের কান্লার শব্দ।

হাসান বলেন, দু'প্রকার আওয়াজ অভিনপ্ত : ১. সঙ্গীতের সাথে বাদ্য বাজানোর আওয়াজ এবং ২. বিপদের সময় বিলাপের আওয়াজ।

রাস্লুল্লাহ্ (সা) বলেছেন: এসব বিশাপকারিণী মহিলা জাহান্নামের মধ্যে দুই সারিতে দাঁড়াবে এবং জাহান্নামীদের মাঝে থেকে কুকুরের মত ঘেউ ঘেউ করতে থাকবে।

আওয়াঈ (র) বর্ণনা করেন, একবার হযরত উমর (রা) কান্নার শব্দ শুনে ভেডরে প্রবেশ করলেন, সাথে সাথে অন্যরাও ভেতরে গেলেন। তিনি বিলাপকারিণীকে প্রহার করতে লাগলেন, ফলে মাথার ওড়না পড়ে গেল। তিনি বললেন, একে মারতে থাক যেহেড়ু এ উচ্চস্বরে বিলাপ করছে। তার প্রতি কোন প্রকার সন্মান দেখানোর প্রয়োজন নেই। সে তোমাদের কোন প্রকার শোকানুভৃতি নিয়ে কাঁদছে না, বরং সে তোমাদের টাকা-পরসা নেয়ার জন্য কাঁদছে। তারা তোমাদের মৃতদেরকে তাদের কবর আযাবে পতিত করেছে এবং জীবিতদেরকে কষ্ট দিছে। আর এটা সবর বা ধৈর্যের পরিপন্থি

অপচ আল্লাহ্ তা'আলা ধৈর্য ধারণের নির্দেশ দিচ্ছেন। বিলাপকারিণী তোমাদের আদেশ করছে হৈ চৈ করার জন্য আর আল্লাহ্ তা'আলা একাজ করতে নিষেধ করছেন।

প্রকাশ থাকে যে আর্থা শব্দের অর্থ হলো বিলাপ করা বা শোক-গাথা পরিবেশন করা। আর মৃত ব্যক্তির গুণাবলী কান্নাকাটির সাথে এক এক করে বলে যাওয়া ও গণনা করাকে 'নিয়াহাহ্' বা বিলাপ করা বলে। কেউ কেউ বলেছেন, এর অর্থ হলো মৃত ব্যক্তির জন্য কাঁদা এবং কেঁদে কেঁদে তার গুণাবলী উল্লেখ করা।

উলামায়ে কিরাম বলেন, মৃত ব্যক্তির জন্য উচ্চস্বরে কান্নাকাটি করা হারাম। কিন্তু শব্দ না করে এবং বিলাপ ছাড়া মৃতের জন্য কাঁদা হারাম নয়। বৃধারী ও মুসলিম শরীকে আছে—হবরত ইব্ন উমর (রা) বর্ণনা করেন যে, রাস্পুল্লাই (সা) সা'আদ ইব্ন উবাদা (রা)-এর অসুস্থতার সংবাদ পেয়ে আবদুর রহমান ইব্ন আওফ (রা), সা'আদ ইব্ন আবী ওয়াক্কাস (রা) এবং আবদুল্লাই ইব্ন মাসউদ (রা)-কে সঙ্গে নিয়ে তাঁকে দেখতে যান এবং তাঁকে দেখে কেঁদে কেলেন। রাস্পুল্লাই (সা)-কে কাঁদতে দেখে উপস্থিত সকলে কাঁদতে লাগলেন। তখন নবী করীম (সা) বললেন, তোমরা কি একথা শোননি যে, আল্লাই তা'আলা অক্ষবিসর্জন এবং মনে মনে দুঃখিত ও তারাক্রান্ত হওয়ার জন্য কাউকে আযাব দেবেন না বরং 'এর জন্য' আযাব দেবেন বলে আক্ষবারা জিহবার দিকে ইঙ্গিত করলেন।

বৃশারী ও মুসলিম শরীকে হষরত উসামা ইব্ন যায়দ (রা) সূত্রে বর্ণিত আছে যে, রাস্পুলার (সা)-কে কাঁদতে দেখে সা'আদ (রা) বললেন, ইয়া রাস্পুলার। আপনি কেন কান্নাকাটি করছেন। তিনি বললেন; "আল্লাহ্ তা'আলা তাঁর বান্দাদের অস্তরে যে মায়া-মমতা সৃষ্টি করেছেন এটা তারই বহিঃপ্রকাশ। আল্লাহ্ তা'আলা সে সকল লোকের প্রতি অনুমহ করেন যাদের অস্তরে দরামায়া আছে।"

বুখারী শরীফে বর্ণিত আছে, হযরত আনাস (রা) বর্ণনা করেন যে, রাস্পূলাহ্ (সা) তাঁর পুত্র ইবরাহীমের অন্তিম শব্যাপাশে উপস্থিত হলে তাঁর দু'চোখ দিয়ে অশ্রুখারা প্রবাহিত হতে থাকে। এটা দেখে আবদুর রহমান ইবনে আউফ (রা) বললেন, ইয়া রাস্পালাহ (সা)। আপনিও কাঁদছেনা তিনি বললেন, হে আউফের পুত্র। এটা রহমত—সন্তান বাৎসল্য। তারপর ভিনি আবার কেঁদে বললেন, "চক্ষু অশ্রুবিসর্জন করে এবং হদয় দুঃখিত ও ভারাক্রান্ত হয়। আল্লাহ্ যাতে সন্তুষ্ট হন ভাছাড়া জন্য কোন কথা আমরা বলবো না, হে ইবরাহীম। আমি তোমার বিজেদে দুর্গিত।"

যে সব সহীহ হাদীসে বর্ণিত আছে বে, "মৃত ব্যক্তিকে তার পরিবারের লোকদের কান্নার জন্য আবাব দেয়া হয়"—তা প্রকাশ্য অর্থে গ্রহণ করা যাবে না। গ্রসব হাদীস ব্যাখ্যাসাপেক্ষ। তবে এসব হাদীসের ব্যাখ্যা নিয়ে আলিমদের মধ্যে মতন্ডেদ আছে। কেউ কেউ বলেছেন, কান্নার কারণে শান্তি হয়। আবার কেউ বলেছেন, যদি মৃত ব্যক্তি কান্নার জন্য গুসীয়ত করে যায় এবং সে অনুসারে কাঁদা হয়, তাহলে শান্তি হয়।

ইমাম শাফিন্ট (র)-এর অনুসারীগণ বলেছেন, মৃত্যুর আগে ও পরে কান্নাঞ্চটি করা জারেয় আছে। তবে মৃত্যুর আগে কান্নাঞ্চটি করা উত্তম। কারণ হাদীসে বর্ণিত আছে, যখন মৃত্যু হয়ে যায় তখন আর কান্নাঞ্চটি করো না।

ইমাম শাফিঈ (র) ও তার অনুসারীগণ বলেন : মৃত্যুর পর কান্নাকাটি করা মাকরহ তান্মীহ, হারাম নয়। আর নিষেধের হাদীস ছারা মাকরহ বোঝানোই উদ্দেশ্য।

পরিক্রেদ

বিশাপকারিণীদের আযাব হওয়া এবং তাদের উপর অভিশাপ বর্ষিত হওয়ার কারণ হলো—এরা কান্নাকাটি ও অধৈর্যতার জন্য উদ্বুদ্ধ করে অখচ আল্লাহ্ ও তাঁর রাস্ল (সা) ধৈর্যধারণের জন্য নির্দেশ দিয়েছেন, আত্মসমালোচনা করতে বলেছেন এবং অধৈর্য ও অসমুষ্ট না হওয়ার জন্য বলেছেন। আল্লাহ্ তা'আলা বলেছেন:

يُايَّهُا الَّذِيْنَ أَمَنُوا اسْتَعِيْنُوا بِالصَّبْرِ وَالصَّلُوَةِ * إِنَّ اللَّهُ مَعَ الصَّبْرِيْنَ ،

"হে ঈমানদারগণ! তোমরা ধৈর্য ও সালাতের মাধ্যমে সাহায্য প্রার্থনা করো। নিশ্চয়ই আল্লাহ্ ধৈর্যশীলদের সাথে আছেন।" (সূরা বাকারা: ১৫৩)

আতা (র)-এর এ আয়াতের ব্যাখ্যার হষরত ইব্ন আব্বাস (রা)-এর নিম্নোড উক্তি রিওয়ায়াত করেন—'আয়াতের অর্থ হলো—আমি ডোমাদের সাথে থেকে সাহায্য করি এবং তোমাদেরকে অপমানিত করি না। আল্লাহ্ তা'আলা বলেছেন:

وَلَنَبْلُونَكُمْ بِشَيْءٍ مِنْ الْخَوْفِ وَالْجَوْعِ وَنَقْصِ مِنْ الْأَمْوَالِ
وَالْاَنْفُسِ وَالنَّمَرُاتِ * وَيَشَرِ الصَّبِرِيْنَ ، الَّذِيْنَ إِذَا أَصَابَتُهُمْ
مُصِيْبَةٌ قَالُواْ إِنَّا لِلَّهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُونَ .

"(আমি তোমাদেরকে পরীক্ষা করবো)" অর্থাৎ আমি তোমাদের বিপদে পতিত করে পরীক্ষকের অনুরূপ ভূমিকা পালন করবো এবং প্রমাণ করে দেব বে, ভোমাদের মধ্যে কে ধৈর্যশীল এবং কে অধৈর্য। সূতরাং যে ধৈর্যধারণ করবে সে ভার প্রতিদান বা সপ্তরাব পাবে। আর যে ধৈর্যধারণ করবে না, সে প্রতিদানের যোগ্য হবে না।

(সুরা বাকারা : ১৫৫)

বস্তুত আমার জানার জন্য পরীক্ষার কোনই প্রয়োজন নেই। এর উদ্দেশ্য হলো ভোমাদের সপ্তরাবের যোগ্য করা। (কিছু ভর ও কুধার দ্বারা) এর ব্যাখ্যায় হবরত আবদ্শ্বাহ্ ইব্ন আব্বাস (রা) বলেছেন, এখানে ভর মানে হলো শত্রুর ভর এবং কুধার অর্থ অভাব-অনটন ও দূর্ভিক। (মান সম্পদের লোকসান দ্বারা) অর্থাৎ মালামানের ক্ষতি সাধন করে, পেশায় ক্ষতিগ্রস্ত করে। (প্রাণ সংহার দ্বারা) অর্থাৎ মৃত্যু, হত্যা, রোগ এবং বার্ধক্যদ্বারা তিনি পরীক্ষা করেন। (ফল কম করে দিয়ে) অর্থাৎ স্বাভাবিকভাবে যে পরিমাণ ফসল হয় তা না দিয়ে ধৈর্যের পরীক্ষা করেন। তারপর ধৈর্যশীলদের তত্ত্ব সংবাদ দিয়ে বলেন—(ধৈর্যশীলদের ক্ষন্য সুসংবাদ) আর ধৈর্যশীলদের পরিচয় দিতে গিয়ে আল্লাহ্ রলেছেন: "বিপদে পতিত হলে যারা বলে, আমরা তো আল্লাহ্র দাস। তিনি যা ইচ্ছা তা করতে পারেন। আমরা তাঁর নিকট থেকে এসেছি এবং তাঁরই কাছে ফিরে যাব।" অর্থাৎ তাঁর নির্দেশের কাছেই আমাদের আবার আত্মসমর্পণ করতে হবে পরকালে—এরাই ধৈর্যশীল দ্নিয়াতে যারা বিভিন্নভাবে ক্ষমতাশীল সে দিন তাদের ক্ষমতা শেষ হয়ে যাবে এবং আল্লাহ্র কাছে সকলকে আত্মসপর্মণ করতে হবে।

হ্যরত আরেশা (রা) থেকে বর্ণিত। রাসূলুক্লাহ্ (সা) বলেছেন:

مَامِنْ مُصِيبْهَةُ يُصِابَ بِهَا الْمُؤْمِنُ الِاَّ كَفَّرَ اللَّهُ بِهَا عَنْهُ حَتَّى الشَّوْكَةُ يُشَاكُهَا .

"মুমিন ব্যক্তি যে সব বিপদে আপদে পতিত হয় আল্লাহ্ তা'আলা তার ফলস্বরূপ তার গুনাহ্ মাফ করেন—এমনকি একটি কাঁটাও যদি তার পায়ে বিধে তবে তাও তার গুনাহ্ মাফের কারণ হয়ে দাঁড়ায়।" (মুসলিম)

রাস্পুরাহ (সা) আরও বলেছেন: যখন কোন ব্যক্তির কোন সন্তান মারা যার তখন আল্লাহ্ তা'আলা ফেরেশতাদেরকে বলেন, তোমরা তো আমার বান্দার সন্তানকে ছিনিয়ে এনেছো বা মেরেছো (তখন তারা কি করছিল)। তারা বলে, সে আপনার প্রশংসা করেছে এবং ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন' বলেছে। তখন আল্লাহ্ তা'আলা বলেন, তোমরা আমার বান্দার জন্য জান্নাতে একটি ঘর তৈরি করো এবং এ ঘরের নাম রাখো 'বায়তুল হামদ' বা প্রশংসার ঘর।

রাসূলুরাহ (সা) আরও বলেছেন, আল্লাহ্ তা'আলা বলেন: যখন আমি আমার কোন বান্দার দুনিয়ার একমাত্র উত্তরাধিকার সন্তানের জান কব্য করি এবং তারপর সে সওয়াবের আশায় এতে ধৈর্য ধারপ করে, তার জন্য আমার কাছে জান্লাত ছাড়া অন্য কোন বিকল্প পুরস্কার নেই। (বুখারী)

নবী করীম (সা) বলেছেন: "আল্লাহ্ তা'আলার ফয়সালার উপর সন্তুষ্ট থাকা মানুষের নেককার ইওয়ার নিদর্শন। আর আল্লাহ্ তা'আলার ফয়সালায় অসন্তুষ্টি প্রকাশ করা বদকার বা পাপাচারী হওয়ার নিদর্শন।"

হযরত উমর (রা) থেকে বর্ণিত, তিনি বলেন, মৃত্যুর ফেরেশতা হযরত আজরাঈল (আ) কোন মুমিনের জান কবয় করার পর তিনি কিছু সময়ের জন্য ঐ ঘরের দরজায় দাঁড়ান। তখন ঘরের অধিবাসীরা চিংকার ও কান্লাকাটি করতে থাকে। তাদের কেউ তার মুখমগুলে চড় মারতে থাকে, কেউ তার মাধার চুল ছিঁড়তে থাকে এবং কেউ আবার নিজের ধংসের জন্য প্রার্থনা করতে থাকে। তখন আজরাঈল (আ) বলেন, তোমরা কেন এরপ হা হতাশ করছো? আল্লাহ্র কসম! তোমাদের কারো আয়ু শেষ হয়নি, তোমাদের কারো রিয়ক কেড়ে নেইনি এবং তোমাদের কারো উপর কোন প্রকার যুলুমও করিনি। যদি তোমাদের আমার বিরুদ্ধে কোন অভিযোগ এবং কোভ থাকে, সে ব্যাপারে আমি অত্যন্ত অসহায় এবং বাধা। কেননা আল্লাহ্র কসম। আমি একাজ (জান কবয) করার জন্য আদিষ্ট হয়েছি। আর যদি তোমাদের ক্ষোভ মৃত ব্যক্তির ওপর হয় তাতে কি লাভ হবে, সে তো এখন পরাজিত। আর যদি তোমাদের ক্ষোভ তোমাদের প্রতিপালক আল্লাহ্র ওপর হয়, তাহলে তোমরা তাঁর অবাধ্য এবং কাফির। আমাকে বার বার তোমাদের কাছে এভাবে আসতে হবে এবং শেষ পর্যন্ত তোমাদের কেউ জীবিত থাকবে না। রাস্লুল্লাহ্ (সা) বলেছেন: যাঁর হাতে আমার জীবন সে মহান আল্লাহ্র কসম করে বলছি, তারা যদি মৃত ব্যক্তির অবস্থান সম্পর্কে জানতো এবং তার কথা তনতো, তাহলে তারা তাদের মৃতদের কথা ভূলে যেতো এবং নিজেদের জন্য কান্লাকাটি করতো।

পরিছেদ : সান্ত্রনা প্রদান প্রসঙ্গে

হ্যরত আবদুল্লাহু ইবন মাসউদ (রা) নবী করীম (সা) থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন: যে ব্যক্তি কোন বিপদগ্রন্ত লোককে সান্ত্রনা দেবে, সে বিপদগ্রন্ত লোকের মত সওয়াব পাবে। (তিরমিযী)

আবু বুরদাহ (রা) বর্ণনা করেন রাস্ট্র্যাহ (সা) ফাডিমা (রা)-কে ব্রেছেন : যে ব্যক্তি সম্ভানহারা মা-কে সাম্ভ্রনা দেবে, তাকে জান্নাতের চাদর পরানো হবে। (তিরমিয়ী)

আবদুল্লাহ্ ইব্ন আমর ইবন্প আস (রা) বর্ণনা করেন, রাস্পুল্লাহ্ (সা) হ্যরত ফাতিমা (রা)-কে জিজ্জেদ করলেন, হে ফাতিমা। কি কারপে তুমি ঘর ছেড়ে বাইরে এলে? তিনি বললেন, আমি এ ঘরবাসীদেরকে মৃত্যুলোকে সান্ত্রনা দেওরা ও সমবেদনা প্রকাশের জন্য এসেছি। (আবু দাউদ)

আমর ইবন হাযম (রা) বলেন, নবী করীম (সা) বলেছেন :

مَامِنْ مُوْمِنِ يَعِنُّ أَخَاهُ بِمُصِيْبَتِهِ إِلاَّ كَسَاهُ اللَّهُ مِنْ خَلَلِ الْكَرَامَةِ يَوْمُ الْقَيِّامَةِ

"যে মুমিন ব্যক্তি তার ভাইকে তার বিশদে সাস্ত্বনা দেবে, কিয়ামতের দিন আল্লাহ্ তা আলা তাকে সম্মানের অলংকার পরিধান করাবেন।" (ইব্ন মাজাহ)

প্রকাশ থাকে যে, তাযিয়াহ বা সান্ত্রনা দেরার মানে হলো, মৃত ব্যক্তির আত্মীয়-স্বজনকে ধৈর্যধারণের জন্য উপদেশ দেয়া এবং এমন কথা বলা যাতে তাদের দুঃখ লাঘব হয় এবং বিপদকে হালকা মনে করে। এরূপ সান্ত্রনা দেয়া মুন্তাহাব। কারণ এতে সংকাজের প্রতি আদেশ দান এবং অসংকাজের প্রতি নিষেধ করা হয়। অবশ্য একাজ আল্লাহ্ তা আলার বাণীতে রয়েছে। তিনি বলেছেন:

تَعَاوَنُوا عَلَى الْبِرِّ وَالتَّقُولَى •

"তোমরা নেককাজ এবং তাকওয়ার ব্যাপারে পরস্পর পরস্পরকে সাহায্য ও সহযোগিতা কর।" (সূরা মায়িদা : ২)

তাষিয়া বা সাজ্বনায় যেহেত্ সবর করার উপদেশ দেয়া হয়, তাই তা দাফনের আগে ও পরে উভয় ক্ষেত্রেই মৃত্তাহাব। ইমাম শাফিঈ (র)-এর অনুসারীদের মতে কোন লোক মারা যাওয়ার সময় হতে দাফনের তিনদিন পর তা'যিয়াহ করা মাকরহ। কারণ তা'যিয়াহ করা হয় সাজ্বনা দেয়ার জন্য আর তিনদিন পর বাভাবিকভাবেই তা শাস্ত হয়ে যায়। তাই তিনদিন পরে তা'য়য়াহ করার মানে হলো দুঃখ বা বিপদের কষ্টকে নবায়ন করা। এটা আমাদের মাযহাবভুক্ত অধিকাংশ আলিমেরও অভিমত।

আমাদের মাযহাবের অনুসারী আবৃ আব্বাস (র) নামে এক ব্যক্তি বলেছেন, তিন দিনের পর তা বিরাহ করতে কোন প্রকার দোষ নেই, বরং এটি যুগ যুগ ধরে করা যেতে পারে। ইমাম নববী (র) বলেন: সবচেয়ে উত্তম কাজ হলো তিন দিনের পর তাবিয়াহ না করা। তবে আমাদের মতে দুই অবস্থায় তা বিরাহ করা যেতে পারে—
১. বিপদশন্ত লোক যদি অনুপক্তিত থাকে এবং তিনদিন পর উপস্থিত হয়, তবে তাকে তাবিয়াহ করা যাবে। তাবিয়াহ দাফনের আগে করার চেয়ে দাফনের পরে করা উত্তম। কারণ তখন তারা মৃতব্যক্তির দাফন-কাফন নিয়ে বাস্ত থাকেন। আর দাফনের পরেই আত্মীয়-সঞ্জনের কাছে মৃত ব্যক্তির বিচ্ছেদ বেশি ধরা পড়ে। যদি দেখা যায় যে, আত্মীয়-সঞ্জন বেশি বিচলিত, তবে দাফনের আগে সাস্ত্বনা দেয়াতে কোন দোর নেই।

তা বিয়াহ বা সাজনাদানের জন্য কোন অনুষ্ঠান করা এবং বিশেষ কোন বৈঠকের ব্যবস্থা করে মৃতব্যক্তির গুণাগুণ আলোচনা করা মাকরহ। হ্বরত উসামা ইবন যারদ (রা) বর্ণনা করেন, নবী করীম (সা)-এর কোন এক কন্যা তাঁর কাছে লোক মারফ্ড খবর পাঠালেন যে, তার এক পুত্র মারা গেছে। নবী করীম (সা) সংবাদ বাহককে বললেন:

ارْجِعْ الْبِيْهَا فَأَخْبِرْهَا أَقَّ لِلَّهِ مَا أَخَذَ وَلَهُ مَا أَعْطَى وَكُلُّ بِيَّءٍ عِنْدَةً بِلَجَلٍ مُسْمَّى فَمُرْهَا فَلْتَصَبِّرُ وَلْتَحَتَّسِبُ .

"তুমি তার কাছে যাও এবং তাকে বলো যে, আরাহ তা'আলা যা নিয়েছেন তা তাঁরই ছিল, যা দিয়েছেন তাই নিয়েছেন। প্রত্যেক বন্ধুর একটি নির্দিষ্ট সমর আছে যা কেবল তিনিই জানেন। তাকে ধৈর্যধারণ করতে এবং সওয়াবের জন্য (আল্লাহ্র কাছে) প্রার্থনা করতে বলো।"

ইমাম নববী (র) বলেন, এ হাদীস্টিতে ইসলামী শরী'আতের বিভিন্ন ওরুত্বপূর্ণ ব্যাপারে মূলনীতি প্রদান করা হয়েছে। বিশেষ করে ইসলামী শিষ্টাচার, বিপদে ধৈর্য এবং বিলাপ ইত্যাদির ব্যাপারে ইস্লামী দৃষ্টিকোশের অভিব্যক্তি ঘটেছে। হাদীসের বক্তব্য নিমুক্তপ :

(আরাহ্ যা দিয়েছেন তা তাঁরই) এ কথার অর্থ হলো বিশ্ব ছাহানের মালিক ও স্বস্তাধিকারী হলেন আরাহ্। তিনি তাঁর বান্ধাদের কিছু নেন না। তিনি বা নেন তা তাঁরই। মানুষ ধার বা আমানত হিসেবে এসব কিছুদিনের জন্য পার এবং জোপ করে। তিনি যা দিয়েছেন তা-ই নিয়েছেন কথাটির অর্থ হলো—আরাহ্ যা ভোমাদের দিয়েছেন তা তাঁর মালিকানার বাইরে নয়, বরং তা তাঁরই। তিনি এতে বেভাবে চান হতকেপ করেন এবং যখন চান নিয়ে যান। প্রত্যেক কছুর একটি নির্দিষ্ট সময় আছে। অর্থাৎ তিনি এসব একটি নির্দিষ্ট সময়ের জন্য দিয়েছেন। সময় শেষ হলে তাঁর জিনিস তিনি নিয়ে যান। স্তরাং কেউ মারা গেলে তোমরা বিচলিত হয়ো না। বেহেত্ তার জন্য নির্ধারিত সময় শেষ হয়ে গেছে, তাই তার মৃত্যু আগে বা পরে করা সভব নয়। তোমরা যখন জানতে পারলে এসবই আরাহ্র ইছায় হয়ে থাকে এবং নির্দিষ্ট সময়ে হয়ে থাকে, তখন বৈর্ধধারণ করো এবং সকল বিপদ-আপদ, বিছেদ ও বিরহে আরাহ্র কাছে সওয়াবদানের প্রার্থনা করতে থাক।

মুবাবিয়াই ইব্ন আয়্যাশ (রা) তাঁর পিতা থেকে বর্ণনা করেন, নবী করীম (সা) একবার তাঁর এক সাহাবীকে খুঁছে পালিলেন না। তার কথা জিজেস করা হলে সাহাবীগণ আর্য করলেন, ইয়া রাস্পালাই (সা)। ঐ পোকটির যে ছেলে ছিল আপনি দেখেছিলেন, সে মারা গেছে। পরে নবী করীম (সা) তার সাক্ষাত পেরে তার ছেলে সম্পর্কে জিজেস করলেন। সে নবী করীম (সা)-কে জানালো যে, তার ছেলেটি মারা গেছে। রাস্প্রাই (সা) তাকে সাজ্বা দিয়ে বললেন: হে অমুক। তাকে দিরে দ্নিয়াতে উপকৃত হওয়া ভাল না পরকালে তুমি জানাতের দরজায় পৌছে তাকে তোমার জন্য জানাতের দরজা খুলে দিতে দেখতে গাওয়া ভাল মনে করা তথন গোকটি বললো—ইয়া রাস্পালাই (সা)। আমি চাই যে, সে জানাতের দরজায় আমার আগে গৌছে আমার জন্য দরজা খুলে রাধুক। নবী করীম (সা) বললেন, তুমি তাকে সে তাবেই পাবে। প্রশ্ন করা হলো, ইয়া রাস্পালাই (সা)। এটা কি কেবল ভার জন্য বিশেষ ব্যবস্থা, না সকল মুসলমানের জন্য এপথ উন্তুক । তিনি বললেন, এ স্যোগ সকল মুসলমানের জন্যই রয়েছে।

আবৃ মুসা (রা) নবী করীম (সা) থেকে বর্ণনা করেছেন যে, একবার নবী করীম (সা) জান্নাতৃল বাকীর দিকে গেলেন এবং সেখানে এক মহিলাকে একটি কবরের পাশে বসে কাঁদতে দেখলেন। তিনি মহিলাকে বললেন, হে আল্লাহ্র দাসী (বান্দী)! আল্লাহ্কে তয় করো এবং থৈর্য ধারণ করো। মহিলা বললো, ইয়া আবদারাহ্ ! আমি শোকসম্ভঙ্ক। তিনি বললেন, হে আল্লাহ্র দাসী। তুমি আল্লাহ্কে তয় করো এবং থৈর্য ধারণ করো। মহিলা বললো, ইয়া আবদারাহ্ ! যদি তুমি আমার মত বিশদ্যান্ত হতে, তাহলে আমার অবস্থা বৃকতে। নবী করীম (সা) বললেন, হে আল্লাহ্র বান্দী! তুমি

আলাহ্কে ভয় করো এবং থৈর্যধারণ করো। মহিলা বললো, ইয়া আবদাল্লাহ্! আমাকে অনেক কথাই তনালে, এবার বিদায় হও। তারপর রাস্লুল্লাহ্ (সা) সেখান থেকে চলে আসলেন। একজন মুসলমান দূর থেকে ব্যাপারটি দেখছিল। সে মহিলার নিকট এসে জিজেস করলো, লোকটি তোমাকে কি বলেছে ? মহিলা তাঁদের উভয়ের কথোপকথন সম্পর্কে তাকে অবহিত করলো। লোকটি বললো, তুমি কি তাকে চেন ? মহিলা বললো, আলাহ্র কসম। আমি তাকে চিনি না। সে বললো, ইনি তো রাস্লুল্লাহ্ (সা)। তোমার কাজটি ভাল হয়নি। অতঃগর মহিলা দ্রুত গিয়ে পথেই রাস্লুল্লাহ্ (সা)-এর সাথে দেখা করে বললো, ইয়া রাস্লাল্লাহ্ (সা)। আমি থৈর্যধারণ করবো। নবী করীম (সা) বললেন, ধৈর্য তো প্রথম চোটেই করতে হয়। অর্থাৎ হঠাৎ বখন বিপদ এসে পড়ে, তখন ধৈর্যধারণ করতে হয়। (আহমদ, নাসার্স)

মুসলিম শরীকে আছে, উল্বে সুলারম (রা)-এর গর্জছাত আবু ভালহার এক পুত্র भारा रंगरम चाव् छानदात जी वनाता, चात्रि वनात शृर्त वाव् छानदात कार्छ व गरवान কেউ দেবে না। অভঃপর আৰু তাশহা (রা) আসলে সে তাঁর রাত্রিকাশীন থাবার পরিবেশন করণ। আবৃ তালহার পানাহার শেষ হলে সে ভার সাথে এমন সোহাগ ও প্রাণ্টাশা ভালবাসা প্রদর্শন করলো যা সে ইতিপূর্বে কখনও করেনি। তারপর তার সামী তাকে উপভোগ করলেন। স্ত্রী যখন দেখলো যে, তার স্থামী দৈহিক ও জৈবিক চাহিদা পুরণ করে তৃত্তি লাভ করেছে, তখন বললো, হে আবৃ ভালহা। যদি কেউ তাকে কিছু ধার দের এবং ভারপর তা ক্ষেরত নিতে চার, তাহদে কি তাকে বাধা দেওয়া উচিত হবে? ডিনি বলদেন, না। উম্মে সুদায়ম বলদো, তাহলে তোমার পুত্রকে তুমি এ ধরনের ধার মনে কর। অর্থাৎ তোমার পুত্র যিনি দিয়েছিলেন তিনিই নিয়ে গেছেন, সে আর বেঁচে নেই। এ কথা খনে আৰু তালহা (রা) অত্যন্ত রাগানিত হয়ে বললেন, তুমি আমাকে আমার সন্তানের মৃত্যুর সংবাদটি জানাতে বিলম্ব করেছো। আল্লাহ্র কসম। ধৈর্ধের পরাকাষ্ঠার আমি তোমার কাছে পরাজিত। অতঃপর আবৃ তালহা (রা) নবী করীম (সা)-এর কাছে গিয়ে সংঘটিত ঘটনাটি সবিস্তারে জানালেন। নবী করীম (সা) বলপেন : আল্লাহ্ তা'আলা তোমাদের দু'জনকে এ রাতেই এর বরকত দান করুন। হাদীদের অবশিষ্টাংশ মুসলিম শরীফে বর্ণিত আছে। হাদীস শরীফে আছে—সবর বা ধৈর্যের চেয়ে বড় নিয়ামত কাউকে দেয়া হয় না।

হযরত আলী (রা) আশআস ইব্ন কায়স (রা)-কে বলেন, তুমি ঈমান ও সওয়াব লাভের আশায় ধৈর্যধারণ করতে পারতে, অন্যথায় চুপে চুপে এবং নিঃশব্দে চতুম্পদ জন্ম বেভাবে অপ্রক্রমর্জন দেয় সেভাবে তুমি অঞ্চ বিসর্জন দিতে, তাহলে ভাল হতো।

হাকীম বিপদে পতিত এক ব্যক্তির কাছে চিঠি লিখে পাঠালেন—তুমি যে সব ধন-সম্পদ উপার্জন করেছিলে, তা চলে গেছে। এর বিনিময়ে তোমাকে যা দেয়া হয়েছে, তা যেন হাতছাড়া না হয়। অর্থাৎ অথৈর্য হয়ে তুমি যেন সওয়াব লাভ থেকে বঞ্চিত না হও। অপর এক ব্যক্তি বলেছেন, জাহিল ব্যক্তি মুসীবতে পতিত হলে যা করে পাঁচ দিন পরে, জ্ঞানী ব্যক্তি তা করে এক দিন আগে। আমি বললাম, কারো এটা অজানা নয় যে, যুগের আবর্তন ও সময়ের প্রবাহের সাথে অনেক বিপদ-আপদের সমুখীন হতে হয় এজন্য বিচলিত না হয়ে বিপদে পড়ার সঙ্গে সঙ্গে ধৈর্যধারণ করাটাই হলো ইসলামের বিধান।

্ইমাম শাকিঈ (র) জানতে পারলেন যে, আবদুর রহমান ইবন মাহদীর একটি পুত্র সম্ভান মারা গেছে এবং সে জন্য তিনি অত্যন্ত অধৈর্য ও অস্থির হয়ে পড়েছেন।

ইমাম শাফিন (র) তাকে শিখে পাঠালেন, "শ্রাতা! অন্যদের যেতাবে সান্ত্রনা দিয়ে থাক, সেতাবে নিজেকে সামলে নাও এবং যে কাজ অন্যের জন্য অন্যায় ও পাপ বলে মনে করো, নিজের জন্যও তা করো। জেনে রেখাে, বিপদ-আপদ চলে যাওয়ার সাথে সাথে সওয়াব লাভের সুযোগ ও আনন্দ হাতছাড়া হয়ে যায়। সুতরাং এ দুটি লাভ করার সুযোগ ঘটলে তাকে বোঝা মনে করা ঠিক নয়। অতএব, হে ভাই। এ সময় তুমি তোমার হিস্সা আদায় করে নাও। কেননা তুমি চাওয়ার আগেই তা তোমার কাছে এসেছে। বিপদে আল্লাহ্ তোমাকে ধৈর্য ধারণের সুযোগ দান করন। এ থৈর্যের মাধ্যমেই তুমি লাভ করতে সক্ষম হবে অশেষ কল্যাণ ও পুরকার।

এরপর ইমাম শান্ধিই (র) এই ছন্দ দুটি তার উদ্দেশ্যে শিখলেন : ১. যেহেতু সান্ধনা দেয়া দীনের একটি রীতি, তাই আমি তোমাকে সান্ধনা দিছি। সান্ধনা দিয়ে কি হবে জীবন ও আয়ুক্ষান্দের উপর কোন জ্বসা আমার নেই; ২. আজ যে মৃত্যুর জন্য সান্ধনার বাণী ভনার, কাল সে মৃত্যুর কোলে ঢলে পড়ে। হয়তো কেউ আগে আবার কেউ পরে।

ধকব্যক্তি তার কোন এক তাইয়ের পুত্র মারা গেলে তিনি তার শোক বাণীতে লেখেন, "সন্তান যত দিন বেঁচে থাকে শিতাকে ততদিন চিন্তিত থাকতে হয় এবং পরীক্ষার সমুখীন হতে হয়। সূতরাং যখন তাকে রহমত ও প্রাচুর্যের পথে প্রেরণ করেছো তখন আর তার জন্য চিন্তা, দায়িত্ব স্কুল্বরীক্ষার বস্তু হারানোর জন্য চিন্তা করো না এবং মনঃকুলু হয়ো না। আল্লাহ্ তাক্ষালা এজন্য তোমাকে যে রহমত ও ক্ষমা লাভের সুযোগ দিয়েছেন তা নষ্ট করো না।"

মূসা ইব্ন মাহদী (র) ইবরাহীম ইব্ন সালামাহ-এর পুত্র মারা যাওয়ায় তাকে সান্ত্বনা দিয়ে বলেন, যা বিপদ এবং পরীক্ষার বন্ধু তাতে খুশি থাকো এবং যা করুণা ও দয়া লাভের মাধ্যম তাতে চিন্তিত ও দুঃখ না করাই তোমার কর্তব্য।

অপর এক ব্যক্তি এক লোকের প্রতি সমবেদনা জানাতে গিয়ে বলেন, যে তোমার জন্য পরকালে স্ওয়াব লাভের উপকরণ হবে, সে তার চাইতে কি উভম নয় যে ওধু দুনিয়াতে আনন্দ সন্তুষ্টির উপকরণঃ

বর্ণিত আছে, হযরত আবদুল্লাহ্ ইব্ন উমর (রা) তাঁর এক ছেলের দাফন কাজ শেষ করে তাঁর কবরের কাছে হেসে দিশেন। লোকেরা জিজ্ঞেন করলো, কবরের কাছে গিরে আগনার হাসার কারণ কিঃ তিনি বলগেন, আমি শয়ডানকে লজ্জিত করার জন্য এ কাজ করছি।

হবরত ইব্ন জুরারজ (র) থেকে বর্ণিত। তিনি বলেছেল, যে ব্যক্তি বালা-মুসীবত এবং বিশদ-আপদের মুকাবিলা করে সওয়াব লাভে সক্ষর্ম হয় না তার জীবন চতুশ্দদ প্রাণীর ন্যায় গতিহীন। হুমায়দুল আরাজ্ঞ থেকে বর্ণিত, তিনি বলেন, আমি সাঈদ ইব্ন জুবায়র (রা)-কে তার ছেলের দিকে তাকিয়ে বলতে তনেছি—আমি তোমার মধ্যে একটি উত্তম বৈশিষ্ট্যের সন্ধান পেয়েছি। জিজেস করা হলো, তা কিঃ তিনি বলনে—ত্মি মায়া গেলে তা আমার জন্য সওয়াব লাভের মাধ্যম হবে।

হাসান বসরী (র) থেকে বর্ণিত। এক ব্যক্তির এক পুর সন্তান মারা গেলে সে অত্যন্ত ব্যথিত ও চিন্তিত মনে এনে তাঁর কাছে অভিযোগ ও আক্ষেপ প্রকাশ করলো। হাসান (র) বললেন: তোমার ছেলে কি মাঝে মাঝে তোমার নিকট থেকে অদৃশ্য হতো নাঃ সে বললো, সে আমার কাছে থাকার চেরে দ্রেই বেশি থাকতো। তিনি বললেন, তাহলে তুমি তাকে অদৃশ্য ও দ্রে থাকতে দাও। কেননা এরূপ অদৃশ্য থাকার তোমার জন্য সওরাব হবে। কিন্তু মাঝে মাঝে দৃশ্য হলে অর্থাৎ বেঁচে থাকলে তুমি এ সওরাব থেকে বঞ্চিত হতে। তাই এটা তোমার জন্য জীবিত থাকার চেরে উত্তম। তখন লোকটি বললো, হে আবু সাইদ। আমার ছেলের প্রতি আমার যে আবেগ ছিল, তা আগনি হালকা করে দিলেন।

মৃত্যুশব্যার শারিত পুত্রের কাছে গিরে হযরত উমর ইব্ন আবদুগ আযীয় (র) বশলেন: বে আমার প্রাণ প্রির পুত্র! আমি তোমাকে কি অবস্থার পাবোঃ সে বগলো, আমাকে হকের উপর প্রতিষ্ঠিত অবস্থার পাবেন। তিনি বললেন: হে আমার পুত্র! তুমি আমার নেকের পাক্সার অবস্থান করো তোমার নেকের পাক্সার আমার অবস্থানর চেরে তা আমার কাছে পছন্দনীর। সে বগগো, হে আমার আব্বাজান! আপনি যা পছন্দ করেন আমিও তা পছন্দ করি।

ইমাম শাফিস (র)-এর এক পুরুষ্ণারা গেলে তিনি বলেন :

وما الدهر الا هكذا فاصطبر له ﴿ رَبِّهِ مَالَ أَوْ فَرَأَقَ حَبِيبٍ •

"যুগের অবস্থা তো ধন-সম্পদের ক্ষতি অথবা বন্ধুর বিচ্ছেদ ছাড়া আর কিঃ তাই ধৈর্যধারণ ছাড়া আর কোন উপায় নেই এবং ধৈর্যধারণ করে যাবো।"

উরওরাহ্ আল-আফিলার এক পা অবল হয়ে গেলে হাঁটুর নিচ থেকে তা কেটে ফেলা হলো। তিনি বেহেড়ু একজন নামযাদা আলিম ছিলেন, তাই তার এ পা রক্ষার জন্য চেষ্টার কোন ক্রটি হলো না। কিছু কেউই তাঁর পা রক্ষা করতে পারলেন না। যেদিন তাঁর পা কাটা হলো সেদিনের পূর্বেকার রাতে তিনি ওয়ীফা যথারীতি আদার না করে ছাড়লেন না। তবে তিনি বলেছিলেন, আমি এ সফরে আমার প্রাপ্য অংশই পেলাম। আর নিফ্লোক্ত ছন্দের মাধ্যমে তিনি উপমা পেশ করলেন; لعمرى ما اهويت كفى لريبه × وُلا نُقَلتنى نحو فاحشة رجلى ولا قلانى سمعى ولا بصرى لها × ولا دلنى رايى عليها ولا عقلى واعلم انى لم تصبنى مصيبة × من الدهر الا اصابت فتى قبلى

- আমার জীবনকালের কসম, আমি আমার হাত কোন প্রকার সন্দেহজনক কাজের প্রতি সম্প্রসারণ করিনি এবং আমার পা কোন অশ্লীল কাজে আমাকে নিয়ে যায়নি।
- ২. আমার কান এবং চোৰও কোন প্রকার অশ্রীলতার প্রতি আমাকে ধাবিত করেনি, আমার বিবেক-বৃদ্ধি ও বিবেচনাশক্তিও আমাকে সেদিকে পরিচালিত করেনি।
- ৩. জেনে রাখ। কালের চক্রে আমার উপর ষে বিপদ এসেছে–তা কেবল আমার উপরই চাপেনি, বরং অতীতের যুবকরাও আমার পূর্বে আক্রান্ত হয়েছে।

তিনি আরও বলেছেন, হে আল্লাহ্! আপনি যদি আমাকে পরীক্ষায় ফেলে থাকেন তাহলে তা দূর করে দিন। যদি আপনি গ্রহণ করে থাকেন তাহলে চিরস্থায়ী করুন। আপনি একটি অঙ্গ নিয়েছেন এবং অনেকগুলো অঙ্গ অবশিষ্ট রেখেছেন এবং একটি পুত্র নিয়ে অনেকগুলো রেখেছেন।

ঐ রাতে ওয়ালীদের কাছে বনি আবস গোত্রের এক অন্ধ লোক আসলো। তিনি তার কাছে তার চোখের অবস্থা এরপ হওয়ার কারণ জিজ্ঞেস করলে সে বললো, একবার আমি ময়দানে রাত যাপন্ করছিলাম। আমার জানামতে আবস বংশে আমার চেয়ে ঐর্যার্থশালী আর কেউ ছিল না। সেরাতে প্রবল ঝড় হলো। একটি উট ও একটি ছেলে ছাড়া আমার আর কোন ধন-সম্পদ ও পরিবারের সদস্য অবশিষ্ট রইল না। ঐ উটটি ছিল চরম বেয়াড়া প্রকৃতির। অতঃপর একবার সে রেগে রওনা হলো। আমিও সেটাকে অনুসরণ করলাম। উটিট বর্খন ছেলেটির নিকট ঝেকে যান্দ্রিল তখন আমি তার চিবকার অনতে পেলাম এবং তার কাছে গিয়ে দেখলাম বে, আমার ছেলের মাখা ঐ উটিটর পেটে। ফলে সে মারা গোল। তারপরও আমি উটটিকে ধরার জন্য শিছু ছুটলাম, সে আমাকে তার পা দিয়ে লাখি মারলো এবং তা আমার চেহারায় লেগে যায়। আমি আহত হলাম এবং আমার চোখ নত্ত হয়ে গেল। এবার আমি এমন এক নিঃস্ব লোকে পরিণত হলাম বে, আমার না আছে পরিবার-পরিজ্ঞান বা ছেলে-সন্তান, আর না আছে সম্পদ বা উট। একথা তনে ওয়ালীদ বললেন, হে লোকেরা তোমরা একে নিয়ে উরওয়ার নিকট যাও, তাহলে সে বুঝারে যে, পৃথিবীতে তার চেরেও অধিক বিপদমন্ত লোক রয়েছে।

শ্বরণীয় যে, হম্বরত উসমান (রা) বিদ্রোহীদের ঘারা আহত হয়ে তাঁর দাঁড়ি বেয়ে রক্ত ব্যরহিল এবং তিনি বলছিলেন : لا اله الا انت سبحنك انى كنت من الظالمين ، اللهم انى استعين بك عليهم ، واستعينك على جميع امورى ، واسالك الصبر على ما ابتليتنى ،

"হে আল্লাহ্! তুমি ছাড়া অন্য কোন ইশাহ নেই। তোমার পবিত্রতা বর্ণনা করছি। আমি যালিমদের অন্তর্ভুক্ত। হে আল্লাহ্! আমি তোমার কাছে ওদের থেকে আত্মরক্ষার জন্য সাহায্য চাচ্ছি। সকল কাজে তোমার সাহায্য চাচ্ছি, এবং যে পরীক্ষায় আমাকে ফেলেছো সে ব্যাপারে তোমার কাছে ধৈর্য কামনা করছি।"

হ্যরত মাদায়িনী (র) বলেছেন : একবার আমি এমন এক গ্রাম্য সুন্দরী মহিলাকে দেখলাম যার ত্বক ও চেহারার সৌন্দর্যের ন্যায় অপর কোন মহিলাকে আর দেখিনি। অতঃপর আমি তাকে বল্লাম, আল্লাহুর কসম! এ সৌন্দর্য আপনার জন্য আনন্দ ও সৌভাগ্যের উপকরণ। সে বদলো, আপনার কথা আদৌ ঠিক নয়। আল্লাহ্র কসম! আমার মত হতভাগা, চিন্তিতা ও দুঃখিনী আর কেউ নেই। আমি আপনাকে ব্যাপারটি খুলে বলছি। আমার স্বামী ও তাঁর পক্ষের আমার দুই পুত্র ছিল। এক কুরবানীর ঈদের দিনে তাদের পিতা একটি বকরী যবেহ করলো। তারা দু'জন তখন খেলছিল। অতঃপর বড় ছেলেটি ছোট ছেলেকে বললো, আব্বা কিভাবে বকরীটি যবেহ করেছেন, তুমি কি তা দেখতে চাও? সে বললো, হাা। অতঃপর সে তাকে যবেহ করে দিল। যখন সে তার ভাই-এর রক্তের দিকে তাকাল তখন সে ভীতবিহ্বল হয়ে পাহাড়ের দিকে ছুটলো এবং তাকে বাঘে খেয়ে ফেললো। তারপর তার পিতা পুত্রের সন্ধানে বের হলে সেও পিপাসায় মারা গেল। এবার কালের ক্যাঘাত আমাকে নিতান্ত অসহায় ও একা ছেড়ে গেল। আমি ঐ মহিলাকে বললাম, এরপরও আপনি কিভাবে ধৈর্যধারণ করছেন? তখন মহিলা বললো, ধৈর্য যদি চিরকাল আমার সাথে থাকে আমিও তার সাথী হয়ে থাকবো কিন্ত এসব বিয়োগব্যথার ক্ষত আমার রয়েছে, যা আমি বন্ধ করে রাখি।

হবরত ইবন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ (সা)-কে বলতে ওনেছি, "আমার উন্মতের মধ্যে যার দৃটি সন্তান নাবালেগ মারা যাবে, সে জান্নাতে প্রবেশ করবে।"

হযরত আয়েশা (রা) বলদেন, ইয়া রাস্পুলাহ্ (সা)! আমার মাতাপিতা আপনার জন্য কুরবান হোন, যার একটি সন্তান নাবালেগ অবস্থায় মারা যাবে, তার কি হবে? নবী করীম (সা) বললেন: যার এক সন্তান নাবালেগ অবস্থায় মারা যাবে, সেও জানাতে যাবে বা জানাতে যাওয়ার সুযোগ পাবে। আমি বললাম, আপনার উন্মতের মধ্যে যার নাবালেগ সন্তান মারা যাবে না, তার কি হবে? তিনি বললেন, আমার উন্মতের জন্য অপেক্ষা কবর। আমার মত কেউই এত বেশি দুঃখ পায়নি।

হযরত আবৃ উবায়দা (রা) তাঁর পিতা থেকে বর্ণনা করেন। তিনি বলেছেন, রাস্পুলাহ (সা) বলেছেন: যার তিনটি সন্তান প্রাপ্তবয়ক্ষ হওরার পূর্বে তার সামনে মারা গেছে তারা তার জন্য জাহান্লামের আগুন থেকে প্রাচীর হয়ে দাঁড়াবে। একথা তনে আবৃদ দারদা (রা) বললেন, আমার দুটি সন্তান সাবালক হওয়ার আগে মারা গেছে। তিনি বললেন, দুই সন্তান মারা গেলেও তারা প্রাচীর হবে। প্রেষ্ঠতম কারী উবাই ইব্ন কাব (রা) বললেন, আমার এক সন্তান আমার সামনে মারা গেছে। নবী করীম (সা) বললেন, একজন মারা গেলেও সে প্রাচীর হয়ে দাঁড়াবে। তবে প্রথম থেকেই থৈর্যধারণ করতে হবে।

ওয়াকী (র) বর্ণনা করেন, ইবরাহীম আল-হারাবী-এর দশ বছরের একটি পুত্র ছিল। সে কুরআন মজীদ হিফ্য করেছিল এবং হাদীস ও ফিক্হ শাত্র সম্পর্কে গভীর জ্ঞান লাভ করেছিল। অতঃপর সে ছেলেটি মারা গেলে আমি তাকে সাস্ত্রনা দেয়ার জন্য গেলাম। ইবরাহীম বললেন : আমি আমার এ ছেলের মৃত্যু কামনা করছিলাম। আমি বললাম : হে আবৃ ইসহাক! তৃমি বিশ্ব বিখ্যাত আলিম (জ্ঞানী) হয়ে এমন কথা বলতে পারলে? এমন একটি ছেলের মৃত্যু কামনা করলে যে ছিল ভদ্র, হাফিয-ই কুরআন, ফিকহ্ ও হাদীস বিশেষজ্ঞ। তিনি বললেন, তোমার কথা ঠিক আছে। আমি একবার দেখলাম যেন কিয়ামত অনুষ্ঠিত হয়েছে। সেখানে বেশ কিছু সংখ্যক শিশু পানির মশক নিয়ে পান করানোর জন্য অপেক্ষা করছে। সেদিন ছিল অত্যধিক গরমের দিন। আবৃ ইসহাক বলেন, তারপর আমি তাদের একজনকে বললাম যে, এখান থেকে আমাকে পানি দাও। সে আমার দিকে চেয়ে বললো, তুমি তো আমার পিতা নও। আমি বল্লাম, তোমরা কারা? তারা বল্লো, আমরা মুসল্মান পিতামাতার সন্তান এবং নাবালেগ অবস্থায় মারা গিয়েছিলাম এবং পিতামাতাকে দুনিয়ায় ফেলে রেখে এসেছিলাম। আমরা এখন তাদেরকে অভার্থনা করার জন্য অপেক্ষা করছি। তারা আসলেই আমরা পানিধারা আপ্যায়ন করবো। ইবরাহীম বললেন, সেজন্য আমি আমার পুত্রের মৃত্যু কামনা করছিলাম।

ইমাম মুসলিম (র) আবৃ হাসসান (র) সূত্রে বর্ণনা করেন। তিনি বলেন, আমি আবৃ স্থরায়রা (রা)-কে বললাম, আপনি আমাদের এমন একটি হাদীস শোনান যা তনলে আমাদের মৃতদের সম্পর্কে প্রশান্তি লাভ হবে.। তিনি বললেন, হাাঁ। যে সমস্ত শিশু নাবালেগ অবস্থায় মারা গেছে তারা জানাতের দা'আমীস' (প্রজাপতি) হবে। যখন তারা তাদের পিতামাতাকে দেখতে পাবে তারা তখন পিতামাতার আঁচল বা কাপড় ধরে টানতে থাকবে এবং এভাবে জানাতে নিয়ে পৌছবে।

মালিক ইব্ন দীনার (র) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি জীবনে প্রথমদিকে খেলাধুলা এবং মদ্যপানে আসক্ত ছিলাম। আমি একটি দাসী কিনে তার সাথে রাত কাটাতাম। এ দাসীর গর্ডে একটি কন্যা সন্তান জন্মহণ করে। আমি ওকে অত্যন্ত ভালবাসতাম। সে চলাক্ষেরা করতে শিখলো। আমি যখন মদ্যপানের জন্য বসতাম,

ও এসে আমাকে টানাটানি করতো, ফলে আমার সামনে থেকে মদ পড়ে যেত। তার বন্ধস দুই বছর হলে সে মারা গেল এবং আমি অত্যন্ত শোকাভিভূত হলাম। ভারপর শাবান মানের মধ্যব্রাতে আমি মদ্যপান করে ঘুমিয়ে পড়লাম। ঘুমের মধ্যে স্বপ্নে দেৰলাম যেন কিয়ামত হয়ে গেছে এবং আমি আমার কবর থেকে বেরিয়ে পড়েছি। হঠাৎ দেৰভে শেলাম যে, আমাকে সাবাড় করার জন্য প্রকাণ্ড দু'টি অঞ্চণর আমাকে আক্রমণ করছে। আমি দৌড়াতে দাগলাম এবং সাগও আমার পিছে ধাওয়া করশো। আমি ষতই দৌড়াই, সাশও তত দ্রুতগতিতে আমাকে অনুসরণ করে। আমি অত্যন্ত ভীত হয়ে পেলাম। অতঃপর পথে এক দুর্বল প্রকৃতির বৃদ্ধ লোককে দেখলাম যার পোশাক-পরিচ্ছদ অত্যন্ত পরিষার-পরিচ্ছন। আমি তাকে বললাম, ওহে বৃদ্ধ লোক! আল্লাহ্র ওরাত্তে আমাকে এ অজগরের কবল থেকে রক্ষা করুন। আমাকে এ অজগর কামড়াতে ও ধাংস করতে চাচ্ছে। সে বলগো, হে বংস। আমি অতি বৃদ্ধ লোক। সাপটি আমার চেয়ে শক্তিশালী, তাই আমি ওর সাথে মোকাবিলা করতে পারবো না; বরং তুমি দৌড়াতে থাক হয়ত আল্লাহ তোমাকে রক্ষার একটা ব্যবস্থা করবেন। বর্ণনাকারী বলেন, তারপর আমি দৌঁড়াতে থাকলাম এবং সাপও আমার পিছু পিছু চললো। অবশেষে আমি এসে জাহান্নামের ঘারপ্রান্তে এসে উপস্থিত হলাম। আর জাহানাম তখন ক্রোবে উত্তেজিত ছিল। আমি এ জাহান্নামে প্রবেশ করার জন্য উদ্যত হলাম প্রমন সময় প্রক আহ্বানকারী বদলো, তুমি আমার অধিবাসী নও। তারপর আমি আবার দৌড়াতে নাগদাম আর ঐ অঞ্চারও আমার পদান্ধ অনুসরণ করগো। ভারপর আমি এক পাহাড়ের উপর কভগুলো অট্টালিকা দেখতে পেলাম যার দরজার পর্দা ৰুলছিল। হঠাৎ যেন কে বলে ওঠলো, এ বিপদয়ন্ত লোকটিকে তার শত্রু ধরে ফেলার আলে রক্ষা কর। এ কথা বলার সাথে সাথে দরজাতলো খুলে গেল এবং পর্দার কাপড় সত্ত্রে গেল। কভন্তলো শিশু বেরিয়ে আসলো যার মধ্যে আমার মেয়েটিও ছিল। ভাদের চেহারা ছিল চাঁদের সভ। আমাকে দেখে মেয়েটি একটি আলো নিয়ে নেমে আসলো এবং ডান হাত দিয়ে অজগরটিকে আঘাত করলো। অজগরটি তখন পাশিয়ে **শেল। তারপর দে আমার কোলে** বসে ৰললো, হে আমার পিতা।

ٱلَمْ يَأْنِ لِلَّذِيْنَ أَمَنُواْ أَنْ تَخْشَعَ قُلُوبُهُمْ لِذِكْرِ اللَّهِ وَمَا نَزَلَ مِنَ الْحَقِّ ،

"যারা কিরাস করে আরাহ্র সরণে এবং যে সভ্য অবতীর্ণ হয়েছে তাতে, তাদের হৃদর তক্তি-বিশনিত হবার সময় কি আসেনি?" আমি বশলাম, হে আমার কন্যা। তোমরা কি কুরআন মন্ত্রীদ জানা সে বশলো, আমরা তোমাদের চেয়ে ভাল জানি। আমি বশলাম, হে আমার কন্যা। তোমরা এবানে কি কর । সে বশলো, মুসলমান পরিবারের যে সকল সন্তান নাবালেগ অবস্থায় মারা গেছে, আমরা হলাম তারা। আমরা কিরামত পর্যন্ত এবানে অবস্থান করবো এবং তোমাদের জন্য অপেকা করতে

থাকবো। আমি বললাম, আমার কন্যা হে! যে মাপটি আমার পেছনে ধাওয়া করেছিল এবং আমাকে ধ্বংস করতে চেয়েছিল, ওটা কিঃ ওটা তোমার বলআমল যাকে তুমি সবল করে তুলেছো। ডাই ও তোমাকে ধ্বংস করতে চাছে। আমি বললাম, যে দুর্বল বৃদ্ধের সাথে আমার দেখা হয়েছিল সে কেঃ সে বললো, সে হলো তোমার নেক আমল, যাকে তুমি এমন দুর্বল করে ফেলছো যে, সে এখন আর বদ আমলের সাথে মুকাবিলা করার ক্ষমতা রাখছে না। সূত্রাং তুমি আল্লাহুর কাছে তাদের দলভুক্ত হয়ো না। তিনি বলেন, তারপর আমি জাগ্রত হলাম এবং এ মুহুর্তেই তওবা করলাম।

দেখুন, সাবাদক হওয়ার আগে সন্তান মারা গেলে কত সওয়াব এবং বরকত লাভ হয়। তবে এ বরকত কেবল তখনই পাওয়া যাবে যখন মাতাপিতা ধৈর্যধারণ করবে ও সওয়াব লাভের কামনা করবে এবং বলবে—

ٱلْحَمْدُ لِلَّهِ إِنَّا لِلَّهِ وَإِنَّا إِلَيْهِ وَاجِعُونَ .

"সকল প্রশংসা আরাহ্র, আমরা আরাহ্রই এবং নিচিততাবে আরাহ্র কাছেই ফিরে বাবা।" তাহলে আরাহ্ তা আলা তার কুরআনের নিম্নোক্ত আরাতে যে ওয়াদা করেছেন তা লাভ করতে সে সক্ষম হবে—আরাহ্ তা আলা বলৈছেন: "তারাই ধৈর্যশীল যারা তাদের উপর কোন বিপদ এলে বলে, আমরা ও আমাদের ধন-সম্পদ্ আল্লাহ্রই।" তাই তিনি যেরূপ ইচ্ছা আমাদের সাথে ব্যবহার করতে পারেন এবং আমরা নিচিততাবে তাঁরই কাছে ফিরে যাব। (সূরা বাকারা: ১৫৬) অর্থাৎ বাঁচা-মরা তাঁরই হাতে।

হ্যরত সাওবান (রা) বলেন, রাস্পুল্লাহ্ (সা) বলেছেন, দুটি কারণের যে কোন একটি কারণে বান্দার উপর বিপদ-আপদ আসে। হয়তো সে এমন কোন তনাহের কাজ করেছে যা আল্লাহ্ তা'আলা ঐ বিপদ না দিয়ে মাফ করবেন না অথবা তাকে এমন কোন মর্যাদা আল্লাহ্ দান করতে চান যেখানে পৌছা এ বিপদের মুকাবিলা না করে সম্ভব নয়।

সাইদ ইবন জ্বায়র (রা) বলেন, নবী করীম (সা) বলেছেন, আল্লাহ্ তা আলা এই উন্ধতকে বিপদের সময় বলার জন্য এমন বাণী শিখিয়েছেন যা পূর্বের অন্য কোন নবীকে প্রদান করেন নি। তা হলো—(الله الله وَالله وَال

হযরত উম্বে সালামা (রা) বর্ণনা করেন, রাস্লুস্থাহ (সা)-কে আমি বলতে জনেছি—যে ব্যক্তি বিপদে "ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন" বলে বলবে, হে আল্লাহ্! আমাকে এ বিপদের বিনিময়ে সওয়াব দান করুন এবং আমাকে এ থেকে ১৬—

উত্তম কিছু দান করুন। তাহলে আল্লাহ্ তাকে সওয়াব দান করবেন এবং যা হারিরেটে তার চেয়ে উত্তম কিছু প্রদান করবেন। উদ্বে সালামা (রা) বলেন, আমার স্বামী আমৃ সালামা মারা গেলে আমি এ দু'আ পাঠ করলাম এবং মনে মনে বললাম, আর্ সালামার চেয়ে ভাল লোকও কি আছে? অতঃপর আল্লাহ্ তা'আলা আব্ সালামার পরিবর্তে আমাকে রাস্লুল্লাহ্ (সা)-কে (স্বামী হিসেবে) দিলেন। (মুসলিম)

শা'বী (র) বলেন, হ্যরত গুরায়হ (র) বলেছেন, আমার উপর কোন প্রকারী বালা-মুসীবত আসলে আমি চারবার আল্লাহ্র প্রশংসা করি। অর্থাৎ আলহামদু লিল্লাই বলি।

প্রথমত তিনি আমাকে এর চেয়ে বড় বিপদ দিতে পারতেন কিন্তু তা করেন নি, তাই আমি তাঁর প্রতি কৃতজ্ঞতা স্বরূপ প্রশংসা করি। বিতীয়ত তিনি আমাকে এ বিপদে ধৈর্যধারণের সুযোগ দিয়েছেন সে জন্য কৃতজ্ঞতা জানাই। তৃতীয়ত সওয়াবের আশায় তাঁর প্রতি আত্মসমর্পণ করার এবং ইন্না দিল্লাহ্ পাঠ করার সুযোগ দিয়েছেন তাই আমি তাঁর প্রশংসা করি। চতুর্থত যেহেতু যিনি আমার বিপদকে বৈষয়িক ব্যাপারে সীমাবদ্ধ রেখেছেন এবং এর প্রভাব আমার দীনের উপর পড়েনি, তাই আমি তাঁর প্রশংসা করি। আল্লাহ্ তা আশা বলেছেন:

أُولَٰئِكَ عَلَيْهِمْ صَلَوْتٌ مِّنْ رَبِّهِمْ وَرَحْمَةٌ وَأُولُئِكَ هُمُ الْمُهْتَدُونَ .

"যারা বিপদে ধৈর্যধারণ করে, ইন্না লিন্নার্হ পড়ে, আল্লাহ্র কাছে আর্থ্যসমর্পণ করে তাদের জন্য তাদের প্রতিপালকের পক্ষ থেকে রয়েছে ক্ষমা ও তাঁর করুণা। আর এরাই হিদায়াতপ্রাপ্ত লোক।"

কারো মতে এখানে হিদায়াতপ্রাপ্ত হওয়ার মানে হলো জান্লাত লাভের পথ প্রশস্ত হওয়া।

হযরত সাঈদ ইবন মুসাইয়াব (র) বলেছেন, হযরত উমর (রা) বলেছেন, ধৈর্যের প্রতিদানে আল্লাহ্ যা দিয়েছেন অর্থাৎ প্রতিপালকের পক্ষ থেকে সালাত ও রহমত অত্যন্ত ইনসাফপূর্ণ দান এবং হিদায়াত লাভ হলো অতিরিঞ্চ প্রতিদান।

বিপদয়ন্ত ব্যক্তি যখন অসন্তুষ্ট হয় এবং ধাংস ও মৃত্যু কামনা করে অথবা গালে চড় মারে অথবা কাপড় ছিঁড়ে অথবা চুল ছিঁড়ে, ছেঁটে বা মৃড়িয়ে ফেলে, তখন তার প্রতি আল্লাহ্ তা'আলা অসন্তুষ্ট হন এবং তাকে আল্লাহ্ অভিশাপ দেন। সে পুরুষ হোক বা মহিলা, উভয়ই এ ব্যাপারে সমান। আরও বর্ণিত আছে যে, বিপদের সময় কেউ যদি তার রানে আঘাত করে, তবে তার সওয়াব কমে যায়। বর্ণিত আছে যে, কেউ যদি বিপদে পড়ে পরণের কাপড় ছিঁড়ে অথবা গাল চাপড়াতে থাকে অথবা জামার বুক ছিঁড়ে ফেলে অথবা মাথার চুল উপড়ে ফেলে, তবে সে যেন একজন তীরনাজ এবং তীরধনুক নিয়ে তার রবের সাথে যুদ্ধ করার জন্য প্রস্তুত হয়েছে। পূর্বেও বলা হয়েছে যে, আল্লাহ্ তা'আলা অশ্রু বিসর্জনের জন্য এবং অন্তরে মর্মাহত

হবার জন্য কাউকে আয়াব দিবেন না; বরং বিপদক্ষত ব্যক্তি তার মুখে যা বলবে, সে জন্য তাকে শান্তি দেয়া হবে। পূর্বেও বলা হয়েছে বে, মৃত ব্যক্তির জন্য বিলাপ ও চিংকার করে কান্নাকাটি করা হলে তাকে করের আয়াব দেওরা হয়। বেমন বিলাপকারিণী মহিলা বললো, হায়রে আমার লালন-পালনকারী, হায়রে আমার সাহায়্যকারী, ওহে আমার জামা-কাপড়দানকারী, তাহলে মৃত ব্যক্তির সাথে আফ্রোলম্পল ব্যবহার করা হয় এবং বলা হয় তুমি কি তার লালন-পালনকারীঃ তুমি কি তার সাহায়্যকারীঃ তুমি কি তার পোশাক-পরিচ্ছদ বাদানকারীঃ সুতরাং মৃত ব্যক্তির জন্য বিলাপ ও চিংকার করা হায়াম। কেননা কান্নাকাটি চিন্তা-তাবনাকে উষ্ক করে এবং ধৈর্যকে বিদূরিত করে। আর এটা আল্লাহ্র স্কুম ককাতরে মেনে নেয়ার পরিপত্তি কাজ এবং আল্লাহ্র অবাধ্যতার নামান্তর।

कारिनी

সালেহ আল-মুররী (র) বলেন, কোন এক জুমুজার রাতে আমি কবরস্থানে ছিলাম এবং সেখানে ঘুমিয়ে পড়লাম। হঠাৎ বল্লে দেখলাম বে, কৰব্ৰগুলো ফেটে গেছে এবং মৃত ব্যক্তিরা কবর থেকে উঠে বহু দলে বিভক্ত হয়ে গোল হয়ে বসে আছে। তাদের মধ্য হতে এক যুবককে নানাভাবে আয়াব দিতে দেখলাম। বর্ণনাকারী বলেন, তখন আমি ঐ যুবকের দিকে এগিয়ে গেলাম একং বললাম, এত কবরবাসীর মধ্যে ভোমার এভাবে শান্তি হওয়ার কারণ কি? সে কললো, হে সালেহ। আল্লাহর নামে কসম করে বলছি, আমি তোমাকে যে নির্দেশ দেব তা পৌছে দেবে এবং আমার এ আমানত আদায় করে আমার এ দুরবস্থার প্র<mark>তি কৃশা প্রদর্শন করবে। আরাহু হয়তো</mark> তোমার মাধ্যমে আমার মুক্তির একটা ব্যবস্থা করতে দেবেন। আমার মা এখনও জীবিত আছেন। আমি মারা গেলে তিনি বিলাপকারিণী ও শোকনাখা পরিবেশনকারিণী মহিলাদের সমবেত করে আমার জন্য বিলাপ ও শোকগাখা পরিবেশন তরু করলেন এবং প্রতিদিনই আমার জন্য বিলাগ চলছে। একারণে আমাকে আয়াব দেয়া হচ্ছে। ডান. বাম, সামনে, পিছে তথা সকল দিক থেকে আতন এসে আমার মারের অশোভনীয় উক্তির জন্য শান্তি দিচ্ছে এবং পোড়াচ্ছে। আল্লাহ্ ভার অমঙ্গল করুন। ভারপর সে কানায় ভেঙে পড়ল। আমিও ভার কানাম প্রভাবিত হয়ে কেঁদে দিলাম। তারপর সে বললো, হে সালেহ! আমার মা অমুক স্থানে, আমার অমুক বাড়িতে থাকেন, আল্লাহ্র কসম! তার কাছে গিয়ে বলুন—হে অমুকের মা, আপনি আপনার ছেলেকে আর আযাব দেবেন না। ওহে মাং তুমি আমাকে নালন-পালন করলে, বিপদ-আপদ থেকে হেফাযত করলে তারপর যখন মারা গেলাম আমাকে আয়াবে নিক্ষেপ করলে !

মাগো! যদি তৃমি আমার গলার শিক্ষ ও পায়ের বন্ধন, কেরেশতাদের দেয়া শান্তি ও ধমক তথা আমার দূরবস্থা দেখতে তাহলে অবশ্য আমার উপর দয়া করতে। তৃমি যে বিলাপ ও কান্নাকাটি করছো তা খেকে যদি বিরত না থাক তবে যেদিন আসমান কেটে গিয়ে পরশ্বর বিজিন্ন হয়ে বাবে এবং সমন্ত সৃষ্টিকুলের বিচার সংঘটিত হবে সে দিন আল্লাহ তোমার ও আমার মাঝে বিজেদ ঘটাবেন। সালেহ বলেন, তারপর আমি তয়ে বিহবল হয়ে ঘুম থেকে জাগলাম এবং ভোর পর্যন্ত সেখালে অত্যন্ত উদ্বিশ্ন হয়ে কটোলাম।

ভোর হলে আমি শহরে প্রবেশ করলাম এবং ঐ যুবকের মাতার ঘর খুঁজে বের করা ছিল আমার মনের প্রধানতম উদ্বেগ। অতঃগর আমি সে মহিলার ঘর খুঁজে বের করলাম। দরজার পৌছে দেখতে পেলাম যে, দরজার শোকের কালচিহ্ন শোভা পাছে এবং ঘরের ভেতর থেকে বিলাপ ও শোকগাধার করুল সুর ভেসে আসছিল। অতঃগর আমি দরজা ধারুলে এক বৃদ্ধা বেরিয়ে এসে বললো, ও মিয়া কাকে চাচ্ছো? আমি বললাম, যে যুবক মারা গেছে আমি তার মাকে চাচ্ছি। সে বললো, তার সাথে ভোমার কি দরকার? সে তো শোকসন্তও অবস্থার রয়েছে? আমি বললাম, তাকে আমার কাছে পাঠিয়ে দিন আমার সাথে তার ছেলের পক্ষ থেকে বার্তা রয়েছে। অতঃগর সে শিরে সংবাদ দিলে যুবক শোকটির মা উপস্থিত হলো। তার গরনে ছিল কাল রং-এর কাপড়-চোপড় এবং অধিক কানাকাটি ও মুখসন্তলে থাবড়ানোর কলে চেহারা কাল হয়ে গিয়েছিল। সে আমাকে বললো, তুমি কেং

আমি বদলাম, আমি সালেহ আদ-মুররী। গভরাতে আগনার ছেলের সাথে কবরছানে এই এই কথা হয়েছে। আমি তাকে আযাব পেতে দেখেছি সে জখন বদছিল "মাগো! তুমি আমাকে লাদন-পালন করেছো, বিপদ-আগদ থেকে রক্ষা করে বড় করে তুলেছো এবং মরার পর আমাকে আযাবে নিক্ষেপ করেছো! তুমি যা করছো তা থেকে যদি বিরত না খাক তবে কিরামতের দিন আল্লাহ্ তা আলা আমার ও তোমার মাঝে এর ফয়সালা করবেন।" একখা তনে সে সংজ্ঞাহারা হয়ে মাটিতে পড়ে গেল। কিছুক্ষণ পর সংজ্ঞা কিরে আসলে সে খুব রকম কান্নাকাটি করলো। তারপর সে বললো, পুর হে। তুমি আমার ওপর শ্রেষ্ঠত্ব লাভ করেছ, আমি তোমার অবস্থা জানলে এরপ কাল্ল করতাম না। আমি আল্লাহ্ তা আলার দরবারে একাল্ল থেকে ক্ষা প্রার্থনা ও তওবা করছি। তারপর সে ঘরে গিয়ে বিলাপকারিণীদের তাড়িয়ে দিলো, কালো কাপড় ছেড়ে দিয়ে অন্য কাপড় পরলো এবং অনেক টাকাভর্তি খলে বের করে এনে বললো, হে সালেহ। তুমি আমার ছেলের পক্ষ খেকে এসব টাকা দান করে দাও। সালেহ বলেন, তারপর আমি তার নিকট থেকে বিদায় নিয়ে চলে আসলাম এবং টাকাভগো তার ছেলের পক্ষ থেকে দান করে দিলাম।

পরের জুমুআর রাতে আমি আমার অন্তাস অনুধারী আবার ঐ কবরস্থানে শেলাম। অতঃপর ঘুমিয়ে পড়লে দেখতে পেলাম কবরবাসী তাদের কবর থেকে বেরিয়ে পড়েছে এবং তাদের প্রচলিত ব্রীতি অনুযায়ী তারা বসে পড়েছে। তাদের ওপর এক প্রকার পর্দা এসে তাদেরকে ঢেকে কেলা। হঠাৎ দেখতে পেলাম যে, সেই যুবক হাসতে হাসতে এসে সারিতে দাঁড়িয়ে। সে আমাকে দেখে আমার নিকট আসলো

এবং বললো, হে সালেহ! আল্লাহ্ ভোমাকে ফার্মর্থ ও উত্তম প্রতিদান প্রদান করুল। আল্লাহ্ আমার আযাব,ত্রাস করে দিয়েছেল। আর এটা হয়েছে আমার মা যা করছিলেল তা পরিত্যাগ করার ফলে। আর আমার পক্ষ থেকে বা দান করেছেল তা আমি পেয়েছি। সালেহ বলেন; আমি বললাম এ আচ্ছাদনকারী বন্ধু কিঃ সে বললো, এ হলো সেসব উপহার যা জীবিত ব্যক্তিগণ মৃতদের জন্য প্রেরণ করেন। বেমন দান-সাদকা, কুরআন তিলাওয়াত এবং দু'আ। আর এসব উপহার প্রতি জুমুআর রাতে এসে পৌছে এবং বলা হয়, এটা অমুকের পক্ষ থেকে তোমার প্রতি উপহার। আমার মায়ের কাছে গিয়ে আমার সালাম জানাবে এবং বলবে, আল্লাহ্ ডাকে উত্তম বদলা দান করুল। সে যা দান করেছে তা আমি পেয়েছি আর আপনি অতি সত্ত্ব আমার কাছে আসছেন। অতএব প্রস্তুত থাকুন।

সালেহ বলেন, তারপর আমি সন্ধাণ হয়ে গেলাম এবং করেকদিন পর ঐ যুবকের মাতার ঘরের দরজায় গিরে দেখলাম একটি বাক্স দরজার রাখা আছে। আমি বললাম, এটা কার বাবাং উপস্থিত লোকজন বললো, যুবকটির মারের। আমি তার জানাযার নামাযে অংশগ্রহণ করলাম এবং ঐ কবরস্থানে নিয়ে তার সম্ভানের পাশে দাফন করলাম। তারপর তাদের উভরের জন্য আমি দুব্দা করলাম এবং বিদার নিলাম।

আল্লাহ্ আমাদেরকে মুসলমান অবস্থায় মৃত্যুবরণ করার তৌকিক দিন, নেককার লোকদের দলভুক্ত করুন এবং জাহান্লাম থেকে রক্ষা করুন। নিশ্চর তিনি মহান ও শ্রেষ্ঠতম দাতা।

৫০. সীমালংঘন করা

আল্লাহ্ তা আলা বলেন :

انْمَا السَّبِيْلُ عَلَى الَّذِيْنَ يَظْلِمُونَ النَّاسَ وَيَبْغُونَ فِي الْأَرْضِ بِغَيْرِ الْحُقِّ أُولُئِكَ لَهُمْ عَذَابُ الِيْمُ .

"কেবল তাদের বিরুক্তেই ব্যবস্থা গ্রহণ করা হবে যারা মানুষের ওপর অত্যাচার করে এবং পৃথিবীতে অহেভুক বিদ্রোহাচরণ করে বেড়ার, এদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শান্তি।" (সূরা শূরা : ৪২)

নবী করীম (সা) বলেছেন:

َ اِنَّ اللَّهَ اَوْهِي الِّيِّ اَنْ تَوَاضَعُواْ حَتَّى لاَ يَبْغَى اَحَدُّ عَلَى اَحَدٍ وَلاَ يَفْخَرُ اَحَدُ عَلَى اَحَدِ

"আল্লাহ্ তা'আলা আমার নিকট এই মর্মে ওইী প্রেরণ করেছেন যে, তোমরা বিনয় ও নম্রতা অবলয়ন করবে বাতে কেউ কারো ওপর যুলুম বা সীমালংঘন করতে না পারে এবং কেউ কারো ওপর পর্ব করতে সা পারে।" (মুসলিম)

অপর এক হাদীসে বর্ণিত আছে, যদি এক পাহাড় অপর পাহাড়ের ওপর সীমালংঘন করে অর্থাৎ চড়াও হয় তাহলে চড়াওকারীকে আল্লাহ্ তা'আলা চর্ণ-বিচূর্ণ করে দেবেন।"

নবী করীম (সা) আরও বলেছেন: বুলুম বা সীমালংঘন করা এবং আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করার মত এমন কোন পাপাচার নেই যার জন্য পরকালে শান্তি সত্ত্বেও দুনিয়াতেও শান্তি পেতে হয়। (ইবৃন মাজাহ, তিরমিয়ী)

কারন যখন তার কণ্ডম (গোত্র)-এর উপর যুলুম করলো তখন আল্লাহ্ তা'আলা তাকে ধ্বসিয়ে দিলেন। কাশামে পাকে এ সম্পর্কে অবহিত করতে গিয়ে আল্লাহ্ তা'আলা বলেছেন:

إِنَّ قَارُوْنَ كَانَ مِنْ قَوْمِ مُوسَى فَبَغْى عَلَيْهِمْ إِلَى قَوْلِم فَخَسَفْنَ بِهِ وَبِدَارِهِ الْأَرْضَ ،

"কারন ছিল মৃসার সম্প্রদায়ভূক। কিছু সে তাদের প্রতি যুলুম করেছিল। আমি তাকে ধন-ভাতার দান করেছিলাম যার চাবিওলো বহন করা একদল বলবান লোকের পক্ষেও কষ্টসাধ্য ছিল। তার সম্প্রদার তাকে বলেছিল, দম্ভ করো না, আল্লাহ্ দান্তিকদের শহর করেন না। আপ্রাহ্ যা তোমাকে দিয়েছেন তা দিয়ে পরকালের কল্যাণ অনুসদান করো। ইহকালে তোমার অংশকে তুমি উপক্ষো করো না; তুমি সদাশয় হও যেমন আপ্রাহ্ তোমার প্রতি সদাশয় এবং পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করতে চেয়ো না, আপ্রাহ্ অবশাই বিপর্যয় সৃষ্টিকারীকে ভালবাসেন না। সে বললো, এ সম্পদ আমি আমার জ্ঞানবলে পেয়েছি। সে কি জানতো না আপ্রাহ্ তার পূর্বে বহু মানব গোষ্ঠীকে ধ্বংস করেছেন, যারা তার চেয়েও শক্তিতে ছিল প্রবদ, সম্পদে ছিল প্রাচ্র্যশালীঃ অপরাধীদের ওদের অপরাধ সম্পর্কে প্রশ্ন করা হবে নাঃ কার্ক্রন তার সম্প্রদারের সম্মুথে জাঁক-জ্লমকসহকারে উপস্থিত হয়েছিল। যারা পার্থিব জীবন কামনা করতো তারা বললো, আহা কার্ক্রনকে যা দেয়া হয়েছে সেরূপ যদি আমরা পেতাম। প্রকৃতই সে মহাভাগ্যবান। এবং যাদের জ্ঞান দেয়া হয়েছে তারা বললো, ধিক তোমাদের ! যারা সমান আনে ও সংকাজ করে তাদের জন্য আল্রাহ্র পুরকারই শেষ এবং ধ্র্যশীল ব্যতীত এ কেউ পাবে না। অতঃপর আমি কাব্ধনকে এবং তার প্রাসাদকে ভূগর্ভস্থ করলাম।" (সূরা কাসাস: ৭৬-৮১)

ইবন ছাওয়ী (র) বলেন, এ আয়াতসমূহে কারনের যুদ্দ ও সীমালংঘন সম্পর্কে কয়েকটি বন্ধব্য রয়েছে। যথা : ১. ইবন আব্বাস (রা) বলেন, কারন এক বদকার মহিলা দ্বারা মূসা (আ)-এর বিরুদ্ধে অপবাদ দেয়ার ষড়যন্ত্র করেছিল যা ঐ মহিলা নিজেই স্বীকার করেছিল । এটা ছিল তার সীমলংঘন; ২. দাহহাক (র) বলেছেন : কারন মহান আল্লাহ্কে অস্বীকার করে সীমালংঘন করেছিল; ৩. কাতাদা (রা) বলেছেন, সে সীমালংঘন করে কৃষ্ণরী করেছিল; ৪. আতা খুরাসানী (র) বলেছেন : সে জামা-কাপড় পায়ের গোড়ালি পর্যস্ত ঝুলিয়ে পরে সীমালংঘন করেছিল; ৫. মাওয়াদী (র) বলেছেন যে, সে ফিরআউনের চাকরি করতো তাই সে বনী ইসরাসলের ওপর অত্যাচার করে সীমালংঘন করেছিল।

কার্রন যখন মহিলাকে দিয়ে মৃসা (আ)-এর ওপর অপবাদ দেয়ার ষড়যন্ত্র করলো এবং মহিলাকে অপবাদ দিতে নির্দেশ দিল, তখন মৃসা (আ) রাগান্তিত হয়ে তার ওপর অভিশাপ দিলেন। তখন আল্লাহ্ তা'আলা ওহীর মাধ্যমে মৃসা (আ)-কে জানিয়ে দিলেন য়ে, আমি মাটিকে তোমার হুকুম মানার নির্দেশ দিয়েছি। তুমি এখন মাটিকে যা নির্দেশ দেবে সে তাই পালন করবে। তারপর মৃসা (আ) যমীনকে বললেন, হে যমীন! তুমি ওকে ধর। যমীন তাকে ধরশো। এমন কি তার খাট-পালক্ব ধসিয়ে দিল। কার্রন তা দেখে মৃসা (আ)-এর কাছে দু'আ প্রার্থনা করলো। মৃসা (আ) বললেন, হে যমীন! তাকে পাকড়াও কর। যমীন তার দু'পা ধসিয়ে দিল। তারপর মৃসা বলতে থাকলেন, "তাকে গাস করে ফেল"। তাকে গ্রাস করে ফেল যে পর্যন্ত না সে তলিয়ে অদৃশ্য হয়ে যায়। অতঃপর আল্লাহ্ তা'আলা মৃসা (আ)-এর নিকট ওহী পাঠিয়ে বললেন: হে মৃসা! আমার মাহাজ্য ও ক্ষমতার কসম, সে যদি আমার কাছে ফরিয়াদ করতো, তাহলে আমি তার ফরিয়াদ তনতাম।

হ্যরত ইয়ন আব্বাস (রা) বলেন, যমীন তাকে সর্ব নিমুন্তরে তলিরে নির্দাণ সামুরা ইবন জুনদূব (রা) বলেন, সে প্রত্যেক দিন তার উচ্চতার সমপরিমাণ জারগা তলিরে বায় । মুকাতিল (র) বলেহেন, কারুন ধ্বংস হয়ে যাওয়ার পর বনী ইসরাউল্লেশ বলতে তরু করলো যে, মুসা (আ) তার মালামাল ও বাড়িম্বর হত্তপত করার জন্য তাকে ধ্বংস করেছেন । তাই আরাহ্ তা আলা তার ধন-সম্পদ এবং ম্বরাড়ি তিনদিন পর তলিয়ে দিলেন । তার পর্যে এমন কোন দল ছিল না যে আরাহ্র শান্তির বিরুদ্ধে তাকে সাহায্য করতে পারে এবং সে নিজেও (আরাহ্র পক্ষ থেকে অবতীর্ণ আযাবের) বিরুদ্ধে আত্মরক্ষার্র সক্ষম ছিল না । (স্রা কাসাস: ৮১)

হে আল্লাই ! তোমার মারিকাতের নূর্যারা আমাদেরকে পাপাচারের অন্ধকার হতে দূরে রাখ। যাদের তুমি কবৃদ করেছো আমাদেরকে তাদের মধ্যে শামিশ কর। তুমি ছাড়া অন্য সবকিছু খেকে আমাদের কিরে থাকার তওফীক দাও। তুমি আমাদের তথা সমস্ত্র মুসলিম মিল্লাতের পাপরাশি কমা করে দাও। আমীন।

৫১. पूर्वन, मान-मानी, बी धवर गण्य थिंक कर्छाद एउग्रा

আল্লাহ্ তা'আলা তাদের প্রতি সদয় হওয়ার জন্য আদেশ দিতে গিয়ে বলেন :

وَاعْبُدُوا اللَّهُ وَلاَ تُشْرِكُوا بِهِ شَيْنًا وَبِالْوَالِدَيْنِ احْسَانًا وَبِدِيْ الْقُرْبَى وَالْجَارِ الْجُنْبِ الْقُرْبَى وَالْجَارِ الْجُنْبِ وَالْعُارِ فِي الْقُرْبَى وَالْجَارِ الْجُنْبِ وَالصَّاحَتِ بِالْجَنْبِ وَابْنِ السَّبِيلِ وَمَا مَلَكَتْ أَيْمَانُكُمْ إِنَّ اللَّهُ لَا يُحْبُرُ مَنْ كَانَ مُخْتَالاً فَخُورًا . لاَيُحبُ مَنْ كَانَ مُخْتَالاً فَخُورًا .

"তোমরা আল্লাহ্র ইবাদত করবে ও কোন কিছু তাঁর অংশীদার করবে না, এবং পিতা-মাতা, আত্মীয়-সন্ধন, পিতৃহীন, অভাব্যস্ত, নিকট-প্রতিবেশী, সন্ধী-সাধী, পথচারী এবং তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীদের প্রতি সন্থাবহার করবে। নিকাই আল্লাহ্ অহংকারী ও দাঞ্চিককে ভাশবাসেন না।" (সূরা নিসা: ৩৬)

হযারত ওরাহিদী (র) আল্লাহ্ তা আলার বাদী "তোমরা আল্লাহ্র ইবাদত করবে এবং কোন কিছুকে তাঁর অংশীদার করবে না"-এর ব্যাখ্যার বলেন, আহমদ ইব্ন মুহামদ ইব্ন ইবরাহীম মেহেরজানী সনদ উল্লেখপূর্বক হযারত মু'আব ইব্ন জাবাল (রা) থেকে বর্ণনা করেন। তিনি বলেছেন, আমি একবার নবী করীম (সা)-এর সাথে একই গাধার পিঠে সওয়ার হয়েছিলাম। নবী করীম (সা) কললেন, হে মু'আয়। আমি বললাম, ইয়া রাস্লাল্লাহ্ (সা)। আমি উপস্থিত আছি। নবী করীম (সা) বললেন, তৃমি কি জান যে, বালার ওপর আল্লাহ্র কি হক এবং আল্লাহ্র ওপর বালার কি হক। আমি বললাম, আল্লাহ্ এবং তাঁর রাস্লই তাল জানেন। তিনি বললেন, বালার ওপর আল্লাহ্র হক হলো—বালারা তাঁর ইবাদত করবে এবং তাঁর সাথে কাউকে শরীক করবে না। আর আল্লাহ্র ওপর বালার হক হলো— যে তাঁর সাথে কাউকে শরীক করবে না, তাকে আয়াব দেবেন না। (বুধারী, মুসলিম)

হয়রত আবদুয়াই ইবন মাসউদ (রা) থেকে বর্ণিত আছে। তিনি বলেন: একবার এক বেদুঈন নবী করীম (সা)-এর কাছে এসে বললো, হে আয়াহর নবী! আমাকে কিছু উপদেশ দিন। তিনি বললেন: "আয়াহর সাথে কাউকে শরীক করবে না যদিও তোমাকে কেটে ফেলা হর অথবা জ্বালিয়ে দেয়া হয়। তুমি বর্ণাসময় নামায আদায় ছাড়বে না। কেননা এটা করা আয়াহর জন্য তোমার কর্তব্য এবং মাদকদ্রব্য পান করবে না। কেননা এটা সকল পাপাচারের চাবি।"

্তাবারানী, আহমদ, ইবন **মাজাহ ও** বায়হাকী)।

"পিতামাতার সাথে সন্তাবহার করবে অর্থাৎ বিনয়ের সঙ্গে তাদের সাথে আচরণ করবে, তাদের প্রশ্নের উত্তরে কঠোর তাবা প্রয়োগ করা যাবে না, তাদের প্রতি কটু দৃষ্টিতে তাকানো বাবে না, কথা বলার সময় উচ্চস্বরে কথা না বলা, বরং তাদের সামনে এমন ভূমিকা পালন করতে হবে যেমন দাস-দাসী তার মালিকের সাথে করে থাকে। আত্মীয়-ইঅনের সাথে সুসালক বলার রাখতে হবে এবং তাদের প্রতি হাল্যতাপূর্ণ ব্যবহার করতে হবে। ইয়াতীমের সাথে নম্র ব্যবহার করতে হবে। তাদেরকে কাছে টেনে নিতে হবে এবং মার্থার হাত বুলাতে হবে। অভাবশ্রতকে উদার হস্তে দান করতে হবে এবং ভাল ব্যবহারের মাধ্যমে বিদায় জানাতে হবে। আত্মীয়-স্বজ্ঞনের তিন প্রকার অধিকার রয়েছে—আত্মীয়তার অধিকার, প্রতিবেশী হিসেবে অধিকার এবং মুসলমান হিসেবে অধিকার। প্রতিবেশী অর্থাৎ বার সাথে আত্মীয়তার সম্পর্ক নেই, অধচ পাশাপাশি বাস করে তাদের প্রতি কর্তব্য অপরিসীম। হবরত আয়েশা (রা) বর্ণনা করেন, রাসূদ্যুত্মাহ (সা) বলেছেন:

مَا زَالَ جِبْرِيْلُ يُوْصِيْنِي بِالْجَارِ حَتِّي ظَنَنْتُ أَنَّهُ سَيُورِ ثَهُ .

"হ্যরত জিবরাইণ (আ) সূরসময় আমাকে প্রতিবেশীর সাথে সন্থ্যবহার করার জন্য তাণিদ করতেন। এমনকি আমার ধারণা হচ্ছিদ যে, বোধহয় প্রতিবেশীকে প্রতিবেশীর উম্বরাধিকারী বানিয়ে দেয়া হবে।" (আবৃ দাউদ)

হযরত আনাস ইবন মালিক (র) বর্ণনা করেন, রাস্লুলাহ (সা) বলেছেন :
কিয়ামতের দিন এক প্রতিবেশী অপর প্রতিবেশীকে ছড়িয়ে ধরে বলবে, হে আমার
প্রভা আমার এ ভাইকে তুমি প্রাচুর্য দিয়েছিলে এবং সে ছিল আমার প্রতিবেশী, আমি
ক্ষুধার্ত রাত কাটাভাম আর সে পেটপুরে খেয়ে সুখনিদ্রা যেতো, আমাদেরকে দেখিয়ে
দেখিয়ে পানাহার করতো। তুমি তাকে বে পরিমাণে প্রাচুর্য দিয়েছো সে পরিমাণে সে
আমাকে বঞ্চিত করেছে।

ইবন আব্বাস (রা) ও মুজাহিদ (র) বলেছেন, সফর সঙ্গীর দু'টি অধিকার রয়েছে। প্রথমত প্রতিবেশী হিসেবে অধিকার, দিতীয়ত সাধী হিসেবে তার অধিকার। পথিকগণ হলো মেহমান, সে যেখানে যেতে চার সেখানে না যাওয়া পর্যন্ত তার মেহমানদারী করতে হবে। দাস-দাসীদের ভাল খাওয়া-দাওয়ার ব্যবস্থা করতে হবে এবং কোন প্রকার ভূল-ক্রটি করলে ক্ষমা করে দিতে হবে। "আল্লাহ্ অহংকার ও গর্বকারীকে ভালবাসেন না"—এর ব্যাখ্যায় ইবন আব্বাস (রা) বলেন, (১৯৯০) 'মুখতাল' ঐ লোককে বলে যে নিজকে বড় মনে করে কিছু আল্লাহ্র হক আদায় করে না এবং গর্বকারী ঐ ব্যক্তিকে বলে, যে আল্লাহ্র বাদ্যাদের ওপর নিজেকে বড় বলে মনে করে এবং নিজকে গৌরবানিত মনে করে। কেননা আল্লাহ্ তাকে নিয়ামত দিয়েছেন।

হ্যরত আবৃ হ্রায়রা (রা) বর্ণনা করেন. রাস্বুল্লাহ্ (সা) বলেছেন : তোমাদের পূর্বেকার লোকদের মধ্যে এক যুবক ছিল যে মূল্যবান পোশাক-পরিচ্ছদ পরে গর্ববোধ করতো এবং অহংকারের সাথে চলাকেরা করুছো। হঠাৎ যমীন তাকে শিলে কেবলো। সে কিয়ামত পর্যন্ত নিচের দিকে যেতে থাকরে ন

"হ্যরত উসামা (রা) বর্ণনা করেন, আমি ইব্ন উমর (রা)-কে বলতে তনেছি যে, তিনি রাস্লুল্লাহ্ (সা)-কে বলতে তনেছেন: যে ব্যক্তি অহংকার করে কাপড় মাটিতে ঝুলিয়ে চলবে, আল্লাহ্ তা আলা কিয়ামতের দিন তার প্রতি দৃষ্টিপাত করবেন না।" ওয়াহেদী এরপ উল্লেখ করেছেন। (বুখারী, মুসলিম, আবু দাউদ ও নাসাই)

হাদীসে বর্ণিত আছে— তদ্র আচরণকারিণী মহিলা উত্তম নারী এবং নাক সিঁটকানো নারী সর্বাপেক্ষা খারাপ নারী। অভদ্র আচরণকারিণী জান্নাতে প্রবেশ করবে না। (আহমদ, আরু দাউদ)

হ্যরত আবু মাসউদ (রা) বলেন: আমি আমার এক ক্রীভদাসকে চাবুক দিয়ে প্রহার করছিলাম, এমন সময় আমি আমার পেছন থেকে বলতে ওন্দাম, হে আবু মাসউদ! জেনে রাখ, তুমি তোমার ক্রীভদাসের ওপর যত শক্তিশালী, আল্লাহ্ব তোমার ওপর তার চেয়ে অধিক শক্তিশালী। আবু মাসউদ বলেন, আমি বললাম, ইয়া রাসুলাল্লাহ্ব (সা)। আমি আর কোন দাস-দাসীকে কখনও প্রহার করবো না।

অপর এক রিওয়ায়েতে আছে, ডাক তনে রাস্পুরাই (সা)-এর ভয়ে আমার হাত থেকে চাবুকটি পড়ে গেল অপর এক বর্ণনায় আছে, তখন আমি বললাম, আমি তাকে আল্লাহর ওয়ান্তে আবাদ (মৃক্ত) করে দিলাম। রাস্পুরাই (সা) বললেন, যদি তুমি তা না করতে তবে কিয়ামতের দিন আহান্নাম ডোমাকে থাস করতো। (মুসলিম)

মুসলিম শরীফে আছে, ইব্ন উমর (রা) বর্ণনা করেন, রাস্লুক্সাহ্ (সা) বলেছেন, যে ব্যক্তি তার ক্রীতদাসকে প্রহার করবে অথবা চড় মারবে, তার বিনিময় তাকে ঐ গোলাম মুক্ত করে দিতে হবে।

হাকীম ইবৃন হিষাম বর্ণিত হাদীসে আছে—রাস্লুপ্নাহ্ (সা) বলেছেন :

اِنَّ اللَّهُ يُعَذِّبُ الَّذِينَ يُعَذِّبُ النَّاسَ فِي الدُّنْيَا .

"যারা দুনিরাতে মানুষকে শান্তি দেবে, কিয়ামতের দিন আল্লাহ্ তা আলা তাদের শান্তি দেবেন।"

হাদীস শরীকে আছে—যে ব্যক্তি যুলুম করে কাউকে চাবুক মারবে কিয়ামতের দিন ভার প্রতিশোধ নেয়া হবে। একবার রাস্লুল্লাহ্ (সা)-কে জিজেস করা হলো, আমরা একজন খাদেম (পরিচারক)-কে কতবার ক্ষমা করবোঃ তিনি বললেন : প্রভিদিন সম্ভরবার। (ভিরমিষী)

একবার নবী করীম (সা) এক খাদেমকে ডাকলেন। নবী করীম (সা)-এর হাতে তখন একটি মিসওয়াক ছিল। দেরি করলে নবী করীম (সা) বললেন, যদি প্রভিশোধের ভয় না থাকভো তাহলে আমি তোমাকে এ মিসওয়াকদারা প্রহার করতাম।

(আহমদ, তাবারানী)

হযরত আবৃ হুরায়রা (য়া)-এর একটি কৃষ্ণ বর্দের দাসী ছিল। তিনি একদিন তার ওপর চাবুক তুলে বললেন: যদি প্রতিলোধের ভর না ধাকতো তবে তোকে মেরে বেহুঁশ করে ফেলতাম। যে তোর উপবৃক্ত মূল্য দেবে আমি তোকে তার কাছে বিক্রি করে দেবো। যা আমি তোকে আল্লাহ্র জন্য মুক্ত করে দিলাম।

এক মহিলা নবী করীম (সা)-এর কাছে এসে আর্য করলো, ইরা রাস্পান্থাহ (সা)! আমি আমার দাসীকে ব্যক্তিচারিশী বলে গালি দিয়েছি। তিনি বললেন, তুমি কি তাকে এমন কিছু করতে দেখেছোঃ মহিলা বললো, না। তিনি বললেন, ঐ দাসী তোমাকে কিয়ামতের দিন বলী করবে। তারপর ঐ মহিলা ফিরে গিয়ে ঐ দাসীটির হাতে একটি চাবুক তুলে দিয়ে বললো, আমাকে কলাঘাত কর। দাসী তা করতে অখীকৃতি জানালে মহিলা তাকে আ্যাদ করে দিলো। তারপর ঐ মহিলা নবী করীম (সা)-এর কাছে এসে তাকে মুক্ত করে দেয়ার কথা জানালে তিনি বললেন: হয়তো মুক্ত করার বিনিময়ে তার প্রতি আরোশিত অপবাদের বিনিময় হতে পারে।

বৃখারী ও মৃসলিম শরীকে আছে, রাস্লুক্লাত্ (সা) বলেছেন : যে ব্যক্তি তার নির্দোষ দাসীকে ব্যক্তিচারের অপবাদ দেবে, কিয়ামতের দিন এজন্য তাকে (মালিককে) কশাঘাত করা হবে। হাদীসে আছে :

لِلْمَمْلُونَ لِطَعَامُهُ وَكُسِونَهُ وَلاَ يُكَلِّفُ مَا لاَ يَطِيقُ .

"দাস-দাসীকে খাদ্য এবং শোশাক-পরিচ্ছদ দিতে হবে এবং তার শক্তি ও সামর্থ্যের অভিরিক্ত কোন কাঞ্চ করতে বাধ্য করা বাবে না।"

নবী করীম (সা) ইন্তিকালের পূর্বে সাহাবীদের উপদেশ দিয়ে বলেছেন : নামায এবং দাস-দাসীদের ব্যাপারে ডোমরা আল্লাহ্কে ভর করবে। ভোমরা যা খাও দাস-দাসীদের তা খাওয়াবে, তোমরা যা পর তাদের তা পরাবে এবং তাদের শক্তি-সামর্থ্যের বাইরে কোন কাজ করতে বাধ্য করবে না। যখন তাদের দিয়ে কোন কাজ করাবে তাদেরকে সাহায্য করবে এবং আল্লাহ্র বান্দাদের শান্তি দিও না। মনে রেখ, আল্লাহ্ তা'আলা তাদেরকে তোমাদের অধীন করে দিয়েছেন। তিনি ইচ্ছা করলে তাদেরকে তোমাদের মালিক করে দিতে পারতেন।

হ্যরত সালমান ফারসী (রা) ববন মাদারেনের আমীর ছিলেন তখন একদল লোক তাঁর কাছে গিরে দেখতে পেল যে, তিনি তাঁর পরিবারের জন্য আটা পিযছেন। তারা তখন বললেন, আপনি আপনার দাসীকে এ কাজে লাগাতে পারেন নাঃ তিনি বললেন, আমি ডাকে একটি কাজে পাঠিয়েছি তাই আমি চাইনি যে, তাকে দিয়ে এটাও করাই।

অপর এক বৃষর্গ বলেছেন: অপরাধ করামাত্রই দাস-দাসীকে প্রহার করো না, বরং তা সংরক্ষণ করে রাখ। অতঃপর যখন সে আল্লাহ্র কোন নাফরমানী করবে, তখন তাকে পাকড়াও করো এবং আল্লাহ্র হুকুম অমান্যের জন্য শাস্তি দাও এবং তোমার যে অপরাধ করেছে, তারও উল্লেখ করো অর্থাৎ বল যে, তুমি তো সেদিনও এ কাজ করেছিলে কিন্তু তোমাকে কিছুই বলিনি।

পরিচেম্বদ

দাস-দাসী ও চাকর-চাকরাণীকে তাদের সন্তান থেকে বিচ্ছিন্ন করা জঘন্যতম অপরাধ। অনুরূপভাবে এক ভাইকে অন্য ভাই থেকে বিচ্ছিন্ন করাও অপরাধ। এ প্রসঙ্গে রাসূনুল্লাহ্ (সা) বলেছেন:

"যে ব্যক্তি মাতাকে তার সম্ভান হতে পৃথক করে দেবে, কিয়ামতের দিন আল্লাহ্ও তাকে তার প্রিয়ন্ডন থেকে পৃথক করে দেবেন।" (তিরমিয়ী)

হযরত আলী (রা) বলেন, রাস্পুলাহ (সা) আমাকে দুটি ত্রনিতদাস দান করেছিলেন যারা পরস্পর ভাই হতো, আমি তাদের একজনকে বিক্রি করে দিয়েছিলাম। তখন রাস্পুলাহ (সা) বললেন: তাকে ফিরিয়ে আন, তাকে ফিরিয়ে আন।

দাস-দাসী ও পতকে উপবাস রাখা ও অনুরূপ মারাজ্বক অপরাধ। রাসৃশুল্লাহ্ (সা) বলেছেন:

"দাস-দাসীকে অভূক্ত রাখা কোন লোকের অপরাধী ও পাপী বলে গণ্য হবার জন্য যথেষ্ট।"

অনুরূপভাবে কোন পতকে খুব বেশি মারধর করা, অভুক্ত রাখা এবং এদের যথাবথভাবে লালন-পালন না করা এবং ক্ষমতার বাইরে বোঝা বহন করানোও মন্ত বড় পাপ। আল্লাহু তা'আলা বলেছেন:

"ভূপৃঠে বিচরণশীল এমন জীব নেই অথবা নিজ ডানার সাহায্যে এমন কোন পাখি উড়ে না যা ভোমাদের মত এমন একটি উন্মত বা দল নয়।"

(সূরা আনআম : ৩৮)
কথিত আছে, মানুষ যখন বিচারের জন্য কিয়ামতের মাঠে অবস্থান করবে, তখন
পশু-পাখিদেরকেও একত্র করা হবে। এমনকি শিংগুয়ালা বকরী হতে শিংবিহীন বকরীর
প্রাপ্য বদলা আদায় করা হবে এবং এক পিঁপড়া থেকে অপর পিঁপড়ার হক আদায়
করে দেয়া হবে। তারপর তাদেরকে বলা হবে তোমরা মাটির সাথে মিশে যাও।

जनुज्ञপভাবে कांक्निज़ज़ किग्राभरण्य मिन वनर्य _ يَا لَيُــَــَنِي كُنْتُ تُرَابًا _ "श्रा । আমিও यमि भांि হয়ে যেতাম!" (সূরা নাবা : ৪০)

পততে পততে যুলুমের জন্য যদি বিচার হয় তাহলে পতর ওপর মানুষের যুলুমের বিচার হওয়ার ব্যাপারে বলার অপেকা রাখে না। তাই উপরোক্ত দলীলয়ারা প্রমাণিত হলো যে, কোন মানুষ যদি অহেতুক কোন পতকে প্রহার করে, পানাহারে কষ্ট দেয় বা সাধ্যের অতিরিক্ত বোঝা বহন করায়, তাহলে তাকেও অনুরূপ শান্তি কিয়ামতের দিন ভোগ করতে হবে। এরই সমর্থনে বুখারী ও মুসলিম শরীফে আবু হুরায়রা (রা) সূত্রে বর্ণিত আছে। তিনি বলেছেন, রাস্লুয়ায় (সা) বলেছেন: এক মহিলা একটি বিজ্ঞালকে বেঁধে রেখেছিল। সে ঐ বিজ্ঞালটি মারা যাওয়ার পূর্ব পর্যন্ত পানাহার করতে দেয়নি। এমনকি কীট-পতক খুঁজে খাওয়ার সুযোগ থেকেও বঞ্জিত রাখে। ফলে বিজ্ঞালটি মারা যায়। এজন্য ঐ মহিলাকে আবাব ভেগি করতে হয়েছে।

বুখারী শরীকে আছে, "নবী করীম (সা) এক মহিশাকে জাহান্নামে ঝুলিয়ে রাখা অবস্থায় দেখতে পেলেন। তার মুখমগুলে এবং বক্ষদেশের গুপর একটি বিড়াল কামড়ান্দিল। কারণ বিড়ালটিকে সে দুনিয়াতে যেভাবে বেঁধে রেখে কুধায় শান্তি দিয়েছিল, ঠিক সেভাবে ভাকে শান্তি দেয়া হচ্ছে।"

সকল পত্তর ক্ষেত্রেই এ স্কুম প্রয়োজ্য এবং যে কোন পত্তর প্রতি অন্যায় বা অত্যাচার করা হলে শান্তি ভোগ করতে হবে। যদি কেউ কোন পণ্ড দিয়ে জার ক্ষমতার বাইরে ভার বহন করায় তবে তার বিচার হবে। বুখারী ও মুসলিমে আছে—রাসূলুল্লাহ্ (সা) বলেছেন : এক ব্যক্তি একটি গাভীর পিঠে চড়ে তাকে প্রহার করে তাড়িয়ে নিয়ে যাচ্ছিল। গাভীটি বললো, আমাদের এজন্য সৃষ্টি করা হয়নি, আমাদেরকে চাষাবাদের জন্য সৃষ্টি করা হয়েছে। এই একটি পত্তকে প্রতিবাদ করার জন্য আল্লাহ্ তা'আলা দ্নিয়াতে বাকশক্তি দিয়েছিলেন। যেন তাকে যে জন্য সৃষ্টি করা হয়েছে সে কাজ না করিয়ে তাকে দিয়ে অন্য কাজ না করানো হয়। সূত্রাং যে ব্যক্তি কোন পত্তর ক্ষমতার অধিক কাজ তার ওপর চাপাবে অথবা তাকে মারধর করবে, কিয়ামতের দিন সেই পরিমাণ শান্তি তাকে দেওয়া হবে। এবং তার নিকট থেকে এর প্রতিশোধ নেয়া হবে।

আবৃ সুলায়মান দারানী (র) বলেন, একবার আমি একটি গাধার পিঠে আরোহণ করে তাকে দ্-তিনবার প্রহার করলে সে আমার দিকে মাথা তুলে বললো, হে আবৃ সুলায়মান! এ জন্য কিয়ামতের দিন তোমাকে প্রতিশোধ ভোগ করতে হবে। সুতরাং তুমি ইচ্ছা করলে মারধর কম করতে পার এবং যদি ইচ্ছা কর তবে বেশিও করতে পার। আবৃ সুলায়মান বলেন, তখন আমি বললাম, আমি আর কোনদিন কাউকে প্রহার করবো না।

হযরত ইব্ন উমর (রা) একবার যাত্রাপথে কুরায়শদের কিছু সংখ্যক বালককে একটি পাথিকে বেঁধে লক্ষ্য করে তীর ছুঁড়তে দেখলেন। তীর লক্ষ্যভ্রম্ভ হলে পাথির মালিককে তীরটি দিতে হতো। ইব্ন উমর (রা)-কে দেখে তারা বিচ্ছিন্ন হয়ে গেল। ইব্ন উমর (রা) বললেন, কারা ঐ কাজ করেছে? এ কাজ যারা করে আল্লাহ্ তা'আলা তাদের ওপর অভিশাপ বর্ষণ করেন। রাসপুরাহ্ (সা)-ও এমন ব্যক্তিকে অভিশাপ দিয়েছিলেন, যে কোন প্রাণীকে হত্যার লক্ষ্যবন্ত বানিয়ে আঘাত হানে। নবী করীম (সা) কোন প্রাণীকে হত্যার জন্য আবদ্ধ রাখতে নিষেধ করেছেন। শরী'আতে যে সকল প্রাণী হত্যার অনুমতি আছে, যেমন সাপ, বিদ্ধু, ইদুর ও আক্রমণকারী কুকুর ইত্যাদিকে কট্ট দিয়ে আন্তে আন্তে মারা যাবে না, বরং প্রথম আঘাতেই মেরে ফেলতে হবে। কারণ নবী করীম (সা) বলেছেন:

"যখন তোমরা কোন প্রাণীকে হত্যা করতে যাবে তখন তাকে সুন্দরভাবে হত্যা করবে। আর যখন কোন প্রাণীকে যবেহ করবে তাকে সুন্দরভাবে যবেহ করবে এবং যবেহ করার আগে যবেহকারী ছুরিকে ধারালো করে নেবে এবং যবেহের প্রাণীটিকে আরাম দিতে সচেষ্ট থাকবে।"

কোন প্রাণীকে আন্তনে পূড়িয়ে মারবে না। কেননা হাদীসে আছে, নবী করীম (সা) বলেছেন: আমি তোমাদেরকে আদেশ দিতাম অমুক ও অমুক লোককে পূড়িয়ে মারার জন্য। যেহেতু আল্লাহ ছাড়া অন্য কারো জন্য আন্তনে পূড়িয়ে মারা সমীচীন নয়, তাই ওদের দু'জনকে পেলে তোমরা হত্যা করবে।

হযরত ইবৃন মাসউদ (রা) বলেন, একবার আমরা রাস্লুরাহু (সা)-এর সাথে এক সফরে ছিলাম। নবী করীম (সা) প্রকৃতির ডাকে সাড়া দিতে বাইরে চলে গেলেন। তখন আমরা হমর নামক একটি পাখি ও তার সঙ্গে দুটি বাচ্চা দেখতে পেলাম। আমরা পাখিটির বাচ্চা দুটি ধরে ফেললাম এবং পাখিটি এসে ফুডুং ফুডুং করে উড়তে লাগল। অতঃপর নবী করীম (সা) এসে তা দেখে বললেন, কে পাখিটির বাচ্চা ধরে পাখিটিকে ভীত করেছে! তার বাচ্চা তাকে ফেরত দাও।

আর একবার আমরা পিঁপড়ার বাসা ও আশ্ররন্থল পুড়িয়ে দিলাম। নবী করীম (সা) তা দেখে জিজ্জেস করলেন, কে এদেরকে পুড়িয়ে মেরেছে? আমরা বললাম, আমরা পুড়িয়েছি। তখন নবী করীম (সা) বললেন:

"প্রতিপালক ছাড়া অন্য কারো জন্যে আগুনে পুড়িয়ে মারা সমীচীন নয়।"

এ থেকে বোঝা গেল যে, পিঁপড়া, উকুন ও মশা–মাছির ন্যায় ক্ষুদ্র প্রাণীকেও পুড়িয়ে মারা নিষেধ।

পরিক্ষেদ

কোন প্রাণীকে অহেতৃক বা খেলার ছলে হত্যা করা মাৰুরহ। এ প্রসঙ্গে নবী করীম (সা) বন্দেছেন, বে ব্যক্তি বিনা কারণে কোন চছুইকে হত্যা করবে, কিয়ামতের দিন ঐ চছুই চিংকার করে বলবে, হে আমার প্রতিপালক। এ লোকটাকে জিজেস করুন কেন সে আমাকে বিনা কারণে এবং খেলার ছলে হত্যা করেছে। সে কোন কাজের জন্য আমাকে হত্যা করেনে।

ডিম দেয়া ও ডিমে তা দেয়ার সময় কোন পাবি হত্যা করা মাকরহ। কেননা এ কাজ নিষিদ্ধ। কোন প্রাণীকে তার মায়ের সামনে যবেহ করা মাকরহ। এ সম্পর্কে ইবরাহীম ইবন আদহাম (র) বলেছেন, এক ব্যক্তি একটি বাছুরকে তার মায়ের সামনে যবেহ করায় আল্লাহ্ন তা আলা তার হাতকে অবশ করে দিয়েছেন।

পরিক্ষেদ

দাস-দাসী মুক্ত করার উপকারিতা প্রসঙ্গে হযরত আবৃ হরায়রা (রা) বর্ণনা করেন, নবী করীম (সা) বলেছেন, "বে ব্যক্তি কোন মুমিন দাসীকে গোলামি খেকে মুক্ত করবে, আল্লাহ্ ভা'আলা তার প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গের বিনিমর মুক্তকারীর প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গকে আহান্তামের আন্তন থেকে মুক্ত করবেন। এমন কি মুক্তকৃতের যৌনাঙ্গের বিনিময়ে মুক্তকারীর বৌনাঙ্গ মুক্ত করবেন।" (বুখারী)

হযরত আবৃ উসামা (রা) খেকে বর্ণিত আছে। নবী করীম (সা) বলেছেন: বে মুসলমান একটি মুসলমান দাসকে মুক্ত করবে, তাকেও জাহান্নাম খেকে মুক্ত করা হবে এবং মুক্তিপ্রাক্তের প্রতিটি অঙ্কের জন্য মুক্তকারীর অনুরূপ অন্ধ জাহান্নামের আওন থেকে মুক্তি পাবে। যে মুসলমান দুজন মুসলমান মহিলাকে মুক্ত করবে ভারা দুজন তাকে জাহান্নাম হতে ছাড়িয়ে আনবে। তাদের দুজনের একই অঙ্কের জন্য মুক্তিদাতার একটি অন্ধ জাহান্নামের আকন খেকে রক্ষা পাবে। যে মুসলমান মহিলা কোন মুসলিম দাসীকে মুক্ত করবে, ভাকে জাহান্নামের আযাব খেকে রক্ষা করা হবে। দাসীর প্রতিটি অঙ্কের বিনিময়ে আবাদকারীর অনুরূপ অন্ধ জাহান্নাম থেকে মুক্তি পাবে। (ভিরমিবী)

হে **আল্লাহ্ আমাদের সফদতা লাভকা**রী দল ও তোমার নেককার বান্দাদের মধ্যে শামিল কর।

৫২. প্রতিবেশীকে কট দেরা

সহীহ আল-বুখারী ও সহীহ আল-মুসলিমে আছে, রাস্লুরাছ (সা) বলেছেন : وَاللّهُ لاَ يُؤْمِنُ وَاللّهُ لاَ يُؤْمِنُ قَبِيْلَ مَنْ يَا رَسُولَ اللّهِ ؟ قَالَ مَنْ لاَ يَأْمَنْ جَارُهُ بَوَانِّهَهُ .

"আল্লাহ্র কসম ওই ব্যক্তির ঈমান নেই, ওই ব্যক্তির ঈমান নেই। প্রশ্ন করা হলো, ইয়া রাস্লাল্লাহ্ (সা)! কার ঈমান নেই? তিনি বললেন, যার প্রতিবেশী তার অনিষ্ট হতে নিরাপদ নয়।"

অপর এক রিওয়ায়াতে আছে :

لاَ يَدْخُلُ الْجَنَّةَ مَنْ لاَ يَأْمَنُ جَارُهُ بَوَانْقَهُ .

"যার অত্যাচার হতে প্রতিবেশী নিরাপদ নয়, সে জানাতে প্রবেশ করবে না।" রাস্পুলার (সা)-কে জিজেস করা হলো, কোন্ পাপটি আল্লাহ তা আলার কাছে সবচেয়ে বড়া উন্তরে নবী করীম (সা) তিনটি অত্যাসের বা কাজের কথা বললেন। যথা : (১) যে আল্লাহ তোমাকে সৃষ্টি করেছেন, সে আল্লাহর অংশীদার সাব্যন্ত করা; (২) তোমার খাবারে ভাগ বসাবে এ ভয়ে নিজ সন্তান কে হত্যা করা এবং (৩) প্রতিবেশীর দ্বীর সাথে তোমার ব্যভিচারে শিশু হওয়া। (বুখারী ও মুস্লিম)

হাদীস শরীফে আছে, "যে ব্যক্তি আল্লাহ্ ও পরকালের ওপর ঈমান রাখে সে যেন

প্রতিবেশীকে কোন প্রকার কষ্ট না দেয়।" (বুখারী ও মুসলিম)

প্রতিবেশী তিন প্রকার। যে প্রতিবেশী মুসলমান এবং আত্মীয় তার তিনটি হক বা অধিকার আছে। যথা আত্মীয়তার, প্রতিবেশিত্বের এবং ইসলামের। আত্মীয় নয় এমন মুসলমান প্রতিবেশীর আছে দৃটি হক। যথা : ইসলামের এবং প্রতিবেশিত্বের। আর কাঞ্চির প্রতিবেশীর আছে ওধু একটি হক অর্থাৎ প্রতিবেশিত্বের হক।

ইবৃন উমর (রা)-এর এক ইরাহ্দী প্রতিবেশী ছিল। তিনি যখন কোন বকরী যবেহ করতেন তখন তার কিছু অংল সেই ইরাহ্দীর বাড়িতে গাঠাতেন। আরও বর্ণিত আছে যে, গরীব প্রতিবেশী কিয়াসতের দিন ধনী প্রতিবেশীকে জড়িয়ে ধরে বলবে, হে আমার রব! আপনি তাকে জিজেস করুন, কেন সে তার দান থেকে আমাকে বঞ্চিত করেছে এবং কেন সে আমার জন্য দরজা বন্ধ রেখেছিল ?

যালিম প্রতিবেশীর যুশুম সহ্য করাও তার প্রতি এক প্রকার ইহাসন। এক ব্যক্তি নবী করীম (সা)-এর নিকট এসে বললো, ইয়া রাসূলাল্লাহ্ (সা)। আমাকে এমন এক আমলের পথ প্রদর্শন করুল যা পালন করতে পারলে আমি জান্নাতে প্রবেশ করতে পারবো। নবী করীম (সা) বললেন, তুমি দয়ালু এবং পরোপকারী হও। সে বললো, ইয়া রাস্লাল্লাহ্ (সা)। আমি কিভাবে ব্রুবো যে আমি দয়ালু এবং উপকারী। তিনি বললেন, তুমি তোমার প্রতিবেশীদের জিজেন করো। যদি তারা বলে যে, তুমি দয়ালু এবং উপকারী, তাহলে তুমি উপকারী। আর যদি বলে যে, তুমি অন্যায়কারী, তাহলে তুমি অন্যায়কারী। (বায়হাকী, হয়রত আবৃ হরাররা (রা) স্ত্রে বর্ণিত)

নবী করীম (সা) বলেছেন, যে ব্যক্তি নিজের পরিবার-পরিজন ও ধন-সম্পদের ক্ষতির তয়ে তার প্রতিবেশীর আগমনের পথ বন্ধ করে দেয়, সে মুমিন নয় এবং যার প্রতিবেশী তার অনিষ্ট থেকে নিরাপদ নয়, সেও মুমিন নয়। কারো কারো মতে, প্রতিবেশীর ন্ত্রীর সাথে ব্যভিচার করা অপর দশজন মহিলার সাথে ব্যভিচারের চেয়েও বড় অপরাধ এবং দশটি ঘরে চুরি করার চেয়েও বেশি পাপ হলো প্রতিবেশীর ঘরে চুরি করা।

সুনানু আবৃ দাউদে হযরত আবৃ হরায়রা (রা) সূত্রে বর্ণিত আছে, এক ব্যক্তি রাস্বৃদ্ধাহ (সা)-এর কাছে এসে তার প্রতিবেশীর বিরুদ্ধে অভিযোগ করলো। রাস্বৃদ্ধাহ (সা) তাকে বললেন, যাও, ধৈর্যধারণ করো। লোকটি নবী করীম (সা)-এর কাছে অনুরূপভাবে দু'বার অথবা তিনবার অভিযোগ করলে শেষ পর্যন্ত তিনি বললেন, তুমি গিয়ে ভোমার মালপত্র রান্তায় কেলে দাও। সে তা-ই করলো। লোকেরা এ পথে যাবার সময় তাকে এর কারণ জিজ্ঞেস করতো। সে তাদেরকে তার প্রতিবেশীর ব্যবহারের কথা বলতো। পথচারীরা তার প্রতিবেশীকে অভিশাপ দিত এবং বলতো যে, আল্লাহ্ যেন তার সাথে অনুরূপ ব্যবহার করেন। অতঃপর তার প্রতিবেশী এসে বললো—হে ভাই। তুমি তোমার ঘরে যাও আমি কখনও তোমার মনে কট্ট দেবো না।

প্রতিবেশী যদি অমুসদিম নাগরিক (যিমী) হয়, তাহলে তায় দেয়া কয় ও নির্যাতন বরদাশত করতে হবে। এ প্রসঙ্গে বর্ণিত আছে যে, সাহল ইব্ন আবদুয়াই (রা)-এর একজন যিমী (অমুসদিম নাগরিক) প্রতিবেশী ছিল। তার ঘরে ময়লা ও আবর্জনা রাখার যে পাত্র ছিল তা ছিল্ল হয়ে পিয়ে সে ময়লা সাহল (রা)-এর ঘরে পড়তো। যেখান থেকে এই ময়লা এবং আবর্জনা পড়তো সেখানে সাহল (রা) প্রতিদিন একটি বড় পাত্র পেতে রাখতেন এবং রাতের আঁধারে তা নিয়ে দূরে কেলে দিতেন। এভাবে সাহল (রা) দীর্ঘকাল অভিবাহিত করলেন। অবশেষে তিনি বখন অভিম শব্যায় দিন কাটাছিলেন তখন তিনি ঐ প্রতিবেশী মজুসীকে ডেকে বললেন, এই ঘরে গিয়ে দেখুন তো ঐ পাত্রে কিং তারপর সে ঘর থেকে বেয়ে আসা আবর্জনা ও ময়লা এবং দুর্গরমুক্ত পানি সে বড় পাত্রটির মধ্যে দেখে জিজ্ঞেস করলো, আমি যা দেখলাম তা কি জিনিসং সাহল বললেন, এ হলো আপনার ঘর থেকে বয়ে আসা ময়লা আবর্জনা।

দীর্ঘদিন যাবত আমি ঐ বড় পাঞ্জটিতে দিনে জ্বমা করি আর রাতে তা কেলে দেই। এখন যদি আমার অন্তিম সময় উপস্থিত না হত এবং অন্যকে এ সরলতা অনুসরণ না করার আশংকা না থাকত তাহলে আপনাকে ব্যাপারটি অবহিত করতাম না। এখন আপনি দেখুন, কি করবেন। তখন মজুনী বলল, হে শেখা আপনি দীর্ঘকাল যাবত এভাবে আমারদারা কট্ট পেরে আসছেন অথচ আমি এখনও কাফির অবস্থায় আছি, এ কি করে হয়? আপনার হাত প্রসারিত করুন, আমি সাক্ষ্য দিছি যে, আল্লাহ্ ছাড়া অন্যকোন ইলাহ্ নেই এবং মুহাম্মদ (সা) আল্লাহ্র প্রেরিত বান্দা এবং রাস্ল। তারপর সাহল (রা) মারা যান।

মহান আ**ন্থাহ্ আমাদেরকে কথা, কাজ, আচার-ব্যবহারের মাধ্যমে আমাদের** পরকালীন জীবন সুন্দর ও সার্থক করার ভৌঞ্চিক দান করুন।

৫৩. মুসলমানদের কষ্ট ও গালি দেওয়া

আল্লাহ তা আলা বলেন :

١. وَالْدَيْنَ يُؤُذُونَ الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنَاتِ بِغَيْرِ مَا اكْتَسَسَبُواْ
 فَقَد احْتَمَلُواْ بُهْتَانًا وَاتْمًا مُبِيْنًا .

১. "ঈমানদার পুরুষ ও ঈমানদার নারী কোন অপরাধ না করলেও যারা তাদের কট্ট দেয় তারা মিখ্যা অপবাদ ও স্পট্ট অপরাধের বোঝা বহন করে।"

(সূরা আহ্যাব : ৫৮)

সন্যত্র আক্লাহ্ তা'আশা বলেন :

١,

لَا يُلِيَّهُا الَّذِيْنَ أَمَنُوا لاَ يَسْخَرْ قَوْمٌ مِنْ قَوْمٍ عَسَى أَنْ يَكُونُوا لَا يَسْخَرْ قَوْمٌ مِنْ قَوْمٍ عَسَى أَنْ يَكُونُوا خَيْرًا مِنْهُنَ وَلاَ خَيْرًا مِنْهُنَ وَلاَ تَلْمِزُوا أَنْفُسكُمْ وَلاَ تَنَابَزُوا بِالْأَلْقَابِ بِئْسَ الْإِثْمُ الْفُسُونَ . بَعْدَ الْاَيْمَان وَمَنْ لُمْ يَتُب فَأَوْلُئِكَ هُمُ الطَّالِمُونَ .

২. "হে ঈমানদারগণ কোন পুরুষ বেন অপর পুরুষকে উপহাস না করে। কেননা যাকে উপহাস করা হয় সে উপহাসকারী অপেন্ধা উত্তম হতে পারে এবং কোন নারী অপর নারীকেও বেন উপহাস না করে। কেননা যাকে উপহাস করা হয় সে উপহাসকারিণী অপেক্ষা উত্তম হতে পারে। ভোমরা একে অপরের প্রতি দোষারোপ করো না এবং তোমরা একে অপরকে মন্দনামে ডেকো না; ঈমান আনার পর কাউকে মন্দ নামে ডাকা গর্হিত কাজ। যারা এ ধরনের আচরণ হতে নিকৃত্ত না হয় তারাই সীমালঘেনকারী।"
(সরা হজ্বরাত : ১১)

٣. وَلاَ تَجَسُّسُوا وَلاَ يَغْتَبْ بِغَضْكُمْ بِعُضَا .

৩. "তোমরা একে অপরের গোপনীয় বিষয় বুঁচ্চে বেড়াবে না ও একে অপরের পন্চাতে নিন্দা করো না।" (সূরা হুজুরাত : ১৫)

নবী করীম (সা) বলেছেন: কিরামতের দিন আরাহ্ তা আলার কাছে ঐ ব্যক্তি সবচেয়ে খারাপ বলে বিবেচিত হবে বাকে মানুষ পরিত্যাগ করেছে তার অশ্লীলতা ও অপকর্ম হতে রক্ষা পাবার ছন্য। (বুখারী ও মুসলিম) নবী করীম (সা) আরও বলেছেন: "ওহে আরাহ্র বানাগণ! নিচরই আরাহ্ পাপ ক্ষমা করে দেন কিন্তু বেসব পাপ তার কোন ভাইরের বার্ধের সাবে সংশ্লিষ্ট, তাই যথার্থ পাপ অথবা ধাংসের কারণ।"

হাদীস শরীকে আছে :

كُلُّ الْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ حَرَامٌ دُمُّهُ وَعَرْضُهُ .

"প্রত্যেক মুমলমানের জন্য অন্য মুসলমানের জান-মাল এবং ইয়্যত-আরক নষ্ট করা হারাম।" (মুসলিম)

নৰী করীম (সা) আরও বলেছেন, "একজন মুসলমান অপর মুসলমানের ছাই। সে তার প্রতি বুলুম করবে না, তাকে নির্যাতন করবে না এবং তাকে হের মনে করবে না। কোন লোকের খারাপ হওয়ার জন্য এটাই বথেষ্ট যে, সে অপর মুসলমানকে হের মনে করবে।" (মুসলিম)

शमीन नदीरक चार्ड :

سبِبَابُ الْمُسْلِمِ فِيسِونَ وَقِيبَالُهُ كُفُر .

"কোন মুসলমানকে গালি দেওরা ফাসেকী এবং তাকে হত্যা করা কুষ্ণরী।" (বুখারী ও মুসলিম)

হযরত আৰু হরায়রা (রা) থেকে বর্ণিত। ছিলি বলেন, বলা হলো, ইয়া রাস্থারাহ (সা)! অমুক মহিলা রাতে নামায় পড়ে এবং দিনে রোষা রাখে কিন্তু সে তার মুখ্যারা তার প্রতিবেশীকে কট্ট দের, তার কি অবস্থা হবে। নবী করীম (সা) বললেন, তার মধ্যে কোন কল্যাণ নেই, সে ছাহান্লামে যাবে।

হাদীসে আরও রুরেছে, "যারা মারা গেছে তাদের গুণাবলী আলোচনা করো এবং

তাদের দোষ-ক্রটি আলোচনা হতে বিরত থাক।"

নবী করীম (সা) বলেছেন: কেউ বদি কোন লোককে কাফির বলে অভিহিত করে অথবা বলে, হে আল্লাহ্র দৃশমন এবং আসলে বদি সে তা না হয় তাহলে তার এ দৃশমন ডাকা ও কাফির বলা তার নিজের প্রতিই আরোলিত হয়।

নবী করীম (সা) অরিও বলেছেন:

مررث ليلة اسرى بى بقوم لهم اظفار من نحاس يخمشون بها وجوهم وصدورهم فقلت من هؤلاء يا جبريل ؟ فقال هؤلاء الذين يكلون لحوم الناس ويقعون فى اعراضهم .

"যে রাতে আমার মি'রাজ হয়েছে সে রাতে আমি এমন কিছু লোকের কাছ দিয়ে যাচ্ছিলাম যাদের নখগুলো ছিল পিতলের নখের মত, তারা নিজ নিজ চেহারা ও বুক বামচাচ্ছিল। আমি জিবরাইল (আ)-কে জিজেন করলাম, এরা কারা? তিনি বললেন, এরা ঐ সব ব্যক্তি যারা পৃথিবীতে অন্য লোকের গোশত খেতো এবং তালের মান-সন্মান নিয়ে ছিনিমিনি খেলতো।" (আবু দাউদ)

পরিক্ষেদ

ঝগড়া-বিবাদের প্রতি ভীতি প্রদর্শন এবং জীবজড়ু ও ঈমানদারদেরকে পরস্পরের বিরুদ্ধে ক্ষেপানোর পরিণাম—

সহীহ হাদীসে আছে, নবী করীম (সা) বলেছেন: শরতান এ ব্যাপারে নিরাশ হয়ে গেছে বৈ, আরব উপর্টাশে কোন মুসন্ত্রী (নামিষী ব্যক্তি) ভার ইবাদ্ত করবে না। কিন্তু একের বিরুদ্ধে অন্যকে কেপানোর ব্যাপারে নিরাশ হয়নি। সুভরাং য়ারা দুই আদম সন্তানকে একের বিরুদ্ধে অপরকে কেপানোর ব্যাপারে নিরাশ হয়নি। সুভরাং য়ারা দুই আদম সন্তানকে একের বিরুদ্ধে অপরকে কেপানে এবং একজনের কথা অন্যজনকে বলে এদের একজনকে কর্ট্ট দেবে, ভারা হবে চোলদখোর ও সবচেয়ে খারাল লোক এবং শরতানের সম্পুত্ত।" বেমন, নবী করীম (মা) বললেন: ভোমাদের মধ্যে সবচেয়ে নিকৃষ্ট ও পালিষ্ঠ লোক কে, তা কি আমি ভোমাদের বলবাে। সাহাবীগণ বললেন, ইয়া রাস্লাল্লাহ্ (সা)। তা অবশ্যই বলুন। তিনি কললেন: ভোমাদের মধ্যে নিকৃষ্ট লোক হলো ঐ ব্যক্তি বে চোলদখোরী করে। বন্ধুদের মধ্যে বন্ধুত্বের ফাটল ধরায় এবং ভাল ও সংলোকের বিরোধিতা করে। সহীহু হাদীসে আছে, রাস্লুল্লাহ্ (সা) বলেছেন, চোলদখোর ব্যক্তি জান্লাতে প্রবেশ করতে পারবে না।

(বুখারী ও মুসলিম)

নাখাম বা চৌগলবোর ইলো ওই ব্যক্তি যে একজনের কথা অপরজনের কাছে অতিরক্তিত করে বলে বেড়ার যাতে দুজনের একজনে কট পায় বা একজন অপরজনের ওপর মনঃক্ষুত্র হয়। যেমন, একজনের নিকট বলা হলো, অমুকে অমুকে তোমার বিরুদ্ধে এই কথা বলেছে অথবা বলা হলো অমুকে এই এই কাজ করেছে। তবে যদি কেউ কোন কল্যানের লক্ষ্যে অতিরক্তিত করে কিছু বলে, তা দৃষ্ণীয় নয়। যেমন কাউকে বিপদ হতে রক্ষার জন্য প্রতিপক্ষের কথা বলে সতর্ক করে দেওয়া বা সংশোধনের উদ্দেশ্যে একের কথা অপরের কাছে বলা।

জীব-জন্ত ও পশু-পাশ্বিকে একের বিরুদ্ধে অপরটিকে ক্ষেপিয়ে যুদ্ধ বাঁধানোও হারাম। যেমন মারগের লড়াই, যাঁড়ের লড়াই, ফুকুর ইত্যাদির লড়াই বাঁধানো হারাম। রাসূল (সা) এ রকম কাজ থেকে বিরুদ্ধ থাকতে বলেছেন। অতঃপুর যে ব্যক্তি এ কাজ করবে, সে আল্লাহ ও তাঁর রাস্লের নির্দেশ অমান্যকারী বলে বিবেচিত হবে। স্বামীর বিরুদ্ধে ত্রীকে ক্ষেপানো এবং স্থারীর বিরুদ্ধে ত্রীকে ক্ষেপানো এবং মালিকের বিরুদ্ধে চাকর-বাকর ও দাস-দাসীকে ক্ষেপানো—এ কটিও অনুরূপ জঘন্য অপরাধ। এ প্রসক্টের রাসূলুরাহ (সা) বলেছেন:

مَلْعُونَ مَنْ خُبُّبَ إِمْرَأَةً عَلَىٰ زَوْجِهَا أَوْ عَبْدًا عَلَىٰ سَيِّدِهِ .

"বে ব্যক্তি স্বামীর বিরুদ্ধে দ্রীকে ক্ষেপাবে অথবা মালিকের বিরুদ্ধে দাস-দাসীকে ক্ষেপাবে, সে হবে অভিশব্ধ।" (আবু দাউদ)

পরিচেম্দ

भान्त्वत शांत्रणितिक जन्नर्क उन्नवत उर्गार मान क्षणित आहार जांचाव जांचा वर्णारून :

﴿ لَا مَنْ أَمَرَ بِصِدَقَة أَوْ مَعْرُونْ أَوْ اللّهِ مَنْ أَمَرَ بِصِدَقَة أَوْ مَعْرُونْ أَوْ أَوْ اللّهِ فَسَوُفَ أَوْ اللّهِ فَسَوُفَ لَكُ ابْتِغَاءَ مَرْضَاتِ اللّهِ فَسَوُفَ نُوْتِيْهِ أَجْرًا عَظِيْمًا.

"তাদের অধিকাংশ গোপন পরামর্শে কোন কল্যাণ নেই, তবে যে দান-খয়রাত, সংকাঞ্জ ও মানুষের মধ্যে তার পরামর্শে শান্তি স্থাপনের নির্দেশ দেয় তাতে কল্যাণ আছে। আর আল্লাহুর সমুষ্টি লাভের আশায় যে ঐত্তপ করবে, তাকে আমি মহাপুরকার দেব।"

মুজাহিদ বলেন, এ আয়াততলোয় সাধারণভাবে সকলকে উদ্দেশ্য করে বলা হয়েছে বে, একে অন্যের বিশুদ্ধে কানাঘুষা করা এবং অন্যের দোবক্রটি সম্পর্কে বৌজখবর দেওয়া-নেওয়ার মধ্যে কোন কল্যাণ নেই। তবে কেউ দান-খয়রাত করেছে বা কোন ভাল কাজ করেছে এ নিয়ে আলোচনায় কোন দোব নেই। ইবন আব্বাস (রা) বলেন, আয়াতে বর্ণিত মারুফ বা ভাল কাজধারা এখানে আগ্রীয়দের সুসম্পর্ক এবং আল্লাহর আনুগত্য করাকে বোঝানো হয়েছে। যাবতীয় নেককাজকে (১৯৯৯) 'মারুফ' বলা হয়। আর মা'রুফ শব্দের অর্থ হলো পরিচিত। যেহেতু সকল ভাল ও নেক কাজই বিবেকের কাছে পরিচিত, তাই ভালকাজকে মারুফ বলা হয়।

আল্লাহ্ তা'আলার বাণী (اَوْ اَصَالَاحِ بِيَّنَ النَّاسِ) "অথবা মানুষের মধ্যে সুসম্পর্ক স্থাপনের উদ্দেশ্যে"-এর ওপর ডিত্তি করে রাস্লুরাহ্ (সা) হবরত আবৃ আইয়ুব আনসারী (রা)-কে বলেছেল: যা করা স্বর্গ-রৌপ্যের মত মূল্যবান দ্রব্য দান করার চেয়ে উন্তম, তা কি তোমাদের বলবোঃ তিনি বললেন, ইয়া রাস্লালাহ্ (সা)! অবশ্যই বলবেন। নবী করীম (সা) বললেন, যখন মানুষের পারম্পরিক সম্পর্ক বিনষ্ট হয়ে যায় তখন তা তুমি পুনরায় জ্বড়ে দাও এবং যখন তারা একে অপরের নিকট থেকে দ্রে সরে বায় তখন তাদের কাছে এনে দাও।

হযরত উমে হাবীবা (রা) বর্ণনা করেন, নবী করীম (সা) বর্লেছেন : মানব জাতির সকল কথাই তার বিরুদ্ধে যায় যদি তা সংকাজের আদেশ, অসংকাজের নিষেধ এবং আল্লাহ্র যিকিরের জন্য না হয়। (ইবনে মাজাহ) বর্ণিত আছে যে, এক ব্যক্তি সৃষ্ণিয়ান (র)-কে বদলেন, এ হাদীস অনুবারী চদা তো অত্যন্ত কঠিন ব্যাপার। সৃষ্ণিয়ান (র) বদলেন : ত্মি কি আল্লাহ্ তা'আলার নিম্নোক্ত বানী শোননি "

لاَ خَيْرَ فِي كَثِيْرِ مِّنْ نَجْواهُمْ مِنْ اَمْرِ بِصِدَقَةَ اَوْ مَعْرُوف . "छोरेनत अधिकार्ण लागन श्रामिट्स कोने कन्तांग तिर्रे" व वागीर ला अखियानिक रख़िक छक रामील।

তারপর আস্তাহ্ তা'আশা পারস্পরিক পরামর্শের কল্যাণের প্রতি লক্ষ্য রেখে বলসেন:

فَمَنْ يُقْعَلْ ذُلِكَ ابْتِغَاءَ مَرْضَاةَ اللّٰهِ فَسَوْفَ يُؤْتِيْهُ أَجُراً عَظَيْمًا ﴿ اللّٰهِ الْمَالَ ا "आंब्राइत সस्ट्रितं अंद्रास्ता याता প्रताम कद्राव जाक आगि मराभूतकात (मर्ता !"

হাদীস শরীদে আছে, মানুষের মধ্যে সুসম্পর্ক স্থাপনের জন্য যদি কেউ কিছু মিখ্যা কথা বলে এবং তাতে যদি কদ্যাণ বৃদ্ধি পার অথবা মঙ্গল হয়, তাহলে ঐ ব্যক্তি মিখ্যুক নর। (বুখারী)

হবরত উত্তে কুলসুম (রা) বলেছেন : রাস্পুরাহ (সা) তিনটি ক্ষেত্র ছাড়া অন্য কোথাও মিধ্যে বলার অবকাশ দেননি : ১. যুদ্ধে; ২. মানুষের মধ্যে সুসম্পর্ক স্থাপনের জন্যে এবং ৩. পুরুদ্ধের পক্ষে গ্রীর কাছে এবং গ্রীর পক্ষে পুরুষের কাছে।

সাহল ইব্ন সা'দ আল-সায়িদী (রা) বর্ণনা করেন, একবার বনি আমর ইবন আওফ গোত্রের লোকদের মধ্যে ভুল বোঝাবুঝি হলো। নবী করীম (মা)-এর কাছে এ সংবাদ আসলে তিনি কিছু সংখ্যক সাহাবীকে সাথে নিয়ে সেখানে গেলেন—তাদের পারস্বারিক সম্পর্ক উন্নয়নের জন্যে। (বুখারী)

আবৃ হরাররা (রা) বর্ণনা করেন, রাসলুক্মাহ (সা) বলেছেন : মানুষের জন্য মসজিদে যাওরা, পারস্পরিক হন্দু-কলহ দূর করা এবং মুসলমানদের মধ্যে সুসম্পর্ক স্থাপন করে দেয়ার চেয়ে উত্তম কান্ত অপরটি আর নেই।

রাস্পুরাহ্ (সা) বলেছেন :

مَنْ اَصْلَحَ بِيْنَ اثْنَيْنِ اَصْلَحَ اللّٰهُ اَمْدَهُ وَاَعْطَاهُ بِكُلِّ كَلِمَةٍ تَكَلَّمَ بِهَا عِبْقَ رَقَبَةٍ وَرَجَعُ مَغْفُورًا لَهُ مَا تَقَدَّمَ مِنْ نَنْبِهِ .

"যে ব্যক্তি দু'জনের মধ্যে পারস্পরিক সম্পর্ক উন্নত করে দেবে, আক্লাহ্ ভা'আলা তার কাজ সমাধান করে দেবেন এবং এ জন্য সে যত কথা বলেছে, প্রত্যেক কথার বিনিময়ে আল্লাহ্ তা'আলা তাকে একটি করে গোলাম আযাদ করার সম্ভয়াব দেবেন এবং পূর্বকৃত সকল পাপ আল্লাহ্ তা'আলা ক্ষমা করে দেবেন।" (মুন্যিরী)

হে আল্লাহ্ আমাদের কাজকর্মকে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখুন।

৫৪. **আল্লাহ্ তা আলার বান্দাদের কট দেওরা এবং** তাদের ওপর অন্যায় হস্তকেপ করা

আরাত্ব তা আলা বলেছেন:

وَالنَّذِيْنَ يُؤَدُّوُنَ السَّوْمِنِيْنَ وَالْمِثَوْمِنِيَاتِ بِغَيْرِ مِالكِتَسَبُوا هَقَدِ احْتَمَلُوا بُهُتَاتًا وَاثْمًا مُبِيْنًا ،

"ঈশনদার পুরুষ ও ঈশানদার নারী কোঁন অপর্যাধ না কর্মেও যারা তাদের কষ্ট দেয়, তারা মিখ্যা অপ্যদি ঐবং স্পষ্ট অপ্রাধের বোঝা বইন করে।"

(সুঁৱা আহ্যাব : ৫৮)

আরাহ্ তা আলা আরও বলেন :

وَاخْفِضْ جَنَّلَكُ لِمَنِ اتَّبَعَاكَ مِنَ الْمُؤْمِنِيْنَ .

"বে সকল মুমিন ডোমার অনুগত ভাদের প্রতি বিনয়ী হও।"

(সূরা ডভারা : ২১৫)

হযরত আবৃ হরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসপুরাই (সা) বলেছেন: আরাহ্ তা আলা বলেছেন: যে ব্যক্তি আমার কোন ওরালী (﴿الَّهُ)-এর সাথে শক্তা করবে, আমি তার বিরুদ্ধে যুদ্ধ ছোষণা করার অনুষঠি দির্লাম। অপর এক রিওরায়েতে আছে: সে যেন আমার সাথে যুদ্ধ করার জন্য প্রস্কৃত হয়েছে।

হাদীস শরীফে আছে, আবৃ সুফিয়ান (য়া) একবার করেকজন লোক সাথে নিয়ে সালমান (য়া), সুহায়ব (য়া) ও বিলাল (য়া)-এর নিকট আসলেন। তাঁয়া বললেন, আপনি তো আল্লাহ্ তা আলার শক্রদের বিরুদ্ধে অয় ধারণ করেননি। একথা শুনে আবৃ বকর (য়া) বললেন, তোমরা কুরায়শদের নেতা ও সন্মানিত লোকদেরকে এমন কথা বললে। তারপর তিনি নবী করীম (য়া)-এর কাছে এমে একথা বললে তিনি বললেন, হে আবৃ বকর। আপনি হয়তো একথা বলে তাদেরকে নাখোল করেছেন, আপনি হয়তো আপনার প্রতিপালককেও অসন্তুষ্ট করেছেন। অতঃপর আবৃ বকর (য়া) তাদের নিকট এসে বললেন: ভাই সব। আমি বোধহয় তোমাদের অসন্তুষ্ট করেছি এবং মনে কষ্ট দিয়েছি। ভারা বললেন, না, তা ঠিক নয়, হে ভাই! আল্লাহ্ আপনাকে কমা করুন।

পরিচ্ছেদ

এ প্রসঙ্গে কিছু সংখ্যক আয়াত ও তার ব্যাখ্যা :

"আপনি নিচেকে ওদেরই সংসর্গে রাখবেন যারা সকাল ও সন্ধ্যায় ওদের প্রতিপালককে তার সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে আহ্বান করে।" (সূরা কাইফ: ২৮)

এ আয়াত এবং আরও কিছু আয়াতে দরিদ্রের মর্যাদা সম্পর্কে বর্ণনা রয়েছে। এসব আয়াত নাবিলের কারণ হলো, সর্বপ্রথম নবী করীম (সা)-এর ওপর বাঁরা দমান এনেছিলেন তাঁরা দিলেন সমাজের দরিদ্র জনসাধারণ। তথু আমাদের নবী হয়রত মুহাম্মদ (সা)-ই লন, বরং সক্ষ নবীর প্রথম পর্যায়ের সমর্পক ছিলেন দরিদ্রগণ। তাই নবী করীম (সা) সালমান (রা), মুহায়ব (রা), আয়ার ইবৃন ইয়াসার (রা) অমুখ দরিদ্র সাহাবীর সাথে চলাকেরা ও ওঠাবসা করতেন। মুশরিকগণ যখন জানতে পেল য়ে, সত্য-নবীর চিহ্ন হলো তাঁর সর্বপ্রথম যারা অনুসারী হবে ভারা হবে দরিদ্র। তখন তারা নবী করীম (সা)-এর নিকট থেকে দরিদ্রদের তাড়াবার যড়যন্ত্র করলো। তাই কিছু সংখ্যক সুশরিক লেতা এসে বললো, হে মুহাম্মদা তোমার নিকটে যে সব দরিদ্র লোক আছে তাদের তাড়িরে দাও। কেননা ভাদের সাথে ওঠাবসা করা আমাদের কটি বছির্ভুত। জুমি বন্দি তাদের তাড়িরে দাও তাহলে নেতৃস্থানীয় কুরায়শণণ তোমার ওপর দমান আনবে। তখন আয়াহ ভাজারা এ আয়াহতি নাযিল করেন:

وَلاَ تَطْرُدُ الَّذِيْنَ يَدْعُونَ رَبُّهُمْ بِالْغَدَاوَةِ وَالْعَشِيُّ يُرِيدُونَ وَجُهَهُ .

"যারা তাদের প্রতিপালক আল্লাহকে তার সন্তুষ্টি লাভের জন্য সকাল-সন্ধ্যায় ডাকে ও প্রার্থনা করে: ভাদেরকে তাড়াবেন না।" (স্রা আনজাম : ৫২)

মুশরিকগণ যখন দেখলো যে, কোন প্রকার যড়যন্ত্রের খারা দরিদ্রদেরকে নবী করীম (সা)-প্রর নিকট থেকে সরিয়ে দেয়া যাছে না, তখন তারা বললো, হে মুহাখন! যদি তুমি ওদের ভাড়িয়ে না দাও তা হলে একদিন ওদের জন্য নির্ধারণ কর এবং একদিন আমাদের জন্য নির্ধারণ কর। তখন আল্লাহ্ তা আলা এ আয়াত নাযিল করেন:

وَاصْبِرْ نَفْسَكُ مَعَ الَّذِيْنَ يَدْعُونَ رَبَّهُمْ بِالْغَدَاوَةِ وَالْعَشِيِّ يُرِيْدُونَ وَبَهُمْ بِالْغَدَاوَةِ وَالْعَشِيِّ يُرِيْدُونَ وَجُهَهُ وَلاَ تَعْدُ عَيْنَاكَ عَنْهُمْ تُرِيْدُ زِيْنَةَ ٱلْحَيْوَةِ الدُّنْيَا .

"হে নবীর আপনি নিজেকে ওদের সংসর্গে রাখবেন যারা সকাল ও সন্ধ্যায় ওদির প্রতিপালককে তাঁর সন্তুষ্টি লাভের জন্য ডাকে। পার্থিয জীবনের সৌন্দর্য উপভোগ করার জন্য আপনি তাদের নিকট হতে আপনার দৃষ্টি ফিরিয়ে নিবেন না।" অর্থাৎ দুনিয়াদারগণ আপনার প্রতি ছাকৃষ্ট হবে সে আশা নিয়ে আপনি গরীবদের আপনার নিকট থেকে দূর করে দেবেন না।

قُلِ الْحَقُّ مِنْ رَبِّكُمْ هَمَنْ شَاءَ فَلْيُؤْمِنْ وَمَنْ شَاءَ فَلْيَكُفُرْ .

"যে সত্য আগনি আপনার ঐতিপালকের পক্ষ থেকে পেয়েছেন আপনি তা প্রচার করতে থাকুন। যার ইচ্ছা সে ইমান আনবে এবং যার ইচ্ছা কুফরী করবে।"

(সূরা কাহক : ২১)

অতঃশর আল্লাহ্ তা আলা ধনী দরিদের উদাহরণ শেশ করে বলেন : (اَلُهُمْ مَشَالُا رَجُلَيْنُ আপনি ওদের নিকট একটি উপমা বর্ণনা করুন—দুই ব্যক্তির উপমা। ওদের একজনকে আয়ি দিয়েছিলাম দুটি আঙ্র বাগান এবং এ দুটিকে আমি বেজুরবৃদ্ধারা পরিবেটিত করেছিলাম ও দুয়ের মধ্যবর্তী স্থানকে করেছিলাম শস্যক্ষেত্র। (সূরা কাহ্ফু: ৩২)।

এ সূরায় অন্যর আল্লাহ্ বলেছেন : (اَ اَ الْمَا ال

নবী করীম (সা) যখন মদীনায় হিজরত করলেন, ঐ সকল গরীব লোকও তাঁর সাথে মদীনায় হিজরত করলেন ও মসজিদের চত্বের বসবাস করতে লাগলেন এবং দ্নিয়ার প্রতি তাঁরা অনীহা প্রদর্শন করলেন। মসজিদের চত্বের বাস করতেন বলে তাদেরকে 'আস্হাবুস সৃক্ফা' বা চত্ববাসী বলা হতে লাগল। যখনই কোন গরীব লোক হিজরত করে মদীনায় আসতেন তিনি গিয়ে তাঁদের সাথী হতেন। এভাবে চত্ববাসীদের সংখ্যা দিন দিন বেড়ে যেতে থাকলো। তাঁদের লক্ষ্য ছিল, আল্লাহ্ তা'আলা যে সব নিয়ামত তাঁর অলীদের জন্য তৈরি রেখেছেন সেদিকে এবং তাঁরা তা ঈমানের নৃর্বারা প্রত্যক্ষ করলেন। তাই তাঁরা নিজেদেরকে পার্বিব কোন উপকরণের সাথে জড়িত করলেন না, বরং বললেন: হে আল্লাহ্, আমরা কেবল আপনার দাসত্ব করি, আপনার কাছে নতি স্বীকার করি, সিজদা করি, আপনার কাছে হিদায়াত প্রার্থনা করি, আপনার কাছেই সঠিক পথের সন্ধান চাই। আপনার ওপর ভরসা করি, আপনার যিকরধারা আনন্দ পাই এবং প্রশান্তি লাভ হয়, আপনার জালবাসার ময়দানে আমরা বিচরণ করি, আমাদের যাবতীয় কাজকর্ম আপনার জন্য এবং কখনও আমরা আপনার দরজা পরিত্যাগ করবো না।

তখন আল্লাহ্ তা'আলা তাদের পথ প্রস্তুত করে দিলেন এবং তাঁর রাসূলকে বলে দিলেন—"যারা সকাল-সন্ধ্যায় তাদের প্রতিপালককে ডাকেন তাদেরকে আপনি আপনার

নিকট থেকে দূর করে দেবেন না।" অর্থাৎ বারা সকাল-সন্ধ্যা তথা সারা দিন আল্লাহ্র থিকরে মশগুল থাকে, তাদেরকে আপনি তাড়াবেন না। মসজিল হলো তাদের আশ্রয়স্থল। আল্লাহ্কে পাওরা হলো তাদের উদ্দেশ্য, কুশ্বা তাদের খাদ্য। যখন লোকজন ঘূমিয়ে থাকে তখন জ্লেগে থাকা তাদের তরবারি, দারিদ্য তাদের ঐতিহ্য। নিঃস্থ ও কপর্দকহীনতা তাদের ভূষণ, দৃঢ়তার ঘোড়াকে তারা তাদের মাওলা (অভিভাবক)-এর দরজায় বেঁধে রেখেছে এবং চেহারাকে তারা মুনাজাতের মিহরাবে খুলে দিয়েছে।

দারিদ্য দৃ'থকার। সাধারণভাবে মুমিন-কাম্বির তথা সকল মানুক্ত আয়াত্ত্ব কাছে মুখাপেকী। এ প্রসঙ্গে আয়াত্ত্ তা'আলা বলেছেন:

فِأَيُّهَا النَّاسُ أَنْتُمُ الْفُقَرَاءُ إِلَى اللَّهِ .

"হে মানব জাতি। তোমরা আন্তাহ্ তা আলার কাছে মুবাশেকী এবং দরিদ্র।"

(সূরা ফাডির : ১৫)

বিশেষ অর্থে দরিদ্রতা হলো অধী ও নেককার বান্দাদের বিশেষ বৈশিষ্ট্য। তারা তাদের হাতকে পার্থিব উপকরণ থেকে মুক্ত রাখেন এবং তাদের অন্তর্গতেও তারা দ্নিরার সম্পর্ক থেকে মুক্ত রাখেন এবং কারমনোবাক্যে আপ্রাহ্ তা আর্লার দিকৈ নিবিষ্ট থাকেন।

৫৫. অহংকার ও গৌরব প্রকাশের উদ্দেশ্যে সুঙ্গি, জামা াচ ইত্যাদি পোশাক পারের গোড়ালি পর্যন্ত ঝুলিয়ে দেয়া

আক্লাহ্ তা'আলা বলেছেন :

وَلاَ تُمْشِ فِي الْأَرْضِ مَسرَحًا ، إِنَّ اللَّهُ لاَ يُحبِبُّ كُلُّ مُخْتَالٍ فَخُوْرٍ ،

"উদ্ধৃতভাবে পৃথিবীতে বিচরণ করো না; কারণ আল্লাহ্ কোন উদ্ধৃত অহংকারীকে ভালবাসেন না।" (সূরা সুক্মান: ১৮)

নবী করীম (সা) বলেছেন :

مًا أَسْفَلُ مِنَ الْكَعْبَيْنِ مِنَ الْإِزَارِ فَهُو فِي النَّادِ •

"যে ব্যক্তি পায়ের টাখনু দিরার নিচ পর্যন্ত ঝুলিয়ে সুঙ্গি পরবে, সেটি জাহান্লামে যাবে।" (বুখারী)

নবী করীম (সা) আরও বলেছেন :

لاَ يَنْظُرُ ٱللَّهُ اللِّي مَنْ جَراً إِزَارَهُ بِطُراً .

"আল্লাহ্ তা'আলা ঐ ব্যক্তির দিকে দৃষ্টি দেবেন না যে অহংকার ও গৌরব করে তার দুকি ঝুলিয়ে পরিধান করে।" (বুখারী ও মুসলিম)

নবী করীম (সা) আরও বলেছেন: তিন শ্রেণীর লোকের সাথে আরাই কিয়ামতের দিন কথা বলবেন না এবং তাদের প্রতি দৃষ্টিপাত করবেন না এবং তাদের জন্য কঠিন আযাবের ব্যবস্থা করে রেখেছেন। এরা হলো: ১. যারা লুঙ্গি বা জামা-কাপড় গোড়ালির নিচে ঝুলিয়ে পরে; ২. যারা দান বা উপকার করে খোঁটা দেয় এবং ৩. যারা মিখ্যা কসম দারা পণ্য বিক্রেয় করে।

হাদীসে আর আছে, একবার এক ব্যক্তি অহংকারের সাথে দামী জামা-কাপড় পরে এবং চুন্স আঁচড়িয়ে রাস্তায় বের হলো এবং দক্ষভরে চলতে শুরু করলো। হঠাৎ যমীন ভাকে তলিয়ে নিতে থাকলো । কিয়ামত পর্যন্ত সে তলাতে থাকবে।

হ্যরত উমর (রা) বর্ণনা করেন, রাস্লুক্লাই (সা) বলেছেন :

مَنْ جَرَّ ثَوْبَهُ خَيلاء كَمْ يَنْظُرِ اللَّهُ الِّيهِ يَوْمَ الْقِيامَةِ .

"যে ব্যক্তি তার কাপড় অহংকার সহকারে টানবে, কিয়ামতের দিন আল্লাহ্ তার প্রতি দৃষ্টিপাত করবেন না।" (মালিক, বুখারী ও মুসলিম)

নবী করীম (সা) আরও বলেছেন : লুঙ্গি এবং পাগড়ি নিচের দিকে ঝুণিয়ে দিয়ে পরাকে বলা হয় 'ইসবাল'। যে ব্যক্তি অহংকারবশত তা করবে, কিয়ামতের দিন আল্লাহ্ তা'আলা তার প্রতি দৃষ্টিপাত করবেন না। (আবৃ দাউদ)

নবী করীম (সা) আরও বলেন: মুমিনের জন্য লুঙ্গি পরিধানের নির্ধারিত পস্থা হলো পায়ের নলার অর্ধেক পর্যন্ত পরিধান করা। তবে হাঁটু হতে পায়ের গোড়ালি পর্যন্ত সীমার মধ্যে যে কোন দৈর্ঘ্যে পরা যেতে পারে। এতে কোন প্রকার ক্ষতি বা শুনাহ নেই। কিন্তু টাখনুর নিচে গেলে তা জাহান্লামে যাবে। এ নির্দেশ পায়জামা, লুঙ্গি, পরিধানের যে কোন কাপড়, জুকা এবং জামা সম্পর্কে সমানভাবে প্রযোজ্য। মহান আল্লাহ্র কাছে আমরা এ থেকে আশ্রয় প্রার্থনা করছি।

হ্যরত আবৃ হ্রাররা (রা) বলেন, একবার এক ব্যক্তি টাখনু দিরা পর্যন্ত লুদি ঝুলিয়ে পরে নামায পড়ছিল। রাস্পুলাহ (সা) তাকে বললেন: তুমি দিয়ে দিয়ে ওযু করে এসো। তারপর সে ওযু করে আসলে তিনি আবারও বললেন, তুমি দিয়ে ওযু করে এসো। তখন এক ব্যক্তি বললো, ইয়া রাস্লাল্লাহ (সা) । আপনি তাকে বারবার ওযু করে আসার জন্য কেন বলছেন ? তারপর লোকটি চুপ করলে নবী করীম (সা) বললেন: সে টাখনু দিয়ার নিচে পর্যন্ত লুদি পরে নামায পড়ছিল। যে ব্যক্তি টাখনু দিয়ার নিচে কাগড় পরে নামায পড়ে, আল্লাহ্ তা'আলা তার নামায কবৃল করেন না।

রাস্পুল্লাহ্ (সা) যখন বদদেন, যে ব্যক্তি অহংকার করে টাখনুর নিচে কাপড় ঝুলিয়ে পরবে, কিয়ামভের দিন আল্লাহ্ তার প্রতি দৃষ্টিপাত করবেন না। তখন আবু বকর (রা) বদদেন: ইয়া রাস্পাল্লাহ্ (সা)। আমার লুঙ্গি টিলা হয়ে নিচে নেমে যায়, তবে যদি গিট দিয়ে পরি, তাহদে আর এটা হয় না, এখন বলুন তো আমার কি অবস্থা হবে ? রাস্পুল্লাহ্ (সা) বদদেন: যায়া অহংকার ও গর্ব করে একাজ করে, আপনি তাদের অন্তর্ভুক্ত নন।

হে আল্লাহ্ ! আপনি আমাদের নৈক আমলের তৌঞ্চিক দান করনন।

৫৬. পুরুষের স্বর্ণ ও রেশমী কাপড় পরিধান করা

বুখারী ও মুসলিম শরীফে আছে, রাস্লুদ্রাহ (সা) বলেছেন:

"যে ব্যক্তি দুনিয়াতে রেশমী কাপড় পরিধান করবে সে তা পরকালে পরতে পারবে না।" এ নির্দেশ সামরিক বাহিনীর লোক এবং বেসামরিক লোক তথা সকল পুরুষের জন্য প্রযোজ্য। কেননা নবী করীম (সা) বলেছেন:

"আমার পুরুষ উন্মতের জন্য রেশমী কাপড় এবং স্বর্ণলংকার পরিধান করা হারাম করা হয়েছে।" (ভিরমিয়ী, নাসাই)

হবরত হ্যায়ফা ইবৃন ইয়ামান (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্পুদ্ধাহ্ (সা) আমাদেরকে স্বর্ণ-রৌপ্যের পাত্রে পানাহার করতে নিষেধ করেছেন এবং তিনি আমাদেরকে মিহি রেশমী কাপড় ও মোটা রেশমী কাপড় পরিধান করতে ও তার ওপর বসতে নিষেধ করেছেন। (বৃখারী) অতএব, যে ব্যক্তি রেশমী কাপড় পরিধান করাকে হালাল মনে করবে, সে কাফির হবে। তবে যে সকল লোকের খুজলি বা এ ধরনের রোগ রয়েছে, তাদের জন্য রেশমী বন্ধ পরিধান সম্পর্কে নবী করীম (সা) অনুমতি প্রদান করেছেন।

নবী করীম (সা) যোদ্ধাদেরকে শক্রের সাথে মোকাবেলা করার সময় রেশমী পোশাক পরিধানের অনুমতি প্রদান করেছেন। সৌন্দর্য বৃদ্ধির উদ্দেশ্যে রেশমী কাপড় পরিধান করা পুরুষের জন্য মুসলমানদের নিকট সর্বসন্মতভাবে হারাম। তা কাতান কাপড় হোক বা টুপি হোক, সকল ক্ষেত্রেই একই স্কুম প্রযোজ্য। যদি কোন পোশাকে সূতা এবং রেশম মিশ্রিত হয় এবং রেশমের পরিমাণ বেশি হয়, তবে সে পোশাক পরিধান করা ও হারাম বলে গণ্য হবে। অনুরূপভাবে পুরুষের জন্য স্বর্ণালঙ্কার পরিধান করা এতা আংটি হোক বা শরীর থেকে বিচ্ছিন্ন হোক। যেমন বোতাম বা তরবারির এ। একবার নবী করীম (সা) এক লোকের হাতে একটি আংটি

দেখে তা **খুলিয়ে দিয়ে বললে**ন, তোমাদের কেউ যদি **আন্ত**নের কয়লা হাতে নিতে চাও, তবে এ **আংটি হাতে** ব্যবহার করতে পার। (মুসলিম)

অনুরূপভাবে স্বর্ধের কাব্রুকার্য করা পোশাক বা রেশনী টুপি পরিধান করা পুরুষের জন্য হারাম। শিওদের রেশনী পোশাক পরিধান করা এবং স্বর্ণাশংকার ব্যবহার করা নিয়ে আলিমদের মধ্যে মঞ্চলেদ রয়েছে। একদল মনে করেন যে, শিওদের জন্য এর ব্যবহার জায়েয় । কারণ কোখাও শিওদের জন্য তা নিষেধ করা হয়নি। অপরদল মনে করেন যে, শিওদের জন্যও একাজ হারাম। কারণ নবী করীম (সা) বলেছেন: "রেশম নারীর জন্য হালাল।" অতএব শিওরা এ নিষেধের আওতায় এসে গেছে। এটা ইমাম আহমদ (রা)-এর অভিমত।

মহান আল্লাহ্ আমাদের সে পথে পরিচালিত করুন যাতে তিনি সন্তুষ্ট ও খুনি।

৫৭. ক্রীডদাসের পলায়ন

ইমাম মুসলিম (র) তাঁর সহীহ আল-মুসলিম গ্রন্থে বর্ণনা করেন, রাস্থুরাহ (সা) বলেছেন:

إِذَا أَبُقَ الْعَبْدُ لَمْ تُقْبَلُ لَهُ مَسَادَّةً .

"যখন কোন জীতদাস মালিকের নিকট থেকে পালিয়ে যায়, তখন তার নামায কবুল হয় না।"

নবী করীম (সা) আরও বলেছেন : যে ক্রীডদাস পালিয়ে যায়, আমি ভার দায়িতুমুক্ত হয়ে বাই।"

ইব্ন খুবারমা (র) তাঁর সহীহ গ্রন্থে হবরত ছাবির (রা) থেকে বর্ণনা করেছেন, তিনি বলেন, রাসূল (সা) বলেছেন : তিন ব্যক্তির নামায আল্লাহ্ কবৃল করেন না এবং তাদের নেক আমল আকালে উঠতে পারে না । এরা হলো : ১. পলাতক জীতদাস যে পর্যন্ত সে মালিকের কাছে কিরে না আসে; ২. যে মহিলার বামী তার ওপর অসমুষ্ট যে পর্যন্ত সে তার প্রতি সমুষ্ট না হয় এবং ৩. মাতাল ব্যক্তি যে পর্যন্ত সে সুস্থ না হয় ।

মুদালা ইব্ন উবায়দ (র) বর্ধনা করেন, নবী করীম (সা) বলেছেন: তিন ব্যক্তি সম্পর্কে কিছুই জিল্ঞাসাবাদ করা হবে না। তারা হলো: ১. যে ব্যক্তি জামা আত বা দল খেকে বিভিন্ন হরে ইমামের অবাধ্য অবস্থায় রয়েছে; ২. যে গোলাম পালিয়ে নিয়ে বলাভক অবস্থার মারা গেছে এবং ৩. যে মহিলার স্থামী মারা গেছে কিছু তার খরতের সামর্ধ্য রেখে গেছে। ভারপরও এ মহিলা জাহিলী যুগের মহিলাদের মত সেজেওজে বেশর্দা অবস্থায় বাইরে বোরাফেরা করে।

জাহিলী বুদ বলতে হ্যরত ঈসা (আ)-এর ইন্তিকাল এবং হ্যরত মুহামাদ (সা)-এর জনুলাতের স্থাবর্তী সময়কে বুঝায়। (ইব্ন হিব্যান)

৫৮. মহান আল্লাহ্ ব্যতীত অন্য কারো উদ্দেশ্যে যবেহ করা

যারা যবেই করার সময় বলে শয়তানের নামে, মূর্তির নামে বা অমুক পীর সাহেবের নামে তব্দ করছি, তাদের যবেহ আল্লাহ্ ব্যক্তীত অন্যের উদ্দেশ্যে বলে গণ্য হয়। আল্লাহ্ তা'আলা বলেছেন:

وَلاَ تَأْكُلُوا مِمَّا لَمْ يُذْكُرِ اسْمُ اللَّهِ عَلَيْهِ .

"যে সব জস্তু যবৈহকালে আল্লাহ্র নাম উচ্চারণ করা হয়নি, তোমরা তা খেও না।" (সূরা আন আম : ১২১)

হযরত ইব্ন আব্বাস (রা) বলেছেন, আয়াডের অর্থ হলো মৃত পত এবং যে পত গলাটিপে মারা হয়েছে তা তোমরা খেও না।

আল্লাহ্ তা'আলা আরও বলেছেন : وَمَا ذُبِحَ عَلَى النُّمنُبِ "यে পতকে পূজার বেদীতে যবেহ করা হয়েছে তোমরা তা বৈও না।"

কালবী (র) বলেছেন, এর অর্থ হলো—যে পও যবেহ করার সময় আল্লাহ্র নাম নেয়া হয়নি অথবা আল্লাহ্ ছাড়া অন্য কারো উদ্দেশ্যে যবেহ করা হয়েছে, তোমরা তা খেও না। আতা (র) বলেছেন, এ আয়াতে কুরায়ল এবং আরবের অন্যান্য সম্প্রদায় যে সমন্ত প্রতিমার উদ্দেশ্যে পূজার বেদীতে পও যবেহ করত, তা খেতে নিষেধ করা হয়েছে। (المَا الْمُعَالَى "কেননা তা খাওয়া ফাসেকী।" অর্থাৎ আল্লাহ্র নাম না নিয়ে যবেহকৃত পর্ত তা মৃত হোক বা যবেহ করাই হোক, তা খাওয়া ফিসক বা পাপের কাজ, যা করলে দীন ইসলাম থেকে বিচ্যুতি ঘটে।

তার বিশ্বর শার্থী নির্দ্ধিন নির্দ্ধিন নির্দ্ধিন নির্দ্ধিন নির্দ্ধিন নির্দ্ধিন নির্দ্ধিন নির্দ্ধিন তার বন্ধদের তোমাদের সাথে বিবাদ করতে প্ররোচনা দেয়।" অর্থাৎ শয়তান তার বন্ধদের ক্ময়ণা দেয় এবং তাদের মনকে বাতিল পছায় ঝগড়া বাধাতে উছুদ্ধ করে। আর তাহলো মুশরিকরা মুমিনদের সাথে মৃত জল্প খাওয়া নিয়ে বিতর্কে অবতীর্ণ হয়। ইব্ন আব্যাস (রা) বলেছেন, শয়তান তার মানুষ বন্ধদের এই বলে কুমন্ত্রণা দেয় যে, এমন বস্তুর উপাসনা তোমরা কি করে করবে, যে বস্তু নিজেরা বধ করলে খাও কিন্তু

মৃত অবস্থায় পেলে আর তা খাও না । অতঃপর আল্লাহ তা আলা এ আয়াত নাযিল করলেন করেলন বিশ্বিত করেলেন বিশ্বিত তালের অনুসরণ করে মৃত পশুকে হালাল মনে করে ভক্ষণ করো" (ادْكُمُ الْمُحَدُّرُونُ) "তাহলে তোমরা মুশরিক হঁয়ে যাবে।" যুজাজ (রা) বলেন, এ আয়াত ধারা প্রমাণিত হয় যে, আল্লাহ তা আলা যা হারাম করেছেন, তা যদি কেউ হালাল মনে করে এবং যা তিনি হালাল করেছেন তা হারাম মনে করে, তবে সে মুশরিক হয়ে যাবে।

যদি কেউ প্রশ্ন করে, এ আয়াতঘারা সুস্পষ্টভাবে বোঝা যায় যে, যবেহ করার সময় 'বিসমিল্লাহ্' বলা না হলে তা খাওয়া হারাম হয়ে যায় কিন্তু কোন মুসলমান যদি ভূলক্রমে 'বিসমিল্লাহ্' না পড়ে যবেহ করে, সে পত খাওয়া হালাল হবে কি করে ? এ প্রশ্নের উত্তরে আমি বলব, এখানে যা বলা হয়েছে তা মৃত পত সম্বন্ধে, মুসলমানের যবেহকৃত পশু সম্পর্কে নর। এটা সকল মুফাসসিরেরই অভিমত। এ হাদীস হতে যা বোঝা যায় তাহলো সাজবিক মৃত পশু হারাম এবং কোন মুসলমান ভুল করে আল্লাহ্র নাম না নিলে তা হালাল। এ আয়াতে এমন কিছু প্রমাণ আছে যা প্রমাণ করে যে, এ আয়াত ওধু মৃত পতকে হারাম হওয়া বুঝানো হয়েছে। যেমন আল্লাহ্ তা আলা বলেছেন (وَاتُ لَفِسُون) "তা অবশ্যই পাপ।" বিসমিল্লাহ্ না বলে কোন মুসলমান যে যবেহ করে তা ভক্ষণকারী তো কোন পাপ করে না। অনুরূপভাবে আল্লাহ্র বাণী—(الشُّيْطَانَ لَيُوْحُونَ إلى أَوْلِيَانِهِمْ لِيُجَادِلُوكُمْ)—বাণী তার বন্ধদের তোমাদের সাথে বিবাদ করতে প্ররোচিত করে।" সকল মুফাস্সির বলেছেন, মুশরিকদের সাথে মুসলমানদের বিতর্ক ছিল মৃত জল্পু খাওয়া নিয়ে, কোন মুসলমানের বিসমিল্লার্ ছাড়া যবেহকৃত পশু নিয়ে নয়। আর আল্লার্ তা আলার বাণী ঃ यित (وَإِنْ أَطَعْتُمُوْهُمُ إِنَّكُمْ لَمُشْرِكُونَ) "यित (وَإِنْ أَطَعْتُمُوْهُمُ إِنَّكُمْ لَمُشْرِكُونَ) মেনে চল, তাহলে তোমরা মুশরিক বা অংশীবাদী হবে।" মৃত জন্তু খাওয়াকে হালাল মনে করলে শির্ক হয় কিন্তু বিসমিল্লাহ্ না বলে যবেহকরা জন্তু খেলে শির্ক হয় না। অতএব, আয়াতে বর্ণিত বক্তব্যহারাও প্রমাণিত হলো যে, বিসমিন্নাহ্ ভুলক্রমে না বলে যবেহ কর**লে** তা খাওয়া জায়েয।

আবু মানসূর (র) হয়রত আবৃ হরায়রা (রা) সূত্রে বর্ণনা করেন, তিনি বলেছেন রাস্পুলাহ (সা)-কে এক ব্যক্তি জিজ্ঞেস করলো, যদি কোন মুসলমান যবেহ করার সময় আল্লাহ্র নাম নিতে ভূলে যায় তবে তা খাওয়া কি জায়েয হবে ৷ তখন নবী করীম (সা) বলেন : السُمُ اللَّهِ عَلَىٰ هُمْ كُلِّ مُسْلِي "আল্লাহ্র নাম প্রত্যেক মুসলমানের মুখে থাকে।"

আবৃ মানসুর সূত্র সহকারে ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণনা করেছেন, নবী করীম (সা) বলেছেন: যবেহ করার পূর্বে বিসমিয়াত্ব বলতে মনে না থাকলে যবেহ করার সময় বিসমিয়াত্ব বললে চলবে এবং আল্লাহ্র নাম নিয়ে তা খাবে।

আমর ইবৃন আবৃ আমর (র) সূত্র সহকারে হযরত আয়েশা (রা) থেকে বর্ণনা করেন যে, একদল লোক রাস্লুরাই (সা)-কে জিজ্ঞেস করলো, ইয়া রাস্লারাই (সা)! লোকেরা আমাদের নিকট গোশত নিয়ে আসে, আমরা জানি না যে, যবেহ করার সময় তারা বিসমিল্লাই পড়েছে কি না ? রাস্লুরাই (সা) বললেন, "তোমরা প্রথমে বিসমিল্লাই পড়ে নেবে, তারপর খাবে।" এ হলো ওয়াহিদী (র)-এর শেষ কথা। ইতিপূর্বেও উল্লেখ করা হয়েছে, নবী করীম (সা) বলেছেন : আল্লাই ছাড়া অন্যের নামে যে যবেহ করে, আল্লাই তার ওপর অভিশাপ করেন।

৫৯. বে পিতা নয় তাকে জেনে-খনে পিতা বলে পরিচয় দেয়া

সা'দ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্ল্রাহ্ (সা) বলেছেন:

ন ادعى الى غير ابيه وهو يعلم انه غير ابيه فالجنة عليه حرام "যে ব্যক্তি জেনেজনে এমন ব্যক্তিকে পিতা বলে পরিচয় দেয় যে ভার প্রকৃতি পিতা নয়, তার জন্য জান্নাত হারাম।" (বুখারী)

ह्यबंध खांबू ह्वांब्रता (ता) त्यत्क वर्षिध खांख्ड त्व, नवी क्वीम (ता) वत्त्व्यः : لاَ تَرْغَبُواْ عَنْ أَبَائِكُمْ فَمَنْ رَغِبَ عَنْ أَبِيْهِ فَهُو كَافِرْ .

"তোমরা তোমাদের পির্তাকে অধীকার করো না এবং তাদের প্রতি বিমুখতা প্রদর্শন করো না। যে ব্যক্তি তার পিতাকে অধীকার করবে বা পিতা বিমুখতা প্রদর্শন করবে, সে কাফির।" (বুখারী)

হাদীস শরীফে আরও আছে যে, যে ব্যক্তি তার পিতাকে বাদ দিয়ে অন্য কাউকে পিতা বলে পরিচয় দেবে, তার ওপর আল্লাহ্র অভিশাপ বর্ষিত হবে। হযরত যায়দ ইব্দ ওরায়ক (রা) বলেন, একবার আমি হয়রত আলী (রা)-কে মঞ্চে উপবিষ্ট হয়ে বন্ধৃতা (খুতবা) দিতে দেখলাম। অভঃপর আমি তাঁকে বলতে তনলাম: আল্লাহ্র কসম। আমাদের কাছে কিতাবৃল্লাহ্ অর্থাৎ ক্রআন মন্ত্রীদ ছাড়া পড়ার মত অন্য কোন গ্রন্থ এবং যা এই সহীক্ষার মধ্যে আছে তাও অনুসরণীয়। তারপর তিনি ঐ সহীক্ষা খুললে দেখতে পেলাম যে, এতে রয়েছে কিছু সংখ্যক উটের দাঁত এবং তাতে কিছু সংখ্যক হাদীস। যাতে রাস্বুল্লাহ্ (সা) বলেছেন: ঈর খেকে সাওর পর্যন্ত মদীনার যে বিস্তীর্ণ অংশ রয়েছে, এটা সন্মানের বন্ধ। যে ব্যক্তি এখানে কোন নতুন পদ্ধতি বা কাজের প্রবর্তন করবে যা ইসলামের পরিপদ্ধি বা বিদআতীকে স্থান দেবে, তার ওপর আল্লাহ্, কেরেশতাগণ ও সমস্ত মানুবের অভিশাপ বর্ষিত হবে। কিয়ামতের দিন আল্লাহ্ তা আলা তার কোন নেক আমলই কব্ল করবেন না। আর যে ব্যক্তি এমন লোককে অভিভাবক বলে পরিচয় দেবে যে তার প্রকৃত অভিভাবক নয়, তারও কোন নেক আমল আল্লাহ্ কব্ল করবেন না এবং মুসলমানদের দায়িত্ব একই।" (বুখারী)

হয়রত আবু যর (রা) খেকে বর্ণিত আছে। তিনি রাস্প্রাছ (সা)-কে বলতে জনেছেন "যে, যে ব্যক্তি এমন লোককে তার পিতা বলে পরিচয় দেবে যে তার প্রকৃত পিতা নয়, তবে সে কাফির হবে। এবং যে ব্যক্তি যা তার নয় তা তার বলে দাবি করবে, সে আমাদের দলভুক্ত নয় এবং সে যেন তার স্থান জাহান্লামে খুঁজে নয়। আর যে ব্যক্তি এমন কোন লোককে কাফির বলবে যে মূলত কাফির নয় বা কাউকে 'হে আল্লাহ্র দুশমন' বলে সংখাধন করবে অধচ সে আল্লাহ্র শক্র নয়, তবে তা তার ওপরই বর্তাবে।" (মুস্লিম)

৬০. ৰাগড়া, আত্মন্তবিতা ও বিতরা

আল্লাহ্ তা'আলা বলেন:

وَمِنَ النَّاسِ مَنْ يُعْجِبُكَ قَوْلُهُ فِي الْحَيْقَةَ الدُّنْيَا وَيُشْهِدُ اللَّهُ عَلَى مَا فِي مَا فَي قَلْبُهِ وَهُو اَلَدُّ الْخِصَامِ . وَاذَا تَوَلَّي سَعْنَ فِي الْأَرْضِ لَيُعْسِدُ فَيْهَا وَيُهُلِكَ الْحَرْثَ وَالْنُسُلُ وَاللَّهُ لَا يُحِبُّ إِلْفَسَادُ .

"মানুষের মধ্যে এমন শোক আছে যার পার্ধির জীবনের কথাবার্তা আপনাকে মোহিত করে এবং তার জন্তরে যা আছে সে সহজে সে আক্লাহকে সান্দী রাখে। কিছু আসলে সে আপনার ঘোর বিরোধী। আর যখন সে আপনার নিকট থেকে প্রস্থান করে, তখন সে পৃথিবীতে অশান্তি সৃষ্টি করে এবং শস্যাক্ষেত্র ও জীব-জন্থুর বংশ নিপাতের চেষ্টাকরে।আক্লাহু অশান্তি পছন করেন না।" (স্রা বাকারা: ২০৪- ২০৫)

এখানে মিরা, জিদাল ও খুসুমতের নিন্দা করা হয়েছে। ছজাতুল ইসলাম ইমাম গাযালী (র) বলেছেন: কাউকে হেয় ও ছোট করার উদ্দেশ্য নিয়ে এবং নিজের শ্রেষ্ঠত্ব প্রমাণের জন্য তার কথার মধ্যে দোষ-ক্রটি বৌল্ল করাকে "মিরা' বলে। কোন মতবাদ প্রচার ও প্রজিষ্ঠা করার নাম 'জিদাল'। আর অর্থের জন্য বা অন্য কোন উদ্দেশ্য হাসিলের জন্য জোর দাবি জানানোকে কলা হয় 'য়ুসুয়ত'। ইমাম নববী (র) বলেছেন, জিদাল দু'ভাবে হতে পারে। কখনো হকের জন্য, আবার কখনও বাতিলের জন্য। যেমন আল্লাহ তা'আলা বলেন:

وَلاَ تُجَادِلُوا أَهْلَ الْكِتَابِ إِلاَّ بِبَالَّتِي هِي أَحْسَنُ :

"তোমরা সত্য প্রতিষ্ঠার উদ্দেশ্য ছাড়া অন্য কোন উদ্দেশ্যে আহলে কিতাবের সাথে তর্ক-বিতর্কে শিশু হবে না।" (সূরা আনকাবৃত: ৪৬)

আল্লাহ্ তা আলা অপর এক স্থানে বলেছেন:

وَجَادِلْهُمْ بِالَّتِيْ هِيِّ أَحْسَنُ .

"সুব্দর ও সৌজন্যমূলকভাবে এবং যুক্তিসহকারে তাদের সাথে প্রতিবাদ করুন।" (স্রা নাহল : ১২৫)

আক্লাহ্ তা'আলা আরো বলেছেন :

مًا يُجَادلُ فِي أَيَاتِ اللَّهِ إِلاَّ الَّذِيْنَ كَفَرُوا .

"কাফির ছাড়া অন্য কেউ আল্লাহ্র আয়াতসমূহের ব্যাপারে প্রতিবাদ করে না।" (সুরা মুমিন : ৪) উদ্ধেষিত আরাজসমূহধারা প্রমাণিত হলো যে, জিদাল বা প্রতিবাদ সত্য ও অসত্য উত্যা ক্ষেত্রেই হছে, পারে। যদি তা সত্যে উপনীত হওয়া এবং সভ্য প্রতিষ্ঠার জন্য হয় তবে তা প্রশংসনীয়, আর যদি তা সত্যকে প্রতিরোধ করার জন্য হয় অথবা অজ্ঞতার কারণে হয়, তাহলে তা হবে নিন্দনীয়। সে জন্য আয়াতসমূহে কোনটিকে অনুমোদন আবার কোনটিকে নিন্দা করা হয়েছে। মুজাদিলা ও জিদাল উত্য সমার্থবোধক। কোন কোন বুয়র্গ বলৈছেন, ঝগড়া ও প্রতিবাদের মত দীনকে ধ্বংসকারী, মানবতা বিরোধী এবং অন্তরকে শিশু রাখার ভূমিকার অন্য কিছুকে আমি এতটা মারাজক মনে করি না।

এখন প্রশ্ন হলো হক আদায়ের জন্য যে প্রতিবাদ বা খুস্মতের প্রয়োজন হয়ে পড়ে তা কি জায়েয হবে। এ প্রশ্নের জবাবের জন্য ইমাম গায়াপী (র)-এর উপরিউভ অভিমতই যথেষ্ট। যে খুস্মত বা প্রতিবাদের বিরোধিতা করা হয়েছে, তা হলো বাতিলের জন্য প্রতিবাদ করা এবং অজ্ঞতার কারণে প্রতিবাদ করা ও ঝগড়া করা। যেমন উকিশগণ বিচারের জন্য এবং ঘটনা উদঘাটনের জন্য জেরা করে থাকেন। যে ব্যক্তি নিজের অধিকার প্রতিষ্ঠার জন্য অপ্রয়োজনীয় এবং অনর্থক ভাষা প্রয়োগ করবে, সেও এ নিন্দার অন্তর্ভুক্ত হবে। অনেক সময় প্রতিবাদকারীকে পরাজিত করার জন্য অনেকে অহেতুক চড়া কথা বলে থাকে এবং এমন কথা বলে কট দেয় যা না বলেও নিজের হক আদায় করা যেত, এ ধরনের প্রতিবাদ দ্যনীয়। কিছু যে ব্যক্তি জত্যাচারিত সে যদি শরীআতের অনুমোদিত গত্তির মধ্যে থেকে প্রতিবাদ করে এবং সীমালহঘন, গোঁড়ামি ও মনে কট্ট না দিয়ে নিজের দাবি প্রতিষ্ঠার জন্য প্রতিবাদে পিত্ত হয়, তা অবৈধ নয়। তবে তাও পরিত্যাগ করা উত্তম। কারণ প্রতিবাদ করার সময় ন্যায়ের সীমার মধ্যে থাকা অত্যন্ত কঠিন। প্রতিবাদ করতে গিয়ে মানুষ জেনধানিত হয়ে পড়ে যা দমন করা অসাধ্য হয়ে দাঁড়ায় এবং ক্রোধ হলেই শক্রতা বৃদ্ধি গায় আর তর্ক-বিতর্ক করতে গেলেই নানা ধরনের অসুবিধার সৃষ্টি হয়।

ভিরমিয়ী শরীফে আছে। হয়রত ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন,

রাস্লুক্মাহ্ (সা) বলেছেন :

كُفِّي بِكَ اِثْمًا أَنْ لاَ تَزَالَ مُخْصَمًا .

"তুমি যদি কেবল প্রতিবাদ করতে থাক, তবে পাপের জন্যে এটাই যথেষ্ট।" হযরত আলী (রা) বলেছেন, কিন্দু দিন্দু ক্রিটি ট্রা "বাগড়া-বিবাদ ধাংসের কারণ।"

পরিচ্ছেদ

হ্যরত আবৃ হ্রায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুয়াহ্ (সা) বলেছেন : যে ব্যক্তি অজ্ঞতাবশত বিতর্কে লিও হবে, সে তা থেকে বিরত না হওয়া পর্যন্ত আল্লাহ্র অসম্ভৃত্তির মধ্যে থাকবে। হযরত আবৃ উমামা (রা) বর্ণনা করেন্, রাস্লুয়াহ্ (সা) বলেছেন: ঝগড়া-বিবাদ ছাড়া অন্য কোন কারণে হিদারাত লাভের পর কোন গোত্র ধাংস হরনি। তারপর নবী করীম (সা) কুরআন মজীদের এ আরাভটি তিলাওরাত করলেন:

مَا ضُرَبُوهُ لَكَ الْأَجُدُلا . الاية

"তারা বলে, আমাদের দেবতাগুলো প্রেষ্ঠ না ঈসা \hat{x} এরা ওধু বাক-বিভগ্তার উদ্দেশ্যেই আপনাকে একথা বলে। বস্তুত এরাতো এক বিতপ্তকারী সম্প্রদায়।"

(স্রা যুখরক: ৫৮)

নবী করীম (সা) বলেছেন: আমি ভোমাদের ব্যাপারে যে বিষয়ের আশংকা করছি, তার মধ্যে স্বচেয়ে মারাছক হলো আলিমদের পদক্রণন, মুনাফিকদের বাদ্প্রতিবাদ কুরআনের ব্যাখ্যা নিয়ে এবং দুনিয়ার লোভ-লালসা বা তোমাদের ঘাড় মটকিয়ে দেবে [ইব্ন উময় (রা)]। নবী করীম (সা) আরও বলেছেন যে, কুরআন নিয়ে অগড়া-বিবাদ কুফরীয় কাজ।

পরিচ্ছেদ

অধিক পরিমাণে ঠাটা-বিদ্ধপর্যাক কথা বলা, মাত্রাতিরিক্ত অলংকার প্রয়োগ ও অহেতুক বাগাড়ন্দর করাও মাকরহ। কথা বলার সময় এমন শব্দ ও ভাষা প্রয়োগ করা উচিত বা সহজ্ঞ-সরল ও সাধারণভাবে বোধগম্য। এবং বলামাত্রই যেন সর্বসাধারণের বোধগম্য হয়।

তিরমিয়ী শরীকে আছে, রাস্পুদার (সা) বলেছেন : আল্লার্ তা'আলা সেসব বাকপটু লোকদের শছন করেন না যারা গরুর মত জাবর কাটে।

তিরমিয়া শরীকে আছে, হয়রত জাবির (রা) বর্ণনা করেন, রাস্লুলাহ (সা) বলেছেন: ভোমাদের মধ্যে যার চরিত্র উন্তম সে হবে কিয়ামতের দিন আমার কাছে প্রিয় এবং অবস্থানের দিক থেকে নিকটবর্তী। আর তোমাদের মধ্য থেকে তারাই আমার নিকট অপ্রিয় ও অবস্থানের দিক থেকে দূরবর্তী যারা বাচাল, মাত্রাতিরিন্ত ও লাগামহীনভাবে কথা বলে এবং অহংকারী।

শারণীয় যে, সৃন্দর সৃন্দর শব্দ প্ররোগের মাধ্যমে বক্তৃতা ও ওয়ায করা কোন প্রকার নিন্দনীয় কাজ নয় যদি তা অহেতুক শব্দ প্রয়োগ ও দুর্গন্ত শব্দ ও সৃন্দ বিষয়ের সমাহারমুক্ত হয় এবং এর উদ্দেশ্য হয় ভাষা ও শব্দের ঝংকারে মনকে আল্লাহ্র আনুগত্যের দিকে ধাবিত করা।

হে আল্লাহ্। আপনার মুনাজাতের বাদ আমাদের উপভোগের সুযোগ দান করুন, আপনার সন্তুষ্টির পথে পরিচালিত করুন, যে সব কাজ আপনার থেকে দূরে সরিয়ে দেয় তা আমাদের জন্য কঠিন করে দিন। মুমিনদের জন্য যা সহজ্ঞ করেছেন তা আমাদের জন্যেও সহজ্ঞ কর দিন এবং আমাদেরকে, আমাদের পিতামাতা ও সকল মুসলমানকে ক্ষমা করুন।

৬১. প্রয়োজনের অভিরিক্ত পানি অন্যকে না দেওরা

আলাহু তা আলা বলেন:

قُلُ أَرَ أَيْتُمْ إِنْ لَصَبْحَ مَازُّكُمْ غَوْرًا فَمَنْ يُلْتِيكُمْ بِمَاءٍ مُعِيْنٍ ،

"বল, তোমরা ভেবে দেখেছ কি, যদি পানি ভূগর্ভে তোমাদের নান্দালের বাইরে চলে যায় তবে কে তোমাদের এনে দেবে প্রবহমান পানি ?" (সূরা মূল্ক : ৩০)

নবী করীম (সা) বলেছেন: তোমরা নিজের প্রয়োজনের অভিরিক্ত পানি বন্ধ করে রাখবে না, তাতে সার্বিকভাবে উৎপাদন ব্যাহত হবে। এবং ঘাস ও কসল উৎপাদন কমে বাবে।

নবী করীম (সা) আরও বলেছেন: বে ব্যক্তি প্রয়োজনের অতিরিক্ত পানি এবং প্রয়োজনের অতিরিক্ত ঘাস থেকে অন্যকে বঞ্চিত করবে, কিয়ামতের দিন আল্লাহ্ তা'আলা তাকে তাঁর অনুশ্রহ হতে বঞ্চিত করবেন। (আহমদ)

রাস্পুয়াত্ (সা) বলেছেন: আল্লাত্ব তা'আলা কিয়ামতের দিন ভিন প্রকার লোকের সাথে কথা বলবেন না, তাদের প্রতি দৃষ্টিপাত করবেন না, তাদের শুনাহ থেকে পবিত্র করবেন না এবং তাদের জন্য কউদায়ক কঠিন শান্তি প্রভূত করে রেখেছেন। তারা হলো—১. যে ব্যক্তির সরুপ্রান্তরে প্ররোজনের অতিরিক্ত শানি আছে কিন্তু সে তা মুসাক্ষিরদের দেয় না; ২. এমন ব্যক্তি যে পার্থিব বার্থ উদ্ধারের জন্য কোন ইমামের আনুসত্য ঘোষণা করেছে। যদি ইমাম তাকে তার বার্থ দের, তবে সে তার সাথে সহযোগিতা করে আর যদি সে ইমাম তার বার্থ না দেয়, তবে সে অসহযোগিতা করে এবং ত. ঐ ব্যক্তি যে মিখ্যা কসম করে বলে যে, আমি এ পণ্য এত টাকায় ক্রয় করেছি অবচ সে তা সে মূল্যে ক্রয় করেনি। তারপর তা শপথের মাধ্যমে অধিক মূল্যে বিক্রি করে।"

বুখারীর রিওয়ায়াতে অতিরিক্ত আছে যে, যে ব্যক্তি দুনিয়াতে তার প্রয়োজনের অতিরিক্ত পানি থেকে বঞ্চিত করেছে, কিয়ামতের দিন আল্লাহ্ তা'আলা বলবেন, "আজ আমি আমার অনুগ্রহ থেকে তোমাকে বঞ্চিত করব, যেমনটি তুমি বঞ্চিত করেছিলে তোমার প্রয়োজনের অতিরিক্ত এমন জিনিস থেকে যা তোমার প্রচেষ্টায় সৃষ্টি করনি।"

৬২ মাপে এবং ওছনে কম দেওয়া

আল্লাহ্ তা আলা বলেন : وَيُلُّ الْمُمَافِّ مَا يُنْ "याता মাপে ওজনে কম দিয়ে মানুষের হক নষ্ট করে তাদের জন্য বড়ই আক্ষেপ।" الدُّيْنَ اذَا اكْسَتَسَالُوْا عَلَى "याता लाकप्तत निक्ष (प्रक्ष গ্রহণ করার সময় পূর্ণ মাত্রায় প্রহণ করে।"

युक्तिक (র) বলেন, এর অর্থ হলো চুক্তির সময় মেপে নিবে না ওজন করে নিবে ভা উল্লেখ করে না কিন্তু প্রইণ করার সময় মেপে নেয় এবং বেশি গ্রহণ করে। কেননা কর-বিক্ররের ক্ষেত্রে দু টোই সমানভাবে প্রযোজ্য وَاذَا كَالُواْهُمُ أَوْ وَزَنُواْهُمُ "यখন অন্যের জন্য মাপে বা ওজন করে দেয়, তখন কম করে দেয়।"
(সূরা মৃতাকিক্টীন : ১-৩)

সৃদী (র) বলেন, নবী করীম (সা) যখন হিজরত করে মদীনায় আসলেন তখন তিনি আবৃ জুহায়না নামে এক ব্যক্তি সম্পর্কে জানতে পারলেন যে, সে দৃ'ধরনের বাটখারা রাখে। এর একটিকে সে ক্রয়ের সময় ব্যবহার করে বেশি গ্রহণ করে এবং অপরটি ব্যবহার করে মাপে কম দেয়ার জন্য বিক্রয়ের সময়। তখন আল্লাহ্ তা'আলা এ আয়াভঙলো অবতীর্ণ করেন।

হযরত ইব্ন আব্যাস (রা) থেকে বর্ণিত আছে। তিনি বলেন, রাস্লুলাহ (সা) বলেছেন: পাঁচের পরিবর্তে পাঁচ। সাহাবীগণ বললেন, ইয়া রাস্লালাফ্ (সা)। পাঁচের পরিবর্তে পাঁচ মানে কি । তিনি বললেন: যে জাতি ওয়াদা ভঙ্গ করে, আলাহ তাদের উপর তাদের শক্রদের বিজয়ী করে দেন। যারা আলাহ্র দেয়া বিধান (আল-কুরআন) অনুযায়ী ক্ষয়সালা করে না, তাদের মধ্যে অভাব-অনটন এবং দারিদ্রা দেখা দেয়, যে সম্প্রদায়ের মধ্যে অল্লীলভা ও ব্যভিচার দেখা দেয়, আলাহ্ তাদের উপর মহামারী বা মড়ক প্রেরণ করেন। যারা মাপে বা ওজনে কম দেয়, তাদের ফসল উৎপাদন কমে যার এবং দূর্ভিক্ষ দেখা দেয় আর যারা যাকাত দেয়া বন্ধ করে দেয়, আলাহ্ তাদের উপর বৃষ্টি হওয়া বন্ধ করে দেন। (তাবারানী)

অাল্লাহ্ তা আলা বলেন:

اللَّا يَظُنُّ أُولْشِكَ انتَّهُمْ مَبْعُونُونَ .

"ওরা কি চিন্তা করে না যে, ওরা পুনরুখিত হবে।" (সূরা মুতাফ্ফিফীন : ৪)

युकाख (র) বলেন, এর অর্থ হলো বদি তারা তা বিশ্বাস করতো তবে তারা মাপে বা ওজনে কম দিত না (لَيَوْمُ عَظَيْمُ النَّاسُ) "মহা দিনে" অর্থাৎ কিয়ামতের দিনে। (يَوْمُ يَقُومُ النَّاسُ) "সেদিন সমন্ত মানুষ তাদের কবর থেকে ওঠবে।" (لِرَبِّ الْعَالَمِيْنَ) "বিশ্ব জগতের প্রতিপালকের সমূবে।"

(সূরা মুতাক্ষিফীন : ৬)

মালিক ইব্ন দীনার (র) বলেন। আমি আমার এক মৃত্যুপথের বাত্রীর প্রতিবেশীর বাড়ি গিয়ে দেখলাম যে, দে কেবল বলছে— দুটি আগুনের পাহাড়। আমি বললাম, তুমি এসব কি বলছ? সে বললো, হে আবু ইয়াহইয়া! আমার দুটি বাটখারা ছিল। এর একটি দিয়ে আমি গ্রহণ করতাম অর্থাৎ ক্রয় করতাম এবং অপরটি দিয়ে অন্যকে দিতাম অর্থাৎ বিক্রয় করতাম। মালিক ইব্ন দীনার বলেন, তারপর আমি উঠে একটির সাথে অপরটি আঘাত করে ভেঙে ফেললাম। তখন সে বললো, হে আবু ইয়াহইয়া! তুমি যখন একটির সাথে অপরটি আঘাত করে ভেঙে ফেললে তখন ব্যাপারটি আরও ছটিল আকার ধারণ করলো। তারপর সে ঐ রোগে মারা গেল।

মৃতাক্ষিক (মাপে কম দানকারী) বলতে ঐ লোককে বুঝায়, যে পরিমাপে বা ধজনে কম দেয়। যেহেতু এভাবে যা চুরি করা বা আজ্মাৎ করা হয় তা অতি সামান্য বস্তু। তাই এ কাজ যে করে, তাকে বলে মৃতাক্ষিক। এটা এক ধরনের চুরি, আত্মসাৎ এবং হারাম খাওয়ার নামান্তর। তাই আল্লাহ্ তা'আলা এ জন্য শান্তির ভয় প্রদর্শন করেছেন। কেউ কেউ মনে করে যে, ওয়ায়ল হলো জাহান্নামের একটি উপত্যকা। যদি তার মধ্যে দুনিয়ার পাহাড়-পর্বতশুলো নিক্ষেপ করা হয় তাহলে জাহান্নামের গরমে তা গলে যাবে।

কোন এক বুষর্গ বলেছেন, আমি সান্ধী হয়ে বলতে পারি যে, সকল পরিমাপকারী জাহান্নামে যাবে। কেবল ভারা নয়, যাদের আল্লাহ্ রক্ষা করেন।

অপর এক বৃষর্গ বলেছেন, একবার আমি এক মরণাপন্ন রোগীকে দেখতে গোলাম এবং আমি তাকে কালেমায়ে শাহাদাত পড়াতে চেষ্টা করলাম। কিন্তু দে বলতে পারলো না। তার সংজ্ঞা ফিরে আসার পর আমি বললাম, হে ভাই! আমি তোমাকে কালেমায়ে শাহাদত পড়াতে চাইলাম কিন্তু তুমি কেন তা পড়তে পারলে না। সে বললো, আমার জিহবার উপর দাঁড়িপাল্লা ধরার হাতল স্থাপিত হওয়ায় আমি আর কথা বলতে পারছিলাম না। অতঃপর আমি তাকে বললাম, আল্লাহ্র কসম! তুমি কি মাপে কম দিতে ? সে বললো, আল্লাহ্র কসম! আমি তা করতাম না। কিন্তু পাল্লার মাপ ঠিক হয়েছে কিনা তা পরীক্ষা করার পূর্বেই নামিয়ে ফেলতাম। সূতরাং মাপ ঠিক হয়েছে কিনা তা পরখ না করার জন্য যদি এ শান্তি হয়, তবে যারা মাপে কম দেয় তাদের কি অবস্থা হবে ?

হবরত নাকে (র) বলেন, ইব্ন উমর (রা) দোকানদার ও বিক্রেভাদের পাশ দিরে যেতে যেতে বলতেন, আল্লাহ্কে ভর করো এবং সঠিকভাবে পরিমাপ করো। কেননা যারা মাপে কম দেবে তারা কিয়ামতের ময়দানে দাঁড়িয়ে থাকবে যে পর্বন্ত না তাদের শরীরের ঘাম কানের অর্থেক্স পর্বন্ত হয়।

অনুরূপভাবে যে সব ব্যবসায়ী বিক্রয়ের সময় হাত শক্ত করে ধরে ওজন করে এবং ঢিলা করে ধরে, ভাদেরও অনুরূপ শাস্তি ভোগ করতে হবে।

অপর এক বৃষর্গ বলেছেন, যে বিক্ররের সময় একটি শস্য কম দেবে সে একটি শস্যের বিনিময় বিরাট জান্নাত বিক্রয় করবে, যার বিস্তার হবে সাত আসমান ও যমীনের সমান এবং যে ক্রয়ের সময় একটি শস্য বেশি নেবে, সেও ওয়ায়ল (ويل) ক্রয় করবে। আমরা সকল প্রকার বিপদ-আপদ থেকে রক্ষা পাবার জন্য মহান আল্লাহ্র আশ্রয় ও করশা কামনা করছি।

৬৩. আল্রাহ্র দেয়া সাময়িক অবকাশকে নিরাপদ মনে করা

আরাহু তা'আলা বলেন:

حُتُّى إِذَا فَرِحُوا بِمَا أُوتُوا اَخَذْنَاهُمْ بَغْتَةً .

"অবশেষে তাদের যা দেয়া হলো যখন তারা তাতে মন্ত হলো এবং নিজেদের নিরাপদ মনে করে খুশি হলো, তখন আমার আযাব তাদের পাকড়াও করলো যা তাদের কল্পনায়ও ছিল না।"

হ্বরত হাসান (র) বলেন, যাকে আল্লাহ্ তা আলা প্রশন্তভা বা সুযোগ দিয়েছেন সে যদি ব্বতে না পারে যে, তাকে অবকাশ দেয়া হয়েছে, তবে ব্বথতে হবে যে, তার কোন দ্রদর্শিতা নেই এবং যাকে দৈন্য বা অভাব-অনটন দেয়া হয়েছে সে যদি ব্বতে না পারে যে, আল্লাহ্ তার প্রতি সৃদৃষ্টি প্রদান করবেন, তবে মনে করতে হবে যে, তারও কোন দ্রদর্শিতা ও প্রজা নেই। তারপর তিনি এ আয়াভটি পাঠ করলেন : "তাদের যে উপদেশ দেয়া হয়েছিল তারা যবন তা বিশৃত হলো—তবন তাদের জন্য সমস্ত কিছুর যার উন্মৃত করে দিলাম। অবলেষে তাদের যা দেয়া হলো যবন তাতে তারা মন্ত হলো, তবন অকলাং তাদের ধরলাম। ফলে তবনই তারা নিরাশ হলো।"

তিনি আরও বলেন, কোন কওমের সাথে মকর (বা অবকাশ দেয়ার মানে) হলো ভাদেরকে ভাদের প্রয়োজনীর বন্ধ দিয়ে ভারপর তা নিয়ে যাওয়া। হযরত উকবা ইব্ন আমির (রা) বলেন, রাস্পুল্লাহ (সা) বলেছেন: "বর্ধন ভোমরা দেখবে বে, আল্লাহ্ তা'আলা ভার কোন বালাকে এমন কিছু দিছেন যা ভার কাস্য এবং সে সকল বিশদ-আপদমুক্ত ভবন মনে করতে হবে বে, এটা ভার জন্য একটি অবকাশমাত্র এবং এ অবস্থার অবসান অবশান্তারী।" (ভাষারানী) ভারপর কিনি গঠে করলেন:

فَلَمَّا نَسُواْ مَا ذُكِّرُوْا بِهِ فَتَحْنَا عَلَيْهِمْ ٱبُوابَ كُلُّ شَيْءٍ حَتَّى إِذَا فَرِحُواْ بِمَا أُوتُواْ اَخَنْنَاهُمْ بَغْتَةً فَائِنَا هُمْ مُبْلِسُوْنَ

"তাদের যে সব উপদেশ শ্রেরা হরেছিল যখন তারা তা ভূলে শেল আমি তাদের জন্য পার্থিব উন্নক্তির সকল পথ উন্মুক্ত করে দিলাম। তারা এ সব পেরে আনন্দে মত হলো, তথন আমি তাদের পাকড়াও করনাম। তথন তারা নিরাশ হরে গেল।"

বিশদের সময় দিশেহারা এবং মৃন্ডিলান্ডের আশা ত্যাগ করাকে বলা হয় 'ইবলাস' বা নিরাশ হওয়া। হ্যক্ত বুজাজ (র) বলেন্ডেন, বিশদে চিক্তিত হওয়া এবং হা-হুতাশ করাকে বলা হয় 'মুবলিস' বা হতাশা। হাদীসের ভাষ্য থেকে জানা যায় যে, আল্লাহ্ তা'আলা যখন ইবলীসকে পাকড়াও করলেন তখন ইবলীস ফেরেশতাদের সাথেই ছিল। তখন জিবরাঈল (আ) ও মিকাঈল (আ) উভয়ই কাঁদতে লাগলেন। মহান আল্লাহ্ বললেন: তোমাদের আবার কি হলো ? তোমরা কাঁদছো কেন ? তারা দু'জন বললেন, হে আমাদের প্রতিপালক। আমরা কি নিজেদের আপনার পাকড়াও মুক্ত ভাবতে পারি ? আল্লাহ্ বললেন: "তার মত হলে তোমরাও আমার পাকড়াও হতে রক্ষা পাবে না।"

নবী করীম (সা) প্রায়ই এ দু'আটি পড়তেন :

"হে অন্তরসমূহকে পরিবর্তনকারী। আমাদের অন্তরসমূহকে দীনের উপর প্রতিষ্ঠিত রাখুন।" অতঃপর প্রশ্ন করা হলো ইয়া রাস্লাল্লাহ্। আপনি কি আমাদের বিগড়ে যাওয়ার আশংকা করেছেন। তখন রাস্পুল্লাহ্ (সা) বললেন:

"বান্দার অন্তরগুলো করুশামর আল্লাহ্র দু'টি আঙ্গের মধ্যে অবস্থিত। তিনি যেভাবে ইচ্ছা করেন সেভাবে ওগুলোকে আবর্তিত করতে পারেন।"

বৃখারী শরীফে হযরত আবৃ হুরায়রা (রা) থেকে বর্ণিত আছে, "কোন লোক হয় তো এমন আমল করতে থাকে যারছারা সে জান্নাতী হতে পারে এবং সে নেককাজ করতে করতে এমন পর্যায় পৌছে যায় যে, তার মধ্যে এবং জান্নাতের মধ্যে কেবল একহাত দূরত্ব রয়েছে। এমন সময় তার তাকদীর প্রাধান্য লাভ করে। সে তখন এমন কাজ করে বসে যার জন্য তাকে জাহান্নামে যেতে হয়।"

সহীহ বৃশারীতে হ্যরত সাহল ইব্ন সা'দ আস-সায়িদী (রা) থেকে বর্দিত আছে, রাসূলুক্মাহ (সা) বলেছেন: "কোন কোন লোক জাহান্নামীদের আমল করে যাচ্ছে অথচ সে জানাতী আবার কেউ কেউ জানাতীর আমল করে যাচ্ছে অথচ সে জাহান্নামী। বস্তুত কোন ব্যক্তির শেষ জীবনের আমলই চূড়ান্ত বিবেচা।"

মহান আল্লাহ্ কুরুআন মন্ত্রীদে বাল আমের কাহিনী বর্ণনা করেছেন। তার জ্ঞান ও প্রজ্ঞার পরে তার ঈমান ছিনিয়ে নেয়া হয়েছে। অনুরূপভাবে বারসীসা নামক আবেদ ব্যক্তিও কাফির হয়ে মারা গেছে। বর্ণিত আছে যে, মিসরে এক ব্যক্তি সর্বদা মসজিদে থাকতো এবং সে আয়ান দিত ও নামায পড়তো। তার চেহারায় ইবাদত ও আনুগত্যের আলোকছটো প্রকাশ পেয়েছিল। একদিন সে চিরাচরিত নিয়মে আ্যানের জন্য মিনারে আরোহণ করলো। মিনারের নিচে ছিল এক খ্রিন্টান যিন্দীর বাড়ি। সে ঐ বাড়ির দিকে দৃষ্টিপাত করলে খ্রিন্টান বাড়িগুরালার এক সুন্দরী কন্যাকে দেখতে পেল। অতঃপর সে ঐ মেয়েটির মোহে পড়ে সেল এবং আযান ছেড়ে দিয়ে ঐ বাড়িতে সিয়ে উপস্থিত হলো। মেয়েটি তাকে দেখে বললো, তুমি কেন এখানে এসেছো এবং কি চাছং। সে বললো, তোমাকে চালিং। মেয়েটি বললো, অনিশ্বরুতা ও সংশয় নিয়ে তো তোমার ডাকে সাড়া দেয়া বায় না। সে তাকে বললো, আমি তোমাকে বিয়ে করবো। মেয়েটি বললো, তা কি করে হয়। তুমি তো মুসলমান, তোমার সাখে বিয়ে দিতে আমার লিতা সমত হবেন না। সে বললো, আমি খ্রিন্টান হয়ে যাব। মেয়েটি বললো, যদি তা হয়, তাহলে আস। তারপর সে ঐ মেয়েটিকে বিয়ে করার জন্য খ্রিন্টান হয়ে গেল এবং তাকে বিয়ে করের তাদের সাথে বসবাস করতে লাগল। তারপর সে ঐদিনই ঘরের ছাদে উঠল এবং সেখান থেকে পড়ে মারা গেল। ভাগ্যের নির্মম গরিহাস বে, সে না দীন নিয়ে কবরে যেতে পারলো আর না সে ঐ মহিলাকে উপভোগ করে যেতে পারলো। আমরা মহান আল্লাহ্র কাছে অন্তে পরিণতি ও অবাঞ্জিত পরিসমান্তি থেকে আশ্রয় চাছি।

হযরত আবদুল্লাহ্ (রা) স্ত্রে সালিম থেকে বর্ণিত। নবী করীম (সা) অনেক সময়

"হে অন্তর পরিবর্তনকারী" বলে কসম করতেন। (বুখারী) অর্থাৎ
বিচিত্র মানুষের মন ও মনন। বাতাসের গতির চেয়েও দ্রুত মানুষের মনের পরিবর্তন
হয়। তাই তো দেখা যায় যে, হঠাৎ করে সে কোন জিনিস গ্রহণ করছে, কোনটা
উপেক্ষা করছে। কোনটা কামনা করছে, আবার কোনটা সে অপছন্দ করছে। তাইতো
আল্লাহ্ তা'আলা বলেছেন:

"জেনে রাখ যে, আক্লাহ্ মানুষ ও তার অন্তরের অন্তর্বর্তী স্থানে অবস্থান করেন।" (সূরা আনফাল : ২৪)

এ আয়াতের ব্যাখ্যায় মুচ্চাহিদ (র) বলেন, আল্লাহ্ মানুষ ও তার বিবেকের মাঝে অন্তরাল সৃষ্টি করেন। এমনকি সে জানে না যে, তার হাতের আঙ্গণ্ডলো কি করে।

আল্লাহ তা'আলা বলেছেন:

"যার বিবেক আছে তার জন্য এর মধ্যে উপদেশ আছে।" (সূরা কাঞ্চ : ৩৭)

ইমাম তাবারী (র) বলেন, এটা আল্লাহ্ তা আলার পক্ষ থেকে একটি সংবাদ যে, তিনি বান্দার অস্তরের মালিক এবং তিনি বান্দা ও বান্দার মনের মাঝে অবস্থান করেন। আক্লাহ্র ইচ্ছা ছাড়া বান্দা কিছুই উপদক্ষি করতে পারে না। হবরত আয়েশা (রা) বলেন, রাস্ব্লাহ্ (সা) প্রায়ই বলতেন يَا مُقَلِّبَ الْقَلُوْبِ ثَبْتُ قَلْبِي عَلَىٰ طَاعَتِكَ वनতেন

"হে অন্তরসমূহের পরিবর্তনকারী। আগনি আমার অন্তরকে আগনার আনুগত্যের মধ্যে স্থির রাখুন।"

হয়রত আরেশা (রা) বলেন, ইয়া রাস্লালাহ (সা)! আপনি তো প্রায়ই এ দু আ পাঠ করে থাকেন, আপনারও কি তয় হছে ? তিনি বললেন, হে আয়েশা। আমিও নিরাপদ নই। মানুদের আত্মা করুশাময় আল্লাহ্র দুটি আঙ্লের মধ্যে অবস্থান করে। তিনি যে দিকে চান কিরিয়ে দেন। তিনি যদি বাদার অন্তরকে কিরিয়ে দিতে চান তবে কিরিয়ে দেন। বখন হিদালাত উন্মুক্ত ও সর্বজন পরিচিত, হিদায়াতের উপর টিকে থাকা আল্লাহ্র ইছাধীন। পরিপাম ও পরিপতি অজ্ঞাত এবং ইছাশক্তি অপরাজিত, তখন তুমি ছোমার সমান, আমল, নামায়, রোযা এবং অন্যান্য নেককাজের জন্য আত্মতিমান করো না। এতলো সবই তোমার প্রতিপালকের সৃষ্টি এবং তাঁর অনুগ্রহ। তুমি যদি এর জন্য পর্ববাধে কর তাহলে তা হবে পরের সামগ্রী নিয়ে গর্ব করার নামান্তর, অনেক সময় তা কেড়ে নেয়া হয়, তখন তোমার অন্তর কল্যাণ হতে বঞ্জিত হয়।

৬৪. আল্লাহ্র রহমত থেকে নিরাশ হওয়া

কত বাগান সন্ধ্যায় শস্ত্র-শ্যামল ও ফলে-ফুলে পরিপূর্ণ থাকে; মনোরম দৃশ্য উপহার দেয় এবং পরের দিন পূর্বাহ্নে তা ত্তম তৃণে পরিণত হয় ঘূর্ণিঝড়ের আক্রমণে। অনুরূপভাবে মানব হৃদয় সন্ধ্যায় আল্লাহ্র আনুগত্যে থাকে পরিপূর্ণ ও একাহাচিত্ত এবং ভোরে সে আল্লাহ্র নাফরমানীতে হয় নিপীড়িত ও অসুস্থ। এটা মহাপরাক্রমশালী আল্লাহ্র অমোঘ বিধান।

আদম সন্তান! কলমগুলো তোমার উপর রয়েছে কর্তব্যরত, আর তুমি গাফিল থাকার কারণে টের পাচ্ছ না। আদম সন্তান! গান-বাজনা, ধন-ঐশ্বর্য, যুলুম, অত্যাচার, ঘর-বাড়ি এবং এসবের প্রতিযোগিতা ছেড়ে দাও। একদিন তুমি তোমার কৃতকর্ম সবই নির্ধারিত দেখতে পাবে।

একজন ঘৌষক আরশের দিক থেকে ডেকে বলবে, অমুকের পুত্র অমুক কোখার? যে কেউ এ ডাক ভনতে পাবে, তার শরীর রোমাঞ্চিত হবে। তখন মহান আল্লাহ্ ঐ লোকটিকে উদ্দেশ্য করে বলবেন, তোমাকেই চাচ্ছি। তুমি আসমান-যমীনের সৃষ্টিকর্তার দিকে এসো। তখন সৃষ্টিকুলের সকলেই আরশের দিকে তাকাবে এবং সে ব্যক্তি আল্লাহ্ তা'আলার সমুখে উপস্থিত হবে। আল্লাহ্ তা'আলা তার উপর আলোকপাত করবেন এবং সৃষ্টির নিকট থেকে আড়াল করে দেবেন। অতঃপর আল্লাহ্ তা'আলা ভাকে বলবেন, হে আমার বান্দা! ভূমি কি জানতে না যে, পৃথিবীতে ভূমি যা কিছু করতে তা আমি দেখতাম ? সে বলবে, হাঁা আমার প্রতিপালক, আমি তা জানতাম। তারপর আল্লাহ্ তা'আলা বলবেন, হে আমার বান্দা! তুমি কি শোননি যে, দুনিয়াতে যারা আমার অবাধ্য হবে আমি তাদের শান্তি দেব ? সে বলবে, হে আমার রব। আমি তা ভনেছি। আল্লাহ্ তা'আলা বলবেন, তুমি কি শোননি যে, যারা আমার আনুগত্য করবে আমি তাদের প্রতিদান দেবো এবং পুরন্ধৃত করবো? সে বলবে, হে, আমার প্রতিপা**দ**ক। আমি তা **ওনেছি। তারপর আল্লাহ**্বলবেন, হে আমার বান্দা। তুমি কি আমার হুকুম অমান্য করেছো ? সে বলবে, প্রস্তু হে! আমার ভূমিকাতো তাই ছিল। তখন মহান আল্লাহ্ বলবেন, আমার বান্দা ভূমি কি নিশ্চিত বিশ্বাসী যে, আমি তোমাকে ক্ষমা করে দিব ? সে বলবে, হে আমার রব! আপনি আমাকে ক্ষমা করে দেবেন এটাই আমার বিশ্বাস। আল্লাহ্ বলবেন, আমার বান্দা তুমি ঠিকই ধারণা করেছো, আমি তোমাকে ক্ষমা করে দেবো। অতঃপর লোকটি আর্য করবে, হে আমার প্রতিপালক: আপনি আমাকে গুনাহ করতে দেখেছেন এবং আপনি তা গোপন্

করেছেন। আল্লাহ্ তা'আলা তখন বলবেন, আমি তোমাকে ক্ষমা করে দিলাম এবং আমার প্রতি তোমার ধারণাকে বাস্তবে পরিণত করলাম। ডান হাতে তুমি তোমার আমলানামা গ্রহণ করো। এর মধ্যে যে সব পৃণ্য ছিল আমি তা কবৃল করে নিলাম এবং এতে যে সব পাপ রয়েছে আমি তা মাফ করে দিলাম। আমি মহান দাতা।

হে আমাদের মা'বৃদ। আপনি যদি ক্ষমাকে পছন্দ না করতেন তবে পাপীকে আপনি সময় সুযোগ দিতেন না। আর আপনার ক্ষমা ও দয়া যদি না হতো তবে আত্মা প্রশান্তি পেত না।

হে আল্লাহ্! আপনি ক্ষমাশীল, ক্ষমা করাকে ভালবাসেন। অতএব, আপনি আমাদের ক্ষমা করুন।

হে আল্লাহ। আপনি আমাদের প্রতি আপনার সন্তুষ্টির দৃষ্টি নিক্ষেপ করুন, জান্নাতবাসীদের দপ্তরে আমাদের স্থায়ী করুন এবং যালিমদের দপ্তর থেকে মুক্তি দিন।

হে আল্পাহ্! আমাদের আশা-আকাচ্চা পূরণ করুন। আমাদের আমশের অবস্থার সার্বিক উনুতি প্রদান করুন, আপনার সন্তুষ্টি লাভের পথ সুগম করুন। ভাল ও কল্যাণের জন্য আমাদের ভাগ্যকে সুপ্রসন্ন করুন। দুনিয়া ও আধিরাতের কল্যাণ দান করুন এবং জাহান্নামের আয়াব থেকে রক্ষা করুন।

৬৫. বিনা ওজরে জামা'আত তরক করে একা একা নামায পড়া

হ্যরত আবদ্দ্রাহ্ ইব্ন মাসউদ (রা) বর্ণনা করেন যে, যারা জামা'আতে আসতো না, তাদের সম্বন্ধে নবী করীম (সা) বলেছেন :

لقد هممت أن أمر رجل يصلى بالناس ثم أحرق على رجال يخلفون عن الجماعة بيوتهم ·

"আমি সংকর করেছিলাম যে, আমি একদল লোকদের নিয়ে নামায পড়ার নির্দেশ দেব এবং যারা নামাযের জামা'আতে অংশগ্রহণ করে না, তাদের ঘর-বাড়ি জ্বালিয়ে দেব।" (মুসলিম)

নবী করীম (সা) আরও বলেছেন: "যারা জামা'আতের সাথে নামায আদায় করে না, তাদের একাজ থেকে বিরত থাকতে হবে। অন্যথার আল্লাহ্ তাদের অন্তরের উপর মোহর মেরে দেবেন। তারপর তারা গাফিল হয়ে যাবে।" (মুসলিম)

নবী করীম (সা) বলেছেন :

مَنْ تَرَكَ ثَلاَثَ جَمْعٍ تَهَاوَنَّا بِهَا طَبَعَ اللَّهُ عَلَى قَلْبِهِ .

"বে ব্যক্তি অলসতা করে তিন জুমুআর নামায তরক করবে, আল্লাহ্ তা আলা তার দিলের উপর মোহর মেরে দেবেন।" (আবু দাউদ ও নাসাই)।

তিনি আরও বলেছেন: "যে ব্যক্তি বিনা গুজরে জুমুআর নামায তরক করবে তার নাম এমন এক দপ্তরে মুনাফিক হিসাবে লেখা হবে যা কখনও মুছে ফেলা হবে না এবং যার কোন পরিবর্তনও হবে না।" (তিরমিয়ী, ইব্ন মাজাহ ও ইব্ন হিব্যান)

হযরত হাস্কসা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্লুরাহ (সা) বলেছেন : "প্রত্যেক পূর্ণ বয়ঙ্ক লোকের উপর জুমুআর নামাযে উপস্থিত হওরা ওয়াজিব।"(নাসাঈ)

আমরা আক্লাহ্ ভা আলার কাছে এমন কাজের তাওফীক কামনা করছি যা তিনি পছন্দ করেন এবং যাতে তিনি সমুষ্ট হন। নিকয়ই তিনি মহান দাতা।

৬৬. ওজর হাড়া জুমুআ এবং জামা'আত তরক করার উপর অটল থাকা

আল্লাহ্ তা'আলা বলেছেন:

يَوْمَ يُكْشَفَ عَنْ سَاق وَيُدْعَوْنَ إلَى السَّجُوْدِ فَلاَ يَسْتَطِيْعُوْنَ خَاسَيَعُوْنَ خَاسَيَعُوْنَ خَاسَيَعَةً اَبْصَارُهُمْ تَرْهَقُهُمْ ذِلَّةً ، وَقَدْ كَانُوْا يَدْعَوْنَ إلَى السَّيْخُوْدِ وَهُمْ سَالِمُوْنَ ،

"স্বরণ কর সে চরম সংকটের দিনের কথা, যেদিন ওদের সিজদা করার জন্য আহ্বান করা হবে কিন্তু ওরা তা করতে সক্ষম হবে না। হীনগ্রস্ত হয়ে ওরা ওদের দৃষ্টি অবনত করবে অথচ ওরা যখন নিরাপদ ছিল তখন ওদের আহ্বান করা হয়েছিল সিঞ্জদা করতে।"

হ্মরত কা'ব আল-আহ্বার (রা) বলেন, যারা জামা'আতে উপস্থিত হতো না, তাদেরকে লক্ষ্য করেই আয়াতটি নাথিল হয়েছে। তাবিঈদের ইমাম সাঈদ ইব্ন মুসাইয়াব (র) বলেন, যারা সুস্থ-সবল থাকা সত্ত্বেও 'হাইয়্যা আলাস সালাহ' এবং 'হাইয়্যা আলাল ফালাহ' তনেও জামাআতে শরীক হতো না, তাদের সম্বন্ধে এ আয়াতটি নাথিল হয়েছে।

বুখারী ও মুসলিম শরীফে আছে, রাস্লুক্সাহ (সা) বলেছেন : যাঁর হাতে আমার জীবন, আমি তাঁর নামে কসম খেয়ে বলছি আমি ইচ্ছা করেছিলাম যে, আমি নির্দেশ দেবো কিছু পরিমাণ জ্বালানি কাঠ সংগ্রহ করার জন্য। তারপর আমি নির্দেশ দেব নামার্যের জন্য। তারপর আযান দেরা হবে। তারপর যারা জামা আতে আসে না আমি তাদের খৌজ করে তার্দের ঘরবাড়ি জ্বালিয়ে দেবো।"

মুসন্সিম শরীকৈ হবরত আবু হরায়রা (রা) সূত্রে বর্ণিত আছে। নবী করীম (সা) বলেছেল: "আমি ইচ্ছা করেছিলাম যে, যুবকদেরকে নির্দেশ দেব কিছু কাঠ সংগ্রহ করার জন্যে। ভারপর রাড়ি রাড়ি গিয়ে দেখব যে, কারা জামা আতে উপস্থিত না হয়ে ঘরে অবস্থান করে নামায় প্রড়ে অথ্চ তাদের কোন প্রকার গুজর বা অসুস্থতা নেই। তারপর আমি তাদের ঘরবাড়ি জ্বালিয়ে দেবো।"

এ বিভদ্ধ হাদীস এবং পূর্বোল্লেখিত আরাতসমূহে বিনা ওজরে যারা জামা'আতে নামায় পড়ে না তাদেরকে চরম হুমকি দেয়া হয়েছে। এ প্রসঙ্গে ইমাম আবৃ দাউদ (র) তাঁর সুনানে সূত্র সহকারে বর্ণনা করেছেন যে, ইব্ন আব্বাস (রা) বলেছেন, রাস্লুল্লাহ্ (সা) বলেছেন: যে ব্যক্তি আয়ান খনল কিছু বিনা ওজরে সে জামা আতে হাযির হলো না, সে ঘরে বসে যে নামায় আদায় করবে তা কবৃল হবে না। প্রশ্ন করা হলো, ইয়া রাস্লাল্লাহ্ (সা)! কোন ধরনের ওজর থাকলে জামা আতে না গেলে চলে ? তিনি বললেন: "প্রাণনাশের ভয় এবং রোগ।"

তিরমিষী শরীকে বর্ণিড আছে, আবদুরাক্ ইবৃন আব্বাস (রা)-কে এমন এক ব্যক্তির পরিণতি সম্পর্কে জিজেন করা হলো যে, দিনে রোকা রাখে এবং রাতে নফল নামাযে কাটার অথচ জারা আতের সাথে নামায আদার করে না। তিনি বললেন, যদি সে এ অবস্থায় মারা যায় তবে জাহানুমে যাবে।

ইমাম মুসলিম (র) বর্ণনা করেছেন, এক অন্ধ ব্যক্তি রাস্পুলাই (সা)-এর কাছে এনে বললো, ইয়া রাস্পালাই! আমাকে মসজিদে নিয়ে আসার মত কোন লোক নেই তাই আমার জন্য মরে বলে নামায পড়ার অবকাশ আছে কি ? নবী করীম (সা) তাকে অনুমতি দিলেন। লোকটি কিছু দূর চলে যাওয়ার পর তিনি তাকে ডেকে জিড্ডেস করলেন, তুমি কি শামাযের আযান তনতে পাও ? সে বললো, হাা, পাই। নবী করীম (সা) বললেন, তাহলে তোমাকে মসজিদে আসতে হবে।

ইমাম আবু দাউদ (র)-এর বর্ণনায় আছে, আবদুল্লাহু ইবৃন উম্বে মাকত্ম (রা) নবী করীম (সা)-এর কাছে এসে বললেন, ইয়ায়সূলাল্লাহু। মদীনার রাজা-ছাটে প্রচুর সাপ-বিচ্ছু এবং হিন্দ্র প্রাদী রয়েছে। যেহেতু আমি চোখে দেখতে পাই না তাই আমার ঘরে বসে নামায় আদার করার অনুমতি আছে কি ? নবী করীম (সা) বললেন, তুমি কি 'হাইয়্যা আলাস সালাহ' এবং হাইয়্যা আলাস কালাহ' আওয়াল্ল তনতে পাও ? সেবললো, হাঁয়। নবী করীম (সা) বললেন : তাহলে জামা'আতে আস।

অপর এক রিওয়ায়াতে আছে, তিনি বলেছিলেন, ইয়া রাস্লাল্লাহ। আমার দৃষ্টি-শক্তি নেই। বাসা দৃরে এবং আমায় যে নিয়ে আসার লোক আছে সে নির্ভরশোস্য নয়; এমত অবস্থায় আমার জন্য কি জামা আতে না আসার অনুমতি আছে ?

হাকিম তাঁর মুসতাদরাকে রিওয়ায়াত করেছেন যে, হযরত ইব্ন আব্বাস (রা) বর্ণনা করেন, রাস্পুল্লাহ্ (সা) বলেছেন: যে ব্যক্তি নামাযের আয়ান জনতে পাবে এবং জামা'আতে উপস্থিত হওয়ার যদি কোন যথার্থ প্রতিবন্ধকতা না থাকে সে ঘরে নামায আদায় করলে তার নামায হবে না। সাহাবীগণ বললেন, ইয়া রাস্পাল্লাহ্ (সা)! ওজর বলতে আমরা কোন ধরনের ওজরকে বুঝবো ? তিনি বললেন: "শক্তর ভয় এবং রোগ।"

নবী করীম (সা) আরও বলেছেন: আল্লাহ্ তা'আলা তিন ব্যক্তির উপর অভিশাপ বর্ষণ করেন। যে ব্যক্তিকে লোকে পছন্দ না করা সত্ত্বেও তাদের নেতৃত্ব দেয়ার জন্য এগিয়ে আসে; যে মহিলা তার স্বামীর অসন্তুষ্টি অবস্থায় রাত কাটায় এবং যে 'হাইয়া আলাস সালাহ' এবং 'হাইয়া আলাল ফালাহ' আহবান ওনেও জামা'আতে উপস্থিত হয় না।" (হাকিম) হ্যরত আরু হুরায়রা (রা) বলেছেন, "হাইয়্যা আলাস সালাহ" এবং "হাইয়্যা আলাল ফালাহ" আহ্বান খনেও যে ব্যক্তি জামা'আতে উপস্থিত হয় না তার কানের ছিদ্র গলিত সীসা দিয়ে বন্ধ করে নেয়া উত্তম।

হযরত আলী (রা) বলেছেন, মসজিদের প্রতিবেশী (কাছাকাছি বসবাসকারী) লোকদের মসজিদ ছাড়া নামায হবে না। জিজ্ঞেস করা হল মসজিদের প্রতিবেশী কারাঃ তিনি বললেন, যারা আযান খনতে পার, তারা।

হযরত আদী (রা) আরও বলেছেন : ওছর ছাড়া আবান শোনা সত্ত্বেও যে মসজিদে আসে না, তার নামায তার মাধারই থেকে যাবে।

হ্যরত ইব্ন মাসউদ রা) বলেছেন: যে ব্যক্তি আগামীতে আল্লাই তা'আলার সাথে মুসলমান হিসেবে সান্ধাত করার বাসনা রাখে, সে যেখানেই থাকুক না কেন আয়ান ভনতে পেলে যেন জামা'আতের সাথে এ পাঁচ ওয়াক্ত নামাযের হেকাজত করে। কেননা আল্লাই তা'আলা আমাদের নবীর জন্য হিদায়াতের কতন্তলো রীতিনীতি প্রদান করেছেন। জামা'আতের সাথে নামায আদায় করা তার একটি। এসব জামা'আত তরককারী যেরূপ ঘরে বসে নামায পড়ে, আমরাও যদি তা করি তবে আমরা নবী করীম (সা)-এর সুনত তরককারী হবো। আমরা যদি নবীর সন্ত্রাভ তরক করি তবে আমরা হবো পথহারা ও গুমরাই। আমরা দেখেছি যে, মুনান্ধিক এবং রুগু ছাড়া কেউ আমাদের নামাযের জামা'আত ছাড়তো না। যারা হাঁটতে পারতো না তারাও দু'জনের কাঁথে ভর করে এসে জামা'আতে অংশগ্রহণ করতো। আর তারা তা করতো জমা'আতের সওয়াব লাভের আশার এবং জামা'আত তরকের গুনাহের ভরে।

(মুসলিম ও আবু দাউদ)

পরিক্ষেদ

জামা'আতের সাথে নামাব খাদায় করার ক্যীলত অত্যধিক। যেমন আক্সাহ্ তা'আলা বলেছেন:

"যাবূর কিতাবে উপদেশ উল্লেখের পর আমি লিখে দিয়েছি যে, আমার যোগ্যতাসম্পন্ন বান্দাগণ পৃথিবীর অধিকারী হবে।" (সূরা আম্বিয়া : ১০৫)

মুফাস্সিরগণ বলেছেন, তারা ঐসব লোক যারা পাঁচ ওয়াক্ত নামায জামাআতের সাথে আদায় করে। কুরআন মজীদের অন্যত্র রয়েছে, আল্লাহ্ তা'আলা বলেছেন : "আমি লিখে রাখি যা ওরা অতা প্রেরণ করে এবং যা ওরা পন্চাতে রেখে যায় অর্থাৎ তাদের গুনাহসমূহ।" (সূরা ইয়াসীন : ১২)

বৃখারী, মুসলিম, আবৃ দাউদ, তিরমিয়ী ও ইব্ন মাজাহ শরীকে আছে, রাস্পুরাহ্ (সা) বলেছেন: যে ব্যক্তি তার ঘরে বসে পাক-পবিত্র হয়ে ফরয নামায আদায়ের জন্য মসজিদের দিকে রগুনা হয়, তার এক পদক্ষেপদ্বারা তার গুনাহসমূহ বিনষ্ট হয় এবং অপর পদক্ষেপে তার মর্যাদা বৃদ্ধি পায়। তারপর সে যতক্ষণ নামায পড়তে থাকে ততক্ষণ ফেরেশতাগণ তার জন্য ওনাহ মাফের দু'আ করতে থাকেন এবং বলতে থাকেন, হে আল্লাহ্। আপনি তাকে কমা করুন; হে আল্লাহ্। আপনি তার প্রতি সদয় হউন।" এপ্তাবে ততক্ষণ তারা দু'আ করতে থাকেন যতক্ষণ না সে কথা বলে। রাস্পুরাহ্ (সা) আরও বলেছেন:

الا ادلكم على ما يمحو الله به الخطايا ويرقع به الدرجات ؟ قالوا بلى يا رسول الله قال اسباغ الوضوء على المكاره وكثرة الخطا الى المساجد وانتظار الصلوة بعد الصلوة فدلكم الرّباط .

"আমি কি তোমাদের এমন কাজের কথা বলবো না যাদারা তোমাদের গুনাহরাশি মুছে যাবে এবং তোমাদের মর্যাদা বৃদ্ধি পাবে ? সাহাবীগণ বললেন, হাঁা, ইয়া রাস্লাল্লাহ্ (সা)! তিনি বললেন : কট্টের সময় ভাল করে ওয়্ করা, মসজিদে বেশি বেশি গমন করা বা দূর থেকে মসজিদে আসা এবং এক নামায আদায়ের পর অন্য নামাযের জন্য অশেক্ষা করা। এটা হবে তোমাদের জন্য দীনের প্রতি দৃঢ়তা বা সীমান্ত প্রহরার শামিল।" (মুসলিম)

৬৭. ওসীয়তবারা অনিষ্ট করা

আল্লাহ্ তা'আলা বলেন:

مِنْ بَعْدِ وَصِيبَّةٍ يُؤْمِلِي بِهَا أَوَّدُيْنَ عَيْنَ مُضَارٍّ .

"যে ওসীয়ত করা হয় তা দেবার পর অথবা ঋণ-পরিশোধের পর যদি তা কারো জন্যে অনিষ্টকর না হয়। (সূরা নিসা : ১২)

অর্থাৎ মৃত্যু আসন্ন ব্যক্তি এমন কোন গুসীয়ত করবে না যাতে গুরারিসদের অনিষ্ট হয় অথবা এমন ঝণ আদায় করতে বলবে না যা আদায় করা তার উপর গুয়াজিব নয়। অতঃপর আল্লাহ্ তা'আলা এ ধরনের গুসীয়ত করা থেকে বিরত থাকার নির্দেশ দিয়ে বলেন:

وَصَبِيَّةٌ مِّنَ اللَّهِ وَاللَّهُ عَلِيْمٌ حَلِيمٌ .

"এ আল্লাহ্র নির্দেশ, বস্তুত আল্লাহ্ সর্বজ্ঞ, সহনশীল।"

হয়রত ইব্ন আব্বাস (রা) বলেন, মীরাস সম্পর্কে আপ্তাহ্ তা'আলা যে অংশ নির্ধারণ করে দিয়েছেন তাঁর ওসীয়ত। মহাজ্ঞানী আপ্তাহ্ একটি ভারসাম্যপূর্ণ মীরাস বউনের উপদেশ দিয়েছেন।

مَنْ يُطِعِ اللَّهُ وَرَسُولُكُ .

"যে ব্যক্তি (মীরাসের ব্যাপারে) আল্লাহ্র এবং তাঁর রাস্লের (এ বন্টন নীতি) মেনে চলবে।"

يُدُخِلْهُ جَنْتٍ تَحْرِي مِنْ تَحْتِهَا الْآنْهَارُ خُلِدِيْنَ فِيْهَا ذَٰلِكَ الْفَوْنُ الْعَظِيْمَ

"আল্লাহ্ তাকে জান্নাতে স্থান দান করবেন, যার নিচে ঝরণাসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরকাল থাকবে এবং এটা মহাসাফল্য।" (সূরা নিসা : ১৩)

وَمَنْ يتَّعْصِ اللَّهُ وَرَسُولُهُ .

"কিন্তু যে আল্লাহ্ ও তাঁর রাস্লের অবাধ্য হবে।" (সূরা নিসা : ১৫)

মুজাহিদ বলেন, এর অর্থ হলো যারা মীরাসের ব্যাপারে আল্লাহ্র ফারায়েযের উপর অসন্তুষ্টি প্রকাশ করবে বা মানবে না। হযরত ইকরিমা (রা) ইব্ন আব্বাস (রা) সূত্রে বর্ণনা করেন, যে আল্লাহ্র বউনে সভু হবে না বা অমান্য করবে أَدُدُنُا "আল্লাহ্ তাকে আন্তনে নিক্ষেপ করবেন।" কালবী (রা) বলেন, যারা আল্লাহ্র বউনের প্রতি অসন্তুষ্ট থাকবে বা এ হকুম অমান্য করবে এবং হালাল মনে করে আল্লাহ্র দেয়া সীমারেখা উপেক্ষা করবে (مُهُدُنُ عُدُانِ اَ خَالِدًا فَدِهُا وَلَكُ عَنَابًا فَالْمُ عَنَارًا خَالِدًا فَدِهُا وَلَكُ عَنَابًا فَالْمَا فَالْمَا اللهُ عَنَارًا خَالِدًا فَدِهُا وَلَكُ عَنَابًا فَالْمَا وَالْمَا اللهُ عَنَارًا خَالِدًا فَدِهُا وَلَكُ عَنَابًا فَالْمَا اللهُ عَنَارًا خَالِدًا فَدِهُا وَلَكُ عَنَابًا وَاللهُ اللهُ عَنَارًا خَالِدًا فَدِهُا وَلَا اللهُ عَنْارًا خَالِدًا فَدُهُا وَلَا اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ وَلَا اللهُ اللهُ

"হ্যরত আবৃ হ্রায়রা (রা) থেকে বর্ণিত। রাস্পুরাহ্ (সা) বলেছেন: "কোন কোন পুরুষ বা মহিলা ষাট বছর ধরে আল্লাহ্র হুকুম-আহকাম মেনে চললো, অতঃপর মৃত্যুর সময় সে এমনভাবে ওসীয়ভ করে যায় যাঘারা তার ওয়ারিসরা ক্ষতিশ্বস্ত হলো তাহলে তার উপর জাহানাম ওয়াজিব হয়ে য়াবে।" ভারপর আবৃ হ্রায়রা (রা) এ আয়াতটি পাঠ করলেন مَنْ بَعْد وَصِيلَة يُوْمُني بِهَا أَوْدَيْنٍ: مُضَارّ

"যা ওসীয়ত করা হয় তা দেবার পর বা ঋণ পরিশোধের পর যদি তা কারও জন্য অনিষ্টের কারণ হয়।" (আবৃ দাউদ)

নবী করীম (সা) আরও বলেছেন:

من فرُّ بميراث وارث قطع الله ميراثه من الجنة ،

"যে ব্যক্তি ওসীয়ত দারা ওয়ারিসকে মীরাস হতে বঞ্চিত করলো আল্লাহ্ তাকে জান্নাতের মীরাস হতে বঞ্চিত করবেন।" (ইব্ন মাজাহ্)

নবী করীম (সা) আরও বলেছেন:

إِنَّ اللَّهُ قَدُّ أَعْطَى كُلَّ نِيْ حَقٍّ حَقَّهُ فَلاَ وَصِيَّةَ لِلْوَارِثِ ،

"আল্পাহ্ তা আলা প্রত্যেক হকদারকে তার হক নির্দিষ্ট করে দিয়েছেন; সুতরাং কোন ওয়ারিসের জন্য ওসীয়ত করা যাবে না।" (তিরমিয়ী)

৬৮. প্রতারণা এবং ধোঁকাবাঞ্চি

মহান আল্লাহ্ পাক বলেছেন ঃ

وَلاَ يُحِيثُ الْمَكُرُ السَّنَّى الاَّ بِأَهْلِهِ .

"প্রতারণার কৃষল প্রতারণাকারীকেই ভোগ ক্রতে হয়। (সূরা ফাতির : ৪৩)

নবী করীম (সা) বলেছেল : النَّارِ वें केंद्रे केंद्रे वेंद्रे वेंद्रे वेंद्रे वेंद्रे वेंद्रे वेंद्रे

"প্রতারক ও ধোঁকাবাঞ্জ জাহান্নামে যাবে।"

নবী করীম (সা) আরও বলেছেন:

لاَ يَدْخُلُ الْجَنَّةَ خَبُّ وَلاَ بَضِيلٌ وَلاَ مَنَّانٌ .

"প্রতারক, কৃপণ এবং উপকার করে যে খোঁটা দেয় তারা কেউই জান্লাতে যেতে পারবে না।"

আল্লাহ্ তা'আলা মুনাঞ্চিকদের সম্পর্কে বলেছেন :

يُخَادِعُونَ اللَّهُ وَهُوَ خَادِعُهُمْ .

"তারা (মুনাফিকরা) আল্লাহ্ তা'আলাকে প্রতারিত করতে চায় বস্তুত তিনিই তাদের প্রতারিত করে থাকেন।" (সূরা নিসা : ১৪২)

ওয়াহিদী (র) বলেছেন, প্রতারণাকারী যেরপ ভূমিকা পালন করে, তারাও আল্লাহ্ তা'আলার সাথে সেরপ ভূমিকা প্রদর্শন করে এবং আল্লাহ্ তা'আলাও তাদের সাথে অনুরূপ ব্যবহার করেন। কিয়ামতের দিন মুমিনদের মত মুনাফিকদেরও আলো দেওয়া হবে। অতঃপর তারা যখন পুলসিরাতের উপর দিয়ে চলতে থাকবে, তখন তাদের আলো নিভিয়ে দেওয়া হবে এবং তারা তখন অন্ধকারে নিমক্ষিত হবে।

মুসলিম শরীফে আছে, নবী করীম (সা) বলেছেন: দোযখবাসীরা পাঁচ প্রকার লোক। ঐ পাঁচ প্রকারের মধ্যে এক প্রকার লোক হলো তারা, যারা সকাল-সন্ধ্যায় তোমাদেরকে তোমাদের পরিবার-পরিজন ও অর্থ-সম্পদ সম্বন্ধে ধোঁকায় ফেলে।"

(মুসলিম)

৬৯. মুসলমানদের দোস-ক্রটি অনুসন্ধান করা এবং তা ফাঁস করে দেয়া

এ সম্পর্কে হাতিব ইব্ন আবী বালতা' (রা)-এর হাদীসটি বিশেষভাবে উল্লেখযোগ্য।
এ জন্য হযরত উমর (রা) তাঁকে হত্যা করতে চেয়েছিলেন। নবী করীম (সা) উমর
(রা)-কে তাঁকে হত্যা করতে বারণ করেন। কারণ হাতিব (রা) বদরের যুদ্ধে অংশগ্রহণ
করেছিলেন। যদি কোন লোকের গোপন তথ্য সরবরাহের ফলে ইসলাম ও মুসলমানদের
অপমান হয় এবং কেউ যদি কাউকে হত্যা করে, বনী করে, লুটপাট করে অথবা
এরপ অন্য কোন মারাত্মক ক্ষতি করে, তবে সে ঐ সকল লোকের অন্তর্ভুক্ত হবে যারা
যমীনে বিশৃধ্বেলা সৃষ্টি করতে চায়। ফসল ও খেত-খামার ধ্বংস করে এবং বংশ
বিনাশ করে। অতঃপর তাকে হত্যা করতে হবে এবং তাকে শান্তি দিতে হবে।

মহান আল্লাহ্র কাছে আমরা এই ধরনের জঘন্য কাজ হতে বিরত থাকার তাওফীক চাচ্ছি। যেহেতু চোগদখোরী করা অর্থাৎ একজনের দোষ অন্যজনকে বলে বেড়ানো মারাত্মক হারাম কাজ, সেহেতু অপরের দোষ-ক্রাটি খুঁজে বেড়ানো আরও জঘন্য ও মারাত্মক। তাই এ কাজ থেকে বিরত থাকা আবশ্যক।

মহান আশ্লাহ্ আমাদেরকে পরচর্চা, পরনিন্দা এবং অপরের দোষক্রটি অনুসন্ধান করা থেকে দূরে থাকার সুযোগ দান করুন।

৭০. সাহাবায়ের কিরাম (রা)-কে গালমন্দ করা

সহীহ আল-বুখারী ও সহীহ আল-মুসলিমে আছে, রাস্লুল্লাহ (সা) বলেছেন : আল্লাহ্ তা'আলা বলেন, "যে ব্যক্তি আমার কোন ওলীর সাথে শক্রতা করে, আমি তাকে আমার সাথে বৃদ্ধ করার জন্য অনুমতি দিলাম।"

নবী করীম (সা) বলেছেন, "তোমরা কেউ আমার সাহাবারে কিরাম (রা)-কে গালি দিও না। যাঁর হাতে আমার প্রাণ সেই আল্লাহ্র কসম! তোমাদের কারো যদি উহুদ পাহাড় পরিমাণ স্বর্ণ থাকে সে তা আল্লাহ্র পথে ব্যয় করে, তবুও তাদের এক মৃদ বা অর্থ মৃদের (অল্পরিমাণ) সওয়াব হাসিল করতে পারবে না।" (মুসলিম)

নবী করীম (সা) আরও বলেছেন:

ٱللّٰهُ اللّٰهُ فِي أَصَنْحَابِي لاَ تَتُحَدُّوهُمْ غَرَضًا مِنْ بَعْدِيْ فَمَنْ اَحَبُّهُمْ فَبِعُضِيْ أَبِغَضَهُمْ وَمَنْ اَذَاهُمْ أَحَبُّهُمْ فَبُغِضِيْ أَبِغَضَهُمْ وَمَنْ اَذَاهُمْ فَعَدْ أَذَاهُمْ فَيَعْضِيْ أَبِغَضَهُمْ وَمَنْ اَذَاهُمْ فَعَدْ أَذَى اللّٰهَ أَوْشَكَ أَنْ يَأْخُذَهُ .

"সাবধান! সাবধান! তোমরা আমার (ইন্তিকালের) পরে আমার সাহাবীদের শত্রুতার লক্ষ্যস্থল করো না। তাদের যারা ভালবাসবে তারা আমার জন্যই তাদের ভালবাসবে এবং যারা তাদের হিংসা করবে তারা আমার কারণেই হিংসা করবে। আর যারা সাহাবীদের কষ্ট দেবে পক্ষান্তরে তারা আমাকেই কষ্ট দেবে এবং যারা আমাকে কষ্ট দেবে তারা মূলত আল্লাহকে কষ্ট দেবে এবং যারা আল্লাহকে কষ্ট দেবে তাদেরকে তিনি পাকড়াও করবেন।" (তিরমিয়ী)

এ হাদীস ও দৃষ্টান্তদারা বোঝা গেল যে, যারা রাস্শুলাহ্ (সা)-এর অবর্তমানে তাঁর সাহাবীদেরকে আক্রমণের লক্ষ্যক্ত্তে পরিণত করবে এবং তাঁদের গালি দেবে, তাঁদের উপর অপবাদ দেবে, যারা তাঁদের দোষ-ক্রটি খুঁজে বেড়াবে, তাদেরকে কাফির বলবে এবং তাঁদের নিয়ে বাড়াবাড়ি করবে, তাদের অবস্থা ও পরিণতি কতটা ভয়াবহ হবে।

উপরোল্লেখিত হাদীসের প্রথমেই বলা হয়েছে (الله الله) সাবধান! সাবধান! বা আল্লাহ্কে ভয় করো! আল্লাহ্কে ভয় করো! এ ধরনের শব্দ ভীতি প্রদর্শনের জন্য ব্যবহার করা হয়। যেমন (التَّارِ الثَّارِ) আগুন! আগুন! অর্থাৎ তোমরা আগুন থেকে আগ্লরক্ষা করো।

অতঃপর বলা হয়েছে: (لا تتخذوهم غرضا من بعدى)

"তাদেরকে শক্রতার লক্ষ্যবস্থু করো না"- অর্ধাৎ তাদেরকে গালি ও ঠাটা-বিদ্রুপের লক্ষ্যবস্থু করো না, যেমন আরবীতে বলা হয় المعندة السبب الله هدفاً অর্ধাৎ "অমুক লোককে সে তার পালির লক্ষ্যবস্থুতে পরিপত করেছে। "হাদীসের অর্বশিষ্ট অংশ অর্থাৎ (ابغضه في غيث المبه في عندي المبه في عندي) "যারা তাদের ভালবাসবে তারা আমার জন্যই তাদের ভালবাসবে আর যারা তাদের সক্রে দৃশমনি করবে তারা আমার কারণেই তা করবে"—সাহাবীদের মর্যাদা ও শ্রেষ্ঠত্বের দলীল। আর সাহাবীদেরকে ভালবাসার কারণ হলো তাঁরা রাস্লুল্লাহ্ (সা)-এর সারিধ্যলাতে ধন্য হয়েছেন এবং তাঁকে সাহস দিয়েছেন, সাহায্য করেছেন, তাঁর প্রতি সমান প্রদর্শন করেছেন। অতএব, যারা তাঁদেরকে ভালবাসবেন বস্তুত তারা নবী করীম (সা)-কে ভালবাসবেন। তাইতো নবী করীম (সা)-এর সাহাবীদের ভালবাসা নবী করীম (সা)-কে ভালবাসার শামিল এবং তাঁদের সাথে দৃশমনি করা তাঁকে শক্রভাবার নামান্তর। যেমন সহীহ হাদীসে আছে:

حُبُّ الْأَنْصَارِ مِنَ الْإِيْمَانِ وَبُغْضُهُمْ مِنَ النِّفَاقِ .

"আনসারদের ভালবাসা ঈমানের অঙ্গ এবং তাঁদের সাথে শত্রুতা করা মুনাঞ্চিকীর চিহ্ন।"

যেহেতু তাঁরা জীবন বাজি রেখে রাস্পুলাহ (সা)-এর সাথী হয়ে আল্লাহ্র শত্রুদের বিরুদ্ধে জিহাদ করে ইসলামের বিজয়কে ছিনিয়ে এনেছেন, সেহেতু তাঁদের এত মর্যাদা। অনুরূপভাবে হয়রত আলী (রা)-কে ভালবাসা ঈমানের অন্ধ এবং তাঁর প্রতি শত্রুতা পোষণ করা মুনাফিকী। বস্তুত সাহাবীদের অবস্থা, চরিত্র ও আদর্শ বিশ্লেষণ করলেই তাঁদের মর্যাদা ও শ্রেষ্ঠত্ব উপলব্ধি করা যায়। তাঁরা কিভাবে নবী করীম (সা)-এর জীবদ্দশায় এবং তাঁর ইন্তিকালের পর দীন-ইসলামের প্রসার, ইসলামের ঐতিহাওলার বিকাশ, আল্লাহ ও তাঁর রাস্লের কালেমাকে উর্ম্বে তুলে ধরা এবং তাঁর ফরয় ও সুনাতকে শিক্ষা দেয়ার জন্যে সমানের সে অল্লি পরীক্ষায় অবতীর্ণ হয়েছেন এবং কাফিরদের বিরুদ্ধে সংগ্রাম করেছেন তা পর্বালোচনা করলেই তাঁদের শ্রেষ্ঠত্ব হান্ত্রসম হবে। যদি তাঁরা না হতেন ভবে আল্লাহ্র দীন আমাদের কাছে এসে পৌছতো না এবং আমরা ফর্য-সুনুত, দীনের মূলনীতি ও ভার প্রয়োগনীতি, দীনের মূল ও শাখা এবং হাদীস ও সাহাবীদের বন্ধব্য কিছুই জানতাম না।

সূতরাং যারা ভাঁদেরকে অভিযুক্ত ও লোমারোপ করবে এবং গালি দেবে, তারা নীনের গতি থেকে বেরিয়ে যাবে। কেননা লোমারোপ ও অভিযুক্ত তো কেবল তারাই করতে পারে যারা তাঁদেরকে নিজেদের সমমানের মনে করবে। তাঁদের প্রতি ঘৃণা পোষণ করবে এবং আল্লাহ্ তা'আলা তাঁদের প্রশংসায় যা কিছু তাঁর কিতাবে বলেছেন এবং রাস্পুরাহ্ (সা) তাঁদের যেসব প্রশংসা, মর্যাদা ও ভালরাসার কথা উল্লেখ করেছেন তা অধীকার করে। যেহেতু তাঁরা কুরআন ও হাদীসলাভের ধীকৃত মাধ্যম,

তাই মাধ্যমকে দোষারোপ করা আসল ও মূল বস্তুকে অস্বীকার করার নামান্তর। আর বর্ণনাকারীর প্রতি যে আচরণ করা হয়—মূলত তা বর্ণিত বস্তুর সাথে সে আচরণের শামিল। যারা ব্যাপারটি চিন্তাভাবনা করে দেখবে, তাদের কাছে এটা দিবালোকের মত সুস্পষ্ট হয়ে যাবে এবং মুনাফিকী, ধর্মহীনতা এবং ভ্রান্ত আকীদা-বিশ্বাস থেকে রক্ষা পাবে। এ সম্পর্কে যেসৰ হাদীস ও সাহাবীদের উক্তি রয়েছে, তা অনুসরণ করাই যথেষ্ট। যেমন নবী করীম (সা) বলেছেন:

إِنَّ اللَّهُ اَخْتَارَنِيْ وَاَخْتَارَلِي اَصْحَابًا فَجَعَلَ لِيْ مِنْهُمْ وَزَّرَاءِ وَاَنْصَارَا وَاَصْهَارًا فَمَنْ سَبَّهُمْ فَعَلَيْهِ لَعْنَةُ اللَّهِ وَالْمَلْئِكَةِ وَالنَّاسِ اَجْمُعِيْنَ يَقْبَلُ اللَّهُ مِنْهُ يَوْمَ الْقِيَامَةِ صَرْفًا وَعَدَّلاً .

"আল্লাহ্ তা'আলা আমাকে মনোনীত করেছেন এবং আমার জন্য আমার সাহাবীদেরকে মনোনীত করেছেন। তাদের কাউকে আমার আনসার (সাহায্যকারী) এবং কাউকে আবার বৈবাহিক সূত্রে আবদ্ধ করেছেন। অতএব, যারা তাঁদের গালি দেবে, তাদের উপর আল্লাহ্ তা'আলার, ফেরেশতাদের এবং সকল মানুষের অভিশাপ পড়বে। কিয়ামতের দিন আল্লাহ্ তাদের কোন আমলই কবৃদ করবেন না।

(भाक्रमाष्ट्रय-याख्यारम्, ज्ञावातानी, कानयून उत्तान)

হবরত আনাস ইব্ন মালিক (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, একবার কিছু সংখ্যক সাহাবা (রা) অভিযোগ করলেন যে, আমাদের গালমন্দ করা হয়। রাস্লুল্লাহ্ (সা) বললেন, "যে আমার সাহাবীদের গালমন্দ করবে তার উ্পর আল্লাহ্র, ফেরেলভাদের এবং সকল মানুষের লানিত বর্ষিত হবে।"

আনাস ইবনে মালিক (রা) আরও বর্ণনা করেন যে, রাসুলুরাহ্ (সা) বলেছেন : আরাহ্ তা আলা আমাকে মনোনীত করেছেন এবং আমার জন্য সাহাবীদের মনোনীত করেছেন। আর আমার জন্য সাহাবা ভাই এবং বৈবাহিক সম্পর্ক স্থাপন করেছেন। এদের পরে এমন এক সম্প্রদারের আবির্ভাব ঘটবে যারা তাঁদেরকে হের প্রতিপন্ন করবে। ভোমরা তাদের সাথে পানাহার করবে না, বিবাহ বন্ধনে আবদ্ধ হবে না, তারা মারা গেলে জানাযায় অংশপ্রহণ করবে না এবং তাদের সাথে নামাযত পড়বে না।"

(কানযুল উন্মাল)

হযরত ইব্ন মাসউদ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্ণুলাহ্ (সা) বলেছেন : "যখন আমার সাহাবীদের কথা আলোচিত হয় তখন তোমরা বিরত থাক, যখন নক্ষত্রজ্ঞগত সম্পর্কে আলোচনা আসে তখন বিরত থাক এবং যখন তাকদীর সম্পর্কে আলোচনা হয় তখন নীরবতা অবলয়ন কর।"

"আলিমগণ বলেছেন, কেউ যদি তাকদীরের রহস্য উদ্ঘটন করার জন্য অনুসন্ধান বা বিতর্কে লিপ্ত হয়, তখন নীরবতা অবলম্বন করা ঈমানের নিদর্শন এবং আল্লাহ্র নির্দেশের প্রতি আত্মসমর্পণের চিহ্ন। অনুরূপভাবে কেউ যদি মনে করে যে, নক্ষত্রের ঘারাই সবকিছু হয় অথবা সব কাজেই নক্ষত্রের প্রভাব বিরাজমান এবং ভাতে আল্লাহ্র কোন হাত নেই, তবে সে মুশরিক। অনুরূপভাবে কোন ব্যক্তি যদি রাস্পুলাহ্ (সা)-এর সাখীদেরকে নিনা করে, তাঁদের ভূল-ক্রটি অনুসন্ধান করে, তাঁদের দোষারোপ করে, তবে সে মুনাফিক হবে। বন্ধুত মুসলমানদের কর্তব্য হলো আল্লাহ্ এবং তাঁর রাস্পূল (সা)-কে ভালবাসা, আল্লাহ্ প্রদন্ত কুরআন মঞ্জীদ ও রাস্প (সা)-এর দেয়া আদর্শকে ভালবাসা, যারা তাঁদের নির্দেশকে বান্তবায়নের ভূমিকায় কর্তব্যরত, যারা তাঁর প্রদর্শিত পথে চলেন এবং তাঁর সুন্নাত পালন করেন, তাঁদেরকে ভালবাসেন এবং রাস্পুল্লাহ্ (সা)-এর পরিবার-পরিজন, সাহাবা, স্ত্রীগণ, সন্তানগণ এবং খাদেমদের ভালবাসাও ওয়াজিব।

এছাড়া যারা তাদের ভালবাসেন তাদেরকৈ ভালবাসা এবং যারা এদের ঘৃণা বা হিংসা করে তাদের ঘৃণা বা হিংসা করতে হবে। কেননা ঈমানের দৃঢ়তম হাতল হলো আল্লাহ্র জন্য ভালবাসা এবং আল্লাহ্র জন্য ঘৃণা বা শক্রতা পোষণ করা। আইয়্ব আল-সাখতিয়ানী বলেছেন, যে ব্যক্তি হযরত আবৃ বকর (রা)-কে ভালবাসলো সে যেন দীনের মিনার প্রতিষ্ঠা করলো, যে ব্যক্তি হযরত উমর (রা)-কে ভালবাসলো সে যেন রান্তাকে পরিস্কার করে নিল, যে ব্যক্তি হযরত উসমান (রা)-কে ভালবাসলো সে যেন আল্লাহ্র নূরে আলোকিত হলো এবং যে হযরত আলী (রা)-কে ভালবাসল সে যেন শক্ত ও দৃঢ় হাতল ধারণ করলো আর যে ব্যক্তি রাস্পুলাহ্ (সা)-এর সাহাবীদের সম্পর্কে ভাল বললো, সে যেন মুনাফিকী হতে মুক্ত হয়ে গেল।

পরিচ্ছেদ

সাহাবীদের মর্যাদা এবং বৈশিষ্ট্য বর্ণনাতীত। আহলে সুন্নাত আল-জামা'আতের আলিমদের সর্বসন্মত অভিমত হলো, সাহাবীদের মধ্যে শ্রেষ্ঠ হলেন আশারা-ই-মুবাশৃশারা। অর্থাৎ এমন দশজন সাহাবী (রা) যাঁদের জান্নাতী হওরা সম্পর্কে রাস্লুল্লাহ্ (সা) সুসংবাদ দিয়েছেন। এ দশজনের মধ্যে শ্রেষ্ঠতম হলেন—হ্যরত আবৃ বকর (রা) তারপর হ্যরত উমর (রা), তারপর হ্যরত উসমান (রা), তারপর হ্যরত আলী (রা)। এ ব্যাপারে পাপিষ্ঠ ও বিদ্যাতী ছাড়া অন্য কারও কোন সন্দেহ নেই।

হম্বরত ইরবায় ইব্ন সারিয়াহ (রা) থেকে তিরমিয়ী শরীকে বর্ণিত আছে, রাসূলুল্লাহ (সা) বলেছেন:

"তোমাদের উপর আমার সুনাত এবং আমার পরে সংপথগ্রান্ত খুলাফা-ই-রাশেদীনের সুনাত পালন করা ওয়ান্ধিব এবং তাদের সুনাতকে তোমাদের (সামনের) দাঁতঘারা কাষড়িরে ধরে থাকতে হবে। অতএব, সার্ধান! তোমরা দ্বীনের ব্যাপারে কিতার ও সুনাহর বাইরে নতুন কথা হতে বেঁচে থাকবে। কেননা প্রত্যেক নতুন কথাই বিদ্যাত এবং প্রত্যেক বিদ্যাত্তই পুমরাহী।" (ভিরমিয়ী)

ৰূপাক্ষায়ে রাশেদীন হলেন হ্যরত আৰু বৰুর (রা), হ্যরত উমর (রা), হ্যরত উসমান (রা) এবং হ্যরত আলী (রা)। হ্যরত আবু বকর (রা)-এর মর্যাদা সম্পর্কে আরাহ্ তা আলা কুরআন মন্ধীদে অনেকগুলো আয়াত অবতীর্ণ করেছেন। যেমন মহান আরাহ্ বলেছেন।

وَلاَ يَاتِلِ أُوْلُوا الْفَضْلِ مِنْكُمْ وَالسَّعَةِ أَنْ يُؤْتُوا أُولِي الْقُرْبِي

"তোমাদের মধ্যে যারা ঐশ্বর্য ও প্রাচুর্যের অধিকারী, তারা যেন কর্সম খেয়ে না বসে যে, তারা আত্মীয়-সঞ্জন ও অভাবশ্রস্তদেরকে কিছুই দেবে না। (সূরা নূর : ২২)

এখানে শ্রেষ্ঠত্ব এবং অর্থের অধিকারী বলতে হ্যরত আবৃ বকর (রা)-কে বোঝানো হয়েছে, এতে কারও দ্বিমত নেই। আল্লাহ্ তা আলা আরও বলেছেন :

تَانِي اثْنَيْنِ اذْهُمَا فِي الْغَارِ ،

"যখন তারা তথার অবস্থান করছিলেন তখন তিনি ছিলেন দু'জনের মধ্যে দিতীয় ব্যক্তি।" (সূরা তাওবা : ৪৫)

এতে দ্বিমত নেই যে, এ আয়াত আবৃ বকর (রা) সম্পর্কে অবতীর্ণ হয়েছে। তাঁকে রাসূলুল্লাহ্ (সা)-এর সাধী হিসেবে আল্লাহ্ তা'আলা সাক্ষ্য দিয়েছেন এবং তাঁকে প্রশান্তির স্মংবাদ দিয়েছেন, তাঁকে দু'জনের মধ্যে দিতীয়জন বলে সমানিত করেছেন। হযরত উমর (রা) বলেছেন; ঐ ব্যক্তির চেয়ে কে শ্রেষ্ঠ হতে পারে যিনি হলেন দু'জনের দিতীয়জন এবং তাঁদের তৃতীয়জন হলেন স্বয়ং আল্লাহ্ তা'আলা ?

আল্লাহ্ তা'আলা বলেছেন :

وَالَّذِينَ جَاءَ بِالصِّدْقِ وَحَندًى بِهِ أُولْطِكَ هُمُ الْمُتَّقُونَ ٠٠

"বারাম্মতা এনেছে এবং সভ্যকে সভ্য বলে মেনেছে, ভারাই ভো সাবধানী।"

(সূরা যুমার : ৩৩)

ইমাদ জাকর সাদেক (র) বলেছেন, সর্বসন্থত মতে যিনি সত্য নিয়ে এসেছেন তিনি হলেন রাস্লুলাহ (সা) এবং যিনি তা বিশ্বাস করেছেন ভিনি হলেন হয়রত আবৃ বকর (রা)। এরচেয়ে অধিক সম্বানের আর কি হতে পারে ? আল্লাহ্ তাঁদের সকলের উপর সভুষ্ট খাকুন।



ইসলামিক ফাউভেশন

প্রতিষ্ঠাতা : জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান